রাজা রাম মোহন রায়

প্রণীত গ্রন্থাবলির

় সংস্কৃত ও বাঙ্গালা ভাগের

পরিশিষ্ট।

----:

ভট্টাচার্য্যের সহিত বিচার।

এত দিন অপেকা ও অহুসদ্ধান করিয়াও রাজা রামমোহন রায়ের রচিত ও প্রকাশিত গ্রন্থ সকলের মধ্যে আমর। যাহা যাহা পাইলাম না, তমধ্যে ভটাচার্য্যের সহিত বিচার একটা। কিন্ত ভাহার কিছু কিছু পলবিতীংশ বাদ দিয়া সার ভাগ 'মহায়া শ্রিযুক্ত রাজা রাম মোহন রায় কৃত গ্রন্থের চুর্ণক'' এই নামে ভরবোধিনী পত্রিকার প্রথম কল্পের প্রথম অংশে প্রকাশিত হইয়াছে। ভাহা হইতে এই গ্রন্থ উদ্ভ হইল।

ভট্টাচার্ব্য আপনার গ্রন্থের প্রথম পত্রে লেখেন বে এ গ্রন্থ কোন ব্যক্তির কান্নদিক বাক্যের খণ্ডনের জন্যে লেখা বাইতেছে এমত কেহ বেন মনে না করেন কিন্তু বেদান্ত শান্তে লোকের অনাস্থা না হয় কেবল এই নিষিত্তে বেদান্ত শান্তের সিদ্ধান্ত সংক্ষেপে লেখা গৈল, এবং ভট্টাচার্য্য 🛦 গ্রন্থের সমা-প্তিতে তাহার নাম বেদান্তচক্রিকা রাধিরাছেন। ইহাতে এই সমূহ আশভা আমারদিগের হইতেছে যে যে ব্যক্তি বেদাস্ত শাস্ত্রের মত পূর্ব্ব হইতে না জানেন এবং ভট্টাচার্য্যের পাণ্ডিত্যে বিশ্বাস রাখেন তিনি বেদান্তের মত জানিবার নিমিত্ত ঐ গ্রন্থ পাঠ করিতে পারেন তথন স্নতরাং দেখিবেন যে বেদাস্তচক্রিকার প্রথম স্লোকে কলিকালীয় তাবৎ ব্রহ্মবাদির উপহাসের দ্বারা মঙ্গলাচরণ করিয়াছেন এবং পরে পরে ''অশ্বচিকিৎসা '' '' গোপের শশুরালয় গমন " "ইতোভ্রপ্ততোনষ্টঃ" "চালে ফলতি কুমাণ্ডং" "হাটারি विजैति कैंश नम् ' " (ताका नमाज " रेजानि नाना ध्वकात वाक ७ वर्ताका কথনের দারা গ্রন্থকে পরিপূর্ণ করিয়াছেন ইহাতে ঐ পাঠ কর্ত্তার চিত্তে সন্দেহ হইতে পারে যে সে বেদান্ত কেমন পরমার্থ শাস্ত্র যাহার চক্রিকাতে এই সকল ব্যঙ্গ বিজ্ঞাপ তুর্বাক্য লেখা দেখিতেছি, বে গ্রন্থের সংক্ষেপে চন্দ্রিকা এই রূপ হয় তাহার মূল গ্রন্থ বা কি প্রকার হইবেক ? কিন্তু সেই ব্যক্তি যদি स्रुट्यां हरायन एटव व्यवसाहे विद्यानना कतिरवन व श्रामक करने खना यात्र বেদান্ত শাস্ত্রের উপদেশ এই যে কীট পর্যান্তকেও ম্বণা করিবেক না কিছ এ বেদাস্ত চক্রিকাতে তাহার বিপরীত দেখা যাইতেছে অতএব তিনি বেদান্তে অশ্রদ্ধা না করিয়া চন্দ্রিকাতেই অপ্রামাণ্য করিবেন।

আমারদিগের সম্বন্ধে বে বাঙ্গ বিজ্ঞপ হর্কাক্য ভট্টাচার্য্য লিবিয়াছেন তাহার উত্তর না দিবার কারণ আদৌ এই যে পরমার্থ বিষয় বিচারে অসাধু ভাষা এবং হর্কাক্য কথন সর্কাথা অযুক্ত হয়, দিতীয়তঃ আমারদিগের এমত রীতিও নহে যে হ্র্কাক্য কথন বলের দালা লোকেতে জয়ি হই, অতএব ভট্টাচার্য্যের হ্র্কাক্যের উত্তর প্রদানে আমরা অপরাধি রহিলাম।

বাজসনেয়সংহিতোপনিবদের ভাষা বিবরণের ভূমিকা প্রভৃতিতে আমরা
বাহা বাহা লিখিয়াছি ভাহাকে ভট্টালার্য আপনার বেদান চক্রিকার স্থানে

স্থানে অঙ্গীকার করিয়া এবং ব্রহ্মকে এক ও বিশেষ রহিত বিশাস্থা ও তাঁহার বিশেষ জ্ঞান নির্মাণ মৃক্তির প্রতি কারণ এবং ব্রহ্মাদি হুর্গাদি ও যাবৎ নাম রূপ চরাচর কেবল ভ্রম মাত্র কহিয়া এখন আপনার পূর্বে লিখিত বাক্যের বিকন্ধ এবং বেদাস্তাদি সর্ব্ব শান্তের ও বেদসম্মত যুক্তির বিরুদ্ধ যাহা কেবল আপনারদিগের লৌকিক লাভের রক্ষার নিমিত লিখিয়াছেন তাহার বিবরণ লিখিতেছি। ভট্টাচার্য্য বেদাস্তচন্দ্রিকাতে লিখেন যে পরমাস্থার দেহ আছে। পরমান্থাকে দেহ বিশিষ্ট বলা প্রথমতঃ সকল বেদকে তুচ্ছ করা হয়। তাহার কারণ এই। বেদাস্ত স্থতে স্পষ্ট কহিতেছেন।

জরপবদেব হি তৎপ্রধানত্বাৎ,। বেদান্তস্ত্রং॥ ব্রহ্ম কোন মতে রূপ বিশিষ্ট নহেন বেহেতু নিশুনপ্রতি,পাদক শ্রুতির সূর্ব্বাণা প্রাধান্য হয়।

তে যদস্তরা তবুন্ধ। বেদাস্কস্তাং॥
বন্ধ নাম রূপের ভিন্ন হরেন।
আহ হি তন্মাত্রং। বেদাস্কস্তাং॥
বেদেতে বন্ধকে চৈতন্য মাত্র করিয়া কহিয়াছেন।
সাক্ষাৎ শ্রুতির মধ্যেও প্রাপ্ত হইতেছে।

অশব্দস্পর্শমরপমব্যয়মিত্যাদি। কঠোপনিষৎ॥ স্বাহাত্যস্তরোহুজঃ। মুপ্তকোপনিষৎ॥

ভলবকারোপনিষদের চতুর্থ মন্ত্র অবধি অন্তম মন্ত্র পর্যান্ত এই দৃঢ় করিয়া বারবার কহিয়াছেন বে বাক্য মনঃ চক্ষ্য ইত্যাদির অগোচর যিনি তিনিই ব্রহ্ম
হরেন, উপাধি বিশিষ্ট যাহাকে লোকে উপাসনা করে সে ব্রহ্ম নহে, এবং
ভগবান্ শঙ্করাচার্য্য তলবকার উপনিষদের ভাষ্যেতে চতুর্থ মত্রের অবতরণিকাতে স্পষ্টই কহিয়াছেন যে লোক প্রাস্থিম বিষ্ণু মহেশ্বর ইক্স প্রাণ ইত্যাদি
ব্রহ্ম নহেন কিন্তু ব্রহ্ম কেবল চৈতন্য মাত্র হয়েন। ব্রহ্ম রূপবিশিষ্ট ক্লাপি
নহেন ইহাতে বেদের এবং রেদান্ত স্থত্তের এবং ভাষ্যের কিঞ্চিৎ কিঞ্চিৎ
প্রমাণ লেখা গেল ইহার করিণ এই, ভট্টাচার্য্য বেদ শাল্পে ও ব্যাসাদি ম্নিদিগের বাক্যে ও ভগ্বান্ শঙ্করাচার্য্যের বাক্যে প্রামাণ্য রাখেন এমত তাঁহার
নিপির স্থানে স্থানে পাওয়া বার। ব্রহ্মকে রূপবিশিষ্ট কহা সর্মধা বেদ-

সন্মত যুক্তিরও বিকন্ধ, কারণ যখন মূর্ত্তি স্বীকার কি ধ্যানে কি প্রত্যক্ষে করিবে সে যদি অত্যন্ত বৃহদাকার হয় তথাপি আকাশের মধ্যগত হইয়া পরিমিত এবং আকাশের ব্যাপ্য অবশ্য হইবেক, কিন্তু ঈশ্বর সর্ব্ববাপী হয়েন কোন মতে পরিমিত এবং কাহারও ব্যাপ্য নহেন। ভট্টাচার্য্য যদি কহেন বন্ধ বস্তুতঃ অমূর্ত্তি বটেন কিন্তু তাঁহার সর্ব্ব শক্তি আছে,অতএব তিনি আপনাকে সমূর্ত্তি করিতে পারেন। ইহার উত্তর এই জগতের হৃষ্ট্যাদি বিষয়ে ত্রন্ধ সর্বাশক্তিমান বটেন কিন্তু তাঁহার আপনার স্বরূপের নাশ করি-বার শক্তি তাঁহার আছে এমত স্বীকার করিলে জগতের ন্যায় ব্রহ্ম হইতে ব্রন্ধের নাশ হওনের সম্ভাবনা স্থতরাং স্বীকার করিতে হয়, কিন্তু যাহার নাশ সম্ভব সে ব্রহ্ম নুহে অতএব জগতের বিষয়ে ব্রহ্ম সর্কা শক্তিমানু হয়েন আপ-নার স্বরূপের নাশে শক্তিমান্ নহেন এই নিমিত্তেই স্বভাবতঃ অমূর্ত্তি ব্রহ্ম কদাপি সমূর্ত্তি হইতে পারেন না যেহেতু সমূর্ত্তি হইলে তাঁহার স্বন্ধপের বিপ-য্যাঁর মর্থাৎ পরিমাণ-এবং আকাশাদির ব্যাপ্যত্ব ইত্যাদি ঈশ্বরের বিরুদ্ধ ধর্ম সকল তাঁহাতে উপস্থিত হইবেক। यनि ভট্টাচার্য্য বলেন যে ব্রহ্ম যদি সমূর্স্তি *হইতে না পারেন তবে জগদাকারে কি রূপে তিনি দৃশ্যমান্ হইতেছেন। ইহার উত্তর বেদান্ত শান্ত্রেই আছে বৈ যাবৎ নাম রূপময় মিধ্যা জগত স্ত্য স্বরূপ ব্রহ্মকে অবলম্বন করিয়া সত্যের ন্যায় দৃষ্ট হইতেছে। যেমন মিণ্যা দর্প সত্য রজ্জুকে অবলম্বন করিয়া সত্যরূপে প্রকাশ পায় বস্তুতঃ সে রজ্জু দর্প হয় এমত নহে দেই রূপ দত্য স্বরূপ যে বন্ধ তিনি মিথ্যা রূপ জগৎ वाखिविक इरायन ना এই र्इ विषादि श्रनः श्रनः करहन य उन्न विवर्ष অর্থাৎ আপন স্বরূপের ধ্বংস না করিয়া প্রাপঞ্চ স্বরূপ দেবাদি স্থাবর পর্য্যস্ত জগদাকারে আত্ম মায়া দ্বারা প্রকাশ পায়েন। কি রূপে এথানকার পণ্ডি-তেরা লৌকিক. কিঞ্চিৎ লাভের নিমিত্তে তাঁহাকে পরিচ্ছিন্ন বিনাশ যোগ্য মৃর্তিমানু কৃষ্টিতে সাহস করিয়া বন্ধ স্বরূপে আঘাত করিতে উদ্যত হয়েন ? ইহা হইতে অধিক আশ্চর্য্য অন্য আর কি আছে যে ইন্দ্রিয় হইতে পর বে মনঃ মনঃ হইতে পর যে বৃদ্ধি বৃদ্ধি হইতে পর যে পরীমান্মা ভাঁহাকে বৃদ্ধির অধীন যে মনঃ সেই মনের অধীন যে পঞ্জের তাহার মুধ্যে এক ইক্রিয় যে চকু সেই চকুর গোচর যোগ্য করিয়া কহেন ?

ইন্দ্রিয়াণি পরাণ্যাহরিন্দ্রিয়েভ্যঃ পরং মনঃ। মনসম্ভ পরা বৃদ্ধিবুঁদ্ধের্যঃ পরভম্ব সং॥ গীতা॥

অতএব পূর্ব্ব লিখিত শ্রুতি সকলের প্রমাণে এবং বেদাস্ত ক্ষতের প্রমাণে এবং প্রত্যক্ষ সিদ্ধ যুক্তিতে এবং শ্রুতি সম্মত অনুমানেতে যাহা সিদ্ধ তাহার অন্যথা কহিলে যে ব্যক্তির বেদে শ্রদ্ধা আছে এবং চক্ষ্রাদি ইন্দ্রিরও আছে এবং প্রত্যক্ষ বস্তুর দর্শনাধীন অনুমান করিবার ক্ষমতাও আছে সে কেন গ্রাহ্থ করিবেক ?

বেদান্তচন্দ্রিকাতে ভট্টাচার্য্য করেন যে সগুণ ব্রহ্মের উপাসনা মৃর্ব্তিতেই কর্ত্তর। এ সর্বাথা বেদান্তবিক্ষম এবং যুক্তিবিক্ষম হয় যেহেতু বন্তকে সগুণ করিয়া মানিলে সাকার করিয়া অবশ্যই মানিতে হয় এমত নহে, যেমন এই জীবান্মার ইচ্ছা প্রভৃতি গুণ স্বীকার করা যায় অথচ তাহার আকারের স্বীকার কেহ করেন না সেই রূপ পরব্রহ্ম বিশেষরহিত অনির্বাচনীয় হয়েন। বাম্মর লাজে এবং যুক্তিতে তাঁহার স্বরূপ জানা যায় না কিন্তু ভ্রমাত্মক জগতের হাই স্থিতি প্রলব্মের নিরম দেখিয়া ব্রহ্মকে প্রষ্ঠা পাতা সংহর্মা ইত্যাদি বিশেষণের ছারা বেদে কহেন।

যতোব। ইমানি ভূতানি জায়ত্তে ঘৈন জাতানি জীবন্তি বৎ প্রেয়ন্তিসংবিশন্তি তদিজিক্তাসন্ত তহ ক্ষেতি॥

যাঁহা হইতে এই সকল বিশ্ব জনিয়াছে আর জনিয়া যাঁহার আশ্রয়ে স্থিতি করে মৃত্যুর পরে ঐ সকল বিশ্ব যাঁহাতে লীন হয় তাঁহাকে জানিতে ইচ্ছা কর তিনিই ব্রশ্ব হয়েন।।

ভগবান্ বেদব্যাস ও এই রূপ বেদান্তের বিতীয় স্ত্রে তটস্থ লক্ষণে ব্রহ্মকে বিশ্বের স্টি স্থিতি প্রলয় কর্তৃত্ব শুণের বারা নিরূপণ করিয়াছেন কিন্তু তটস্থ লক্ষণে ব্রহ্মকে সঞ্জন কহাতে সাকার কহা হন্ম এমত নহে। বন্ধত: অন্য অন্য স্ত্রে এবং নানা প্রতিতে তাঁহার সন্তণ রূপে বর্ণনের অপবাদকে দ্র করিবার নিমিত্তে কহেন বে ব্রহ্মের কোন প্রকারে বিতীয় নাই, কোন বিশেবণের বারা তাঁহার স্বর্মপ কহা বায় না, তবে বে তাঁহাকে প্রত্তী পাতা সংহর্তা ইত্যাদি শুণের বারা কহা বায় সে কেবল প্রথমাধিকারির বোধের নিমিত্ত।

यट्यावाटानिवर्ड्ड अधाना मनमा नह। अकि:॥

মনের সহিত বাক্য থাঁহার স্বরূপকে না জানিয়া নিবর্ত হয়েন।। দর্শয়তি চাথোহাপি চ স্মর্যতে। বেদাস্তস্তা:।।

ব্রহ্ম নির্বিশেষ হয়েন ইহা অথ অবধি করিয়া বেদে দেখাইতেছেন স্থৃতিও এইরূপ কহেন।।

অতএব বেদাস্ত মতে একা সর্বাদা নির্কিশেষ দিতীয়শূন্য হয়েন এই রূপ জ্ঞান মাত্র মুক্তির কারণ হয়।

বেদান্তচন্দ্রিকার অন্য অন্য স্থানে ভট্টাচার্য্য যাহা লিখেন তাহার তাৎপর্য্য এই যে ব্রহ্মোপাসনা সাক্ষাৎ হইতে পারে না যেহেতু উপাসনা ভ্রমাত্মক জ্ঞান হয় অতএব সাকার দেবতারই উপাসনা হইতে পারে যেহেতু সে ভ্রমাত্মক জ্ঞান। উত্তর ১ দেবতার উপাসনাকে যে ভ্রমাত্মক কহিয়াছেন তাহাতে আমারদিগের হানি নাই কিন্তু উপাসনা মাত্রকে ভ্রমাত্মক কহিয়া ব্রহ্মোপাসনা হইতে জীবকে বহিমুখ করিবার চেষ্টা করেন ইহাতে আমারদিগের আর অনেকের স্থতরাং হানি আছে যেহেতু ব্রক্ষের উপাসনাই মুখ্য হয়, তঙ্কিয় মুক্তির কোন উপায় নাই। জগতের স্থি স্থিতি লয়ের দ্বারা পরমাত্মার সন্তাতে নিশ্চয় করিয়া আত্মাই সত্য হয়েন, নাম রূপ ময় জগৎ মিধ্যা হয়, ইহার অমুক্ল শাস্তের প্রবণ মননের দ্বারা বহু কালে বহু য়েম্ব্র আত্মার সাক্ষাৎকার কর্ত্তব্য এই মত বেদান্তসিদ্ধ যথার্থ জ্ঞানরূপ আত্মোপাসনা, তাহা না করাতে প্রত্যবায় অনেক লিখিয়াছেন।

অমুর্য্যা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ।

তাংন্তে প্রেত্যাভিগচ্ছতি যে কে চাত্মহনো জনা:॥ শ্রুতি:॥

আস্থা অপেক্ষা করিয়া দেবাদি সকল অস্ত্র হয়েন তাঁহারদিগের লোককে অস্থ্য লোক অর্থাৎ অস্ত্রলোক কহি সেই দেবতা অবধি স্থাবর পর্যান্ত লোক সকল অজ্ঞান রূপ অন্ধকারে আর্ত আছে ঐ সকল লোককে আত্ম জ্ঞান রহিত ব্যক্তি সকল সং কর্ম অসং কর্মাস্থ্যারে এই শরীরকে ত্যাগ করিয়া প্রাপ্ত হয়েন॥

ন্ চেদিহাবেদীশ্বহতী বিনষ্টি:॥

এই মন্ত্র্য শরীরে পূর্ব্বাক্ত প্রকারে যদি ব্রহ্মকে না-জানে তবে ভাহার মতাস্ত ঐছিক পারত্রিক চুর্গতি হয়। এবং আঁঝোপাসনার ভূরি বিধি শ্রুতি ও স্থৃতিতে আছে।
আত্মা বা অরে দ্রষ্টবাঃ শ্রোতব্যোমস্তব্যোনিদিধ্যাসিতব্যঃ। শ্রুতিঃ॥
আবৈয়বোপাসীত॥ শ্রুতিঃ॥

' আবৃত্তিরসক্ষপদেশাৎ ॥ বেদাস্তস্তাং ॥

ইত্যাদি বেদান্ত পত্রে আত্মার শ্রবণ মননে পুনঃ পুনঃ বিধি দেখিতেছি। এই সকল বিধির উল্লেখন করিলে এবং লোকিক লাভাণী হইয়া এ সকল বিধির অন্যথা প্রেরণা লোককে করিলে পাপভাগী হইতে হয় ইহা কোন্ ভটাচার্য্য না জানেন ? কিন্তু ভটাচার্য্য ও তাঁহার অম্চরেরা যাহাকে উপাননা কহেন সেরপ উপাসনা মতরাং পরমান্মার হইতে পারে না যে কাল্লনিক উপাসনাতে উপাসকের কথন মনেতে কথন হস্তেতে উপাস্যকে নির্দাণ প্রক্তি সেই উপাস্যের ভোজন শয়নাদির উদ্যোগ করিতে এবং তাহার জ্লাদি তিথিতে ও বিবাহ দিবসে উৎসব করিতে এবং তাহার প্রতিমূর্ত্তি কল্পনা করিয়া সন্মুথে নৃত্য করাইতে হয়।

ভট্টাচার্য্য বেদাস্কচন্দ্রিকাতে কোথায় স্পষ্ট কোথায় বা অস্পষ্ট রূপে প্রায় এই লিখিয়াছেন যে বর্ণাশ্রমের ধর্মাফুটান ব্রহ্ম জ্ঞান সাধনের সময়ে এবং ব্রহ্ম জ্ঞানের উৎপত্তির পরেও সর্বাথা কর্ত্তব্য হয়। যদিও জ্ঞান সাধনের সময় বর্ণাশ্রমাচার কর্ত্তব্য হয় কিন্তু এস্থলে আমারদিগের বিশেষ করিয়া লেখা আবশ্যক যে বর্ণাশ্রমাচার ব্যতিরেকেও ব্রহ্ম জ্ঞানের সাধন হয়।

অন্তরা চাপি তু তদ্রে:॥

বেদান্ত ক্ষত্রে ও অধ্যায়ে ৪ পাদে ৩৬ ক্রের ভাব্যে ভগবান্ পূজ্যপাদ প্রথমতঃ আশকা করেন যে তবে কি বর্ণাশ্রমাচারের অফুষ্ঠান বিনা ব্রহ্ম জ্ঞান সাধন হয় না ? পরে এই ক্রের ব্যাখ্যায় সিদ্ধান্ত করিলেন যে বর্ণাশ্রমাচার বিনাও ব্রহ্ম জ্ঞানের সাধন হয়। বৈক্য প্রভৃতি বর্ণাশ্রমাচারের অফুষ্ঠান না করিয়াও ব্রহ্মজ্ঞান প্রাপ্ত ইইয়াছেন।

ু তুল্যুম্ভ দর্শনং॥ বেদাস্তস্ত্রং॥

বেমন কোন কোন জ্ঞানি কর্ম্ম এবং জ্ঞান উভয়ের অমুষ্ঠান করিয়াছেন সেই রূপ কোন কোন জ্ঞানি কর্ম ত্যাগ পূর্ব্বক জ্ঞানের অমুষ্ঠান করিয়াছেন।

তবে বেদান্ত ক্রের ৩ অধ্যার ৪ পালে ৩৯ ক্রে বর্ণাশ্রম ধর্ম ত্যাগী বে

সাগক তাহা হইতে বর্ণাশ্রম বিশিষ্ট যে সাধক তাহাকে শ্রেষ্ঠ করিয়া কহি-রাছেন॥ ইতি প্রথমধণ্ডং।

এখন ভট্টাচার্য্য বেদাস্তচন্দ্রিকাতে বে সকল যোগ্যাযোগ্য, প্রশ্ন লিখিয়া-ছেন, তাহার উদ্ভর এক প্রকার দেওরা ফাইভেছে। •

তিনি প্রশ্ন করেন যে ''বদি বল আমি তাদৃশ বটি তবে তুমি যাহারদিগকে शीय जाहबन कवान धार्यहाँहेएक, छाहाबा । नकतन कि वामानव किनानिब প্রার মাতৃ গর্ভ হইতে ভূমিষ্ঠ হইয়াই বন্ধ সাক্ষাৎকারবান্ হইয়াছে ?'' ইशत উত্তর, পূর্ব্বপূর্ব বোগিদিগের তুল্য হওয়া আমারদিগের দূরে থাকুক, ভট্টাচার্য্য যে রূপু সৎকর্মান্বিত তাহাও আমরা নহি, কেবল ব্রদ্ধজ্ঞাস্থ, তাহাতে যে রূপ কর্ত্তব্য শাস্ত্রে লিথিয়াছেন তাহার সম্যক্ অনুষ্ঠানেও অপটু আছি ইহা আমরা বাজসনেয়সংহিতোপনিষদের ভূমিকাতে অঙ্গীকার করি-शोटि। जार धर अश्रीकात कतित्व शत्तव छहे। हार्या एर अक्रश दास करतन त्क ভট্টাচার্য্যের মহন্ত আর আমরা অন্যকে বিরুদ্ধ আচরণে প্রবৃত্ত করিতেছি ইহা যে•ভট্টাচার্য্য কহেন সেও ভট্টাচার্য্যের সাধুতা। এপ্রমাণ বটে যে বাজসনেরসংহিতাদি উপনিষদের বিবরণ সংক্ষেপে সাধ্যায়সারে আমরা করি-য়াছি বাঁহার দেখিবার ইচ্ছা থাকে তিনি তাহা দেখেন, আর বাঁহার শাস্ত্রে শ্রদা আছে তিনি তাহাতে শ্রদা করেন, আর যাঁহারা স্থরোধ হয়েন তাঁহারা ঈশরের উপাসনা আর কেবল খেলা এ হুইয়ের প্রভেদ অবশ্যই করিয়া লয়েন আর ভূমিষ্ঠ হইবামাত্র ঐ সকলের ব্রহ্ম সাক্ষাৎকার হইয়াছে কি না এ প্রশ্ন ভট্টাচার্য্যের প্রতি সম্ভব হয়, বেহেতু ভট্টাচার্য্যেরা মন্ত্র বলে কার্চ পাষাণ মৃত্তিকাদিকে সঞ্জীব করিতেছেন অতএব মন্থ্যের বালককে বন্ধ সাক্ষাৎ-কারবান্ করা তাঁহারদিগের ক্লোন্ আশ্চর্যা ? কিন্তু আমরা সাধারণ মহুব্য সামার্দিগের এ প্রশ্ন আশ্চর্য্য জ্ঞান হয়।

আর লেখেন বে "তবে ঈশ্বাদি শরীরের টুলোধক প্রতিমাদিতে তছদেশে শাস্ত্র বিহিত পূজাদি ব্যাপার লৌকিক প্রীহা ছৈদন বাণ মারণাদির ন্যায় কেন না হর ? আত্মবং সেবা ইহা কি গুন না ? যেমন গারুড়ী মন্ত্র শক্তিতে একের উদ্দেশে অন্যত্র ক্রিয়া করাতে উদ্দেশ্য ফল ভাগাঁ হয় তেমনি ক্ বৈদিক মন্ত্র শক্তিতে হয় না ?'' উত্তয়, এই বে ছুই উদাহরণ দিরাছেন বে বাণ মারিলে প্লীহা ছেদন হয় আর সর্পাদি মন্ত্র অন্যোদ্দেশে পড়িলে অন্য ব্যক্তি ভাল হয় ইহাতে যে সকল মন্থ্যের নিশ্চয় আছে তাঁহারাই স্থতরাং গ্রন্থকর্তার বাক্যে বিশ্বাস করিবেন আর তাঁহারদিগের চিত্তহিরের নিমিত্তে শাত্রে নানা প্রকার কারনিক উপাসনা লিধিয়াছেন, কিন্তু বাঁহারদিগের জ্ঞান আছে তাঁহারা এই ছুই উদাহরণেতে ভট্টাচার্য্যের সত্য মিথ্যা সকল জানিতেছেন, আর এই সকল প্রপঞ্চ হইতে আপনাকে মুক্ত করিবার নিমিত্ত উপাধিবিশিষ্টের উপাসনা না করিয়া পরমেশ্রের শরণাপর হইয়াছেন।

আর লেখেন যে 'বিদি কহ শরীরের মিথ্যাত্ব প্রতিপাদন শাস্ত্রে করিয়া-ছেন তবে আমি জিজাসি সে কি কেবল দেব বিগ্রহের হয় ? তোমারদিগের ৰিগ্ৰহের নয় ? যদি বল আমারদিগের বিগ্ৰহেরও বটে তবে আগে শরীরকে मिथा। कतिया जान मत्न श्रेटा जाशांक मृत कत এবং जमसूत्र कियाज অন্যের প্রামাণ্য জন্মাও পরে দেবতা বিগ্রহকে মিথ্যা বলিও এবং তদমুক্রপ কর্মও করিও ?" ইহার উত্তর, ভট্টাচার্য্যের এ অমুমতির পূর্কেই আমরা আপ-নারদিপের শরীরকে এবং দেবতাদিগের শরীরকে মিথ্যা রূপে তুল্য জানিয়া সেই জ্ঞানের দৃঢ়তার নিমিত্তে যত্ন আরম্ভ করিয়াছি। অতএব আমারদিগের প্রতি ভট্টাচার্য্যের এ প্রেরণার প্রয়োজন নাই কিন্তু ভট্টাচার্য্যের উচিত স্থাপন প্রিয় পাত্র শিষ্ট সম্ভানদিগের প্রতি এ প্রেরণা করেন বে তাঁছারা আপনার भंदीद्राक थवः (मव भंदीद्राक मिथा। यन जातन थवः उमस्क्रम कर्म करद्रन। কিন্তু ভট্টাচার্য্য প্রথমে আপন শরীরকে পশ্চাৎ দেব শরীরকে মিথাা করিয়া क्रांस क्वानिवात य विधि निवाहिन तम क्रम मर्ज अकारत क्यूक रव रवर्ड আপনার শরীরকে মিথ্যা করিয়া জানিবার বে কারণ হয় দেব শরীরকে জানিবার দেই কারণ। নাম রূপ সক্দকে মায়ার কার্য্য করিয়া জানিলে কি আপন শরীর কি দেবাদি শরীর তাবতের মিথ্যা জ্ঞান এক কালেই হয় चाउ धर वार्यम महीरत चाह रमट्ट महीरत विशा कान कविवाह शूर्वाशरहर সম্ভাবনা নাই ১

ভট্টাচার্য্য লেপেন বে ''বে শান্তজ্ঞানে ঈশ্বরকে মান সেই শান্তজ্ঞানে দেবভাদিগকে কেন না মান ?'' উত্তর, বিষ্ণুশরীরপ্রহণমহমীশান এব চ।
কারিতান্তে যতোহতত্বাং কঃ স্তোতুং শক্তিমান্ ভবেৎ ॥
বন্ধবিকুমহেশাদি দেবতাভূতজাতয়ঃ।
সর্বে নাশং প্রয়াসান্তি তন্মাচ্ছেরঃ সমাচ্রেৎ ॥

ইত্যাদি ভূরি প্রমাণের ঘারা দেবতাদিগের শরীরকে আমরা মানিয়ছি এবং ঐ দকল প্রমাণের ঘারাতেই তাহার জন্যন্ত ও নখরত্ব মানিয়াছি ইহার বিস্তার বাজসনেয়সংহিতোপনিষদের ভূমিকাতে বর্ত্তমান আছে তাহা দেখিয়াও ভট্টাচার্য্য প্রশ্ন করেন যে দেবতাদিগের বিগ্রহ কেন না মান ইহার কারণ বুঝিতে পারিলাম না।

আর লেখেন যে '' শাস্ত্র দৃষ্টিতে দেব বিগ্রহ স্মারক মৃৎ পাষাণাদি প্রতিমাদিতে মনোযোগ করিয়া শাস্ত্র বিহিত তৎ পূজাদি কেন না কর ইহা আমারদিগের বোধ গম্য হয় না '' ইহার উত্তর,

কাষ্ঠলোষ্ট্রের্ মুঁথানাং। অচ্চায়াং দেবচক্ষ্বাং। প্রতিমাস্বরবৃদ্ধীনাং।
ইত্যাদি বাজসনেরসংহিতোপনিষদের ভূমিকাতে লিখিত প্রমাণের দারা
প্রতিমাদিতে দেবতার আরাধনা করা ইতর অধিকারির নিমিত্তে শাস্ত্রে
দেখিতেছি কিন্তু ভট্টাচার্য্য এবং তাদৃশ লোক সকল আপন আপন লাভের
কারণ ঐ বিধি সর্ক সাধারণকে প্রেরণা করেন। ব্রহ্মজিজ্ঞাসা ঘাঁহারদিগের
হইয়াছে তাঁহারদিগের প্রতিমাদির ধারা অথবা মানস দারা দেবতার আরাধনা করাতে স্পৃহা এবং আবশ্যকতা থাকে না।

যোহন্যাং দেবতামুপান্তে অন্যোহসাবন্যোহমন্মীতি ন স বেদ যথা পশুরের স দেবানাং। শ্রুতিঃ।

যে আত্মা ভিন্ন অন্য দেবতার উপাসনা করে আর কহে যে এই দেবতা অন্য এবং আমি অন্য উপাস্য উপাসক রূপে হই সে অজ্ঞান দেবতাদিগের পশু মাত্র হয়॥

ভাক্তং বা অনাত্মবিবাতথাহি দর্শয়তি । বেঁদান্ত হবং ।

শ্রুতিতে বে জীবকে দেবভার অন্ন করিয়া কহিয়াছেন সে ভাক্ত হয়

অর্থাৎ সাক্ষাৎ অনুনা হইয়া দেবতার ভোগের সামগ্রী সেই জীব হয়।

যাহার আত্মজ্ঞান না হয় সে অন্নের ন্যার তৃষ্টি জন্মাইবার হারা দেবতার ভোগে আহিসে বেদ এই রূপ দেখাইয়াছেন ॥

ভগবান্ ময় বৃদ্ধনিষ্ঠ গৃহস্থদিগের পরম্পরা রীতি দেখাইয়াছেন বে তাঁহারা বাহ্ন পঞ্চ যজ্ঞ স্থানে কেবল জ্ঞান সাধন ও জ্ঞানোপদেশ ক্রিয়া থাকেন। ইহার বিশেষ বাজসনেয়সংহিতোপনিষদের ভূমিকাতে পাইবেন।

ভট্টাচার্য্য লেখেন যে 'প্রাচীন যবনাদি শাস্ত্রেতেও প্রতিমাদি পূজা এবং যাগাদি কর্ম প্রদিদ্ধ আছে নব্যদিগের বৃদ্ধিমন্তাধিক্যে ধিকৃত হইয়াছে।" উত্তর, ভট্টাচার্য্য আপনিই অঙ্গীকার করিতেছেন যে বুদ্ধিমন্তা ইইলে প্রতি-মাদি পূজা ধিকৃত হয়, এই অঙ্গীকারের ছারা স্পষ্ট বুঝায় যে এদেশস্থ লোকের ভট্টাচার্য্যের অভিপ্রায়ে বৃদ্ধিমতা নাই এ কারণ এই সকল কাল্লনিক উপাসনা ধিক্ত হয় নাই। শাল্তেতেও পুনঃ পুনঃ লিখিতেছেন যে অজ্ঞা-নির মন:স্থিরের নিমিত্ত বাহ্য পূজাদি কলনা করা গিয়াছে। প্রত্যক্ষ দেথি-তেছি যে ইতর লোককে যদি এরপ উপদেশ করা যায় যে এ জগতের স্রষ্টা পাতা সংহত্তা এক পরমেশ্বর আছেন তিনি সকলের নিয়ন্তা তাঁহার স্বরূপ कामता कानि ना उँ। हात काताधनाटक नर्स निक्ष इत्र काँहातरे काताधना कत, দে ইতর ব্যক্তির এ উপদেশ বোধ গম্য না হইয়া চিত্তের অক্তৈর্য্য হইবার সম্ভাবনা আছে। আর যদি সেই ইতর ব্যক্তিকে এরপ উপদেশ করা যায় रिय याँहात इखित नागा मलक मकूरगत नागा इल श्रमानि जिनि नेपात इरान, **্দ ব্যক্তি এ উপদেশকে শীঘ্র বোধ গম্য করিয়া ঈশ্বরোদ্দেশে সেই মূর্ভিতে** চিত্ত স্থির রাথে এবং শাস্ত্রাদির অফুশীলন করে এবং তাহার দ্বারা পরে পরে **!(स य এ क्विन इर्सनाधिकांत्रित जाना अक्रश विभिष्ट जेश्राह्म क्रमा** ছইয়াছে অপরিমিত বে পরমাত্মা তিনি কি প্রকারে দৃষ্টির পরিমাণে আসিতে পারেন। কোথা বাক্য মনের অগোচর ব্রহ্ম আর কোথার হস্তির মৃস্তক. **এই রূপ মননাদি দারা সে ব্যক্তি বন্ধ তত্ত্বের জিজ্ঞান্ত হইয়া ক্লতকার্য্য হয়।**

স্থিরার্থং ধনসঃ কেচিৎ স্থাধ্যানং প্রকৃর্বতে।

স্থলেন নিশ্চলং চেতো ভবেৎ স্কেপি নিশ্চলং ॥ কুলার্গর: ॥ কোন কোন ব্যক্তি মনঃস্থিরের নিমিত্ত স্থূলের অর্থাৎ মূর্জ্যাদির খ্যান করেন বেহেতু সূল ধ্যানের দারা চিত্ত স্থির হুইলে পরে স্ক্র আত্মান্তও চিত্ত স্থির হুইতে পারে॥

কিন্ত যাঁহারদিগের বৃদ্ধিষতা আছে আর যাঁহারা জগতের নানা প্রকার নিয়ম ও রচনা দেখিয়া নিয়ম কর্তাতে নিষ্ঠা রাখিবার সামর্থ্য রাখেন তাঁহার-দিগের জন্যে হস্তি মস্তকের উপদেশ করা শাস্ত্রের তাশপ্র্যা নহে।

করপাদোদরাস্যাদিরহিতং পরমেশ্বরি।

সর্বতেক্ষোমরং ধ্যারেৎ সচ্চিদানন্দলক্ষণং ॥ কুলার্ণবঃ ॥ হস্ত পাদ উদর মুখ প্রভৃতি অঙ্গ রহিত সর্ব তেজোমর সচ্চিদানন্দ স্বরূপকে হে ভগবতি ধ্যান করিবেক ॥

ভট্টাচার্য্য লেখেন "যদি বল ফলাভাব প্রযুক্ত দেবতাদিগের উপাসনা না করি তবে হে ফলার্থি জ্ঞানি মানি তাহারদিগকে মিথ্যা কেন কহ? যাহার যাহাতে উপবোগ না থাকে সে কি তাহাকে মিথ্যা কহে?"। উত্তর, প্রয়োজন ব্যতিরৈকে কেহ কোন বিষয়ে প্রবৃত্ত হয় না। আত্মজ্ঞান সাধনের প্রয়োজন মৃক্তি হয় এরপ প্রয়োজনকে যদি ফল কহ তবে সকলেই ফলাকাজ্মি ইয় ইহাতে হানি কি আছে? স্বর্গাদি ফলাকাজ্মি হইয়া কর্ম্ম করা মোক্ষাকাজ্মির অকর্ত্তব্য বটে। আর যাহার যাহাতে উপযোগ নাই সে তাহাকে র্থা কহিয়া থাকে যেমন নাসিকার রোম যাহাতে আমারদিগের কোন প্রয়োজন নাই তাহাকে স্ক্তরাং র্থা কহা যায়। এয়্লেও সেই রূপ ব্রক্ষাজ্ঞানা হইলে সোপাধি উপাসনা রূথা জ্ঞান হয়।

ভট্টাচার্য্য প্রশ্ন করেন যে " মৃতাভোজির কাছে মৃত কি মিথা। ?" উত্তর, মৃতকে যে ভোজন না করে এবং ক্রম বিক্রমাদি না করে সে ব্যক্তির নিকট মৃত মিথা। নহে কিন্তু তাহার কোন প্রয়োজন মৃতেতে নাই এ নিমিন্ত সে মৃতকে আপন বিষয়ে রূথা-জানিরা থাকে।

"
জুমি বা একাক্ষ না হও কেন, কাকের কি এক চক্ষতে নির্বাহ হয়
না ?" এপ্রশ্নের তাৎপর্য্য বুঝিতে পারিতেছি না, যাহা হউক ইহার উত্তরে
ভট্টাচার্য্যকে জিজ্ঞাসা করি বে আপনি রাজ সংক্রাস্ত কর্ম ত্যাগ কেন না
করেন ? বাঁহারদিগের রাজ সংক্রান্ত কর্ম নাই তাঁহারদিগের কি দিন পাত
হয় না ? এ প্রশ্নের উত্তরে ভট্টাচার্য্য যাহা কহিবেন তাহা আমারদিগেরও

উন্তর হইবেক। যদি ভট্টাচার্য্য ইহার উত্তরে কহেন যে রাজ সংক্রাস্ত কর্মে আমার উপকার আছে আমি কেন ত্যাগ করি তবে আমরাও কহিব যে তুই চ-ক্ষুতে অধিক উপকার আছে অতএব কেন তাহার মধ্যে এক চক্ষুকে নষ্ট করি।

ভট্টাচার্য্য লেখেন " যদি বল আমরা দেবতাস্থাই মানি না তাহার বিগ্রহ ও তৎস্থারক প্রতিমার কথা কি ? শিরোনান্তি শিরোব্যথা। ভাল পরমাস্থাতো মান তবে শাস্ত্র দৃষ্টি হারা তাহারই নানা মূর্ত্তি প্রতিমাতে মনোযোগ করিয়া তহুচিত ব্যাপার কর।" উত্তর, আমরা পরমান্থা মানি কিন্তু তাঁহার মূর্ত্তি শাস্ত্রতঃ এবং যুক্তিতঃ অপ্রসিদ্ধ জন্য তাহা স্থীকার করি না। ইহার বিবরণ পূর্ব্ব লিখিয়াছি অতএব পুনকক্তির প্রয়োজন নাই।

বেদান্তচন্দ্রিকাতে লেখেন যে "স্বান্ধার (জীবান্ধার) প্রক্রত্যাদি চত্র্বিংশতি তব্ব সর্বাহ্মভব সিদ্ধ বদি মান তবে পরমান্ধারও তাহা অহুমানে
মান। আন্ধার (জীবান্ধার) ও পরমান্ধার রাজা মহারাজার ন্যায় ব্যাপ্য
ব্যাপকত্ব ঐত্বর্ধার কৈ বিশেষ ব্যাতিরেকে স্বরূপ ণত বিশেষ কি "?"
উত্তর, ভট্টাচার্য্য জীবান্ধাকে ব্যাপ্য ও অনীশ্বর এবং পরমান্ধাকে ব্যাপক ও
ঈশ্বর কহিয়া পুনর্ব্বার কহিতেছেন যে এ হুইয়ের স্বরূপ গত বিশেষ কি ?"
ঈশ্বর আর ব্যাপক হওয়া এবং অনীশ্বর আর ব্যাপ্য হওয়া ইহা হইতে অধিক
আর কি বিশেষ আছে ? ভট্টাচার্য্য অনীশ্বরের দেহ সম্বন্ধের ত্বারা পরিচ্ছিয়ত্ব
দেখিয়া ঈশ্বরের দেহ আর পরিচ্ছিয়ত্ব যে কয়না করেন ইহা হইতে আর কি
আশ্বর্য্য আছে ? আমরা ভয় পাইতেছি যে যথন জীবের দেহ সম্বন্ধ দেখিয়া
পরমান্ধার দেহ সম্বন্ধ অঙ্গীকার করিতেছেন তথন জীবের স্থ হংথাদি ভোগ
ও স্বর্গ নরকাদি প্রাপ্তির শাস্ত্র দেখিয়া পরমান্ধারও স্থে হংথাদি ভোগ বা
শীকার করেন।

ভট্টাচার্য্য লেখেন "যদি বল আমরা পরমাত্মার তাহা (প্রক্নত্যাদি)
মানিলে তোমারদিগের দেবাত্মার কি আইদে? ইহাতে আমরা এই বলি
তবে আমারদিগের দেবতাদিগকে তোমরা মানিলে যেহেতু পরমাত্মার বে
প্রক্নত্যাদি তাহাকেই আমরা স্ত্রী পৃংলিক ভেদে দেবী দেবাত্মা নামে কহি
তোমরা ঈশ্রীর প্রক্নত্যাদি রূপে কহ এই কেবল জলপানি ইত্যাদিবৎ?"
উত্তর, যদি ভট্টাচার্য্য পরমাত্মার প্রক্নত্যাদিকে দেবী দেবাত্মা নামে স্বীকার

করেন তাহাতে কাহারও আপত্তি নাই যেহেতু ঈশ্বরীয় মায়া কোধায় দেবী-রূপে কোথায় দেবরূপে কোথায় জল কোথায় স্থল রূপে দক্ষপ প্রমাদ্মাতে অধ্যন্ত হইয়া প্রকাশ পাইতেছে আর ঐ ভ্রমাদ্মক দেবী দেব জল স্থাদির প্রতীতি যথার্থ জ্ঞান হইলেই নাশকে পায়।

আর লেখেন " যদি বল আমরা, মাংস পিগু স্বাত্ত মানি মৃৎ পাষাণাদি
নির্দ্ধিত ক্বত্তিম পিগু মানি না।" উত্তর, এ আশকা ভট্টাচার্য্য কি নিদর্শনে
করিতেছেন অমুভব হয় না যেহেতু আমর! মাংস পিগু ও মৃত্তিকা পাষাণাদি
নির্দ্ধিত পিগু এ ছইকেই মানি কিন্তু এ ছইয়ের কাহাকেও স্বতন্ত্র ঈশর
কহি না। পরমাত্মার সন্তার আরোপের দ্বারা সত্যের ন্যায় প্রতীত হইয়া
লৌকিক ব্যবহারে ঐ ছইয়ের প্রথম যে মাংসপিগু সে পশাদির ভোজনে
আইসে আর দ্বিতীয় যে মৃত্তিকা পাষাণাদি পিগু সে থেলা আর অন্যুঅন্য
আমোদের কারণ হয়।

- ভট্টাচার্ব্য পুনর্কার আশকা করেন যে "যদি বল আমরা সচেতন পিগুই মানি অচেতন পিগু মানি না।'' উত্তর, উপাধি অবস্থাতে সচেতন এবং ''অচেতক উভয় বস্তুরই পৃথক্ পৃথক্ রূপে প্রতীতি হয় স্থতরাং উভয়কেই মানি আর তন্মধ্যে যে বস্তু যদর্থে নিয়মিত হইয়াছে তাহাকে তদম্রূপে ব্যবহার করি। সচেতনের মধ্যে গুরু প্রভৃতিকে মান্য করিতে হয় ও ভ্তাাদির দারা গৃহ কর্ম লওয়া যায় আর অচেতন পিগুর মধ্যে ইউকাদি দারা গৃহাদি এবং পাষাণাদি দারা প্রতিকাদি নির্মাণ করা যায় কিন্তু আশ্চর্যা এই যে অনেক সচেতন পিগু অচেতন পিগুকে সচেতন অভিপ্রায় করিয়া আহার শ্যা সুগদ্ধি দ্রব্য এবং বিবাহাদি দেন।

আর লেখেন " মীমাংসক মত সিদ্ধ অচেতন মন্ত্রময় দেবাতাত্মাই না মান বেদান্ত মত সিদ্ধ অত্মদাদিবৎ সচেতন বিগ্রহ বিশিষ্ট দেবতা কেন না মান ?" উত্তর, বেদান্ত মতে দেবতাদিগের শরীর প্রসিদ্ধ আছে স্কতরাং আমরাও ঐ দেবতাদিগের বিগ্রহ স্বীকার করি কিন্তু ঐশবেদান্ত নিদর্শনে ঐ বিগ্রহকে অত্মদাদির দেহবৎ মায়িক ও নখর করিয়া জানি এবং বৈমন আমারদিগের প্রতি এক্ষ জ্ঞান সাধনের অধিকার আছে সেই রূপ দেরতাদিগের প্রতিও অংকার আছে।

তত্বপর্যাপি বাদরায়ণ: দম্ভবাৎ ॥ বেদাস্তস্ত্রং ॥

মন্থার উপর এবং দেবতাদিগের উপর ব্রহ্ম বিদ্যার অধিকার আছে বাদরায়ণ কহিতেছেন বেহেতু বৈরাগ্যের এবং মোক্ষাকাজ্ফার সম্ভাবনা বেমন মন্থায়ের আছে সেই রূপ সম্ভাবনা দেবতাতেও হয়॥ এবং তাবং দেবতার সমাধি করা ভারতাদি গ্রন্থে প্রসিদ্ধ আছে।

ভট্টাচার্য্য লেখেন যে " যদি বল আমরা যাদৃশ মন্থ্যাদি শরীরকে চক্ষে দেখিতে পাই তাহাই মানি বেদাস্ত মতদিদ্ধ দেব শরীর চক্ষে দেখিতে পাই না অতএব মানি না তৎ প্রতিমার প্রশক্তিই কি ?" উত্তর, পূর্ব প্রপ্রের উত্তরেতেই ইহার উত্তর দেওয়া গিয়াছে যে বেদাস্ত মতদিদ্ধ দেব শরীরকে এবং সেই শরীরের মায়িকছ নশ্বর আমরা মানিয়া থাকি।

আবৈদিকেরা এই রূপ কহিয়া থাকে আমিও তদ্ষ্টি ক্রমে কহি।" উত্তর, আশুর্যা এই যে ঐহিক লাভের নিমিত্ত ভটাচার্য্য সর্ব্ধ শাস্ত্র প্রসিধ্ধ আক্ষো-পাসনা ত্যাগ করিয়া এবং করাইয়া এবং গৌণ সাধন যে প্রতিমাদির পূজা তাহার প্রেরণা করিয়া আপনার বৈদিকত্ব অভিমান রাঝেন আর 'আমরা" সর্ব্ধ শাস্ত্র সন্ত্রজ্ঞাপাসনাতে প্রবৃত্ত হইয়া ভট্টাচার্য্যের বিবেচনায় অবৈদিক ও নাস্তিক হই। স্থবোধ লোক এ ছইয়েরই বিবেচনা করিবেন।

আর লেখেন বে " অন্য ধন ব্যর আয়াস সাধ্য প্রতিমা পূজা দর্শন জন্য মর্শান্তিক ব্যথা নিবৃত্তি করিও। সম্প্রতি কেন এক দিক্ আগ্রয় না করিয়া আন্দোলায়মান হও ?" উত্তর, বে ব্যক্তি কেবল স্বার্থপর না হয় সে অন্য ব্যক্তিকে ছঃথি অথবা প্রতারণাগ্রম্ভ দেখিলে অবশ্যই মর্শান্তিক ব্যথা পায় এবং ঐ ছঃথ ও প্রতারণা হইতে মুক্ত করিবার চেষ্টা করে কিন্তু যাহার প্রতারণার উপর কেবল জীবিকা এবং সম্মাদ সে অবশ্যই প্রতারণার যে ভঞ্জক তাহায় বিক্লাচরণ করিবেক। আর আমরা এক মাত্র আগ্রয় করিয়াই আছি। আশ্রম্য এই বে ফট্টাচার্য্য পাঁচ উপাসনার তরক্রের মধ্যে ইছা পূর্ব্বক পড়িয়া অন্যকে উপদেশ করেন বে মাঝামাঝি থাকিয়া আন্দোলায়মান হইও না।

ভটাচার্য্য আর লিধিয়াছেন তাহার তাৎপর্য্য এই যে প্রতিমা পূজার

প্রমাণ প্রথমতঃ প্রবল শাস্ত্র। দ্বিতীয়তঃ বিশ্বকর্মার প্রনীত শিল্প শাস্ত্র দারা প্রতিমা নির্মাণের উপদেশ। তৃতীয়তঃ নানা তীর্থ স্থানেতে প্রতিমার চাক্ষ্য প্রত্যক্ষ। চতুর্থতঃ শিষ্টাচার সিদ্ধ। পঞ্চমতঃ অনাদি পরম্পরা প্রসিদ্ধ।

উত্তর, প্রথমতঃ শাস্ত্র প্রমাণ যে লিখিয়াছেন তাহার বিবন্ধণ এই, শাস্ত্রে নানা প্রকার বিধি আছে, বামাচারের বিধি দক্ষিণাচারের বিধি হৈষ্ণবাচারের বিধি অঘোরাচারের বিধি এবং তেত্রিশ কোটি দেবতা এবং তাঁহার-দিগের প্রতিমা পূজার বিধিতে যে কেবল শাস্ত্রের পর্য্যবদান হইয়াছে এমত নহে বরঞ্চ নানাবিধ পশু যেমন গো শৃগাল প্রভৃতি এবং নানাবিধ পক্ষিযেমন শঙ্খচীল নীলকণ্ঠ প্রভৃতি এবং নানাবিধ স্থাবর যেমন অশ্ব্য বট বিল্ তুল্সী প্রভৃতি যাহা সর্বাদা দৃষ্টিগোচরে এবং ব্যবহারে আইনে তাহারদিগেরও পূজা নিমিত্ত অধিকারি বিশেষে বিধি আছে। যে যাহার অধিকারী, সে তাহাই অবলম্বন করে, তথাহি

ত অধিকারিবিশেষেণ শাস্ত্রাণ্যুক্তান্যশেষতঃ॥
অতএব শাস্ত্রে প্রতিমা পূঁজার বিধি আছে কিন্তু ঐ শাস্ত্রেই কহেন যে যে
সিকল অজ্ঞানি ব্যক্তি পরমেশ্বরের উপাসনাতে সমর্থ নহেন তাঁহারদিগের
নিমিত্তে প্রতিমাদি পূজার অধিকার হয়।

দ্বিতীয়তঃ বিশ্বকর্মার নির্মিত যে শিরের আদেশ লিথিয়াছেন তাহার উত্তর এই যে শারে কি যজাদি কি নারণোচ্চাটনাদি বথন যে বিষয় লেখেন তথন তাহার সমৃদায় প্রকরণই লিথিয়া থাকেন তদমুসারে প্রতিমা পূজার প্রয়োগ যথন শাস্ত্রে লিথিয়াছেন তাহার নির্মাণ এবং আবাহনাদি পূজার প্রকরণও স্ক্তরাং লিথিয়াছেন এবং ঐ প্রতিমার নির্মাণের ও পূজাদির অধিকারী যে হয় তাহাও লিথিয়াছেন।

উত্তমা স্হজাবস্থা মধ্যমা ধ্যানধারণা।

• জপস্ততিঃ স্যাদধনা হোমপূজাধনাধনা ॥ কুলার্বঃ ॥
আত্মার যে স্বরূপে অবস্থিতি তাহাকে উত্তম কহি আর মননাদিকে মধ্যম
অবস্থা কহি জপ ও স্তুতিকে অধন অবস্থা কহি হোম পূজাকে অধন হইতেও
অধন অবস্থা কহি ॥

ভৃতীয়তঃ নানা তীর্থে প্রতিমাদির চাকুষ ইয় যে লিখিয়াছেন তাহার

উত্তর। যে সকল ব্যক্তি তীর্থ গমনের অধিকারি তাহারাই প্রতিমা পূজার অধিকারি অতএব তাহারা বদি তীর্থে গিয়া প্রতিমা লইয়া মনোরঞ্জন করিতে না পার তবে স্থতরাং তাহারদিগের তীর্থ গমনের তাবদভিলাষ থাকিবেক না এ নিমিন্তে তীর্থাদিতে প্রতিমার প্রয়োজন রাথে অতএব তাহারাই নানা তীর্থে নানাবিধ প্রতিমা নির্মাণ করিয়া রাধিয়াছে।

> রূপং রূপবিবর্জিতস্য ভবতো ধ্যানেন যন্ধর্ণিতং। স্বত্যানির্ব্বচনীয়তা>থিলগুরো দ্রীকৃতা যন্ময়া। ব্যাপিত্বঞ্চ বিনাশিতং ভগবতো যত্তীর্থমাত্রাদিনা। ক্ষম্বব্যং জগদীশ তদ্বিকলতাদোষত্রয়ং মৎকৃতং॥

ন্ধপ বিবর্জিত যে তুমি তোমার ধ্যানের দ্বারা আমি যে রূপ বর্ণন করিয়াছি আর, তোমার যে অনির্বাচনীয়ত্ব তাহাকে স্ততিবাদের দ্বারা আমি যে থগুন করিয়াছি আর তীর্থ যাত্রার দ্বারা তোমার স্বব্যাপকত্বের যে ব্যাদাত করিয়াছি হে জগদীশ্বর আমার অজ্ঞানতা কত এই তিন অপরাধ ক্ষমা কর"॥

চতুর্থতঃ প্রতিমা পূজা শিষ্টাচারসিদ্ধ যে লিথিয়াছেন তাহার উত্তর। যে সকল লোক এদেশে শিষ্ট এবং শাস্তার্থের প্রেরক হরেন তাঁহারদির্গের অনে-কেই প্রতিমা পূজার বাহল্যে ঐহিক লাভ দেথিয়া যথাসাধ্য তাহারই প্রচার করাইতেছেন। প্রতিমার প্রাণ প্রতিষ্ঠার উপলক্ষে এবং নানা তিথি মাহাজ্যে ও নানাবিধ লীলার উপলক্ষে তাঁহারদিগের যে লাভ তাহা সর্ব্ব বিখ্যাত আছে। আছ্মোপাসনাতে কাহারও জন্ম দিবসীর উৎসবে এবং বিবাহে ও নানাপ্রকার লীলাচ্ছলে লাভের কোন প্রসঙ্গ নাই স্কতরাং তাহার প্রেরণাতে ক্ষান্ত থাকেন। ঐ শিষ্ট লোকের মধ্যে যাঁহারা পরমার্থ নিমিত্ত ঐহিক লাভকে তুছে করিয়াছেন তাঁহারা কি এদেশে কি পাঞ্চালাদি অন্য দেশে কেবল পরমেশ্বরের উপাসনাই করিয়া আসিতেছেন, প্রতিমায় সহিত পরমার্থ বিষরে কোন সম্বন্ধ রাধেন নাই।

পঞ্চমতঃ প্রতিমা পূজা পদ্মশ্যরা সিদ্ধ হয় যে লিখিয়াছেন তাহার উত্তর, প্রম বশতই হউক্ বা বথার্থ বিচারের দারাই হউক বৌদ্ধ কি জৈন বৈদিক কি অবৈদিক যে কোন মত কতক লোকের একবার গ্রাহ্ম হইয়াছে তাহার পর সম্যক্ প্রকারে সেই মতের নাশ প্রায় হয় না, যদি হয় তবে বহুকালের পরে হয়। সেই রূপ প্রতিমা পূজা প্রথমতঃ কতক লোকের প্রান্থ হইয়া পরম্পরা চলিয়া আসিতেছে এবং তাহার অবহেলাও কতক লোকের দ্বারা পরম্পরা হইয়া আসিতেছে এবং তাহারদিগের অম্বটিত পৃথক্ পৃথক্ মত পরম্পরা চলিয়াও আসিতেছে, কিন্তু একাল অপেকা পূর্মকালে প্রতিমা প্রচারের মে অল্পতা ছিল ইহার প্রতি কোন সন্দেহ নাই। যদি কোন সন্দিশ্ধ ব্যক্তি এই ভারতবর্ষের মধ্যে যে কোন হানের চতুর্দ্দিক্ সম্পূর্ণ বিংশতি ক্রোশের মণ্ডলী ভ্রমণ করেন তবে বোধ করি তাঁহার নিকটে অবশ্য প্রকাশ পাইবে যে ঐ মণ্ডলীর মধ্যে বিংশতি ভাগের এক ভাগ প্রতিমা একশত বৎসরের পূর্কে প্রতিষ্ঠিত হইন্যাছে, অবশিষ্ট সুমুদার উনিশ ভাগ একশত বৎসরের মধ্যে প্রতিষ্ঠিত হইন্যাছে। বস্তুতঃ যে যে দেশে ধনের বৃদ্ধি আর জ্ঞানের ক্রটি হয় সেই সেই দেশে প্রায় পরমার্থ সাধন বিধিমতে না হইয়া লৌকিক থেলার ন্যার হইয়া উঠিট।

ভট্টাচার্য্য লেথেন তাহার তাৎপর্য্য এই যে যে কোন বস্তুর উপাসনা ক্রীর্ব্যাক্রশে করা যায় তাহাতে পরব্রন্মের উপাসনা হয়, আর রূপ গুণ বিশিষ্ট দেব মন্ত্র্যা প্রভৃতিকে উপাসনা করিলে ঈশ্বরের উপাসনা হয় না এবং মৃৎ স্থবর্ণাদি নির্মিত প্রতিমাতে ঈশ্বরের উপাসনা হয় না এমত যে কহে সে প্রলাপ ভাষণ করে। ইহার উত্তর। আমরা বাজসনেয়সংহিতোপনিষদের ভূমিকার লিথিরাছি যে ঈশ্বরের উদ্দেশে যে সাকার উপাসনা সে ঈশ্বরের গৌণ উপাসনা হয় ইহা দেথিরাও ভট্টাচার্য্য প্রলাপের কথা কহেন আমার-দিগের ইহাতে সাধ্য কি ? কিন্তু এ স্থলে জানা কর্ত্ব্য যে আত্মার শ্রবণ মননাদি বিনা কোন এক অবয়বিকে সাক্ষাৎ বন্ধ জানিয়া উপাসনা করাতে কদাপি মুক্তিভাগী হয় না, সকল শ্রুতি একবাক্যতার ইহা প্রতিপন্ন করিয়া-ছেন।

তমেব বিদিখাংতিমৃত্যুমেতি নান্যঃ পম্বা বিদ্যুতেংয়নায়। শ্রুণ্ডিঃ ॥
সেই আত্মাকেই জানিলে মৃত্যু হইতে উত্তীর্ণ ইয় মুক্তি প্রাপ্তির নিমিক্ত
অন্য পথ নাই॥

নান্য: পছা বিমুক্তয়ে॥ শ্রুচি:॥

তত্ত্ব জ্ঞান বিনা মুক্তির অন্য উপায় নাই।।

ি নিত্যোহনিত্যানাং চেতনশ্চেতনানাং একোবহূনাং যোবিদধাতি কামান্। তমাত্মস্থং যেমুপশ্যস্তি ধীরাস্তেষাং শাস্তিঃ শাশ্বতী নেতরেষাং॥ কঠশ্রুতিঃ॥

অনিত্য বস্তুর মধ্যে যিনি নিত্য হয়েন, আর যাবৎ চৈতন্য বিশিষ্টের যিনি চেতন হয়েন, একাকী অথচ যিনি সকল প্রাণির কামনাকে দেন, তাঁহাকে যে ধীর সকল স্বীয় শরীরের হৃদয়াকাশে সাক্ষাৎ অন্থভব করেন, কেবল ভাঁহারদিগের নিত্য স্থুখ হয়, ইতর্বদিগের সে স্থুখ হয় না॥

ভট্রাচার্য্য লেখেন যে 'ভিপাসনা পরম্পরা ব্যতিরেকে সাক্ষাৎ হয় না নিরাকার পরমেখনের কথা থাকুক সামান্য যে লৌকিক রাজাদির উপাসনা বিবেচনা করিয়া বুঝ।" ইহার উত্তর। বিখের সৃষ্টি স্থিতি লয়ের দ্বারা যে আমরা পরমেখরের আলোচনা করি সেই পরম্পরা উপাসনা হয় আরু যথন অভ্যাস বশতঃ প্রপঞ্চময় বিখের প্রতীতির নাশ হইয়া কেবল ব্রহ্ম সন্তা মাত্রের ক্র্র্তি থাকে তাহাকেই আত্মসাক্ষাৎকার কহি কিন্তু ভট্টাতার্য্য অনী-খরকে ঈশ্বর এবং নশ্বরকে নিত্য আর অপরিমিত প্রমাত্মাকে পরিমিত অঙ্গীকার করাকে পরম্পরা উপাসনা কহেন বস্তুতঃ সে উপাসনাই খ্র না কেবল কল্পনা মাত্র। রাজাদিগের সেবা তাঁহারদিগের শরীর ঘারা ব্যতিরেকে হয় না ইহা যথার্থ ভট্টাচার্য্য লিথিয়াছেন যেহেতু তাঁহারা শরীরী স্নতরাং তাঁহারদিগের উপাসনা শরীর দারা কর্তব্য কিন্তু অশরীরী আকাশের ন্যায় ব্যাপক সজ্রপ পরমেখনের উপমা শরীরির সহিত দেওয়া শাস্ত্র এবং যুক্তির সর্বাধা,বিরোধ হয়। তবে এ উপমা দেওয়াতে ভট্টাচার্য্যের ঐহিক লাভ আছে অতএব দিতে পারেন যেহেতু পরমেশ্বরের উপাসনা আর রাজারদিগের উপা-দনা এই ছইকে তুল্য করিয়া জানিলে লোকে রাজারদিগের উপাসনায় বেমন উৎকোচ দিয়া থাকে সেই রূপ ঈশ্বরকেও বাঞ্ছা সিদ্ধির নিমিত্ত পূজাদি দিবেক, বিশেষ এই মাত্র রাজারদিগের নিমিত্ত যে উৎকোচ দেওুয়া বায় তাহা রাজাতে পর্যাপ্ত হর ঈশ্বরের নিমিত্ত যে উৎকোচ তাহা ভট্টাচার্য্যের উপকারে আইদে।

ভার লেখেন যে ''ঐ এক উপাস্য দগুণ বন্ধ এই জগতের স্থান্টিও প্রালয় করিতেছেন ইহাতে তাঁহা হইতে ভিন্ন বন্ধ কি আছে যে তাহার উপাসনা

করাতে তাঁহার উপাসনা সিদ্ধ হইবেক না।" উত্তর। জগতে ব্রহ্ম হইতে ভিন্ন বস্তু নাই অতএব যে কোন বস্তুর উপাসনা ব্রক্ষোদেশে করিলে যদি ব্রন্মের উপাদনা সিদ্ধ হইতে পারে তবে এ যুক্তি ক্রমে কি দেবতা কি মনুষা কি পশু কি পক্ষি সকলেরি উপাসনার তুল্য রূপে বিধি পাওয়া গেল তবে নিকটস্থ স্থাবর জন্ধম ত্যাগ করিয়া দূরস্থ দেবতা বিগ্রাহের উপাদনা কট সাধ্য এবং বিশেষ প্রয়োজনাভাব অতএব তাহাতে প্রবৃত্ত হওয়া যুক্তি সিদ্ধ নহে। যদি বল দূরস্থ দেবতা বিগ্রহ এবং নিকটস্থ স্থাবর জন্সমের উপাসনা করিলে তুলা রূপেই যদ্যপি ঐ দর্কব্যাপি পরমেশ্বরের আরাধনা দিদ্ধ হয় তথাপি শাস্ত্রে ঐ সকল দেব বিগ্রহের পূজা করিবার অনুমতির আধিক্য আছে অতএব শাস্ত্রামুসারে দেব বিগ্রহের পূজা করিয়া থাকি। তাহার উত্তর। যদি শান্ত্রামুসারে দেব বিগ্রহের উপাসনা কর্ত্তব্য হয় তবে ঐ শান্ত্রামুসারেই বুদ্ধি-মান্ ব্যক্তির পরমান্থার উপাসনা সর্বতোভাবে কর্ত্ব্য, কারণ শাস্ত্রে কহিয়া-হৈন যে যাহার বিশেষ বোধাধিকার এবং ত্রন্ধ জিজ্ঞাসা নাই সেই ব্যক্তিই কেবল চিত্ত স্থিরের জন্য কাল্পনিক রূপের উপাসনা করিবেক আরু যিনি 'বুদ্দিমান্ ব্যক্তি তিনি আত্মার শ্রবণমনন রূপ উপাদনা করিবেন, শাল্প মানিলে সৰ্বত মানিতে হয়।

এবঙ্গুণামুসারেণ রূপাণি বিবিধানি চ।
কল্লিতানি হিতার্থায় ভক্তানামল্লমেধসাং॥ মহানির্ব্বাণং॥
এইরূপ শুণের অনুসারে নানা প্রকার রূপ অলুবৃদ্ধি ভক্তদিগের হিতের
নিমিত্তে কল্পনা করা গিয়াছে॥

ধন্নগৃঁ হীম্বোপনিষদংমহান্তং শরং হ্যুপাসানিশিতং সন্ধরীত।
আষম্য তম্ভাবগতেন চেতসা লক্ষ্যং তদেবাক্ষরং সৌম্য বিদ্ধি॥
মুগুকঞাতিঃ॥

সর্ক্ষা ধ্যানের হারা জীবাঁষা রূপ শরকে তীক্ষ করিয়া প্রণব রূপ মহান্ত্র ধহুকেতে তাহা সন্ধান করিবেক পশ্চাৎ ব্রহ্ম চিন্তন্ব যুক্ত চিন্ত হারা মনকে আকর্ষণ করিয়া অক্ষর স্বরূপ ব্রহ্মেতে হে সৌম্য সেই জীবাহা রূপ শরকে বিদ্ধ কর॥

তদ্বনমিত্যুপাদিতব্যং॥ তলবকারোপনিষৎ॥

সর্ব ওজনীয় করিয়া তিনি বিখ্যাত হয়েন এই প্রকারে ব্রহ্মের উপাসন।
কর্মাৎ চিস্তা কর্ত্তব্য হয়।

ভট্টাচার্য্য লেখেন তাহার তাৎপর্য্য এই যে "যদি সর্ব্ব ব্রহ্মমর ক্রুর্তিনা হর তবে ঈশবের হস্ট এক এক পদার্থকে ঈশব বোধ করিয়া উপাসনা করিলেও ফল সিদ্ধি অবশ্য হর আপনার বৃদ্ধি দোষে বস্তুকে যথার্থরূপে না জানিলে ফল সিদ্ধির হানি হইতে পারে না যেমন স্বপ্নেতে মিথ্যা ব্যাঘাদি দর্শনে বাস্তব ফল প্রত্যক্ষ কি না হয় ?'' ইহার উত্তর। ভট্টাচার্য্য আপন অমুগতদিগকে উত্তম জ্ঞান দিতেছেন যে ঈশবের স্প্রতকে আপন বৃদ্ধি দোষে ঈশব জ্ঞান করিলেও স্বপ্নের ব্যাঘাদি দর্শনের ফলের ন্যায় ফল সিদ্ধি হয় কিন্তু ভট্টাচার্য্যের অমুগতদিগের মধ্যে যদি কেহ স্থ্যবোধ থাকেন তিনি অবশ্য এই উদাহরণের হারা বৃবিবেন যে স্বপ্নেতে ভ্রমাত্মক ব্যাঘাদি দর্শনেতে যেমন ফল সিদ্ধি হয় নেইরপ ফল সিদ্ধি এই সকল কারনিক উপাসনার হারা হইবেক। স্বপ্ন ভক্ত হইলে যেমন সেই স্বপ্নের সিদ্ধ ফল নপ্ত হয় সেইরপ ভ্রম নাশ হইলেই ভ্রম জন্য উপাসনার ফলও নাশকে পায়, যথন ভট্টাচার্য্যের উপদেশ হারা তাঁহার কোন স্থ্যোধ শিষ্য ইহা জানিবেন তথন যথার্শ জ্ঞানা-শ্রীন যে ফল সিদ্ধ হয় আর যে ফলের কদাপি নাশ নাই তাহার উপার্জনে অবশ্য সেই ব্যক্তি প্রবৃত্ত হইতে পারেন।

আর লেখেন "যেমন কোন মহারাজ আচ্ছন্নপে স্বপ্রজাবর্গের রক্ষণাত্ব-রোধে সামান্য লোকের ন্যার স্বরাজ্যে ভ্রমণ করেন সেই রূপ ঈশ্বর রাম রুঞ্চাদি মহার্য রূপে আচ্ছন্ন স্বরূপ হইয়া শ্বস্ত জগতের রক্ষা করেন।" উত্তর। কি রাম রুঞ্চ বিগ্রহে কি আত্রন্ধ তম্ব পর্যন্ত শরীরে পরমেশর স্বকীয় মারার দ্বারা সর্ব্যপ্রকাশ পাইতেছেন। অস্মদাদির শরীরে এবং রাম রুঞ্চ শরীরে ব্রহ্ম স্বরূপের ন্যাধিক্য নাই কেখল উপাধি ভেদ মাত্র। যেমন এক প্রদীপ স্ক্র্ম আঘরণ কাচাদি পাত্রে থাকিলে তাহার জ্যোতিঃ বাহে, প্রকাশ পাত্র সেই রূপ রামকৃষ্ণাদি শরীরে ব্রহ্ম প্রকাশ পাত্রেন আর সেই দীপ যেমন স্কুল আবরণ ঘটাদি মধ্যে থাকিলে তাহার জ্যোতিঃ বাহে প্রকাশ পাত্র না হের রূপ ব্রহ্ম স্থাবরাদি শরীরে প্রকাশ পাত্রেন না অতএব আত্রন্ধত্তম্ব পর্যান্ত ব্রহ্ম সন্তার তারতম্য নাই। '

যথার্থ রূপ যে সত্য তিনিই ব্রহ্ম; প্রাণ প্রভৃতি ব্রহ্ম নহেন তাহার মধ্যে সত্য যে বস্তু তিনিই ব্রহ্ম হয়েন।

যস্যামতং তস্য মতং মতং যস্য ন বেদ সঃ ॥ তলবকারোপনিষৎ ॥ বৃদ্ধ স্বরূপ আমার জ্ঞাত নহে এরূপ নিশ্চর যে ব্রক্ষজ্ঞানির হয় তিনি বৃদ্ধকে জানিয়াছেন আর আমি বৃদ্ধস্বরূপ জানিয়াছি এরূপ নিশ্চর যে ব্যক্তির হয় সে বৃদ্ধকে জানে না ॥

ভট্টাচার্য্য লেখেন যে 'বিদি মন্দির মস্জিদ গিরিজা প্রভৃতি বে কোন হানে যে কোন বিহিত ক্রিয়ার ছারা শূন্য হানে ঈশ্বর উপাস্য হয়েন তবে কি স্থাটিত স্থা মৃত্তিকা পাষাণ কাষ্টাদিতে ঐ ঈশ্বরের উপাসনা করাতে ঈশ্বরের অসম্মান করা হয়৽?'' উত্তর, মস্জিদ গিরিজাতে ঈশ্বরের উপাসনা আর স্থা মৃত্তিকাদি প্রতিমাতে ঈশ্বরের উপাসনা এ ছইয়ের সাদৃশ্য যে ভট্টাচার্য্য দিয়াছেন সে অত্যস্ত অযুক্ত, যেহেতু মস্জিদ গিরিজাতে যাঁহারা ঈশ্বরের উপাসনা করেঁন তাঁহারা ঐ মস্জিদ গিরিজাতে যাঁহারা ঈশ্বরের উপাসনা করেঁন তাঁহারা ঐ মস্জিদ গিরিজাতে যাঁহারা ঈশ্বরের উপাসনা করেন তাঁহারা উহাকেই ঈশ্বর ক্রেন এবং আশ্চর্য্য এই যে তাঁহাকে ভোগ দেন এবং শ্রন করান ও শীত নিবারণার্থে বন্ত্র দেন তাহার গ্রীম্ম নিবারণার্থে বায়ু ব্যজন করেন, এই সকল ভোগ শ্রনাদি ঈশ্বর ধর্মের অত্যস্ত বিপরীত হয়। বস্ততঃ পরমেশ্বরের উপাসনাতে মস্জিদ গিরিজা মন্দির ইত্যাদি স্থানের কোন বিশেষ নাই যেখানে চিত্ত স্থির হয় সেই স্থানেই উপাসনা করিবেক।

যত্রৈকাগ্রতা তত্রাবিশেষাৎ ॥ বেদাস্তস্ত্রং ॥

বেখানে চিত্ত স্থির হয় সেই স্থানে আত্মোপাসনা করিবেক, তীর্থাদি স্থানের বিশেষ নাই॥

্ ভট্টাচার্য্য লেখেন যে "ইহাতে যদি কৈহ কহে যে বেদান্তে সকলই ব্রহ্ম ইহা কহিয়াছেন তাহাতে বিহিত অবিহিত বিভাগ কি ? তবে কি কর্ত্তব্য কি অকর্ত্তব্য কি ভক্ষ্য বা কি অভক্ষ্য কি গম্যা খা কি অগম্যা, যখন বাহাতে আত্মসন্তোষ হয় তখন সেই কর্ত্তব্য বাহাতে অসন্তোষ হইবে সে অকর্ত্তব্য ।'' উত্তর, বে ব্যক্তি এমত কহে যে সকলই ব্রহ্ম তাহাতে কিহিত অবিহিতের বিভাগ কি, তাহার প্রতি ভট্টাচার্য্যের এ আশস্কা করা যুক্ত হইতে পারে।

কিন্তু যে ব্যক্তি কহে যে লোকেতে প্রত্যক্ষ যাহা যাহা হইতেছে তাহার বাস্তব সত্তা নাই যথার্থ সত্তা কেবল ব্রহ্মের, আর সেই ব্রহ্মসতাকে আশ্রয় করিয়া লৌকিক যে যে বস্তু যে যে প্রকারে প্রকাশ পার তাহাকে সেই সেই কপে ব্যবহাদ্ম করিতে হয়; যেমন এক অঙ্গ হস্ত রূপে অন্য অঙ্গ পাদ রূপে প্রতীত হইতেছে, যে পাদ রূপে প্রতীত হয় তাহার দ্বারা গমন ক্রিয়া নিষ্পন্ন করা যায়, আর যে হস্ত রূপে প্রতীত হয় তাহার দ্বারা গ্রহণ রূপ ব্যাপার সম্পন্ন করা যায়, আর যাহার দাহিকা শক্তি দেখেন তাহাকে দাহ কর্মে আর ষাহার শৈত্য গুণ পায়েন তাহাকে পানাদি বিষয়ে নিয়োগ করেন, তাহার প্রতি ভট্টাচার্য্যের এ আশকা কদাপি যুক্ত হয় না। ভট্টাচার্য্যের মতানুষায়ি-দিগের প্রতি এ আশস্কার এক প্রকার সম্ভাবনা আছে বেহেতু তাঁহারা জগৎকে শিবশক্তিময় অথবা বিষ্ণুময় কহেন। অতএব এরপ জ্ঞান যাঁহারদিগের তাঁহারা খাদ্যাথাদ্য ইত্যাদির প্রভেদ চক্রে অথবা পুঙ্গতে করেন না এবং যে ব্যক্তি ধ্যান সময়ে ও পূজাতে যুগলের সাহিত্য সর্বাধা স্মরণ করেন এবং বাঁহার বিশ্বাস এরূপ হয় যে আমার আরাধ্য দেবতারা নানা প্রকার অগম্যা-গমন করিয়াছেন এবং ঐ সকল ইতিহাসের পাঠ শ্রবণ এবং মন্ন সর্ব্বদা করিয়া থাকেন তাঁহার প্রতি এক প্রকার অগ্ন্যাগ্মনাদির আশঙ্কা হইতে পারে কিন্তু যে ব্যক্তি এমত নিশ্চয় রাথে যে বিধি নিষেধের কর্তা যে পরমে-খর তিনি সর্বত্রবাপী সর্বন্দেষ্টা সকলের শুভাশুভ কর্মাহুসারে স্থুও হুঃখ রূণ ফল দেন সে ব্যক্তি ঐ সাক্ষাৎ বিদ্যমান পরমেশ্বরের ত্রাস প্রযুক্ত তাঁহার ক্বত নিয়মের রক্ষা নিমিত্ত যথা সাধ্য যত্ন অবশ্যই করিবেক।

ভট্টাচার্য্য লেখেন যে "এতাদৃশ শাস্ত্র বিরুদ্ধ স্বকপোল কম্পিতারুমানে বৈধ বহু পশুবধ স্থানের সিদ্ধ পীঠছ প্রাসিদ্ধ দৃষ্টান্তে বুচরখানার সিদ্ধপীঠছ কল্পনা এবং তাদৃশ অন্য অন্য কল্পনা বাহারা করে তাহারা স্বন্ত্রী ও তদিতর স্ত্রী মাত্রেতে কি রূপ ব্যবহার করে ইহা তাহারদিগকে জিজ্ঞাসা করিও।" উত্তর, বাহার পর নাই এমত উপাসনা বিষয়ে নানা প্রকার কল্পনা বাহারা করিয়া থাকেন তাঁহারদিগের প্রতি এ প্রশ্ন করা অত্যাবশ্যক হয়। অতএব যে পক্ষে কল্পনা ব্যতিরেকে নির্মাহ নাই তাহারদিগের এ প্রশ্ন করা অতি ভট্টাচার্য্য প্রশ্ন করেন "যে হে অগ্রাহ্ম নাম রূপ অমুকেরা আমরা তোমারদিগকে জিজ্ঞানি তোমরা কি ? ইত্যাদি" উত্তর, আমারদিগকে সোপাধি
জীব করিয়া বেদে কহেন ইহা দেখিতেছি। ব্রহ্মতত্ত্ব বিদিত না হইলে
উপাধির নাশ হয় না একারণ তাহার জিজ্ঞাস্থ হই স্ক্তরাং তাহার প্রতিপাদক
শাস্ত্রের এবং আচার্য্যোপদেশের শ্রবণের নিমিত্ত যত্ন করিয়া থাকি। অতএব
আমরা বিশ্বগুরু ও নিদ্ধ পুরুষ ইত্যাদি গর্ব্ব রাখি না, এবং ভট্টাচার্য্যের
উপকৃতি স্বীকার করি, যেহেতু প্রত্যেক ব্যক্তি আপনার আপনি অতি প্রিয়
হয়, এনিমিত্তে স্বকীয় দোষ সকল দেখিতে পাইতেছিলাম না, ভট্টাচার্য্য
তাহা জ্ঞাত ক্র্মাইয়াছেন, উত্তম লোকের ক্রোধও বর তুল্য হয়।

যদি বল আয়োপাসনার যে সকল নিয়ম লিথিয়াছেন তাহার সম্যক্ প্রকার অম্চান হইতে পারে না অতএব সাকার উপাসনা স্থলভ তাহাই কর্ত্ত্ব্য। উত্তর, উপাসনার নিয়মের সম্যক্ প্রকার অম্চান না হইলে যদি উপাসনা অকর্ত্ত্ব্য হয় তবে সাকার উপাসনাতেও প্রবৃত্ত হওয়া উচিত হয় না বেহেত্ তাহার নিয়মেরও সম্যক্ প্রকার অম্চান করিতে কাহাকেও দেখিতে পাই না। "বস্তুতঃ সম্যক্ প্রকার অম্চান যাবৎ উপাসনাতেই অতি ছঃসাধ্য অতএব অম্চানে যথা সাধ্য যত্ন কর্ত্ত্ব্য হয়। বরঞ্চ যজাদি এবং প্রতিমার অর্চনাদি কর্ম্ম কাণ্ডে যথা বিধি দেশ কাল দ্রব্য অভাবে কর্ম্ম সকল পণ্ড হয় কিন্তু ব্রহ্মোপাসনা স্থলে ব্রহ্ম জ্ঞান অর্জনের প্রতি যত্ন থাকিলেই ব্রহ্মোপাসনা স্থলিদ্ধ হইতেছে।

যথোক্তান্যপি কর্মাণি পরিহায় দ্বিজোন্তমঃ। আত্মজ্ঞানে শমে চ স্যাদ্বেদাভ্যাসে চ যত্নবান্॥ মহুঃ॥

় শাস্ত্রোক্ত যাবৎ কর্ম তাহাকে পরিত্যাগ করিয়াও ব্রহ্মোপাসনাতে এবং ইন্দ্রিয় নিপ্রহে আর প্রণব এবং 'উপনিষদাদি বেদাভ্যাসে উত্তম ব্রাহ্মণ বৃদ্ধ করিবেন।

আমরা এখন ছই তিন প্রশ্ন করিয়া এ প্রত্যুত্তরের সমাপ্তি করিতেছি। প্রথম, কোন ব্যক্তি আচারের দারা ঋষির ন্যায় আপনাকে দেখান এবং ঋষিদিগের ন্যায় বেশ ধারণ করেন, আপনি সর্বাদা অনাচারির নিশা করেন অথচ খাহাকে মেচ্ছ কহেন তাহার শুরু এবং নিয়ত সহবাসি হয়েন, আর গোপনে নানা বিধ আচরণ করেন; আর অন্য এক ব্যক্তি অধম বর্ণের ন্যায় বেশ রাথে, আমিষাদি স্পষ্ট রূপে ভোজন করে, আপনাকে কোন মতে সদা-চারি দেখার না, যে দোষ তাহার আছে তাহা অঙ্গীকার করে, এ ছই প্রকার মন্থব্যের মধ্যে বক ধূর্ত্ত আখ্যান কাহাকে শোভা পায়। এ প্রশ্নের কারণ এই যে ভট্টাচার্য্য আমারদিগকে বক ধূর্ত্ত করিয়া বেদাস্তচক্রিকাতে কহিয়া-ছেন।

'দ্বিতীয়, এক জন নিষিদ্ধাচারী সে আপনাকে বিশ্বগুরু করিয়া জানে আর এক জন নিষিদ্ধাচারী সে আপনার অধমতা স্বীকার করে এই হুইয়ের মধ্যে কাহার অপরাধ মার্জ্জনার যোগ্য হয়।

তৃতীয়, এক ব্যক্তি লোকের যাবং শাস্ত্র গোপন করিয়া লোককে শিক্ষা দেয় যে বাহা আমি বলি এই শাস্ত্র, ইহাই নিশ্চর কর, তোমার বুদ্ধিকে এবং বিবেচনাকে দ্রে রাথ, আমাকে ঈশ্বর কর্মিয়া জান, আমার তৃষ্টির জন্যে সর্বান্ত পার ভালই নিদান তোমার ধনের অদ্ধে ক আমাকে দেও, আমি তৃষ্ট হইলে সকল পাপ হইতে তৃমি মুক্ত এবং শ্বর্গ প্রাপ্ত হইবে। আর এক জন শাস্ত্র এবং লোকের বোধের নিমিত্ত যথাসাধ্য তাহার ভাষা বিবরণ করিয়া লোকের সন্মুখে রাখে এবং নিবেদন করে যে আপনার অন্থভবের দারা এবং বেদ সন্মত যুক্তির দারা ইহাকে বুঝ আর যাহা ইহাতে প্রতিপন্ন হয় তাহা যথাসাধ্য স্মুষ্ঠান কর আর অন্তঃকরণের সহিত ঈশ্বরকে ভয় এবং সন্মান কর এ তৃইয়ের মধ্যে কোন্ ব্যক্তি স্বার্থপর বুঝায়। এ প্রশ্নের কারণ এই যে ভট্টাচার্য্য বেদাস্কচন্দ্রিকাতে আমারদিগকে স্বপ্রয়োজন পর করিয়া লিখিয়া-ছেন। এখন ইহার সমাধা বিজ্ঞ লোকের বিবেচনায় রহিল। হে সর্ব্বব্যাপি পরমেশ্বর তৃমি আমারদিগকে দেয় মংসরতা মিধ্যাপবাদে প্রবৃত্ত করাইবেনা।।

গৌড়ীয় ব্যাকরণ।

Kammohun Koy's

GRAMMAR

OF

THE BENGALI LANGUAGE.

- গোড়ীয় ব্যাকরণ

তদ্ভাষা বিরচিত

শ্রীযুত রাজা রামমোহন রায়দারা পাণ্ডুলিপি

B

কলিকাতা স্কুল বুক সোসাইটিধারা

এবৎ

তমুদ্রাযন্তে মুদ্রিত হয়।

3500 1

CALCUTEA:

PRINTED AT THE SCHOOL-BOOK SOCIETY'S PRESS; AND SOLD AT ITS DEPOSITORY, CIRCULAR ROAD.

1833.

1st Ed.

[April, 1833.

ভূমিকা।

সর্কদেশীয় ভাষাতে একং ব্যাকরণ প্রসিদ্ধ আছে যন্থারা ততন্তাবা লিখনে ও শুদ্ধান্তদ্ধ বিবেচনা পূর্বক কথনে উত্তম শৃঞ্জানামতে পারগ হরেন, কিন্তু গৌড়ীয় ভাষার ব্যাকরণ না থাকাতে ইহার কথনে ও লিখনে সম্যক্ রূপে রীতিজ্ঞান হয় না, এবং বালকদিগ্যের আপন ভাষা ব্যাকরণ, না জানাতে অন্য ভাষা ব্যাকরণ শিক্ষাকালে অত্যন্ত কট্ট হয়, আর আপন ভাষা ব্যাকরণ যাহার বোধ অন্ন পরিশ্রমে সন্তবে তাহা জানিলে অন্যং ভাষা ব্যাকরণ জ্ঞান অনায়াসে হইতে পারে। এ কারণ স্থলবৃক্ সোসাইটির অভিপ্রায়ে প্রীয়ৃত্বাজা রামমোহন রায় ঐ গৌড়ীয় ভাষা ব্যাকরণ তত্তাষায় করিতে প্রস্তু হয়েন। পরস্তু তাহার ইংলগু গমন সময়ের নৈকট্য হওয়াতে ব্যন্তর্তা ও সময়ের অন্নতা প্রযুক্ত কেবল পাঞ্লিপি মাত্র প্রস্তুত করিয়াছিলেন পুনর্দ্ ষ্টিরও সাবকাশ হয় নাই, পরে যাত্রাকালীন ইহার শুদ্ধাশুদ্ধ ও বিবেচনার ভার স্থলবৃক নোসাইটির অধ্যক্ষের প্রতি অর্পণ করিয়াছিলেন তেঁহ যত্ন পূর্বক তাহা সম্পন্ন করিলেন ইতি।

গৌড়ীয়ভাষা ব্যাকরণ।

প্রথম অর্থ্যায়।

১ প্রকরণ।

সকল প্রাণির মধ্যে মন্থ্যের এক বিশেষ স্বভাব সিদ্ধ ধর্ম হয়, ষে অনেকে পরম্পর সাপেক্ষ হইয়া একত্র বাস করেন। পরস্পর সাপেক্ষ হইয়া এক নগরে অথবা এক গৃহে বাস করিতে হইলে স্কৃতরাং পরস্পরের অভি-প্রায়কে জানিরার এবং জানাইবার আবশ্যক হয়। মন্থ্যের অভিপ্রায়নানিধি হইয়াছে, এবং কণ্ঠ তালু ওঠ ইত্যাদির অভিযাতে নানা প্রকার শক্ষ জিয়তে পারে; এ নিমিত্তে একং অভিপ্রেত বস্তুর বোধ জন্মাইবার নিমিত্তে একুং বিশেষ শক্ষকে দেশ ভেদে নিরূপিত করিয়াছেন।* যেমন ভিন্ন হক্ষ সকলের বোধের নিমিত্তে আঁয়, জাম, কাঁঠাল, ইত্যাদি ভিন্ন ধ্বনিকে গৌড় দেশে নিরূপণ করেন, সেই রূপ ভিন্নং ব্যক্তি সকলের উথোধের নিমিত্তে রামচক্র, রামহরি, রামকমল, ইত্যাদি নাম স্থির করিতেছেন; সেইং ধ্বনিকে শক্ষ ও পদ কহেন, এবং সেইং ধ্বনিহইতে যাহা. বোধগম্য হয় তাহাকে অর্থ ও পদার্থ কহিয়া থাকেন।

দূর স্থিত ব্যক্তির নিকটে শব্দ যাইতে পারে না, এ কারণ লিপিতে অক্ষ-রের স্পষ্টি করিলেন, যাহার সঙ্কেত জ্ঞান হইলে কি নিকটস্থ কি দূরস্থ ব্যক্তিরা অক্ষর দর্শনদারা বিশেষ২ শব্দের উপলব্ধি করিতে পারেন, ও শব্দ জ্ঞানদারা সেই২ শব্দের বিশেষ২ অর্থ জ্ঞান হয়।

ঐ শব্দ ও ঐ অক্ষর নানাদেশে সঙ্কেতের প্রভেদে নানা প্রকার হয়, স্থতরাং তাহাকে সেই দেশীয়ভাষা ও সেইং দেশীয় অক্ষর কহা যায়। সেই সকল ভিন্ন২ দেশীয় শব্দের বর্ণগত নিয়ম ও বৈলক্ষণ্যের প্রণালী ও অম্বরের রীতি যে গ্রন্থের অভিধের হয়, তাহাঁকে সেইং দেশীয় ভাষার ব্যাকরণ কহা যায়। •

বৈরাকরণেরা শব্দকে বর্ণের ছারা বিভক্ত করেন, সেই প্রত্যেক বর্ণ শব্দের আমূল হয়। এক বর্ণ কিম্বা বহু বর্ণ একত্র হউরা বধন কোন এক অর্থকে কহে, তথন তাহাকে পদ কহা বায়। পদ সকল পরস্পর অয়িত

বৃহ অভিপ্রায়কে অকভাবর বারা কিবা অন্য চিত্রের ব রাতেও বানাইয়া থাকেন।

ছইয়া অভিপ্রেত অর্থকে বখন কহে, তখন সেই সম্দায়কে বাকা কহি;

অতএব বর্ণ ও পদ ও বাক্য ব্যাকরণের বিষয় হইয়াছেন।

ব্যাকরণের প্রথম অংশ উচ্চারণশুদ্ধি এবং লিপিশুদ্ধির জ্ঞান জনায়।

বাকরণের দিতীয় অংশের দারা প্রত্যেক পদ কোন প্রকরণীয় হয় ও ন্যাধিক্যের দারা কি রূপে অর্থের বিপর্যয় হর ইহার বোধ জন্মে, ঐ অংশকে পদন্যাস শব্দে কহি; যেখন আমি আমাকে আমার, ইহা স্বস্ত প্রকরণীয় হয়। এবং ন্যাধিক্যের দারা কর্তার কর্মের সহদ্ধের বোধ জন্মাইতেছে। দিলাম দিলে দিলেক ইহা আখ্যাত প্রকরণীয় হয়; এবং বর্ণ ন্যাধিক্যের দারা প্রথম পুক্ষ দিতীয় পুক্ষ হৃতীয় পুক্ষ ইহার উপলব্ধি হয়।

ব্যাকরণের তৃতীয় অংশ কি রূপে পদ সকলের বিন্যাসের দ্বারা অন্বয়-বোধ হয় তাহা দর্শায়।

ব্যাকরণের চতুর্থ অংশের দ্বারা কি রূপে শুরু লঘু মৃাত্রা উপলক্ষিত হইয়া পদবিন্যাসে অন্নয়বোধ হয় ইহা বিদিত করায়।

২ প্রকরণ।

উচ্চারণশুদ্ধি এবং লিপিশুদ্ধি প্রকর্ণ।

অক্ষর ছই প্রকার হয়, ব্যঞ্জন অর্থাৎ হল্ কিম্বা স্বর। অন্য অক্ষরের, সহায়তা ব্যতিরেকে যাহা স্বয়ং উচ্চারিত হয় না তাহাকে হল্ কহি। বিমন ক, খ. ইত্যাদি ইহার ক্রোড়স্থ অকার কিম্বা ইকার ইত্যাদি স্বর ব্যতিরেক উচ্চারণ হর না।

যাহা স্বয়ং উচ্চারিত হয়, এবং ব্যঞ্জনের সহিত যুক্ত হইয়া তাহাদিগকে উচ্চারণ যোগ্য করে তাহাকেই স্বর কহা যায়, যেমন অ, আ, ইত্যাদি।

গৌড়ীয়েরা সংস্কৃত ব্যাকরণাত্মসারে তাঁহাদের অক্ষর সকলকে ৩৪ হলে এবং ১৬ স্বরে বিভক্ত করিয়াছেন, কিন্তু ইহার মধ্যে অনেক অক্ষর গৌড়ীয় ভাষাতে উচ্চারণে আইসে না, কেবল সংস্কৃত পদের ব্যবহার ভাষার যথন করেন, তথন ঐ সকল অক্ষরকে লিথিবার প্রয়োজন হয়।

इक्षवर्।

किथा पडा ठ छ क्षा ४०। ठ ठ ७ ० १। ७ ४ ० ४ न ४ न। পৃষ্ধ ভ ম। यत्र न व भ य न २ व्यः। ''

[•] বাক্যে পদ সকলের কথন উঠিরেও হইয়া থাকে, যেমন দ তুমি য ও;" কথন বা কোন পদের অধ্যাধার হয়, যেমন " য়ও," অর্থাৎ তুমি য়াও। অন্য পজ উ.য়াধক ছইলে কথন সম্পূর্ণ বাকের অধ্যাহার হয়, যেমন " আহার করিয়াছ," ইছা জিজানিতেন, য়া," এই উত্তর " অধ্যাধ্য করিয়াছি" এই বাকেরে উরোধক হয়।

चत्रवर्ग।

ष षा हे के छे छ बा झा भ ३ এ थे छ छ षा था:।

ণ র ব ষ ঋ ৠ ৯ ৡ অং অঃ এই কর অক্ষর সংস্কৃত পদ ব্যতিরেকে গৌড়ীর ভাষার প্রাপ্ত হয় না।

প্রথম বর্গ। ক খ গ ঘ ঙ, এবং অ আ এ ঐ ও ও ও হ এই কয় অক্ষরের উচ্চারণ কণ্ঠ হইতে হয়।

দিতীয় বর্গ। চছ জ ঝ এঞ, এ য শ ই জ ইহার উচ্চারণ তালু ইইতে হয়।

তৃতীয় বৰ্ণ। টি ঠ ড ঢ ণ, এবং র ষ ঋ ৠ এ সকল বৰ্ণ মূৰ্দ্ধা হয়। ৢ চতুৰ্থ বৰ্ণ। ত থ দ ধ ন। এবং ল স ব » ৡ এ কয় বৰ্ণ দক্ত ছেইতে উচােরিত হয়।

भशम वर्ग। भ क व छ म, এवः छ छ देशा छ छात्रन ७b दहेट इस।

৩ প্রকরণ।

প্রতিবর্গের দ্বিতীয় এবং চতুর্থ অক্ষর প্রথম এবং তৃতীয়ের তুল্য হইয়া তদপেকা কিঞ্চিৎ কাঠিন্য পূর্বক উচ্চারিত হয়, বেমন কও থ উভয় প্রায় তুল্য উচ্চারণ রাথে, সেই রূপ গও ঘ, চও চ, জ ও বা, ইত্যাদি জানিবে। ও সানুনাসিক ওকারের ন্যায় উচ্চারিত হয়, কিন্তু যথন অন্য বর্ণের পূর্বের সংযুক্ত হয় তথন সামুনাসিক তাকারের ন্যায় উচ্চারণ হয়, যেমন লকা। ঞ সামুনাসিক ই কারের প্রায় উচ্চারিত হয়, আর বিন্দু অমুস্বারের চিহু হয়, কিন্তু স্বর বর্ণ বিনা শেষে অমুস্বার কুত্রাপি প্রাপ্ত হয় না, বেমন রাম রামং শুকু গুরুং।

ঃ অধ উদ্ধৃতি তুই বিদ্ বিদর্গের চিহ্ন হয়, বিদর্গও বিনা স্বর্য প্রাপ্ত হয় না; যে শব্দে অহুসার ও বিদর্গ থাকে তাহাকে অবশাই সংস্কৃত জানিবে।

রিয়মের অতিক্রম।

ছস্ত্য সকারের স্থানে ছ লিখে এবং উচ্চারণ করে, বেমন মোদলমান তাহার স্থানে মোছলমান।

এ যথন চ ছ জ ব্যের পূর্বে আইসে, তথন নকোরের ন্যার উচ্চারিত হর, বেমন চঞ্চল, বঞ্চা, পিঞ্জর, বাঞ্চা, কিন্তু যথন জরের নীচে সংযুক্ত হয় তথন যকারযুক্ত সামুনাসিক গরের ন্যার প্রায় উচ্চারিত হয়, বেমন জঃ আর যথন চ শ ইহার পরে আইসে তথন কঠিন সামুনাসিক গকারের ন্যায় উচ্চা-রিত হয়; যাচ্ঞা ইত্যাদি।

ড অতি গুরুতর রেফের ন্যায় ও ঢ অত্যন্ত গুরুতর রেফের ন্যায় উচ্চারিত হয়, যেমন বড় থাড়া দৃঢ় গাঢ়; কিন্তু কেবল শব্দের প্রথমে আর অন্য বর্ণের সহিত সংযুক্ত হইলে স্বীয়ং উচ্চারণ ত্যাগ করে না, যেমন ভাল ঢাল গড়ভলিকা উড়্ট।

ভাষাতে ণ ও ন এ ছই দের সমান উচ্চারণ। ম যথন সংযোগের দিতীয় কিয়া তৃতীয় বর্ণ হয়, তথন প্রায় আপন উচ্চারণ ত্যাগ করিয়া পূর্ব্ব বর্ণকে সামনাসিক করে, বেমন স্মৃতি লক্ষী; বস্তুত গৌড়ীয় ভাষার উচ্চারণগত বহু দোষের মধ্যে এ এক প্রধান দোষ হয়, ইহা অবশ্য স্বীকার করিতে হইবেক।

অস্তাস্থ যকার পদের আদি থাকিলে বর্গীয় জকারের ন্যায় উচ্চারিত হয়,
বেমন যম্না; যকারের সহিত হইলে কঠিন জকারের ন্যায় উচ্চারণ হয়,
বেমন ন্যায়, ধৈর্য্য; কিন্তু অন্যং স্থানে প্রায় পূর্ব্ব অক্ষরকে দ্বিত্বের ন্যায়
উচ্চারিত করে, যেমন বাক্য, পদ্য। অস্তাস্থ ব ও বর্গীয় ব ছইয়ের লিখনে
একই আকার এবং উচ্চারণেও এক প্রকার হয়, কিন্তু অন্য- বর্ণের পরে
সংযুক্ত থাকিলে প্রায় দস্ত্য উচ্চারণ হইয়া থাকে, যেমন দার; কিন্তু র গ ম
ইহার পরে থাকিলে ওষ্ঠ্য উচ্চারিত হয়। বিশেষ এই, যে রেফের ৣর্যোগে,
দ্বির্ভাব হইয়া থাকে, যেমন বর্কর, প্রগাণী, অস্বা।

म य म এই তিন বর্ণের উচ্চারণ দংস্কৃতে তিন পৃথক্ স্থানে হয়, অর্থাৎ তালু মূর্দ্ধা দস্ত, কিন্তু গৌড়ীয় ভাষাতে প্রায়ই তিনের এক উচ্চারণ হইয়া থাকে, অর্থাৎ তিনকে তালুহইতে উচ্চারণ করিয়া থাকে; যেমন শব্দ, ষষ্ঠ, সেবক। এ স্থলে ইহা জানা কর্ত্তবা, যে অতি অল্ল শব্দ আছে বাহার প্রথমে মূর্দ্ধনা য হয়, আর তালব্য শ যথন র ঝ ন এ তিনের প্রথমে সংযুক্ত হয় তথল দস্ত্য রূপে উচ্চারিত হয়, যেমন শ্রদ্ধা, শৃগাল, প্রশ্ন; সেই রূপে দস্ত্য সকার ও ত থ ন র ঝ ইহার প্রথমে সংযুক্ত হইলে আপনার দস্ত্য উচ্চারণ রাথিবে, যেমন স্তব্য, স্থান, স্থান, প্রক্, স্প্রেট; আর প অক্ষরের পরে সংযুক্ত হইলেও প্র রূপ দস্ত্য উচ্চারণ হয়, যেমন লিগ্না, ইত্যাদি।

ক্ষ বস্তুত ক ব এই হুই অক্ষরের সংযোগাধীন নিশার হয়, কিন্তু গৌড়ীয় ভাষাতে ধ য এই হুয়ের সংযোগের ন্যায় উচ্চারণ হয়।

»

এ গুই স্বর ভাষাতে ফোন ই ঈ যুক্ত লকারের উচ্চারণ রাখে, সেই

স্কুপ ঝ ঝ ইহাও ই ঈ যুক্ত রেফের ন্যায় উচ্চারণ করে; অত্এব গৌড়ীর
ভাষায় এ গুই স্বরের কোন প্রয়োজন রাখে না, কেবল ঐ গুই স্বরে সংযুক্ত

সংস্কৃত শব্দ সকলকে শুদ্ধ লিখিবার নিমিত্তে ইহা জানিবার প্রয়োজন হয়।

৪ প্রকরণ।

व्यक्त नकत्वत्र मश्रांश विधान।

যথন স্থার সকল হলের পরে এরপে সংযুক্ত হয় বাহাতে সক্ত্র অব্থাতে ছইয়ের উচ্চারণ হইয়া থাকে, তথন ঐ সকল স্থরের লিপিগত বৈলক্ষণ্য হয়, কেবল বিসর্গ, অমুস্থার ও ১ ৯ এই চারি বর্ণের আকারের অন্যথা হয় না। অকার যথন হলের পরে আইসে তথন তাহার কোন চিহ্ন থাকে না, যেমন কর; যদ্যপিও বস্তুত চারি অক্ষর অর্থাৎ ক, অ, র, অ হইয়াছে, কিন্তু লিপিতে ছই অক্ষর অর্থাৎ ক র মাত্র আইসে।

কেবল স্বর	হলের অন্ত শ্বর		
আ	কা		
ই	কি		
ক কি ড ড	কী		
উ	কু		
উ	ক্		
4	কৃ		
排	₹		
এ	কে		
এ ক	टेक		
હ હ	কো		
&	কৌ		

কোনং যুক্ত অক্ষর পূর্বলিখিত রীতির অন্য প্রকার লিখিত হয়, তাহার উদাহরণ, প্রথমত হল্ ও স্বরের সংযোগ।

रयमन , अ ७, ७, भ, क, क, ७, ए, भ, हें छानि। विछीय हलवर्णत भवन्नत्र मरायाद्वा मामाना बी ि । य जाना हलवर्षत जाउ मरायाद्वा हहें दिल "।" এই প্রকার क्रम 'हम, यथा का, था, हें छानि; जाव 'दिरफ्त '''' এই क्रम जाकाद हम, रयमन कु, थे, हें छानि। यथन के दिवस हल वर्षत्र 'हें अरद मर्युक्त हम छथन छाहाद '''' এই প্রকার 'लिখा याम, रयमन के। न, म, न, व, এবং প্রায় তাবৎ हल वर्ष यथन जाना हल वर्षत्र जावह मर्युक्त हम छथन दिवस जावा थादक ना, रयमन के, क्र, क्र, क्। जाव भरत लिथा याहें एक एम मर्युक्त हम वर्ष छाहाद स्वाया थादक ना, रयमन क्र, क्र, क्र, क्। जाव भरत लिथा याहें एक एम मर्युक्त हम वर्ष छाहाद लिथाना दिलाव विसान

এই সকল সংযুক্ত হল্নবর্ণ বাহার রূপ পূর্বে লিখা গেল লেখকের ইছা
মতে অবিকল তাহা লিখিলেও হয়, অথবা আপনং স্বরূপের অবিনাশে অক্ষর
ছয়ের সংযোগ করিলেও হয়, য়েমন ড়, ঈ, ইত্যাদি। আর যে স্থলে তকায়ে
স্থরের সংযোগ না থাকে সে স্থলে তকারকে '' ९'' এই প্রকার লেখা বায়,
যেমন দীবাৎ। প্রাদির উপরিভাগে (৭) এই সপ্ত সংখ্যার অঙ্ক যাহার দারা
ভঙাকার সাদৃশ্যে গণেশকে বোধ হয়, বিশ্ব নাশের নিমিত্ত তাহাকে কেহং
লিখিয়া থাকেন। "৺" ইহার নাম বৈয়াকরণেরা চক্রবিশু কহেন, এবং
ইহার যোগ যে অক্ষরের উপরে থাকে তাহার উচ্চারণ সাফ্রাসিক হয়,
যেমন বাশ; আর অন্য অক্ষরের যোগ ব্যতিরেকে লিখিলে মৃত ব্যক্তিকে
বুঝায়।

त्य रल वर्णत পরে কোন শ্বর সংযোগ না থাকে তাহার নীটে "," এই প্রকার চিক্ন দিয়া থাকেন, যেমন শ্রক্, বাক্; কিন্তু এ নিয়ম লিপি কালে সর্বাদা রহে না। অকারান্ত তাবৎ সংস্কৃত শব্দ যাহার উপান্তে হল্ সংযুক্ত, হয়, নেই সকল শব্দকে গৌড়ীয় ভাষায় যথন ব্যবহার করা যায় তথন অকারান্ত উচ্চারণ করিয়া থাকেন, যেমন ক্ষণ, হট্ট, কল্, শব্দ,ইত্যাদি। সেই রূপ গৌড়ীয় ভাষায় অকারান্ত বিশেষণ শব্দ অকারান্ত উচ্চারণ হয়, যেমন হোট, থাট; এতদ্বির যাবৎ অকারান্ত শব্দ হলন্ত উচ্চারিত হয়, বেমন ঘট, পট্, রাম্, রাম্দাদ্, উত্তম্, স্কর্, ইত্যাদি।

তুই স্বরের অথবা তুই হলের সংযোগে সংস্কৃত ভাষায় উচ্চারণাস্তর হয়, যেমন মুর, অরি, মুরারি; পরম, ঈখর, পরমেখর; তৎ. টীকা, তট্টীকা, ইত্যাদি। এ সকল জানিবার রীতি সংস্কৃত সন্ধি প্রকরণে আছে, এবং ভাষায় সেই রীতিক্রমে ওই শব্দ সকল ব্যবহার্য্য হইয়াছে; অতএব সংস্কৃত সন্ধি প্রকরণ ভাষায় উপস্থিতি করিলে, তারৎ গুণদায়ক না হইয়া বরঞ্চ আক্ষেপের কারণ হয়; এ কারণ তাহা এ স্থলে লিখা গেল না।

দ্বিতীয় অধ্যায়।

১ প্রকরণ।

পদবিধান।

তাবৎ শব্দ প্রথমত এই ছই প্রকারে বিভক্ত হয়, অর্থাৎ যে শব্দের অর্থ প্রাধানা রূপে জ্ঞানের বিষয় হয় তাহাকে বিশেষ্য কহে; বেমন, রাম যাইতেছেন, রাম স্থানর, ইত্যাদি স্থলে রামের জ্ঞান প্রাধান্য রূপে হয়, এ নিমিতে রাম বিশেষ্য। আর যাহার অর্থ অপ্রাধান্য রূপে বৃদ্ধির বিষয় হয় তাহাকে বিশেষণ পদ কহে, রাম যাইতেছেন, রাম স্থানর ইত্যাদি স্থলে যাইতেছেন ও স্থানর এ ছই শব্দের অর্থ রাম শব্দের অর্থেতে অনুগত হয়, এ কারণ বিশেষণ পদ কহে।

বিশেষ্য পদের বিভাগ।

় বিশেষ্য পদকে নাম কহি, অর্থাৎ এ রূপ বস্তুর নাম হয় যাহা আমাদের বহিরিন্দ্রিয়ের গোচর হইয়া থাকে, যেমন রাম, মামুষ, ইত্যাদি। অথবা যাহার উপলব্ধি কেবল অন্তরিন্দ্রিয়-দারা হয় তাহাকেও এই রূপ নাম কহেন, বৈনন ডিয়, প্রত্যাশা, কুধা, ইত্যাদি।

ঐ নামের মধ্যে কতিপর নাম বিশেষং ব্যক্তির প্রতি নির্ধারিত হয়,
তাহাকে ব্যক্তি সংজ্ঞা কহি, বেমন রামচরণ, রামভদ্র, ইত্যাদি। আর
কতিপর নাম এক জাতীয় সম্হ ব্যক্তিকে কহে, তাহাকে সাধারণ সংজ্ঞা
কহি, বেমন মনুষ্য, গয়, আম্র, ইত্যাদি। এবং কতক নাম নানা জাতীয়
সম্হকে কহে, যাহার প্রত্যেক জাতি অন্যথ জাতি হইতে বিশেষং ধর্মের
ভারা বিভিন্ন হয়, তাহাকে সর্ব্ধ সাধারণ বা সামান্য সংজ্ঞা কহি, বেমন
"পশু," মনুষ্য, গয়, হস্তি প্রভৃতি নানাবিধ বিজাতীয় পদার্থ সমূহকে কহে।
এবং "বৃক্ষ" নানাবিধ বিজাতীয় আম, জাম, কাঁটাল, ইত্যাদিকে প্রতিপন্ন
করে।

ঐ নামের মধ্যে কতিপর শব্দ ব্যক্তি বিশেষকে প্রতিপৃন্ন করিবার নিমিত্ত নির্দ্ধানিত হয়, অথচ ঐ সকল শব্দ স্বয়ং স্বতন্ত্র বিশেষং ব্যক্তিকে কিম্বা বিশেষ ব্যক্তি সমূহকে নিয়ত অসাধারণরূপে পুতিপন্ন করে না, ওই সকলকে প্রতিসংজ্ঞা কহি, যেমন আমি, তুমি, সে, ইত্যাদি।

বিশেষণ পদের বিভাগ।

বিশেষণ শব্দের মধ্যে যাহারা বস্তুর গুণকে কিম্বা অবস্থাকে কাল সম্বন্ধ ব্যতিরেকে কহে, সে সকল শব্দকে গুণাত্মক বিশেষণ কহি, যেমন, ভাল, मन्म, हेजामि। आत याहाता कारणत महिज मन्न शूर्वक वश्चत अवद्यारक কহে, তাহাকে ক্রিয়াত্মক বিশেষণ কহি; যেমন, আমি মারি, তুমি মারিবে। যাহারা অন্য ক্রিয়াগত কালের সাপেক্ষ হইয়া বস্তুর কাল সংক্রাপ্ত অবস্থাকে কহে, সে সকল শব্দকে ক্রিয়াপেক্ষ ক্রিয়াত্মক বিশেষণ কহি; যেমন, তিনি প্রহার করত বাহিরে গেলেন, ভোজন করিতেং কহিয়াছিলেন। যাহারা ক্রিয়া কিম্বা গুণাত্মক বিশেষণের অবস্থাকে কহে, সে সকল শব্দকে বিশেষণীয় বিশেষণ কহি; যেমন, তিনি শীঘ্র যান, তিনি অত্যন্ত মৃত্ব হন। যে সকল শব্দকে পদের পূর্ব্বে কিম্বা পরে নিয়মমতে রাখিলে সেই পদের সহিত অন্য শব্দের সম্বন্ধ বুঝার, সেই শব্দকে সম্বন্ধীয় বিশেষণ কহি;" যেমন, রামের প্রতি ক্রোধ হইরাছে। যাহারা ছই বাক্যের মধ্যে থাকিরা ঐ ছই বাক্যের অর্থকে পরস্পর সংযোগ কিম্বা বিযোগ রূপে বুঝায়, অথবা ছই শব্দের মধ্যে থাকিয়া এক ক্রিয়াতে অম্বয় বোধক হয়, কিন্তু কোন শব্দের বিভক্তির বিপ্ত-র্যায় করে না, সে দকল শব্দকে সমুচ্চয়ার্থ বিশেষণ কহি; যেমন, তিনি আমাকে অৰ দিতে চাহিলেন, কিন্তু আমি লইলাম না; আমি এবঃ তুমি, ज्यात्र यारेव, जामात्क ७ त्जामात्क निवाहन। याराता जना मर्स मःरेवान বিনাও ঝটিতি উপস্থিত অথবা অস্তঃকরণের ভাবকে বুঝায় তাহাকে অস্তর্জাব বিশেষণ কহি: যেমন, হা আমি কি কর্ম্ম করিলাম।

দ্বি<mark>তীয় অধ্যায়।</mark> ২ প্রকরণ।

নামের রূপবিষয়ে।

ক্রিরার সহিত ব্যক্তির সম্বন্ধ; যেমন, রাম মারিতেছে, রামকে মারি-তেছে। ও পদার্থের সহিত পদার্থের সৃষদ্ধ; যেমন, রামের ঘর। ইহাকে কথন পদের শেষে বিশেষং রূপের পরিণাম্বারা ব্যক্ত করা যার, যেমন রামের, রামকে। কথন বা পদের ক্রমবিন্যাস্থারা উদোধ করা যার; বেমন, বালক হর ভাঙ্গিলেক'। কথন বা সম্বনীর বিশেষণকে পরে আনি-

একলে অভিছিত পদ ও কর্ম পদ এই দুইয়ের কোন বিশেষ চিত্র নাই, কিন্ত বালক পদের পুর্বা বিনাস ও ভালিলেক এ ক্রিয়ার বালককর্তৃক নিপাতি, ইহার ছারা বালক পদ অভিহিত; আর বর এই পদ্ ক্রিয়ার নৈকটা এবং ক্রিয়ার ব্যাপ্তি, এই উভয়হারা কর্ম পদ হইল।

বার দারা প্রকাশ করা যায়; যেমন, ঘরহইতে গেলেন। গৌড়ীয় ভাষাতে নামের চারি প্রকার রূপের দারা প্রয়োজনসিদ্ধি হয়, অভিহিত, য়েমন রাম: कर्षा, रयमन त्रामरकः; अधिकत्रवः, रयमन त्रारमः; मध्यः, रयमन त्रारमतः। অভিহিত পদ সেই হয় যে ক্রিয়ার সহিত অম্বিত হইয়া বক্তার তাৎপর্যাকে জানায় ও সমর্থ হয়। যদ্যপিও অন্য কোন পদ সেই বাকোতে কথিত না হয়. যেমন রাম বসিলেন*; নামের প্রকৃত আকারদ্বারা সহজ ভাষাতে অভি-হিত পদের জ্ঞান হয়; যেমন, হরিদাস কহিলেন, হরিদাস মারা গেলেন: কিন্তু কথন বা সকর্মক ক্রিয়াতে অধিকরণ পদেরও আকার গ্রহণ করেন. যথন সক্রৎ অভিঘাতে কিমা অভিঘাতদ্বরে অভিহিত পদের উচ্চারণ হয়: যেমন, বেদে কহেন, যোড়ায় তাহাকে মারিলেক। কর্ম্ম তাহাকে কহা যায় যাহাতে কর্তার ক্রিয়া গৌণ কিম্বা মুখ্যরূপে প্রাপ্ত হয়; যেমন, আমি শ্যামকে মারি, তিনি মৃত্যুকে জন্ন করিবার নিমিত্তে ঈশ্বরকে ভ্রন্তিভেন। নামের পরে "কে'' সংযোগাধীন কর্ম্ম পদের জ্ঞান হয়; যেমন, রাম পুত্রকে পড়াই-তেছেন। কিন্তু বে বস্তুর হাস বুদ্ধি মাত্র আছে, যেমন বৃক্ষাদি, বিশেষত যে বস্তুর হাদ বৃদ্ধিও নাই, যেমন পুস্তকাদি, তাহাতে প্রায় "কে" সংযোগ কর্মপদে থাকে না , যেমন, নে আপন রোপিত বৃক্ষ আপনি কাটিতেছে, অথবা সে আপন রোপিত কুক্ষকে আপনি কাটিতেছে, সে পুস্তক পড়িতেছে। মাহাতে দান জিয়া, বেমন, রাম শ্যামকে পুস্তক দিলেন, প্রথমে পুস্তকে পশ্চাৎ শ্যামেতে ব্যাপিরাছে, এমত রূপ স্থলে ছুই কর্ম হর, তাহার গৌণ ‡ कर्त्य "(क" नःर्याश इब ; (यमन, इति वह धन इतिनामरक निर्वन, आभारक পুল (দও। কখন মুখ্য কর্মোও "কে" সংযোগ হইয়া থাকে, যদি সে কর্ম মুমুষ্য এবং নিশ্চিত রূপে জেয় হয়; বেমন, আপন পুল্রকে আমাকে দেও।

বাক্যেতে স্থিত যে ক্রিয়া তাহার আধার বাচক শব্দকে অধিকরণ কহি, নানের সহিত "এ" কিম্বা এতে ইহার সংযোগদারা তাহার জ্ঞান হয়; যেমন, প্রভাতে আসিয়াছেন, ঘরে কিম্বা ঘরেতে আছেন। কিন্তু যে সকল নামের

^{*} কর্তৃবাচ্যে যাহার দ্বারা ক্রিয়ার নিষ্পন্ন হয়, তাহাকে অভিহিত কিয়া উক্ত পদ কহে; আরু কর্মনি নাচ্যে অভিহিত পদ কিয়া উক্ত তাহাকে কহা যায় যাহাতে ক্রিয়া ব্যাপ্ত হয়।

[া] কথন২ পদ্যেতে ও প্রায় পূর্বে ব্লাক্তান্থ, লোকদের ভাষাতে "কে" বলে "রে" কিয়া "'এেরে" ব্যবহার হইয়া থাকে, যেমন তাহারে, পূঁজেরে।

[‡] ঘাঁহাতৈ পরস্পরায় ক্রিয়ার ব্যাপ্তি থাকে তাহাকে গৌণ কর্ম কহি, ও যাহাতে সাক্ষাত্ ক্রিয়ার/ব্যাপ্তি থাকে তাহার নাম মুখ্য কর্ম।

[§] একলে সংস্কৃতে দান ক্রিয়ার উদ্দেশ্যকে সম্প্রদান কছেন। এবং তৎপ্রয়োগে বিশেষ চিত্র হইয়া থাকে, একারণ তাহার পৃথক প্রকরণ করিয়াছেন; কিন্তু ভাষাতে রূপান্তরাভাব, এই ছেত্ক লিপ্লা গেল না।

শেষে "আ" থাকে তাহার অধিকরণত্ব বোধের নিমিন্ত "তে" কিমা "র" অন্তে বিন্যাস করা যায়, যেমন মৃত্তিকাতে, মৃত্তিকায়। যে সকল নামের শেষে ই ঈ উ উ এ ঐ ও ও এই সকল বর্ণের কোন বর্ণ থাকে তাহার অন্তে "তে" এই অক্ষর অধিকরণ বোধক হয়, ছুরি, ছুরিতে; হাতি, হাতিতে, ইত্যাদি।

বাক্যেতে এক নাম যুখন অন্য নামের সহিত সাক্ষাৎ কিম্বা পরম্পরা সম্বন্ধ দারা অন্যের অর্থের সংকোচ করে তাহাকে সম্বন্ধ পরিণাম কহি; সে শব্দ যদি হলস্ত কিম্বা অকারাস্ত হয় তবে দম্বন্ধ বোধের নিমিত্ত তাহার অন্তে"এর" সংযোগ করা যায়; বেমন, রামের ঘর, ক্লঞ্চের বাটী, ইত্যাদি। আর এত-দ্তিম অক্ষর যাহার শেষে থাকে তাহার সম্বন্ধ বোধের নিমিত্ত কেবল রেফের সংযোগ করা যায়; যেমন, রাজার ধন, বাঁশির শব্দ, ইত্যাদি। এ স্থলে ঘর এই শব্দ মাত্রের প্রয়োগ করিলে তাবৎ ঘর বুঝায়; কিন্তু রামের ঘর কহিলে অন্যের মর না বুঝাইয়া রামের সহিত যে মরের সম্বর্ধ আছে কেবল ভাহার বোধ হয়, এই কারণ তাহাকে সম্বন্ধ পরিণাম কহি। যাহার দারা ক্রিয়া নিষ্পন্ন হয়, তাহার বোধের নিমিত্ত ভাষাতে অভিহিত পদের পরে "দিরা" শব্দের প্রয়োগ করা যায়; যেমন, ছুরি দিয়া কাটিলোক। আর কথনং সম্বন্ধ পরিণামের পরে "দ্বারা" শব্দ দিয়া ঐ করণকে কহা যায়; যেমন, ছুরির দারা কাটিলেক। কথন বা অধিকরণ বাচক বিভক্তির দার। করণের জ্ঞান হইয়া থাকে, যদি সেই করণ অপ্রাণি হয়; যেমন, ছুরিতে কাটিলেক। অতএব করণের নিমিত্ত শব্দের পৃথক্ রূপ করিবার আবশ্যক **(मिथ नारे।** कान এक कियात वक्त प्रश्न यथन जना वस्रश्रेट अक বস্তুর নিঃসরণ অথবা ত্যাগ বোধ হয়, তথন তাহার জ্ঞাপনের নিমিত্ত প্রথম বস্তুর নামের পরে যদি সেই প্রথম বস্তু এক বচনান্ত হয় তবে ''হইতে'' এই শব্দের প্রয়োপ করা যায়। আর যদি বহুবচনান্ত হয় তবে বহুবচনান্ত সম্বন্ধীয় পরিণাম পদের পরে "হইতে" ইহার প্রয়োগ হইয়া থাকে, যেমন গ্রামহইতে, মন্ত্রিদেরহইতে, বেণেদেরহইতে; অতএব বঙ্গভাষায় অপাদান কারকের নিমিত্ত শব্দের পৃথক্ রূপ করিবার আবশ্যক নাই।

যথন কোন বস্তকে যথার্থ রূপে অথবা আরোপিত মতে অভিমুখ করি-বার নিমিন্ত হে, ও, ইত্যাদি শব্দের প্রয়োগ করা যায়, তথন কর্তৃকারকে শব্দের যে প্রকার রূপ হইয়া থাকে অবিকল সেই রূপের প্রয়োগ হয়, যেমন হে রাম, হে স্থ্য, ও ভাই, ও অহাশয়রা, অতএব সম্বোধনের নিমিত্তে শব্দের পৃথক্রপের প্রয়োজনাভাব।

৩ প্রকরণ।

নামের বচনবিষয়ে।

এক বস্তুর অথবা অনেক বস্তুর একত্বাভিপ্রায়ে নির্দেশ বোধক যে শব্দ তাহার স্বরূপের অন্যথা না হইরা প্রকৃত শব্দের ব্যবহার হয়, তাহাকে এক বচন কহা যায়, যেমন মন্ত্র্যা, জগৎ; আরা একের অধিক (কোন-২ ভাষার হয়ের অধিক) বস্তুর বাচক যে শব্দ তাহার স্বরূপের অন্যথা হইরা রূপান্তর প্রাপ্ত হয়, তাহাকে বহু বচন কহিয়া থাকেন, যেমন মন্ত্র্যায়। বঙ্গভাষার কেবল মন্ত্র্যাচক শব্দের কিম্বা নন্ত্র্যার গুণবাচক শব্দের বহুবচনান্ত প্রয়োগে এক বচনের রূপ থাকে না, যেমন পণ্ডিত, পণ্ডিতেরা। আরু এতদ্ভিন্ন বস্ত্র্বাচক শব্দের বহুত্বাভিপ্রায়ে বহুত্বাচক শব্দের প্রয়োগ তৎপরে করা যায়, যেমন গরু, গরুসকল। কিন্তু যথন গরু পশু ইত্যাদি শব্দ মূর্থতা জ্ঞাপনের নিমিত্তে মন্ত্র্যার প্রতি প্রযুক্ত হয়, তথন বহুবচনে তাহার রূপের অন্যথা হয়, যেমন গরুরা, পশুরা, গরুদিগকে জ্ঞান দেয়। আর বহুব্দনাভিপ্রায়ে বহুত্বাচক শব্দের প্রয়োগ মন্ত্র্যা জাতিত্বেও হইতে পারে, যেমন নকল মন্ত্র্যা, মন্ত্র্যা পকল। 'এন্থলে ঐ জাতিবাচক শব্দের বহুবচনে রূপাভ্রের হয় না, এক বচনের রূপ থাকে।

লাত্মন্ রূপের ও বচনের আকার বিস্তার রূপে উদাহরণ পরে দেখান
বাইতেছে। বে সকল শব্দ হলস্ত, বেমন বালক্, ও অকারাস্ত বেমন মহব্য
তাহার উদাহরণ।

কর্তৃপদ কর্মপদ অধিকরণপদ সম্বর্মপদ বালক্ বালক্কে* বালকে ও বালকেতে বালকের ইহার বছবচন।

বালকেরা বালক্দিগকে † বালক্দিগেতে বালকদিগের বালকদিগে বালকদের

পশুবাচক শব্দের রূপ উপরি লিখিত রীতিমতে হইয়া থাকে, কিন্তু যে সকল নামের রীতিমতে বহুবচন হয় না তাহাদের পূর্ব্ব লিখিত রূপ হইবেক . না।

ত অধিকরণ কারকে অকারান্ত শব্দের অত্য অকারছানে ''এ'' কিয়া ''এতে' জাদেশ হয়, যেমন যুদ্ধে, যুদ্ধেতে। আর তকারান্ত শব্দের শেষৈ কেবল ''এ'' সংযোগই উত্তম হয়, বেমন হাতে, প্রভাতে ৷

[†] বালক লব্দ বছবচনবাচক দিগ্ পদের গয়ের পর কর্ম চিক্ছ করে [যে] 'ক'' [ভাছার] কানে ''গ'' ইন্মা নিস্পন্ন হয়।

যথন বছত্বচিক শব্দের দারা পশুর বছত্ব বোধ হইবেক, তথন সেই বছত্বচিক শব্দ করিক চিহ্নের পূর্বের থাকে। তাহার মধ্যে অকার ভিন্ন অন্য স্থরান্তের উদাহরণ।

কর্তৃপদ	কর্ম্মপদ	অধিকরণপদ	সম্বন্ধপদ
গৰু*	গৰুকে	গকতে	গরুর
	• ইহ	র বছবচন।	
গ্রুসকল	গরুসকলকে	গরুসকলে	গরুসকলের
		গৰুসকলেতে	

বে সকল শব্দে কেবল বৃদ্ধি শক্তি বিশিষ্ট বস্তু অর্থাৎ বৃক্ষাদিকে বৃঝায়, আর বৃদ্ধি শক্তি বিশিষ্ট ও পশু এ উভয় ভিন্ন বস্তুবোধক যে সকল শব্দ তাহাদের রূপ পশুবাচক শব্দের ন্যায় হইবেক; কিন্তু বৃদ্ধি শক্তি বিশিষ্ট বস্তু বাচক
শব্দের কর্মকারকের চিহ্ন ''কে'' ইহার প্রয়োগ বিকল্পে হইয়া, থাকে, যেমন
বৃক্ষ অথবা বৃক্ষকে কাটিলেন; আর উভয় ভিন্ন যে সকল শব্দ তাহার উত্তরে
''কে'' এচিহ্নের প্রয়োগ কথন হইবেক না, যেমন পুস্তুক পড়িলেন।

৪ প্রকরণ।

ক্রপের বিশেষ বিবেচনা।

খথন তুচ্ছতা অভিপ্রেত কিম্বা ব্যক্ত হয় তথন কর্তৃপদের শেষের পরি-বর্ত্ত হয়, আর পরিবর্ত্ত যে কর্তৃপদ তাহার উত্তর পূর্ব্ব নিয়ম মতে অন্য কারক চিহ্ন রহিবেক, যেমন রামা, রামাকে, রামার, রামাতে, রামার।

আর যে সকল শব্দ হলস্ত ও এক প্রয়ের উচ্চারিত হয় ভাহার অস্তে আকারের যোগ হয়, যেমন রাম, রামা; আর অকারাস্ত শব্দের অকার স্থানে আকার হয়, যেমন রুষ্ণ, রুষ্ণা। যে সকল হলস্ত শব্দ এক প্রয়ের উচ্চারিত না হয় তাহার অস্তে একার আইসে, যেমন মাণিক, মাণিকে; গোপাল, গোপালে; কিন্তু যে সকল শব্দ শব্দাস্তরে মিলিত হয়, এবং তাহার শেষ শব্দে দীর্ঘরর না থাকে, সে সকল শব্দের এক প্রয়ের উচ্চারিত শব্দের ন্যায় রূপ হইয়া থাকে, যেমন রামধন, রামধনা।

আবার যে সকল শব্দের অস্তে ই, ঈ থাকে, তাহার পরিবর্ত্তে একার হয়, বেমন হরি, হরে; কাশী, কাশে ও কেশে। উকারাস্ত শব্দের উকারের স্থানে

ইছাতে, ও এতজ্ঞপ শব্দে কথন ২ এক বচনদারা বছত্ববোধ করায়, যেমন গরুকে
খাস দেও।

ওকার হয়, যেমন শভু, শভো। যে সকল শক আকারান্ত স্বরদ্বয়মুক্ত হয়, ও তাহার প্রথম অক্সরে "আ" থাকে, তাহার প্রথম আকারের একারে, দ্বিতী-য়ের ওকারে পরিবর্ত্ত হয়, যেমন রাধা, রেধো; কিন্তু অন্যং স্থলে প্রায়ই পরিবর্ত্ত হয় না, যেমন রামা, শ্যামা, ইত্যাদি।

স্বরূপ, স্বরূপো, গণেশ, গণশা ইত্যাদি কোনং শব্দ অনির্মে পরিবর্ত্ত হয়। হাতে মারিলেক, মাথায় মারিলেক, ইত্যাদি কোনং রাক্যে কর্ম পদের স্থানে অধিকরণ পদের প্রযোগ হয়।

৫ প্রকরণ।

लिइन विषद्य ।

বেমন অনাঁই ভাষায় লিঙ্গভেদে শব্দের আকারের অন্যথা ইইরা থাকে সে রূপ বঙ্গ ভাষায় লিঙ্গভেদে শব্দের রূপান্তর প্রায় হয় না, তাহার মধ্যে পুরুষের জাতিবাচক নামের অস্তে অকার কিছা আকার থাকে; আর যথন শেই শব্দে উজ্জাতীয় স্ত্রীকে ব্রায়, তথন অকারের পরিবর্ত্তে ইনী, ও আকা-রের অস্ত্রে নী ইহার প্রযোগ হয়, বেমন কৈবর্ত্ত, কৈবর্ত্তিনী; ধোবা, ধোরানী; সেকরা, সেকরানী।

মন্ত্র জাতির মধ্যে যে সকল নাম ইকারান্ত, উকারান্ত, অথবা ন ল্ ব্যতিরেকে অন্য কোন হলস্ত হয়, তাহার স্ত্রীত্ব জ্ঞাপনের নিমিত্ত অস্তে নী প্রত্যরের প্রয়োগ প্রায় হইয়া থাকে, যেমন বান্দি, বান্দিনী; কলু, কলুনী; কামার, কামারনী; মালী, মালিনী, অথবা মেলেনী, ইত্যাদি *। নকারান্ত নামে স্ত্রী লিঙ্গ বোধের নিমিত্ত ঈকারের প্রয়োগ হয়, যেমন নোসলমান, মোসলমানী; পাঠান, পাঠানী। লকারান্ত নামে ইনী অথবা আনী সংযোগ হয়, যেমন চণ্ডাল, চণ্ডালিনী; মোগল, মোগলানী। সামান্য পশ্বাদির নাম যাহা হলস্ত হয় তাহার স্ত্রীত্ব বোধের নিমিত্ত ঈ কিছা ইনী ইহার প্রয়োগ করা যায়, যেমন শেয়াল, শেয়ালী; বাগ, বানিনী; সাপ, সাপিনী। যাহা আকা-রান্ত হয় তাহার আকার ঈকারে পরিবর্ত্ত হয়, যেমন ভেড়া ভেড়ী; ঘোড়া, ঘোড়ী, ঘুড়ী †। আর অন্য নাম সকল যাহা জ্ঞাতি কুটুক্ব ইত্যাদি সম্বন্ধ-

^{*} এ নিয়মে নাপ্তিনা এই শব্দে নাপিংনা হওয়া উচিত ছিল, কিন্তু পিত্ইহার স্থানে "প্তি" আদেশ হয়।

[া] পশুবাচক শব্দের আর কোন২ স্নাতিবাচক ও যৌগিক শব্দের শ্রীলিক প্রযোগে পূর্ব্ব দীর্ঘ মুরের স্থানে কোন এক বিশেষ এম মুর হয়, যেমন যোড়া,যুড়ী; গোয়ালা,গোয়ালিনী।

বাচক হয় তোহার ভার্য্যা বোধের নিমিত্ত এই শেষের নিয়মামুসারে আকারকে ঈকারে পরিবর্ত্ত করা যায়, যেমন খুড়া, খুড়ী; মামা, মামী; ইত্যাদি।

ইকারাস্ত নাম সকলের অস্তে নী প্রারোগ হয়, যেমন হাতি, হাতিনী। এই রূপ স্ত্রী জাতিজ্ঞাপনের নিমিত্ত অনেক শব্দের পূর্বের্ব স্ত্রী শব্দ প্রয়োগ হয়, যেমন চীল, স্ত্রীচীল; শশারু, স্ত্রীশশারু। আর মন্ত্রেয়র মধ্যে বিশেষহ জাতি ও দেশ সম্বন্ধীয় স্ত্রীতেক সাধারণ সম্বন্ধবাচক শব্দের দ্বারা কহা যার, যেমন বারেক্তের কন্যা, নাগরের স্ত্রী, ইংরেজের বিবী।

নিয়মাতিক্রাস্ত লিঙ্গ।

বাপ তাঁহার স্ত্রী মা, ভাই তাঁহার স্ত্রী ভাজ, বুন তাঁহার স্থামী বোনাই, মাসী তাহার স্থামী মেসো, আঁড়িয়া, গাই ইত্যাদি। সংস্কৃত স্ত্রীলিঙ্গ শব্দ সকল যাহা কোষে ও ব্যাকরণে প্রাপ্ত হয় তাহার প্রযোগ তদবস্থই ভাষাতে ব্যবহার হয়, যেমন ত্রাহ্মণ, ত্রাহ্মণী; শূদ্র, শূদ্রা; ব্যাহ্র, ব্যাহ্রী। সংস্কৃত ভাষাতে স্ত্রীত্ব বোধের য়ে নিয়ম সকল তাহা বাঙ্গালা ভাষা ব্যাকরণে উপস্থিত করা কেবুল চিত্তের বিক্ষেপ করা হয়, অথচ সংস্কৃত না জাদিলে তাহার দ্বারা বিশেষ উপকার জন্মে না। গৌড়ীয় ভাষাতে কি ক্রিয়াপদে কি প্রতিসংজ্ঞায় কি বিশেষণ পদে লিঙ্গ্জাপনের কোন বিশেষ চিহ্ন নাই, যেমন সে, স্ত্রী ভাল পাক করে; সে পুরুষ ভাল পাক করে; অতএব লিঙ্গবিষয়ে আর অধিক লিথিলে অনর্থক গৌরব হয়।

তৃতীয় অধ্যায়।

প্রথম পরিচ্ছেদ।

দেশবাচক শব্দের পরে পশ্চাতের লিখিত দাঁড়াতুসারে তৎ২ দেশসম্বন্ধি পদার্থ সকলের কথন হয়, যেমন, হিন্দুছানী অর্থাৎ হিন্দুস্থানের ব্যক্তি কিম্বা বস্তু। স্থানের নাম অকারাস্ত হইলে ইকারের সংযোগদারা ওই সম্বন্ধকে জানায়, যেমন ঢাকাহইতে ঢাকাই প্রযোগ হয়, পাটনা পাটনাই, নিদয়ানদিয়াই। আর ইকারাস্ত শব্দের কোন পরিবর্ত্ত হয় না, কিন্তু সোদান্য ষঠ্যস্তের ন্যায় প্রয়োগ হয়, যেমন কাশী, কাশীর ব্রাহ্মণ। আর অকারাস্ত কিম্বা হলস্ত দেশবাচক শব্দের পর ঈ অথবা এ প্রায় এই ত্রের সংযোগ হয়. বেমন ভাগলপুরী; ভাগলপুরে; অর্থাৎ ভাগলপুরের বস্তু কিম্বা ব্যক্তি। গাজিপুরে কাপড়।

হলস্ত নাম সকল যাহা সক্কত্ আঘাতীয় * হয়, যদি তাহাতে জস্ত্য অক্ষরের পূর্ব্বে আকার থাকে তবে শেষে ওকারের সংযোগ আর আকারের
ছানে একার প্রায় হইয়া থাকে, যাহার দ্বারা প্রকৃত শব্দে নিত্যস্থিতি অথবা
সম্বন্ধ বোধ হয়, যেমন গাছ, গেছো, অর্থাৎ কোন জস্ত, যাহা সর্বাদা গাছে
থাকে। যদি উপাস্ত অক্ষর আকার না হইয়া অকার হয় তবে কেবল
ওকারের সংযোগদারা পূর্ব্বার্থের প্রতীতি হয়, য়েয়ন বন বনো † অর্থাৎ য়ে
ব্যক্তি বনে ভূরি কাল থাকে। খড় হইতে থড়ো য়র। আর নাম্ সকল
যাহা সক্ষদবঘাতের অধিক হয় তাহাতে এ অথবা ইয়া সংযোগের দ্বারা
পূর্ব্বাক্ত স্থিতি কিম্বা সম্বন্ধের বোধ হইয়া থাকে, যেমন পাহাড়, পাহাড়ে,
ও পাহাড়িয়া; কুমীরে, ‡কুমিরিয়া নদী। বানর, বানরিয়া, বানরে; হরিণ,
হরিণে, হরিণিয়া লাফ; পাতর, পাতরে, পাতরিয়াচুন; গঙ্গাজল, গঙ্গাজলে
ইত্যাদি, অর্থাৎ যে গঙ্গাজল স্পর্ণ পূর্বক মিণ্যা শপথের দ্বারা নির্বাহ করে।
মাটিহইতে মেটে, ও মোটহইতে মুটে, ইত্যাদি শব্দ নিপাতন হয়; ইহা
কহিলে কার্য্য সিদ্ধি হয়, এ বিষয়ে স্থ্র বাহুলার প্রয়োজন নাই।

এই সকল তদ্ধিত সম্বন্ধি শব্দ বিশেষণ রূপে প্রায় ব্যবহার হয়, যেমন
টাকাই কাপড়, প্লাটনাই ব্ট ইত্যাদি। সংস্কৃত শব্দ সকল যাহা দেশবিশেষীয় ব্যক্তি কিম্বা বস্তুকে অথবা ব্যবসায় জীবিকা ইত্যাদিকে বুঝায়,
তাহার ভাষাতে তদাকারেই প্রয়োগ হইয়া থাকে; যেমন দ্রাবিড, মৈথিল,
গৌড়ীয়, ত্র্যাণ দ্রবিডদেশের ও মিথিলা ও গৌড দেশের ব্যক্তি কিম্বা
বস্তু। বৈরাক্রণ সে ব্যক্তি যাহার ব্যবসায় ব্যাকরণ অধ্যাপন হয় ইত্যাদি।

দ্বিতীয় পরিচ্ছেদ।

স্বভাববাচক তব্বিত শব্দ।

শব্দ সকল যাহা সম্ভ্ৰমনহিত সমূহকে কহে, তাহার স্বভাব বৃঝাইতে প্রায় মি কিয়া আমি ইহার সংযোগ করা যায়, যেমন বানর, বানরামি; অর্থাৎ বানরের স্বভাব। ছেলে, ছেলেমি; অর্থাৎ ছেলের স্বভাব ইত্যাদি। কিন্তু ঘরামি এ শব্দ যদ্যপি পূর্ববং আমি সংযোগের দ্বারা হইয়াছে, তথাপি ঘরের স্বভাব না ব্ঝাইয়া যে ঘর নিশ্বাণ করে তাহাকে ব্ঝায়। এই কপ কোন ২ গৌড়ীয় বিশেষ্য অথবা বিশেষণ শব্দের পরে, আই সংযোগের দ্বারা তাহার

^{*} এক প্রয়ত্ত্ব উচ্চারিত হয়।

[🕂] কখন উচ্চারণ কালে " বুনো " এই রূপ উচ্চারিত হয়।

[‡] কুমীয়ৢ৺বের ইকার নিপাতনে হয় ইইল।

ধর্মকে বুঝার, বেমন বামন, বামনাই; ভাল, ভালাই; ইত্যাদি। আর গৌড়ীর ভাষাতে স্বভাব কিয়া ধর্ম বোধের নিমিত্ত সর্ব সাধারণ কোন নিয়ম নাই, কিন্তু সংস্কৃত শব্দ সকল সেই২ অর্থে ভাষার প্রযোগ করা যার, যেমন মন্থ্যা, মন্থ্যত্ত; অর্থাৎ মন্থ্যের অসাধারণ ধর্মা। উত্তম উত্তমতা; অর্থাৎ যে ধর্মা ব্যক্তিতে থাকিলে উত্তম করিয়া কহার, এই রূপ ছ কিয়া তা সংযোগের ছারা সংস্কৃত, বিশেষ্য বিশেষণ শব্দের ধর্মা কিয়া স্বভাব বিশেষ প্রতীতি হয়। এই রূপ অন্যং প্রকারে ধর্মবোচক সংস্কৃত শব্দ সকল সেই২ অর্থে ভাষাতেও প্রযোগ করা যার, বেমন বৈর্যা, ধীরতা; অর্থাৎ ধীরের গুণ। সৌন্ধ্যা, স্ক্লেরছ, স্কলেরের ধর্মা; গৌরব, অর্থাৎ গুরুতা, ইত্যাদি।

তৃতীয় পরিচ্ছেদ।

সমাস।

প্রথম।

অনেক পদের এক' পদের ন্যায় রূপ হওয়াকে সমাস কহি, এরপ পদ্ গৌড়ীয় ভাষাতে বাহলামতে ব্যবহারে আইসে'না। থে সকলের ব্যবহার আছে তাহাকে চারি প্রকারে সফলন করা যায়। প্রথম ছই শব্দের প্রথম শব্দ অভিহিত পদের ন্যায়, আর দিতীয় শব্দ কর্মের ন্যায় হয়্ সদ্যুক্তি প্রকান দিতীয় পদ ক্রিয়ার কর্জাকে ব্রায়, ও প্রথম পদ ক্রিয়ার কর্ম অথবা অধিকরণকে জানায়, সেমন হাতভাঙ্গা ব্যক্তি (সংস্কৃতে ইহার প্রতিশব্দ ভগ্রহস্তঃ) এস্থলে হাত অভিহিত পদ, ভাঙ্গা কর্ম পদ হয়়। কিন্তু এমত স্থলে যেমন হাড় কাটা ছুরি, কাটা এই শব্দ কর্ম্মপদের ন্যায় হইয়াও ক্রিয়ার কর্ত্তাকে ব্রাইতেছে, আর হাড়শব্দ অভিহিত পদের ন্যায় হইয়াও ক্রেমের জানাইতেছে, অর্থাৎ হাড়কে কাটে যে ছুরী, (সংস্কৃতে হাড় কাটার প্রতিশব্দ অন্থিছেদী) সেই রূপ গাছপাকা এস্থলে দিতীয় পদ পাকক্রিয়ার কর্তাকে কহে, আর প্রথম পদ অভিহিতের ন্যায় হইয়াও অধিকরণকে ব্রায়, অর্থাৎ গাছে পাকে যে ফল (সংস্কৃতে ইহার প্রতিশব্দ বৃক্ষপকং) ইত্যাদি।

দ্বিতীয় ।

ছুইয়ের প্রথম শব্দ অভিহিত পদের ন্যায় হইরাও সম্বন্ধ কিম্বা অগ্রিকরণের অর্থকে ব্রুবার, আর দিতীয় পদ অভিহিত পদের অর্থবোধক হইরাও একারে ওকারে কিম্বা আকারে পর্যবসান হয়; বেমন তালপুকুরে, অর্থাৎ তাল বেষ্টিত পুদ্ধরিণী (সংস্কৃতে তালপুদ্ধরিণী) কাণতুলসে, কালে তুলসী বাহার. অর্থাৎ আপনাকে ধার্ম্মিক জানাইবার নিমিন্ত যে কাণে তুলসী দেম্ (সংস্কৃতে

ভূলদীকর্ণঃ) বানর মুখো, বানরের ন্যার মুখ (সংস্কৃতে বানরমুখঃ) মুখচোরা, মুথেতে চোর, অর্থাৎ সভার আলাপে অপটু (সংস্কৃতে সভাকুন্ধঃ) কোনং স্থলে সমাস হইরা ছই পদের মধ্যে কোন শব্দের অধ্যাহার হয়, যেমন ঘর-পাগলা, ঘরের নিমিত্তে পাগল (সংস্কৃতে গৃহোন্মতঃ) এখানে নিমিত্ত শব্দের অধ্যাহার হইয়াছে। সোনামোড়া, অর্থাৎ সোণা দিয়া মোড়া (সংস্কৃতে অর্থমিণ্ডিতঃ) একার ওকার আকারে যাহার পর্যাবসান হয় ভাহার ভূরি শব্দের স্ত্রীত্ব করিতে অস্তে জকারের যোগ হয়, যেমন বানরমুখী, ঘরপাগলী, ইত্যাদি।

ভূতীয়।

তৃইয়ের প্রথম শব্দ বিশেষণ পদ হয়, আর দ্বিতীয় শব্দ অভিহিত পদ হইয়াও একারে কিন্বা ওকারে পর্য্যবদান হয়, যেমন মিষ্টমুখো, মিষ্ট হইয়াছে যাহার মুথ, অর্থাৎ বাক্য। কটাচুলে, অর্থাৎ কটা চুল যে ব্যক্তির।

চতুর্থ।

ছই এক জাতীয় শব্দের মিলনের ছারা হয়, যাহা পরস্পর ক্রিয়াকে কিয়া উৎকট ক্রিয়াকে ব্ঝায়, শেষের পদ ঈকারাস্ত হইয়া থাকে, যেমন মারা। মারী, পরস্পর মারণকে ব্ঝায়। দৌড়াদৌড়ী, অতিশয় ক্রত গমনকে ব্ঝায়। এই আকারে যাহার ছারা ক্রিয়ানিপত্তি হয় তাহার বাচক শব্দকে ব্যবহার করা যায়, ব্যথন তছারা পরস্পর ক্রিয়ার নিপত্তি ব্ঝায়, যেমন হাতাহাতী, লাঠালাঠী, ইত্যাদি।

যদি আর কোন সমাস পদ থাকে, যাহা এ চারি প্রকারের মধ্যে গশিত না হয়, তাহার অর্থও এক পদ করিবার রীতিজ্ঞান ঐ চারি প্রকার নিয়মের জ্ঞানদারা প্রায় হইতে পারিবেক, স্থতরাং এ বিষয়ে আর অধিক লিখনের প্রয়োজন নাই।

এই চারি প্রকার রীতিজ্ঞান হইলে সংস্কৃতে এবং অন্যভাষায়ও সমাস্পদের তাৎপর্য্য বোধ হইতে পারে, বেমন চন্দ্রমুধ, চন্দ্রের ন্যায় মুখ বে ব্যক্তির; হ্রাআ, হুই স্বভাব যাহার; ভূপতি, ভূ অর্থাৎ বে পৃথিবীর পতি; হস্তক্বত, যাহা হস্তবারা করা গিয়াছে; পিতৃধর্ম, পিতার অফুর্চেয় ধর্ম; জলচর, বে জন্ত জলে চরে।

সমাসের অন্তঃপাতী।

नाम ७ मःशावाहक मत्मत भरत है। हि हेशत अरतांश हत, यांश मनूरा

নার। শব্দ নাম খাতু, কিন্তু কথনৰ মারণ ক্রিয়া মাত্র বোধক হয়, বেষন "শরপাগভকে
মারা ভাল হয় ন।"

কিছা পশাদিবাচক শব্দের সহিত অন্ধিত হইলে তাহার স্বার্থ কিছা তুচ্ছতা বোধ করার, যেমন একটা মুম্বা, একটা কুকুর, মামুষটা, কুকুরটা। আর হ্রাস বৃদ্ধি শূন্য বস্তুর, সহিত সংষ্ক্ত হইলে তাহার স্থূলতা কিছা বাছল্য বোধক হয়, যেমন একটা ঘর, ঘরটা ইত্যাদি।

যথন প্রাণিবাচক শব্দের সহিত টির অন্বয় হয় তথন দ্যা কিছা স্নেহের উদ্বোধক হইয়া থাকে, বৈমন একটি বালক, বালকটি। আর অপ্রাণি বাচক শব্দে অন্বিত হইলে তাহার অন্ধতা বোধ করায়, যেমন একটি টাকা, টাকাটি। গাছা এই প্রত্যায়ের প্রয়োগ সেই সকল শব্দের উত্তর হয়, যাহার প্রস্থ অপেকা দীর্যতার আতিশয় থাকে, যেমন এক গাছা দড়ি, দড়িগাছা। টুকি অন্ধতা অর্থে দ্রব দ্রব্য বাচক শব্দের পরে প্রয়োগ হইয়া থাকে, যেমন জলটুকি, তৈলটুকি, ইত্যাদি। গোটা ইহার প্রয়োগ সংখ্যাবাচক শব্দের পূর্বে তাহার অনির্ধারণার্থে হয়, যেমন গোটাচারি টাকা দেও।

গুলা ইহার প্রয়োগ নামের পরে হয়, এবং বাছল্য অর্থ কহিয়া থাকে, বেমন বলদগুলা, টাকাগুলা, ইত্যাদি। গুলিন সেই রূপ নামের পরে প্রযুক্ত হয়, অয়ভা এবং দয়া অথবা মেহকে বুঝায়, বেমন বালক গুলিন। খান সেই সকল শব্দের পরে প্রায় আইসে, য়াহা চেপ্টা বস্তর প্রতিপাদক হয়, যেমন থালাখান, কাপোড়খান, ডালাখান, ইত্যাদি। থান বিশেষ দীর্ঘতাবিশিষ্ট বস্ত্রবোধক শব্দের সহিত অম্বিত হয়, যেমন কার্ণ্ডেগানী, এক থান কাপড়, ইত্যাদি; এই রূপ সোনার মোহর শব্দের সহিতও প্রয়োগ হয়, যেমন মোহর থান, এক থান মোহর। এই সকল প্রত্যয় যাহা পূর্ব্বেক্তিনাম তাহার প্রয়োগে বিশেষ এই, যথন সংখ্যাবাচকের পরে আসিবেক তথন তাহার বিশেষ্য পদের অনির্ধারণকে বুঝায়, যেমন এক খান নৌকা আন, অর্থাৎ অনির্ধারিত যে কোন এক খান নৌকা আন। আর যথন নামের পরে আসিবেক তথন তাহার প্রায় নির্ধারণকে বুঝাইবেক, যেমন নামর পরে আসিবেক তথন তাহার প্রায় নির্ধারণকে বুঝাইবেক, যেমন নাকা খান আন, অর্থাৎ ঐ নৌকা আন। আর যথন শব্দের সহিত ঐ সকলের প্রয়োগ হইবেক তথন উভয়ে মিলিত হইয়া এক শব্দের ন্যায় রূপ হইবেক, যেমন বালকটাকে ডাক, বালকটার কোন বোধ নাই, ইত্যাদি।

রূপের পরে ই এই সর মাত্রের প্রারোগ হইলে সন্যের ব্যাবর্ত্তন বুঝার, বেমন আমিই করিয়াছি, আমাকেই দিরাছে, আমারই বাটী, অর্পং অন্যের নহে। সেই রূপ ও এই স্বর সমুচ্চরার্থে প্রযুক্ত হয়, বেমন আমিও গিরাছি, অর্থাৎ সে গিরাছিল এবং আমিও গিরাছিলাম। কখন বা সমুচ্চরার্থবোধক হইয়া অপেক্ষার্কত গৌরব অথবা তুচ্ছতাকে বুঝার, বেমন আমাকেও তুচ্ছ করিলে, অর্থাৎ অন্যাকে তুচ্ছ করিলে, এবং আমি বে তাহার আধ্য অপেক্ষা

মান্য ছিলাম আমাকেও করিলেক ইত্যাদি। পৌন:পুন্য বুঝাইবারু নিমিত্তে কোনং ক্রিয়াবাচক পদ দ্বিক্তক হইয়া থাকে, যেমন থরং করিতেছে, অর্থাৎ পুন:২ কাঁপিতেছে। আর যথন এক শব্দের পরে তাহার প্রতিরূপ শব্দ কহা যায় তথন তাহাকেও তৎসদৃশ বস্তুত্তরকে বুঝার, যেমন জল টল আছে, অর্থাৎ জল কিয়া তৎসদৃশ পানীয় দ্রব্য আছে। কাপড় চোপড় আছে, অর্থাৎ কাপড় কিয়া তৎ সদৃশ বস্তু আছে, ইত্যাদি।

চতুর্থ অধ্যায়।

প্রতিসংজ্ঞার প্রকরণ।

দ্বিতীয় প্রকার নামকে প্রতিসংজ্ঞা কহি, যাহা ব্যক্তি বিশেষকে প্রতি-পন্ন করিবার জন্যে ব্যবহার্য্য হয়, যদ্যপিও ওই সকল শব্দ স্বতন্ত্র রূপে ব্যক্তি বিশেষকে কিম্বা ব্যক্তি সমূহকে নির্ধারিত করিয়া প্রতিপন্ন করিতে পারে না, যেমন, আমি, তুমি, সে, ইত্যাদি। মে প্রতিসংজ্ঞা অন্যের প্রতিপাদক নী হইকা বিশেষ বক্তাকে প্রতিপন্ন করে, তাহাকে উত্তম পুরুষ কহি। বেমন আমি। আর যে প্রতিসংজ্ঞা অন্যের প্রতিপাদক না হইয়া ঋশুরে গুত্তি বাকাপ্রয়োগ করা বায় তন্মাত্রকে প্রতিপন্ন করে, তাছাকে মধ্যম পুরুষ কহি, যেমন তুমি। আর যে প্রতিসংজ্ঞা অন্য কোন বস্তু কিম্বা ব্যক্তি যাহা পূর্বে অভিপ্রেত থাকে তাহার নামের প্রতিনিধি হয়, তাহাকে তৃতীয় পুৰুষ কহি, যেমন দে, অৰ্থাৎ পূৰ্ব্লোক্ত কোন স্ত্ৰী কিম্বা পুৰুষ অথবা বস্তুর প্রতিপাদক হয়। যথন বাক্যে উদ্দেশ্য উত্তম পুক্ষ মধ্যম পুরুষ না হইয়া অন্য কোন বস্তু কিথা ব্যক্তি উদ্দেশ্য হয়, সে বস্তু কিথা ব্যক্তি যদি প্রত্যক্ষে অভিপ্রেত হয় তবে, এ, এই শব্দের প্রয়োগ হঠবেক। আর যদি প্রত্যক্ষ রূপে অভিপ্রেত না হর, তবে দূর কিম্বা কিয়দস্তর অভিপ্রেত হইবেক: তাহার প্রথমে অর্থাৎ দ্রাভিপ্রেত হইলে, সে, আর কিয়দস্তর অভিপ্রেত হইলে, ও, ইহার প্রয়োগ হয়।

যে কোন প্রতিসংজ্ঞা প্রধান বাহক্যতে আপন অর্থ বোধের নিমিত্তে স্বস্তঃপ্রাতীয় বাক্যের সাপেক হয়, তাহাকে নহন্ধীয় প্রতিসংজ্ঞা কহি, যেমন যে আমাকে কহিয়াছিল, সে* সত্যবাদী।

যদাপিও প্রথম পুরুষ অন্যের প্রতিপাদীক না হইয়া বিশেষ বক্তাকে

সংস্তৃত এবং বঁসভাবায় স্বন্ধীয় প্রতিসংজ্ঞাতে বাকেয় সম্পূর্ণতা নিমিত্ব, সে,
 ইত্যাদি পঞ্জে আবশাক হয়।

শ্রতিপন্ন করে তথাপিও বক্তা যে ক্রিয়া করে তজ্জাতীয় ক্রিয়ার সহিত যাহার২ দাহিত্য থাকে তাহাকে২ও কহে, যেমন আমরা পড়িতেছি, অর্থাৎ বক্তার সহিত পাঠক্রিয়ার সাহিত্য যাহার থাকিবেক তাহার ও বক্তার উভ-য়ের প্রতিপাদক হয়।

আমি ইহার রূপ।

অভিহিত • অধিকরণ **沙斯*** সম্বন্ধ ১ আমি আমাকে আমায়, আমাতে আমার ২৷৩ আমরা আমাদিগেগ আমাদিগেতে আমাদের আমি স্থানে ইতর লোকে মুই কহিয়াথাকে।

ভাহার রূপ।

> भूरे · মোর মোকে মোতে মোদিগেতে মোদের ইত্যাদি। ২া৩ মোরা মোদিগেগ

তুমি ইহার রূপ।

১ তুমি তোমাকে তোমাতে তোুমার তোমাদিগেগ ২া৩ তোমরা ভোমাদিগৈতে 'ভোমাদের ইত্যাদি। যাহার উদ্দেশে তুমি শব্দ প্রয়োগ হয় তাহার তৃচ্ছতা প্রকাশের নিমিত্ত তুমি স্থানে তুই হইয়া থাকে।

ভাহার রূপ এই।

> जूरे তোকে তোতে তোর ২া৩ তোরা তোদিগ্গে তোদিগেতে তোদের ইত্যাদি।

অপ্রত্যক্ষ বস্তু কিম্বা ব্যক্তি যাহার জ্ঞান কিম্বা উল্লেখ পূর্ব্বে থাকে তাহার প্রতি, সে, এই শব্দের প্রয়োগ হয়, যেমন সে চৌকী, সে ব্যক্তি।

সে ইছার রূপ।

তাহাকে† তাহাতে তাহায় ১ সে তাহার তাহাদিগ্গে তাহাদিগেতে ২৷৩ তাহারা তাহাদের

[•] क्षिष्ठ ज्ञातं क्रम नारमह नाग्न वय । विर्द्ध थरे, य अना कावत्कू देवां क्रम বেন কর্ম পদহইতে হইল এমত বোধ হয় কিন্তু কর্তৃপদের বহু বচনে মকারের "আ' ইছার কোপ হয়, যেখন আমরা, ভোমরা **৮**

[†] পশুতে কিছা অচেতন বৃদ্ধতে যখন প্রতিসংজ্ঞার প্রয়োগ হয় তখন মুখ্য কর্মে "কে" এই কৰ্ম চিন্দের প্ৰয়োজন বাকে না, বেষন ভাষা আমাকে দেও, ইছার বিভার ১৪।১৫ পৃত্তে (এই গ্রহাবলীর ৭২১ পৃষ্ঠা) দেখিবেন।

ৰখন সন্ধান তাৎপৰ্য্য হইবেক তথন সে ইহার স্থানে তিনি,কিয়া তেঁহ আদেশ হয়, আর অন্য তাবৎ প্রিণামে প্রথম স্বর সালনাসিক উচ্চারণ হয়, বেষন

তাঁহাকে তাঁহাদিগেতে তাঁহাদের ইত্যাদি। বস্তুর কিন্বা ব্যক্তির প্রত্যক্ষ অভিপ্রেত হইলে, এ, এই শব্দের প্রয়োগ হয়।

ভাছার রূপ।

১এ ইহাকে ইহাতে ইহার ২৷৩ ইহারা* ইহাদিগ্গে ইহাদের

সম্মান অভিপ্রেত হইলে ''এ" স্থানে ইনি আদেশ হয় এবং প্রথম স্থারেরও সামুনাসিক উচ্চারণ হয়।

रयमन देंगी दें दाता दें दामिश्रा दे दारमत देखामि।

কিয়দন্তর পরোক্ষ অভিপ্রেত হইলে "ও" ইহার প্রয়োগ হয়, আর তাহার "এ" এই শব্দের ন্যায় রূপ হয়, কেবল ওকারের স্থানে উ হইয়া ৣথাকে, কেফন ও, উহাকে, উহাতে, ইত্যাদি। সম্মান অভিপ্রেত হইলে "ও" ইহার স্থানে উনি আদেশ হয়, আর প্রথম স্বরের সাম্নাসিক উচ্চারণ হয়, বেমন উঁনি, উঁহাকে, উঁহাতে † ইত্যাদি।

শি ' ' ' ' ' ' ' ' ' ' এই প্রতিসংজ্ঞার রপ "নে" এই প্রতিসংজ্ঞার ন্যায় হয়, যেমন বে যাহাকে, যাহাতে যাহার, ইত্যাদি। সন্ধান অভিপ্রেত হইলে যিনি, বাঁহাকে ইত্যাদি রূপে পরিণাম হয়। যে তোমাকে মারিলেক, এ প্রয়োগে বে সাধারণ ব্যক্তিকে ব্রাইতেছে, তোমাকে মারিলেক এই বাক্যের সম্বন্ধনার বিশেষ মারণকর্তার প্রতীতি হইল।

জিজ্ঞাসার বিষয় পদার্থ যদি ব্যক্তি হয় তবে কে, আর যদি বস্তু হয় তবে কি, ইহার প্রয়োগ হয় কিন্তু অধ্যাহত কিয়া উক্ত ক্রিয়া তাহার যোজক হইয়াথাকে, যেমন কে কহিয়াছিল ? এ স্থলে বাক্যের অর্থ কে কহিয়াছিল উক্ত হইয়াছে; কে ? অর্থাৎ কে বিসরাছে, বা, গিয়াছে। এ স্থলে ক্রিয়া উহু হইল, এবং কি কহিতেছু ? কি.? অর্থাৎ কি হয় ইত্যাদি। ইহার রূপ

[%] কর্ত্তুকারক ভিন্ন সকল কারকে এ. ও, এই প্রতিসংজ্ঞা নামন্ত্রণাভিষিক হয়, বেষন ইছাকে দেও, ইছারা যায়, উহারা যাইডেছে।

[†] পরস্পার কথো পকথনে কর্তৃপদ ভিন্ন কারকে যথৰ "হা" ইহার লোপ হয় উথন উকার ছানে, ও, আন্দেশ হয়, যেমন ওকে দেও; সেই রূপ "ইহাকে" ইহার "ই" ছানে এ হইয়া থাকে, যেমন একে দেও; এইরপ বাহাকে, ভাহাকে, কাহাকে ইভাাদি ছলেও জানিবে, শেমন যাকে, ভাকে, কাকে, ইভ্যাদি।

"বে" ইহাম ন্যায় জানিবে। প্রভেদ এই যে সন্মান অভিপ্রেত হইলেও বিশেষ নাই।

যদি নময় জিজ্ঞান্য হয় তবে, "কবে" আর "কথন" ইহার প্রয়োগ হয়, ইহার রূপান্তর নাই, ওই ছয়ের প্রভেদ এই যে, কবে, ইহার প্রয়োগ দিন জিজ্ঞান্য; আর, কথন, ইহার প্রয়োগ সময় জিজ্ঞান্য হইলে প্রায় হইয়া থাকে, যেমন কবে যাইবে ? অর্থাৎ কোন্ দিন যাইবে ? কথন যাইবে ? অর্থাৎ কোন্ সময়ে যাইবে । যথন স্থান জিজ্ঞান্য হয় তথন "কোথা" * কিমা "কোথায়" ইহার প্রয়োগ হয়, যেমন কোথা যাইবে, কোথায় যাইবে ? অবস্থা কিমা প্রকার ইহা জিজ্ঞান্য হইলে "কেমন" শব্দের প্রয়োগ হয়। যথা কেমন আছেন ? ইহার রূপান্তর নাই।

কি ইহার রূপ।

কি কি কিনে, কিনেতে, ফিনের

নাস্ত কোন শব্দ কে, কি, কবে, কোথা, ইহার প্রতিনিধি হয়, এ শব্দ অব্যয়, ইহার রূপান্তর হয় না, আর বিশেষণ পদের ন্যায় ব্যবহার হয়; কোন্ ব্যক্তি তোমাকে মারিলেক ? অর্থাৎ কে তোমাকে মারিলেক। কোন্ পুস্তক পড়িতেছ? অর্থাৎ কি পুস্তক পড়িতেছ। কোন্ দিবস যাইবে ? অর্থাৎ কবে যাইবে। কোন্ স্থানে যাইতেছ? অর্থাৎ কোথা যাইতেছ। যথন কোন জাতিবাচক শব্দের অনির্দ্ধারিত এক ব্যক্তি জিজ্ঞাস্য ইয়া অধান কোন জাতিবাচক শব্দের আছি শব্দ বিশেষণের ন্যায় প্রয়োগ হইয়া থাকে; যেমন কোন নমুষ্য ঘরে আছে ? অর্থাৎ মনুষ্যের কোন এক ব্যক্তি ঘরে, আছে ? কোন পুস্তক পেটরাতে আছে ? অর্থাৎ পুস্তকের কোন এক থান পেটরাতে আছে ?

্ অনির্দারিত ব্যক্তি জিজ্ঞাস্য হইলে, কেও, কিম্বা কেহ, ইহার প্রয়োগ হয়, যেমন কেও ঘরে আছে, অর্থাৎ কোন্ ব্যক্তি ঘরে আছে ? আর কোন শব্দ ও কেহ শব্দ যথন ম্বিকক্ত হয় তথন প্রশ্ন অভিপ্রেত না হইয়া অনির্দ্ধান রিত ব্যক্তি সকলকে বুঝায়, যেমন কোনং ব্রাহ্মণ; কোনং রাজা ইত্যাদি।

আপন, এই শব্দ নামের অথবা প্রতিসংজ্ঞার পর আন্যের ব্যাবর্তনার্থে প্রয়োগ হয়, যেমন সে আপন পুত্রকে দান করিপেক অর্থাৎ অন্যের পুত্র নহে, আপন পুত্রকেই দান করিলেক। আপনি, এই শব্দ নামের কিম্বা প্রতিসংজ্ঞার পরে নির্দার্থার্থে প্রয়োগ হয়, যেমন সে আপনি মরিলেক, অর্থাৎ সেই স্বয়ং মরিয়াছে ইত্যাদি। আমি আপনি, তুমি আপনি, রাজা আপনি ইত্যাদি। আপনি, এই শব্দ কথন দিতীয় পুরুষের প্রতি যোগ হয়,

কোলা এ হলে থকার হানে পূর্ব্বাঞ্চল ও কহিয়াধাকেন !

যথন তাহার সম্মান অভিপ্রেত হয়, তৎকালে তৃতীয় পুরুষীয় ক্রিয়া পদের সহিত অথিত হইয়া থাকে, বেমন আপনি কোথায় যাইতেছেন ? ইত্যাদি। এবং উহার রূপ আমি ইত্যাদি প্রতিসংজ্ঞার ন্যায় হইয়া থাকে, বেমন এক বচনে আপনি, আপনাকে, আপনাতে, আপনার বহুবচনে আপনারা, আপনাদিগুলে, আপনাদিগেতে* আপনাদিগের।

পঞ্চম পরিচ্ছেদ।

বিশেষণ শব্দের বিভাগ প্রকরণ। গুণাত্মক বিশেষণ।

যে২ শক'বস্তুর গুণ কিলা অবস্থাকে কহে যদি। সেই অর্থের সহিত তিন কালের এক কালেরও প্রতীতি না হয় তবে তাহাকে গুণাত্মক বিশেষণ কহি, যেমন বড়, ছোট, ভাল, মল, ইত্যাদি। অতৃএব গুণাত্মক বিশেষণ শব্দ বিশেষ্টের পূর্বে প্রযুক্ত হইরা তাহার গুণকে কহে সে বিশেষ্য কখন উক্ত হয়, যেমন বড় মন্থাকে সন্ধান কর, আর কখন অধ্যাহত হয়, যেমন বড়কে মান্য কর, অর্থাৎ বড় মন্থাকে মান্য কর। যথন বিশেষ্য শব্দের পূর্বের গ্রাণ হয় তখন সমাস হইয়া এক পদ হইয়া থাকে, অর্থাৎ ঐ বিশেষণের প্রয়োগ হয় তখন সমাস হইয়া এক পদ হইয়া থাকে, অর্থাৎ ঐ বিশেষণের কি বচন, কি রূপ, কি পরিণাম, কোন চিহ্ন থাকে না, যেমন বড় মন্থ্যেরা, বড় কন্যাকে ইত্যাদি। কিন্তু সংস্কৃত গুণাত্মক বিশেষণ শব্দে এ নিয়ম সর্বাদা থাকে না, অর্থাৎ লিঙ্গ চিহ্ন অনেক স্থানে দৃষ্ট হয়, যেমন জ্যেষ্ঠা কন্যা, ছুষ্টা ভার্যাকে ত্যাগ করা উচিত ইত্যাদি। কিন্তু বিশেষ্য শব্দ যথন উক্ত না হয় তখন কি সংস্কৃত কি ভাষা গুণাত্মক শব্দ সকলের রূপ পূর্ব্বোক্ত বিশেষ্য শব্দের রূপের ন্যায় গৌড়ীয় ভাষাতে হইয়া থাকে।

এক বচন
 বছ বচন
 বছ বছরা
 বছেকে†
 বছ বছন
 বছ বচন
 বছ বচন

ত ভাষাতে এরপ প্রয়োগ কি নামে কি প্রতিদুৎজ্ঞায় অধিকরণ কারকের বছনচনে ব্যবহার নাই, কিন্তু তৎস্থানে সম্বন্ধীয় কারকের রহুবচনের পরে ক্রম্মনীয়, বিশেষণের যোগ হয়, বেষন আমানের প্রতি ইত্যাদি।

[†] বহু ভাষায় অধিকরণ কারকের "এতে," সম্দ্রীয় কারকের "এর," কারক চিচ্ছের নিবিশ্ব যোখ না হইয়া এ, ইছার লোপ হয়; যেমন বড়তে, বড়র।

বড়তে বড়র বড়দিগেতে বড়দের

কুদু শব্দ সংস্কৃত, ইহার রূপও ঐ প্রকার হয়। কুদুদ্র কুদ্রেরা

কুদ্রকে কুদ্রে, কুদ্রেতে কুদ্রদিগ্গে কুদ্রদিগেতে

क्ष्य क्षित

গুণাত্মক শব্দ কি ভাষা কি সংস্কৃত যাহা ভাষাতে ব্যবহার্য্য হয়, তাহা সকল পূর্ব্বোক্ত অর্থে এবং পূর্ব্বোক্ত প্রকারে টা, টি, গাছা, গুলা, গুলান, গান, ইহার সহিত সংযুক্ত হয়,যেমন বড়টাকে দেও; কিন্তু বিশেষ্য শব্দ উক্ত হইলে তাহার সহিত্ প্রয়োগ হয়, যেমন বড় ঘোড়াটাকে দেও।

ভূরি সংস্কৃত বিশেষণ শব্দ ছাহা ভাষাতে ব্যবহার্য হয় তাহা সংস্কৃত বিশেষণ কিলা বিশেষ্য শব্দ ইতি নিষ্পান্ন হয়, যেমন ধার্ম্মিক অর্থাৎ ধর্ম শব্দ খাহা বিশেষ্য হয় তাহাছইতে নিষ্পান্ন হইরাছে; সেইরূপ মাসহইতে মাসিক, জ্ঞানহইতে জ্ঞানী। নির্ধন, নির্শব্দ ও ধন শব্দের সমাণে হয়। আলৌকিক, অর্থাৎ অ* আর লৌকিক এই ত্রের মিলনে হইরাছে। সংস্কৃত কিলা ইংরাজি অভিধান যাহাতে সংস্কৃত শব্দের অর্থাদি আছে তাহা অবলোকনুদারা আরু দ্বানে জানিতে পারিবেন, যে এই সকল সমাস্ত্রুক্ত পদের প্রত্যেক শব্দ বাক্যের কোন অংশ হয়। থাকে বদ্যপিও সংস্কৃত ব্যাকরণ পাঠ ব্যতিরেক ইহার বিশেষ জ্ঞান হইতে পারে না।

পশ্চাৎ লিখিত সংস্কৃতের গুণাত্মক বিশেষণ শব্দ সকল এবং সেই প্রকার গৌড়ীর ভাষার পদ সকল গৌড়ীয় ভাষাতে সর্বাদা ব্যবহার্য্য হয়, যেমন বন্ধু-হীন, বন্ধু গু হীন এই তুই শব্দের সমাসে হইয়াছে। সেই রূপ ধর্মকার্য্য, জ্ঞানশূন্য, জলপ্রায়, সজীব, সর্বাক্ত, অমুগত, বুদ্ধিমান্ধ ইত্যাদি।

সংস্কৃত গুণাত্মক বিশেষণ যথন ব্যবহার্য্য হয় তথন সংস্কৃতের নিয়মান্ত্র্সাতির গুণোর আধিক্য জানাইবার নিমিড 'তর' ও 'তম' ইহার সংযোগ

 [্]বে সকল শব্দের আদিতে স্বর থাকে তাহার পূর্বের নিষেধ বোধক অক্রেরের যোগ
 ছুইলে অকার ছানে অন আদেশ হয়, বেমন অনুকূল, অননুকূল।

⁺ অ, আ, ম, আর গঞ্চ বর্গের পঞ্চমাক্ষর ভিন্ন যে কোন অক্ষরাত্ত শব্দ পুরুষের প্রতি প্রযোগ ছইলে ভাছার অত্তে বান্শব্দের সংযোগ ছয় বেমন ভাগ্যবান্, রপষান্, আর জীলিকে বভী, বেমন ভাগ্যবভী, রপবভী। ইছা ভিন্ন হলে "মান্," "মড়ী" ছয়, যেমন বুজিমান্, বুজিমভী।

ঐ বিশেষণ শব্দের সহিত হইয়া থাকে। গুণ বিশিষ্ট ছই বস্তুর মধ্যে একের গুণাধিক্য ব্ঝাইতে তাহার সহিত 'তর' ইহার সংযোগ করা যায়, যেমন শ্যাম হইতে রাম বিজ্ঞতর হন। এবং গুণবিশিষ্ট অনেকের মধ্যে একের গুণাধিক্য বুঝিতে 'তম' ইহার সংযোগ হয়, যেমন শ্যাম ও রাম হইতে ক্লঞ্জ্ঞতম হন ইত্যাদি।

এই রূপ অতি, অত্যন্ত, অতিশয়, ইহার গুণাত্মক বিশেষণের পূর্ব্ব নিক্ষেপ দারা গুণের আধিক্য বুঝায়, যেমন অতি স্থন্দর ইত্যাদি। .

পৌড়ীর ভাষাতে গুণাত্মক বিশেষণ শব্দের বিশেষ লিঙ্গ চিহ্ন নাই, ইহা পূর্ব্বেই কহা গিরাছে; কিন্তু সংস্কৃত যে সকল গুণাত্মক শব্দ তাহা প্রায় সংস্কৃতের নাায় ভাষায় ব্যবহার্য হয়; বেমন স্কুলর পুরুষ, স্কুলরী স্ত্রী*। কিন্তু ক্লীব লিঞ্চের ব্যবহার ভাষার কোন স্থলে নাই।

কোন গুণাত্মক শব্দের কেবল গুণ অভিপ্রেত হইলে তাহার উত্তর সংস্কৃত নিরমান্সারে 'ভ' কিম্বা 'তা' ইহার প্রয়োগ হয়, কিন্তু ইহা সংস্কৃত গুণাত্মক শব্দের পরেই হইয়া থাকে; যেমন ক্ষুদ্রতা, ক্ষুদ্রতা। কথন সংস্কৃত নিরমান্সারে আকারেরও বৈপরীত্য হইয়া থাকে; 'যেমন ধীরহইতে ধৈয়া, শূরহইতে শৌর্যা, ইত্যাদি।' এ সকল গুণাত্মক শব্দের আকারের বৈপরীত্যের বিশেষ জ্ঞান সংস্কৃত ব্যাকরণের জ্ঞানাধীন হয়।

ষষ্ঠ পরিচ্ছেদ।

আগ্যাত প্রকর্ণ।

ক্রিয়াত্মক বিশেষণ।

যে সকল শব্দ বস্তুর অবস্থাকে কহে আর সেই অর্থের সহিত তিন কালের এক কাল প্রতীত হয়, তাহাকে ক্রিয়াত্মক বিশেষণ কহা যায়, যেমন আমি মারিলাম, মারি, মারিব।

সেই ক্রিয়াত্মক বিশেষণ হুই প্রকার হয়, সকর্ম্মক আর অকর্মক।

যে ক্রিয়া কর্তাহইতে নিম্পুন্ন হইয়া সাক্ষাৎ কিম্বা লক্ষণায় অন্যকে ব্যাপে তাহাকে সকর্মক কহা যায়, যেমন সে রামকে মারিলেক, সে মহা যোদ্ধা সমুদ্রকৈ ত্বিত করিলেক।

যে ক্রিয়া কর্ত্তাতেই কেবল নিষ্ণান হন তাহাকে অকর্মাক কহি, যেুমুন রাম বদিলেন।

প্রায় স্থাকারত শব্দে ক্রীলিঙ্গ জ্ঞানের নিমিত থকার স্থানে আকার ছইয়া থাকে, যেমন
দীর্ঘ, দীর্ঘার্ম

সেই সকর্মক জিয়া ছই প্রকার হয়, কর্ত্বাচ্য ও কর্মবাচ্য। বাক্যে কর্ত্তা মুখ্য রূপে অভিপ্রেত হইলে কর্ত্বাচ্য, যেমন রাম মারিলেন। আর কর্ম মুগ্ন্য রূপে অভিপ্রেত হইলে কর্মবাচ্য হয়, যেমন রাম মারা গেলেন।

ক্রিয়ার প্রকার।

সেই ক্রিয়াত্মক বিশেষণ বেমন অবস্থাকে ও অবস্থার সহিত কালকে প্রতিপন্ন করে সেই রূপ বাক্যের অভিপ্রেত পদার্থের সহিত সম্বন্ধকেও কহে, যেমন দেবদন্ত যাইতেছেন, এস্থলে যাইতেছেন এই যে পদ সে দেবদন্তের অবস্থা যে যাওন তাহাকে এবং তাহার সহিত বর্ত্তমান কালকে এবং দেবদন্তের সহিত ঐ অবস্থার সম্বন্ধকে ব্ঝাইতেছে। সেই সম্বন্ধ যদি অবধারিত হয় তবে সে ক্রিয়াকে নির্ধারণ কহা যায়, যেমন আমি যাইব। আর যদি সে সম্বন্ধ অন্য সম্বন্ধের অপেক্ষা করে তবে তাহাকে সংযোজন ক্রিয়া কহি. যেমন তুমি যদি যাও তবে আমি যাইব। আর যদি সে সম্বন্ধ প্রার্থনীয় হয় তবে সে ক্রিয়াকে নিয়োজন কহি, যেমন তুমি যাও। আর তুমি যাইতে পার এতাদৃশ অর্থে যে অন্যং ভাষায় ক্রিয়ার রূপাস্তর হয়, তাহা এই তৃতীয় প্রকারের অন্তর্গত জানিবৈ।

বিভক্তিবাচ্যকাল।

ক্রিয়ার সহিত নানাবিধ কালিক সম্বন্ধ যাহা আখ্যাতিক পদের দারা প্রতীত হয় তাহাকে বিভক্তিবাচ্য কাল কহি, আর তাহার দেয়াক্ত শিস্থ আখ্যাত প্রত্যয় হয়, যেমন আমি মারিলাম, আমি মারিয়াছি, আমি মারিব।

ধাতুরূপ।

প্রত্যারের দারা ক্রিয়ার পৃথক্ং প্রকারকে ও কালকে ও সংখ্যাকে ব্যক্ত করা বায় তাহাকে ধাতুরূপ কহি, সে ধাতুর গৌড়ীয় ভাবাতে এক প্রকার হয়।

নাস্ত ক্রিয়াবাচক শব্দের পরে ঐ সকল প্রত্যােরর প্রয়োগ হইয়া থাকে, বেমন মারণ এই ধাতু কেবল মারণ ক্রিয়াকে কহে, তাহার পরে প্রত্যায়ের ছারা নানাবিধ পদের রচনা হয়, বেমন ই, ইব, ইলাম, ইহার প্রয়োগ মারণ ধাতুর উত্তর হইয়া ওই ধাতুর অনভাগের লোপ হয়, পশ্চাৎ মারি, মারিব, মারিলাম, এই পদ সিদ্ধ হয়। ইহার শেষ বিভার রূপে পশ্চাৎ লেথা যাইতেছে।

ক্রবল প্রথম পুরুষ দ্বিতীয় পুরুষ ভৃতীয় পুরুষ ভেদে প্রত্যয়ের বিপর্যায় হয়, যেমন আমি মারি, ভূমি মার, তিনি মারেন, কিন্তু এক বচন বহু বচন ভেদে প্রত্যয়ের বিপর্যায় হয় না, যেমন আমি মারি, আমন্ত্রা মারি, ভূমি মার, তোমরা মার, তিনি মারেন, তাহাঁরা মারেন।

সেই রূপ লিঙ্গের প্রভেদেও প্রত্যরের বিপর্যায় হর না, বেমন সে কোথা গেল অর্থাৎ সে পুরুষ কিম্বা স্ত্রী কোথা গেল; ইহা গৌড়ীয় ভাষা শিক্ষাতে স্থামের এক কারণ হইয়াছে।

ক্রিয়া বাচক শব্দ যাহার সহিত প্রত্যােরর সংযোগদারা নানাবিধ পদ নিদ্ধ হয় তাহাকে তিন প্রকারে বিভাগ করা যাইতে পারে, অর্থাৎ অন অস্তে যাহার থাকে সে প্রথম প্রকার, বেমন মারণ, চলন, দেখন ইত্যাদি। অন্তে যাহার থাকে সে দিতীয় প্রকার হয়, যেমন থাওন, যাওম ইত্যাদি। আর আন অন্তে যাহার হয় দে তৃতীয় প্রকার, যেমন বেড়ান, দেখান, हेलामि। लाहार मरशा आरमी थालम धहेरा थलाय मरराम कानीन প্রথম ও দ্বিতীয় প্রকারের অনভাগ ও ওনভাগ লোপ হইয়া প্রথম পুরুষে বর্ত্তমান কালে "ই" প্রত্যর হয়, যেমন মারি খাই, আর তৃতীয় প্রকারের কেবল নকারের লোপ হইয়া "ই" প্রত্যয় হয়, যেমন বেড়াই, দেখাই। কিন্ত বর্ত্তমান কালে দ্বিতীয় পুরুষে অন ভাগান্ত ক্রিয়ার ইকারস্থানে অকার হয়, যেমন মার দেখ ইত্যাদি। আর ওন ভাগান্ত এবং আন ভাগান্ত ক্রিয়ার ইকার স্থানে ওকার আদেশ হয়, বেমন রেড়াও দেখাও ইত্যাদি। বর্ত্তমানকালে তৃতীন পুরুষে প্রথম প্রকার ক্রিয়ার স্থায়ি প্রকৃতির অস্তে 'এন' প্রয়োগ হয়, যেমন চলেন, দেখেন, ইত্যাদি। আর দিতীয় তৃতীয় প্রকার ্ক্রিয়ার স্থায়ি প্রকৃতির পরে কেবল নকারের প্রয়োগ হয়, যেমন যান বেডান ইত্যাদি ।

সেই রূপ অতীত কালে সর্ব্ধ প্রকার ক্রিরার স্থায়ি প্রকৃতির পরে প্রথম পুরুষে 'ইলাম' দ্বিতীর পুরুষে 'ইলে'* আর তৃতীয় পুরুষে 'ইলেন' ইহা প্রয়োগ হয়, বেমন মারিলাম, থাইলাম, বেড়াইলাম। মারিলে, থাইলে, বেড়াইলে। মারিলেন, থাইলেন, বেড়াইলেন। এবং ভবিষ্যৎকালে সর্ব্ধ প্রকার ক্রিরার স্থায়ি প্রকৃতির পরে প্রথম পুরুষে 'ইব' দ্বিতীয় পুরুষে 'ইবে' আর তৃতীয় পুরুষে 'ইবেন' ইহা প্রয়োগ হয়, বেমন ঘাইব, খাইব, বেড়াইব। যাইবেন, মারিবেন, থাইবেন, ইত্যাদি।

এই রূপ সংযোজন প্রকারে প্রথম পুরুষে 'ইতাম' দ্বিতীয় পুরুষে 'ইতে' জার তৃতীয় পুরুষে 'ইতেন', যেমন মারিতাম, মারিতে, মারিতেন।

নিয়োজনে প্রথম প্রকার ক্রিয়ার স্থায়ি প্রকৃতির পরে বর্ত্তমান কালে দ্বিতীয় প্রকৃষে 'অ' কিম্বা ''অহ'' ইহা প্রয়োগ হয়, যেমন তুমি মার, মারহ।

^{*} পূর্ব্ব অঞ্চলে এবং কথন বা পদ্যেতে ইলে স্থানে ইলা প্রব্নোগ হয়, আর ইবে স্থানে ইবা, বেমন মারিলা, কারিবা, আর পদ্যেতে কদাচিং ইলের স্থানে ইলা ব্যবহার হয়, যথম ব্যক্তির সন্তুলু অভিথেত হয়।

আর দিতীয়, তৃতীয় প্রকার ক্রিয়ার অ কিম্বা অহ স্থানে 'ও' ইহা প্রয়োগ হয়, যেমন খাও, বেড়াও।

সর্ব্ধ প্রকার ক্রিয়ার স্থায়ি প্রকৃতির পরে তৃতীয় পুক্ষে বর্তমান কালে 'উন্' হয়. যেমন মাকন, খাউন্, বেড়াউন্। আর ভবিষ্যংকালে দ্বিতীয় পুরুষে সর্ব্ধ প্রকার ক্রিয়ার পরে 'ইও' প্রয়োগ হয়. যেমন মারিও, খাইও, বেড়াইও।

দর্শ প্রকার ক্রিয়ার স্থায়ি প্রকৃতির পরে 'ইতে' ইথার প্ররোগ করিলে ক্রিয়াকে কিয়া ক্রিয়ার কর্ত্তাকে বৃঝায়, যেমন মারিতে কছ, মারিতেছিল। আর দর্শ ক্রিয়ার স্থায়ি প্রকৃতির পর 'ইয়া' প্রয়োগ করিলে অনা ক্রিয়ার অতীত কাল বিশিষ্ট পূর্ণ ক্রিয়াকে বোধ করায়, যেমন মারিয়া গিয়াছে, খাইয়া ষাইবে, অর্থাৎ যাওন ক্রিয়ার পূর্ণে নারণ ও খাওন ক্রিয়া অভিপ্রেত হয়। সেই কপ ইয়ার স্থানে 'ইলে' প্রয়োগ করিলে অন্যের অনা ক্রিয়ার স্থাবনা বৃঝায়, যেমন তৃমি মারিলে আনি মারিলাম।

প্রথম প্রকার ক্রিয়ার স্তায়ি প্রকৃতির পরে 'আ' এবং দ্বিতীয় প্রকাব ক্রিয়ার 'ওয়া' প্রয়োগ করিলে ক্রিয়াকে কিন্তা কন্মকে ব্ঝার, যেমন মারা ভাল নহে, কাটা বৃক্ষ ইত্যাদি।

পরের কণিত শব্দের নামের ন্যায় রূপ হইলা পাকে, বেমন মারা, মাবাদ, মারাতে ইত্যাদি। কিন্তু তৃতীয় প্রকার ক্রিয়ার ক্রনপ প্রয়োগু, আ ক্রিক্র ক্রিয়ানাত্র বোধের নিমিত্ত 'আন ' আর ' আনা ' প্রয়োগ হয়, যেমন বেড়ান, বেড়ানা।

দেই রূপ দর্কা প্রকার ক্রিয়ার স্থায়ি প্রকৃতির পরে 'ইবা 'ইহ্বার প্ররোগ হয়, যেমন মারিবা, ইহারও তিন প্রকার রূপ হয়, মারিবা, মারিবার, মারি-বাতে। এই প্রকারে ধাতুরও তিন প্রকার রূপ হইয়া থাকে, যেমন মারণ, মারণের, মারণেতে ইত্যাদি।

বে তিন প্রকার ক্রিরার অন, ওন, আন ইহাতে শেষ হয় তাহার রূপে পরস্পর অতি অন্প প্রভেদ আছে, একারণ তিন গণ করিবার বিশেষ প্রয়োজন নাই।

পূর্ব্বে যে সকল রূপের নিমিত্ত লক্ষণ করা গেল তাহাতে মনোযোগের দারা পাঠকদের বিদিত হইবেক যে নির্ধারণ প্রকারের বর্ত্তমানের প্রথম প্রকারে আখ্যাতিক যে রূপ হইবেক, যেমন মারি, থাই, বেড়াই, তাহার সহিত ক্রা তাবৎ পদ সাদৃশ্য রাখে, কৈবল ঐ বর্ত্তমানকালের দ্বিতীয় এবং ভৃতীয় পুরুষ ও বর্ত্তমান্ নিয়োজন আর রুদস্ত কর্ম্ম পদ ইহারা সম্বন্ধ রাখে না, শেমন মারি, মারিলাম, মারিতে, মারিব, মারিতাম ইত্যাদি।

ক্রিয়াকে ণিজন্ত মর্থাৎ প্রেরণার্থে প্রয়োগ করিবার প্রকার এই, যে প্রথম প্রকার ক্রিয়ার নকারের পূর্বের 'আ' দিতে হয়, যেমন দেখনহইতে দেখান, করণ * ইহাতে কারণ ইত্যাদি।

দিতীর প্রকার ক্রিয়াতে নকারের পূর্দের "য়া" দিতে হয়, যেমন খাণ্ড রান; আর তৃতীয় প্রকার ক্রিয়া ণিজন্ত হর না+, কিন্তু ণিজন্ত ক্রিয়ার রূপ সকল তৃতীয় প্রকার ক্রিয়াপদের নাায় হয়, যেমন দেখাই ইত্যাদি। তৃতীয় প্রকার ক্রিয়ার ও ণিজন্ত ক্রিয়ার প্রথম বিধ নামধাত হয়, যেমন বেড়াইবা, বেড়াইবারে, বেড়াইবাতে, বেড়ান অপবা বেড়ান, বেড়ানেরে, বেড়ানেতে। দেখাইবার, দেখাইবার, দেখাইবারে, দেখান্, কিন্তা দেখান, দেখানের, দেখানেতে।

পূর্ব্র লক্ষণের উদাহরণ সকল বিশেষ রূপে দেখাইবার নিমিত্ত মারণ ক্রিয়ার মারি, ইত্যাদি কপ পরে লেখা যাইতেছে।

ক্রিয়া নির্দারণ প্রকারে তিন লকার হয়, অন্য ক্রিয়ার সংযোগাদীন অধিক হইয়াথাকে, তাহার বিধরণ পরে পাইবেন।

'নিধারণ প্রকার।

বর্তুমান লকার। এক ও বহু ২চন।

আনি কিলা আমলা মারিঃ, ভুনি কিলা তোমরা মার, তিনি কিলা ভাষারা মারেণ।

অভীত লকার।

আমি কিয়া আমরা মারিলাম, তুমি কিয়া তোমরা মারিলে, তিনি কিয়া তাহারা মাবিলেন।

 [#] এ দলে সংশ্বত রীতির অনুসারে দঙা নকার হানে যুর্জন্য গ হইয়াছে।

[†] যে ক্রিয়া আ অথবা য়া ছারা বিজ্ঞ হয় ভাহাতে অবিজ্ঞ কালীন যে কর্তা তিনি ঘদ্যপি বিজ্ঞ ক্রিয়াতে কর্ম হইলেন তথাপি তদ্তঃপাতি অবিজ্ঞ ক্রিয়াতে তাহারই প্রাধান্য, কর্তার অপ্রাধান্য, যেমন তিনি, ধর্মপুত্তক পড়েন, এই বাক্যে তিনি কর্তা আর প্রধান; আর যখন ঐ পড়ন ক্রিয়া আ সংযোগের ছারা বিজ্ঞ ইইবেক, যেমন আমি তাহাকে প্রপুত্তক পড়াই, তৎকালে তাহাকে এই পদ কর্ম হইয়াও পড়ন ক্রিয়াত প্রধান ইয়।

[‡] বজ্জাবায় ও অন্যথ অনেক ভাষায় বর্ত্তমান লকার প্রয়োগে কৃথনথ কালকে না বুঝাইয়া কেবল নেই ক্রিয়া মাত্র বুঝায় যে ক্রিয়া অবাধে ছইয়া থাকে, যেমন আদি প্রাতঃ-কালে পভি।

ভবিষ্যৎ লকার।

আমি কিলা আমরা মারিব, ভূমি কিলা তোমরা মারিবে, তিনি কিলা তাঁহার। মারিবেন।

সংযোজন প্রকার।

वर्डमान काल, धक वहन ७ वह वहन।

যদি আমি কিলা আমরা মারি †, যদি তুমি ও তোমরা মার, যদি তিনি কিলা তাঁহারা মারেন।

অতীত লকার।

যদি আমি কিম্বা আমরা মারিতাম, যদি তুমি কিম্বা তোমরা মারিতে, যদি তিনি কিম্বা তাঁহারা মারিতেন।

সংযোজন প্রকারে ভবিষ্যৎ লকার নাই, যেহেতু বর্ত্তমান লকারই সম্ভাব্য রূপে ভবিষ্যৎ লকারকে কহে; যেনন যদি আমি কহি, অর্থাৎ এক্ষণে অথবা পরক্ষণে যদি আমি কহি। আর সংযোজন প্রকারের অতীত লকার কথন অতীত কালের ক্রিয়ার পৌনংপুন্য কহে, তথন বাক্যসমাপ্তি করিবার নিমিত্ত অন্য ক্রিয়া অপেক্ষা হইবেক না, স্কৃতরাং নির্ধারণ প্রকারে গাঁণত হইবেক, যেমন আমি বিদ্যালয়ে পড়িতাম, অর্থাৎ অতীত কালে বিদ্যালয়ে পুনঃ পুনঃ পাঠ করিতাম।

নিয়োজন প্রকার। বর্তুমান কাল দ্বিতীয় পুরুষ। এক বচন ও বছ বচন। তুমি তোমরা মার, অথবা মারহ।

- † নির্ধারণ প্রকারের বর্ত্তমান লকারে যে প্রকার রূপ প্রাকে সেই রূপেই এছলে প্রয়োগ হয়, কেবল যদি প্রভৃতি শব্দের প্রয়োগ মাত্র অধিক, কিন্তু দ্বিতীয় বাক্য যাহার দ্বারা বাক্যের পূর্বতা হয়, ভাহার ক্রিয়াভে ভবিহাৎ লকারের রূপ, হইবেক। এবং ঐ দ্বিতীয় বাক্যছ ক্রিয়ার পূর্বে তবে ইন্ড্যাদি শব্দের প্রয়োগ হয়, যেমন যদি তুমি মার, তবে আমি মারিব। কর্থমান এরপ কলে যদি প্রভৃতি অব্যয়ের লোপ হইয়া প্রাক্ত, যেমন তুমি ধুনার, আমি মারিব, যদ্যপিও এক্সে উত্তর বাক্যে, তবে শব্দ নাই কিন্তু প্রায়ই লুপ্ত; যদি প্রভৃতি শব্দের বিধিনার্থ উত্তর বাক্যে চবে হৈন্ডাদি শব্দের প্রয়োগ হইয়া প্রাকে, যেমন তুমি মার, তবে আমি মারিব, এই রূপ দ্বিতীয় বাক্যের পূর্বেহ তবে ইন্ড্যাদি শব্দের ক্রোপ হয়, যেমন যদি তুদি আমাকে মারিভে, ভোষাকে আমি মারিভাম।

. (૧૧૭)

ভূতীয় পুরুষ।

তিনি তাঁহারা মারুণ।

ভবিষাৎ লকার দ্বিভীয় পুরুষ। তুমি তোমরা মারিও।

> চতুম্ । মারিতে÷।

কর্তা বর্তমান।

মারিতে†।

অভীত কৰ্তা কিষা জ্ঞাচ্।

मात्रिया: ।

সম্ভাব্য কর্তা।

মারিলে §।

কর্ম।

মারা॥।

়ু মাুরা এ শব্দ নামধাত রূপে প্রয়োগ হয়, যেমন মারা মঃরাকে মারাতে ।শ°

> দ্বিতীয় নামধাতু। মারিবা মারিবার মারিবাতে। ভৃতীয় নামধাতু।

মারণ, মারণকে, মারণের, মারণে, মারণেতে।

ভাছাকে মারিতে আমি আসিয়াছি।

[🕇] আপন পুত্ৰকে মারিতে তাহাকে আমি দেখিলাম ।

[‡] সে ভোমাকে মারিয়া ঘাইতেছে।

[§] ইহার প্রয়োগ অতাত কালে কিয়া ভবিষংকালে হইয়া থাকে, কিন্ত ভাহার বোধ উত্তর বাকাীয় সমাপিক ক্রিয়ার বারা হয়, যেমন তুমি মারিলে আমি মারিভাম, তুমি মারিলে আমি মারিক।

[।] সে মারা ঘাইবেক, অকর্মক ক্রিয়াতে এ রূপ কর্ম প্রতিপাদক প্রয়োগ হয় না, কিন্তু
মামধাতু রূপে প্রয়োগ হয়, যেমন চলা, চলাত।

[¶] বেমন চাকরকেও যারা ভাল নহে, মারার বদলে (পরিবর্তে) ছারা, এবং জনাকে মারাতে জনেক দোব।

আছি এ সহকারি ক্রিয়া ইহার সম্পূর্ণ রূপ হয় না, অর্থাৎ নির্ধারণ প্রকারে বর্ত্তনানে ও অতীতে রূপ হইয়াথাকে।

নির্ধারণ প্রকার বর্তুমান।

আমি আমরা আছি, তুমি তোমরা আছ, তিনি তাঁহারা আছেন। অতীত লকার ।

আনি, আমরা আছিলাম * অথবা ছিলাম; তুমি, তোমরা আছিলে কিয়া ছিলে; তিনি, তাঁহারা আছিলেন কিয়া ছিলেন।

মারিতে, করিতে, যাইতে ইত্যাদি বর্ত্তমান কর্ত্তাতে, আর মারিয়া, করিয়া, বাইয়া প্রভৃতি অতীত কর্ত্তা বিষয়ে ঐ সকল ক্রিয়া পদ সহকারি ক্রিয়া আছি ইহার সহিত কালিক কোন বিশেষ জানাইবার নিমিত্ত সংযোগ হর, সে কালে আদ্য অক্ষর আকারের লোপ হইয়া থাকে, বেমন মারিতেছি, অর্থাৎ মারিতে আর আছি এ ছুইরের সংযোগে দিশুল হইয়াছে। মারিয়েছিলাম অর্থাৎ মারিতে ও আছিলামের বোগে হইয়াছে। মারিয়াছি অর্থাৎ মারিয়া ও আছি এ ছয়ের বোগে হইয়াছে। মারিয়াছিলাম, মারিয়া ও আছিলাম ইহার সংযোগে হইয়াছে। এই চারি প্রকার সংযোগ ক্রিয়ার নির্ধারণ প্রকারের যে তিন লকার পূর্ব্ব কহিয়াছি, তাহা হইতে অধিক চারি লকার রূপে সাধারণ ব্যবহারে আইসে, বস্তুত ইহা ক্রিয়াদ্রের সংযোগে হয়, পৃথক লকার নহে।

সংযোগ ক্রিয়া।

নির্ধারণ প্রকার বর্ত্তমান কাল।

মারিতেছি, মারিতে আর ছি (সংফ্তে মারয়রশ্বি) অর্থাৎ ক্রিয়ার আরম্ভ হইয়াছে সমাপ্তি হয় নাই। আমি আমরা মারিতেছি, তুমি তোমরা মারি-তেছ, তিনি তাঁহারা মারিতেছেন।

দিতীর মারিতেছিলাম, অর্থাৎ মারিতে ও ছিলাম, এ গ্রের সংযোগে হয় (সংস্কৃতে মাররন্নাসং) অর্থাৎ অতীত কালে ক্রিয়া উপস্থিত ছিল বাহা সম্পূর্ণ না হইয়া থাকে অথবা সংপূর্ণ হইয়াছে কি না এমৎ অভিপ্রেত না হয়। আমি আমরা মারিতেছিলাম, তুমি জোমরা মারিতেছিলে, তিনি তাঁহারা মারিতেছিলেন।

তৃতীয় মারিয়াছি (সংস্কৃতে মারিয়াহিস্মি) অর্থাৎ অতীত কালে ক্রিয়া উপস্থিত হয় এবং এই বাক্ষা প্রয়োগ পর্যান্ত অন্যের দারা বাধিত হয় নাই। আমি আমরা মারিয়াছি, তুমি তোমরা মারিয়াছ, তিনি ভাঁহারা মারিয়াছেন।

ইহ'র অ'দি আকার অভীতকালে লোপ হইয়া থাকে কিন্তু পদ্যতে প্রায় লোপ হয় না।

চতুর্থ মারিয়াছিলাম (সংস্কৃতে মারিয়াসং) মারিয়া ও ছিলামের সংযোগে হয় অর্থাৎ ক্রিয়া অতীতকালে নিশার হইয়াছে, কিন্তু তাহার পর ক্রিয়াস্তরের সম্ভাবনা আছে। যেমন মারিয়াছিলাম নে লজা পাইল না।

ক্রাচ্ও চতুম্ অন্তপদের দহিত আছি ক্রিয়ার সংযোগ দারা রূপ হয়, যাহা পূর্বে কহিলাম, ইহাতে মনোযোগদারা পাঠকেরা জানিতে পারিবেন যে অন্যং ক্রিয়ার সহিত অর্থ দঙ্গতি থাকিলে এই ত্রের একের সংযোগাধীন দেইং ক্রিয়ারও রূপ হইয়া থাকে, যেমন মারিয়াও ফেলি ইহার যোগে মারিয়া ফেলি; মারিতে চাহি ইহা মারিতে ও চাহি এ হয়ের সংযোগে হইয়াছে; যাইতে পারি যাইতে ও পারি ইহার সংযোগে হইয়াছে; মারিতে লাগি, অর্থাৎ মারিতে আরম্ভ করি, কিন্তু ইহা শিষ্ট প্রয়োগ নহে; মারিয়া থাকি, * অর্থাৎ সময়ে২ মারি, মারিতে যাই, এই রূপ অর্থ সঙ্গতি ক্রমে নানা ক্রিয়ার রূপ ছইতে পারে। অতএব তিরমিত্তে পৃথক্ং ক্রিয়া প্রকারের আধিক্য করণে প্রয়োজন নাই।

এক লকার স্থানে অন্য লকারকে লক্ষণা করিয়া ব্যবহার করা যার,
প্রকরণদ্বারা তাহার জ্ঞান হয়ু যেমন অন্ন আদিয়াছে, ইহার উত্তরে "আইল"
ইহা বর্জমান লকার স্থানীয় হয়, অর্থাৎ অন্ন আদিতেছে। আর যে পর্যাস্ত
আমি পাকি সে পর্যাস্ত তুমি থাকিবে, এস্থলে থাকি ইহা বর্জমান লকার
ইইয়াও এ বিষয়ৎ লকারস্থানীয় হইয়াছে, অর্থাৎ যে পর্যাস্ত আমি থাকিব সে
পর্যাস্ত তুমি থাকিবে।

আপনি করিবেন অথবা আপনি দিবেন ইহা ভবিষ্যৎ লকার হইরাও দুমান স্থলে বর্তমান অমুজ্ঞাকে বুঝার, অর্থাৎ আপনি করুণ, আপনি দেউন। ইহাতে বিশেষ রূপে মনোযোগ করা কর্ত্তব্য বে দ্বিতীর পুরুষ তুমি ইহার স্থানে তৃতীর পুরুষ আপনি অথবা মহাশ্র এই রূপ প্রয়োগ দুমান অভিপ্রেত হইলে করা যার, সে স্থলে ক্রিয়ার প্রয়োগও তৃতীয় পুরুষের হইবেক; আপনি দিতেছেন, মহাশ্র করিয়াছেন, অর্থাৎ তুমি দিয়াছ, তুমি করিয়াছ।

যথন তৃচ্ছতা অভিপ্রেত হইবেক তথন তুমি স্থানে তুই আদেশ হয়, ইহা ১৪ পত্তে উল্লেখ করা গিরাছে। ইহার সহিত অবিত যে ক্রিয়া তাহার বিভ-ক্তির পরিবর্ত্ত হয়, যেমন বর্তমান কালে দ্বিতীয় পুরুষের অকার এবং ওকার স্থানে ইম্ আদেশ হয়, যেমন তুমি মার এস্থলে তুই মারিস্, আছু স্থানে

ইহার অতীত কাচ ক্রিয়াত্তরের সহিত প্রয়োগে বিধার্রবাধক শব্দের বোপ থাকিলে সংযোজন প্রকার হয়, বেষন বলি আমি টাকা লইবা থাকি তবে ফুরিয়া দিব, এই য়ে নিয়ারণ প্রকারের পরিবর্ত্তে সংযোজন প্রকার ত'হা কেবল নিয়ারণ প্রকারের বর্তমানেই ছইয়া প্রাকে, অন্য কালে হয় না, বেষন যদি আমি মারিয়া থাকিব ইত্যাদি বাক্য নিয়প্রক।

আছিদ, থাঁও স্থানে থাইদ, দেখাও স্থানে দেখাইদ্। সেই ক্লপ সংবোজন প্রকারেও জানিবে, অর্থাৎ তাহার অকার, ওকার, একার স্থানে ইস্ ইইয়াথাকে, যেমন যদি তুই মারিদ্, যদি তুমি মার ইহার স্থানে হয়, যদি তুমি থাও ইহার স্থানে যদি তুই থাইদ্ ইহার প্রয়োগ হইয়াথাকে, যদি তুমি মারিতেইহার স্থানে যদি তুই মারিতিদ্ এক্লপ কহা যায়। আর অতীত কালে দ্বিতীয় পুরুবের একার স্থানে ইকার হয়, যেমন তুমি মারিলে ইহার স্থানে তুই মারিলি ইহা প্রয়োগ হয়, ছিলে স্থানে ছিলি, মারিতেছিলে ইহার স্থানে মারিতেছিলি, মারিয়াছিলে ইহার স্থানে তুই মারিয়াছিলি। কিন্তু মারিয়াছ ইহা অতীত কাল হইয়া মারিয়া আর আছ এ হয়ের সংযোগে হয়, অতএব বর্তুমান কালের ন্যায় ইস্ ইহার সংযোগ হইল এ কারণ মারিয়াছ ইহার স্থানে মারিয়াছিদ্ এ ক্লপ প্রয়োগ হয়। ভবিষ্যৎকালেও দ্বিতীয় পুরুবের একারস্থানে ইকার আদেশ হয়, যেমন মারিবে ইহার স্থানে মারিরি এতজ্ঞাপ প্রয়াগ হইয়া থাকে।

নিয়োজন প্রকারে, শেষের স্বরের লোপ হয়, যেমন মার ইহার স্থানে মার, থাও ইহার স্থানে থা প্রয়োগ হইয়া থাকে, আর ভ্রবিষাং নিয়োজরে, শেষ স্বর স্থানে "দ" আদেশ হইয়া থাকে, বেমন মারিও ইহার স্থানে মারিদ্ কহা যায়। এরপ তৃচ্ছত্ব বোধক প্রয়োগ সকল বিবেক রহিত অভিমানি প্রভ্রা করিয়া থাকেন, অতএব বিজ্ঞ ব্যক্তিদিগের এ সকল প্রয়েগি বিশেষ মনোযোগের প্রয়োজন নাই।

তৃতীয় পুরুষের উল্লেখসময়ে সন্মান অভিপ্রেত না হইলে ঐ তৃতীয় ব্যক্তির স্থানে সে, ও, এ, বে, ইহা প্রয়োগ করা যায়, যাহা পূর্ব্ধে ৩৪, ৩৫, ৩৬, পত্রে [*] কহা গিয়াছে, আর যে তৃতীয় পুরুষীয় ক্রিয়া যাহার সহিত অন্তি হয় তাহার তাবতের নকার নির্ধারণ ও সংযোজন প্রকারে লোপ হইবেক, এবং অতীতকালে নয়ের পূর্বে স্থিত একার অ্কারে পরিবর্ত্ত হয়, যেমন বর্তনান কালে মারেন ইহার স্থানে মারিতেছে ইহা প্রয়োগ হয়।

অতীত কালে মারিলে ইহার স্থানে মারিল, মারিতেছিলেন স্থানে মারি-তেছিল, আর মারিয়াছিলেন ইহার স্থানে মারিয়াছিল। ভবিষ্যৎকালে মারিবেন ইহার স্থানে মারিবেন ইহার স্থানে মারিবে কহা বায়। মারিয়াছেন এ বর্তুমাস কালের প্রায়োগ, মারিয়া আর আছেন ইহার যোগে হয়, এ নিমিত্ত কেবল নকারের লোপ হয়, এফার স্থানে অকার হয় না, বেমন মারিয়াছেন ইহার স্থানে মারিয়াছে এ রূপ কহা বায়।

^{[&}quot; अंडे अंश्वित्रीत १७२। १०० गृष्ठी।]

নিরোলন প্রকারে তৃতীয় পুরুষে শেষ নকারস্থানে ক আদেশ হয়, যেমন মারুন ইহার স্থানে মারুক প্রয়োগ হইয়া থাকে।

কথন ভবিষ্যৎ লকারে ও অতীত কালে তৃতীয় পুরুষে তুচ্ছতা অভিপ্রেত হইলে নকারস্থানে ক আদেশ হয়, যেমন মারিবেন এস্থলে মারিবেক ও মারিবে উভয় প্রকার প্রয়োগ হয়, আর মারিলেন এস্থলে মারিলেক ও মারিল ছই প্রকার প্রয়োগ হইয়া থাকে।

যে ক্রিয়ার প্রকৃতি এক আঘাতে উচ্চারিত হুর, আর আঘাতদ্বে যে ক্রিয়ার প্রকৃতি উচ্চারিত এবং নকারাস্ত হর কিন্তু দে নকার রূপকালে থাকে না, তাহার বর্ত্তমান কালের তৃতীয় পুরুষে নকারস্থানে তৃচ্ছত্ব অভিপ্রেত হইলে রকার আদেশ হর, যেমন খান স্থানে খার প্রয়োগ হর, যাই হইতে যান তাহার নকারস্থানে র আদেশ হইয়া যার প্রয়োগ হয়, সেই রূপ কামাই ক্রিয়ার কামান ইহার স্থানে কামায় ইহা প্রয়োগ হয়।

ণিজস্ত যাধৎ ক্রিয়া ছই আঘাতে উচ্চারণ হর এ প্রযুক্ত অব্যবহিত পূর্ববিতি নিয়মের অন্তর্গত হয়, যেমন দেখাই ক্রিয়া হইতে দেখান ইহার স্থানে দেখার হয়, কিন্তু যে ক্রিয়ার শেষে ন থাকে ও সেই নয়ের রূপকালে গুলাপ না হয়৽আর ছই আঘাতের অধিক ক্রিয়া যদি হয়, যেমন সামালুন, এ সকলকে পূর্ব লিখিত সর্ব্ব নাধারণ. নিয়মের অন্তঃপাতি জানিবে, অর্থাৎ বর্ত্তমান কালে তৃতীয় পুক্ষে তৃচ্ছত্ব অভিপ্রেত হইলে নকারের লোপ কেবল হয়, যেমন বাধানেন ইহার স্থানে বাধানে, আর সামালেন ইহার স্থানে সামালে, এ রূপ প্রয়োগ হইয়া যায়।

তৃতীর পুক্ষের তুদ্ধন্ব অভিপ্রেত হইলে, সে, ও, এ, যে, ইত্যাদির ভূরি প্ররোগ হইরাপাকে একারণ ইহার অন্বিত ক্রিয়ারও বহুপ্রকার পরিবর্ত হর, এ নিমিত ইহা বিশেষ রূপে লেখা গেল, এবং ইহাতে বিশেষ মনোযোগ করা কর্ত্তব্য।

আমি, ইহার স্থানে ইতর লোক মুই কহিয়া থাকে, কিন্তু যে ইহার অন্ধিত ক্রিয়া তাহার রূপের পরিবৃত্তি হয় না, যেমন আমি মারি, অথবা মুই মারি, আমি অথবা মুই মারিলাম, আমি অথবা মুই মারিব, অতএব এ বিষয়ে অধিক লিখনের প্রয়োজন নাই।

হই, য'ই, এই ছই, যাহা দিতীয় প্রকার ক্রিয়াতে গণিত হয়, নানাবিধ অর্থে ইহার ভূষ্বি প্রয়োগ হইয়া থাকে, একারণ পৃথক্ করিয়া রূপ করা যাইতেছে।

হওন ক্রিয়া ী

নির্ধারণ প্রকার বর্তমান। আমি আমরা হই, তুমি তোমরা হও, তিনি জাঁহারা হন্।

অভীতকাল।

আমি আমরা হইলাম, তুমি তোমরা হইলে, তিনি তাঁহারা হইলেন।

ভবিষাৎকাল।

আমি আমরা হইব, তুমি তোমরা হইবে, তিনি তাঁহারা হইবেন।

সংযোজন প্রকার বর্ত্তমান।

ষ্দি আমি আমরা হঠ, ষদি তুমি তোমরা হও, ষদি তিনি তাঁহারা হন।

অভীতকাল।

বদি আমি আমরা হইতাম, বদি তুমি তোমরা হইতে, বদি তিনি তাঁহারা হইতেন।

নিয়োজন প্রকার বর্তুমান।
তুমি হও, তিনি হউন।

ভবিষ্যৎকাল।

তুমি হইও।

চতুষ্ ও জ্বা বর্ত্তমান। হইতে।

> **অতীতকাল।** হইয়া।

मञ्जावा कर्छ।।

इटेल ।

প্রথম নামধাতু হওয়া, হওয়ার, হওয়াতে। দ্বিতীয় নামধাতু হইবা, হইবার, হইবাতে। তৃতীয় নামধাতু হওন, হওনের, হওনেতে।

হইতে আর হইরা এ ছরের সংযোগ আছি এ ক্রিরার সহিত হইলে অন্য চারি প্রকার লকার সিদ্ধ হয়, যেমন হইতেছি ইত্যাদি। হইতেছিলাম ইত্যাদি। হইরাছি ইত্যাদি। হইরাছিলাম ইত্যাদি। আছি এই ক্রিয়ার রন্তিতে যে বিস্তার রূপে লেখা গিয়াছে তাহার দ্বারা ব্যক্ত হইবেক যে আছি আর হই এ ছই ক্রিয়া সামান্যত এক অর্থ হইয়াও ভুরি স্থানে প্রত্যেকে ভিরং অর্থে প্ররোগ্,হয়, অতএব এ হ্য়ের সংযোগে চারি মিশ্রিত লকারে দোষ নাই।•

এই সকল থাক্যে যেমন আমাকে যাইতে হয়, তোমাকে লইতে হইল, তাঁহাকে দিতে হইবেক, "আবশ্যক," "উচিত," ইত্যাদি একং গুণাত্মক

বিশেষণ ক্রিয়ার পূর্বের উহা হয়, যেমন আমাকে যাইতে (আবশ্যক) হয়, তোমাকে লইতে (উচিত) হইল ইত্যাদি।

বটে এই শব্দ স্বীকারদ্যোতক হইয়াও কথনং উহ্য হওন ক্রিয়ার সহিত স্বাধিত হয়, কিন্তু কেবল বর্ত্তমান কালেই তাহার প্রয়োগ হইয়া থাকে, যেমন স্থামি বটি, তুমি বট, তিনি বটেন, স্থাৎ হাঁ স্থামি হই, হাঁ, তুমি হও, হাঁ তিনি হন্।

যাওন ক্রিয়া।

নিধারণ প্রকার বর্তুমান লকার।

আমি আমরা যাই, তুমি তোমরা যাও, তিনি তাঁহারা যান।

নিধারণ প্রকারে অতীতকালে আর সম্ভাব্য ক্রিয়াতে যাই ইহার স্থানে গে আদেশ হয়, আর অতীতক্ত্বায় গি হইয়া থাকে কিন্তু অন্য ক্রিয়ার সংযোগ বিনা গি আদেশের নিত্যতা নাই বেমন গিয়া কিন্তা যাইয়া।

অভীত লকার।

আমি কিম্বা আমরা গেলাম, তুমি কিম্বা তোমর। গেলে, তিনি কিম্বা তাহারা গেলেন। •

ভবিষ্যৎ লকার।

া পানি শ্বনরা যাইব, তুমি তোমরা যাইবে, তিনি তাঁহারা যাইবেন। সংযোজন প্রকার বর্ত্তমান লকার।

यिन আমি আমরা যাই, যদি তুম্বি তোমরা যাও, যদি তিনি তাঁহারাযান।
অতীত লকার।

যদি আমি আমরা যাইতাম, যদি তুমি তোমরা যাইতে, যদি তিনি তাঁহারা যাইতেন।

নিয়োজন প্রকার বর্ত্তমান।
তুমি তোমরা যাও, তিনি তাঁহারা যাউন।
ভবিষ্যৎ লকার।
তুমি তোমরা যাইও।
চতুম্ ও বর্ত্তমান কর্তা।
যাইতে।

অতীত জ্বাচ্ অথবা কর্তা। গিয়া অথবা বাইয়া।

সম্ভাব্য কর্তা।

(शंदन ।

নামধাতু যা ওয়ার, প্রথম ষা ওয়া, যাওয়াতে। যাইবা, যাইবার, দ্বিতীয় নামধাতু যাইবাতে। তৃতীয় নামধাতু যাওন, যা ওনের, যাওনেতে। চারি মিশ্রিত লকার যাইতে অথবা গিয়া ইহার সংযোগ আছি ক্রিয়ার সহিত পর্বের ন্যার সম্পন্ন হয়, যেমন ঘাইতেছি, যাইতেছিলাম, গিয়াছি, গিয়াছিলাম रेडामि।

অভাবার্থ।

গৌড়ীয় ভাষাতে নির্ধারণ প্রকারে ক্রিয়া পদের পরে না 🕕 সংযোগদারা অভাবার্থ প্রতীত হয়।

বর্তমান লকার।

আমি আমরা করি না, তৃমি তোমরা কর না, তিনি সাহারা করেন না।
সেই রূপ আমি করিলাম না, আমি করিব না, আমি করিতাম না
ইত্যাদি। এই বর্ত্তমান লকার অতীত লকারের অর্থেও প্রয়োগ হয়, বেমন
আমি করি না, অর্থাৎ একালে এবং অতীত কালে আমি করি না; কিন্তু যথন
না স্থানে নাই প্রয়োগ হয়, তখন অতীত কালীয় ক্রিয়াব অভাব নিশ্চিত রূপে
অভিপ্রেত হইবেক, যেমন আমি করি নাই অর্থাৎ আমি কদাপি করি নাই,
অতএব এই বর্ত্তমান কালীয় অভাব পদ অতীত কালের অর্থে তুই প্রকারে
ব্যবহার হইয়া থাকে।

. নিয়োজন প্রকারের বর্ত্তমান কালীয় জিয়াতে "না'' প্রয়োগ হইলে ঐ জিয়ার প্রার্থনা অভিপ্রেত হয়, বেমন কর না, অর্থাৎ আমার প্রার্থনা এই যে তৃমি এ কর্ম্ম কর, করুন্ না, অর্থাৎ আমার প্রার্থনা এই যে তিনি করেন, কিন্তু নিযোজন প্রকারের ভবিষাৎ লকারের জিয়াতে না সংযোগ হইলে বর্ত্তমান কালেরও নিষেধ অভিপ্রেত হইবেক, যেমন করিও না, যাইও না, অর্থাৎ এক্ষণেও না যাও, পরেও না যাও। জিয়ার এই হুই প্রকার ব্যতিরেক সর্ব্রে না ইহার সংযোগ পূর্ব্বে হয়, যেমন নাকরিতে, নাকরিয়া, নাকরিবার ইত্যাদি।

কেবল সংযোজদ প্রকারে প্রথম ক্রিয়ার পূর্ব্বে প্রায় না আসিয়া থাকে,

কথন২ পদ্যতে আর কদাচিৎ করোপকথনে "না" জিয়ার পূর্কে ছিত ছইয়া প্রাকে

আর পরের ক্রিয়াতে প্রায় পরে আইদে। যদি আমি না যাই র্তবে তৃমি আদিবে না, যদি আমি তোমাকে না দেখিতাম তবে তৃমি আদিতে না।

কেবল নাই, আছি না. আছ না, আছেন না, এই তিন বর্ত্তমান কালীর পদের প্রতিনিধি হয়, যথন অভাব অভিপ্রেত হইবেক, বেমন আমি নাই, তুমি নাই, তিনি নাই। সেই রূপ নহি ও নই এ ছই ক্রিয়ার অভাবার্থে বর্ত্তমান কালীয় প্রথম পুক্ষস্থানে ব্যবহারে আইসে; নহ আর নও দ্বিতীয় পুক্ষস্থানে, আর নহেন আর নন ইহা তৃতীয় পুরষ্থানে ব্যবহার করা বায়; যেমন আমি নহি, আমি নই, তুমি নহ, তুমি নও, তিনি নহেন, তিনি নন ইত্যাদি।

নির্ধারণ প্রকারের তিন লকারে "নাপারি" ইহা স্থানে "নারি" ব্যবহারে আইসে; যেমন আমি নারি, আমি নারিলাম, আমি নারিব, কিন্তু ইহা লামান্য আলাপেই কথন২ ব্যবহার হইরা থাকে।

কৰ্মণি বাচ্য।

তিক পদ নাই, কিন্তু সকর্মক ক্রিয়ার কর্ম পদ, যেমন মারা ধরা ইত্যাদিকে যাই ক্রিয়ার সূহিত সংযোগ করিয়া সেই অর্থকে সিদ্ধ করেন। যে সংজ্ঞা কিয়া প্রতিসংজ্ঞা যাহা কর্ম রূপে ক্রিয়া সেই অর্থকে সিদ্ধ করেন। যে সংজ্ঞা কিয়া প্রতিসংজ্ঞা যাহা কর্ম রূপে ক্রিয়া পদের সহিত প্রক্রা থাকে তাহারই সহিত যাই ক্রিয়ার তাবং লকারের প্রত্যেক পদে অবয় করা যায়, নির্ধারণ প্রকারে, যেমন আমি মারা যাই, তুমি মারা যাও, তিনি মারা যান্। আমি ধরা গেলাম, তুমি ধরা গেলে, তিনি ধরা গোলেন। আমি ধরা যাইবে, তুমি ধরা যাইবে তিনি ধরা যাইবেন। আমি ধরা যাইতেছি, আমি ধরা যাইতেছিলাম। আমি ধরা গিরাছি, আমি ধরা গিরাছিলাম। সংযোজন প্রকারের অতীত লকারে আমি ধরা যাইতাম ইত্যাদি।

নিযোজন প্রকার।

বর্তমান। তুমি ধরা যাও, তিনি ধরা যাউন। ভবিষ্যং। তুমি ধরা যাইও। চতুম্, 'জ্বু ও কর্তা বর্তমান', ধরা যাইতে। কর্ম পদ ধরা গিরা। সম্ভাব্য ধরা গেলে। প্রথম নামধাতু ধরা যাওরা, ধরা যাওরার, ধরা যাওরার, ধরা যাওরার, ধরা যাওবার, ধরা যাওবার, ধরা যাওবার, ধরা যাওবার, ধরা যাওবার, ধরা যাওবার, ধরা যাওবার।

যদ্যপিও অকশ্বক ক্রিয়ার কর্ম পদ নাই, কিন্তু গোড়ীয় ভাষাতে এই প্রকার ক্বপুত্তীয় পুরুষের সহিত অনুয়ে হইয়া থাকে; যেমন চলা যার, পাওয়া বাঁয়, বদা বায়, ইত্যাদি। চলা বায় ইহা প্রায় চলা বাইতে পারে, ইহার সহিত সমানার্থ হয়, চলা গেল অর্থাৎ চলন ক্রিয়া সম্পন্ন হইল।

এই রূপ পদ সকর্মক ধাতুহইতেও নিষ্পন্ন হয়, বেমন করা যায়, মারা যায়, ইহাও কেবল তৃতীয় পুক্ষের অনুয়ে হইয়া থাকে. অর্থাৎ কেবল ক্রিয়া নিষ্পন্ন* মাত্র হইল ইহা বুঝার।

রথন দ্বিকর্মক ক্রিরাকে কর্মণি বাচ্যে রূপ করা যার, যাহার বিবরণ ১৫ পত্তে [+]কহা গিয়াছে, দে কালে যে মুখ্য কর্ম অভিপ্রেত হইবেক, তাহাই টুক্ত হইবেক; আর দ্বিতীয় কর্ম কর্মপদের ন্যায় থাকিবেক, যেমন রামকে টাকা দেওয়া গুলেল, এ স্থলে টাকা যে মুখ্য কর্ম তাহাই উক্ত হইল, রামকে যাহা দ্বিতীয় কর্ম হয়, দে পূর্ববং রহিল যাহা কর্ত্বাচ্যে, আমি রামকে টাকা দিয়াছি, এই প্রকার হয়।

अनियम मश्ट्यांश।

. ক্রিয়ার পূর্বেন নামের ও গুণাত্মক বিশেষণের অথবা ক্লান্ত শব্দের প্রকৃতিকে সংযোগ করিয়া, সংযুক্ত ক্রিয়া করা যায়, আর সেই প্রকৃতি বান্তবিক ক্রিয়ার কর্ম অথবা অন্য কারক হইয়া থাকে, মেনন গাছ কাটন ইহাহইকে গাছ কাটি, গাছ কাট, গাছ কাটেন, ইত্যাদি সংযোগ পদ সকল নিশান্ন হয়। এই রূপ জল থাওনহইতে জল থাই ইত্যাদি। মানুষ চেনন এই ক্রিয়াহইতে মানুষ চিনি ইত্যাদি। বড় করণ ইহাহইতে বড় করি ইত্যাদিশ ক্রিম্ত কর্মণহইতে কন্ত করি, নাই করণহইতে নাই করি, ব্যস্ত হওনহইতে বাস্ত হই ইত্যাদি। আর মারি থাওনহইতে মারি থাই, মারি থাও, মারি থান ইত্যাদি।

ণিজস্তু।

িণিজন্ত ক্রিয়া সকলের রূপ কর্ত্বাচ্যে যে নিয়মে হয় তাহা ৪৮।৪৯ পত্তে [‡] বিবরণ করা গিয়াছে, কিন্তু অর্থ বোধের কাঠিন্য পরিহার কারণ কর্মণিবাচ্যে তাহার যোগ প্রায় হয় না, তবে ণিজন্ত ক্রিয়া যেমন দেখান ইহার সহিত যাই, এই তৃতীয় পুরুষে সংযুক্ত হইয়া কেবল তৃতীয় পুরুষের রূপ হয়, যেমন দেখান যাইতেছে, অর্থাৎ দেখান ক্রিয়া হইতেছে।

মরণ ক্রিয়া ব্যতিরেক বাবং অকর্মক ধাতু আছে তাহার কর্ত্তা অর্থাৎ

ত কর্ম বাচ্যে বিশেষতঃ ভবিষ্য লকারে ক্রিয়ার কর্তার উল্লেখ না হইলে উত্তথ
পুরুষই প্রায় তাহার কর্তা বোধ হয়, যেমন টাকা দেওয়া যাইবেক, অর্থাৎ আমার দ্বারা
টাকা দত্ত হইবেক।

^{[+} अहे अद्योतमीह १२३ शृक्षी]

^{[‡} बरे श्रदावनीत १८३ पृष्ठी]

সেই ক্রিয়ার অভিহিত পদ ওই ক্রিয়ার ণিজস্ত অবস্থায় কর্ম হয়, ∠যমন রাম চলেন, রামকে চালাই; সেই রূপ সকর্মক ক্রিয়ার কর্ত্তা ঐ ক্রিয়া ণিজস্ত হইলে তাহার কর্ম হয়, যদি ওই ণিজস্ত অবস্থাতে ক্রিয়া তাহাকে ব্যাপে, নতুবা ণিজস্ত ক্রিয়ার করণ হয়, যেমন রাম থান, আমি রামকে থাওয়াই, এ স্থলে থাওয়ান ক্রিয়া রামকে ব্যাপিরাছে এ কারণ রাম কর্ম হইল। রাম ঘট গড়েন, আমি রামের ছ রা ঘট গড়াই, এস্থলে গড়ান ক্রিয়া রামকে ব্যাপিল না, এ নিমিত্ত রাম করণ হইল।

ক্রিয়ার আদি স্বর ই কিম্বা উ হইলে তাহার ণিজস্ত অবস্থায় ই একারের সহিত, উ ওকারের সহিত পরিবর্ত হয়, যেমন লিখি, লেখাই, উঠি, উঠাই ইত্যাদি।

প্রশ্ন প্রকরণ।

ক্রিয়া ও তৎসহচারি পদের শেষ যে স্থর তাহার দীর্ঘ উচ্চারণদার। প্রশ্নের প্রতীতি হয়, ক্রিয়ায় আকারের প্রভেদ কিয়া অন্য কেনন অব্যয় কিয়া কোন শব্দ স্ংযোগের প্রয়োজন রাখে না, যেমন তুমি ঘাইতেছ ? তুমি দিয়াছিলে ? তুমি শাবে না ? আর কথন প্রয়দ্যোতক শব্দ যে "কি'' তাহা ক্রিয়ার পূর্বেষ্ব কিয়া পরে নিঃক্ষেপদারা প্রশ্নের প্রতীতি হয়, যেমন তুমি কি য়াবে ? তুমি যাবে কি ? তুমি কি না যাবে ? তুমি কি য়াবে না ? আর কি স্থানে কথন "নাকি" প্রয়োগ করা যায়, যথন প্রশ্নকর্তা ক্রিয়া বিষ্য়ের কোন উল্লেখ জানিয়া থাকে, যেমন তুমি নাকি যাবে ? অর্থাৎ তোমার যাইবার কথা পূর্বেষ্ঠ গুনিয়াছি তদর্থে প্রশ্ন করিতেছি।

কথন ক্রিয়া দিয়জি হয় তাহার এক ভাবার্থে, দ্বিতীয় অভাবার্থে হইয়া থাকে, আর প্রশ্নের দোতিক কি শব্দকে তাহাদের মধ্যে রাথা বায়, যেমন তুমি যাবে কি না যাবে ? অর্থাৎ তুমি যাবে কি না ?

নিয়মের ব্যভিচার।

থাকন ক্রিয়ার ভবিষ্যৎ লকার যদি অন্য কোন ক্রিয়ার অতীত কর্ত্তার সহিত সংযুক্ত হয় তবে অতীক্ত কাণের ক্রিয়োৎপত্তিকে সৃদ্দিগ্ধ রূপে কহে, ষেমন,আফ্রি তাহাকে মারিয়া থাকিব, অর্থাৎ আমার অন্নমান হইতে ছ যে আমি তাহাকে মারিয়াছি।

আইসন ক্রিয়ার ইকার চ্যুত হয়, যেমন আমি আসিরাম, আমি আর্সির; কিন্তু নির্ধারণ প্রকারের বভ্নান লকারে এবং নিয়োজন প্রকারের বর্তুমান দ্বিতীর পুরুষে ইকারের চ্যুতি হয় না, যেমন আমি আইসি, তুমি আইস,

তিনি আইসেন। সেই রপ আইসন ক্রিয়ার "দ" কথোপকথনে অতীত লকারে এবং দন্তাব্য কর্তায় ভূরিস্থলে লোপ হয়, বেমন আমি আইলাম, তুমি আইলে।

দেওন ক্রিয়া যদ্যপিও দিতীয় প্রকারীয় হয় তথাপি ইহার স্থানে দন্ আদেশ হইয়া রূপ হয়, যেমন আমি দি, আমি দিলাম; কিন্তু নির্ধারণ প্রকারে বর্ত্তমান লকারে দ্রিতীয় তৃতীয় পুরুষে এবং নিয়োজন প্রকারে ও কুদন্ত কৃশ্ম পদে পূর্কের নিয়মানুসারে রূপ হইয়া থাকে; যেমন দেও, দেন ও দের; দেও; দেউন ও দেউক; দেওয়া।

সেই রূপ নেওন অর্থাৎ গ্রহণ কিয়া ধরণ যাহা সংস্কৃত নী ধাতুহইতে নিঃস্ত হইয়াছে তাহারও রূপ দেওন ক্রিয়ার ন্যায় জানিবে, অর্থাৎ পূর্বের লিখিত স্থান সকলে নন্ আদেশ হয়, যেমন আমি নি. আমি নিলাম, আমি নিব, এবং নেও, নেউন ইত্যাদি।

লওন গ্রহণ কিষা অঙ্গীকার করণ যাহা সংস্কৃত লা ধাতুহঁইতে নিঃস্ত হয় সে দিতীয় প্রকারীয় ধাতু হয়, এ কারণ তদমুসারে রূপ হইয়া থাকে, ষেমন লই, লও, লন ইত্যাদি। কিন্তু ঘাঁহারা সংস্কৃত না জানেন তাঁহারা এই চুয়ের অর্থাৎ নেওন ও লওন ইহার অর্থের ও উদ্ধারণের ও লিপিশ্ন সাদৃশ্য হেতৃক একের স্থানে অন্যকে ব্যবহার করেন।

কোনই ক্রিয়ার প্রথম স্থর উকার, নির্ধারণ প্রকারে বর্ত্তমান লকারের ভূতীয় পুরুষে এবং ক্লম্ভ কর্ম্ম পদে ওকারের সহিত পরিবর্ত্ত হর্ম, যেমন সে ধোয়, ধোয়া।

পেওন দ্বিতীয় প্রকারীয় ধাতু হয়, পরের লিখিত পদের রূপ হইয়া থাকে, যেমন পেও, পিতেছে, পিতেছিল, পিয়াছে, পিয়াছিল, পিবেক, পিয়া, পিলে, পিবার। এই সকল স্থলে দেওন ক্রিয়ার ন্যায় ইহার রূপ হইয়া থাকে ইতি।

সপ্তম পরিচ্ছেদ।

ক্রিয়াপেক্ষ ক্রিয়াত্মক বিশেষণ :

কালের সহিত অভিহিতপদার্থের অবস্থাবিশেষ, যে সাপেক্ষ ক্রিয়ান্তরের দারা ব্যক্ত হয় তাহাকে ক্রিয়াপেক্ষ ক্রিয়াত্মক বিশেষণ কহি, থেমন তিনি পুত্তক পাঠ করিয়া বাহিরে গেলেন। অর্থাৎ "তিনি" এই অভিহিতপদার্থের বহির্গমন পূর্বকালীন যে পুত্তক পাঠাবস্থা, তাহা "পুত্তক পাঠ করিয়া" ইহার দারা ব্যক্ত হইল।

গৌড়ীয় ভাষাতে সকর্মক ক্রিয়ার সহিত "আ" কিশ্বা "ওয়া' প্রতায়ের বোগ হইলে এই ক্রিয়ার ব্যাপ্য যে ব্যক্তি কিশ্বা বস্তু অর্থাৎ সেই ক্রিয়ার কর্ম প্রতীতি হয়, আর সেই ক্রিয়ার কাল অন্য ক্রিয়ার পূর্ববর্ত্তী ইহা অভি-প্রেত হইয়া থাকে, যেনন মারা পড়িল, এস্থলে মারা এই পদ কর্মা ক্লম্ভ হয়।

কথন কর্ম ক্লন্ত গুণাত্মক বিশেষণের ন্যায় পূর্ব্বে আইসে, যেমন চোরা দ্রব্য আনিয়াছে, এ উত্তম লেখা পুস্তক হয়। কখন যাওন ক্রিয়ার পূর্ব্বে আসিয়া উভয় মিশ্রিত হইয়া কর্মণিবাচ্য হয়, যেমন নদী দেখা যাইতেছে। ইহার বিশেষ বিবরণ ৬৫ পত্রে[*] কর্মণিবাচ্য প্রকরণে দেখিবে।

আর সকর্মক অকর্মক ক্রিরা সকলের অবিকল এই রূপ নামধাতু আছে যাহা ৪৭।৬৬ পৃঠে [†] লিখা গিরাছে।

সংস্কৃত কর্ম ক্লন্ত সকল যাহার শেষে তকার কিম্বা তবা থাকে, গৌড়ীয় ভাষাতে গুণাম্বক বিশেষণের ন্যায় ব্যবহারে আইসে, যেমন হত বুদ্ধি, কর্ত্তব্য কর্ম। সেই রূপ যাহার শেষে ''অনীয়' কিম্বা."য়'' থাকে, যেমন দ্যানীয়,দেয় ইত্যাদি সংস্কৃতের কর্ম ক্লন্ত ভাষাতে কর্মনং ব্যবহারে আইসে।

'যে সকল ক্রিয়াপেক ক্রিয়ায়ক বিশেষণ, যাহার শেষে ''আ'' কিম্বা
"ওয়া' না থাকে সে ক্রিয়াকর্তাকে কহে, যাহা গৌড়ীয় ভাষাতে চারি
গ্রেফার হয়.৯বেমন মারিতে. করত, মারিয়া, দেখিলে।

এই চারি প্রকার কর্তৃ ক্বনন্তের মধ্যে প্রথম রুদন্ত "ইতে" পর্যবসানহয় ইহাকে বর্ত্তমান ক্বন্ত কহি, যেহেতৃ ইহার ক্রিয়ার কাল আর এ যে ক্রিয়ার অপেক্ষ হয়, তাহার কালের সহিত সমান কাল হয়, যেমন রাম তাহাকে ভূমির উপর পড়িতে দেখিলেন, অর্থাৎ দেখন ক্রিয়ার ও পড়ন ক্রিয়ার কাল একই হয়। এই প্রকার বর্ত্তমান ক্রনন্তের যখন প্নক্তি হয় তখন ক্রিয়ার পৌনংপ্রা কিয়া আতিশ্যাকে প্রতীতি করে, যেমন সে আপন শত্রুকে মারিতেই নগরে প্রবেশ করিল, সে চলিতেই মৃত প্রায় ইইল। কিয় লিপিতে ইহার প্রয়াগকে সাধু প্রয়াগ জানেন না।

করণ যে নামধাতৃ তাহার অন্ভাগ স্থানে ''অত'' আদেশ হইলে করিতে এই কৃদন্তের পুনক্তির সমানার্থ হয়, যেমন তিনি শক্তকে প্রহার করত বাহিরে প্রেলেন, অর্থাৎ তিনি শক্তকে প্রহার করিতেং বাহিরে গেলেন। এ দ্বিতীয় প্রকার ক্লম্ভ কর্তা হয় আর পরের যে ক্রিয়ার সহিত ইহার অনুষ হয় তাহার কর্তাই ইহার কর্তা হইয়া থাকে, অর্থাৎ পূর্দ্ধ উদাহরণে গেলেন ক্রিয়ার যে ক্রে দেই প্রহার করত ইহারও কর্তাহয়, আর মনিয়ম সংযোগের

^{[*} अइ अवारमीत १८५ शृष्टी] [+ 'अव अवारमीत १८६ । १९२-१९० शृष्टी]

ন্যায়, যাহ্রা ৬৭ পত্রে [*]লেখা গিরাছে, ইহার পূর্ব্বে সর্কাদা বিভক্তি রহিত কোন শব্দ থাকে যাহা ঐ উদাহরণে প্রহার পদ বিভক্তি রহিত রহিরাছে; কিন্তু যে বর্ত্তমান ক্লন্ত কর্ত্তার ''ইতে'' প্র্যাবসান হয় তাহার পরের ক্রিয়ার সহিত এক কর্ত্ত্বের সর্বাদা নিয়ম নাই, যেমন তিনি তথায় না যাইতে আমি যাইব।

তৃতীয় প্রকার ক্লান্ত কর্তা "ইয়া" দারা সমাপ্ত হয়, ইহাকে অতীত ক্লান্ত কার্রক কহি, যেহেত্ পরের ক্রিয়া যাহার সহিত ইহার অনুষ হয় তাহার কালের পূর্বেই হার কাল অভিপ্রেত হয় আর এই ক্লান্ত পদ ও ইহার অনিত ক্রিয়া এ হয়ের কর্তা এক হইয়া থাকে, যেমন তিনি পুনঃ ইছ্ক করিয়া নানা ছঃখ পাইয়া শক্রকে জয় করিলেন। এ স্থলে জয় করিবার কর্তা ও য়ৄদ্ধ করিবার ও ছঃখ পাইবার কর্তা এক হয়, এবং জয় করিবার যে কাল তাহার পূর্বকাল য়্দ্ধ করিবার ও ছঃখ পাইবার হয়।

চতুর্থ প্রকার ক্বন্ত কর্তার "ইলে"তে সমাপন হয়, যেমন করিলে, দেখিলে, ইত্যাদি। ইহাকে সন্তাব্য ক্রিয়া কহি যেহেতু এ এক প্রকার সংযোজন প্রকারের প্রতিনিধি হয় ও সম্পূর্ণ অর্থ বোধের নিমিন্তু ক্রিয়ান্তরকে অপেক্ষা করে যেমন তিনি আমাকে মারিলে আমি মারিল, অর্থাৎ যদি তিনি আমাকে মারেন, তবে আমি তাঁহাকে মারিলাম, অর্থাৎ তিনি বদি মারিতেন, তবে আমি তাঁহাকে মারিলাম । এই পূর্ব্বোক্ত চারি প্রকার ক্বন্ত কর্তা অব্যয় হর আর ইহার পূর্ব্বন্তিত নাম অভিহিত পদ হয় তাহা কথন তৎসহিত থাকে কথন বা অধ্যাহ্বত হয়, কেবল 'ইতে" ইহাতে বাহার প্র্যাব্যান হয় তাহার কর্ম্ম পদ কথন বা পূর্ব্বে ছিতি করে যাহা ৭২ [+] পত্রে বিবরণ করা গিয়াছে:

বর্ত্তমান ক্লম্ভ কর্ত্তা যাহার পর্যাবসান ''ইতে'' ইহাতে হয়, এবং অতীত ক্লম্ভ কর্ত্তা যাহার পর্যাবসান ''ইয়া'' ইহাতে হয়, এবং সম্ভাব্য ক্লম্ভ কর্ত্তা যাহার পর্যাবসান ''ইলে'' ইহাতে হয়,এ তিন অকর্ম্মক ক্রিয়াহইতেও নিঃস্ত হয়, বেমন শুইতে, শুইয়া, শুইলে। স্কৃত্রাং পূর্ব্ধ মত ইহারা অব্যয় হয়।

[* अहे अस्विनीत १६२ शृष्ठी] [† अहे अस्विनीत १६६ शृष्ठी]

^{*} সভাব্য ক্রিয়াতে বাক্যের সম্পূর্ণতা নিমিত্ত সংযোজন প্রকারের ন্যায় সমুচ্যার্থ বিশেষণ যে "তবে" ইহার যোগ দিতীয় পদের সহিত হয়, যেমন তিনি গেলে তবে আমি যাইব, মার যথন পর ও পরে ইহার যোগ ঐ ক্রিয়ার সহিত হয়, তথন ঐ গক্রয়া নামের স্থানীয় হইয়া কেবল ক্রিয়া মৃত্র বৃষ্ধায়, যেমন তুমি গেলে পর যাইব অর্থাৎ ভোষার গমনের পর। আর যথন এই ক্রিয়ার পূর্ণের কোন নাম উহ্য অর্থবা হিত না হয় তথন কেবল ক্রিয়াতে প্রবৃত্ত মাত্র বোধ করার, আর তৎকালে পরক্রিয়ারও ঐ ক্রিয়া আমুল অর্থাৎ উভয় ক্রিয়ার মূল একই হইবেক, যেমন দিলে দেওয়া হাইতে পারে।

পূর্ব্ব পরিচ্ছেদে আখ্যাতিক প্রকরণে যে উদাহরণ দেওয়া গিয়াছে তৎ-ঘারা বিদিত হইবেক যে যাবৎ ক্লন্ত পদ ক্রিয়া হইতে রচিত হয় অতএব অকর্মক ক্রিয়া হইতে যাহা নিঃস্ত হয় তাহাকে অক্মক ক্রন্ত কহি, আর সক্মক ক্রিয়া হইতে যাহা উৎপন্ন হয় তাহাকে সক্মক ক্রন্ত কহি যেমন তিনি শুইলে আমি শুইব; এ সংবাদ জানিয়া স্তব্ধ হইলাম।

সংস্কৃত ক্লন্ত কর্তা যাহা "তা" কিখা "অক" ইহাতে পর্যবসান হয় যেমন দাতা, নেবক ইত্যাদি তাহা গোড়ীয় ভাষাতে বাহল্য রূপে ব্যবহারে আসিয়া থাকে।

অষ্টম পরিচ্ছেদ।

विटमंत्रनीय विटमंत्रन ।

বাক্যের অন্তর্গত কোনং বিশেষণের অবস্থা বিশেষ যাহার দারা ব্যক্ত হয় তাহাকে বিশেষণীয় বিশেষণ কহি, সেই বিশেষণ গুণাত্মক কিয়া ক্রিয়া-ত্মক অথবা ক্লুন্ত কথন বা বিশেষণীয় বিশেষণ হইয়া থাকে। যেমন তিনি তাত্যন্ত মৃত্ হন, তিনি শাঘ্র বাইতেছেন, তিনি তথায় ঝটিতি বাইয়া পুনরায় আইলেন, তিনি অত্যন্ত শীঘ্র গেলেন।

° বিশেষশ্বীয় বিশেষণ সকল প্রায়ই অব্যয় হয়, কিন্তু কোন বিশেষ অর্থ জ্ঞাপনের নিমিত্ত ব্যবহারে আইলে উহার পরে "ই" কিয়া "ও" ইহার সংযোগ হইয়া থাকে, যেমন এখন, এখনই অর্থাৎ এইক্ষণ মাত্রে; এখনও আইলেন না, অর্থাৎ পূর্বের্ব আসা দূরে থাকুক এ পর্যান্ত আইলেন না। এমন, এই প্রকার; এমনই, কেবল এই প্রকার; এমনও কর, অর্থাৎ ইহাহইতে উত্তম না করিতে পার, এ রূপ কর; সে আজিই যাইবেক, অর্থাৎ সে কল্য পর্যান্ত কদাপি বিলম্ব করিবেক না।

গৌড়ীয় ভাষাতে কথক শব্দ ও রূপ হয় যে কথন বিশেষণীয় বিশেষণ রূপে প্রয়োগে আইনে, কথন বা গুণাত্মক বিশেষণ কথন বা বিশেষ্যের ন্যায় ব্যবহার করা যায়; যেমন তোমার যাইবার পূর্ব্ব তিনি আসিয়াছেন, এ বাক্যে পূর্ব্ব শব্দ বিশেষণীয় বিশেষণ হইবেক, কিন্তু পূর্ব্বের মনুষ্য, এ স্থলে বিশেষ্যে প্রয়োগ এবং রূপ হইল; পূর্ব্ব বৃত্তান্ত শুনিয়াছি, এ রূপ বাক্যে পূর্ব্ব শব্দ কেবল বিশেষণ হইরাছে।

অনেক শব্দ যাহার বিশেষণীয় বিশেষণ করে প্রেরাগ হয়, বিশেষতঃ -যাহা স্থান কিয়া সময়কে কহে,নে সকল শব্দ অধিকরণ চিক্ল বৈ এ, এতে, য়, তাহা গ্রহণ করিয়া থাকে, যেমন পর, পরে, নিকট, নিকটে, ইত্যাদি। পদ্মের গণিত শব্দ সকল যাহা প্রায় ভূরি প্রয়োগে আইসে তাহা সকল বিশেষণীয় বিশেষণ হয়, তাহার উদাহরণও এই স্থলে ভূরি দেওয়া যাই-তেছে।

একবার, যেমন একবার দেও, অর্থাৎ দান ক্রিয়ার একার্ত্তি বুঝার, এই-রূপ ছইবার তিনবার ইত্যাদি। একবারে, যেমন সকল একবারে দেও, অর্থাৎ দেয় বস্তুর সাকল্যকে এবং সক্লাবৃত্তিকে বুঝায়। এইরূপ ছইবারে তিনবারে ইত্যাদি। বারং, পুনঃং, আরবার, পুনর্বার, পুনরার, এই সকল শব্দ প্রায় একার্থ হয়। প্রথমে, যেমন তাহাকে প্রথমে দেয়; শেষে, সর্ব্ধ শেষে, যেমন এ সন্তান দর্ব্ব শেষে জনিয়াছে। মধ্যে, মাঝে, ছই একার্থ; ক্রমে, ক্রমেং*, অল্লেং, যেমন তিনি ক্রমেং শতাব রাজ্য জয় করিলেন। ধীরে অথবা ধীরেং প্রায় ছই একার্থ; মন্দং † যেমন বায়ু মন্দং বহিতেছে। শীঘ্র, ছরায়, বেগে, প্রায় একার্থ শব্দ হয়। অতি, অতিশয়, অত্যন্ত, অতিবাদ, এ সকল শব্দ খুণের কিম্বা ক্রিয়ার অবস্থার বাহুলাকে কহে; ইহারা অন্য বিশেষণীয় বিশেষণ শব্দের আধিক্য বোধের নিমিত্ত তাহার অগ্রে আসিয়া থাকে, যেমন অতি শীঘ্র যাইতেছেন, অতি ধীরে রথ চলিতেচে, অতি প্রাতে, অত্যস্ত রৌদ্র, অতিশয় ক্রোধ, এমৎ স্থলে অতি প্রভৃতি বিশেষণীয় বিশেষণ স্কল গুণাত্মক বিশেষণ শব্দের ন্যায় প্রযুক্ত হয়। এগা, আর এথায়, সেথায়, বথায়, তথার, যেমন তুমি যথায় থাকিবে, তথায় আমি থাকিব। ক্লখন তথাত্ব ইহা উহা হয়, বেমন যথায় তুমি যাইবে, আমি যাইব, অর্থাৎ তথায় আমি ষাইব। যথা তথা, অথবা যেথা দেথা, কখন অগৌরব স্থানকেও বুঝার, (यमन हेश विभिष्ठे त्नारक व कर्हता नरह, (य यथा ज्था, शमन करतन। কোণা, কোণার, ইহার প্রয়োগ প্রশ্নে হয়, বেমন কোণায় গিয়াছিলে ? এখানে, এথার, ছই সমানার্থ; সেই রূপ যেখানে যথার ও সেখানে তথার. ইহাও সমানার্থ হয়। ওখানে, অনতিদূর স্থানেতে বুঝায়।

দ্রে, নিকট, নিকটে, সম্মুথে, আগে, সাক্ষাতে, পশ্চাৎ, পশ্চাতে, পাছে, পার্মে, পাশে, অনুসারে, ইত্যাদি শব্দ সকল কোন এক পূর্বের ষষ্ঠ্যস্ত নামের অপেক্ষা করে, যেমন রামের নিকট যাও, তাহার পশ্চাতে চলিল ইত্যাদি

^{*} যথন এক শব্দের পুনরুক্তি আবশাক হয়, তথন ''২'' দুয়ের অভ তথাকর্ম সাধন জনো প্রায় ব্যবহার হইয়া থাকে। ।

^{🧦 †} এ শব্দের ভূরি প্রয়োগ ধারুর মৃদু গতিতে হয়।

[‡] এ, আর ছানে, এ দুই শন্দ মিলিও ছইয়া ছানের পরিবর্ত্তে অধিকরণ কারকে ধানে ও ধায় আদেশ হয়, এইজপ থেধানে, সেধানে, ওধানে, ইত্যাদি ছলেও জানিবে।

এবে. এখন, * আজি, পূর্ব্ব, পূর্ব্বে, পর, পরে, কালি, কল্যু, পরশ্ব, প্রভাতে, প্রত্যুষে, সকালে. ভোরে. প্রাত্তে, বৈকালে, রাত্তে, রাত্তিকোলে, দিবাতে, দিবাভাগে, দিবসে, মধ্যাহ্নে, সায়াহ্নে, সায়ংকালে, বেলায়, প্রতিদিন, প্রতিসপ্তাহ, প্রতিমাস প্রতিবর্ষ, সদা. সর্ব্বদা, সর্ব্বহ্নণ. ইত্যাদি শব্দ সকল কালবাচক বিশেষণীয় বিশেষণ হয়। কদাচ অর্থাৎ কোন এক সময় ইহার প্রয়োগ প্রায়্ন অভাবের সহিত হয়, বেমন কদাচ দিব না ইত্যাদি, আর কদাচিৎ অর্থাৎ কোন এক অল্ল সময়, বেমন কদাচিৎ এরপ হয় ইত্যাদি।

যাবৎ, যে পর্যান্ত, তাবৎ, দে পর্যান্ত; কোন বিশেষ্য শব্দের পূর্বের যাবৎ কিশ্বা তাবৎ শব্দ থাকিলে সমৃদায় বাচক হয় স্থতরাং গুণাত্মক বিশেষণ শব্দের ন্যায় ব্যবহৃত হয়, যেমন যাবৎ বস্তু এ সংসারে দেখি সকল নশ্বর; তাবৎ মহুষ্য ছঃখভাগী হন, কিন্তু যথন যাবৎ অথবা তাবৎ শব্দ পৃথক্ থাকে তখন বিশেষণীয় বিশেষণ হয়, যেমন যাবৎ তুমি থাক তাবৎ আমি থাকিব, এই দ্বিতীয় প্রকার প্রয়োগে কখন২ তাবৎ শব্দ উন্তু হয়, যেমন যাবৎ তুমি থাকিবে, আমি থাকিব, সেই কপ যখন এ শব্দের নিয়ত তখন শব্দ হয়, যেমন যথন তুমি থাকিবে, তেইন আমি যাইব; তখন শব্দ ও কখন পূর্ববং উন্ত হইয়া থাকে। কবে অর্থাৎ কোন দিবস, কখন, অর্থাৎ কোন সময়, স্বর্বদা প্রশ্নে, ব্যবহৃত হয়; তবে শব্দ সংযোজন প্রকারে পরের ক্রিয়ার সহিত প্রায় আদিয়া থাকে। ইহার বিবরণ ৫০ পত্রে [†]আছে।

যত ইহার নিয়ত তত শব্দ হয়। এত, কত, কেন, প্রায়, বেমন, কেমন, ইত্যাদি শব্দও এই প্রকরণে গণা যায়। যেমন ইহার নিয়ত তেমন শব্দ হয়; এমন অর্থাৎ এ প্রকার; কেমন অর্থাৎ কি প্রকার, যথা কেমন আছেন, তিনি কেমন মনুষ্য হন; কেমনে অর্থাৎ কি প্রকারে, যেমন কেমনে তাঁহাকে পাইব।

কিছু, অধিক, যথেষ্ট, না, নাই, নহে, হঠাৎ, দৈবাৎ, অকম্মাৎ, বৃঝি, ভাল, যথার্থ, হাঁ, বটে, পরম্পর, পরক্ষারায়, অধিকস্তু, পূর্বাপর, এ সকল শব্দও এ প্রকরণে গণনা করা যায়।

গুণবাচক শব্দের পরে ''পূর্ব্বক'''ইহার প্রয়োগদারা বিশেষণীয় বিশেষ-

^{*} এ, আর ক্ষ্ণ, এ দুই শব্দে মিলিও ছইয়া ফ্লুণের স্থানে অধিকরণ কারঁকে খন আদেশ হয়, এইরপ কখন শব্দ প্রশ্নার্থ ক আর কালার্থ, ঋণ ও এখন, বুৰ স্থানে ব, কিণের ক স্থানে খন, আর ওখন, তৎ স্থানে ওৎ, ক্ষণ স্থানে খন অধিকরণ কারকে আদেশ হয়।
[† এই গ্রহান্সীর ৭৪২ পৃষ্ঠা 1]

ণের তাৎপর্যা অনেক স্থানে ব্যক্ত করা যায়। যেমন তিনি বৈর্য্য পূর্ব্বক যুদ্ধ করিলেন বিচক্ষণতা পূর্ব্বক আপন পরিবারের প্রতিপালন করিতেছেন।

ষেং শব্দ ''থান'' ইহাতে পর্যাবদান হর, বেমন দেখানে আর তথা, ষথা, ইত্যাদি ও যেং শব্দের ''থন'' ইহাতে পর্যাবদান হর, যেমন এখন, তথন, ইত্যাদি, এবং পূর্বে, কল্য, কালি, পরশ্ব, আজি, আপন, এ সকলের পরে সম্বন্ধ বোধের নিমিত্ত ''কার'' প্রত্যায় হইয়া থাকে, যেমন দেখানকার সমাচার, তথাকার বৃত্তান্ত, এখনকার মহুষ্য।

নবম পরিচ্ছেদ।

मश्कीय विटम्बन ।

্ষেশক অন্য শক্ষের পূর্বের বা পরে উচিত মতে স্থিত হইলে তাহার সহিত অন্য নাম কিথা ক্রিয়ার সম্বন্ধকে বোধ করায় তাহাকে সম্বনীয় বিশে-ষণ কহি।

বেমন সে নগর হইতে গেল,এন্থলে নগরের বহিত গমনের সম্বন্ধ বুঝাইল, অর্থাৎ গমনের আরম্ভ নগর অবধি হয়। রামহইতে রাজা পত্র পাইলেন, এন্থলে "হইতে" এই সম্বন্ধীয় বিশেষণ পত্রের সহিত রামের সম্বন্ধ বুঝাইলেক অর্থাৎ রামের লিখিত অথবা প্রস্থাপিত পত্র ছিল। রামের প্রতি তিনি ক্রেদ্ধ আছেন, এন্থলে প্রতি এই সম্বন্ধীয় বিশেষণ রামের সহিত ক্রোধের সম্বন্ধ দেখাইলেক অর্থাৎ রামের উদ্দেশে ক্রোধ হইরাছে।

সহিত, এই শব্দ একের সঙ্গে অপরের একত্র হওনকে ব্রায় আর পূর্বের সংজ্ঞাকে কিয়া প্রতিসংজ্ঞাকে ষষ্ঠ্যস্ত করার *; যেমন ছ্থের সহিত জ্লামিশ্রিত করিয়াছে, আমার সহিত আইস।.

বিনা, সহিতের বিপরীতার্থকে কহে, অর্থাৎ চুই বস্তুর একত্র হওনের অভাবকে বৃঝায়, আর ইহার পূর্ব্বের শব্দ অভিহিত পদ হয়, যেমন ধর্ম বিনা জীবন বৃথা হয়। তিনি বিনা কে রক্ষা করিতে পারে ?

ইইতে, পার্থকার্থে প্ররোগ হয় যদিও সে পার্থক্য কখন লক্ষণা হয়। ইহার পূর্বের যে শব্দ তাহাহইতে পার্থক্য ব্ঝায় এবং সে শব্দ অভিহিতপদের ন্যায় হয়, যেমন বৃক্ষ হইতে পত্র পড়িতেছে, তোমাহইতে কেহ কন্ত পায় না।

সংস্কৃত রীতি মতে সমত পদের পূর্ব্ব হিত সংজ্ঞার কিহা এতি সংজ্ঞার সহজীয়
 কারক চিল্লের লোপ কথনং হয়, য়য়ন আপনার পুজের সহিত অথবা আপন পুজসহিত।

কথন কর্তৃত্ব সম্বন্ধকে বুঝায়, যেমন কুন্তকারহইতে ঘট জন্মে; কথন অপেক্ষা-কৃত ন্যুন অর্থ বুঝায়, যেমন রামহইতে শ্যাম পটুতর হন।

ছারা শব্দ করণের অর্থবাধক হয়, আর ইহার পূর্ব্বের শব্দ করণ এবং প্রায় ষষ্ঠান্ত হয়; যেমন হন্তের ছারা তিনি মারিলেন। দিয়া এ শব্দও ছারার সমানার্থ হয়, কিন্তু ইহার পূর্ব্বের নাম অভিহিত পদের ন্যায় হয়, যেমন ছুরি দিয়া লেখনী প্রস্তুত করিলেন।

প্রতি শব্দ নৈকটা সম্বন্ধকে কছে, যদিও ভূরিস্থলৈ সেই নৈকট্যকে লক্ষণা করিতে হয়; এবং যাহার নৈকটা অভিপ্রেত হয়, তাহার প্রয়োগ যঠ্যস্ত হইয়া থাকে, যেমন তিনি রামের প্রতি দয়া করেন।

পানে, এ শব্দ প্রতি শব্দের ন্যায় হয়, কিন্তু নৈকট্য সম্বন্ধ প্রায় বাস্তব হইয়া থাকে, যেমন রামের পানে দৃষ্টি করিলেন, গাছের পানে তীর গেল।

উপর, উর্দ্ধ ভাগকে কহে, কথন তাহার লাক্ষণিক প্রয়োগ হয়, এবং ষাহার উদ্ধ ভাল বিবক্ষিত হয় দে ষষ্ঠান্ত হইয়া থাকে, যেমন পর্বতের উপর গৃহ নির্মাণ করিলেন, তোমার উপর এক শত টাকা আমার হইয়াছে।

হইতে এবং কর্তৃক, এই ছই শব্দের যোগে আমি হানে আমা, তুমি হানে তোমা, সে স্থানে তাহা, এ স্থানে ইহা, ও স্থানে উহা, যে স্থানে যাহা, কে স্থানে কাহা, ইহা আদেশ হইয়া থাকে; যেমন আমাহইতে, তোমাহইতে, আমা কর্তৃক, তোমা কর্তৃক, ইতাাদি। কিছু প্রতি এই সম্বনীয় বিশেষণের পূর্ব্বে ওই ক্ষক আদেশ বিকল্পে হয়, যেমন আমা প্রতি, তোমা প্রতি, আমার প্রতি, তোমার প্রতি, ইতাদি।

পূর্ব্বোক্ত সম্বন্ধীয় বিশেষণ সকল অব্যয় হয়, কিন্তু নীচে, মধ্যে, জন্যে, উপরে. ভিতরে, উচ্চে, ইত্যাদি কথক শব্দ যদিও অধিকরণ পদের ন্যায় দৃষ্ট ইতৈছে, তথাপি ইংরেজী বৈয়াকরণদের মতে এ সকলও সম্বন্ধীয় বিশেষণের মধ্যে গণিত হয়; যেমন পৃথিবীর নীচে জল সর্বাদা পাওয়া যায়, তিনি সকলের উচ্চে স্থিতি করেন, তোমাদের মধ্যে নীতি ভাল, সংসারের মধ্যে অনেক প্রকার বস্তু দেখা যায়, তোমার জন্যে আমি তাহার অপরাধ ক্ষমা করিলাম, ব্লেক্ষর উপরে, ঘরের ভিতরে। কিন্তু এ সকল শব্দও অভিহিত পদের ন্যায় ব্যবহারে আইসে, তৎকালে গুণাত্মকু বিশেষণ শব্দের ন্যায় বিশেষ্য শব্দের সহিত্ প্রয়োগ হয়, যথা নীচ ভূমি, উচ্চ স্থান, ইত্যাদি। ইহার বিশেষণ ও৮ পত্রে [*] দেখিবে।

সঙ্গে, ঝাতে, ইহাদের সাহিত্য অর্থে প্রয়োগ হয়, আর বাঁতিরেক, ব্যুতি-্রেকে, ইহারা বিনা এই অর্থে প্রয়োগ হয়, যেমন তোমার সঙ্গে, বা তোমার

সাতে যাইব; ব্রাহ্মণ ব্যতিরেকে, বা ব্রাহ্মণ ব্যতিরেক বেদের অর্থ কেহ জানে না ইত্যাদি।

নিমিত্ত এবং কারণ বস্তুত বিশেষ্য শব্দ হয়, আর ক্রিয়ার নিমিত্ত তাদর্থাকে কহে, কিন্তু এ হয়ের সম্বন্ধীয় বিশেষণের ন্যায় কথন২ প্রয়োগ হইয়া থাকে, তথন নিমিত্ত শব্দ অভিহিত অথবা অধিকরণ পদের ন্যায়, আর কারণ শব্দ কেবল অভিহিত পদের ন্যায় প্রয়োগ হইয়া থাকে, যেমন তোমার নিমিত্তে, বা তোমার নিমিত্ত আমি শ্রম করিতেছি; মহুষ্যের কারণ মহুষ্য প্রাণ দেয় ইত্যাদি।

অনেক সংস্কৃত শব্দ বাহা গৌড়ীয় ভাষায় ব্যবস্থত হয়, তাহার ভূরি শব্দ সংস্কৃত সম্বনীয় বিশেষণ অর্থাৎ উপদর্গ তাহার বোগে নিম্পান হয়, দে উপদর্শের পৃথক্ প্রয়োগ হয় না, এবং তাহারা সংখ্যাতে বিংশতি ও অব্যয় হয়। ঐ দকলের প্রায় যে শব্দের সহিত সংযোগ হয়, তাহার অর্থের অন্যথা কিম্বান্যাধিক্য করিয়া থাকে, যেমন দান এই শব্দ আ এই উপদর্গের সংযোগদারা আদান হয় ও পূর্ব্বের অর্থকে বিপরীত করে, অর্থাৎ দেওনকে না ব্র্বাইয়া গ্রহণকে ব্রায়; জয়, পরা উপদর্শের সংযোগদারা পরাজয় হয়, এ স্থলে পূর্বার্থের বিপরীতার্থ বোধ করায় অর্থাৎ অন্যক্ষে আক্রমণ করা না ব্রাইয়া আন্যের দারা আক্রান্ত হওরা ব্রাইলেক; নাশ, ইহার বি উপদর্গ যোগদারা বিনাশ শব্দ নিম্পান্ন হয় এবং অর্থের আধিক্য ব্রায় অর্থাৎ, বিশেষ নাশকে বোধ করায়। কোনং স্থলে উপদর্গ যোগ হইলেও পূর্বার্থেরই প্রতীতি হয়, যেমন স্তি প্রস্তি।

এই সকল উপসর্গের জ্ঞানাধীন কোনং শব্দ উপসর্গ যোগে নিম্পন্ন হয়, ইহার জ্ঞান অনায়াসে হইতে পারে এ নিমিত্ত তাহার গণনা করা যাইতেছে। ১ প্র, বেমন প্রকাশ ইত্যাদি; ২ পরা, পরামশ ইত্যাদি; ৩ অপ, অপকর্ম্ম ইত্যাদি; ৪ সং, সংস্পর্শ ইত্যাদি; ৫ নি, নির্ম ইত্যাদি; ৬ অব, অবকাশ ইত্যাদি; ৭ অমু, অমুমতি ইত্যাদি; ৮ নির, নির্থক ইত্যাদি; ৯ হুর, হুর্গম হুরস্থ ইত্যাদি; ১০ বি, বিপদ, বিশ্বর ইত্যাদি; ১১ অধি, অধিপতি ইত্যাদি; ১২ মু, মুক্ত ইত্যাদি; ১৩ উৎ, উৎকৃষ্ট ইত্যাদি; ১৪ পরি, পরিচ্ম, ইত্যাদি; ১৫ প্রতি, প্রতিকার ইত্যাদি; ১৬ অভি, অভিধান ইত্যাদি; ১০ অভি, অভিধান ইত্যাদি; ১০ অভি, অভিকার ইত্যাদি; ১৬ অভি, অভিধান ইত্যাদি; ১৮ অপি, অপিধান ইত্যাদি; ১৯ উপ, উপকার ইত্যাদি; ২০ আ, আকাজ্ঞা ইত্যাদি। এ সকল উপসর্গের অধিক উদাহরণের ও প্রত্যেকের অর্থ সকল জানিবার নিমিত্ত সংস্কৃত কিয়া গৌড়ীর অভিধান দৃষ্টি করিতে পারেন।

ममञ পরিচ্ছেদ।

সমুচ্চয়ার্থ বিশেষণ।

যে কোন শব্দ ছই বাক্যের অন্তর্গত হইয়া ঐ ছয়ের তাৎপর্য্যকে পৃথক্ রূপে অথবা সাহিত্যে বোধ করায়, কথন বা পদদ্বয়ের মধ্যে উচিত মতে বিন্যস্ত হইয়া এক ক্রিয়াতে ঐ ছয়ের সমান রূপে সমৃদ্ধ বোধ জন্মায়,তাহাকে সমৃচ্চয়ার্থ বিশেষণ কহি; যেমন রাম এ নগরে বাস করিবেন যদি রাজাকে ধার্ম্মিক দেখেন; রাম নগরে গোলেন কিন্তু শ্যাম তাঁহার সঙ্গে গোলেন না; রাম ও শ্যাম উভয়ে বিজ্ঞ হয়েন। এন্থলে "য়িদ" শব্দের দ্বারা সাহিতা, "কিন্তু" শব্দের দ্বারা পার্থক্য, ও শব্দের দ্বারা সমতা রূপে ক্রিয়া সম্বন্ধ বৃশাইল।

ইংরেণী ভাষার ন্যায় গৌড়ীয় ভাষাতে সমৃচ্চয় বিশেষণ শব্দ সকল অব্যয় হয়, এবং ইংরেণ্ডী ভাষার সমৃচ্চয়ার্থ বিশেষণ শব্দের সহিত ইহার অর্থের ও প্রয়োগের প্রায় সমতা আছে; এনিমিত্ত স্বং শব্দ সর্ব্বদা ব্যবহারে আইসে, সে সকল শব্দের গণনা করা যাইতেছে, এবং বেং শব্দের প্রয়োগের নিশ্চয় হঠাৎ বাৈ না হয় তাহার উদাহরণও দেশা গাইতেছে।—

এবং, যদি, যদ্যপি, তবে, যে; যেমন তিনি কহিলেন যে তোমার সহিত তাঁহার শক্তা নহে। যেহেতৃ, কেননা, কারণ, অতএব, এ কারণ, এ নিমিত্তে, ও, আরু, কিন্তু, বরং, তথাপি, তত্রাপি, তবু; যেমন বরং আমি দেশ ত্যাগ ক্লরিব, তথাপি (তত্রাপি তবু) ছুইবাজো থাকিব না। যদ্যপিও, যেমন যদ্যপিও ব্রাহ্মণ অতিশয় মান্য হন তথাপি ত্র্তি ব্রাহ্মণ কদাপি মান্য নহেন। কিয়া, অথবা, বা, অনিশ্চয় স্থলে প্রয়োগ হয়, যেমন আমি বা যাই, তিনি বা না যান, ইত্যাদি। আমি তাঁহার বাটী যাইব না, যদিও (যদ্যপিও) তিনি নিমন্ত্রণ করিয়াছেন, ইত্যাদি স্থলে অথাধিক্যার্থে বদ্যপিও, বৃদ্ধিও, ইহার প্রয়োগ হয়।

পূর্ব্বোক্ত সম্চেয়ার্থ বিশেষণ সকল পদন্বরের অন্তর্মবোধে প্রযুক্ত হয়;
কেবল এবং, আর, ও, কিয়া, ইহারা পদন্বরের অথবা শব্দরের অন্তর্মবোধে
ব্যবহারে আইনে। প্রথমের উদাহরণ, আমি পড়িতেছি এবং আমার ভ্রাতা
পড়িতেছেন; দ্বিতীয়ের উদাহরণ, আমি আর আমার ভ্রাতা পড়িতেছি। তিনি
থাকিবেন, কিয়া আমি থাকিব, আমি অথবা তিনি থাকিবেন। "ও" যথন
সম্চেয়ার্থে এবং অর্থাধিক্যবিষয়ে কোন সংজ্ঞার কিয়া প্রতিসংজ্ঞার পরে
প্রযুক্ত হয়, তখন অন্য এক ক্রিয়া, সে উক্ত কিয়া উস্থ হউক, তাহার সহিত
অন্তর্মবোধক হয়; বেমন আমিও যাইব, অর্থাৎ তুমি যাইতেছ এ ক্রিয়ার উস্থ

হইরাছে—তুমি বাইতেছ, আমিও যাইব; আমাকেও তুচ্ছ করিলেক অর্থাৎ সে পূর্ব্বে অন্য সকলকে তুচ্ছ করিয়াছিল, এখন আমাকেও তুচ্ছ করিলেক। ইহার বিশেষ বোধের নিমিত্ত ৩১ পত্রে [*] দৃষ্টি করিবেন।

একাদশ পরিচ্ছেদ। অন্তর্ভাব বিশেষণ।

যে সকল শব্দ বক্তার অস্তঃকরণের ভাবকে কথন বাক্যস্থিত হইয়া কথন বা কেবল স্বয়ং উচ্চারিত হইয়া বোধ জন্মায় তাহাকে অস্তঃর্ভাব বিশেষণ কহি; যেমন হায় আমি অযোগ্য কর্ম্ম করিলাম।

এ প্রকার শব্দ সকল নানাবিধ অন্তঃকরণের ভাব সকল কহত নানা প্রকার হয়। ইহার মধ্যে কতক শব্দ চিন্তা অথবা বেদনাকে জানায়, বেমন হায়, আঃ, উঃ ইত্যাদি; আর কতক শব্দ রক্ষার প্রার্থনাতে প্রয়োগ হয়, বেমন ত্রাহি, দোহাই ইত্যাদি। আহা, এ দয়ার স্বচক হয়। হা, থেদোজি। ছি, য়ণাবোধক। আছা, বাহবা, উত্তম ইত্যাদি প্রশংসা স্বচক। হাঁ, ইত্যাছি ত্বীকারার্থ। হাঁ হাঁ, ঝটিতি বারণার্থে। মহাভারত, রামই, অযোগ্য বিষয়ের স্বচক। আশ্চর্য্য, কি আশ্চর্য্য ইত্যাদি অভুত বোধক। আভিমুখ্য প্রার্থনাতে ও, হে, গো, রে, লো ইত্যাদি ব্যবহার ইইয়া থাকে যাহাকে সম্বোধক অব্যয় শব্দ কহিয়া থাকেন।

লো ইহার প্রয়োগ স্ত্রী লোকের সংখাধনে, আর রে ইহার প্রয়োগ পুক্ষের সংখাধনে অসন্মানার্থে ইইয়া থাকে; গো উভয় সংখাধনে সামান্য আদরে প্রয়োগ হয়; হে কেবল পুরুষ সংখাধনে অথবা জন সমূহের সংখাধনে প্রযুক্ত হয় এবং গো হইতেও নানাদরে বাবহার করা যায়। ও, সর্কাসাধারণ সংখাধনে উক্ত হয় এবং সংখাধার পূর্কে সর্কাদা আইসে, যেমন ও মহারাজ, ও জ্রাশয়, ও ঠাকুর ইত্যাদি; কিন্তু ও ভিন্ন সংখাধনবাচক সকল শব্দ নামের পরে অথবা নিয়োজন প্রকার ক্রিয়ার পরে কিয়া প্রশ্নের স্চক বাক্যের পরে আসিয়া থাকে, যেমন ভাই হে, মা গো, মাগি লো, ভৃত্য রে, দেও হে, দেখ গো, খা রে, যা লো, খাবে না হে, খাবে না গো, খাবি না লো, খাবি না রে, থাবে হে, খাবে গো, থাবি লো, থাবি রে। এই সকল কথনং প্রশ্নস্থক শব্দের পরেও আইসে, যেমন কি হে, কেন গো, কোথা রে, কবে লো। 'যদি "ও" ঐ সংখাধ্য শব্দের সহিত সংযুক্ত হয়, তবে এ সকল সংখাধন

^{[*} बहे शहावनीत १७० शृक्षी ।]

শব্দ নামের পূর্ব্বেও আসিয়া থাকে, যেমন ওহে ভাই, ওগো পণ্ডিত, ও লো মাগি, ও রে ভতা। হেঁ, ও স্থানে কথন প্রয়োগ করা হয়, যেমন হেঁ হে ভাই, হেঁরে ভতা ইত্যাদি। ঐ সকল সম্বোধন শব্দ ''ও" ইহার সহিত পূর্ব্বিৎ সংযুক্ত হইলে কথনং স্বয়ং স্থিতি করে, নামের কিষা বাক্যাদির অপেক্ষা করে না; কিন্তু সম্বোধ্য প্রত্যক্ষ থাকিলে এ রূপ প্রয়োগ হয়; যেমন ওহে, ওগো, ওরে, ওলো। যথন সম্বোধ্য পূজনীয় কিষা অতি মান্য হয় তথন ''হে'' ইহার প্রয়োগ স্ত্রী পুরুষ উভয়ের সম্বোধনে হইয়া থাকে, যেমন হে স্থ্য, হে লক্ষি, হে মহারাজ ঐষ্র্যেতে অন্ধ হইও না।

দাদশ পরিচ্ছেদ।

অন্বয় প্রকরণ।

এক সম্পূর্ণ বাক্য অন্তত ছই শব্দের অন্তর ব্যকিরেকে সম্ভব হয় না, অর্থাৎ এক নাম ও এক ক্রিয়া, উহু হউক কিয়া উক্ত হউক, মিলিত ইইয়া হয়, যেমন রাম যান। যদি ক্রিয়া সকর্মক হয় তবে উহু কিয়া উক্ত কর্মের অপেক্ষা করে, যেমন রাম তাহাকে মারিলেন। ওই নামের সহিত গুণাত্মক বিশেষণ শব্দের ও ক্রিয়ার সহিত ক্রিয়াবিশেষণ শব্দের প্রয়োগ হইয়া এক বাক্যে অনেক শব্দের সকলন হইতে পারে, কিন্তু বাক্য ছই শব্দের ন্যুনে ক্লাপি হয় না। ভূরি শক্ষ সঙ্কলিত বাক্যের উদাহরণ, হুর্বত প্রভু ভূত্যকে আপন ঘরে কিয়া পরের ঘরে অন্যায় পূর্কক অতিশয় নিগ্রহ করে এবং তাহাকে পশুর নাায় বরঞ্চ পশুহইতে অধম জ্ঞান করে।

ক্রিয়ার সহিত অবিত যে নাম কিম্বা প্রতিসংজ্ঞা, তাহার শুদ্ধ নামের ন্যায় প্রয়োগ হয়, কিঞ্চিৎও বৈলক্ষণ্য থাকে না; তাহাকে অভিহিত পদ কহি, যেমন রাম যাইতেছেন। ইহার বিশেষ ১৪ পত্রে এবং তৎপার্শ্বস্থ টীকাতে* লিখা গিয়াছে।

অভিহিত পদের প্রথম পুরুষ, দ্বিতীয় পুরুষ, তৃতীয় পুরুষ ভেদেই ক্রিয়ার রূপান্তর হইয়া থাকে, লিঙ্গ এবং সুংখ্যাতে কোন বিশেষ নাই; যেমন আমি ষাইব, তুমি যাইবে, তিনি যাইবেন। ইহার বিশেষ ৪৪ পত্রে লিখা গিয়াছে।

मक्येंक किया याशास्क व्यार्थ म क्यांथन श्य, धवः क्यांथन हिरू

^{*} দ্বিতীয় পৃঠন্থ টাকাও দেখিবেন। আদর্শ ব্যাকরণপুত্তের ২ পৃঠা—এই এছাবলীয়, ৭১৪ পৃঠা; এই রপ ১৪—৭২০; ৪৪—৭২৮; ৪১—৭৩৬; ৮২—৭৬০; ৪৮—৭৩৫; ২৯— ৭২৯; ৬৭—৭৫২; ৬১— ৭৪৮; ৫৬—१৪৫ পৃঠা; পুরাপর দেখিয়া লইবেন।]

রাথে, যেমূন আমি তাঁহাকে দেখিয়াছি। ইহার বিশেষ ১৪।১৫পত্তে ও ভাহার ক্রোড়স্থ টীকাতে পাইবেন।

যে সকল নাম ক্রিরার কাল কিম্বা স্থানকৈ কহে তাহাকে অধিকরণ কহি, যেমন আমার ঘরে প্রাতে বসিরাছেন; ১৫।১৬ পত্রে ইহার বিবরণ পাইবে।

যথন কোন নামের দারা ক্রিয়া নিষ্পান হয় তথন সে নাম বিকল্পে অধিক-রণকারকের চিহু ধারণ করের, যেমন রাম ধড়্গেতে অথবা ধড়্গের দারা শিরচ্ছেদ করিলেন; বিশেষ ১৬ পত্তে দেখিবে।

যথন এক নাম অন্য নামের অথকে সঙ্কোচ করে তথন তাহাকে সাম্বন্ধিক কহি, যেমন রামের ঘর। ইহার বিশেষ ১৬ পত্তে দেখিবে।

যথন এক বিশেষ্য শব্দের গুণের উৎপ্রেক্ষা অন্য এক বিশেষ্য শব্দের সহিত হয় তথন যাহার গুণের ন্যুনতা থাকে তাহার পরে "হইতে" ইহার প্রয়োগ হয়. আর সেই শব্দের রূপ অভিহিত পদের ন্যায় হইয়া থাকে, যেমন স্ত্রীহুইতে পুক্ষ বলবানু হন। ইহার বিশেষ ৪১।৮২ পত্রে দেখিবেন।

বিশেষণ পদ ভূরি স্থলে বিশেষ্য পদের পূর্বের স্থাপিত হয়, যেমন ভাল মনুষ্য, বড় ঘর। ৩৮'পড়ের ইহার বিশেষ দেখিবেন।

বাক্য প্রায় বিশেষ্য শন্দের অভিহিত পদে আরক্ধ হয়; কিন্ত 'য়ি গুণাত্মক' বিশেষণ শন্দ থাকে তবে স্কৃতরাং তাহার পূর্ব্বে আনিবে; আর বাক্যশেষ্ট্রে সর্বাদা জিয়া আসিয়া থাকে; কিন্তু বাক্যের অন্য অঙ্গ,য়েমন জিয়াপেক্ষ জিয়ালু আক বিশেষণ ও বিশেষণীয় বিশেষণ এবং সম্বন্ধীয় বিশেষণ ও সমুজ্যার্থ বিশেষণ ও অন্তর্ভাব বিশেষণ, ইহাদের জন্যে বাক্যেতে কোন বিশেষ স্থান নির্ণয় নাই। তাহাদের উদাহরণ পূর্ব্ব পরিচ্ছেদে যাহা লিথা গিয়াছে,তদ্ষ্টিতে তাহাদের প্রয়োগ করিবে, যেমন এক বৃহৎ ব্যান্ত্র বনহইতে গ্রামের মধ্যে রাজিকালে প্রবেশ করিয়া তথায় নানা উপদ্রব ভূরি কাল ব্যাপিয়া করিতেছিল, প্রের এক সাহসান্বিত মন্ত্র্যা সেই পশুর সহিত যুদ্ধ করিয়া তাহাকে নন্ত করিলকে; সেই অবধি গ্রামের লোক স্বছ্ডন্দতা, পূর্ব্বক আপন্ন কর্ম্ব করিতেছেন।

এ প্রকার বিশেষণীয় বিশেষণ, যেমন ভাল মন্দ ইত্যাদি, তাহারা যুক্ত ও অযুক্ত ক্রিয়ার পূর্ব্বেই আইসে, যেমন সে ভাল লেখে, সে ইংরেজী ভাল লেখে।

কথনং বাক্য, 'বিশেষত হ্রম্ম বাক্য, অভিহিত পদ ব্যতিরেকেও অন্য পরিণানের পদে আরন্ধ হয়, বেমন তাহাকে আমি কদাচ ত্যাগ করিব না; মুমুব্যের চরিত্র মন্থ্যকে মান্য কিয়া অমান্য করে; স্থনীতি ব্যক্তির বিদ্যা অতিশোভার কারণ হয়; বাহাহইতে লোক নির্কাহের বিদ্ম হয় না সে স্থনীতি মন্থ্য হয়। যুক্ত নাম দকল কি গৌড়ীয় কি সংস্কৃত যাহার বিবরণ ২৯,পৃঠে করা গিয়াছে, আর অনিয়মিত যুক্ত ক্রিয়া দকল যাহা ৬৭ পুঠে লিখা গিয়াছে, অযুক্ত নামের ও অযুক্ত ক্রিয়ার হত্তের অহুগত হয়; যেমন পড়িতদের মণ্ডলীতে তিনি তোমার প্রশংশা করিলেন, ইহাকে যুক্ত করিবার প্রকার এই, পণ্ডিতমণ্ডলীতে তিনি তোমাকে প্রশংশা করিলেন; উভর স্থলেই মণ্ডলী এই শক্ষ অধিকরণ পরিণাম আছে, করণ ক্রিয়া উভয়স্থলেই সকর্মাক, প্রভেদ এই শে প্রশংশা' পূর্ব্ব উদাহরণে কর্মা হয়, আর পরের উদাহরণে ''তোমাকে'' কর্মা হইয়াছে (

ক্রিয়ার চতুমর্থ পদ যে রূপে হওন এই ক্রিয়ার সহিত সংযুক্ত হইয়া রূপ হয় তাহা ৬১ পত্রে দৃষ্টি করিলে জানিতে পারিবেন।

''তো'' ইহা কথনং কথোপকথনে এবং কবিতার অভিহিত পদের অথবা তাহার জ্রিয়ার সহিত সংযুক্ত হয়, সেখানে প্রয়োজনসিদ্ধি বিষয়ে সন্দেহ জন্মে অথবা ক্রিয়াতে নিশ্চয় জানাইবার অভিপ্রায় থাকে; ষেমন আমি তো যাই, অর্থাৎ আমি যাই যদ্যপিও কার্যাসিদ্ধির নিশ্চয় নাই; দ্মামি তো করিব, অর্থাৎ আমি অবশাই করিব অন্যে করে আর না করে। কিন্তু অভিহিত পদ ভিন্ন অন্য কোন পরিণামের সহিত সংমৃক্ত হইলে প্রায় কোন বিশেষ অর্থ স্চক হয় না, কখন বা নিশ্চয়ার্থ বোধক হয়; যেমন তাহাকে কো দেখিব। দেই রূপ কথোপকথনে ও কবিতার 'কো সইহার সংযোগ অভাব ঘটত ক্রিয়ার সহিত্ কদাচিৎ প্রাযুক্ত হয়, ইহাতে কোন অর্থান্তরের বোধ হয় না; যেমন আমি যাবোনাকো অর্থাৎ আমি যাব না, আমি গেলেম নাকো অর্থাৎ আমি গেলেম না

পরে লিখিত বাক্য সকলের দ্বারা ব্যক্ত হঠবেক যে বক্তা ও যাহার প্রতি বলাযায় এ উভয়ের মর্যাদামুসারে নানা প্রকার বাক্যপ্রবন্ধ হয়, তাহার মধ্যে যে সকল ভাষাতে পারস্য শব্দ আছে তাহাদিগে গোড়ীয় ভাষাতে হিন্দু স্থানীয় ভাষার দ্বারা প্রাপ্ত হওয়া গিয়াছে; যেমন ভ্তা অতি মর্যাদাবান্ প্রভুর আদেশ জানিবার নিমিত এই রূপ কহিয়া থাকে যে "এ ভ্তা কিয়া এ গোলাম হাজির আছে হজুরহইতে কি আজ্ঞা হয় ?"

প্রথান জাতীয় গোককে কোন প্রার্থনার আকাজ্জায় এরপ কহিয়া থাকে যে ''অনেক দিবস ঐ পাদপদ্ম ধ্যান করিতেছি,'' 'ঠাকুরের ক্বাণা বিনা নিস্তার নাই।''

্রী প্রধান মন্ত্রসকে সাপেক্ষ ব্যক্তি এই রূপ কহিয়াপারে যে "এ পরিজ্ঞন। ।হাশ্যের অনেক ভরসা রাখে।" মহাশুর এবং আপনি, তুল্য মর্যাদাবান্ বিশিষ্ট লোকেরা পরস্পর কহিরা থাকেন। এ হুই শব্দের সহিত তৃতীর পুক্ষের ক্রিয়াপ্রয়োগ হইরা থাকে বাহা ৫৬ পত্রে লিখিয়াছি, "মহাশয় কিয়া আপনি কি করিতেছেন ?" আপন হইতে কনিষ্ঠ ব্যক্তির প্রতি তুমি পদ প্রয়োগ করিয়া থাকেন এবং কখন২ সমান ব্যক্তির প্রতিও পরস্পর অধিক সখ্যতা থাকিলে প্রয়োগ হয়, বেমন "তুমি পত্র প্রস্তুত করিয়াছ।" তুই ইহার প্রয়োগ অতি ক্ষুদ্র ভৃত্যের প্রতি অথবা অতি ক্ষুদ্র জাতীয়ের প্রতি হইয়া থাকে যদি তুছ্ছে অভিপ্রেত হয়, বেমন "তুই কোথা যাইতেছিস্?"

ছন্দঃ |

ছন্দঃ শব্দে তাহাকে কহি যাহার পাঠের দ্বারা পদ সকলের ধ্বনির পর-স্পার লঘু গুরু ভেদে আমুপূর্ব্বিক বিন্যাসের জ্ঞান হয়। .

এক বাক্যে শব্দ সকল আমুপূর্ব্বিক যদি এ রূপ থাকে যে পরস্পর ধ্বনির লাঘব গৌরব পরিমাণে শ্রবণে স্থশাব্য হয় তবে তাহাকে কবিতা কহি যাহাদ্বারা চিন্ত বিকার হইবার সম্ভাবনা আছে বিশেষত যদি সেই কবিতা গান সম্বলিত হয়।

গৌড় দেশে, না গীতের শৃষ্থলা আছে, না গৌড় দেশীয় ভাষাতে কবিতার পারিপাট্য উত্তম রূপে আছে, স্কতরাং ইহার ছলঃ প্রকরণ জানিবার
কোন বিশেষ প্রয়োজন নাই; এ নিমিন্ত কেনল ছই তিন ছল যাহা কবিতাতে ভূরি ব্যবহার্য্য হয় তাহাই এ স্থলে লিখিলাম, অতএব ছলোনিষয়ে
পৃথক্ প্রিচ্ছেদ করিলাম না।

শ্রথমতঃ পরার, তাহার তুইঁ চরণ, তাহাতে উভয়ের শেষ অক্ষরে এক জাতীয় হল ও স্বর হয়, প্রত্যেক চরণে চতুর্দ্দশ অক্ষর হর, তাহাতে সাত-হইতে ন্যুন নহে চতুর্দ্দশের অধিক নহে ধ্বন্যাঘাত হইরা থাকে, যথা * ১২ ৩৪ ৫৬ ৭৮ ৯ ১০ ১১ ১২
রাজা বলে গোসাঁই বাসায় আজি চল।
১২ ৩৪ ৫৬৭৮৯ ১০ ১১ ১২ ১৬ ১৪
করা থাবে উপযুক্ত কালি যেবা বল।
১২ ৩৪ ৫ ৬৭ ৮৯ ১০ ১১ ১২
বাক্যেতে পর্বত কিন্তু কার্থি তিলাকার।

দিতীয় ত্রিপদী, যাহার তুই চরণ হয় এবং পয়ারের ন্যায় উভয়ের শেষে এক জাতীয় হল্ ও স্বর হয়; প্রত্যেক চরণ তিন বিভাগ, তাহার প্রথম ত্য়ের আট অক্ষর এবং অন্তে এক জাতীয় অক্ষর হইয়া থাকে, আর তৃতীয় ভাগ দশং অক্ষর হয়।

নদী যেন গড়খানা দারে হব্সির থানা
দ্রে হতে† দেখে হয় শস্কা।
দরা সর্কমঙ্গলার লজ্যিবারে শক্তি কারণ
সমুদ্রের মাঝে যেন লঙ্কা।

এ ভাষার আর এক প্রকার ত্রিপদী ব্যবহার্য্য হয় তাহা পূর্বাপেক্ষ স্বরা-ক্ষর হইয়া থাকে, অর্থাৎ প্রথম চুই২ অংশে আট অক্ষরের স্থানে ছয়২ অক্ষর হয় আর তৃতীয় অংশে দশের স্থানে আট২ অক্ষর হইনা থাকে, যেমন

আমাকে কাশীতে, না দিল রহিতে, ভূতনাথ কাশীবাসী। সেই অভিমানে, আমি এই স্থানে, করিব দ্বিতীয় কাশী।

অন্য আর এক ছন্দঃ যাহাকে তোটক কহি, গৌড়ীয় ভাষাতে ইহার ছুই চরণ হইয়া থাকে; প্রত্যেকে বার২ অক্ষর হয়, তাহার তৃতীয়, ষঠ, নবম, দাদশ গুরু হইয়া থাকে, অন্য সমুদায় লঘু অক্ষর হয়। যেমন

দ্বিজ ভারত তোটক,ছন্দ ভণে। কবি রাজ কহে যত গৌড় জনে॥ এই ছন্দে পূর্ব্ব ছন্দের বৈপরীত্য হেতৃক বিশেষ অবধান হয় ইতি॥

^{*} এই সকল আছের ছারা ধ্বন্যাঘাতের প্রভেদ জ্ঞান হয় যেমন রা, জা, ব, লে, ইত্যাদি।
† কথোপকথনে ও কবিতাতে " হইতে " ইহার ইকার লোপ হইয়া "হতে" এ প্রকার
রপ হয়। তক্ষপ "যেমন" হইতে "যেন" ইত্যাদি শব্দের বিদ্বাধ পাচকেরা জন্য২ করিতা
এহ দৃষ্টিতে জ্ঞানিবেন।

সংবাদ কৌমুদী।

বিবাদ ভঞ্জন |

পূর্ব্বপক্ষ পরপক্ষ কর নিরীক্ষণ। পক্ষপাত শূন্য হয়ে কহিবে বচন॥

এক স্থানে এক মৃত্তি স্থাপিত ছিল, সে স্থান চারিদিকে পণের সহিত সংলগ্ধ, ঐ মৃত্তির হস্তে একথান ঢাল ছিল, তাহা সৃশ্ধ্যে স্থানয় এবং পশ্চাৎ রৌপাময়।

এক দিন দৈবাৎ ছই জন ঘোড়সওয়ার ছুই দিক হইতে ঐ মূর্ত্তির নিকটে আসিলা উপস্থিত হইল, এবং তাহাদের মধ্যে কেহই পূর্বের ঐ মূর্ত্তি দেখে নাই। কতক্ষণ অবলোকন করিতে করিতে এক ব্যক্তি কহিল বে, এই ঢাল স্বর্ণময়, দিতীয় ব্যক্তি ঐ মূর্ত্তির অন্যদিকে দেখিতে ছিল, সে তাহার कथा खनिवामां कहिन त्य, व कि अर्गान ? यनि लामात हक्रू थात्क, जत्व এ ঢাল রৌপ্যামর। প্রথম ব্যক্তি কহিল যে, যদি আমি কথনও স্বর্ণ দেখিয়া থাকি, তবে এ অবশ্য স্বর্ণ ঢাল। দিতীয় তাহাকে উপহাস পূর্বক কহিল যে. এমন মাঠে অবশা স্বর্ণ ঢাল রাখিবেক বটে, আশ্চর্য্য এই যে, পর্থিকেরা :কেন রৌপ্য'টাল্ক লইয়া ফ্লায় নাই ? যে হেতৃক ইহার উপরে যে লিখিত আছে,তাহার দারা জানা যায় যে,এই ঢাল তিন শত বৎসর এইথানে আছে। স্বর্ণটোলবাদী দ্বিতীয় ব্যক্তি উপহাস সহু করিতে না পারিয়া অত্যস্ত কুদ্ধ হইয়া যুৱ করিতে প্রবৃত্ত হইল। পরে ছই জন আপন আপন ঘোটক ফিরা-ইয়া ধাব্যনাপযুক্ত আয়ত স্থানে গেল ও আপন আপন অস্ত্র লইয়া পরস্পুর আক্রমণ করিল, তাহাতে উভয়কে এমত আঘাত লাগিল যে, হুই জন আঘাতী কাতর হইয়া মৃত্তিকাতে পড়িল ও মৃচ্ছ পিন্ন হইয়া রহিল। এইকালে একজন অতি শিষ্ট মন্থ্য পথে যাইতেছিল, সে তাহাদিগকে সেরূপ তুদশা প্রাপ্ত দেখিল, সে ব্যক্তি বনৌষ্ধিতে পণ্ডিত ছিল ও আপনি এক প্রকার ঔষধ প্রস্তুত করিয়াছিল, সে ঔষধ তাহার সহিত ছিল, তাহা তাহাদের ক্ষততে লাগাইয়া তাহাদিগকে সঞ্জীব করিল। যথন তাহারা কিঞ্চিৎ স্কুস্থ हरेन, তथन त्न তारात्रिमिण्टक विद्यार्थित कात्र बिख्डामा कतिन। এक बन বলিল যে, এই বোড়সওয়ার করে যে, এই ঢাল রৌপ্যময়। দিতীয় কহিল যে, এই ব্যক্তি কর্হে যে, ঢ়াল স্বর্ণের, একি চমৎকার! তথন সে পথিক থেদ করিয়া কহিল যে হায়! হে লাতারা! তোমরা হুই জন সত্য বুকিয়াছ ও হুই জনই মিথাা বুঝিয়াছ, তোমরা একজন্ও যদি আপনার অুদৃষ্ট দিকু দেখিতে, তবে এত কোধ ও রক্তারক্তি হইত না, থৈহেতুক এই ঢালের এক দিকে মর্ণ ও অন্য দিকে রৌপ্য আছে। অতএব অদ্য তোমারদের যে

ত্র্দশা ঘটিয়াছে, ইহার দ্বারা তোমরা শিক্ষিত হও যে, তোমরা কোন বিষ-রের ত্ই দিক না দেখিয়া কদাচ বিরোধ করিও না, অর্থাৎ বাদী প্রতিবাদী এ উভয়ের যথার্থ অভিপ্রায় না ব্ঝিয়া এক পক্ষের প্রশংসা এবং অন্য পক্ষের নিন্দা করা মহতের নিকট কেবল হাস্যাম্পদের নিমিত্ত হয়।

[मःवान (कोमूनी--हेः मन ১৮२७।]

প্ৰতিধনি।

গুক। এমত স্থান আছে যে যেখানে অনেক প্রাচীর ও পর্ব্বত আছে সেধানে শব্দ করিলে সেই শব্দ প্রথম প্রাচীরে কিম্বা পর্বতে ঠেকিয়া অন্য প্রাচীরে কিম্বা পর্বতে লাগে, তাহার মধ্যে যে লোক থাকে, তাহারদের সমস্ত্রপাতে যে কএকবার গমনাগমন করে, সেই কএকবার প্রতিধানি শুনিতে পায়। স্কটলণ্ড দেশে এক প্রতিধ্বনি আছে যে সেথানে ভূরীদারা শব্দ করিলে প্রতি শব্দের তিনবার প্রতিধ্বনি হয়। রোম নগরের নিটক দেশে যে প্রতিধানি হয় সে প্রতি কথায় পাঁচ বার'প্রতিধানি জয়ে। ইংলওে এক স্থান আছে সেখানে দশ এগারবার এক শদের প্রতিধ্বনি হয়, এবং ত্রদেশস নগরে এক প্রকার প্রতিধ্বনি আছে সে পোনের বার হয় এবং জর্মাণির অন্যস্থানে অন্যস্থতৈ এক আশ্চর্য্য প্রতিধানি আছে সে সামান্য প্রতিধ্বনিতে শব্দ নির্গত হইবার ছই তিন পল পরে প্রতিধ্বনি শুনা যায়। কিন্তু সেথানে মুখহইতে শব্দ নিৰ্গত হইবামাত্ৰ অতি স্পষ্টরূপে প্রতিধানি হয় এবং পৃথকং রূপে কোনং সময়ে এমন বোধ হয় যে ঐ প্রতিধ্বনি যে তোমার নিকটে আইসে ও কোনং সময়ে বোধ হয় যে তোমার নিকটহইতে ষায়। কোনং সময়েতে যেখানে শব্দকালে প্রতিধ্বনি শুনা যায় ও অন্য সম-য়েতে প্রায় শুনা যায় না, এবং সেধানে শব্দ করিলে তাহার নিকটবর্ত্তী জন এক প্রতিধানি শুনে ও অন্য লোক সে শক্তইতে অনেক প্রতিধানি শুনে।

ইংলগু দেশে এক পণ্ডিত প্রতিধ্বনি দারা স্থানের দ্রত্ব মাপিয়াছিল, সে 'বাজ্জি নদীর এক তীরে দাঁড়াইয়া শব্দকরিল ও দেখিল, যে সে শব্দের প্রতিধ্বনি কত পলের মধ্যে ফিরিয়া আইনে, তাহাতে সে নদীর আয়ততা নিশ্চয় করিল ইতি।

অয়স্কান্ত অথবা চুম্বকমণি।

চুম্বকমণি এক প্রকার লৌহ তাহার আশ্চর্য্য বেং গুণ তাহার স্কূল বিবরণ শুন।

যদি চুম্বকমণি কোন লোহের অথবা ইম্পাতের নিকটবর্তী হয়, তবে সেই লোই চুম্বকমণির অভিমুখে আইসে এবং যদি আরু কোন ব্যবধান না থাকে তবে সে মণি ও লোই কিম্বা ইম্পাত উভয়ে একত্র মিলাইলে পুনর্কার পৃথক করিতে বল অপেক্ষা করে।

চুম্বকমণিতে স্পৃষ্ট লৌহ শিক যদি এমত রাখা যায় যে সে মধ্যদেশে বন্ধ থাকে, অথচ চতুর্দ্ধিকে অবাধে 'ঘোরে, তবে কতক ক্ষণ পরে সে এইমত স্থির হইয়া থাকিবেক যে এক মুখ উত্তরদিকে ও অন্য মুখ দক্ষিণদিকে হইবে, এই তাহার বৈ ত্ই মুখ তাহার নাম সে চুম্বক লোহের ত্ই কেন্দ্র, যেহেতুক সে তুই মুখ পৃথিবীর তুই কেন্দ্রের অভিমুখে থাকে।

এই চুম্বকমণির উত্তর দক্ষিণ দিকে মুখ করিয়া থাকা যে স্বভাব সিদ্ধ গুণ তাহার কেন্দ্রাভিম্থ্য সণির যে কেন্দ্রাভিম্থ্য স্বভাব,তাহার মধ্যে তুই আশ্চর্য্য বিশেষ গুণ আছে। প্রথমতঃ চুম্বক লোহের উত্তর মুখ নিশ্চয় উত্তরে থাকে না, কিন্তু কিঞ্চিৎ পশ্চিমে হেলে। দেড় শত বৎসর হইল নিশ্চয় উত্তরে না গ্রিয়া কিঞ্চিৎ পূর্ব্বে হেলিয়াছিল তদবধি ক্রমে২.অত্যত্প পশ্চিমে চলিতেছে। দ্বিতীয়তঃ বদি চুম্বক লোহ আলের উপরে এমত রাখা বায় যে সে সমানে থেলে তয়ব সে লোহ আড়ে সমভাবে থাকিবে না, কিন্তু এক মুখ উদ্ধ্রগামী হয় ও আর মুখ অধোগামী হয়।

চুম্বকলোই উত্তর আর দক্ষিণ দিকে মুখ করিয়া থাকে এই স্বাভাবিক গুণ তাহাতে এমত দৃঢ়রূপে আছে যে তাহার দক্ষিণ মুখ কথনও উত্তরে যায় না, ও উত্তর মুখ কথনও দক্ষিণে যায় না। ছই চুম্বকলোই যে স্বচ্ছন্দে রাখে সে ছই পরস্পর যদি এই মত রাখা মার, যে একটার দক্ষিণ মুখ ও আর একটার উত্তর মুখ নিকটবর্ত্তী হয়, তবে ছই মুখ সংলগ্ন হইবে, কিন্তু যদি এমত রাখা যায় যে ছইটার উত্তর মুখ পরস্পর আসর হয় তবে ছইটাই অপজাবক হয়।

় চুষ্কমণির কেন্দ্রভিম্থ্য রূপ যে গুণ তাহার অন্যং সকল গুণ ইইতে সপ্রয়োজনক, যেহেতুক ইহার দ্বারা নাবিকেরা পথহীন সমুদ্রে পৃথ নিশ্চর করিয়া জাহাজ চালাইতে পারে। ইহার গুণ জ্বানিবার পূর্কে নাবিকেরদেরুতারা ভিন্ন কোন পথ নিশ্চায়ক বস্তু ছিল না, এবং সমুদ্রের তীর হইতে অনেক দূর যাইতে তাহারদের সাহস ছিল না। যাহুদ্রী পৃথিবী খনন করিয়া ধাতু বাহির কেরে, তাহারা পৃথিবীর মধ্যে গর্ভ করিয়া অনেক দূর পর্যান্ত যায় ও ঐ চুম্বকমনির দ্বারা তাহারদের পথ নিশ্চর হয়, এবং চুম্বকমনির দ্বারা পথিকেরা হুর্গম বনে ও মকভূমিতে আপনারদের গন্তব্য পথ নির্ণয় করিতে পারে। যদি চুম্বকমনি লুপ্ত হইত, তবে পৃথিবীর এক সীমা হইতে অপর সীমাতে যে বাণিজ্য চলিতেছে, তাহা একবারে ভ্রম্ভ হইত, এবং ঐ বাণিজ্য দ্বারা পৃথিবীস্থ লোকেরদের যে মহোপকার হইতেছে সে এককালে লুপ্ত হইত।

চুম্বকমণি সকল লৌহ ও লৌহনির্মিত সকল বস্তকে আকর্ষণ করে, এবং যত কোমল ও শুদ্ধ লৌহ হয়, চুম্বকমণি তত অধিক আকর্ষণ করে। চুম্বকমণির যে আকর্ষণ শক্তি সে তাহার স্বাবিয়বে তুল্যা নহে, কিন্তু তাহার দক্ষিণ ও উত্তর মুথে অর্থাৎ তাহার ছই কেন্দ্রে অধিক আকর্ষণ শক্তি; তাহার ছই মুথহইতে মধ্যস্থানে আকর্ষণ শক্তি ন্যুন, ইহার দারা চুম্বকমণির ছই কেন্দ্রাভিমুথ্য জানা যায়, নতুবা যথন অসংশ্বত প্রকৃত চুম্বকমণি পাওয়া যায়, তথন তাহার কেন্দ্রাভিমুথ্য কোন্ স্থান তাহা জানা যাইত না।

চুম্বনশি কতক লৌহ আকর্ষণ করিয়া তুলিতে পারে এবং দেং চুম্বনশি সমান গঠন ও সমান পরিমাণ তাহারা যে সমান লৌহ নিত্য আরুর্ষণ করিতে পারে, এমত নহে। নিউটন নামে পণ্ডিতের "একটা চুর্ধকমণি ছিল, সে আপন পরিমাণ হইতে আঢ়াই শত গুণ ভারী লৌহ আকর্ষণ করিয়া তুলিত। কিন্তু সামান্য চুম্বকমণি যদি পরিমাণে এক শের হয় তবে দশ শেবের অধিক প্রোয় তুলিতে পারে না। যদি একটা ক্ষুদ্র লৌহের এণ্টাল চুম্বকমণি আকর্ষণ করে, তবে সে এণ্টাল আপন নীচে আর এক লৌহের এণ্টালকে আকর্ষণ করে এবং কোনং সময়ে ঐ নীচের এণ্টাল তৃতীয় এণ্টালকে আকর্ষণ করে।

চুষকমণি ও লोহ এই ছুইয়ের মধ্যে यদি লৌহহীন কোন বস্তু ব্যবধান হয়, তথাপি মণির আকর্ষণ শক্তি হানি হয় না। চুষক মণি হইতে একাঙ্গুল দূর যদি লৌহ থাকে এবং ঐ উভয়ের মধ্যে কাঁচ ব্যবধান হয়, তবে অব্যবধানে যেমন চুষকমণি লৌহকে আকর্ষণ করে, তেমন সে ব্যবধান থাকিলেও করে। ইহার বিষয় আর এক আশ্রুষ্য কথা শুন, যদি চুষকমণির নিকটে কোন লৌহ থাকে তবে চুষকমণির কিঞ্চিৎ শুণ ঐ লৌহে প্রবেশ করে, এবং এইমত চুষকমণির শুণ লৌহে প্রবেশ করিলেও চুয়কমণির সে শক্তি হয় না। যে প্রকরণেতে চুয়কমণির শুণ লৌহেতে আনা ধায়, সে অতি ছব্রের এবং অন্যকে ব্যান ভার, অতএব আমারদের এই পর্যান্ত নির্মাচ্য যে চুয়কমণির শুণ লৌহেতে এমত জানা শায় যে ঐ লৌহ চুয়কমণির তুল্য কর্মোপযোগী হয়। চুয়কমণি যে আপন শুণ সামান্য লৌহকে দেয় ইহাতেই চুয়কমণি মতিশয় সপ্রয়োজনক ইয়াছে যেহেতুক প্রকৃত এত চুয়কমণি ছ্র্লভ।

চুম্বক্ষণির গুণ হানি হইতে পারে। যদি অতি স্থানর চুম্বক্ষণি, যত্নপুর্ব্ধক না রাথা যায়, তবে তাহার গুণ হানি অবশ্য হয়। চুম্বক্ষণির উত্তরের মুখ্ যদি অনেক ক্ষণ দক্ষিণ দিকে রাথা যায়, তবে তাহার সে গুণ নপ্ত হয়, এবং যদি সে প্রকৃত চুম্বক্ষণি না হয়, কিন্তু তাহা হইতে প্রাপ্ত-গুণ লোহ হয়, তবে তাহার গুণ একেবারে লুপ্ত হয়। আরো উষ্ণ জলে চুম্বক্ষণি নিক্ষেপ করিলে তাহার গুণ হানি হয়,এবং অতান্ত জ্লদ্মিতে নিক্ষেপ করিলে তাহার গুণ একেবারে লুপ্ত হয়। যদি ছই চুম্বক্ষণি একত্র এমত রাথা যায় যে একটার দক্ষিণ মুখ্ ও অন্যের উত্তর মুখ্ নিক্টে গাকে তবে উভ্রের শক্তি হানি হয়।

চুম্বন্দির এই২ আশ্রুর্য গুণের প্রকৃত কারণ অদ্যাপি কেহ অন্ন্মান করিতে পারেন নাই। অনেক জ্ঞানবান্ লোক ইহাতে যত্নপূর্ব্বক মনোযোগ করিয়াছেন, কিন্তু তাহারা নিশ্চর কোন অন্থভব করিতে সমর্থ হন নাই। সম্প্রতি সকল্বের মনে এই উদয় হয় যে পৃথিবীর উপরের মধ্যে দক্ষিণভাগে ও উত্তরভাগে এমন ছই স্থান অর্থাৎ কেন্দ্র আছে যে তাহার আকর্ষণ শক্তিতে চুম্বক্মণির ছই মুথ ছইদিকে স্থির থাকে। চুম্বক্মণির যে এই দক্ষিণউফ্লরাভিমুথ্য গুণ সে পৃথিবীর উপরে নহে, কিন্তু পৃথিবীর রাহিরেও তাহাদের এই 'ষভাব। যাহারা বেল্ন মানা আকাশে উঠে তাহারাও এই নিশ্চর করিয়াছে, যে উর্দ্ধে যত দূর প্রয়েস্ত উঠা যায় সেথানেও চুম্বক্মণির শক্তি হানি হয় না এবং উত্তরদ্ধিকণাভিমুথ্য গুণের কিছুই হানি হয় না।

এই চুম্কমণি রোমানলোক কর্ত্ক পূর্ব্বে অন্তর্ভুত এবং বহুকালাবধি হিন্দুলোক কর্ত্ব জ্ঞাত ছিল, কিন্তু তাহার দক্ষিণউত্তরাভিম্থা গুণ কেইই পূর্বে জ্ঞাত ছিল না, সে গুণ কেবল গত পাঁচ শত বৎসরের মধ্যে প্রকাশিত হুইয়াছে। পাঁচ শত পঞ্চাশ বৎসর হুইল মার্কোপোল নামে এক ব্যক্তি চীন দেশে গিয়াছিল ও সেখানে চুম্বক যন্ত্র দে থিয়া দেখান হুইতে চুম্বকমণি ইউরোপে আনিয়াছিল, এই মত লোকে কহে, কিন্তু তাহার প্রমাণ নাই, যেহেত্বক চীনীয়েরা ইউরোপীয় লোকহুইতে কি ইউরোপীয়েরা চীনীয়েরদের হুইতে এই বিদ্যা পাইয়াছে এই বিষয়ে বিবাদ আছে। নাবিক ও আকর্বন্ধনক ও পথিকেরদের উপকারার্থে চুম্বকমণি চুম্বক যন্ত্রেতে দেওয়া যায়, তাহার আকার এক ফর্দ কাপজের উপরে পৃথিবীর সকল দিক্ ও বিদিক ও উপদিক্ নিশ্চয় লিখিত থাকে, সেই কাগজের মধ্যস্থানে একটা ক্র্দ্রুর্ক আল রাখা যায়, পরে চুম্বকমণি স্পৃষ্ট এক স্টের মত করিয়া ঐ আলে এয়ত রাখা যায় যে সে বদ্ধ অথচ অনায়ানে চারি দিকে প্রেলে, এবং চতুর্দিকের বায়ু-তাহার উপরে না লাগিবার কারণ তাহার উপরে একটা কাচ দেওয়া যায়। যথন ঐ চুম্বক স্টি উত্তরদিকের উপরে

শ্বিদ্ধ হয়, তথন কোন্ স্থান কোন্ দিগে তাহা নিশ্ব জানা যায়। প্রত্যৈক জাহাজে বড় এক চুম্বক যন্ত্র সর্বাদা থাকে এবং জাহাজের যে স্থানে অত্যন্ত দোলন আছে ঐ স্থানে চুম্বক যন্ত্র রাবে। যথন নাবিকৈরা কোন দিকে জাহাজ লইয়া যাইতে নিশ্বর কবে, তথন এই চুম্বক যন্ত্রমারা তাহারা অসম্য অথচ পথহীন সমুদ্রের মধ্যে উপরে গ্রহ নীচে জলমাত্র দেখিয়াও নয় দশ হাজার ক্রোশ পৌহছে।

যাহারা স্বীকার করে যে ইউরে:পের মধ্যে প্রথম চুম্বক যন্ত্র স্ষষ্টি হইরাছে তাহার। বলে যে ইউরোপের মধ্যে নাপল্স দেশে ফুাবিও জৈয়া নামে এক ব্যক্তি ১৩০২ সনে চুম্বক যন্ত্র স্থাষ্টি করিরাছেন। এই হেতৃক সে দেশের ধ্বজার স্বর্মপ ঐ চুম্বক যন্ত্র হইয়াছে ইতি।

मकत मर्मात विवतं।

মধ্য মংস্য আমারদের জ্ঞানবিষয় তাবং স্প্ট বস্তুর মধ্যে বৃহং। তাহার মধ্যে কোনং মংস্য পঞ্চাশ হাত লম্বা এবং 'শরীরের 'তৃতীয়াংশ তাহার মন্তেক, তাহার পূচ্ছ নর হাত লম্বা এবং তাহার ডানা চবিশে হস্ত আয়তন । তাহার চক্ষু: বড় গরুর চক্ষুর মত, এবং এমত স্থানে স্থাপিত যে সে চতুর্দিকে দৃষ্টি করিতে পারে; মকরী নর দশ মাস গর্ভবতী হইয়া অন্য মংস্যের মত ডিম্ব প্রস্বান করিয়া পশুর ন্যায় একটী শাবক প্রস্বাব করে, ঐ শাবক আপন মাতার ছ্ম্মে প্রতিপালিত হয়। সমুক্তে এক প্রকার শ্যামবর্ণ ও একাঙ্গুলি পরিমাণ কটি আছে, মকর মংলা সেই কটি ভক্ষণ করে।

ে গৌড়ীয় ব্যাকরণ।

রামমোহন রার ইউরোপীয়দিগের বাঙ্গালা ভাষা শিক্ষার সাহাযার্থ ইংরাজী ভাষার বাঙ্গালার এক ব্যাকরণ প্রস্তুত করেন। ১৮২৬ খৃঃ অব্দে তাহা মুদ্রিত হয়। পরে তিনি সেই ব্যাকরণের আদর্শে বাঙ্গালা ভাষার উহার এক ব্যাকরণ রচুনা করেন। তাহা এক প্রকার উপরোক্ত ইংরাজী ব্যাকরণের অমুবাদ বলিলেও বলা যায়। কিন্ত ইহা মুদ্রিত করিবার পূর্বের্ব তাহাকে ইংলও যাত্রা করিতে হইরাছিল। এজন্য তাঁহার অভিপ্রায়াম্নারে স্কুলবুক সোসীইটা এই গ্রন্থ প্রকাশ করিয়াছিলেন। ইহা সে সমরের উৎক্ষ ব্যাকরণ বোধে সর্বত্র পরিগৃহীত হইত। প্রথম মুদ্রণের দিবস ১৮৩৩,এপ্রেল। উক্ত স্থ্লবুক সোসাইটা ছারা ১৮৫১ খৃঃ অব্দে ইহা চতুর্থবার মুদ্রিত হইরাছিল; তর্থনো ইহাতে কিছু বিশেষ পরিবর্ত্তন হর নাই। ৭০৯-৭৬৯ প্রা

সংবাদ কৌমুদী।

ইহা এক সংবাদপত্র বলিয়া প্রথিত। পাদ্রি লং সাহেব ১৮৫২ খৃঃ অফে তৎকাল পর্যন্ত প্রকাশিত বাঙ্গালা গ্রন্থ সকলের এক তালিকা-পুত্তক মুদ্রিত করিয়াছিলেন, তাহাতে ইহা একটি সংবাদপত্র বলিয়া নির্দেশ করিয়াছেন। পরস্ত আমরা সে মূল সম্বাদ পত্র দেখি নাই। তাহা হইতে করেকটা প্রবন্ধ "বেঙ্গীয় পাঠাবলী" নামক এক পুত্তকের তৃতীয় খণ্ডে এবং করেকটা প্রকিতা বিশ্ববিদ্যালয়ের ১৮৭৪ অন্দের প্রবেশিকা পরীক্ষার নির্দিষ্ট বাঙ্গালা পুত্তকে উদ্ধৃত হইয়াছিল। পাঠাবলী কোন পাদ্রী সাহেব কর্তৃক বালকদিগের শিক্ষার নির্মিত্ত সংগৃহীত এবং ক্ষুত্রক সোসাইটা দারা ১৮৫৪ খৃঃ অন্দে প্রকাশিত। ও হই সংগ্রহ পুত্তক আমরা থৈ কয়েকটা প্রতাব উদ্ধৃত করিতে পারিলাম. তয়প্যে বিবাদ ভঙ্গনটাত ১৮২০ এবং আর খ্রালু ১৮২৪ খৃঃ অন্দের বলিয়া উয়েথ আছে। কিন্তু এই সুমুরের আরো পূর্বাবিধি সংবাদ কৌমুদী প্রচলিত ছিল। লং সাহেবের সংগ্রহে ইহার প্রকাশান্ধ ১৮২০ বলিয়া
উরেথ আছে।

ত্বৈ সংবাদ কৌমুদীতে জ্ঞান বিজ্ঞান এবং ঐতিহাসিক তত্ব সমন্বিত বে সকল লোকোপকারী বিষয় লিখিত হইয়াছে, তদ্বারা প্রতীতি হইবে বে রামমোহন রায় যে কেবল ধর্ম্ম ও রাজনীতি বিষয়ে লিখিতে পারিতেন, তাহা নহে; জ্ঞানগর্ভ অমিশ্র সাহিত্য রচনাতেও তাঁহার নৈপুণা ছিল। রাম মোহন রায় গদ্য রচনার বৈয়াক্রণিক নিয়ম প্রথম নিদ্ধারণ করাতে এবং কৌমুদীতে এই সকল প্রবন্ধ লেখাতে তাঁহাকে বর্ত্তমান বাঙ্গালা-গদ্য সাহিত্যের স্পষ্টকর্ত্তা বলিতে হইবে। ৭৭১-৭৮৭ পৃষ্ঠা।

রাজা রামমোহন রায় প্রণীত গ্রন্থ সকলের বাঙ্গালা ও সংস্কৃত ভাগ এই পর্যান্ত হইয়া শেষ হইল; অর্থাৎ এই পর্যান্ত আমরা উদ্ধার করিতে পারিলাম। এত দ্ভিন্ন তাঁহার আরো কয়েক থানি গ্রন্থের নাম, শুনিতে পাই, ষথা— খেতাশ্বতর ও ছান্দোগ্য প্রভৃতি উপনিষৎ; গুরু পাত্না; জাগ্রাহী; খগোল; ইত্যাদি। কিন্তু আমরা সে সকল গ্রন্থের কোন সন্ধান পাইলাম না। কতক গুলি গ্রন্থ লিখিত হইয়াছিল, কিন্তু মুদ্রিত ও প্রকাশিত হইয়াছিল কিনা, নিশ্চিত জানা যায় না। কতকগুলি তাঁহার সহচর পণ্ডিত্রগণের প্রণীত, সে গুলিকে তাঁহার-গ্রন্থ বলিতে পারা যায় না।

এতদ্ভির রাজা রামমোহন রার বেদান্ত হত্তের সমগ্র সংস্কৃত শাকর ভাষা পৃথক শুদ্রিত করিয়াছিশেন, এবং ঈশা, কেন. কঠ, মুগুক প্রভিতি করেক থানি উপান্ব, ও তাহার সংস্কৃত বৃত্তি বা টীকা মুদ্রিত করিয়া প্রচাব করিয়াছিলেন। ইহার মধ্যে কোন কোন গ্রন্থ ভিন্ন ভিন্ন আকারে মুদ্রিত হইয়াছিল। বেদান্ত হত্ত ভাষ্য থানি চতুম্পত্রাকারের (quarto size) ৩৭৭ পৃষ্ঠার সুম্পূর্ণ। কিন্তু তাহাতে রামমোহন রায়ের রচিত কিছু নাই। উপনিষদের বৃত্তি গুলি ভিন্ন ভিন্ন লোকের রচিত; শিব প্রসাদ শর্মা তাহা সঙ্কলন করিয়াছেন, এরূপ নির্দেশ আছে, যথা ঈশোণনিষদে—

"বেদান্তভাস্বরো দেবো সদ্গুর ব্যাসশকরে। শিবপ্রসাদঃ সংস্তোতি শাকদীপীয় বংশফুঃ। • আলোক্যোপনিষদ্ভাষ্যং তর্ত্ধান্তহং যুঁথামতি। তন্মাদাক্ষয় মন্ত্রাথান্ লিথামি নিহেতবে॥"

স্তরাং বি সকলকে রামিনোহন রায় প্রণীত গ্রন্থের মধ্যে গ্রহণ করিতে পারিলাম না। কিন্তু বি বিকল বিংক্কত গ্রন্থের পাঠ ও মূলাঙ্কণ অতি পরিশুদ্ধ অন্ততঃ সে স্নাও তৎসমূদাক রক্ষণীধ বিবেচনা হয়।

আমরা রামমোহন রায় প্রণীত যে সকল মূল গ্রন্থ পাইয়াছিলাম, তুরাধ্যে ষাহা প্রাচীনতম ও পরিপূর্ণ, তাহারই আদর্শে এই দকল গ্রন্থ মুক্তিত করি-য়াছি। বে দকল গ্রন্থ দিতীয় বা তৃতীয় বারে গ্রন্থকারের সময়েই মুদ্রিত হইয়াছিল, তাহার কোন কোন গ্রন্থে পূর্ব্বমুদ্ধিত গ্রন্থের কোন কোন শব্দ পরিবর্ত্তিত দেখা যায়। কিন্তু তাহা দামান্য মাত্র। বিশেষ পক্ষে রামমোহন "রায়ের কোন গ্রন্থেরই লিখন পরিবর্ত্তিত হয় দাই। আমরা এই সকল গ্রন্থের মুদ্রান্ধণ কার্য্যে অক্ষরস্থানসমাবেশাদি আদর্শ গ্রন্থের যত অনুরূপ রাখিতে পারা যায়, তৎপ্রতি দৃষ্টি রাখিয়াছি; কোথাও কিছু পরিবর্ত্তন করি নাই; কদাচিৎ কোন কোন স্থানে অন্তন্ত বৰ্গীয় ভালবা ও মূৰ্দ্ধন্য প্ৰভৃতি বর্ণের অশুদ্ধি শোধন করিয়া দিয়াছি, এবং দাঁড়ি প্রভৃতি চিহ্ন গুলি পূর্নাপর একরপ রাথিতে চেষ্টা করিয়াছি। বর্ত্তমান সময়ে যেরূপ (,) কমা (;) সিমি-কোলন প্রভৃতি যতিটিশ ব্যবহার দারা বাক্য সকল পৃথক্কত হয়, রামমোহন রায়ের সমরে দৈর্কীপ ব্যবহার প্রায় ছিল না। আমরা যদি তাহা দিতাম তাঁহা হইলে এই সকল গ্রন্থ এখনকার পাঠকদিগের স্থথবোধ্য হইত। কিন্তু তাহা লা করিয়া আমরা রামমোহন রায়ের লিথন যথাবৎ রাখিয়া দিয়াছি। এক একটা বিষয় স্পষ্ট রূপে ব্যক্ত হয়, কোন দ্বিধা না থাকে, এজন্য কর্ত্তা কর্ম্ম ক্রিয়াদি বিশিষ্ট যত গুলি শব্দ ও বাকোর প্রয়োজন, প্রাচীন ক্লেক্রেগণ তাহা সমন্ত প্রয়োগ করিতেন, কিছু উহু রাখিতেন ন্যু এবং যতিচিচ্ছের উপর নির্ভ? করিতেন না। রামমোহন রায়ের এই সকল গ্রন্থে সেই লিখনপ্রণালী দৃষ্ট হইবে।

রামনোহন রার প্রণীত বঙ্গালা ও সংস্কৃত গ্রন্থাবলীর পরে তৎসমূদায়ের স্চীপত্র দিয়া সেই সকল গ্রন্থের পরিচয় সংক্ষেপে ব্যক্ত করিলাম। সর্ক সমেত ৮১৪ পৃষ্ঠায় ইহা সম্পূর্ণ হইল।

আশা করি, এই গ্রন্থাবলীর রুষ্ট্র করিয়া দেশামুরাগী বিজ্ঞ ব্যক্তিগণ উক্ত মহাত্মার অপরাপর গ্রন্থোদার এবং এই সমস্ত গ্রন্থের মর্মোদার বিষয়ে যত্নবান হইবেন।

অবশেবে, যে সহযোগীহুত এই গ্রন্থাবলীর প্রথম বিজ্ঞাপন আমার সহিত একত্রে স্বাক্ষর করিয়াছিল, তাই কালের করাল গ্রাসে পতিত হইয়া এই শেষ বিজ্ঞাপন স্বাক্ষর করিতেঁ প্রিটিয়া, এ জন্য অন্তরের শোক প্রকাশ করিতেছি। পরলোকগত আনন্টল বেদান্তরাগীল মহালয় তাঁহার বেদান্ত শাস্ত্রাভিজ্ঞতা দ্বারা এবং অন্যান্য প্রকারে আমাকে এই গ্রন্থাবিশী প্রকাশে মথেষ্ট সাহায্য করিয়াছেন; তরিমন্ত আমি তাঁহার ক্রেটি বিশেষ উপকার ঝানে বন্ধ আছি। তাঁহার অবর্ত্তমানে তাঁহার ক্রেটি পুল শ্রীযুক্ত জানচক্র

ভট্ট। চার্য্য মহাশর বিষয় কর্মে ব্যস্ততা সন্তব্ আমাকে বতদৃত্ব পারেন, সাহায্য করিয়াছেন। আমরা প্রীযুক্ত ঈশানচিক্ত বস্থ মহাশয়কে এই প্রস্থের প্রথম বিজ্ঞাপনে আমাদিগকে সাহায্য প্রদান জন্য যে প্রশংসা করিয়াছিলাম, এখানে তাহার প্রকৃত্তি না করিয়া থাকিতে পারিলাম না তিনি প্রভূত পরিশ্রম এবং শারীরিক, সাংসারিক ও জন্যান্য কন্ত স্বীকার করিয়ানা স্থান হইতে গ্রন্থ সংগ্রহ, গ্রন্থাবলীর প্রায় শেষাদ্ধাংশের মুদ্রাহণ কার্য্যের তত্ত্বাবধান, স্চীপত্র প্রস্তুত করণ ও অন্যান্য নানা প্রকারে আমাদিগকে যেরূপ সহিষ্য করিয়াছেন, তাহা না করিলে আম্রা কোন মতেই এই কার্য্য সংসাধন করিতে পারিতাম না। ইতি।

১৮০২ শক ২২ জ্যৈষ্ঠ। } [`] ১৮৮০ খৃঃঅন্ধ ও জুন।

🖲 রুজেনারায়ণ বস্থ।

ওঁতৎসৎ।

মন্থ্যের যাবং ধর্ম ছুই মূলকে আত্রয় করিয়া থাকেন এক এই বে সকলের নিয়ন্তা পরমেশরেতে নিষ্ঠা রাখা দ্বিতীয় এই যে পরস্পার সৌজ-ন্যতে এবং সাধু ব্যবহারেতে কাল হরণ করা।

> পরমেশরেতে নিষ্ঠার সংক্ষেপ লক্ষণ এই যে তাঁহাকে আপনার আরুর এবং দেহের আর সমৃদার সৌভাগ্যের কারণ জানিরা সর্বান্তঃকরণে শ্রদ্ধা এবং প্রীতি পূর্বক তাঁহার নানাবিধ স্থান্ত রূপ লক্ষণের দারা তাঁহার চিন্তন করা এবং তাঁহাকে ফলাফলের দাতা এবং শুভাশুভের নিয়ন্তা জানিয়া সর্বাদা তাঁহার সমীহা করা অর্থাৎ এই অমুভব সর্বাদা কর্ত্তবা যে যাহা করিতেছি কহিতেছি এবং ভাবিতেছি তাহা পরমেশরের সাক্ষাতে করিতেছি কহিতেছি এবং ভাবিতেছি ॥

২ পরস্পর সাধু ব্যবহারে কাল হরণের নিয়ম এই যে অপ্রে আমাদের সহিত যেরূপ ব্যবহার করিলে আমাদের তুঠির কারণ হয় সেইরূপ ব্যব-হার আমরা অপরের সহিত করিব আর অন্যে যেরূপ ব্যবহার করিলে আমাদের অতুঠি হয় সে রূপ ব্যবহার আমরা অন্যের সহিত কদাপি করিব না!

পরমেশরকে এক নিয়স্তা প্রভুজান করা আর তাঁহার সর্বব সাধারণ জনেতে স্নেহ রাখা আমারদিগ্যে পরমেশরের রূপা পাত্র করিতে পারে ধনাদি যে তাঁহার সামগ্রী স্বতরাং তাহার আকাজ্জিত তেঁহো নহেন।

পরমেশর সকল হইতে অধিক প্রিয় এবং প্রিয়কারী ইহার প্রমাণ এক আত্মন: শরীরে ভাবাৎ। ৫৩। ৩। ৩।

পরমেশ্বর জীব হইতেও অধিক প্রিয় হয়েন বেছেতু পরমেশ্বরের অধিষ্ঠান সর্বাদা শরীরে, আছে অর্থাৎ স্ববৃত্তি সময়ে সকল লয় হইলেও পুনরায় জীবকে পরমেশ্বর প্রবর্ত্ত করেন।

এবছেবানন্দয়তি। কেবল পরমেশর জীবকে আনন্দ যুক্ত করেন।
পরমেশর সকলের শান্তা তাহার প্রমাণ। মৃত্যুর্বস্যোপসেচনং।
জগস্তক্ষক যে মৃত্যু সেও পরমেশরের শাসনেতে আছে। ন ধনেন নচেজারা। ধনেতে আর যুক্তেতে মুক্তি হয় এমৎ নহে।

পরিনিম্প্য বাগ্জালং নির্ণীভ্ষিদ্ধেৰ্হি। নোপকারাৎ পরোধর্মো নাপকারাদ্যং পরং।

ব্ৰহ্মোপাদনার সংক্ষেপ ক্রম এই।

ওঁতৎসৎ ॥ ১॥		একমেবাদ্বিতীয়ং ব্ৰহ্ম। ২।
১ স্থিক্টিছিতি),	২ এক মাত্র 🔵
প্রলয়ের কর্ত্তা	}	অদ্বিতীয় বিশ্ব- 🖁
দেই সত্য।)	ব্যাপি নিত্য।

এই ছুয়ের সাহিত্যে অথবা পার্থকো শ্রবণ এবং চিন্তন করিবেক।

* যতো বা ইমানি ভূতানি জায়স্তে যেন জাতানি জীবন্তি য়ৎ প্রয়স্তা-ভিসংবিশস্তি তদ্বিজ্ঞাসস্ব তদ্ব ক্ষেতি।

এই শ্রুতির পাঠ এবং ইহার অর্থ চিন্তন ক্লতার্থের হৈতু হয়। অর্থ চিন্তনের ক্রম সংস্কৃতে এবং ভাষাতে জানিবেন।

* যশ্মালোকাঃ প্রজায়তে যেন জীবন্তি জন্তবঃ। যশ্মিন্ পুনর্লয়ং যান্তি তদেব শরণং পরং। যদ্মাদাতিবাতোহয়ং প্রান্তপতি বদয়াৎ। যশ্মাদ্ধিয়ঃ প্রবর্ততে তদেব শরণং পরং॥ তরবঃ ফলিনো যশ্মাদ্যেন পুশ্পান্তিতা লতাঃ। যক্ষ্যাসনে গ্রহাযান্তি তদেব শরণং পরং।

যাহা হতে এই বিশ্ব জন্মে পরে পরে। জন্মিয়া गাহার ইচ্ছা মতে স্থিতি করে। মরিয়া যাহাতে বিশ্ব ক্রমে পায় লয়। জানিতে বাঞ্চুহ তারে সেই ব্রহ্ম হয়।

তন্ত্রোক্ত স্তব তান্ত্রিকাবিকারে হয়।

নমন্তে সতে সর্কলোকাশ্ররায় নমন্তেচিতে বিশ্বরূপাত্মকায়। নমো ইয়াততত্বার মুক্তিপ্রদায় নমো ব্রহ্মণে ব্যাপিনে নিগুণায়। ১। তমেকং দারণ্যং অমেকং ব্রেণাং অমেকং জগৎ কারণং বিশ্বরূপং। অমেকং জগৎ-কড় পাড় প্রহান্ত অমেকং নিশ্চলং নির্বিকম্পাং॥ ২॥

ভয়ানাং ভয়ং ভীষণ ভীষণানাং গতিং প্রাণিনাং পাবনং পাবনানাং। মুহোচ্চৈঃ পদানাং নিয়ন্ত অমেকং পরেষাং পরং রক্ষণং রক্ষকাণাং॥ ৩॥ পরেশ প্রভো সর্ব্যরপা বিনাশির নির্দেশ্য সর্ব্বেক্তিয়াগম্য সত্য। অচিত্যাকর ব্যাপকাব্যক্ততত্ব জগদ্বাপকাধীশ্বরাধীশনিত্য ॥ ৪ ॥ বয়ং ত্বাং ক্মরামো বয়ং ত্বাং জপামো বয়ং ত্বাং জগৎসাক্ষিরূপং নমামঃ। বয়ং ত্বাং নিধানং নিরালম্বমীশং নিদানং প্রসর্মং শরণ্যং ব্রজামঃ ॥ ৫ ॥

এ ধর্ম স্কুতরাং গোপনীয় নহে অতএব ছাপা করাণগেল শেষ ছাপা হইল।



গায়ত্রীর অর্থ।

ওঁতৎসৎ

ভূমিকা

বেদেতে এবং বেদান্তাদি দর্শনেতে ও মন্থ প্রান্থতি শৃতিতে এবং ভগবদ্গীতা ও ভন্তাদি শাস্ত্ৰেতে ব্ৰহ্মচারী গৃহত্ব বানপ্রস্থ সংন্যাসী ভাবৎ আশ্রমীর প্রতি পরব্রকোপাসনার ভূরি বিধি বাকা স্বাহে ভাহার কিঞ্চিৎ লিখিতেছি। প্রথমত শ্রুতি:। যতোৰাইমানি ভূতানি জারতে যেন জাতানি জীবন্তি যৎ প্ৰশ্নস্তাভিসংবিশন্তি তৰিজিকাসৰ তৰু কেতি। স্ফি স্থিতি প্রলয়ের কারণ পরত্রশ্ব হয়েন তাঁহাকে জানিতে ইক্ছা করহ।. हरमात्रगाटक ভগবান্ যাক্তবদ্য স্থাপন স্ত্রী মৈত্রেরীর প্রতি ক**হিতেছেন।** ১ আত্মাবা অরে ক্রফ্টব্য: শ্রোতব্যো নিদিধাসিতব্য:। অবণ মনন নিদি-ধ্যাসনের ছারা আত্মার সাক্ষাৎকার অর্থাৎ স্বদ্ধপে অবস্থিতি করিবেক। আ্জানমেবোপাসীত। কেবল আক্ষার উপাসনা করিবেক। সুগুকো-পনিষ্ধ। তমেবৈকং জানখ আত্মান্মন্যা বাচো বিমুঞ্থ। কেবল সেই এক আত্মাকে জানহ অনা বাকা ত্যাগ করহ। ছান্দোগ্যে কুটবে শুচৌ দেশে খাধ্যায়মধীয়ানঃ ধার্শ্মিকান্ বিদধদাত্মনি সর্বেক্সিয়াণি সংগ্রতিষ্ঠাপ্য ভাসন্ ইত্যাদি বেদাধ্যয়নানস্তর গৃহাঞ্চমে থাকিয়া পবিত্র স্থানে যথাবিধি অব-স্থিতি করিয়া বেদপাঠ পূর্বক পূত্র ও শিষ্যকে জ্ঞানোপদেশ এবং পরমা-দ্মাতে সকল ইন্দ্রিয়কে সংযোগ করিয়া দেহযাত্রা নির্ব্বাহ করিবেক। খেড৮ . খতরঞ্জি:। ত্রমেব বিলিমাইতিমুত্যুমেতি নান্যঃ পদ্ধা বিদ্যুতেইয়নায়। কেবল আত্মাকে জানিয়া মৃত্যুকে অতিক্রম করে অর্থাৎ মুক্ত হয় আত্মকান বিনা মোক্ষের আর উপায় নাই। মহ:। বথোকানাপি কর্মাণি পরিহার ৰিজোক্তমঃ। আত্মজ্ঞানে শমে চ সাাৎ বেদাভাবে চ যতুবান্। পূৰ্বোক্ত কর্মা সকলকে পরিত্যাগ করিয়াও গ্রাহ্মণ আত্মুক্তানে ইন্দ্রিয় নিগ্রছে ध्यंगवीनि (वनाणांत्र ,गक्न क्रित्वक । यांक्षवद्याः । अननाविष्यः कृषा

মনোরুদ্ধিস্তীন্তিয়ং। ধ্যের আত্মা স্থিতো বোৎসৌ হাদবে দীপবৎ প্রভু:।
মন বুদ্ধি চিত্ত আর ইন্দ্রিয় সকলকে বিষয় হইতে আকর্ষণ করিয়া হাদয়ে
অবস্থিত প্রকাশ স্করপ যে পরমাত্মা তাঁহার চিত্তন করিবেক। ভগবদ্দীতা।
তদ্বিদ্ধি প্রনিপাতেন পরিপ্রশ্নেন সেরয়া।

হে অজুন তুমি জ্ঞানিদের নিকট প্রণাম করিয়া এবং তাঁহাদের নিকট প্রাথ ও সেবা করিয়া সেই আত্মতত্তকে জান। কুলার্ণব।

 করপাদো-দরাসাদিরহিতং পরমেশ্বরি। সর্বতেজোময়ং ধ্যায়েৎ সচ্চিদানন্দবিগ্রহং॥ হন্ত পাদ উদর মুখাদি রহিত সচ্চিদানন্দ অপ্রকাশ যে ব্রহ্মতত্ত্ব তাঁহার ধ্যান হে ভগবতি লোকে করিবেক ৷৷ অতএব এপর্য্যন্ত বাহুল্য মতে বিধি বাক্য সকল বর্ত্তমান থাকাতে স্বার্থপর ব্যক্তি-সকলের এমৎ সাহস হঠাৎ হয়না যে এ সাধনকে অনাবশাক কিমা অকর্ত্তব্য কছেন কিছ আপন লাভার্থে অমুগত লোকদিগ্যে এ উপাসনা হইতে নিবর্ত্ত করিবার নিমিত্ত কহিয়া থাকেন যে এ সাধন শান্ত্রসিদ্ধ হইয়াও এদেশে পরম্পরাসিদ্ধ নহে ওই অমুগতব্যক্তিরা কি সিদ্ধ পরম্পরা কি অদ্ধপরম্পরা ইহার বিবেচনা না করিয়া আক্সোপাসনা হইতে বিমুখ হইয়া লৌকিক জীড়া যাহাতে হঠাৎ মনোরঞ্জন হয় ভাহাকেই পরমার্থ সাধন করিয়া নিশ্চয় করিয়াছেন অতএব ত্রন্ধোপাসনা যেমন ত্রাহ্মণাদির প্রতি সর্বশাল্পে প্রাপ্ত হইয়াছে সেইরূপ পরম্পরাতেও সিদ্ধহয় ইহা ্বিশেষ রূপে সকলকে জ্ঞাত করা এই এক প্রয়োজন হইয়াছে।। প্রণয এবং ব্যাছতি ও ত্রিপাদ গায়ত্রী ইহাঁকে বাল্যকাল অবধি জপ করেন এবং অনেকে ইহার পুরশ্চরণো করিয়া থাকেন অথচ তাঁহারদের গায়ত্রী প্রদাতা **আচার্য্য অথচ পুরোহিত কিন্বা আত্মী**য় পণ্ডিতেরা পরব্রন্ধোপাসনা হইতে তাঁহাদিগো পরাঘুধ রাখিবার নিমিত্ত এ মন্ত্রের কি অর্থ তাহা অনেককে. करहन ना এবং ওই জপকর্জারাও ইহার कि অর্থ তাহা জানিবার অমৃ-সন্ধান না করিয়া শুকাদির ন্যায় কেবল উচ্চারণ করিয়া এ মন্ত্রের যথার্থ ফল প্রাপ্তি হইতে বঞ্চিত হইতেছেন একারণ ইহার অর্থজ্ঞানের দ্বারা তাঁহাদের জপের সাফলা হয় এই বিতীয় প্রয়োজন হইয়াছে। অতএব **অ পব ও ব্যাহ্ন**তি এবং গায়ত্রীর অর্থ যাহা বেদে এবং মনুও যাজবন্ধ্য

স্থৃতিতে লিখিয়াছেন তাহার বিবরণ করিতেছি এবং সংগ্রহকার ভট্টগুণ-বিষ্ণু ও স্বার্ত্ত ভট্টাচার্য্য যে ব্যাখ্যা করিয়াছেন তাহাও সংক্রেপে লিখিতেছি যাহার হারা তাঁহাদের নিশ্চয় হইবেক যে প্রণব ও ব্যাহ্নতি ও গায়ত্তী: জপের দ্বারা পরবৃদ্ধই জপকর্তাদের অজ্ঞাতরূপে পরস্পরায় উপাস্য হয়েন তথন তাঁহাদের ত্রন্ধজিজ্ঞানা হইলে পরমাত্মার শ্রবণ মনন নিদিধ্যা-সনের দ্বারা কতার্থ হইতে পারিবেন। পর্যাচন্তার আবশ্যকতার প্রমাণ। স্মার্ভধুতব্যাসম্বৃতিঃ। লপিত্বা প্রতিপদ্যেত গায়ত্রীং ব্রহ্মণা সহ। সোহ-মন্দ্রীভাপাদীত বিধিনা যেন কেনচিং। গায়ত্রীর অর্থ যে ত্রন্ধ হইয়াছেন সে অর্থের সহিত উচ্চারণ পূর্ব্বক এই রূপে তাঁহাকে জানিয়া যে গায়ত্রীর প্রতিপাদ্য যিনি ঈশর তেঁহ মন বুদ্ধি চিত্ত অহম্বারের অধিষ্ঠাতা যে আত্মা তাঁহার সহিত অভিন্ন হয়েন উপাসনা করিবেক। আর গায়ত্রীর অর্থ প্রকরণে প্রণবব্যাহ্নতিভাং ইত্যাদি বচনের ব্যাখ্যাতে স্মার্গ্র ভট্টাচার্য্য প্রণবাদিত্রিতয়েন ব্রন্মপ্রতিপাদকেনোচ্চারিতেন তদর্থাব-গমেন চ উপাদাং প্রদাদনীয়ং। ব্রহ্ম প্রতিপাদক যে প্রণব ব্যাহ্মতি গায়ত্রী তাহার উচ্চারণ ও তদর্থ জ্ঞান দ্বারা ব্রন্ধের উপাসনা করিবেক। এবং ভট্ট গুণ বিষ্ণুও গায়ত্রীর অর্থের উপসংহারে লিখেন। যন্তথাভূতো ভর্গোহস্মান্ প্রেরয়তি স জল-ছেন্ত্র-রসামৃত-ভূরাদি-লোক-ত্রয়াত্মক-সকল-চরাচর-স্বরূপ-ব্রহ্ম-বিষ্ণু-মহেশ্বর-স্ম্র্ট্যাদি-নানা-দেবতাময়-পরব্রহ্ম-স্বরূপো ভূ-बार्षि मथलाकान् अने। भवश्यका भवन् मही ब्रक्ती वाजानः (क्यां ठी क्र शः সত্যাথ্যং সপ্তমং ব্রন্ধলোকং ব্রন্ধস্থানং নীত্বা আন্তন্যের ব্রন্ধণি ব্রন্ধজ্যোতিষা সহৈকভাবং করে।তীতি চিন্তান্ জপং কুর্যাৎ। যে সর্বব্যাপি ভর্গ আমা-দের অন্তর্যামি হইয়া প্রেরণ করিতেছেন তেঁহ জল জ্যোতিঃ রস অমৃত এঁবং স্থ্রাদি লোকত্রর হয়েন এবং সকল চরাচর স্বরূপ হয়েন আর ব্রহ্মবিষ্ণু মহেশ্বর স্থাাদি নানা দেবতা হয়েন তেঁহই বিশ্বময় পরত্রকা তেঁহ,ভুঃ সপ্তলোককে প্রদীপের ন্যায় প্রকাশ, করেন তেঁহ আমাদের জীবাত্মাকে জ্যোতিময় সত্যাথা সর্কোপরি ব্রহ্মপদকে প্রাপ্ত করিয়া চিচ্চপ পরবন্ধ স্বরূপ আপনাতে একত্ব প্রাপ্ত করেন এইরূপ চিন্তা করিয়া জপ করিবেক। বিশেষত গায়ত্রীতে ধীমহি শব্দের ছারা জপর্মত-

রিক্ত চিন্তা করিবার প্রতিজ্ঞা স্পান্ত প্রাপ্ত হইতেছে অতএব গায়ত্রী জ্বল-কালে অর্থের জ্ঞান অবশ্য কর্ত্তব্য হয়। এবং যে তন্ত্রাহুসারে এতদেশে দীক্ষা করিয়া থাকেন ভাহাতেও লিখেন যে মন্ত্রার্থ না জানিলে জপের বৈফল্য হয়। ইতি শকাজা ১৭৪০।

ওঁ কারশক্তে স্টিছিডি প্রলয়ের কারণ এবং জাগ্রদবস্থা ও স্বপ্পাবস্থা ও কুৰ্ত্তি অবস্থার অধিষ্ঠাতা যে পরবৃদ্ধ তেঁহ প্রতিপাদ্য হয়েন ইহা সমুদার বেদেতে প্রসিদ্ধ আছে তথাপি তাহার কিঞ্চিৎ লিখিতেছি। (ছান্দোগ্য-উপনিষ্
। ওমিত্যাত্মানং যুঞ্জীত। ওমিতিব্রন্ধ। ওঁকারের প্রতিপাদ্য যে আত্মা তাঁছাত্তে চিত্ত নিবেশ করিবেক। ওঁকারের প্রতিপাদ্য পরব্রহ্ম হয়েন।)(মৃতক। ওমিত্যেবং ধ্যায়থ আত্মানং। ওঙ্কারের অবলম্বন করিয়া পরমান্ত্রার ধ্যান করহ। বৈশিগুকা। সোহযমান্ত্রা অধ্যক্ষরমোহার:। সেই পরমান্তার তেঁহ ওঙার যে অক্ষর তৎস্বরূপে কথিত হইয়াছেন। এইরূপ ভূরি প্রয়োগ আছে।)(মহ:। ক্ষরন্তি সর্কা বৈদিক্যো জুহোতি বন্ধতিক্রিয়া:। অক্ষরং তুম্করং ক্রেয়ং ব্রহ্ম চৈব প্রকাপতি:। বেণোক্ত ক্রিয়া কি হোম কি যাগ সকলেই স্বভাবত এবং ফলত নাশকে পাইবেন কিন্ত জগতের পতি বে ব্রহ্ম তৎস্বরূপ ওঁকারের নাশ কদাপি হয় না। । (যোগি-যাজবন্ধা:। প্রণবব্যান্থতিভ্যাঞ্চ গায়ত্রাত্রিতয়েন চ। উপাদ্যং পরমং বন্ধ আত্মা যত্ত্ৰ প্ৰতিষ্টিতঃ ৷ প্ৰণৰ ব্যাহ্নতি গায়ত্তী এই:তিনের প্ৰত্যেকের অধবা সমূদায়ের উচ্চারণ ও অর্থজ্ঞান ছারা বুদ্ধি রুত্তির আশ্রয় যে পরব্রন্ধ তাঁহার উপাদনা করিবেক। বাচ্যঃ স ঈশ্বনঃ প্রোক্তো বাচকঃ প্রণবঃ. স্মৃতঃ। বাচকেপি চ বিজ্ঞাতে বাচ্যএব প্রদীদতি॥ ওন্ধারের প্রতিপাদ্য পর-ব্রহ্ম এবং পরব্রহ্মের প্রতিপাদক ওহার হয়েন অতএব ব্রহ্মের প্রতিপাদক ওঙ্কারকে জানিলে প্রতিপাদ্য বে পরমাত্মা তেঁহ প্রদন্ন হয়েন।) ভিগব-मतीजा। ७ उ९मिणि निर्प्तरणा बच्चनित्रियः मृठः। ७ । ७९। मर। এই তিন শব্দের দারা পরত্রন্ধের কথন হয়। দিতীয় ভূর্বংশ্বঃ এই ব্যাহ্বতিত্রশ্ব অর্থাৎ ব্রহ্মাদি স্থাবর পর্যান্ত সমুদায় জগৎ পরব্রহ্মময় হয়েন।) 👺 जिः। मर्काः थेनिषः जन्म। श्रूक्य धंरवषः विश्वः। जावर मःमात्र शत्रजन्न-ময় হয়েন 🣭 মহ:। ওঙ্কারপূর্বিকান্তিত্রো মহাব্যান্কতবোহব্যয়া:। ত্রিপদা-**চৈৰ সাৰিত্ৰী বিজ্ঞেয়ং ব্ৰহ্মণো মুখং ॥ প্ৰাণৰ পূৰ্ব্বক** তিন মহাব্যাহ্নতি অর্থাৎ ভূর্ভুবঃ স্বঃ আর ত্রিপাদ গায়ত্রী এই তিন ব্রহ্ম প্রাপ্তির দার ब्हेबारक है त्यां नियाक वकाः। कूर्ज् वः चल्यां शूर्वः चत्रस्य चत्रक्र् वा। কাৰতাজানবৈষেন তেন ব্যাহতয়ঃ স্তাঃ। বেহেতু পূর্ব কালে স্বরং

ব্রহ্মা সমুদার বিশ্ব যে ভূর্ত্ব: স্ব: তাহাকে জানদেহরূপে ব্যাহ্মত করিয়াছেন অর্থাৎ কহিয়াছেন সেই হেতু ঐ তিনকে ব্যান্থতি শব্দে কহা যায় অতএব ঐ তিন শব্দ ঈশবের প্রতিপাদক হয়েন 🎉 ্তৃতীয় গায়ত্রী যাহা গায়ত্রী ছন্দেতে পঠিত হইয়াছেন। গায়ত্রী প্রকরণে শ্রুতি:। যদৈতদ্বন্ধ। গায়ত্রীর প্রতিপাদ্য সেই পরবন্ধ হয়েন। বৃজু: শ্রুতি। যোহসাবদৌ পুরুষ: সোহমন্মীতি। তুর্যা মণ্ডলস্থ যে ভর্গরূপ আত্মা সে আমি হই অর্থাৎ স্থাের যিনি অন্তর্গামী তেঁহ আমার অন্তর্গামী হয়েন। 🗚 মন্থ:। ত্রিভা এব তু বেদেভাঃ পাদং পাদমদূত্বহৎ। তদিভাচোহসাঃ সাবিত্রাঃ পরমেষ্ঠী প্রজাপতিঃ। তৎসবিতুরিত্যাদি যে গায়ত্রী তাঁহার তিন পাদকে তিন বেদ হইতে ব্রহ্মা উদ্ধার করিয়াছেন। যোহধীতে হব্যা-হন্যেতান ত্রীণি বর্ষাণ্যতন্ত্রিতঃ। স রক্ষ পরমভোজি বাযুভূতঃ থমূর্তিমান্। বি ব্যক্তি প্রণব্ ব্যাহ্বতি এবং গায়ত্রী এই তিনকে তিন বৎসর প্রতিদিন জপ করে দে ব্যক্তি পরব্রহ্মে অভিনিবিক্ট হইয়া শরীর নাশের পর সর্ববশক্তিমান্ পরব্রহ্ম প্রাপ্ত হয় ॥) যাজবল্কঃ। দেবস্য সবিতুর্বর্চে। ভর্গ-মন্তর্গতং বিভুং। ব্রহ্মবাদিন এবছিব রেণ্যং চাস্য ধীমহি॥ চিন্তয়ামো বয়ং ভূর্গং ধিয়ো যোনঃ প্রচোদয়াৎ। ধর্মার্থকানমোকেষু বুদ্ধির ভীঃ পুনঃপুনঃ॥ बुरक्ताम्नामशिका यञ्च किमाञ्चा शूकरवाविताक्। वरतनाः वतनोशक कवामःमात्रजी-কভিঃ। প্রাদেবের অন্তর্যামি সেই তেজঃস্বরূপ সর্বব্যাপি সকলের প্রার্থনীয় পরমাত্মা ঘাঁহাকে ব্রহ্মবাদিরা কহেন তাহাকে আমরা আমাদের অন্তর্যামি-ক্রপে চিন্তাকরি বিনি আমাদের বুদ্ধিকে ধর্ম অর্থ কাম মোক্ষের প্রতি পুন: পুন: প্রেরণ করিতেছেন যিনি চিৎস্বরূপে বুদ্ধির প্রেরক হইয়া সম্পূর্ণ জ্ঞাৎ হয়েন আর বেঁহ জন্মরণাদি সংসার হইতে যাহারা ভর্যুক্ত তাহা-(मत्र व्यार्थनीय रुद्यन ॥ भाग्रजीत व्यथरम त्यमन व्यगत्याक्रात्रत्व আবশ্যকতা সেইরূপ অন্তেত্নেও ওঁকারোচ্চারণের আবশ্যকতা হয়। প্রমাণ গুণবিষ্ণু ও মহবচন 🗸 ব্রাহ্মণঃ প্রণবং কুর্য্যাদাদাবস্তে চ সর্বদা। ক্ষরত্য নোঁকতং পূর্ববং পরস্তাচ্চ বিশীর্যতি। ব্রাহ্মণেক্তে গায়ত্রীর প্রতিবার জপেতে প্রথমে এবং স্বাস্তেতে প্রণবোচ্চারণ করিবেক। যেহেতু প্রথমে **डिक्रांदन ना क**तिरन करनत हार्डि इस धवः ल्याद्य डिक्रांतन ना कतिरन

ফলের ক্রটি জন্মে। এখন ঐ সকল পুর্ব্বোক্ত প্রমাণের অনুসারে এবং প্রাচীন সংগ্রহকার ভট্ট গুণবিফুর ব্যাখ্যাত্মারে এতদ্দেশীয় সংগ্রহকার ন্মার্ত্ত ভট্টাচার্য্য যেরপ ব্যাখ্যা করিয়াছেন ভাষাও লেখা বাইতেছে 🛊 দেব্দ্য স্বিভূত্তৎ ভূৰ্গরূপ্থ অন্তর্যামি ব্রহ্ম বর্ঞীরং ক্রম্মৃত্যুতীক্ষ্টিঃ তল্লিরাসায়োপাসনীয়ং ধীমহি পূর্ব্বোক্তেন সোহমন্মীত্যনেন চিস্তয়ামঃ या जर्गः मर्वाज्यामीयता तारियोकः मर्द्वयाः महीतिनाः विद्याद्भीः প্রচোদরাৎ ধর্মার্থকামমোকের প্রেরমতি। সুর্যাদেবের অন্তর্যামি যে তেজঃসরূপ ব্রহ্ম জন্মনৃত্যুসংসারভয় নিবারণের নিমিত্ত সকলের প্রার্থনীয় হয়েন তাঁহাকে আমরা আমাদের অন্তর্যামি স্বরূপ জানিয়া চিন্তা করি যে ঈশ্বর আমাদের অর্থাৎ সকল জীবের বৃদ্ধিকে ধর্মার্থকাম মোক্ষেতে প্রেরণ করিতেছেন। এরূপ অভেদ চিন্তনের তাৎপর্যা এই বে সর্বাধিক তেজস্বী ও প্রকাশক এবং মহান্ যে সুর্য তাঁহার অন্তর্যামি আ্মা আর অতি সাধারণ জীব যে আমরা আমাদের অন্তর্থানি আ্মা একই হয়েন কিন্তু বিকারময় যে নামরূপ তাহার মধ্যে পরস্পর উপাধি ভেদে উত্তম অধম ভেদ আছে বস্তুত আত্মার ভেদ নাই। কঠশ্রুতিঃ। একোবশী সর্বভূতান্তরাত্মা। প্রমেশ্বর এক সমুদায় জগৎকে আপন ৰশে রাখেন আত্রন্ধত্ব পর্যান্ত সকলের অন্তরাত্মা হয়েন-

নিষ্ঠার্থ:

১। ও ভৃত্ব বা স্বা তৎসবিত্ব রেণাং ভর্গোদেবস্য ধীমহি বিয়োরোনঃ
৩।
তাচোদয়াং ও । প্রথম ও কার একমন্ত্র। দিতীয় ভৃত্ব বা স্বা একমন্ত্র।
ভৃতীয় তৎসবিত্ব রেণাং ভর্গোদেবস্য ধীমহি বিয়োয়োনা প্রচোদয়াং
এই একমন্ত্র। এইতিন মালুর প্রতিপাদ্য এক পরবাদ্ধ বা নিমিশ্ব ভিনকে একঅ করিয়া লপ করিবার বিধি দিয়াছেন—

সমুদারের মিলিভার্থ:। স্থানিছিতি প্রলয়ের কারণ যে পরমাত্মা হা ভেঁহ ভূর্লোকাদি বিশ্বময় হয়েন স্থাদেবের অন্তর্থামি সেই প্রার্থনীয় সর্কাব্যাপি পরমাত্মাকে আমাদের অন্তর্থামি রূপে আমরা চিন্তা করি ত। যে পরমাত্মা আমাদের বৃত্তির রুক্তি সকলকে প্রেরণ করিতেছেন ইতি।

কঠোপনিষৎ

বিজ্ঞাপন।

পূর্ব্বে কঠ, মুগুক ও মাগুকা উপনিষদের আদর্শ পুস্তক না পাওয়াতে ইহা যথাস্থানে প্রকাশিত হয় নাই। একণে আদর্শ পুস্তক পাইয়া এই স্থলে প্রকাশ করিলাম।

প্রকাশক।

ওঁ তৎসৎ

ভূমিকা।

যজুর্ব্বেদীয় কঠোপনিষদের ভাষা বিবরণ ভগবান্ পূজাপাদের ভাষামুসারে করা গেল ইহাতে কি পর্যন্ত কর্ম ফলের গতি এবং ব্রহ্মবিদ্যার
কি প্রভাব পরিপূর্ণরূপে স্ব স্থানে বর্ণন আছে আর অধ্যাত্ম বিদ্যার বিশেষ
মতে পরিসীমা ইহাতে আছে। পূর্ব্ব সঞ্চিত পুণোর দ্বারা অথবা এতং
কালীন স্থক্তাধীন যে সকল ব্যক্তির ব্রহ্ম জিজ্ঞাসা হইয়া থাকে ভাঁহাদের এই
উপনিষদের শ্রবণ মননে অবশ্য যত্ম ইইবেক এবং তাঁহারা ইহার অন্ধূর্তানের
স্থানাধিক্যের দ্বারা বিলম্বে অথবা ত্বরার কৃতার্থ হইবেন আর যাহারা যুদ্ধ
বিগ্রহ হাস্য কৌতুক আহার বিহার ইত্যাদি লৌকিক ব্যবহারের শ্রবণ
মননকে পরমার্থ জানেন তাঁহাদের প্রবৃত্তি এই শুদ্ধ পরমাত্মতত্বের অভ্যাদে
স্থতরাং না হইতে পারে। হে অস্তর্যামিন্ পরমেশ্বর আমাদিগ্যে আত্মার
অবেষণ হইতে বহিমুর্থ না রাথিয়া যাহাতে তোমাকে এক অদ্বিতীয়
অতীক্রিয় সর্বব্যাপী এবং সর্ব্ব নিয়ন্তা করিয়া দৃঢ় রূপে আমরণান্ত জানি
এমৎ অম্প্রাহ কর ইতি ॥ ওঁ তৎসং—

র্ভতৎসং॥ অথ কঠোপনিষং॥ ব্রহ্ম বিবয়ের বিদ্যাকে উপনিবং भारक कहा यात्र। अथवा य विमा उन्नारक धार्थ कतान साह विमारक উপনিষৎ শব্দে কহি। শম দমাদি বিশিষ্ট পুরুষ উপনিষদের অধিকারি জানিবে। সর্বব্যাপি পরত্রক্ষ উপনিষদের বক্তব্য হয়েন। সর্বব্যকার ত্র:থ নিব্লক্তি অর্থাৎ মুক্তি উপনিষৎ অধায়নের প্রয়োজন হয়। আর উপনিষদের সহিত মুক্তির জন্য জনক ভাব সম্বন্ধ অর্থাৎ উপনিষদের क्कात्नद्र बाता गर्व्य कू:थ निहाजिक्रभ य मुक्ति ठारा रहा। है। है । डिमन-হ বৈ বাজ্ঞবদঃ সর্ববেদসংদদে তদ্য হ নচিকেতা নাম পুত্রস্থাস।১। ।। যক্ত ফলের কামনা বিশিষ্ট বাজশ্রবস রাজা বিশ্বজিৎ নাম যক্ত করিয়া আপনার সর্বাস্থ ধনকে দক্ষিণা দিলেন সেই যত্তকর্তা রাজার নচিকেতা নামে পুত্র ছিলেন। ১। *।তং হ কুমারং সন্তং দক্ষিণাস্থ স্নীযমানাশ্রদ্ধাবি বেশ সোহমন্যত। ২। *। যে সময়ে ঋত্বিকৃ আর সদসাদিগ্যে দক্ষিণার গরু বিভাগ করিয়া দিতে ছিলেন সেই কালে ওই নচিকেতা যে অতি বালক রাজপুদ্র ছিলেন তাঁহাতে পিতার হিতের নিমিত্ত শ্রদ্ধা উপস্থিত হইল আর ওই রাজপুত্র বিচার করিতে লাগিলেন সে কি বিচার করিতে नांशित्नन जांश পরের মন্ত্রে কহিতেছেন। २। *। পীতোদকাজগ্ধতৃণাত্ত্ব-গ্বদোহানিরিক্রিয়া:। অনন্দানাম তে লোকান্তান্ সগচ্ছতি তাদদং। ৩। *। যে সকল গরু পিতা দিতেছেন তাহারা এমংরূপ রুদ্ধ যে পূর্বের জলপান এবং তুণ আহার যাহা করিয়াছে দেই মাত্র পুনরায় জলপান এবং তুণ আহার করিতে তাহাদের শক্তি নাই আর পূর্কেবে যে তাহাদের ছগ্ধ দোহা গিয়াছে দেই মাত্র পুনরায় তাহাদিগ্যে দোহন করিতে হয় কিথা পুনর্কার তাঁহাদের বংস জন্মে এমং সম্ভাবনা নাই এমং রূপ গরু যে ব্যক্তি मकिनारक मान करत रम जानम भूना य लाक वर्षा नत्रक जाशारक যায়। এখন নচিকেতা এই রূপ বিবেদনা করিয়া পিতার অমঙ্গল নিহারণের নিমিত্ত পিতার নিকট যাইয়া কহিতেছেন। ৩। *। স হোবাচ পিতরং তাত কল্মৈ মাং দাসাসীতি,দিতীয়ং তৃতীয়ং তং হোবাচ মৃত্যুৰে ছা দদামীতি। ৪। *। হে পিতা কোন ঋত্বিককে দক্ষিণা স্বরূপে আমাকে দান করিবে এইরূপ দ্বি তীর্বার তৃতীয়বার রাজাকে কহিলেন। বালক

প্রের এরপ প্ন: প্ন: পিতাকে জিজাসা করা উচিত নহে ইহাতে জুজ হইয়া পুত্রকে রাজা কহিলেন যে তোমাকে যমেরে দিলাম। তথন নচিকেতা একাস্তে যাইযা এইরূপ চিন্তা করিতে লাগিলেন। 8·। *। <u>বহুনামেমি প্রথমোবহুনামেমি মধ্যমঃ।</u> কিং স্থিৎ যমস্য কর্ত্তব্যং বস্থায়াদ্য-করিষ্যতি। ৫। *। অনেক সং পুত্রের মধ্যে আমি প্রথমে গণিত হই আর অনেক মধ্যম পুত্রের মধ্যে মধ্যম গণিত হই অর্থাৎ কঢ়াপি অধ্য পুত্রে গণিত নহি। আমার দানের দ্বারা যমের যে কার্য্য পিতা এখন করিবেন সে কার্য্য কি পূর্বের স্বীক্কত ছিলো কি ক্রোধ বশেতে পিতা এরূপ কহিলেন। সং পুদ্র তাহাকে কহি যে পিতার অভিপ্রায় জানিয়া পিতার সন্তোষ জনক কর্ম করে আর মধ্যম পুত্র দেই যে পিতার আজা পাইয়া পিতৃ সন্তোষ জনক কর্ম করে আর অধন পুত্র সেই যে পিতার ক্রোধ জনাইয়া পিতার অভিপ্রেত কর্ম করে। যাহা হউক ইহা মনে করিয়া তখন শোকাবিষ্ট পিতাকে নচিকেতা কহিতে লাগিলেন । ৫। *।অমু-পশা যথা পূর্বের প্রতিপশা তথা পরে 🎮 সামিব মর্ত্য: পচাতে শ্লসামিবাজা-য়তে পুন:। ७। *। আপনকার পিতৃপিতামহাদি যে বে প্রকারে সত্যা-मुकीन कतियाद्य जाहारक करम आत्नाहना कर आह हेमानी छन गांधू বাক্তিরা যে রূপে সভাাচারণ করিভেছেন ভাহাকেও দেখ মর্থাৎ ভাঁহারা সভাামুষ্ঠানের দ্বারা সন্ধাতিকে পাইয়াছেন অতএব তাহাদের সভ্য ব্যব-হারকে অবলম্বন করা আপনকার উচিত হয় মিথাার দ্বারা মনুষ্যে কদাপি অজরামর হয় না যেহেতু মহুত্য সদ্যের ন্যায় কালে জীর্ণ হইয়া মরে আর মরিয়া সদ্যের ন্যায় পুনরায় উৎপন্ন হয় অতএব অনিতা সংসারে মিথা কহিবার কি ফল আছে এনিমিত্ত আমাকে যমকে দিয়া আত্ম সত্য প্রতি-পালন কর। পিতাকে এইরূপ কহিলে সেই পিতা আত্ম সত্য পালনের নিমিত্তে দেই নচিকেতা পুজ্ঞকে যমের নিকট পাঠাইলেন নচিকেতা যম লোকে যাইয়া ত্রিরাত্র বাস করিলেন যেহেতু তৎকালে যম ব্রন্ধ লোকে গিয়াছিলেন তেঁহ পুনরালমন করিলে পর বমের পরিজন সকল যমকে কহিতেছেন। ७। 🔭। বৈশানর: প্রবিশত্যতিথিত্র কিণো গৃহান্। তদ্যৈতাং শান্তিং কুর্ববন্তি হর বৈবন্ধতোদকং। ৭। *। অতিথি রূপে ব্রাহ্মণ সাক্ষাৎ

. ऋधित लाग्न एयन लोह करतन थाई मएड गृहत्क व्यादम करतन मांधू व्यक्तिका অগ্নিস্বরূপ অতিথিকে পাদ্যাদি দ্বারা শান্তি করেন অতএব হে যম তৃমি . এই অতিথির পাদপ্রকালনের জল আনয়ন কর। অতিথি বিমুথ হইলে প্রত্যবায় হয় ইহা পরে করিতেছেন। ৭ Ia। অ'শাপ্রতীক্ষে সঙ্গতং স্থনুতং চেক্টাপূর্ত্তেপুক্রপশৃংক্ষ সর্কান্। এতদ্রংত্তে পুরুষস্যাপ্পমেধসোষস্যান-শ্বন্ৰসতি ব্ৰাহ্মণোগৃছে।৮। *। যে অপপ বুদ্ধি পুন্ধের গৃহেতে ব্ৰাহ্মণ অতিথি অভুক্ত হইয়া বাস করেন সেই পুক্ষের আশাকে আর প্রতীক্ষাকে সঙ্গতকে আর স্থনুতাকে ইন্টকে আর পূর্ত্তকে এবং পুত্রকে আর প্রাদি এই সকলকে সেই অতিথি প্রাহ্মণ নম্ট করেন। যে বস্তুর প্রাপ্তিতে - সন্দেহ থাকে ভাহার প্রার্থনাকে আশা কহি। আর যে বস্তুর প্রাপ্তিতে নিশ্চয় থাকে তাহার প্রার্থনাকে প্রতীক্ষা কহি। সৎমঙ্গাধান ফলকে সঙ্গত কৃহি। প্রিয় বাক্য জন্য ফলকে স্থনুতা কহি। যাগাদি জন্য कनरक देखे कहि। कृतिम श्रुष्णामानिम कना कनरक शृर्व कहि। ।। যম আপন, পরিজনের স্থানে এসমাদ শুনিয়া নচিকেতার নিকট যাইয়া পূজা পূর্ব্বক তাঁহাকে কহিতেছেন। *। তিস্রোরাত্রীর্বদবাৎসী গৃহে মেহন-শ্বন্তক্ষত্রতিথির্নস্যঃ। নমস্তেম্প্রকান্ স্বস্তি মেস্তু তন্মাৎ প্রতি ত্রীন বারান র্ণীম। ১। । । হে ব্রাহ্মণ যেহেতুক তিনরাত্রি আমার গৃহেতে অতিথি হট্যা অনাহারে বাদ করিয়াছ এবং তুমি নমদ্য হও অতএব তোমাকে নমস্কার করিতেছি আর প্রার্থনা করিতেছি যে তোমার উপবাস জন্য যে দোষ তাহার নির্ভি দারা আমার মঙ্গল হউক আর তুমি অধিক প্রসন্ত্র হইবে এনিমিত্তে কহিতেছি যে তিনরাত্রি আমার গৃহেতে উপবাসী ছিলে তাহার এক একরাত্রির প্রতি এক একবার যাচ্ঞা কর। ১। তখন নচিকেতা কহিতেছেন। । শাস্তদকল্প: স্থমনাযথা স্যাৎ বীতম্মুর্নে ।-তমোমাভিমৃত্যো। স্বৎ প্রস্থাইং মাভিবদেৎ প্রতীতএতত্ররাণাং প্রথমং वतः हृत्। २०। [#]। दह यम यिन कामात वत निवात हे**ण्हा थात्क उत्व** जिन বরের প্রথম বর এই আমি যাচ্ঞা করি যে আমার পিতা গৌতম তাঁহার সঙ্কম্পের শান্তি হউক অর্থাৎ তোমার নিকট আসিয়া আমি কি করিতেটি এইনপ যে তাঁহার চিস্তা তাহা নিরন্তি হউক আর আমার প্রতি পিতার

চিত্ত প্রেসর হউক এবং আমার প্রতি তাঁহার কোণ দূর হউক আয় ভোষার হস্ত হইতে মুক্ত হইয়া গৃহে গমন করিলে পর নামার পিভার এই क्रभ मुखि यन इम्र य रमरे माका आभाव भूख गमानम इहै एक ফিরিয়া আইল।>। তখন যম কহিতেছেন। যথা পুরস্তান্তবিতা প্রতীত ওঁদ্দালকিরারুণির্মৎ প্রস্থাই:। স্থং রাত্রীঃ শ্বিতা বীতমন্থালাং দদুশিবান্ মৃত্যুমুখাৎ প্রমৃক্তং । ১১। পূর্বেধে বে রূপে পুত্র করিয়া তোমাকে তোমার পিতার প্রতীতি ছিল সেই রূপ নি:সন্দেহ হইয়া যে রূপ পূর্বে তোমার প্রতি তেঁহ সংতু ট ছিলেন সেই রূপ সংতু ট হইবেন আর তোমার পিতা যাঁহার নাম ঔদালকি এবং আরুণি তেঁহ আমার অনুগৃহীত হইয়া পূর্বের ন্যায় পরের রাত্তি সকল স্থাপতে শয়ন করিবেন আর তোমাকে মৃত্যুর হস্ত হইতে মুক্ত দেখিয়া অক্রোধী হইবেন অর্থাৎ তোমার পিতার বিশ্বাস হইবেক যে তুমি যমালয় পর্যান্ত গিয়াছিলে পঁথ হইতে কিরিয়া আইসো নাই। ১১। এখন নচিকেতা দ্বিতীয় বর যাচ্ঞা করিতে-ছেন। স্বর্গে লোকে ন ভয়ং কিঞ্চনাস্তি ন তত্র স্বং ন জর্যা বিভেতি। উত্তে তীর্দ্বা অশনায়াপিপানে শোকাতিগো মোদতে স্বর্গলোকে । ১২। স্বৰ্গলোকেতে হে যম রোগাদি জন্য কোন ভয় হয় নাই আর তুমি যে মৃত্যু তুমিও স্বর্গে হঠাৎ প্রভুতা করিতে পারে। না অতএব জরামুক মর্ত্য লোকের ন্যায় কেহ স্বর্গেতে তোমা হইতে ভয় প্রাপ্ত হয় না আর क्षा जुका এই ছই হইতে উজীর হইয়া আর মানস ছু:খ হইতে রহিত হইয়া স্বথেতে স্বর্গে বাস করে। ১২। স ত্বমগ্রিং স্বর্গ্যমধ্যেষি মৃত্যো প্রব हि जः व्यक्तशानाग्र महाः। স্বৰ্গলোকা অমৃতত্বং ভজস্ত এতদ্বিতীয়েন রূপে বরেণ। ১৩। এইরূপ স্বর্গের প্রাপ্তি যে অগ্নিতে হয় সেই অগ্নিকে হে যম তুমি জান অতএব শ্রহ্মাযুক্ত যে আমি আমাকে সেই অগ্নির বরূপ কে কহ যে অগ্নির সেবার দায়া যজমান সকল দেবতার স্বরূপকে পায়েন এই দ্বিতীয় বর আমি তোমার স্থানে যাচ্ঞা করিতেছি। ১৩। এখন যম কহিতেছেন। প্র তে ব্রবীমি তত্ত মে নিবোধ স্বর্গ্যমগ্নিং নচিকেতঃ প্রস্তা-नन्। अनुस्ताकाशिमाथा প্রতিষ্ঠাং বিश्वि धरमनः निहित्रः खहामार । >8। হে নচিকেতা স্বৰ্গ প্ৰাপ্তির কারণ যে আগি তাহাঁকে আমি সম্পর প্রকারে

জানি জভএব ভোষাকৈ কহিতেছি তুমি সাবধান হইয়া বোধ কর অনম্ভ স্বর্গলোকের প্রাপ্তির কারণ আর সকল জগতের আত্রয় সেই অগ্নি হয়েন আর বৃদ্ধিমান ব্যক্তির বৃদ্ধিতে হিতি করেন এই রূপ অগ্নির স্ক্রপ আমি কহিতেছি তাহা তুমি জান। ১৪। লোকাদিময়িং তমুবাচ **ज्रेम** गायिकेकागावजीर्वा यथा वा। न हालि ज्र श्रान्त यर्थाक्रमथाना মৃত্যুঃ পুনরাহ তুঠাঃ। ১৫। সেই নচিকেতাকে সকল লোকের আদি বে অধি তাঁহার স্বর্পকে যম কহিলেন আর অধির চয়নের নিমিত্তে বেরপ ইফ্টক দকল যোগ্য আর বত ইফ্টকের প্রয়োজন হয় আর বেরূপে অগ্নিচরন ক্রিডে হয় সে সকল নচিকেতাকে কহিলেন। যমের কথিত ৰাক্যকে নচিকেতা সম্যক প্ৰকারে বুঝিয়াছেন যমের এমং প্রতীতি জ্মাইবার জন্যে ঐ সকল বাক্যকে নচিকেতা যমকে পুনরায় কহিলেন তথন নচিকেতার এই প্রতিবাক্যের ছারা যম সম্ভুক্ত হইয়া তিন বরের অতিরিক্ত বর্ম দিতে ইচ্ছা করিয়া পুনরায় কহিতেছেন। ১৫। তমব্রবীৎ প্রীয়মাণো মহান্ধা বরং তবেহান্য নদামি ভূয়:। তবৈব নাম্না ভবিতায়-ষ্মিঃ স্কাঞ্মোমনেকরপাং গৃহাণ। ১৬। নচিকেতাকে শিষ্যের যোগ্য দেখিয়া মহাত্বৰ ষম প্ৰীতি পূৰ্ব্বক তাঁহাকে কহিলেন তোমার প্ৰতি তুষ্ট হইয়াছি এ নিমিত্ত পুনরায় এখন ভোমাকে অন্য বর দিতেছি। এই পূর্ব্বোক্ত যে অগ্নি ভেঁহ তোমার নামে প্রসিদ্ধ হইবেন অর্থাৎ পথির নাম নাচিকেত হইবেক। আর এই নানাত্রপ বিশিষ্ট বিচিত্ত রত্বময়ী মালা বে তোমাকে দিতেছি তাহা তুমি গ্রহণ কর। ১৬। - ত্রিণাচিকেতক্রিভিরেত্য সদ্ধিং ত্রিকর্মকৃৎ তরতি জন্মগৃত্যু। ত্রহ্মজঞ্জং নেৰমীডাং বিদিয়া নিচাবোমাং শান্তিমভান্তমেতি। ১৭.। মাতা পিতা আচার্য্যের অন্তর্শাসনের ছারা যে ব্যক্তি তিনবার শাস্ত্রোক্ত অগ্নির চয়ন करतन त्म वाकि यांश विषाधात्रन ध्वर पांत्नत्र कर्छा विमन क्षत्र मृज्य হইতে উত্তীর্ণ হয়েন সেইরূপ জন্ম মৃত্যুকে অতিক্রমণ করেন। আর ব্ৰহ্মা হইতে উৎপন্ন হইয়াছেন এবং সৰ্বজ্ঞ যে অগি তেঁহ দীপ্তি বিশিষ্ট এবং স্থৃতি বোগ্য হয়েন ভাঁহাকে সেই ব্যক্তি শান্ত্ৰত জানিয়া এবং শাল্প ভাবে দৃষ্টি করিয়া শান্তিকে অর্থাৎ বিরাট্ পদকে পারেন। ১৭।

এখন অগ্নি জ্ঞানের ফল এবং তাহার চয়নের ফল এই ছুই প্রস্তাবকে সমাপ্তি করিতেছেন। ত্রিণাচিকেতস্ত্ররমেতদিদিয়া য এবং বিদ্বাং শিচ্ছতে নাচিকেতং। স মৃত্যুপাশান্ পুরতঃ প্রণোদ্য শোকাতিগো মোদতে স্বৰ্গলোকে। ১৮। যে ত্ৰিণাচিকেতপুৰুষ বেৰূপ ইক্টক আৰু ষভ ইক্টক আর যে প্রকারে অগ্নি চয়ন করিতে হয় এ তিনকে বিশেষক্লপে বোধ করিয়া আত্ম ভাবে অগ্নিকে জানিয়া ধ্যান করেন তেঁহ অধর্ম অজ্ঞান রাগদ্বেষাদি রূপ যে মৃত্যুপাশ ভাহাকে মরণের পূর্ববি ত্যাগ করিয়া মানস তু:ধ হইতে রহিত হইয়া স্থােতে স্বর্গলাকে বাস করেন। ১৮। এষ তে অগ্নিনচিকেতঃ স্বর্গো বমর্বীথা দ্বিতীয়েন বরেব। এতমগ্নিং ভবৈৰ প্ৰবক্ষান্তি জনাসন্ত তীয়ং বরং নচিকেতো রণীয়। ১৯। হে নচি-কেতা তুমি দ্বিতীয় বরের মারা স্বর্গের সাধন যে অগ্নির বর যাচ্ঞা করিয়া ছিলে তাহা তোমাকে তুষ্ট হইরা দিলাম। আর লোক ্সকল তোমার নামেতে অগ্নিকে বিখ্যাত করিবেন এখন হে নচিকেতা ভৃতীয় বরকে তুমি বাচ্ঞা কর।১৯। এপর্যান্ত ক্রিরা কারক ফল এ তিনের আরোপ আত্মাতে করিয়া কর্মকাণ্ড কহিলেন এখন তাহার অপবাদ অর্থাৎ বাধক যে আত্ম জ্ঞান তাহা কহিতেছেন। যেয়ং প্রেতে বিচিকিৎদা মনুষ্যে অন্তীত্যেকে নাযমন্তীতি চৈকে। এতিৰদামনুশিক্ত-স্ত্যাহং বরাণামের বরস্তৃতীয়:। ২০। বমের বাকা শুনিয়া নচিকেতা কহিতেছেন ইহলোকে এক সংশার আছে দে এই যে মনুষ্য মরিলে পর শরীর ইন্ত্রিয় মন বুদ্ধি এসকল ভিন্ন জীব আত্মা আছেন এরূপ কেছ কছেন আর এ সকল ভিন্ন জীবাত্মা নাই এরপো কেহ কছেন আমি তোমার শিক্ষা ভারা ইহার নির্ণয় জানিতে চাহি বরের মধ্যে এই ভূতীয় বর আমার অতি প্রার্থনীয়। ২০। এখন নচিকেতা জ্ঞান সাধনের বিবঁয়ে দৃচ কি না ইহা জানিবার নিমিত্ত যম নচিকেতাকে লোভ দেখাইয়। পরীক্ষা করিতেছেন। দেবৈরত্রাপি বিচিকিৎসিতং প্রা ন হি স্থবিজে-যমণুরেষ ধর্মঃ। অন্যং বরং নচিকেতো রণীস্থ মা মোপরোৎদীরতি মা স্ট্রেনং। ২১। দেবতারাও পূর্ব্বে এই আত্ম বিষয়ে সংশয় বৃক্ত ছিলেন এ ধর্ম শুনিলেও মহুষ্য ক্ষম্মর প্রকারে বুঝিতে পারেন না বেহেতু এ

ধর্ম অতি ক্রক্ম হয় অতএব হে নচিকৈতা তুমি অন্য কোন বর বাচ্ঞা কর আমি তিন বর দিতে স্বীকার করিয়াছি ইহা জানিয়া আমাকে এরপ কঠিন বরের প্রার্থনার মারা নিতান্ত বাধিত করিবে না আমার নিকট এ বর প্রার্থনা ভ্যাগ কর। ২১। এই রূপ যমের বাক্য শুনিয়া নচিকেভা কহিতেছেন। দেবৈরত্রাপি বিচিকিৎসিতং কিল দ্বঞ্চ মৃত্যো যন্ন স্থবিজ্ঞেয়-মাপ। বক্তা চাস্য ছাদৃগন্যো ন লভ্যো নান্যো বরস্তু লা এডস্য কশ্চিৎ।২২। দেবতারা এ আত্মবিষয়ে সংশয় করিয়াছেন ইচা তোমার স্থানে নিশ্চিত শুনিলাম আর হে যম তুমিও আত্মতত্তকে চুক্তেয় করিয়া কহিতেছ অতএব এধর্মের বক্তা অবেষণ করিলেও তোমার ন্যায় কাহাকে পাওয়া যাইবে না মোক্ষসাধন যে এ বর ইহার তুলা অন্য বর নহে ব্দতএব এই বর দেও। ২২। পুনরায় যম নচিকেতাকে লোভ দেখাইতে-ছেন। শতায়ুষঃ পুদ্রপৌক্রান্রণীয় বহুন্ পশূন্ হস্তিহিরণ্যম্বান্। ভূমে-মহদায়তনং র্ণীয় স্বয়ঞ্চ জীব শরদো যাবদিন্দ্সি।২৩। এতত্ত্বাং यमिमनारम वतः इनीच विष्ठः ठित्रकीविकां । महाजृत्यो निरुक् ज्यासि কামানাং ছা কামভাজং করোমি। ২৩। যে যে কামা তুর্লভা মর্ত্যলোকে সর্বান্কামান্দ্দেজঃ প্রার্থিত্ব। ইমা রামাঃ সর্বাঃ সত্র্যাঃ নহীদৃশা লস্ত-নীবা মহুষ্যৈঃ আভিম ৎপ্রভাভিঃ পরিচার্যস্থ নচিকেতো মরণং মাহুপ্রাক্ষীঃ । ২৪। **শত বর্ষ পরমাযু হ**য় এম**ং পুদ্র পৌদ্র সকলকে** যাচ্ঞা কর আর গরু প্রভৃতি অনেক পশু আর হন্তী স্বর্ণ অম্ব এসকল প্রার্থনা কর আর পৃথিৰীর মধ্যে অনেক দেশের অধিকার যাচ্ঞা কর আর তুমি আপনি যত বৎসর বাঁচিতে ইচ্ছা কর তত বৎসর বাঁচিবে এমৎ বর প্রার্থনা কর। ২৪। এই পূর্বেরাক্ত বরের তুল্য অন্য কোন বর যদি তুমি জান তবে তাহার প্রার্থনা কর জার রত্ব প্রভৃতি এবং চিরজীবিকা রভিকে যাচ্ঞা কর। আর সকল পৃথিবীতে হে নচিকেতা তুমি রাজা হও এমং করিব আর প্রার্থনীয় যে যে বস্তু আছে তাহার মধ্যে যাহা তুমি প্রার্থনা কর ভাহার ভাক্সন তোমাকে করিব।২৫। আর মর্ক্য লোকেতে যে যে বন্ধ তুর্লভ আছে তাহাকে আপন ইচ্ছামতে প্রার্থনা কর আর বিমান সহিত এবং বাদ্য সহিত এই সকল অপসরাকে যাচ্ঞা কর

খেছেতু মহুষ্যেরা এরপ অক্সরা সকলকে প্রাপ্ত হয়েন না। কিন্তু আমার দত্ত এই সকল অবসরা **ছারা আপনাকে স্থাে** রাধহ। হে নচিকেতা মরণের পর জীবসম্বন্ধি প্রশ্ন অর্থাৎ আত্ম বিষয়ক প্রশ্ন আমার প্রতি করিও না। ২৫। ষম এ প্রকার লোভ নচিকেতাকে দেখাইলেও নচিকেতা কুৰ না হইয়া পুনরায় যমকে কহিতেছেন। খোভাবামর্ত্যস্য যদস্তকৈতৎ সর্ব্বেক্সিয়াণাং জরয়ন্তি তেজঃ। অপি সর্ববং জীবিতমপ্পমের তবৈব বাহান্তব নৃত্যগীতে। ২৬। ন বিজেন তর্পণীযো মন্থ্যো লক্ষ্যামহে বিজ্ঞ মদ্রাক্ষ চেন্তা। জীবিষ্যামো যাবদীশিষ্যসি তং বরস্তু মে বরণীয়:সএব।২৭। অজীগ্যতামমৃতানামূপেত্য জীগ্যশ্বর্তা:কৃধ:স্থ:প্রজানন্। অভিধায়ন্বর্ণরতি প্রমোদানতিদীর্ঘে জীবিতে কো রমেত। ২৮। যশ্মিল্লিদং বিচিকিৎসস্তি মৃত্যো যৎ সাম্পরায়ে মহতি জহি নস্তৎ। যোহয়ং বরো গৃঢ়মমুপ্রবিস্টো নান্যং তন্মান্নচিকেন্ডা র্ণীতে। ২৯। হে যম তুমি যে সকল ভোগ দিভে চাহিতেছ সে সকল সন্দিগ্ধপর অর্থাৎ কল্য হইবেক কিনা এমৎ সন্দেহ সে সকল ভোগেতে আছে আর সেই সকল ভোগ যেমন অপ্সরাদি তাহার প্রাপ্তি হইলেও মহুষ্যের সকল ইন্দ্রিয়ের তেজকে তাহারা নস্ট করিবেক আর দীর্ঘ আযু যে দিতে চাহ সেও যথার্থ বিবেচনায় অপ্প হয় অতএব তোমার রথাদি বাহন এবং নৃত্য গীত যত আছে সে তোমারি নিকট থাকুক।২৬। ধনের ছারা মহুব্যের যথার্থ ভৃপ্তি হইতে পারে না অর্থাৎ ধনের উপার্জনে এবং বৃক্ষণে ছুয়েতেই কস্ট আছে আর যদিও ধনের ইচ্ছা হয় তবে তাহা পাইব যেহেতু তোমাকে দেখিলাম আর যদি অধিক কাল বাঁচিতে ইচ্ছা করি তবে তুমি যাবৎ যমরূপে শাসন কর্তা থাকিবে তাবৎ বাঁচিব অতএব আত্ম বিষয় যে বর তাহাই আমি বাঞ্ছা করি। ২৭ ু। জরা মরণ খূন্য যে দেবতা সকল তাঁহাদের নিকট আসিয়া উত্তম ফল ঞ সকল দেবতা হইতে পাওয়াযায় এমত জ্বানিয়াজরা মরণ বিশিষ্ট পৃথিবীস্থিত যে মহুষ্য সে কেন ইতর বরকে প্রার্থনা করিবেক আর গীত রতি প্রমোদ এ তিনের কারণ যে অপ্সরা সকল হইয়াছেন তাহাকে অ-ত্যস্ত অন্থির জানিয়া কোন্ বিবেকী দীর্ঘ পরমাযুতে আসক্ত হইবেক।২৮। হে যম মরণের পর আত্মা থাকেন কি না থাকেঁন এই সন্দেহ লোকে

করেন অভএব আত্মার নির্ণয় জ্ঞান মহৎ উপকারে আইসে তাহ। তুমি কহ এই ছুক্তের বর ব্যতিরেকে অন্য বর নচিকেতা প্রার্থনা করে না। ২৯। हेि अध्ययक्री। "। धरे ऋत्य निरात भरीकानहेश धरः निराक জ্ঞানের যোগ্য দেখিয়া যম কহিতেছেন। অন্যৎশ্রেমাইন্য ছতিব প্রেয়: তে উত্তে নানার্থে পুরুষং সিনীত:। তয়ো: শ্রেয় আদদানস্য সাধু ভবতি হীয়তেহর্থাদ্যউ প্রেয়ো র্ণীতে। ১। শ্রেয় অর্থাৎ মোক্ষসাধন যে জ্ঞান সে পৃথক হয় আর প্রেয় অর্থাৎ প্রিয়সাধন যে অগ্নি হোত্রাদি কর্ম্ম সেও পৃথক হয় সেই জ্ঞান ও কর্ম ঞেহারা পৃথক পৃথক ফলের কারণ হইয়া পুরুষকে আপন আপন অনুষ্ঠানে নিযুক্ত করেন। এত্ইয়ের মধ্যে যে ব্যক্তি জ্ঞানামুষ্ঠানকে স্বীকার করে তাহার কলাাণ হয় আর য ব্যক্তি কর্মামু-ষ্ঠানকে স্বীকার করে দে পরম প্রুষার্থ হইতে পরিভ্রক্ত হয়। ১। ল্রেয়শ্চ প্রেয়শ্চ মনুষ্যমেতঃ তৌ সম্পরীত্য বিবিনক্তি ধীর:। শ্রেয়ো হি ধীরোহভিপ্রেরসো রণীতে প্রেরো মন্দো ধোগকেমাছ ণীতে। ২। জ্ঞান আর কর্ম এ ছই মিলিড হইয়া মমুষ্যকে প্রাপ্ত হয়েন তখন পণ্ডিত ব্যক্তি এছইয়ের মধ্যে কে উত্তম কে অধম ইহা বিবেচনা করেন ঐ বিবেচনার দার। জ্ঞানের উত্তমতার নিশ্চর করিয়া কর্মের অনাদর পূর্ব্বক জ্ঞানকে আশ্রম করেন আর অপণ্ডিত ব্যক্তি শরীরের স্থুখ নিমিত্তে প্রিয়দাধন যে কর্ম তাহাকেই অবলম্বন করেন। ২। স জং প্রিয়ান্ প্রিয়রূপাংশ্চ কামানভিখ্যায়ন্ত্রচিকেতোহত্যপ্রাক্ষী:। নৈতাং স্কাং বিভ্রমগ্রীমবাপ্তো यসাং মজজি বহবো মহুষ্যা:। ৩। হে নচিকেতা তুমি পুন: পুন: আমার লোভ দেখাইবার ছারা সুক না হইয়া পুত্রাদিকে এবং অপ্সরা-দিকে অনিত্য জানিয়া এ সকলের প্রার্থনা ত্যাগ করিলে তোমার কি উত্তম বুদ্ধি যে হেতু ধনময় কৰ্মপঞ্জতে সৃদ্ধ হইলে না যে কৰ্মপথেতে অনেক মুম্ব্য মথ হয়। ৩। জ্ঞানের অবলম্বন করিলে ভালো হয় কর্মের অবলম্বন করিলে ভালো হয় না ইহাতে কারণ কহিতেছেন। দুরমেতে ৰিপরীতে বিষ্চী অবিদ্যা যা চ বিদ্যোতি জ্ঞাতা। বিদ্যাভীপ্রিনং নচিকে-ভসং মন্যে ন তা কামাবহবোহলোলুপস্ত। ৪। জ্ঞান আর কর্ম এ ছুই পরস্পর অত্যম্ভ বিপরীত হয়েন এবং পৃথক্ পৃথক্ ফলকে দেন এইরূপে

বিদ্যাকে আর অবিদ্যাকে অর্থাৎ জ্ঞান আর কর্মকে পণ্ডিত সকলে জানি-য়াছেন তৃমি যে নচিকেতা তোমাকে জানাকাজ্ঞি জানিলাম যে হেতু অপ্সরাদি নানা প্রকার ভোগ তোমাকে জ্ঞান পথ হইতে নিবর্ত করিতে পারিলেক না। ৪। অবিদ্যায়ামন্তরে বর্ত্তমানাঃ স্বয়ং ধীরাঃপণ্ডিতং মন্য-मानाः। मळ्यामानाः शतियस्ति मृता अस्तितेनव नीत्रमाना वर्षासाः। ८। কর্মান্ধকারের মধ্যে যে সকল ব্যক্তি হিতি করিয়া আমরা বুদ্ধিমান্ হই শাল্তেতে নিপুণ হই এরপ অভিমান করে সেই সকল ব্যক্তি নানাপ্রকার পথেতে পুনঃ পুনঃ ভ্ৰমণ করিয়া নানা জাতীয় হঃখকে প্রাপ্ত হয় যেমন অন্ধকে অবলম্বন করিয়া অপর অন্ধ সকল ছুর্গম পথ প্রাপ্ত হইয়া নানা প্রকার ছু:থকে পায়। ৫। ন সাম্পরায়: প্রতিভাতি বালং প্রমাদ্যক্তং বিভ্রমোহেন মূঢ়:। অয়ং লোকো নান্তি পর ইতিমানী পুন: পুনর্বশমাপ-দাতে মে। ৬। অবিবেকী প্রমাদ বিশিষ্ট আর বিস্ত নিমিত্ত অর্জানেতে আচ্ছন্ন যে লোক তাহারা পর লোক সাধনের উপায়কে দেখিতে পায় না बारे लाक यादा प्रिचिट्ड शाम प्राप्त में में मान बाद है है। जिस श्रम नार्क नार्रे এই প্রকার জ্ঞান করে দে সকল লোক আমি যে মৃত্যু আমার বশে অর্থাৎ আমার শাসনে পুন: পুন: আইসে। ৬। শ্রবণায়াপি বছভির্যো . न मछाः मृश्त्वाभि वहत्वा यञ्च विद्वः। आक्टार्यग्रहमा वका कूनलाश्मा লবা আকর্ষ্যো জ্ঞাতা কুশলাফুলিফ্ট:। ৭। সেই বে পরমাত্মা তাঁহার প্রস-ঙ্গকেও অনেকে শুনিতে পায় না আর অনেকে শুনিয়াও তাঁহাকে বোধগম্য করিতে পারেনা আর আত্মজানের বক্তা তুর্লভ হয়েন আর আত্মজানকে শুনিয়াও অনেকের মধ্যে কোনো নিপুণ ব্যক্তি ইহাকে প্রাপ্ত হয়েন যে হেতু উত্তম আচার্যা হইতে শিক্ষা পাইলেও এধর্মের জ্ঞাতা অতি ছুর্লভ ह्य । ।। न नत्त्रवावत्त्रव त्थांक यम स्वित्कत्या वह्या विकामानः । अनना-প্রোক্তে গতিরত্র নান্ত্যণীয়ান্ ইতর্কামণ্প্রমাণাৎ।৮। অম্পর্কি আচার্য্য যদি আত্মার উপদেশ করেন তবে আত্মা জ্যের হয়েন না যেহেতু নানা প্রকার চিন্তা আত্ম বিষয়ে বাদিরা উপস্থিত করিয়াছে কিন্তু যদি ব্রহ্মজ্ঞানী সেই আত্মার উপদেশ করেন তবে নানা প্রকার বিবাদ দূর হইয়া আত্ম-জ্ঞান উপস্থিত হয় এমং জ্ঞানীর উপদেশ না হইলে আত্মা ক্ষেম হইতেও

স্ক্রম থাকেন অর্থাৎ অপ্রাপ্ত হয়েন বেহেতু তেঁহ কেবল তর্কের স্বারা জ্ঞেয় নছেন। ৮। নৈষা তর্কেণ মতিরাপনেয়া প্রোক্তান্যেনৈব স্বজ্ঞানায় প্রেষ্ঠ। বাত্তমাপ: সত্যমতির্বতাসি স্বাদৃঙ্নোভূযান্নচিকেত: প্রফী। ১। এই বেদ গম্য যে আত্মজান সে কেবল তক্তে পাওয়া যায় না কিন্তু কুতা-কি কি ভিন্ন বেদান্ত জানী আচার্য্যের উপদেশ হইলে যে আত্মজানকে তুমি পাইবে দেই আত্মজ্ঞানের তথন স্থন্দর রূপে প্রাপ্তি হয় হে প্রিয়তম নচিকেতা যেহেতু তুমি সত্য সংস্কম্প হও অতএব তোমার ন্যায় প্রশ্ন কর্ত্তা শিষ্য আমাদের হউক এই প্রর্থনা করি। ৯। জানাম্যহং শেবধিরিতানিতাং ন হাঞ্জবৈঃ প্রাপ্যতে হিঞ্জবং তং। ততোময়া নাচিকেত শ্চিতোহগ্রিরনিত্যৈক্র ব্যৈঃপ্রাপ্তবানন্মি নিতাং। ১০। প্রার্থনীয় যে কর্ম্ম ফল সে অনিত্য আমি তাহা জানি যেহেতু অনিত্য বন্ধ যে কৰ্মাদি তাহা হইতে 'নিজ্য যে পরমাত্মা তেঁহ প্রাপ্ত হয়েন না কিন্তু অনিজ্য বস্তু যে कर्माि ठोइ। इटेरा जिनका वज्ज रय वर्गािन टेटा थाथ हम अप कािन-য়াও আমি অনিত্য বস্তু দারা স্বর্গ ফল সাধন যে অগ্নি তাহার উপাসনা করিয়া বছকাল স্থায়ী যে স্বর্গ তাহা প্রাপ্ত হইয়াছি। ১০। কামস্যাপ্তিং জগত: প্রতিষ্ঠাং ক্রতোরনস্কামভয়দ্য পারং স্তোমমহত্রুগায়ং প্রতিষ্ঠাং দৃষ্টা ধৃত্যা ধীরো নচিকেতোহতাপ্রাক্ষীঃ। ১১। হিরণ্যর্গর্ভোপাসনার ফল বে হিরণ্যগর্ভের পদ তাহা প্রার্থনীয় বস্তু সকলেতে পরিপূর্ণ হয় আর সকল জগতের আশ্রয় সে পদ হয় আর ভূরি কাল স্থায়ী ও সকল অভয় चान इहेर्ड डेखम थवः श्रमः मनीय ও यावरेषभंग विभिक्ते स्मई श्रम इय ও সেপদ হইতে শীল্চ্যতি হয় না এমন স্থানকে হস্তগত দেখিয়া ও ধৈৰ্ঘ্য ছারা আত্ম জ্ঞানকে আকাজ্জা করিয়া হে নচিকেতা পণ্ডিত বে তুমি সেই হিরণ্যগর্ভ মহৎ পদকে ত্যাগ করিরাছ। ১১। তং ছর্দ্দেশং গৃঢ়মফু-প্রবিষ্টং গুহাহিতং গহ্বরেষ্ঠং পুরাবং। অখ্যাত্মযোগাধিগমেন দেবং মত্বা ধীরো হর্ষশোকৌ জহাতি। ১২। যে পরমাত্মাকে তুমি জানিতে চাহ অভি-হুঃথে তাঁহার বোব হর্ম আর মায়িক যে সংসার তাহাতে আচ্ছন্ন ভাবে ব্যাপ্ত আছেন আর কেবল বুদ্ধি দারা তাঁহাকে জানা যায় আর চুম্প্রাপ্য স্থানেতে তিনি স্থায়ী অর্থিৎ অতিহত্তের এবং অনাদি হয়েন আরু অধ্যাত্ম

যোগের দারা ভাহাকে জানিয়া পণ্ডিত সকল হব শোক হইতে মুক্ত ছয়েন। বিষয় হইতে চিত্তকে আকর্ষণ করিয়া আত্মাতে অর্পণ করাকে অধ্যান্ত্র যোগ কহি। ১২। এতৎশ্রন্থা সংপরিগৃহ্ছ মর্ত্যঃ প্রবৃহ্ছ ধর্ম্মামণ মে-তমাপ্য। স মোদতে মোদনীয়ং হি লব্ধা বিরতং সদ্ম নচিকেতসং মনো। ১৩। যে মহুষা এই রূপ উত্তম ধর্ম আত্ম জ্ঞানকে আচার্য্য ইইতে শুনিয়া স্থার রূপে গ্রহণ করিয়া শরীব হইতে আত্মাকে পৃথক ভাবিয়া স্থানরূপ যে মান্ত্রা তাঁহাকে জানে সে আনন্দময় আত্মার প্রাপ্তির দ্বারা সর্বব স্থ বিশিষ্ট হয় হে নচিকেতা সেই ব্রহ্ম যেমন অবারিতদার গৃহের ন্যায় তোমার প্রতি হইয়াছেন আমার এইরূপ বোধ হয়।১৩। যমের এই বাক্য শুনিয়া নচিকেতা কহিতেছেন। অন্যত্ত ধর্মাদনতাধর্মাদনাত্তাম্বাৎ কৃতাকৃতাং। সন্যত্ৰ ভূতাচ্চ ভব্যাচ্চ যত্তৎ পশ্যমি তহ্বদ। ১৪। শাস্ত্ৰ ৰিহিত ধৰ্ম এবং ফল ও অন্নতান ও অন্নতাতা এ দকল চুইতে যে এক ি ভিন্ন হয়েন আর অধর্ম হইতেও তিনি ভিন্ন হয়েন আর ্যিনি কার্য্য এবং প্রক্নত্যাদি যে কারণ তাহা হইতে এবং ভূত ভবিষাৎ বর্ত্তবান কাল হইতে ভিন্ন হয়েন এইরূপ যে ব্রহ্ম তাহাকে তুমি জান অতএব আমাকে কহ। ১৪। এখন যম নচিকেতাকে কহিতেছেন। সর্ব্বে বেদা যৎপদমামনস্তি তপাংসি সর্বাণি চ যদ্বদন্তি। যদিচ্ছতো ব্রহ্মচর্য্যং চরন্তি তত্তে পদং সংগ্রহেণ ব্রবী-ম্যোমিত্যেতৎ। ১৫। সকল বেদ যে এক বন্ধকে প্রতিপন্ন করিতেছেন আর সকল তপদা করিবার প্রয়োজন ঘাঁহার প্রাপ্তি হইয়াছে আর ঘাঁহার প্রাপ্তি ইচ্ছা করিয়া লোক সকল ব্রহ্মচর্য্য করেন সেই বস্তুকে আমি সংক্ষেপে তোমাকে কহিতেছি ওঙ্কার শব্দে তাঁহাকে কহা যায় অথবা তেঁহ ওঁকার স্থরূপ হয়েন। ১৫। এতজ্যেবাক্ষরং ব্রহ্ম এতজ্যেবাক্ষরং পরং। এতজ্যেবাক্ষরং জ্ঞাত্বা যো যদিক্ততি তদ্য তৎ। ১৬। এই ও কার অপর ব্রহ্ম অর্থাৎ হিরণাগর্ভকে কছেন এবং হিরণাগর্ভস্বরূপ হয়েন আর এই ওয়ার পরব্রহ্মকে করেন এবং পরব্রহ্ম স্বরূপও হয়েন অভূএব এই ওলারকে একার্দ্ধিতে উপাসনা করিয়া যে যাহা ইচ্ছা করে সে তাহা পায় অর্থাৎ অপর ব্রহ্মবুদ্ধিতে ওঙ্কারের উপাদনা করিলে হিরণ্য-গর্ভকে পায় আর পরবৃদ্ধ রূপে উপাসনা করিলে বৃদ্ধজান জয়ে।১৬।

এতদালখনং শ্রেষ্ঠমেতদালখনং পরং। এতদালখনং জ্ঞাত্বা ব্রহ্মলোকে মহীয়তে। ১৭। ব্রহ্ম প্রাপ্তির যে যে অবলম্বন আছে তাহার মধ্যে প্রণবের অবলম্বন অতি উত্তম হয় আর এই প্রাণব অপর ত্রন্ধের অবলম্বন এবং পরব্রেরেও অবলম্বন হয়েন অতএব এই প্রণবস্বরূপ অবলম্বনকে জানিয়া মহুষ্য ব্রহ্মস্বরূপ হয় কিমা ব্রহ্মলোকে স্থিতি করে অর্থাৎ পর-ত্রকার অব্লখন করিলে এক্ষস্থরপ হয় আর অপর ব্রক্ষের অবলম্বনের দারা ব্রহ্মলোক প্রাপ্ত হয়। ১৭। প্রণবের বাচ্য আত্মা হয়েন অর্থাৎ প্রণব শব্দে পরমাত্মাকে বুঝায় এমৎ জানিয়া প্রণবের উপাসনা করা এবং আত্মাকে প্রণবস্বরূপ জানিয়া প্রণবের উপাসনা করা তুর্বলাধিকারির প্রতি কহিলেন এক্ষণে আত্মার শ্বরূপ কহিতেছেন। ন জায়তে ড্রিয়তে বা বিপশ্চিৎ নায়ং কুতশ্চিৎ ন বভূব কশ্চিৎ। অজো নিত্যঃ শাখতোয়ং পুরাণো ন, হন্যতে হন্যমানে শরীরে। ১৮। আত্মার জন্ম নাই এবং মৃত্যু নাই তেঁহ নিতা জ্ঞানস্বরূপ হয়েন কোনো কারণের দ্বারা তাঁহার উৎপত্তি নাই এবং আপনিও আপনার কারণ নহেন অতএব এই জয়াখূন্য বে আত্মা তেঁহ নিত্য হয়েন ঞেহার হ্রাস নাই সর্ববদা এক অবস্থাতে থাকেন এই হেতু থড়্গাদির দারা শরীরে আঘাত করিলে শরীরস্থ আত্মাতে আঘাত হয় না যেমন শরীরে আঘাত করিলে শরীরস্থ আকাশেতে আঘাত না হয়। ১৮। হস্তা চেশ্বনাতে হস্তং ছতম্চেশ্বনাতে হতং। উভৌ তৌ ন বিজানীতো নায়ং হস্তি ন হন্যতে। ১৯। যে ব্যক্তি শরীর মাত্রকে আত্মা জানিয়া আত্মাকে বধ করিব এমৎ জ্ঞান করে আর যে ব্যক্তি এমৎ জ্ঞান করে যে আমি পর হইতে হত হইব সে উত্তয় ব্যক্তি আত্মাকে জানে না যে হেতু আত্মা কাহাকে নচ্চ কয়েন না এবং কাহা হইতেও নট্ট হয়েন না। ১৯। অণোরণীয়ান্ মহতো মহীয়ানাত্মাস্য জন্তোনিহিতো গুহায়াং। ভমক্রতঃ পশ্যতি বীতশোকো ধাতুঃ প্রদাদাশ্বহিমানমাত্মনঃ। ২০। এই জ্মাত্মা ক্রম হইতেও ক্রম আর সূল হইতেও স্ল হয়েন অর্থাৎ স্থূল প্রেম যাবৎ বস্তু আম্মাকে আশ্রেম করিয়া আছে এই আস্থা ব্রহ্মাদি তত্ত্ব পর্যান্ত যাবৎ প্রাণির হৃদয়েতে সাক্ষিরূপে আছেন এই আত্মার মহিমাকে নিছাম ব্যক্তি মন বুদ্ধি ইন্দ্রিরের প্রসন্নতা ছারা জানিয়া শোকাদি হইতে মুক্ত হয়েন। ২০। আসীনো দূরং ব্রঞ্জতি শয়ানো যাতি সর্বত:। কন্তং মদামদং দেবং মদন্যো জাতুমহতি।২১। এই আত্মা অচল হইয়াও মন প্রভৃতি ইক্রিয়ের দূরগতি ছারা ধেন দূরে গমন করেন এমৎ অমুভব হয় আর স্থা হইয়াও সর্বত্ত গমন করেন অর্থাৎ প্রসৃথি কালে সাধারণ জ্ঞানরূপে সর্বত্ত ব্যাপিয়া থাকেন আমার ন্যায় জ্ঞানী वाजिततक कान् वाकि तमहे सम्थ काल हर्वयूक आंत्र कानतन कातन হর্বরহিত আত্মাকে জানিতে পারে অর্থাৎ উপাধির দ্বারা যাবৎ বিরুদ্ধ ধর্ম বিশিষ্ট আত্মাকে অজ্ঞানী ব্যক্তি কি রূপে জানিতে পারে। ২১। অশরীরং শরীরেষ্ অনবচ্ছেষবস্থিতং। মহাস্তং বিভুমাত্মানং মত্বা গীরো ন শোচতি। ২৯। আকাশের ন্যায় শরীররহিত যে আত্মা তেঁহ যাবৎ নখর শরীরেতে থাকিয়াও স্বয়ং অবিনাশী হয়েন আর ৴ৢঢ়ঁহ মহান্ এবং সর্বব্যাপী হয়েন এই রূপ আত্মাকে জানিয়া জ্ঞানী ব্যক্তি শোক প্রাপ্ত হয়েন না। ২২। নায়মাত্মা প্রবচনেন লভ্যো ন মেধ্যা ন বছনা শ্রুতেন। যমেবৈষ রণুতে তেন লভাস্তলৈয়ে আছা রণুতে তকুং সাং ।২৩। এই আত্মা অনেক বেদের দ্বারা জেয় হয়েন না আর পঠিত গ্রন্থের অভ্যাস করিলেও জ্ঞেয় হয়েন না আর কেবল বেদার্থ অবণেতেও আত্ম। জেয় হয়েন না যে ব্যক্তি এই আত্মাকে জানিতে চাহে দেই তাহাকে পায় কি রূপে পায় তাহা কহিতেছেন যে সেই আত্মা আপনার যথার্থ জ্ঞানকে সেই সাধকের প্রতি প্রকাশ করেন। ২৩। নাবিরতো তুশ্চরিতা-শ্লাশান্তো নাসমাহিতঃ। নাশান্তমনদো বাপি প্রজ্ঞানেনৈনমাপ্লুয়াং। ২৪। ভুদ্ধর্মেতে যে ব্যক্তিরত হয় আত্মাকে দে পায় না আর যে ইক্রিয়ের বশে থাকে তাহারো আত্মা প্রাণ্য হয়েন না আর যাহার চিত্ত সর্ববদা অস্থির হয় তাহারো লভ্য আত্মা হয়েন না আর শাস্তচিত্ত অথচ ফলার্থী এমং বাক্তিও আত্মাকে প্রাপ্ত হয়েন না কেবল আচার্য্য হইতে ব্রহ্মজ্ঞান প্রাপ্তির দ্বারা আত্মাকে প্রাপ্ত হয়েন। ২৪। যস্ক ত্রক চ ক্ষত্রঞ্চ উভে ভবত ওদনং। মৃত্যুর্যস্যোপদেচনং ক ইত্থা বেদ যত্র সঃ। ২৫। হিরণ্যগর্ভ ও প্রকৃতি এই ছুই যে প্রমাত্মার অল হয়েন আয়ুর মৃত্যু যাঁহার অল্লের রুড হয়েন অর্থাৎ এ স্কলকে যে আত্মা সংহার করেন সেই আত্মাকে কোন্

অপবৃদ্ধি ব্যক্তি জানীর নাায় জানিতে পারে অর্থাৎ যে রূপে জানিতে আত্মা প্রকাশিত হয়েন সে রূপে অজ্ঞানিতে আত্মা প্রকাশ হয়েন না।২৫। ইতি দ্বিতীয়বল্লী। 🔭। 🚶 এখন অধ্যাত্মবিদ্যার অনায়াসে বোধগম্য হয় এ নিমিত্ত দেহকে রথরূপে কম্পনা করিয়া প্রাপ্য আর প্রাপ্তার ভেদামুসারে ছই আত্মার উপন্যাস করিয়া কহিতেছেন। ঋতং পিবস্থে স্বক্তুস্য লোকে গুহাং প্রবিষ্টে) পরমে পরার্চ্চে। ছায়াতপো ব্রন্ধবিদো বদন্তি পঞ্চাগ্নরো যে চ ত্রিণাচিকেতা:। ১। এই শরীরেতে উপাধি অবস্থাতে বিম্ব প্রতি-বিম্বের ন্যায় ছই আত্মাকে স্বীকার করিয়া কহিতেছেন। আপনার ক্বত যে কর্ম তাহার ফলকে হুই আত্মা ভোগ করেন অর্থাৎ বিষম্বরূপ যে পরমাদ্ধা তেঁহ ভোগের অধিষ্ঠাতা থাকেন আর প্রতিবিদ্ধ স্বরূপ ষে জীবাত্মা তেঁহ সাক্ষাৎ ভোগ করেন আর ঐ চুই আত্মা এই শরীরের হৃদয়াকাশে প্রবিষ্ট আছেন তাহাদের মধ্যে জীবাত্মাকে ছায়ার ন্যায় আর আত্মাকে প্রকাশের ন্যায় ব্রহ্মজ্ঞানিরা এবং পঞ্চাগ্নিহোত্তি গৃহস্থের। ও ত্রিণাচিকেত গৃহস্থেরা কহিয়া থাকেন অর্থাৎ উপাধি অবস্থাতে জীবাত্মার ও আত্মার অত্যন্ত প্রভেদ করিয়াছেন। ১। যঃ সেতুরীজানানামক্ষরং একা যৎপরং। অভয়ং তিতীর্বতাং পারং নাচিকেতং শকেমহি। ২। যে অগ্নি যজমানেদের সেতুর ন্যায় সহায় হয়েন সেই অগ্নিকে জানিতে এবং স্থাপন করিতে পারি আর ভয়শূনা মুক্তির ইচ্ছা করেন যাঁহারা তাঁহাদের পরমা-অয় যে নিতা ব্ৰহ্ম তাঁহাকেও আমরা জানিতে পারি অর্থাৎ কর্মি ব্যক্তির জেয় যজ্ঞাদির দ্বারা হিরণাগর্ভ হইয়াছেন আর জ্ঞানি ব্যক্তির জ্ঞের পরব্রহ্ম हरमन। २। व्याक्रानः त्रथिनः विकि भंतीतः त्रथरमव छू। दूकिन्छु সার्रथिः বিদ্ধি মনঃ প্রগ্রহমেব চ। ৩। ইক্রিয়াণি হয়ানাছবিষয়াং তেষু গোচরান্। আত্মেক্ত্রিয়মনোযুক্তং ভোক্তেত্যাহর্মনীষিণ:। ৪। সংসারি বে জীব তাঁহাকে রথী করিয়া জান আর শরীরকে রথ আর বুদ্ধিকে সার্থি করিয়া আর মনকে প্রগ্রহ অর্থাৎ অশ্ব চ্যালাইবার নিমিত্তে সার্থার হল্তের রক্ষ্র করিয়া জান আর চফু: প্রভৃতি ইন্দ্রিয়কে অথ করিয়া কহিয়াছেন আর শব্দ স্পর্শ রূপ রস গন্ধ এই পাঁচ বিষয়কে ঐ ইন্দ্রিয়রপ অখের পথ করিয়া জান, শরীর ইন্তিয় মন এই সকল বিশিষ্ট যে জীব তাঁহাকে বিবেকি

ব্যক্তিরা ফলের ভোক্তা করিয়া কহিয়াছেন। ৩ ।৪। যন্তবিজ্ঞানবান্ ভবতা-যুক্তেন মনসা সদা। তদ্যেজিয়াণ্যবশ্যানি ছুক্তাশ্বা ইব সার্থে:। ৫ : যে বুদ্ধিরূপ সারণি ইন্দ্রিয়রূপ অখের প্রবৃত্তি নির্ভতিতে অপটু হয় আব মন রূপ রজজুকে আয়ত্ত করিতেনাপারে তাহার ইচ্ছিয় রূপ অখ সকল বশে থাকেনা যেমন ইতর সার্থির অশিক্ষিত অখ সকল ছুক্টতা करता । । यस विकानवान् छवि यूर्कन मनमा मना। जरमान्यान ৰশ্যানি সদখা ইব সারথে:। ৬। যে বুদ্ধিরূপ সারথি ইন্দ্রির রূপ অখের প্রারম্ভি নিরম্ভিতে পটু হয় আর মনোরূপ রক্ষাত্ত কায়ন্ত করিতে পারে তাহার ইক্রিয়রূপ অশ্ব সকল বশে থাকে যেমন ইতর সার্থির শিক্ষিত অশ সকল বশে প্লাকে। ৬। যন্ত্তিকানবান্ ভবত্যমনক্ষঃ সদাহশুচিঃ। न न তৎপদমাপ্রোতি সংসারঞাধিগক্ষ্তি। १। বুদ্ধিরূপ সার্থি স্বশটু হয় স্থার মনোরূপ রজ্জু যাহার বশে না থাকে অতএব সে সর্বদা, হুন্ধায়িত হয় এমন সার্থির ছারা জীবরূপ রথী ব্রহ্মপদ প্রাপ্ত হয়েন না আর সংসার রূপ যে কফ্ট ভাছাকে প্রাপ্ত হয়েন। १। যক্ত বিজ্ঞানবান্ ভবতি সমনকঃ সদা শুচি: স তু তৎপদমাপ্লোতি যন্মান্ত য়ো ন জায়তে। ৮। যে বুজ্জিরপ সারথি নিপুণ হয় আর মনোরূপ রজ্জু যাহার বশে থাকে অতএৰ সে সৰ্বদ। সৎকৰ্মান্তিত হয় এমৎ রূপ সার্থি দ্বারা জীব রূপ রথী অক্ষপদ প্রাপ্ত হয়েন যে পদ পাইলে পুনরায় জন্ম হয় না।৮। বিজ্ঞানসারথির্যন্ত মনঃপ্রগ্রহ্বাল্লরঃ। সোহধ্বনঃ পারমাপ্লোতি তদ্বিফোঃ পরমং পদং। ৯। যে পুরুষের বুদ্ধিরপ সার্থি প্রবীণ হয় আর মনে।রূপ রজ্জ ্যাহার বশে থাকে সে প্রুষ সংসাররূপ পথের পার যে সর্বব্যাপি ব্রন্দের পদ তাহাকে প্রাপ্ত হয় অর্থাৎ ব্রহ্মত্বকে পায়। ৯। ইক্রিয়েভ্যঃ পরা হুর্থা অর্থেভ্যশ্চ পরং মন:। মনসম্ভ পরা বুদ্ধি বুদ্ধেরাত্মা মহান্ পর: । ১০। মহতঃ পরমব্যক্তমব্যক্তাৎ পুরুষঃ পরঃ। পুরুষার পরং কিঞ্ছিৎ সা কাষ্ঠা সা পরা গতিঃ। ১১। চক্ষু: প্রভৃতি ইন্দ্রিয় হইতে রূপ প্রভৃতি যে বিষয় সে সংক্ষম হয় আৰু সেই সকল বিষয় হইতে মন সংক্ষম হয় মন হইতে বুদ্ধি স্ক্রম বুদ্ধি হইতে ব্যাপক যে স্টির "প্রথম প্রকাশ স্বরূপ মহত্তৰ সে ক্ষেম হয় সেই মহতত্ত্ইতে স্থিকি আদি বীজ যে বভাব '

ওঁতৎসং॥ পূর্বের অথবা সম্প্রতিকের প্রণ্যের দারা যে কোনো ব্যক্তির এক্ষতত্ত্বকে জানিতে ইচ্ছা হয় তাঁহার কর্ত্তব্য এই যে বেদাস্ত বাকোর অবণ ও ভাহার অর্ণের মনন প্রত্যন্থ করেন এবং তদমুসারে জগতের স্টি স্থিতি ভঙ্গকে দৈখিয়া তাহার কারণ যে পরব্রহ্ম তাঁহাতে দৃঢ়তর বিখাস করেন যে এক নিত্য সর্ববিজ্ঞ সর্ববশক্তিমানু কারণ বিনা জগতের এরূপ নানা প্রকার আ**শ্চ**র্য্য রচনার সম্ভব হইতে পারে না। এইরূপে জগতের কারণ এবং ব্রহ্মাণ্ডের ও তাবৎ শরীরের চেষ্টার কারণ যে পরমেশ্বর তাঁহার চিন্তন পুনঃ পুনঃ করিলে সেই ব্যক্তির অবশ্য নিশ্চয় হইবেক যে এই নামরূপময় জগৎ কেবল সত্যস্তরূপ পরমেশ্বরকে আশ্রয় করিয়া সত্যের ন্যায় প্রকাশ পাইতেছে তাঁহার সত্তা অর্থাৎ তেঁহ আছেন এইমাত্র জানাযার কিন্তু তাঁহার স্বরূপ কোনোমতে জানাযায় না যেমন এই শরীবে জীব সর্বাঙ্গ ব্যাপিয়া আছেন ইহাতে সকলের বিশাস আছে কিন্তু জীবের স্বরূপ কি প্রকার হয় ইহা কেহ জানেন না এই প্রকারে মন বুদ্ধি অহম্বার ও চিত্তের অধিষ্ঠাতা এবং সর্বব্যাপি অথচ ইন্দ্রিয়ের অগোচর পরব্রহ্ম হয়েন ইহাই নিত্য ধারণা করিবেন পরে মরণান্তে এইরূপ জ্ঞাননিষ্ঠ ব্যক্তির জীব অন্যত্ত গমন না হইয়া উপাধি হইতে দর্বপ্রকারে মুক্ত হইয়া তৎক্ষণাৎ ব্রহ্মস্বরূপ প্রাপ্ত হয়। ছান্দোগ্য শ্রতি:। ন তস্য প্রাণা উৎকামন্তি অত বন্ধ সমশুতে। জ্ঞানির জীব ইক্রিয় সহিত শরীর হইতে নিঃস্ত হয়েন না ইহ লোকেই মৃত্যুপরে এক্ষেতে লীন হয়েন। পরমেশর জগতের স্ঠিন্থিতি প্রলয়ের কর্ত্ত।রূপেই কেবল বোধগম্য হয়েন ইহাই বেদাস্তে সর্বত্ত কছেন। তৈণ্ডি-• রীয়ঞতি। য<u>তো</u> বা ইমানি ভূতানি জায়তে যেন জাতানি জীবস্তি যুৎপ্রযুক্ত ভিসংবিশ্বি তদিলিজাসম্ব তদ্সোতি। যাহা হইতে বিশের স্ফি হিতি ভঙ্গ হইতেছে তাঁহাকে জানিতে ইচ্ছা কর তেঁহ ব্রহ্ম হয়েন। এবং পরমেধরের স্বরূপ কোনোমতে জানাবায় না ইহা সকল উপনিষদে **দৃ**ঢ় করিয়া কহিয়াছেন। তৈভিরীয়**ঞ**তি:। যতো বাচো নিবর্তত্তে

অপ্রাপ্য মনসা সহ। যে ব্রন্ধের স্বরূপ কথনে বাক্য মনের সহিত অসমর্থ হইয়া নিবর্ত হয়েন। কেনশ্রুতিঃ। যন্মনসান মনুতে যেনাত र्मरना म जः। जरमव बक्त पः विक्ति तनः यमिममूशां परछ। याँ शांद স্বরূপকে মন আর বুদ্ধির ছারা লোকে সংকল্প এবং নিশ্চয় করিতে পারে না আর যিনি মন আর বুদ্ধিকে জানিতেছেন ইহা একা জানিরা কহেন তাঁহাকেই কেবল ব্রহ্ম করিয়া তুমি জান অন্য যে পরিমিত যাহাকে লোক সকল উপাসনা করে সে ত্রহ্ম নহে। আর যে ব্যক্তির ত্রহ্মজিজ্ঞাসা হইয়া থাকে কিন্তু কোনো এক অবলম্বন বিনা কেবল বেদান্তের আবন মননের দ্বারা ইন্দ্রিয়ের অগোচর পরমাত্মার অনুশীলনেতে আপনাকে অসমর্থ দেখেন দেই ব্যক্তির কর্ত্তব্য এই যে প্রণবের অবিষ্ঠাতা কিয়া হৃদয়ের অধিষ্ঠাতা ইত্যাদি অবলম্বনের দারা সর্বন্যত পর্রক্ষের উপাদ্-নাতে অনুরক্ত হয়েন। তাহাতে সকল অবলম্বনের মধ্যে প্রাণবের অবলম্বনের দ্বারা যে প্রমাত্মার উপাদনা তাহা শ্রেষ্ঠ হয় অতএব ব্রহ্ম-জিজাস্থ ব্যক্তিদের প্রতি প্রথমাবস্থায় ওম্বারের অবলম্বনের দ্বারা ব্রহ্মোপা-সনার বিধি সর্ব্বত্র উপনিষদে আছে। কঠোপনিষৎ। এতদালম্বনং শ্রেষ্ঠমিত্যাদি। ব্রদ্মপ্রাপ্তির যে যে অবলম্বন আছে তাহার মধ্যে প্রণবের অবলম্বন শ্রেষ্ঠ হয়। মুগুকোপনিষৎ। প্রণবো ধরুঃ শরে। হাত্মা ব্রহ্ম তল্পক মুচ্যতে। অপ্রমত্তেন বেদ্ধাব্যং শরবক্তনায়োভবেৎ। প্রাণবকে ধমু: করিয়া আর জীবাত্মাকে শর করিয়া আর পরবন্ধকে লক্ষ করিয়া কহিয়াছেন অতএন প্রমাদশূন্য চিত্তের দ্বারা ঐ লক্ষ সরূপ পর-ব্রক্ষেতে শর স্বরূপ জীবাত্মাকে বিদ্ধ করিয়া শরের ন্যায় লক্ষের সহিত মিলিত হইবেক মর্থাৎ প্রণবের অনুষ্ঠানের দারা ক্রমে জীবকে ব্রহ্ম প্রাপ্ত क्रितिक। ज्ञावीन् मञ्चः २ अशांत्र ৮৪ क्षार्क करहन। क्रत्रिख সর্ববা বৈদিকো জুহোতি যজতি ক্রিয়া:। অক্ষরং তৃষ্করং ক্রেয়ং ব্রহ্মটেব বেদোক্ত ক্রিয়া কি হোম কি যাগ সকলিই স্বভাবত ' প্রজাপতিঃ। এবং ফলত নাশকে পাইবেন কিন্তু জগতের পতি বে ব্রহ্ম তৎস্বরূপ ওঁকারের নাশ কদাপিহয় না। গীতামৃতি:। ১৭ অধ্যায় ২০ শ্লোক। ্রিতৎসদিতিনির্দ্ধেশা ব্রহ্মণস্থিবিধঃ স্মৃতঃ। ব্রাহ্মণান্তেন বেদাশ্চ ষ্জ্ঞাশ্চ

বিহিতা: পুরা। ওঁকার আর তৎ এবং সং এই তিন প্রকার শব্দের, द्याता उत्पाद निर्द्धन वरेताए एकित अधरम थे जिन अकारत व शतमा-ত্মার নির্দ্ধেশ হয় তেঁহো গ্রাহ্মণ সকলকে এবং বেদ সকলকে ও যঞ সকলকে নির্মাণ করিয়াছেন। বিশেষত মাণ্ডুক্যোপনিষ্দে প্রথম অবধি শেষ পর্যান্ত কিরূপে ছুর্বলাধিকারি ত্রন্ধক্রিকাস্থ ব্যক্তিরা ওঁকারের অবলম্বনের হারা পরত্রক্ষের উপাসনা করিবেন তাহা বিস্তার ও বিশেষ করিয়া কহিয়াছেন এই নিমিত্ত ওই মাণ্ডুক্যোপনিবদের ভাষা বিৰয়ণ ভগবান্ পূজ্যপাদের ভাষ্যাহ্নারে করা গেল। ওই উপনিষ্দের তাৎপর্য : এই বে জাগ্ৰৎ স্বপ্ন সুৰ্থি এই তিন অবস্থার অধিষ্ঠাতা এবং স্ঠি স্থিতি লয়ের কারণ যে এক অদ্বিতীয় ইঞ্জিয়ের অগোচর পরমান্তা তেঁহ প্রণবের প্রতিপাদ্য হয়েন অর্থাৎ প্রণব তাঁহাকে কছেন অতএব কেবল ও কার জপের ছারা ওঁকারের অর্থ যে চৈতন্য মাত্র পরমান্ধা হইয়াছেন ভাঁহার চিন্তন পুন: পুন: করিবেন য়েহেতু বেদান্তের চতুর্থ অধ্যায়ের প্রথম পাদে প্রথম পত্রে পুনঃ পুনঃ অভ্যাসের উপদেশ করিয়াছেন। আর্ত্তিরদক্ষু-পদেশাং। উপাদনাতে অনুষ্ঠান পুনঃ প্ন: করিবেক 'যেহেতু আত্মা বা আরে শ্রোতব্য ইত্যাদি উপদেশ বেদে পুনঃ পুনঃ আছে। মহৃদ্বৃতি।২ . चशांत्र । ৮१ क्लांक । ख्रांतिवजू मर्शिष्कर द्वांकर्ण नाळ मरमंत्रः। क्र्यां-দ্নান্ন বা কুৰ্যাৎ মৈত্ৰো ব্ৰাহ্মণ উচাতে। প্ৰাণৰ ৰূপের ৰাবাই ব্ৰাহ্মণ মুক্তি পাইবার যোগ্য হয়েন ইহাতে সংশয় নাই অন্য বৈদিক কর্মকে করুন श्रथवा ना करून छोशांख स्माय दम्र ना व्यट्यू थे अर्थकर्स। व्यक्ति नकत्नद्र मिख हहेग्रा ब्राक्सरण नीन हम हेहा त्राम करहन। यखानि कर्माकारण स्थमन স্থান এবং কাল ইত্যাদির নিয়ম আছে সেরপ নিয়ম সকল আন্ধোপাসনাম . নাই বে হেতু বেদান্তে কছেন। ৪ অংগায় ১ পাদ ১১ হতে। খতৈকাগ্ৰতা ভত্তাবিশেষাং। যে কোনো দৈশে যে কোনো কালে যে কোনো দিকে মনের হিরভা হয় তথায় উপাদনা করিবেক বে হেতু কর্মের নদর আছোপাসনাতে কেন কাল দিক এদকবের নিয়ম নাই। আর রক্ষো-পাসক সর্বাদা কাম ক্রোধ লোভ ইত্যাদির দমনে বতু করিবেন এবং নিশা অপ্যা ঈর্বা ইত্যাদি যে সকল মানস পীড়া ভাহার প্রতিকারের

চেক্টা সর্বদা করিবেন বেছেতু বেদাত্তে কহিতেছেন। ও অধ্যায়। ৪ পাদ। ২৭ পত্তে। শমদমাছ্যুপেতঃ স্যান্তথাপি তু তদ্বিধেন্তদক্ষতয় তেষামবশ্যাহুঠেয়ত্বাং। যদি এমং কহ যে জ্ঞানসাধন করিতে যজ্ঞাদি কর্ম্মের অপেকা করে না তথাপি জ্ঞান সাধনের সময় শমদমাদি বিশিষ্ট হইবেক যেহেতু জ্ঞান সাধনের প্রতি শমদমাদিকে অক্তরক্ষ করিয়া কহিয়াছেন অতএব শমদমাদির অনুষ্ঠান অবশ্য কর্ত্তবা। শম অন্তরিক্রিয়ের দমনকে কহি। দম বহিরিক্রিয়ের নিগ্রহকে কহি। আর স্থ্যে যে আদি শব্দ আছে তাহার তাৎপর্য্য উপরতি তিতিকা সমাধান এই তিন হয়। জ্ঞান সাধনের কালে বিহিত্ত কর্ম্মের ত্যাগকে উপরতি ুক্হায়ায়। ডিভিক্ষা শব্দে সহিষ্ঠাকে কছি। আলস্যুও প্রমাদকে ত্যাগ করিয়া বুদ্ধি রভিতে পরমান্তার চিস্তন করাকে সমাধান কহি। ভগবান্ মহও এইরূপ ইন্রিয় নিগ্রহকে আত্মজ্ঞানের অন্তরঙ্গ করিয়া ক্ষিয়াছেন। ১২ অধ্যায়। ৯২ শ্লোক। যথোক্তান্যপি কর্মাণি পরিহায় ছিজোত্তম:। আত্মজানে শমে চ স্যাছেদাভ্যাসে চ যতুবান্। শাস্ত্রোক্ত বাবৎ কর্ম তাহাকে পরিত্যাগ করিয়াও ব্রাহ্মণ পরমান্মোপাসনাতে আর - ইন্সিয নিগ্রহেতে আর প্রণব উপনিষদাদির অভ্যাদেতে যত্ন করিবেক। যাহা জ্ঞান সাধনের পূর্বের এবং জ্ঞান সাধনের সময় অত্যাবশ্যক ও यांश वाजिदारक कान माधन एव ना जाश छेशनियल पृष् कतिया कहि-তেছেন (কনশ্রুতি। সভ্যমায়তনং। জ্ঞানের আলয় সভ্য হইয়াছেন অর্থাৎ স্বত্য বিনা উপনিষদের অর্থক্ষুর্ত্তি হয় না। এবং মহাভারতে কহিতেভেন। অশ্বনেধসহত্রঞ্জ সভ্যঞ্জ ভূলয়া ধ্তং। অশ্বনেধসহত্রা-ক্তুসভ্যানেকং বিশিষ্যতে। এক সহস্র অশ্বমেধ আর এক সভ্য এচুয়ের মধ্যে ৫ কৈ স্থান কে অধিক ইহা বিবেচনা করিয়াছিলেন তাহাতে এক সহস্র অবংনিধ অপেকা করিয়া এক সত্য গুরুতর হইলেন অতএব এক্সনিষ্ঠ শ্যক্তি সত্য বাক্যের অমুষ্ঠান সর্ববদা করিবেন। আর ব্রহ্মোপাসকেরা এক সর্বব্যাপি অভীক্রিয় পরমেশ্বর ব্যতিরেক অন্য কাহা হইতেও কল্পাপি ভয় রাখিবেন না। তৈভিরীয়োপনিষ্থ। আনন্দং বন্ধানে বিহান্ন বিভেডি কৃতঞ্চন। আনন্দ স্বরূপ প্রমান্ধাকে আনিলে কাহ।

হইতেও ভীত হয় না আর কেবল এক পর্মেশরকে সর্ববর্তা সর্ব্ব নিয়স্তা জানিয়া তাঁহারি কেবল শরণাশন্ন থাকিবেন। খেতাখতর। বো ব্ৰন্ধাণং বিদ্যাতি পূৰ্ব্বং যো বৈ বেদাংশ্চপ্ৰহিণোতি তলৈ। তংহ দেব মাত্মবৃত্তিপ্রকাশং মৃমুক্ত্ব পরণমহং প্রপদ্যে। ন তস্য কশ্চিৎ পতিরন্তি लाक नरमिजा निव ह जमा निकर। म कांत्रशर कांत्रशिक्षिणी न हामा কাশ্চ জ্বনিতা ন চাধিপ:। তমীশ্বাণাং প্রমং মহেশ্বং তং দেবতানাং भत्रमक देवकः। भिक्षः भकौनाः भत्रमः भत्रखाः विषामत्तवः जुवत्नमः মীডাং। যে পরমাদ্ধা স্থাটির প্রথমত ত্রন্ধাকে উৎপন্ন করিয়াছেন এবং ব্রহ্মার অন্ত:করণে যিনি সকল বেদার্থকে প্রকাশিত করিয়াছেন সেই প্রকাশরূপ সকলের বুদ্ধির অধিষ্ঠাতা পরত্রন্ধের শরণাপন্ন হই বেছেতু আমি মুক্তির প্রার্থনা করি। ইহ জগতে পরব্রহ্মের পালনকর্তা এবং তাঁহার শাসন কর্ত্তা অন্য কেহ নাই ও তাঁহার শরীর এবং ইব্রিয় নাই তেঁহ বিশ্বের কারণ এবং জীবের অধিপতি হয়েন আর তাঁহাক্র কেই জনক এবং প্রভু নাই। সেই পরমাত্মা যত ঈশ্বর আছেন তাঁহাদের পরম মহেশ্বর হয়েন আরু যত দেবতা আছেন তাঁহাদের তেঁহ পরম দেবতা হয়েন এবং যত প্রভু আছেন তাঁহাদের তেঁহ প্রভু আর সকল উত্তমের. তেঁহ উত্তম হয়েন অতএব সেই জগতের ঈশ্বর ও সকলের তবনীর প্রকাশ স্বরূপ পরমাত্মকে আমরা জানিতে ইচ্ছাকরি। বর্ণাশ্রম ধর্ম [>] যেহেতু জ্ঞান সাধনের সময়ে যজ্ঞাদি কর্ম কর্ত্তব্য হয় এমৎ বেদান্তের ৩ অধ্যায়ের ৪ পাদের ২৬ খনে লিথিয়াছেন। বর্ণাশ্রমাচার বিনাও জ্ঞানের সাধন হইতে পারে ইহা বেদান্তের ৩ অধ্যা-যের ৪ পাদের ৩৭ হত্তে কহিতেছেন। অন্তরাচাপি তু তদৃত্তে:। . ্বর্ণাশ্রম ধর্ম রহিত ব্যক্তিরও ব্রহ্মজীন সাধনের অধিকার আছে রৈকুবা চকুৰী প্ৰভৃতি বাঁহারা অনাশ্রমীছিলেন তাঁহাদেরও জ্ঞানোৎপত্তি হইয়াছে अप (तरा त्रथा याहेरजहा। अतः भीजामृजिए अभवान् क्रक जांबर . ধর্মকে উপদেশ করিয়া গ্রন্থ সমাপ্তিতে কহিতেছেন। সর্বাধর্মান্ পরিতাজ্য মামেকং শরণং বজ। অহং ছাং সর্ব্বপাপেভ্যো মোকরিবামি

^{[&}gt;] আদর্শ পুস্তকের এই স্থানে করেকটি শব্দ কাটিয়া পিয়াছে

মা শুচঃ। বর্ণাঞ্জম বিছিত সকল ধর্মাকে পরিত্যাগ করিয়া ধ্যায়। শরণাপর হও আমি তোমাকে সকল পাগ হইতে মুক্ত করিব শোকাবুরা **हरे** अना। धरे गीजाबक्रमत्र चात्राराज्य हेटा निष्णत्र टहेराज्य स्वरं সদাতে বর্ণাভ্রম ধর্মের নিভান্ত অপেক্ষা নাই তথাপি বর্ণাভ্রমাচার ত্যাগী বে উপাসক তাহা হইতে বর্ণাঞ্জমাচার বিশিক্ত উপাসক শ্রেষ্ঠ হয় ইহা বেছাল্ডে কহিয়াছেন। ৩ অধ্যায়। ৪ পাদ। ৩৯ ছত্ত। অতত্থি-ভরজ্ঞামোলিকাচে। আত্রম ত্যাগ হইতে আত্রমেতে হিতি ভার্চ হয় বেহেছু আত্মদীর শীত্র জানোৎপত্তি হয় এমৎ স্মৃতিতে কহিয়াছেন। বে কোনো ব্যক্তি বুদ্ধির অধিষ্ঠাতা বে চৈতন্যমাত্র সর্ব্বব্যাপি পরমাত্মা छाँदारक नित्रवनरप व्यथवा धँकारतत व्यवनप्रतित वाता विखन करतन मिटे ব্যক্তির নামরূপ বিশিষ্ট খন্যকে পরমান্তা বোধ করিয়া আরাধনা করা नर्वाथे व्यक्ति। दानात्वत ३ व्यशास्त्र > शान ः व्या निर्यन। মগ্রতীকেদহিদঃ। বিকার ভূত যে নামন্ত্রপ তাহাতে পরমান্ত্রার বোধ করিবেক না যেহেতু এক নামরূপ জন্য নামরূপের আত্মা হইতে রহদারণ্যক শ্রুতি। আত্মেত্যেবোপাসীত। আত্মারি উপাসনা করিবেক। আত্মানমেবলোকমুপাসীত। জ্ঞানস্বরূপ আত্মারি উপাসনা করিবেক। রহদারণ্যক শ্রুতি। তসাহনদেবাশ্চ নাভুত্যাঈশতৈ আত্মাহেষাং সভৰতি যোহন্যাং দেবতাৰূপাত্তে অন্যোহ্সা-बर्तगाहमित्रागरवारायाशकात्रवः मरमवानाः । वक्षनिष्ठं व्यक्तित्रं व्यक्तित्रं করিতে দেবতারাও পারেন না যেহেতু সেই ব্যক্তি দেবতাদেরো আরাধ্য হয় আর বে কোনো ব্যক্তি আত্মা ভিন্ন অন্য কোনো দেবতার উপাসনা করে আর কছে যে এই দেবতা অন্য আমি অন্য উপাস্য উপাসক রূপে হই সে অজ্ঞান ব্যক্তি দেবতাদের পশু মাত্র হয়। নামরূপ বিশিষ্টকে उम्मक्त्रिया वर्गन रायारन राष्ट्रियन राष्ट्रे वर्गनरक कण्णना माळ जानि-रवन (वरहरू दिलांखित 8 व्यशासि > शाम < प्रत्व करहन । बक्रमृक्षि ক্ষৎকর্বাৎ। আদিত্যাদি বাবৎ নামরপেতে ত্রম্মের আরোপ করিতে পারে क्सि बालाउ जाविज्ञानित कण्णना कतित्व ना त्यारकु जाविज्ञानित यांवर नामक्रण व्हेरक मृद्धाल श्रात्रक छरक्के हरवन स्थमन लास्क्रिक

হইত্রেলিণত করিয়া রাজার দাসবর্গে রাজবৃদ্ধি করিতে পারে কিন্তু রাজাতে নিষ্ক্র্রি বৃদ্ধি করিবেক না। আর নাম রূপ উপাধি বিশিষ্টের উপাসনা করিয়া নিকপাধি ছইবার বাসনা কদাপি করিবেন না বেহেতু আত্মজান বিনা দিকপাধি হট্বার অন্য কোনো উপায় নাই বেদাস্তের ৪ অধ্যায়ে ৩ পাদে ১৫ পত্রে লিখেন। অপ্রতীকালম্বনান্নয়ত্মীতি বাদরায়নঃ উভয়পা অদোষাৎ তৎক্রতুশ্চ। অবয়বের উপাসক ভিন্ন ঘাঁহারা পরত্রক্ষের উপাসনা করেন। তাঁহাদিগ্যেই অমানৰ পুৰুষ ব্ৰহ্মপ্ৰাপ্তি নিমিত্ত ব্ৰহ্মগোককে লইয়া যান ইহা বেদবাাস কছেন যেহেতু দেবতাদের উপাসক আপন আপন উপাস্য দেবতাকে প্রাপ্ত হয়েন আর ব্রহ্মোপাসক ব্রহ্মলোক গতিপূর্বক পরব্রহ্মকে প্রাপ্ত হয়েন এমৎ অঙ্গীকার করিলে কোনো দোর হয় না তৎক্রন্তন্যায়ে। ইহাই প্রতিপন্ন করিতেছেন অর্থাৎ যে ব্যক্তি যাহার উপাসক সে তাহা-কেই পায়। ঈশোপনিষ্ধ। অক্রা নাম তে লোকা অন্তেন তম্সারতাঃ। ভাং স্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে কে চাত্মহনো জনা:। পরমাত্মার অপেকা করিয়া দেবাদিও সকল অহার হয়েন তাঁহাদের দেহকে অসুর্যালোক অর্থাৎ অস্তর দেহ কহি সেই দেবতা অবধি করিয়া স্থাবর পর্যন্ত দেহ সকল অজ্ঞানরূপ অন্ধকারে আরত আছে সেই সকল দেহকে আত্মঘাতী অর্থাৎ. আত্মজান রহিত ব্যক্তি সকল শুভাশুভ কর্মাতুসারে এই শরীরকে ত্যাগ করিরা প্রাপ্ত হয়েন অর্থাৎ শুভকর্ম করিলে উদ্ভম দেহ পারেন আর অশুভ কর্ম করিলে অধম দেহকে পারেন এইরূপে ভ্রমণ করেন মুক্তি প্রাপ্ত হরেন না। ছাল্লোগ্য। যত্ত নান্য পশ্যতি নান্য সন্তু-ৰোতি নান্যদ্বিজানাতি সভুমা ষত্ৰান্যৎ পশ্যতান্যচ্ছ বোত্যন্য দ্বিজানাতি **उमण्याः** त्वा दिव ज्ञा जममुष्ठः अव वमण्याः जसर्जाः ज्ञाद्यव विकित्नामि • ভব্য ইতি। যে ব্ৰশ্বতত্তে দর্শন যোগ্য এবং অবন যোগ্য ও জ্ঞানগম্য কোনো বস্তু নাই তেঁহই সর্কব্যাপক অপরিছিল পরমাত্মা হয়েন আর ষাহাকে দেখাযায় ও শুনাযায় ও জানাযায় সে পরিমিত অতএব সে অঁপ মুতরাং সর্বব্যাপি পরমেশ্বর নহে এই নিমিত্ত যিনি অপরিছিল্ল সর্বব্যাপি পরমাত্মা তেঁহ অবিনাশী আর যে পরিমিত সে বিনাশী অভএব কেবল অপরিছির অবিনাশী প্রমান্তাকেই জানিতে ইচ্ছা করিবেক। কেনোপ্র-

নিষ্থ। ইইচেদ্বেদীদ্ধ সতা মতি নচেদিহাবেদীৰাহতী বিন্ঠিঃ। যদি ^{শির} এই মনুষা দেহেতে বল্পকে পূর্ব্বোক্ত প্রকারে যে ব্যক্তি জানে তাহার ইহলোকে প্রার্থনীয় স্বর্থ আর পরলোকে মোক্ষ এই ছুই সভ্য হয় আর এই মনুষ্য শরীরে পূর্ব্বোক্ত প্রকারে ব্রহ্মকে যে না জানে তাহার অত্যন্ত ঐহিক পারত্রিক ক্লেশ হয়। যে কোনো বস্তু চক্ষুগোচর হয় সে অনিত্য এবং অস্থায়ি ও পরিমিত অতএব পরমাত্মা রূপবিশিষ্ট হইয়া চকুগোচর হয়েন এমং অপবাদ পরমেখরকে দিবেন না তাঁহার জন্ম হইয়াছে এমৎ অপবাদও দিবেন না তাঁহার কাম ক্রোধ লোভ মোহ আছে এবং তেঁহ স্ত্রীসংগ্রহ ও যুদ্ধ বিগ্রহাদি করেন এমণ, অপবাদও দিবেন না। খেতাখতর। নিষ্কলং নিষ্ক্রিয়ং শাস্তংনিরবদ্যং নিরঞ্জনং। অবয়ব-🎤 শূন্য ব্যাপার রহিত রাগ ছেষ শূন্য নিন্দা রহিত এবং উপাধি শূন্য পারমেশ্বর হয়েন। কঠোপনিষং। অশব্দ মস্পর্শম রূপ মবায়ং তথাই-ক্ষমং নিতামগাঁক্ষৰচ্চ যং। পরব্রহ্মতে শব্দ স্পর্শ রূপ রূস গন্ধ এসব গুণ ্নাই অতএব তেঁহ হ্রাস রন্ধি শূন্য নিত্য হয়েন। ছান্দোগ্য। তে যদস্তরা নামরূপের ভিন্ন ব্রহ্ম হয়েন। বেদাস্তের। ৩ অধ্যায়ে। -২ পাদে। ১৪ প্তে। 🚜 অরপবদেব হি তৎ প্রধানদাৎ। ত্রন্ম কোন প্রকারে রূপবিশিষ্ট নহেন যেহেতু নিগুর্ণ প্রতিপাদক শ্রুতির সর্ব্বথা প্রাধান্য হয়। প্রতিমাদিতে পরমেশবের উপাসনা ব্রাহ্মেরা করিবেন না। খেতাখতর শ্রুতি। ন তস্য প্রতিমান্তি। সেই পরমেশরের প্রতিমা নাই। রহদারণ্যক। স যোহনামাত্মনঃ প্রিয়ং ব্রুবাণং ব্রেয়াৎ প্রিয়ং রোৎসাতী-তিঈশ্বরোহতথৈব স্যাৎ। যে ব্যক্তি পরমাত্মা ভিন্নকে প্রিয় কহিয়া উপাসনা করে তাহার প্রতি আত্মোপাসক কহিবেন যে তুমি পরমাত্মা ভিন্ন অনাকে প্রিয় জানিয়৷ উপাসনা করিতেছ স্মতএব তুমি বিনাশকে পাইবে যেহেতু এরূপ উপদেশ করিতে ব্রহ্মনিষ্ঠ ব্যক্তি সমর্থ হয়েন অতএৰ উপদেশ দিবেন। শ্ৰীভাগৰতে তৃতীয়ন্কদ্ধে উনত্তিশ অধ্যায়ে কপিলবাক্য। যো মাং সর্বেষ্ ভূতেষ্ সন্তমাত্মানমীখরং। হিছার্চাং ভক্ততে মৌঢ্যাৎ ভন্মন্যের জ্হোতি স:। ২২। সর্ব্বভূতব্যাপী আত্মার স্বরূপ দিশ্বর বে আমি সামাকে যে ব্যক্তি ত্যাগ করিয়া মূচ্তা প্রযুক্ত প্রতিমাতে

ৰ্পুঞ্জা করে সে কেবল ভদ্মেতে হোম করে। থে কোনো শাল্রে সোপাধি উপাসনার এবং প্রতিমাদি পূজার বিধান ও তাহার ফল কহিয়াছেন সেই সকল শান্তকে অপরা বিদ্যা করিয়া জানিবেন এবং যাহাদের কোনো মতে ব্রহ্মতত্বে মতি নাই এবং সর্বব্যাপ্তি করিয়া পরমাত্মাতে বাহাদের বিখাস नाइ अप प्रकानीत निभिन्न अ नकन भारत किशाएंन खरहजू मूछ को निवास कहिए छहन। दि विस्ता विमिष्ठ वि हे विस्ता यह क বিদো বদস্তি পরা চৈবাপরা চ তত্তাপরা ঋথেদো যজুর্বেদঃ সামবেদোহথ-র্ববেদঃ শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দো জ্যোতিষ্মিতি অথ পরা যয়া তদক্ষর মধিগম্যতে যত্তদন্তেশ্য মগ্রাহ্মিত্যাদি। বিদ্যা হুই প্রকার হয় জানিবে ব্রহ্মজ্ঞানিরা কছেন এক পরা বিদ্যা দ্বিতীয় অপরা বিদ্যা हत्र তाहात्र मार्थी अक्रवन राष्ट्राय्यान मामरवन व्यथ्यत्वान निका कण्णा ব্যাকরণ নিরুক্ত ছন্দ আর জ্যোতিষ এ সকল অপরা বিদ্যা হয় আর পরা বিদ্যা তাহাকে কহি যাহার দ্বারা অক্ষর অদৃশ্য ইন্দ্রিয়ের অগোচর যে পরব্রহ্ম তাঁহাকে জানাযায় সে কেবল বেদ শিরোভাগ উপনিষদ্ হয়েন। কঠবল্লী। শ্রেয়শ্চ প্রেয়শ্চ মনুষ্যমেতঃ তৌ সম্পরীত্য বিবিনক্তি ধীর:। শ্রোমো হি ধীরে। হিতপ্রেরদো রণীতে প্রেয়ো মন্দো যোগক্ষেমা-ঘূৰীতে। জ্ঞান আর কর্ম এছই মিলিত হইয়া মনুষ্যকে প্রাপ্ত হয়েন তখন পণ্ডিত ব্যক্তি এতুইয়ের মধ্যে কে উত্তম কে অধম ইহা বিবেচনা করেন ঐ বিবেচনার দ্বারা জ্ঞানের উত্তমতার নিশ্চয় করিয়া কর্ম্মের অনাদর পূর্ববি জানকে আত্রয় করেন আর অপণ্ডিত ব্যক্তি শরীরের ত্থ নিমিত্তে আপাতত প্রিয়সাধন যে কর্ম্ম তাহাকেই অবলম্বন করে। এবং শাস্ত্রে কহিতেছেন। অধিকারি বিশেষেণ শাস্ত্রাণ্যকান্যশেষতঃ। অধিকারি প্রভেদেতে শাল্লে নানা প্রকার বিধি উক্ত হইয়াছে অর্থাৎ বে ব্যক্তির পরমাত্ম তত্ত্বে কোনো মতে প্রীতি নাই এবং সর্ববদা অনাচারে রত হয় তাহাকে অঘোর পথের আদেশ করেন তদমুসারে সেই ব্যক্তি কহে যে অবোরার পরে। মৃত্র:। অবোর মন্ত্রের পর আর নাই। আর যে ব্যক্তি ারমার্থ বিষয়ে বিমুখ এবং পানাদিতে রত তাহার প্রতি वांगांठारतत्र व्यारम्भ करत्रन अवर रम करह रष्ट्र व्यानाना विस्प्रास्त्रव

<u>জিকোট কুলম্জনেং।</u> বিশ্বমাত যদিবার বারা তিন কোট কুলের উল্লাল ষয়। আৰু যে ব্যক্তির প্রমেখন বিষয়ে আছা না_{ক্ত জ}না লী ক্লাছি বিষয়ে সৰ্বদা আকাজ্ঞা হয় ভাহার প্রতি স্ত্রীপুরুষের ন হয়[া]্ৰট্টভ উপাসনার উপদেশ করিয়াছেন এবং সে করে বে বিস্তৃত্তিং उक्रवशृष्टितिमक विरक्षाः लक्काविरकारम् भृवृत्रामधवर्गरम्यः हेउ,_म 1 (व ,वािक वक्षवध्रावत महिल श्रीकृत्कत थहे क्षीकृतिक श्रक्काविल हहेग्रा আৰণ করে এবং বর্ণন করে সে ব্যক্তির জীক্তক্তে পরম ভক্তি ছইয়া অন্তঃকরণের ছু:খ বরায় নিত্নতি হয়। আর যাহারা হিংসাদি কর্মোতে রভ হয় তাহার প্রতি ছাগাদি বলিদানের উপদেশ করিয়াছেন এবং দে কহে যে স্মেক্ষেক্ষুদরা তুপ্তা ভবতি চঞ্জিকা। ইত্যাদি। মেনের ক্ষির দান করিলে এক বংসর পর্যান্ত ভগবভী প্রীতা হয়েন। অ সকল বিধি অপরা বিদ্যা হয় কিন্তু ইহার তাৎপর্যা এই যে আত্মতত্ত বিমৃণ সকল বাহাদের সভাবত অশুচি ভক্ষণে মদিরা পানে দ্বীপুরুষ ঘটিত আলাপে এবং হিংসাদিতে রতি হয় তাহারা নান্তিকরূপে এসকল বার্হিত কর্ম না করিয়া পূর্ব্ব লিখিত বচনেতে নির্ভন্ন করিয়া ঈখরোদেশে এ সকল কর্ম যেন করে বেছেতু নান্তিকভার প্রাচুর্য্য হইলে জগতের **মত্যস্ত উৎপাত হয় নতুবা যথাকটি আহার বিহার হিংসা ইভ্যাদির** সহিত পরমার্থ সাধনের কি সম্পর্ক আছে। গীতাতে স্পষ্টই কহিজে-ছেন। বামিমাং পুল্পিতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চিতাঃ। বেদবাদরতাঃ পার্থ নানাদন্তীতিবাদিন:। কামাত্মান: স্বর্গপরা জন্মকর্মফলপ্রদাং। ক্রিয়াবিশেষবছলাং ভোটগর্ম্বগ্যপ্রতিং প্রতি। ভোটপর্ম্বগ্রপ্রসক্তানাং ্ষ্ঠ্যাপদভেচেভদাং। বাবসায়াত্মিকা বৃদ্ধিঃ সমাধৌ ন বিধীয়ভে। যে মূঢ় দঁকল বেদের ফল অবণ বাকো রত ছইরা আপাতত প্রিয়কারী বে ওই ফলম্রুতি বাক্য তাহাকেই প্রমার্থ সাধক করিয়া কছেব আর ক্ৰেন যে ইহার পর অন্য ঈশরতত্ত্ব নাই ঐ সকল কামনাতে আফুলিড চিড ব্যক্তিরা দেবতার স্থাম যে স্বর্গ তাহাকে পর্য পুরুষার্থ করিয়া ভানেন আর জন্ম ও কর্ম ও ভাহার ফল প্রদান করে এবং ভোগ উপর্বোর লোভ দেশায় এমংরূপ নানা ক্রিয়াতে পরিপূর্ণ যে সকল বাক্য

ছাছে এমংবাক্য সকলকে পরমার্থ সাধন কৰেন স্বতএব ভোগ ঐশুর্য্যেড আসক্তচিত্ত এমংরূপ ব্যক্তি সকলের পর্মেখরে চিত্তের নিষ্ঠা হয় না আর ইহাও জানা কর্ত্তব্য যে যে শাল্রে ঐ সকল আহার বিহার ও হিংসা ইত্যাদির উপদেশ আছে সেই সকল শাস্ত্রেই সিদ্ধান্তের সময় অঙ্গীকার করেন যে আত্মজান ব্যতিরেকে অন্য যে উপদেশ সে কেবল লোক-রঞ্জন মাত্র। কুলার্ণবে প্রথমোল্লাদে। তন্মাদিত্যাদিকং কর্ম্ম লোক-রঞ্চনকারণং। মোক্ষস্য কারণং বিদ্ধি তত্ততানং কুলেখরি॥ অতএৰ এ সকল কর্ম্ম লোকরপ্পনের কারণ হয় কিন্তু হে দেবি মোক্ষের কারণ তত্তভানকে জানিবে। মহানির্ব্বাণ। আহারসংযমক্রিষ্টা যথেস্টাহার-তুম্দিলা:। বৃদ্ধজানবিহীনাশ্চ নিষ্কৃতিং তে ব্ৰজন্তি কিং॥ যাঁহারা আহার নিয়মের দারা শরীরকে ক্লিফ্ট করেন কিখা যাঁহারা যথেষ্ট আহার দারা **শরীরকে পৃষ্ট করেন** তাঁহারা যদি ব্রহ্মজ্ঞান হইতে বিমৃথ হয়েন তবে कि निकृ ि পाইতে পারেন অর্থাৎ তাঁহাদের কদাপি নিকৃ তি হয় नা। গৃহস্থ যে এন্ধোপাদক তাঁহাদের বিশেষ ধর্ম এই যে পুত্র ও সাত্মীয়বর্গকে জ্ঞানোপদেশ করেন এবং জ্ঞানির নিকট যাইয়া জ্ঞানশিক্ষার নিমিত্ত যত্ত্ব করেন। ছান্দোগ্য। আচার্য্যকুলাৎ বেদমধীত্য ষথাবিধানং গুরো: कर्षाजिल्यात्वनानिममाद्रका कूट्रेट्स खरही द्वारण वाधाममधीमानः धार्मिकान् বিদধদাত্মনি সর্ব্বেজিয়াণি সংপ্রতিষ্ঠাপ্যাহিংসন্ সর্ব্বভৃতান্যন্যত্রতীর্থেজ্যঃ म थल्वरः वर्खग्रन् यावषायुवर बन्नालाकमिकमणपाटक न ह श्नावावर्खएक গুরুশুঞ্জষা করিয়া যে কাল অবশিষ্ট থাকিবেক ন চ পুনরাবর্ত্তে। সেইকালে যথাবিধি নিয়ম পূর্ব্বক আচার্য্যের নিকটে অর্থ সহিত বেদাধ্য-য়ন করিয়া গুরুকুল হইতে নিবর্ত্ত হইয়া বিবাহ করিবেক পরে গৃহাঞ্জমে থাকিয়া পৰিত্ৰ স্থানে যথাবিধি অবস্থিতি করিয়া বেদাধ্যয়ন পূর্ব্বক পুত্র ं भियापितक कारनाभाग कतिरा थाकितक धवः भवमान्नारा मकन ইন্দ্রিয়কে সংযোগ করিয়া আবশ্যকতা ব্যতিরেক হিংসা করিবেক না এই প্রকারে মৃত্যুপর্যান্ত এইরূপ কর্ম্ম করিয়া ব্রহ্মলোক প্রাপ্তি পূর্ব্বক পর-ব্রহ্মতে লীন হয় তাহার পুনরায় জন্ম হয় না। মুণ্ডকোপনিষৎ। भीनरका ह दि महाभारतार जित्रमः विधिवक्रुशमद्यः शक्षम् किन्न छशस्या

বিজ্ঞাতে দৰ্বমিদং বিজ্ঞাতং ভবতীতি। মহা গৃহস্থ যে শৌনক তিনি ভবদ্বজের শিষ্য যে অঙ্গিরা মুনি তাঁহার নিকটে বিধি পূর্ব্বক গমন করিয়া প্রশ্ন করিলেন যে কাহাকে জানিলে হে ভগবান সকলকে জানাধায়। এইক্লপ ছান্দোগ্য প্রভৃতি উপনিষদে অনেক আখ্যায়িকাতে পাইবেন যে ব্রহ্মনিষ্ঠ গৃহত্ত সকল অন্য হুইতে উপদেশ লইয়াছেন এবং অন্যকে জ্ঞানোপদেশ করিয়াছেন। ভগবান্ রুষ্ণ অর্ক্তুনের প্রতিও এইরূপ ্। উপদেশ করিয়াছেন। তদিদ্ধিপ্রণিপাতেন পরিপ্রশ্নেন সেব্য়া। উপদে-ু ক্ষান্তি তে জ্ঞানং জ্ঞানিনন্ত্রদর্শিনিঃ ৮ সেই জ্ঞানকে তুমি জ্ঞানির নিকট গাইয়া প্রণিপাত এবং প্রশ্ন ও দেবার দারা জানিবে সেই তত্তদর্শি জ্ঞানি সকল তোমাকে সেই জ্ঞানের উপদেশ করিবেন। এক্ষকে আমি জানিব এই ইচ্ছা যথন ব্যক্তির হইবেক তথন নিশ্চয় জানিবেন যে সাধন-চতুট্টয় সে 'বাজির ইহ জন্মে অথবা পূর্ব্ব জন্মে অবশাই হইয়াছে। বেদান্তের ০ মধ্যাযে ৪ পাদে ৫১ খনে কছেন। ঐহিকমপ্যপ্রস্তুত-প্রতিবন্ধে তদ্দর্শনাৎ। যদি প্রতিবন্ধক না থাকে তবে যে জম্মে সাধন চতুষ্টারের অনুষ্ঠান করে সেই জন্মেতেই জ্ঞানের উৎপত্তি হয় আর যদি প্রতিবন্ধক থাকে তবে জন্মান্তরে জ্ঞান হয় যেহেতু বেদে কহিতেছেন যে গর্ভস্থিত বামদেবের জ্ঞান জিম্মাচেছ আর গর্ভস্থিত ব্যক্তির সাধন চতুষ্টয় পূর্ব্ব জন্ম ব্যতিরেক ইহ জন্মে সম্ভাবিত নহে। জানদাতা গুরুতে অতিশয় শ্রদ্ধা রাখিবেন কিন্তু শাস্ত্রে কাহাকে গুরু কহেন তাহা আদৌ জানা কর্ত্তব্য হয় যেহেতু প্রথমত স্বর্ণ না জানিলে স্বর্ণের যতু করিতে কহা রথা হয়। অতএব গুরুর লক্ষণ মৃত্তকোপনিযদে কহিতেছেন। তিদ্বি-,জ্ঞানার্থং সগুরুমেবাভিগচ্ছেৎ সমিৎপাণিঃ শ্রোতিরং ব্রন্ধনিষ্ঠং। জ্ঞানা-কাজ্জি বাজি ব্রহ্মকে জানিবার নিমিত্ত বিধিপূর্ব্বক বেদজ্ঞাতা ব্রহ্মজ্ঞানি গুরুর নিকটে যাইবেক। এবং গুরুর প্রণাম মন্ত্রেই 'গুরু কিরূপ হয়েন তাহা ব্যক্তই আছে তাহাতে মনোযোগ করিবেন। অথওমওলাকারং ব্যাপ্তং যেন চরাচরং। তৎপদং দর্শিতং যেন তল্মৈ শ্রীগুরবে নম:॥ ্বিভাগরহিত চরাচরব্যাপি যে ব্রহ্মতত্ত্ব তাঁহাকে যিনি উপদেশ করিয়াছেন সেই গুরুকে প্রণাম করি। কিন্তু চরাচরের এক দেশস্থ আকাশের অস্ত-

র্গত পরিমিতকে যিনি উপদেশ করেন তাঁহাতে ঐ লক্ষণ যায় কি না কেন না বিবেচনা করেন। অতএব তত্ত্বে লিখেন। গুরবো বহুবঃ সন্তি শিষাবিত্তাপহারকাঃ। হুর্ল্ভঃ সদাকুর্দেবি শিষ্যসন্তাপহারকঃ॥ শিষ্যের বিত্তকে হরণ করেন এমৎ গুরু অনেক আছেন কিন্তু এমৎ গুরু হুর্লভ যে শিষ্যের সন্তাপ অর্থাৎ অক্তানতাকে দূর করেন।

व्यक्ताशामक वाक्तिता क्रांनमायत्तत्र ममत्र এवः क्रांत्नारशिक इहेटल পরেও লৌকিক তাবৎ ব্যাপারকে যথাবিহিত নিষ্পন্ন করিবেন অর্থাৎ গুরুলোকের তুটি এবং আত্মরক্ষা ও পরোপকার যথাসাধ্য করিবেন ইন্তিয়ের নিগ্রহ তথাৎ ইন্তিয় সকল বলবান্ হইয়া যাহাতে আপনার ও পরের পীড়া জন্মাইতে না পারে এমৎ যতু সর্মদা করিবেন কিন্তু অন্তঃ-করণে সর্বদা জানিবেন যে এই প্রাপঞ্চময় জগতের ভিন্ন ভিন্ন পদার্থ সকল কেবল সজ্ঞপ পরমাত্মাকে আশ্রয় করিয়া সত্যরূপে প্রকাশ পাইতেছে। যোগবাশিষ্ঠ। বহির্বাপারসংরস্তো হৃদি দক্ষণপুর্বার্জ্জিতঃ। কর্তা বহিরকর্তান্তরেবং বিহর রাঘব।। বাছেতে ব্যাপারবিশিষ্ট হইয়া কিন্তু মনেতে সংকম্পাবর্জ্জিত হইয়া আর বাছেতে আপনাকে কর্ত্তা দেখাইয়া আর অন্তঃকরণে আপনাকে অকর্ত। জানিয়া হে রাম লোক্যাত্র। নির্ব্বাহ কর। যদি সর্ব্বদা বেদান্তের শ্রবণে অসমর্থ হয়েন তবে প্রথমা-ধিকারি ব্যক্তিরা যতো বা ইমানি ভূতানি জায়তে ইত্যাদি শতি আর যো ব্রহ্মাণং ইত্যাদি শ্রুতি যাহা এই ভূমিকাতে লিথাগিয়াছে ইখার শ্রুবন ও অর্থের আলোচন। সর্ববদা করিবেন। যে যে শ্রুতি এবং স্থ্র এই ভূমি-কাতে লেখাগেল তাহার ভাষাবিবরণ ভগবান্ পূজ্যপাদের ভাষাাতুদাবে করাগিয়াছে। হে পরমেশ্ব এই সকল শ্রুতার্থের ক্ষুর্ত্তি সামাদেব *

ভূমিকার শেষে আদর্শ পুস্তকের এই স্থানে কয়েকটা শব্দু কাটিয়। থিয়াছে।

ওঁ তৎসং। অথ মাঞুক্যোপনিষং। পরমাত্মতত্ত্বের জ্ঞানের উপায় ওঁকার হইয়াছেন সেই ওঁকারের ব্যাখ্যান এই উপনিষদে করিতে-ছেন যেছেতু বেদে ওঁকারকে ব্রহ্মের সহিত অভেদ করিয়া কহিয়াছেন কারণ এই যে ওকার ব্রহ্মকে কহেন আর ওকারের প্রতিপাদ্য ব্রহ্ম হয়েন। কঠঞাতিঃ। ওমিত্যেতং। এতদালম্বং শ্রেষ্ঠং। ছান্দোগ্য। ওমিত্যাত্মানং যুঞ্জীত। ওঁমিতি ব্রহ্ম। এই সকল শ্রুতির দ্বারা ইহা নিষ্পন্ন হয় যে যেমন মিধ্যা সর্পজ্ঞানের প্রতি সত্য রক্ষ্য আত্তম হইরাছে সেইরূপ পরবৃদ্ধ প্রেপঞ্চমর বিখের আত্রয় হইয়াছেন সেই প্রকারে এই সকল প্রপঞ্চময় বাক্যের আত্রয় ওঁকার হইয়াছেন ওই ওঙ্কার শব্দ বন্ধাকে কহেন এ নিমিত্ত ওঁকারকে ব্রহ্ম করিয়া অঙ্গীকার করাযায়। 🐫 মিত্যেতদকরমিদং সর্ববং তদ্যোপব্যাখ্যানং ভূতং ভবৎ ভবিষ্যদিতি সর্ব্বমোন্ধারএব যক্ষান্যৎ ত্রিকালাতীতং তদপ্যোক্রিএব। रियमन शत बरकात विकात वहे विश्व दश मिहे तश उक्षादाक विकात गांवर শব্দকে জানিবে আর শব্দ সকল আপন আপন অর্থকে কছেন এ প্রযুক্ত শব্দ সকল আপন আপন অর্থস্করপ হয়েন অতএব তাবৎ শব্দ ও তাহার অর্থ এছুয়ের স্বরূপ ওঁকার হইলেন আর পরব্রহ্মকে সাক্ষাৎরূপে ওঙ্বার ক্রেন এনিমিত্ত ব্রহ্মস্বরূপও ওঙ্কার হইলেন সেই অক্ষরস্বরূপ ওঙ্কার यादा बुक्कछारनत मूथा माधन इहेशाइन छाहात न्मछेतर्भ कथन धहे উপনিষদে জানিবে আর ভূত ও বর্ত্তমান এবং ভবিষ্যৎ এই তিন কালেতে যে সকল বস্থু থাকে তাহাও ওঙ্কার হয়েন যে কোনো বস্থু ত্রিকালের অতীত হয় যেমন প্রকৃত্যাদি তাহাও ওন্ধার হয়েন। ১। ওঁকার শব্দ ব্রহ্মবাচক এবং ব্রহ্ম ওঞ্কার শব্দের বাচ্য হয়েন অতএব ঐ হ্যের ঐকুয় জানাইবার জন্যে বেমন পূর্বের ওঁকারকে বিখময় এবং ত্রহ্মস্বরূপ করিয়া কহিয়াছেন এখন সেইরূপ পরের মন্ত্রে ব্রহ্মকে বিশ্বময় এবং ওঙ্কার স্বরণ করিয়া কহিতেছেন। সর্বং হেতছ্ক অয়মাত্মা ব্রহ্ম সোহয়মাত্মা চতুষ্পাৎ। যে সকল বস্তুকে ওঞ্চারম্বরূপ করিয়া কহাগেল সে সকল বস্তু ত্রহাস্বরূপ হয়েন আর সেই ত্রহা চৈতন্যস্বরূপ আত্মা হয়েন জাগরণ ব্দ্ন সুৰ্প্তি তুরীয় এই চারি অবস্থার ভেদে ঐ চৈতন্যস্থরূপ প্রমান্ধাকে

চারি প্রকার করিয়া কহাযায় তাহার তিন প্রকারের হারা ভাঁহাকে জানিয়া ঐ তিন প্রকারের অর্থাৎ জাগরণ স্বপ্ন স্বস্থি পূর্ব্ব পূর্ববাবস্থাকে পর পর অবস্থাতে লীন করিলে পরে অবশেষ যে চতুর্থ প্রকার থাকেন সেই যথার্থ ব্রহ্মস্বরূপ এবং জ্বের হইয়াছেন।২। এখন ঐ চারি প্রকা-রের মধ্যে প্রথম অবস্থার বিবরণ করিতেছেন। জাগরিতস্থানো বহিঃ-প্রজঃ সপ্তাঙ্গ একোনবিংশতিমুখঃ স্থানুক্ বৈশ্বানরঃ প্রথম: পাদ:। সেই চৈতন্য যথন জাগ্রদবস্থার অধিষ্ঠাতা হয়েন তথন তাঁহাকে প্রথম প্রকার কহি তথন তেঁহ ঘট পটাদি প্রপঞ্চময় যাবদ্বস্তুকে বাছেন্দ্রিয় দ্বারা আপন মায়ার প্রভাবে প্রকাশ করিয়া ঐ সকল বস্তুকে অনুভব করেন **দেইকালে পরমাত্মাকে** বিরাট অর্থাৎ বিশ্বরূপ করিয়া কহাযায় দেই , বিশ্বরূপকে বেদে সপ্তাঙ্গ কহিয়াছেন। ্ছান্দোগ্যশ্রুতঃ। তস্য হ বা এতস্যাত্মনো বৈখানরস্য মূর্ট্রেব হুতেজাঃ চফুর্বিশ্বরূপ: প্রাণঃ পৃথয়ত্মাত্মা িসন্দেহোবছলো বস্তিরেবর্ষিঃ পৃথিব্যেবপাদাবিত্যাদি। এই বিশ্বরূপ প্রসিদ্ধ প্রমাত্মার মন্তক স্বর্গ হইয়াছেন আর স্থ্য তাঁহার চকু হয়েন আর বাযু তাঁহার নিশ্বাসপ্রথাসরপ প্রাণ হয়েন আর আকাশ তাঁহার মধাদেশ হয়েন আর অন্ধজন তাঁহার উদর আর পৃথিবী তাঁহার হুই পাদ আর হবনযোগ্য অগ্নি তাঁহার মুখ হয়েন অর্থাৎ এ সকল বস্তু সত্তর হইয়া স্থিতি করেন এমৎ নহে কেবল সেই সর্কব্যাপি পরমান্ত্রার অবলম্বন করিয়া পৃথক্ পৃথক্ রূপে প্রকাশ পাইতেছেন যেমন বজ্জার সত্তাকে অবলম্বন করিয়া মিথ্যা সর্পের এবং মিথ্যা দণ্ডের জ্ঞান হয়। সেই জাগ্রদবস্থার অধিষ্ঠাতা যে চৈতন্যস্বরূপ আত্মা তাঁহার উপলব্ধির দ্বার ্ৰ ১৯ উনিশ প্ৰকার হইয়াছে এনিমিক্ত তাঁহাকে একোনবিংশতিমুখ কহি। চকু১ জিহ্বা২ নাদিকা৩ চৰ্ম্ম ৪ কৰ্ণ। বাকা৬ হস্ত ৭ পাদ ৮ পাযু 🕉 সস্তান উৎপত্তির কারণঅঙ্গ ১[,]। প্রাণ ১১ অপান ১২ সমান ১৩ উদান ১৪ ব্যান ১৫। মন ১৬ বুদ্ধি ১৭ অহন্ধার ১৮ চিত্ত ১৯। গদ্ধ রস রূপ স্পর্শ শব্দ প্রভৃতি স্কৃল বিষয়কে ঐ জাগরণ অবস্থার অধিষ্ঠাতা চৈতন্য-প্রমণ আত্মা এই চকু: প্রভৃতি উনিশ প্রকার উপলব্ধি স্থানের দারা গ্রহণ করেন এইত্তেত্ ভাষাকে স্থলভুকু শব্দে কহি। বিশ্বসংসারকে

তেঁহ শুভাশুভ ফল প্রাপ্ত করান এ নিমিত্ত তাঁহাকে বৈশ্বানর শক্তে কহাবার অথবা বিশ্বরূপ পুরুষ তেঁহ হয়েন এনিমিত্ত তাঁহার নাম বৈশা-নর হয়। ৩। এখন ঐ চৈতন্যস্বরূপ পরমান্ত্রার চারি প্রকারের মধ্যে দ্বিতীয় <mark>অব</mark>স্থার বিবরণ করিতেছেন। স্বপ্নস্থানোহস্ক:প্রজঃ সপ্তাঙ্গ একোনবিৎশতিমুখঃ প্রবিবিক্তভুক্ তৈ়জসো দ্বিতীয়ঃ পাদঃ। ৪। সেই চৈতন্য যথন স্বপ্লাবস্থার অধিষ্ঠাতা হয়েন তথন তাঁহাকে দ্বিতীয় প্রাকার কহি জাগ্রদবস্থাতে বাহেন্দ্রিয়ের দারা যে যে বিষয়ের অনুভব হয় মনেতে তাহার সংস্কার থাকে ঐ মন নিক্রাবস্থায় পূর্ব্বসংস্কার বশেতে বাহেন্দ্রিয়ের সহায়তা ব্যতিরেকেও বিষয়ের অনুভব করেন মনকে অন্তরিক্রিয় কহাযায় স্বপ্নে সেই অন্তরিক্রিয় যে মন তাহার অনুভব কেবল থাকে এইহেতু ঐ অবস্থাব অধিষ্ঠাতাকে অন্তঃপ্ৰজ্ঞ কহাগেল স্বপ্নের অধিষ্ঠাতা আপন প্রভাবে বিশ্বকে স্বপ্নাবস্থায় রচনা করেন আর স্বপ্লাবস্থায় ইন্দ্রিয় সকল যে মনেতে মিলিত হইয়াছে সেই মনের দ্বারা বিশ্বের অনুভবও করেন এই নিমিত্ত ঐ স্বপ্নের অধিষ্ঠাতাকে জাগ্রদবস্থার অধিষ্ঠাতার ন্যায় সপ্তাঙ্গ এবং একোনবিংশতিমুখ এ ছই শব্দ কহাযায়। স্বপ্লাবস্থায় পূর্ব্ব পূর্ব্ব সংস্কারাধীন বিষয় সকলকে মন অমূভব করেন এই নিমিত্ত স্বপ্নের অধিষ্ঠাতাকে প্রবিবিক্তভুক্ শব্দে কহিলেন অর্থাৎ জাগ্রদবস্থার ন্যায় স্থূল বিষয়কে ভোগ না করিয়া স্ক্রারপে ভোগ করেন। জাগ্রদবস্থার যে সূল বিষয়ের উপলব্ধি হয় সেই বিষয়রহিত যে বুদ্ধি তাহার দারা স্বপ্নের অধিষ্ঠাতার অন্নভব হয় এই নিমিত স্বপ্নের এখন ঐ চৈতন্যস্তরূপ পরমা-অধিষ্ঠাতাকে তৈজন নামে কহাযায়। ৪। ত্মার তৃতীয় প্রকারের বিবরণ করিতেছেন। যত্র স্থপ্তোন কঞ্চন কামং কাময়তে ন কঞ্চন স্বপ্নং পশ্যতি তৎস্ব্পুং স্ব্পৃস্থান একীভূতঃ প্রজ্ঞান-খন এবানন্দমযোহ্যানন্দভুক্ • চেতোমুখঃ প্রাক্তন্তীয়ঃ পাদঃ। ৫। যে সময়ে अक्ष ना मिथायां विषय कारना कामना ना थाक मिर ममग्रक স্বৃধি অবস্থা কহি সেই অবস্থার অধিষ্ঠাতা বৈ চৈতন্যস্বরূপ আ**ত্মা** তাঁহাকে স্বৃপ্তিস্থান এই শব্দে কহিয়াছেন। জাগরণ এবং স্বপ্পাবস্থাতে প্রাপঞ্চময় বিশ্বের পৃথক্ পৃথক্ বোধ থাকে কুহাদীতে দেমন নানা আঞ্চার-

विभिक्ते वज्र नकन এकाकादा श्रेडींड इब्र मिहेब्राल एहे विश्व सुब्रि অবস্থাতে একীভূত হইয়া থাকে অতএব স্বৰ্গ্তির অধিষ্ঠাতাকে একীভূত শব্দে কহি। নানা প্রকার বস্তুর নানা প্রকার যে জ্ঞান ভাহা মিশ্রিডের ন্যায় হইয়া সৃষ্প্তি কালে থাকে এ নিমিত্ত সৃষ্প্তির অধিষ্ঠাতাকে প্রজ্ঞান-ঘন শব্দে কহাযার অর্থাৎ সে অবস্থায় জাতি গুণ ক্রিয়া ইত্যাদির পূথক্ং জ্ঞান থাকে না। বিষয় অনুভবের দ্বারা যে ক্লেশ তাহা স্ববৃত্তি অবস্থার থাকে না এ নিমিত্ত সৃষ্প্তির অধিষ্ঠাতাকে আনন্দময় অর্থাৎ আনন্দ-व्यकृत करि। आग्रामभृना इहेग्रा थाकित्व त्यमन वाक्ति मकन स्थी কহায় সেইরপ আয়াদশূন্য যে সৃষ্পির অধিষ্ঠাতা তাঁহাকে আনন্দভুক্ অর্থাৎ স্থাবের ভোক্তা কহা যায়। স্বপ্ন এবং জাগরণ এই ছুই অবস্থার চৈতন্যের দার স্বষ্থির অধিষ্ঠাতা হয়েন এনিমিত্ত তাঁহাকে চেতোমুখ অর্থাৎ 'চেতনের' হার কহি। জাগরণাপেকা ও স্বপ্নাপেক। সুৰুপ্তি অব-স্থার অধিষ্ঠাতার নিরুপাধি জ্ঞান হয় এনিমিত্ত তাঁহাকে প্রাক্তশব্দে কছেন। ৫। এখন ঐ তিন অবস্থাপূন্য যে তুরীয় পরমাত্মা তাঁহাকে তৃতীয় অবস্থার অধিষ্ঠাতার সহিত অভেদ রূপে কহিতেছেন। এষ সর্বেশ্বর এষ সর্ববজঃ এবোহস্তর্গাম্যেষ যোনিঃ সর্ববস্য প্রভবাপ্যয়ে হি ভূতানাং। ৬। এই ভূতীয় অবস্থার অধিষ্ঠাতা যে পরমান্ধা তেঁহ তাবৎ বিখের ঈশ্বর হযেন ঐ পরমান্ধা সর্বত্ত ব্যাপিয়া সকল বস্তুকে বিশেষ রূপে জানেন ঐ পরমাত্মা সকলের অন্তরে স্থিত হইয়া সকলের নিয়ম-কর্তা হয়েন তেঁহ সকলের উৎপত্তির কারণ এবং বিশ্বের উৎপত্তি ও লয় তাঁহা হইতেই হয়। ৬। এখন সাক্ষিম্বরূপ তুরীয়কে কহিতে প্রবর্ত্ত ুহট্লেন। জাতি গুণ ক্রিয়া সংজ্ঞা সম্বন্ধ ইত্যাদির দ্বারা বস্তুকে বাক্য কহেনু কিন্তু এ সকল সেই তুরীয় পর্মাত্মাতে নাই স্নতরাং বিশেষণ সকলের নিষেধ দ্বারা সেই সর্কবিশেষণপূন্য তুরীয় পরমাত্মাকে সংপ্রতি ু কহিতেছেন। নাস্তঃপ্ৰজ্ঞঃ ন বহিঃপ্ৰজ্ঞঃ নোভৰতঃ প্ৰজ্ঞং ন প্ৰজ্ঞানখনং न अकः नाअक्रममृक्षेमवावश्राम्थाश्यमक्रममिष्ठामवाशामभारमकाषा-্প্তায়সারং প্রপঞ্চোপশমং শান্তং শিবমদ্বৈতং চতুর্থং মন্যন্তে স আত্মা স বিজেয়:। ৭। নাত:প্রিজং অর্থাৎ সেই আত্মা স্বপ্নের অধিষ্ঠাতা

अहे त्य विल्मिष् जाराज जिल्ल स्टायन न विश्व अर्था अर्था काराज व्यवस्त्र न विल्मिष्ट काराज व्यवस्त्र न विल्मिष्ट काराज व्यवस्त्र न विल्लाहर काराज व्यवस्त्र न विल्लाहर काराज विल्लाहर काराज काराज विल्लाहर काराज विल् অধিষ্ঠাতা এই যে বিশেষণ ভাহারে৷ ভিন্ন হয়েন নোভয়ত: প্রজং অর্থাৎ জাগরৰ এবং স্বপ্ন এছুমের মধ্য অবস্থার অধিষ্ঠাতা এই যে বিশেষণ ইহা হ**ইতেও পরমাত্মা ভিন্ন হ**য়েন। ন প্র**জানদনং অর্থাৎ স্তব্**প্তি অবস্থার অধি-कीजा अहे य विष्णवन देश हहेराज्य शत्रमां प्रा जिल्ल हरतनं। न श्रकः অর্থাৎ এক কালে সকল বিষয়ের জ্ঞাতা এই যে বিশেষণ ইহা হইতেও ভিন্ন প্রমাত্মা হয়েন অর্থাৎ পরমাত্মা ভিন্ন অন্য বিষয় অপ্রসিদ্ধ স্থতরাং লিখিত বিশেষণের নিষেধ দারা ইহা বুঝাইতেছিল যে পরমাত্মা অচৈতন্য हरवन এই निभिन्छ नाश्रकः अर्थाৎ পরমাদ্ধা অটেতনা নহেন এই শব্দের প্রয়োগ করিয়া 'পূর্বে সন্দেহ দূর করিলেন। পরমাত্মাকে অন্ত:প্রক্তঃ বহিঃপ্রক্তঃ ইত্যাদি নানা বিশেষণের দারা বেদে কহিয়াছেন তবে কিরূপে নিষেধের হারা ঐ সকল বিশেষণকে মিথ্যা করিয়া জানাযায় এই আশ-ন্ধার সমাধান ভাষ্যে করিতেছেন যে রজ্জুতে যেমন একবার সর্পভ্রম এক বার দণ্ডভ্রম হয় যে কালে সর্পভ্রম জন্মে সে কালে দণ্ডভ্রম থাকে না আর যে কালে দণ্ডভ্রম হয় সেকালে সর্পভ্রম থাকে না অতএব যথার্থে উভয় মিথ্যা হইয়া কেবল রক্ষুমাত্র সত্য থাকে সেইরূপ যথন স্বপ্পের অধিষ্ঠাতা করিয়া চৈতন্যকে কছেন তখন জাগরণের অধিষ্ঠাতা রূপে তাঁহার প্রতীতি থাকে না আর্যথন জাগরণের অধিষ্ঠান্তা করিয়া চৈতন্যকে কছেন তথন স্বপ্নের অধিষ্ঠাতা রূপে তাঁহার অনুভব হয় না অতএব স্বপ্ন জাগরণ ইত্যাদি উপাধি ঘটিত যে সকল বিশেষণ ভাহা কেবল মিথ্যা কিন্ত উপাধিরহিত সর্ববিশেষণশূল্য যে শুদ্ধ চৈতনাম্বরূপ তুরীয় उँइहे म्छा इरम्न जरव दिर्प एय अनकन विस्मिर्ग बाता करहन स्म উপাধিকে উপলক্ষ্য করিয়া বোধস্থগমের নিমিত্ত কহিয়াছেন কিন্তু ঐ दिरा छुदीयरक यथन करहन जथन के प्रकल जिशाधित निरम्दा बाताह অদৃষ্টং অর্থাৎ যেহেতু বন্ধ সর্ববিশেষণ হইতে ভিন্ন হয়েন এই নিমিত্ত তেঁহ দৃষ্টিগোচর হয়েন না। অব্যবহার্যাং অর্থাৎ পরমান্ত্রা অমুক্ত এই নিমিত্ত তেঁহো ব্যবহার্য্য হইতে পারেন না। অগ্রাহ্যং অর্থাৎ

इन्डांकि कर्त्यक्रियात्र कांत्रा एउँट श्रांक् इहेर्ड शादन ना । अनक्रशः অর্থাৎ তাঁছার স্বরূপ অফুমানের দারা জানাধার না। অচিন্তাং অর্থাৎ তাঁহার স্বরূপের চিস্তা করা যায় না। অব্যপদেশ্যং অর্থাৎ শব্দের ছারা তাঁহার নির্দেশ হইতে পারে না। একাত্মপ্রতায়সারং অর্থাৎ জাগরণ স্বপ্ন স্বৰ্প্তি এই ভিন স্বস্থাতে একই চৈতনাম্বরূপ আত্মা অধিষ্ঠাত। হয়েন এই জ্ঞানেতে যে ব্যক্তির নিশ্চর থাকে তাহার প্রাপ্ত তেঁহ হয়েন। প্রপঞ্চোপশমং অর্থাৎ যাবৎ প্রপঞ্চময় উপাধি তাহার লেশ সেই আত্মাতে নাই। শান্তং অর্থাৎ রাগছেযাদিরহিত। শিবং অর্থাৎ শুদ্ধসক্রপ তেঁহ হয়েন। অধৈতং মর্থাৎ ভেদবিকম্পশূন্য তেঁহ হয়েন। চতুর্থং অর্থাৎ জাগরণ স্বপ্ন সুষ্প্তি এই তিন অবস্থার অধিষ্ঠাতা রূপে তেঁহ প্রতীত হইয়াছিলেন এখন এই তিন উপাধি হইতে ভিন্নরূপে প্রতীতির নিমিক্ত তাঁহাকৈ চতুর্থ করিয়া কহিতেছেন। স আত্মা স বিজ্ঞেয়: অর্থাৎ সেই উপাধিরহিক যে তুরীয় তেঁহই আত্মা তেঁহই জ্ঞেয় হয়েন। ৭। সোহয়-মাজা অধাক্ষরমোঁকারোহধিমাত্তং পাদামাত্রামাত্রাশ্চ পাদা অকারোকার-মকার ইতি। ৮। সেই তুরীয় আত্মা তেঁহ ওঁকার যে অক্ষর তৎস্করপে বর্ণিত হইয়াছেন সেই ওঙ্কারকে বিভাগ করিলে অধিমাত্র হয়েন অর্থাৎ ওঙ্কার তিনমাত্রা সহিত বর্ত্তমান হয়েন যেহেতু জাগ্রৎ স্বপ্ন স্থুস্থি এই তিন অবস্থার নিদর্শনে আত্মার যে তিন প্রকার কহাগিয়াছে সেই তিন প্রকার ওঁকারের তিন মাত্রা হয়েন সেই তিন মাত্রা অকার উকার মকার হইয়াছেন।৮। জাগরিতস্থানো বৈশ্বানরোহকারঃ প্রথমা মাত্রা আপ্তে-वार्तिमचाचा आश्वीि ह देव नर्व्यान् कामानांत्रिक छवछि य এवः द्वतः । २। ফাগরণের অধিষ্ঠাতা যে বিশ্বরূপ আছা তেঁহ ওঙ্কারের অকাররূপ প্রথম মাত্রা হয়েন যেহেতু বিরাটের ন্যায় অকার সকল বাক্যকে ব্যাপিয়া থাকেন। খ্রুতি:। অকারো বৈ সর্বা বাক্। অথবা যেমন প্রথম অবস্থার অধি-ষ্ঠাতা যে বিরাট তেঁহ অন্য অন্য অবস্থার অধিষ্ঠাতার প্রথমে গণিত হই-য়াছেন দেইরূপ ওঙ্কারের তিন মাত্রার মধ্যে অকার প্রথমে গণিত হয়েন এই নিমিত্ত অকারকে বিরাট করিয়া বর্ণন করেন। যে ব্যক্তি এইরূপ অকার আর বিরাট উত্তয়কে এক করিয়া জানে সে তাবং অভিলয়িত

দ্রব্যকে পায় আর উত্তম লোকের মধ্যে প্রথমে গণিত হয়। ১। স্বপ্ন-স্থান ত্তৈজ্ঞ উকারো দিতীয়া মাত্রা উৎকর্ষাত্রভয়ত্বাদা উৎকর্ষতি হ বৈ-জ্ঞানসম্ভতিং সমানশ্চ ভবতি নাস্যাব্রহ্মবিৎ কুলে ভবতি য এবং বেদ। ১১। স্বপ্নের অধিষ্ঠাতা যে তৈজদ পরমাত্ম। তেঁহ ওঙ্কারের দ্বিতীয়মাত্রা যে উকার তৎস্বরূপ হয়েন বৈশানর হইতে বেমন তৈজসকে উপাধির ন্যুনতা नहेशा छे ९ करें करहन रमहे क्रथ घकात हहे र छे कातरक ७ छे ९ कं छे । कहि-য়াছেন অথবা যেমন বিশ্ব এবং প্রাক্তের মধ্যে অর্থাৎ জাগরণের অধিষ্ঠাতা এবং স্বস্থির অধিষ্ঠাতা এ তুইয়ের মধ্যেতে স্বপ্নের অধিষ্ঠাতা গণিত হই-ষাছেন সেইরূপ ওঁঙ্কারের অকার আর মকাবের মধ্যেতে উকার গণিত হইয়াছেন এই সামা লইয়া উকারকে তৈজ্ঞস করিয়া বর্ণন করিলেন যে ব্যক্তি এইরপে উকার আর তৈজদের অভেদ জ্ঞান করে দে যথার্থ জ্ঞান সমূহকে পায় আৰু সে বাক্তিকে শক্ত মিত্র উভয় পক্তৈ ছেয় করে না এবং সে ব্যক্তির পুত্র পৌত্রাদি ক্রমে সকলেই ব্রন্ধনিষ্ঠ হয়েশ জন্য প্রকাব হয় না। ১১। স্থ্রস্থানঃ প্রাজ্যে মকাবন্তৃ জীয়া মাত্র। মিতেবপীতের্বা মিনোতি হ বা ইদং সর্কাং অপীতিশ্চ ভবতি য এবং বেদ। ১১। স্বস্থির অধিষ্ঠাতা যে প্রাক্ত পরমাত্মা তেঁহ ওশ্বারের তৃতীয়মাত্রা যে মকার তং-স্বরূপ হয়েন যেমন সুষ্পি অবস্থাতে জাগরণ আর রপ্রেণ প্রেশ হইয়া পুনরায় স্বৃত্তি হইতে নিঃস্ত হয়েন দেইরূপ ওঙ্গারের উচ্চাব্রের সমা-প্রিতে অকার এবং উকাব মকারে প্রবেশ করিয়া পুনবায ওম্বারের প্রযো-গের সময় ঐ তুই মাত্রা মকার হইতে নির্গত হয়েন অথবা যেমন বিশ আর তৈজন অর্গাৎ জাগরণ আর স্বপ্পের অধিষ্ঠাতা স্থমৃপ্তির অধিষ্ঠাতাতে नीन श्रान (प्रहेक्का अकात जात जेकात मकारत लग्नरक शारान এই <u>नि-</u> নিমিত্ত মকারকে স্বষ্প্রির অধিষ্ঠাতা করিয়া বর্ণন করেন যে ব্যক্তি এই দপে মকার মার প্রাক্তকে অভেদ করিয়া জ্ঞান করে দে এই জগংকে যথার্থ মতে জানে আর জগতের কারণ যে পরমাত্মা তৎসরপ হয়।১১। অমাত্রশ্চ-তুর্থোহব্যবহার্যাঃ প্রপঞ্চোপশমঃ শিবোহদৈত এবসোঁকার আত্মৈব সংবিশতি व्याजानाजानः य अवः (वन य अवः (वन।)२। गांजानृना (प्र ७कांत অর্থাৎ বর্ণরহিত প্রণব তেঁহ তুরীয় নির্বিশেষ পরমাত্মা হয়েন তেঁহ বাক্য

মনের অগোচর এনিমিত্ত অব্যবহার্য উপাধিরহিত এবং নিতাশুক্ক ভেদশূন্য হয়েন এইরপ বিশেষ জ্ঞানের দ্বারা ওক্ষারকে পরমাদ্বাস্থরূপ করিরা
যে ব্যক্তি জ্ঞানে সে আত্মসরপেতে অবস্থিতি করে অর্থাৎ তাহার উপাধিজন্য ভেদবৃদ্ধি আর থাকে না যেমন রক্ষুর যথার্থ জ্ঞান হইলে ভ্রম সর্পের
ক্রান প্নরায় আর থাকেনা। শেষ বাক্যে প্নরুক্তি উপনিষৎ সমাপ্তির
ক্রাপক হয় পূর্বর পূর্বর তিন প্রকরণে এইকি ফল শ্রুতি লিখিলেন কিন্তু
নিবিশেষ যে তুরীয় তাঁহার প্রকরণে উপাধিঘটিত কোনো ফলশ্রুতির
লেশ নাই যেহেতু কেবল স্বরূপে অবস্থিতি ইহার প্রয়োজন হয় ইতি
মাণ্ড ক্যোপনিষৎ সমাপ্তা। ওতৎসৎ। শ্রুত ২২৪ শাল। ২১ আশ্বিন।

॥ ওঁতৎসৎ॥

এই উপনিয়দের ভাষ্যেতে যে যে আশকা করিয়া সমাধান করিয়াছেন তাহার মধ্যে যে যে আশস্কা এবং সামাধানকে জানিলে প্রমার্থ বিষয়ে শ্রদ্ধার দৃঢতা জন্মে এবং বিচারের ক্ষমতা হয় তাহার সংক্ষেপ বিবরণ নিগিতেছি এই গ্রন্থের ৬০৮পুঠের ২২পংক্তিতে লিখেন যে জাতি গুণ ক্রিয়া সংজ্ঞা সম্বন্ধ ইত্যাদির দ্বারা বস্তুকে বাক্য কহেন কিন্তু এ সকলের কিছুই সেই তুরীয় পরমাক্সাতে নাই স্বতরাং বিশেষণের নিষেধ দ্বারা অর্থাৎ তর তন্ধ রূপে তাঁহাকে বেদে কহিতেছেন এস্থানে ভগবান্ ভাষ্যকার আপত্তি করিয়া সমাধান করিয়াছেন। আপত্তি। জাতি গুণ ক্রিয়া ইত্যাদি বিশেষণ যদি পরমাত্মার নাই তবে তেঁহ শূন্যের ন্যায় কোনো বস্তু না হয়েন অতএব তেঁহ আছেন এমৎ কেন স্বীকার করি। সমাধান। যদি পরমাত্মা কোনো বস্তু না হইতেন তবে তাঁহাকে আশ্রয় করিয়া প্রপঞ্চময় জগং সত্যের ন্যায় দেখাইতো না যেমন বাস্তবিক মন না থাকিলে, স্বপ্লেডে যে সকল বস্তু দেখাযায় তাহা কদাপি দেখাযাইতো না আর যেমন ভ্রম সর্প রক্ষ্য বিনা আর ভ্রমান্ত্রক জল জ্যোতির অবলয়ন বিনা প্রকাশ পায় ना। यनि अञ्चल अप कर या शूर्वि निकारिकत होता, कानारान त्य বন্ধ প্রপঞ্চময় জগতের আশ্রেষ হয়েন তবে বেমন জলের আধার এই

বিশেষণের দ্বারা ঘটকে কহিতেছি দেইরূপ জগতের আশ্রয় এই বিশেষণের দারা বেদে ত্রহ্মকে না কহিয়া তম তম এইরূপে বিশেবণের নিষেধ ভারা কেন কহেন। তাহার উত্তর। জল সতা হয় এনিমিত্ত জলের আধার এই বিশেষণের দারা ঘটকে কছাযায় কিন্তু প্রাপঞ্ময় জগৎ দর্ব্ব প্রকারে অসৎ হয় অতএব অ্সতের সহিত সত্য যে পরমাত্মা তাঁহার বাস্তবিক সম্বন্ধের মস্তাবনা নাই এনিমিত্ত অসৎ যে জগৎ তাল্ব-টিত বিশেষণের দ্বারা বেদে সত্য স্বরূপ পরমান্তাকে কিরূপে কহিতে পারেন। এন্থলে পুনরায় যদি বল যে জগৎকে প্রত্যক্ষ দেখিতেছি অত-এব কিরূপে তাহাকে সর্ববি প্রকারে মিথ্যা কহা যায়। উত্তর। স্বপ্লেতে যে সকল বস্তুকে দেখ এবং তৎকালে তাহাতে যে নিশ্চয় কর আর জাগ-রণেতে যে সকল বন্ধ্র প্রত্যক্ষ দেখ ও তাহাতে যে নিশ্চয় করিতেছ এ চুই নিশ্চয়ের মধ্যে কিছুমাত্র ভেদ নাই কিন্তু স্বপ্নের জগণ.কে স্বপ্নভঙ্গু ইইলে •মিথ্যা করিয়া জান এবং বিশ্বাস হয় যে বাস্তবিক মিখ্যা বন্ধ কোনো সত্যের আশ্রয়েতে সভ্যের ন্যায় দেখা দিয়াছিল সেইরূপ যথার্থ জ্ঞানের উদয় হইলে এই জাগরণের জগৎ যাহাকে এখন সত্য করিয়া জানিতেছ ইহাকেও মিথ্যা করিয়া জানিবে এবং বিশ্বাস হইবেক যে সেই সত্যস্বরূপ, পরমাত্মার আশ্রয়েতে মিথাা জগৎ সত্যের ন্যায় প্রকাশ পাইতেছিল। পুনরায় যদি কছ যে পরমাত্মা প্রপঞ্চময় জগতের আশ্রয় হয়েন ইহা স্বীকার করিলাম কিন্তু তাঁহার জ্ঞানে কোনো প্রয়োজন নাই। উত্তর। আত্মার জ্ঞান যে পর্যান্ত না হয় তাবং প্রপঞ্চময় জগতের সত্যজ্ঞান থাকিয়া নানাপ্রকার তুঃখ এবং তুঃখমিশ্রিত স্থাথের ভান্ধন জীব হয় কিন্তু সাত্ম-জ্ঞান জিয়ালে অন্য বস্তুর আকাজ্ঞা আর থাকে না যেমন রাঙ্গেতে রূপাত ভ্রম যাবৎ থাকে সে পর্যান্ত তাহার প্রাপ্তির প্রয়াদে তুঃখ পায় দেই রূপার ভ্রম দুর /হইয়া যথার্থ রাঙ্গের জান হইলে তাহার প্রয়াস এবং তজ্জনা ছু:থ আর থাকে না। যুদি বল তিন প্রকার অর্থাৎ জাগরণ স্বপ্ন স্কুঁৰ্প্তি এই মায়িক বিশেষণের নিষেধ ঘারা পরমাত্মাকে বেদে প্রতিপন্ন করিতে-ছেন তবে পৃথক করিয়া তুরীয়কে বর্ণন করিবার কি আবশ্যকতা আছে নেহেতু ঐ তিন প্রকার বিশেষণকে কহিলেই ঐ তিন প্রকার হইতে বে

ভিন্ন তেঁহ তুরীয় হয়েন ইহা বোধগম্য স্কুতরাং হইতো। উত্তর। যদি তিন প্রকার অধিষ্ঠাতা হইতে বস্তুত তুরীয় ভিন্ন হইতেন তবে ঐ তিন প্রকারকে কহিলেই তাহা হইতে ভিন্ন যে তুরীয় তাঁহার প্রতীতি হইতো কিন্তু ঐ তিন অবস্থার যে অধিষ্ঠাতা তেঁহই তুরীয় হয়েন তবে তিন অবস্থা মায়িক এনিমিত্ত তিন অবস্থার অধিষ্ঠাতাকেই তিন অবস্থা হইতে পৃথক্ করিয়া তুরীয় শব্দে কহিয়াছেন যেমন রক্ষুকে ভ্রম সর্পের অধিষ্ঠাতাকরিয়া কথন উপলব্ধি কবিতেছি কথন বা সর্পের নিষেধের দ্বারা কেবল রক্ষুকে উপলব্ধি করি অতএব বাস্তবিক উভয়ের ভেদ নাই ঐ বৃদ্ধিরতির সাক্ষী নিদ্ধন পরমাত্মা তেঁহই উপাসা হইয়াছেন ॥ ওঁ তৎসং ॥

গোস্বাদীর সহিত বিচার।

অদিতীয় ইদ্রিয়ের অগোচর সর্বব্যাপি যে পরব্রন্ধ তাঁহার তব্ হইতে লোক সকলকে বিমুখ করিবাব নিমিতে ও পরিমিত এবং মুখ নাসিকাদি অবয়ব বিশিষ্টের ভজনে প্রবর্ত করাইবার জনো ভগবদেগীরাক্ষপ্যায়ণ গোস্বামিজী পরিপূর্ণ ১১ পত্রে যাহা লিখিয়া পাঠাইয়াছিলেন ভাহার উত্তর প্রত্যেকে দেওয়া যাইতেছে বিজ্ঞ সকলে বিবেচনা করিবেন। প্রথম পত্রের দ্বিতীয় পৃষ্ঠায় প্রশ্ন করেন যে ''দকল বেদের প্রতিপাদ্য দদ্ধপ পরব্রহ্ম হইয়াছেন ইহার উত্তর বাক্য কি সংগ্রহ করিব যেহেতু একুগা সকল দুশন-কারদিগোর সম্মত কিন্তু ইহাতে জিজ্ঞাসা এই যে ব্রন্ধেতে কোনো উপাধি দোষ স্পর্শ হইবে না অথচ বেদেরা প্রতিপন্ন করিতেছেন তাহার 🖋 কার কি''। উত্তর। বেদ সকল ব্রন্ধের সত্তাকে কি রূপে প্রতিপর্যকরেন আর উপাধি দোষ স্পর্শ বিনা কি রূপে ব্রহ্ম তত্ত্ব কথনে বেদেরা প্রবর্ত হয়েন ইহা জানিবার নিমিত্ত লোক সকলের উচিত যে পক্ষপাত পরিত্যাগ পূর্ম্বক দশোপনিষদ বেদান্ত শান্ত্রের আলোচনা করেন যদি চিত্ত শুদ্ধি হইয়া পাকে তবে বেদান্তের বিশেষ অবলোকনের পরে এতাদুশ প্রাণ্থের পুনরায় সন্তা বনা থাকে না। সংপ্রতি আমরাও এ বিষয়ে সংক্ষেপে কিঞ্চিৎ লিখিতেছি। কেনোপনিষৎ। অন্যদেব তদ্বিদিতা দথো অবিদিতাদধি। যাবৎ বিদিত বস্ত অর্থাৎ যে যে বস্তুকে চক্ষুরাদি ইন্দ্রিয়ের দ্বারা জানা যায় ব্রহ্ম সে সকল বস্তু हरेरा जिन्न रामन अवश्घिली हरेरा जिन्न अथि अनुना रा भनमाध् তাহা হইতেও ভিন্ন হয়েন। বুহদারণ্যক। অগাত আদেশো নেতি নেতি। এ বস্তু ব্ৰহ্ম নহে এ বস্তু ব্ৰহ্ম নহে ইত্যাদি রূপে যাবৎ জন্য বস্তু হইতে বৈদ্ধ ভিন্ন হৈনে এই মাত্র বিদ্ধের উপদেশ বেদে করেন কিন্তু জগতের স্ষ্টি স্থিতি ভঙ্গ দেখিয়া আর জড় স্বরূপ শরীরের প্রবৃত্তি দেখিশা এই সকলের কারণ যে পরব্রহ্ম তাঁহার সভাকে নিরূপণ কর্টরন। যদি এই প্রশ্নের উত্তরকে প্রশ্নোত্তরের দ্বার। বিশেষ মতে কোন জ্ঞানির নিক্ট আপন-কার জানিবার ইচ্ছা হয় তবে মুগুকোপনিষদের শ্রুতি এবং গীতা স্মৃতির

'অর্থের আলোচনা করিয়া যাহা কর্ত্তব্য হয় তাহা করিবেন। মুগু-কোপনিষৎ শ্রুতি। তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ শোতিয়ং বন্ধনিষ্ঠং। সেই বন্ধতত্ত্ব জানিবার নিমিত্ত বিনয় পূর্বক বেদজ ব্রহ্মনিষ্ঠ গুরুর নিকট যাইবেক। গীতাম্বৃতি। তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নের সেবরা। প্রণিপাত ও সেবা ও প্রশ্নের দারা জ্ঞানির নিকটে তত্ত্বজ্ঞানকে জানিবেক। আপনি তৃতীয় পূঠায় পুনরায় লিখেন যে তোমাদের যদি কোন বেদান্ত ভাষ্য অবলোকনের দারা ত্রহ্ম নিরাকার এমং জ্ঞান হইয়া থাকে তবে সে কুজ্ঞান। উত্তর। কেবল ভগবৎ পূজা-পাদের ভাষ্যেই ব্রহ্মকে আকার রহিত করিয়া কহিয়াছেন এমৎ নহে কিন্তু তাবৎ উপনিষদে ও বেদান্ত স্থত্যে ব্রহ্মকে নাম রূপের ভিন্ন করিয়া স্পষ্ট ব্লপে এবং প্রসিদ্ধ শব্দে সর্বত্তি কহেন এ সকল শাস্ত্র অপ্রাপ্য নহে মুত্রী তাহাতে কাহারো প্রতারণার সম্ভাবনা ক্সাই অতএব তাহার কিঞ্চিৎ লিখিতেছি। কঠবলী। অশব্দমম্পর্শমূরূপমব্যয়ং তথারসং নিতাম-গদ্ধবচ্চ যৎ। পৃথিবীতে শব্দ স্পর্শ রূপ রস গদ্ধ এই পাঁচ গুণ আছে এ নিমিত্ত শ্রোত্র ত্বক চক্ষু জিহবা ঘাণ এই পাঁচ ইন্দ্রিরের গ্রাহ্য পৃথিবী হয়েন জলেতে গন্ধ গুণ নাই এ প্রযুক্ত পৃথিবী হইতে জল ফুল্ম এবং ব্যাপক হইয়া দ্রাণ ভিন্ন চারি ইন্সিয়ের গোচর হয়েন আর তেজেতে গন্ধ ও রস এই ছুই গুণ নাই এ নিমিত্ত জল হইতে তেজ ফুলা এবং ব্যাপক হইয়া ঘ্রাণ আর জিহবা ইহা ভিন্ন তিন ইক্রিয়ের গোচর হয়েন আর বায়ুতে ক্লপ রস গন্ধ এই তিন গুণ নাই এ নিমিত্ত তেজ হইতেও বায়ু স্থান্ম এবং व्याभक रहेशा घान जिस्ता हकू ५ है जिन हे किय जिन त्य इहे हे किय जारात ুগোচর হয়েন আর আকাশেতে স্পর্ণ রূপ রূপ রূপ গন্ধ এই চারি গুণ নাই এ নিমিত্ত বায়ু হইতেও আকাশ স্ক্ল এবং ব্যাপক হইয়া ত্বক চক্ষু জিহ্বা দ্রাণ এই চারি ভিন্ন কেবল এক শ্রবণ ইন্দ্রিয়ের গোচর হয়েন স্বতএব এ পাঁচ গুণের এক গুণও যে পরমাত্মাতে নাই তেঁহ কি রূপ স্কন্ম ও ব্যাপক এবং ইন্দ্রিরের অগোচর হয়েন তাহা কি প্রকারে বলা যায়। মুগুক। যন্তদদ্রেশ্যমগ্রাহ্যমগোত্রমচকুঃশ্রোত্রং তদপাণিপাদং ইত্যাদি। যে বন্ধ ठक्तानि देखिराव त्राण्त नर्दन आत द्यानि कर्यक्रियत थादा नर्दन

এবং জন্মরহিত এবং চক্ষ্যশোত হত্তপাদাদি অবয়বরহিত হয়েদ ইত্যাদি। মাগুক্যোপনিষৎ। অদৃষ্টমব্যবহার্যমগ্রাহ্যমলক্ষণমচিন্ত্যমব্যপদেশাং। যে হেতু ব্রহ্ম সর্ব্ধ বিশেষণ রহিত হয়েন এই নিমিত্ত তেঁহ দৃষ্টিগোচর হয়েন না এবং ব্যবহারের যোগা তেঁহ হয়েন না আর হস্তপদাদি ইন্দ্রিয়ের দ্বারা তেঁহ গ্রাহ্য হয়েন না এবং তাঁহার স্বরূপ অনুমানের দ্বারা জানা যায় না এবং তাঁহার স্বরূপ চিস্তার যোগ্য নহে আব তেঁহ শব্দের দারা নির্দেশ্য নহেন। অরূপবদেব হি তৎপ্রধান্তাৎ। বেদান্তের ৩ অধ্যায়। ২ পাদ। ১৪ হত। ত্রন্ধ কোন প্রকারেই রূপ বিশিষ্ট নহেন যে হেতু নিগুণ প্রতিপাদক শ্রুতির সর্ব্বতি প্রাধান্য হয়। অতএব এই সকল স্পষ্ট শব্দ হইতে প্রসিদ্ধ যে অর্থ নিষ্পন্ন হইতেছে তাহার জ্ঞানকে কুজ্ঞান কবিয়া কহিতে তাঁহারাই[®] পারেন যাহাদের বেদে প্রামাণা নাই অপবা যাঁহারা প্রতারণার উদ্দেশে কিম্বা পক্ষপাত করিয়া স্পষ্টার্থের বিপদ্ধীত অর্থ করিনা করেন। পুনর্লার তৃতীয় পৃষ্ঠায় লিখেন যে বেদ ও ব্রহ্মসূত্র 🗳বং বেদা-স্তাদি শাস্ত্র প্রাকৃত মন্ত্রেরর বোধগম্য হইতে পারে না। উত্তর। যদ্যপি বেদ হুজের বটেন তত্রাপি বেদের অনুশীলন করা ব্রাহ্মণের নিতা ধর্ম হইয়াছে অতএব তাহার অনুষ্ঠান সর্বাদা কর্ত্তবা। শ্রুতিঃ। ব্রাহ্মণেন নিঃকারণো ধর্মঃ ষড়ঙ্গো বেদোহধ্যেয়ো জ্ঞেয়শ্চ ইতি। ব্রাক্ষণের নিক্ষারণ धर्या এই रा राष्ट्रक ट्वान्त अक्षायन कतिरान धवः अर्थ कानिरान । ज्यान মহ। আত্মজানে সমে চ স্যাৎ বেদাভ্যাসে চ যত্নবান্। ব্ৰহ্মজানে এবং ইন্দ্রিয় নিগ্রহে ও বেদাভাাদে ব্রাহ্মণ যত্ন করিবেন। বেদ ছুজ্রের হইলে ও বেদার্থ জ্ঞান ব্যতিরেকে আমাদের ঐহিক পার্ত্তিক কোন মতে নিস্তাব নাই এই হেতু বেদের অর্থাবধারণ সময়ে সেই অর্থে সন্দেহ না জন্মে এই নিমিত্ত দিতীয় প্রসাপতি ভগবান্ স্বায়স্কৃব মন্থ ধর্মসংহিতাতে তাবং বেদা র্থের বিব্যুণ করিয়াছেন। শ্রুতিঃ। যৎ কিঞ্জিয়ভুরবদত্ত ৈ ভেষজং। বাহা কিছু মন্ত্ কহিয়াছেন তাহাই পথা। এবং বিষ্ণুক্তাংশসম্ভব ভগৰান্ বেদব্যাস বেদান্তস্থতের ছারা বেদার্থের সমন্বয় করিয়াছেন এবং ভগবান্ পূজ্যপাদ শঙ্করাচার্য্য ঐ বেলাস্তস্থতের এবং দশোপনিষদের ভাষ্যে তাবং অর্থ স্থির করিয়াছেন অতএব বেদ হজের হইক্ষাও এই সকল উপায়ের

দ্বারা স্থগম মইয়াছেন ইহাতে কোন আশক্ষা হইতে পারে না। ব্যাসস্থতি। বেদাদ্ যোহর্গঃ স্বয়ং জ্ঞাতস্তত্তাজ্ঞানং ভবেদ্ যদি। ঋষিভি র্নিশ্চিতে তত্ত का मक्का माम्मनीिषणाः। त्यम श्रेटिक त्य अपर्थत ब्लान श्र काशात्व यिन শক্ষা জন্মে তবে ঋষিরা যেরূপ তাহার অর্থ নির্ণয় করিয়াছেন তাহাতে বিজ্ঞ ব্যক্তিদের আর শঙ্কা হইতে পারে না। আর সেই পৃষ্ঠাতে আপনি লিখেন যে পরমার্থ বিষয়ে প্রাকৃত মন্তব্যের প্রত্যক্ষাদি প্রমাণ হইতে পারে না। ইহার উত্তর। অনুমানাদি সকল প্রমাণের মূল যে প্রত্যক্ষ তাহা প্রমাণ না হইলে তাবৎ প্রমাণ উচ্ছন্ন হইরা যায় অর্থাৎ যদি প্রত্যক্ষ প্রমাণ না হয় তবে বেদ পুরাণাদি শাস্ত্র যাহা প্রত্যক্ষ দেখি এবং প্রত্যক্ষ শুনি তাহার অপ্রামাণ্য হইয়া সকল ধর্ম লোপ হইতে পারে আর প্রাকৃত ময়-ষ্যের প্রত্যক্ষের প্রামাণ্য না থাকিলে চক্ষুরাদি ইন্দ্রিরের স্বৃষ্টি বিফল হয় কিন্তু ্দে শাস্ত্রকে এবং প্রত্যক্ষ প্রমাণকে অপ্রমাণ করিয়া লোককে ज्ञानांहेत्न नवीन मठावलश्रीत्मत्र উপकात्र আছে यেट्डू व्यत्मत्र श्रीमाणः থাকিলে তাঁহাদের স্বয়ং রচিত সংস্কৃত গ্রন্থ ও ভাষা পয়ার সকল ষাহা বেদবিকৃদ্ধ তাহা লোকে মান্য হইতে পারে না এবং প্রত্যক্ষকে প্রমাণ স্বীকার করিলে জনাকে নিতা করিয়া ও অচেতনকে সচেতন করিয়া এবং এক দেশ স্থায়ীকে বিশ্বব্যাপক করিয়া বিশ্বাস জন্মাইতে পারা যায় না। স্বতরাং নবীনমতাবলম্বীরা বেদে এবং প্রত্যক্ষে অপ্রামাণ্য জন্মাইবার চেষ্টা আপন মতের স্থাপনের নিমিত্ত অবশ্যই করিবেন কিন্তু বেদ যাহার বিচারণীয় না হয় ও প্রত্যক্ষ যাহার গ্রাহ্য নহে তাহার বাক্য বিজ্ঞ লোকের গ্রাহ্য কি প্রকারে হইতে পারে। বেদাঃ প্রমাণং স্মৃতয়ঃ প্রমাণং ধর্মার্থযুক্তং বচনং প্রমাণং। যদ্য প্রমাণং ন ভবেৎ প্রমাণং কস্তদ্য কুর্য্যাৎ বচনং প্রমাণং।। ইহার তাৎপর্য্য এই যে বেদাদিতে যাহার প্রামাণ্য নাই তাহার বাক্য কেহো প্রমাণ করে না আর যে মতের স্থাপন্ধের নিমিত্তে বেদকে অবিচারণীয় কহিতে হয় আর প্রত্যক্ষ প্রমাণকে অপ্রমাণ জানা-ইতে হয় সে মত সত্য কি মিথাা ইহা বিজ্ঞ লোকের অনায়াসে বোধগম্য হইতে পারে। আর চতুর্থ পৃষ্ঠার লিথেন বেদার্থ নির্ণায়ক যে মুনিগণ তাহাদের বাক্যে পরম্থর বিরোধ আছে একারণ বেদার্থ নির্ণায়ক যে

পুরাণ ইতিহাস তাহাই সম্রতি বিচারণীয় এবং পুরাণ ইঙ্গিহামকে বেদ বলিতে হইবে। উত্তর। বেদার্থ নির্ণয়কর্তা মুনিগণের ব্লুক্যে প্রম্পর বিরোধ আছে এ নিমিত্ত যদি বেদ বিচারণীয় না হয়েন তবে প্রম্পর-বিরুদ্ধ যে ব্যাসাদি ঋষিবাক্য তাহা কি রূপে বিচারণীয় হইতে পারে অতএব এই যুক্তির অনুসারে পুরাণ এবং ইতিহাস প্রভৃতি যাঁহা ঋষিবাক্য তাহাও বিচারণীয় না হইয়া সকল ধর্মের লোপাপতি হয়। দিতীয়ত: अञ्चल जिज्जामा अहे त्य इटक्ज व निभिष्ठ त्वन यनि वावशाया ना शरान जत्व আপনারা গায়ত্রী সন্ধ্যা দশ সংস্কার প্রভৃতি বেদ মন্ত্রে করেন কি পুরাণ বচনে করিয়া থাকেন। পুরাণাদিতে বেদার্থকে এবং নানা প্রকার নীতিকে ইতিহাস ছলে স্ত্রীশূদ্রদিজবন্ধুদিগোর নিমিত্তে বাক্ত করিয়া কহিয়াছেন স্থতবাং ঐ সকল শাস্ত্র মান্য কিন্তু পুরাণ ইতিহাস সাক্ষাত বেদ নহেন বেহেতু দাক্ষাত বেদ হইলে শ্লাদির শোতব্য হইতেন না এবং ক্লাপন-. কার যে মতে বেদ অবিচারণীয় হয়েন সে মতে পুরাণাদি পার্কাত বেদ হইলে তাহাও অবিচারণীয়[°] হইতে পারে। তবে যে বেদের তুল্য করিয়া পুরাণে পুরাণকে কহিয়াছেন এবং মহাভারতে মহাভারতকে বেদ হঠতে গুরুতর লিখেন আর আগমে আগমকে শ্রুতি পুরাণ এ সকল হইতে শ্রেষ্ঠ করিয়া কহেন সে পুরাণাদির প্রশংসা মাত্র যেমন ব্রতানাং ব্রতমূত্রমং অর্থাৎ প্রায় প্রত্যেক ব্রতের প্রশংসায় কহিয়াছেন এ ব্রত অন্য সকল ব্রত হইতে উত্তম হয়েন আর যেনন পদ্মপুরাণে শ্রীরাম চন্দ্রের অষ্ট্রোত্তর শত নামের ফলে লিখিরাছেন। রাজানো দাসতাং যান্তি বছুয়ো যান্তি শীততাং। এই স্তবের পাঠ করিলে রাজা সকল দাসত্ব প্রাপ্ত হন আর অগ্নি সকল শীতল হন। যদি এবাক্য প্রশংসাপর না হইয়া যথার্থ ইইত তবে এ স্তব পাঠ করিয়া অগ্নিতে হস্ত প্রদান ক্রিলে কদাপি হস্ত দগ্ধ হইতো না আরী · দাদশাসে পৃতিকা ভক্ষণ করিলে ব্রহ্মহতাার পাপ হয় এমত স্থৃতিতে কহি-ষাছেন সে নিন্দা ছারা শাসনপর না হইয়া যদি যথার্থ ব্রহ্মহত্যা হয় তবে পৃতিকা ভক্ষণের প্রারশ্চিত্ত না করিয়া ব্রহ্মহত্যার প্রায়শ্চিত্ত কেন না করে। এই রূপে ঐ সভ্য বাক্য কোন স্থানে প্রশংসাপর কোন স্থানে বা শাসনপর হয়। পুরাণ ইতিহাসের যে তাৎপর্যা তাহা ঐ পুরাণ ইতিহাসের

কর্তা তাহাঝেই কহিয়াছেন। স্ত্রীশুদ্রজিবন্ধূনাং এয়ী ন শ্রুতিগোচরা। ভারতবাপদেশেন হ্যামায়ার্থাঃ প্রদর্শিতাঃ ৷ স্ত্রী শুদ্র এবং পতিত ব্রাহ্মণ এ সকলের কর্ণগোচর বেদ হইতে পারেন না এনিমিত্ত ভারতের উপদেশে তাবৎ বেদের অর্থ স্পষ্টরূপে কহিয়াছেন। সর্ব্ধবেদার্থ সংযুক্তং পুরাণং ভারতং শুভং। স্ত্রীশূদ্দিজবন্ধূনাং কুপার্থং মুনিনা কৃতং॥ সকল বেদার্থ সম্বলিত যে পুরাণ এবং মহাভারত হয়েন তাহাকে স্ত্রীশূদ্র পতিত ব্রাহ্মণের প্রতি ক্বপা করিয়া বেদ ব্যাস কহিয়াছেন। অতএব বেদ এবং বেদশিরো-ভাগ উপনিষদের আলোচনাতে যাঁহাদেব অধিকার আছে তাঁহারা সেই অমুষ্ঠানের দ্বারাতেই ক্লতার্থ হইবেন। শ্রুতিঃ। তমেতং বেদামু-ৰচনেন ব্রাহ্মণা বিবিদিষ্টি ইত্যাদি। সেই প্রমাম্মাকে বেদ্বাক্যের দারা ব্রাহ্মণ দকল জানিতে ইচ্ছা করেন। মহঃ। বেদশাস্ত্রার্থতত্তকো যত্রতকাশ্রমে বসন্। ইহৈব লোকে তির্গুন স বন্ধভূয়ায় কলতে।। যে ব্যক্তি বেদ শুক্তের অর্থ যথার্থকপে জানে এবং তাহার অনুষ্ঠান করে সে ব্যক্তি যে কোনো আশ্রমে পাকিয়া ইহলোকেই ব্রহ্মত্ব প্রাপ্ত হইবার বোগ্য হয়। যা বেদবাহ্যাঃ স্মৃতয়ে যাশ্চ কাশ্চ কুদুষ্টয়ঃ। সর্বাস্তা নিক্ষলাঃ প্রেত্য তমোনিষ্ঠা হি তাঃ স্মৃতাঃ। বেদের বিরুদ্ধ যেং স্মৃতি ও বেদবিকৃত্ধ তর্ক তাহা সকলকে নিক্ষল করিয়া জানিবে যেহেতু মন্থ প্রভৃতি ঋষিরা তাহাকে নরক সাধন করিয়া কহেন। ৫। আপনি ষষ্ঠ পৃষ্ঠায় লিখেন যে বেদব্যাস বিষ্ণুর অবতার এবং তিনি যাহা জানিরাছেন ও যাহা কহিয়াছেন তাহাই প্রমাণ আর ইহার পোষক পুরাণের বচন লিখি-রাছেন। ইহার উত্তর। এ বথার্থ বটে এই নিমিত্তই ভগবান্ বেদব্যাস বেদের সমন্বরার্থ যে শারীরক হত্ত করিয়াছেন তাহা বিশ্বের নিঃসন্দেহে মান্য হইয়াছে এবং স্ত্রীশূড়াদির নিমিত্ত যে পুরাণ ইতিহাস করিয়াছেন তাহাও মান্য এবং অধিকারীবিশেষের উপকারক হয় একগাং,আমরা ঈশোপনিষদের ভূমিকাতে লিখিয়াছি এবং বেদব্যাস ভিন্ন মন্ত্র প্রভৃতি ঋষিরা যাহা কহিরাছেন ভাহাও সর্ব্দ প্রকারে মান্য। পুনরায় সপ্তম পৃষ্ঠায় লিখেন যে পুরাণের মধ্যে যে২ স্থানে বিষ্ণুর মাহাত্ম্য আছে দে দাত্ত্বিক আর ব্রহ্মাদির মাহাত্ম্য বাহাতে আছে তাহা রাজ্স আর শিবাদির মাহাত্ম

যে পুরাণে আছে সে তামরু এবং গরুড় পুরাণ বলিয়া প্রমা∱ দিয়াছেন। ইহার উত্তর। তমোলেশরহিত যে মহাদেব তাহার মাহ⁄ক্সা যে শাস্তে থাকে সে শাস্ত্র তামস হয় ইহা মন্ত্র প্রভৃতি কোনো শাস্ত্রে নাই বিশেষত মহাভারতে লিথেন। যনেহান্তি ন কুত্রচিৎ। যাহা মহাভারতে নাই তাহা ক্ত্রাপি নাই দে মহাভারতেও শিব মাহাত্ম্য যুক্ত গ্রন্থকে আমদ করিয়া কহেন নাই বরঞ্চ মহাভারত শিব মাহাত্মাতে পরিপূর্ণ হয় তবে আপনি গরুড় পুরাণ বলিয়া যে সকল বচন লিখিয়াছেন এরূপ বচন কোনো প্রসিদ্ধ সংগ্রহকারের ধৃত নহে। দিতীয়ত মহাভারতীয় দান ধর্মে শিবের প্রতি বিষ্ণুর বাক্য। নমোস্ত তে শাখতসর্কবোনয়ে ত্রন্ধাধিপং তামুষয়ো বদন্তি। তপশ্চ সম্বঞ্চ রজস্তমশ্চ ত্বামেব সত্যঞ্চ বদন্তি সন্তঃ॥ সর্ব্বদা একরূপ সকলের উৎপত্তিকারণ আর যাঁহাকে সাধু ঋষিরা ব্রহ্মার অবিপতি করিয়া কহেন আর তপদা ও সত্তরজন্তন এই তিন গুণের দাকী বে তুমি टांमारक थानाम क्रिटिंक । मनानिवाशा या मृर्विखरगाद्रकविवर्किंका। সদাশিবাখ্যা মূর্ত্তির তমোলেশ নাই। ইত্যাদি বচনের দারা মহাদেব সর্বা-প্রকারে তমোরহিত হয়েন ইহা প্রতিপন্ন হইতেছে তবে কিরুপে তাঁহার মাহান্স তামদ হইতে পারে অতএব দমূলক এই দকল বচনের দারা পূর্ব্ব-বচনের অমূলত্ব বোগ হয় আর মহাদেবের অংশবিতার নানা প্রকার রুদ্র ও ভৈরব হইতে কথনং তামস কার্য্য হইয়াছে সে তমো দোষ মহাদেবে কদাপি স্পর্শ হয় না যেমন বিষ্ণুর বুদ্ধাবতারে বেদনিন্দা জন্য দোষ বৃদ্ধতেই আশ্রয় করিয়াছে কিন্তু সে দোষ বিষ্ণুতে স্পর্শ হয় নাই। यদিও গরুড় পুরাণে ঐ দকল বচন যাহাতে শিবের মাহাত্ম্যকে তামস করিয়া লিখেন তাহা পাওয়া যায় তবে সেই পুরাণের প্রকরণ দেখা উচিত হয় যে হেতু মহাভারত বিক্রন্ধ এবং শিবু নিন্দা বোধক যে বচন সে দক্ষয়ঞ্জ প্রকরণীর বাক্য হইবেক অতৃএব শিব বিষয়ে দক্ষাদির নিন্দা বাক্য ও বিষ্^{*}বিষয়ে শিশুপালাদির বাক্য প্রমাণ রূপে গ্রাহ্য হইতে পারে না অধিকন্ত এ স্থলে জিজ্ঞাসা করি যে রাজস তামসাদি রূপ পুরাণেওঁ যে সকল শিবাদির মাহাঝ, এবং চরিত্র লিখিয়াছেন তাহা সত্য কি মিথা। যদি মিণ্যা কহ তবে বেদব্যাদের সত্যবাদিছে, ব্যাঘাত হয় আর আপনি

বে কহিরাছ হৈ বেদব্যাস যাহা কহিয়াছেন সে প্রমাণ তাহারও বিরোধ इब बाब यि में ठा कर जरत भ्वान माखि वि ममान कर्लर मानाजा रहे-বেক। আপনি অষ্টম পৃষ্ঠায় লিখেন যে বেদান্ত হুত্র অতি কঠিন ভগবান্ বেদব্যাস পুরাণ এবং ইতিহাস করিয়াও চিত্তের পরিতোষ না পাইয়া বেদান্ত হত্তের ভাষ্য স্বরূপ এবং মহাভারতের অর্থ স্বরূপ পুরাণচক্রবর্ত্তী ঞ্জভাগবত মহাপুরাণ করিয়াছেন এবং এই বিষয়ে গরুড় পুরাণের প্রমাণ লিখিয়াছেন। তদ্যথা। অর্থোয়ং ব্রহ্মস্ত্রাণাং ভারতার্থবিনির্ণয়ঃ। গায়ত্রী-ভাষ্যরপোহসৌ বেদার্থপরিবৃংহিতঃ। পুরাণানাং সাররূপঃ সাক্ষান্তগবতো-चाम मञ्जू बार्या । वाष्ट्रा २ वाष्ट्रा १ वाष শ্রীমন্তাগবতাভিধঃ। উত্তর। শ্রীভাগবত পুরাণ নহেন এমৎ বিবাদ করিতে আমরা উদ্যুক্ত নহি কিন্তু বেদাস্ত হত্তের ভাষ্য স্বরূপ পুরাণ প্রীভার্গত নহেন ইহাতে কি অন্যের কি আমাদের সকলেরি নিশ্চয় আছে তবে তাবদেশের অশত নবীন বার্তা এতদেশীয় বৈষ্ণব সং-প্রদায় সংপ্রতি উত্থাপিত করিয়াছেন এবং ইহা স্থাপনের নিমিত্ত গরুড় পুরাণীয় কহিয়া ঐ রূপ বচনের রচনা করিয়াছেন কিন্তু শ্রীভাগবত বেদান্তের ভাষ্য স্বরূপ পুনাণ নহেন এ বিষয়ে কিঞ্চিৎ লিখা যাইতেছে প্রথমত ঐ দকল বচন যাহা আপনি লিখিয়াছেন প্রাচীন কোনো গ্রন্থ-কারের খত নহে। দ্বিতীয়ত শ্রীধর স্বামী যিনি ভাগবতকে লোকে পুরাণ করিয়া বিশ্বাদ করাইয়াছেন তিনিও এরূপ গ্রুড় পুলাণের স্পষ্ট বচন থাকিতে ইহা হইতে অম্পষ্ট বচন সকল ভাগবতের প্রমাণের নিমিত্ত আপন টীকার প্রথমে লিখিতেন না। তৃতীয়ত আপনকার লিখিত গরুড় ুপুরাণের বচনের দ্বারা ইহা নিম্পন্ন হইয়াছে যে সাক্ষাৎ বেদার্থ যে মহা-ভারত ও বেদার্থ নির্ণায়ক যে বেদাস্তম্মত্র তাহার অর্থকে শ্রীভাগবতে বিব-রণ করিয়াছেন আর পুরাণের মাহাত্ম্য কথনে আপনি পূর্বে শিথেন যে পুরাণ সকল সাক্ষাৎ বেদ এবং সাক্ষাৎ বেদার্থকে কহেন ইহাতে আপনকার 'পূর্ব্বাপর বাক্য বিরোধ' হয় যেহেতু ইহাতে স্পষ্ট বুঝাইতেছে যে সম্পূর্ণ ় শ্রীভাগবত বেদ এবং বেদের বিবরণ ও পুরাণচক্রবর্ত্তি না হইয়া বেদার্থ বে মহাভারত ও ব্রহ্মস্ত্র তাহার বিবরণ হইলেন। চতুর্থ এ দেশে পুরাণ

সকলের প্রায় পরম্পরা প্রচারনাই এবং স্থলভ সংফুতে অনায়/সে পুরাণের ন্যায় বচনের রচনা হটতে পারে এই অবদর পাইলা এতদেশীয় বৈক্ষবেরা শ্রেমন আভাগ্রতকে ভাষা করিবা প্রনাণ করিবার নিমিত্ত গাল্ডপুরান্বলি ষ। বচন রচনা করিয়াছেন আর ছই তিন শত বৎপরের মধ্যে জন্ম যাঁহালেব এবং অনা দেশে অপ্রসিদ্ধ এমৎ নবীন> ব্যক্তিকে অবতার করিয়া স্থাপন করিবার নিমিত্ত ভবিষা ও প্রাপুর্বাণ বলিয়া যেমন কল্পিত বচম বিথেন সেই রূপ কোনো> শাক্ত জ্রীভাগবতকে অপ্রমাণ করিমা কালীপুরাণকে ভাগৰ ভন্নপে প্রপেন কবিবার নিনিত্ত স্বন্দ পুরাণীর বচনের প্রকাশ করেন। ভদৰণা। ভগৰতা।ঃ কাৰিকাল মাহালাং যত্ৰবাতে। নানাদৈত্য-ব্রোপেতং তদ্বৈ ভাগবত বিজঃ। কলো কেচিদ্রায়ানে। গুরা বৈষ্ণব-মানিনঃ। অন্যত্তাগৰতং নান কালিবাতি সালবাং।। যে গ্রন্থতে নানা অজন বধের মহিত ভগ্নতী কালিকার মাহাত্মা কহিলাছেন ভূহিকৈ ্ভাগৰত করিলা জানিবে। কলিবুগে বৈফবাভিমানী ধুর্চ জুনায়া লোক স্কুল ভগ্রতীর মাহাত্মায়ক গ্রন্থকে ভাগ্রত না বলিয়া অনা ভাগ্রতের ক্যানা করিবেক। অভ এব পূর্বাং গ্রাপ্ত বারের অপত বচন সকলকে শুনিবা बाख गिम श्रुतान कतिशा बांगा कता नाय छटन शृट्यंत निथिछ देवकाद्व রচিত বচন এবং এই রূপ শাক্তের ক্ষিত বচন এ ছুইয়ের প্রপার বিরোধ দারা শাসের অপ্রামাণ্য এবং অর্থের অনির্ণয় ও ধর্মেন লোপ এককালে হুইরা উঠে অভ এব যে সকল পুরাণের ও ইতিহাসের সর্ক্রমত টীকা না পাকে তাহার বচন প্রাচান গ্রন্থকারের ধৃত না হইকে প্রমাণ হইতে পারে না। পঞ্ম। জ্রীভাগবত বেদান্ত স্থাত্রের ভাষা নহেন ইহা যুক্তির দারা-তেও অতি স্থব্যক্ত হইতেছে যেহেত্। অথাত ব্ৰন্ধজ্ঞানা। অবধি । অনার্ত্তিঃ শক্ষাৎ । এ পর্যান্ত **নাড়ে** পাঁচশত **বেদান্ত সূত্র** সংসারে বিপ্যাত**ি** • আছে তারার মধ্যে কোন্ হত্তের বিবরণ স্বরূপ এই সকল শ্লোক ভাগবতে লিখিয়াছেন তাহা বিবেচনা করিলেই বেদান্তসত্তের ভাষ্য ৰূপ গ্রন্থ জীলোগ-বত বটেন কি না তাহা অনায়াদে বোধ হইবেঁক। তদ্যণা। দশম ক্ষকে অষ্ট্রনাধ্যায়ে। বৎদান মুধ ্কচিদসনয়ে ক্রোশসংজাতহাসঃ স্তেমং স্বাদস্তাথ দ্ধিপ্র: ক্লিকৈ: ভের্যোগৈ:। মর্কান্ ভোক্ষ্যন্ বিভ্লুতি স চেরাভি

ভাঙং ভিনত্তি দ্বালাভে স গৃহকুপিতো যাত্যুপক্রোশ্য তোকান্॥ ২২ এবই ধাষ্ট্ৰ্যান্ম্যশতি কুক্সতে মেহনাদীনি বাস্তৌ স্তেয়োপাঝৈ-বিরচিত্যভিঃ স্থপ্রতীকোহয়মাস্তে॥ ২৪ শ্লোক॥ ২২ অধ্যায়ে ভগবা-হ্বাচ। ভবত্যো যদি মে দাস্যো মল্লোক্তঞ্চ করিষ্যথ। অতাগত্য স্ববাসাংসি প্রতীচ্ছত্ শুচিস্মিতাঃ॥ ১২ শ্লোক॥ ৩০ অধ্যায়ে। কস্যান্চিন্নাট্য-বিক্ষিওকুগুলন্বিষমণ্ডিতং। গণ্ডং গণ্ডে সংদধত্যা আদাৎ তালুলচর্কিতং॥ ১৪ শ্লোক। কথনং শ্রীকৃষ্ণ দোহনের অসময়ে গোবৎস সকলকে ছাডিয়া দিতেন ইহাতে গোপেরা ক্রোধ করিয়া ছুর্কাক্য কহিলে হাসিতেন আর চৌর্যারত্তির দ্বারা প্রাপ্ত যে স্থসাত্ত দধি হগ্ধ তাহা ভক্ষণ করিতেন আর আপন থাদ্য ঐ দধি ছগ্ধ বানরদিগ্যে বিভাগ করিয়া দিতেন আর না থাইতে পারিলে সেই দকল ভাও ভাঙ্গিতেন আর থাদা 'দ্রব্য না পাইলে ক্রোধ জুরিয়া গেঃপবালককে রোদন করাইয়া প্রস্থান করিতেন। ২২। এই রূপে পরিক্তে গৃহের মধ্যে বিষ্ঠা মূত্রাদি ত্যাগ করিতেন চৌর্য্য কর্ম করিয়াও সাধুর ন্যায় প্রসম রূপে থাকিতেন। ২৪। এক্সঞ্চ গোপীদিগোর বম্ন হরণ পূর্ব্যক বুক্ষারোহণ করিয়া গোপীদের প্রতি কহিতেছিলেন যদি তোমরা আমার দাসী হও এবং আমি যাহা বলি তাহা কর তবে তোমরা হাস্য বদনে আমার নিকট ওই রূপ বিবস্থে আদিয়া বন্ধ গ্রহণ কর। ১২। নুত্যের দারা গুলিভেছে যে কুণ্ডলদ্বর তাহার শোভাতে ভূষিত হইয়াছে যে আপন গণ্ড সেই গণ্ডকে শ্রীক্তকের গণ্ডদেশে অর্পণ করিতেছেন এমন ষে কোনো গোপী তাহার মুথ হইতে শ্রীকৃষ্ণ চর্কিত তামূল গ্রহণ করিতেন। ১৪। বেদাত্তেব কোন্ প্রতির এবং কোন্ স্ত্তের অর্থ এই সকল সর্ক লোক বিশ্রম আচরণ হয় ইহা বিজ্ঞলোক পক্ষপাত ত্যাগ করিয়া কেন না বিত্রেচনা করেন। অধিকন্ত কৃষ্ণনাম আর তাঁহার অন্যং প্রদিদ্ধ নাম ও তাহার রূপ ও গুণ বর্ণনেতে শ্রীভাগবত পরিপূর্ণ হইয়াছেন কিছ বেদাস্ত সূত্রে প্রথম অবধি শেষ পর্যান্ত কৃষ্ণ নাম কি ক্লফের কোনো প্রসিদ্ধ নামের লেশো নাই স্কুতরাং তাঁহার রূপ গুণ বর্ণনের সহিত বিষয় কি অত-এব যাহার সামান্য বোধ আছে এবং পক্ষপাতে নিতান্ত মগ্ন না হইয়া থাকে সে অবশাই জানিরেক যে যে গ্রন্থ যাঁহার উদ্দেশে হয় তাহাতে সেই

দেবতার অথবা সেই বাক্তির প্রাসিদ্ধ নাম ও গুণের বর্ণন বাছল্য রূপে অবশ্য পাকে কিন্তু দর্শপ্রকারে তাহার নাম গুণ বর্ণন হইটে শুন্য হর না অতএব এই দকল বিবেচনার স্বারা নিশ্চয় হইতেছে যে বেদাও করের সহিত শ্রীভাগ**বতের সম্পর্ক মাত্র নাই। যদি বল বৈষ্ণব** সংপ্রদান কেতঃ কেবন বৃংপত্তি বলের দারা অক্ষর সকলকে খণ্ড২ করিয়া বেদাত্ত, শাংকে স্পষ্টার্থের অন্যথা করিয়া এক্লঞ্চ পক্ষে এবং তাঁহার রাস ক্রীড়াদি দ্বীলা-পক্ষে বিবরণ করিয়াছেন। উত্তর। সেই রূপে শৈব সকন ঐ বেদান্ত স্ত্রকে বৃংপত্তি বলের দ্বাবা শিবপক্ষে ও তাহাব কোচবণৰ সহিত লালা পক্ষে অক্ষর ভাঙ্গিরা বাখ্যান করিয়াছেন এবং এই রূপে বিষ্ণুপ্রধান প্রভাগবহুকে কালীপক্ষে ব্যাখ্যা কোন শাক্ত বিশেষে কহিয়াছেন অতএব এনপ ব্যুৎপত্তি বীশের দ্বাবা প্রকরণকে এবং প্রাসিদার্থকে ভাগে করিয়া এরপ ব্যাখ্যার প্রামাণ্য করিলে কোন্ শাবের কি তাৎপণ্য তাহা স্থির না .হইবা শাস্ত্র স্কৃত্র ক্লাপি প্রমাণ হইতে পারেন না। যহ। এবেদান্তভির অতা অতা দশনকার আপনং দশনের ভাষা কেছ করেন নাই কিন্তু তত্ত্ব্য আচার্য্য সকলে করিয়াছেন অতএব এ রীতি দারাও বুকা যায় যে আপন ক্বত বেদান্ত হত্রেৰ অর্থ বেদব্যাস করেন নাই কিন্তু তত্তুলা ভগবান্ পূজা-পাদ বেদান্তের ভাষ্য করিয়াছেন। সপ্তম। শান্ত্রের প্রমণ শান্তাত্তবও হয়েন অতএব গোতম কণাদ জৈমিনি প্রভৃতি অন্য অন্য দশ্নকার গাঁহারা বেদব্যাদের সনকানীন এবং ভ্রমপ্রমাদরহিত ছিলেন তাহারা এবং তাঁহাদের ভাষাকারেরা যথন আপন আপন গ্রন্থে বেদান্ত মতকে উল্লাপন করিয়াছেন তথন অদৈতবাদ বলিয়া বেদান্তের মতকে কহিয়াছেন কিন্তু আপনকার মতে শ্রীভাগতের প্রতিপাদ্য সাকার গোপীজনবয়ভ যেপরিনিত রূপ তেঁহ বেদান্তের প্রতিপাদ্য হয়েন এমত কেহ কহেন নাই। স্বট্টম। • বেদার্থ বিবরণক হাঁ যত মূনি তাঁহাদের মধ্যে ভগবান্মন্ন সকলের প্রধান তাহার বাঁক্যের বিপরীত যে দকল বাক্য তাহা অপ্রমাণ হয় মেহেতু বৃহ-স্পতি কছেন। মুর্থবিপরীতা যা সাম্মতি ন প্রশাসতে। মুদ্র অর্থের বিপরীত যে ঋষিবাক্য তারা মান্য নহে অতএব সেই ভগবান যন্ত্র বেদের অধ্যাত্মকাণ্ডের অর্থের বিবরণে বেদান্তদম্মত অদ্বিতীয় দর্শব্যাপি পরম্য-

স্মাকেই প্রতিপন্ন করেন কিন্তু ভাগবতীয় হস্তপাদাদিবিশিষ্ট পরিমিত বিগ্রহকে প্রতিপর করেন নাই। মন্তুঃ। সর্বভূতেরু চাত্মানং সর্বভূতানি চাম্মনি। সনং পশারাম্মবাজী স্বা রাজ্যমধিগচ্ছতি। যে ব্যক্তি স্থাবর জন্দমাদি দৰ্ক্ত ভূতে আত্মাকে দেখে এবং আত্মাতে দকল ভূতকে দেখে এমৎ কপ জ্ঞান পূর্ব্বক ত্রহ্মার্পণ ন্যায়ে যাগাদি কর্মা করে দে ব্যক্তি ত্রহ্মত্ব প্রাপ্ত হয়। গেক্ষোমপি চৈতেষা মাত্মজানং পরং স্থৃতং। তদ্ধাগ্রাং দক্বিদ্যানাং প্রাপ্যতে হুমৃতং ততঃ। সকন ধর্মের মধ্যে আয়ুজ্ঞানকে পরম ধন্ম করিয়া জানিবে যেহেতু তাবৎ ধর্ম হইতে আত্মজ্ঞান শ্রেষ্ঠ হয়েন এবং তাহার দারাই মুক্তি প্রাপ্তি হয়। এবং উপসংহারে ভগবান্ মন্ত্র লিথেন। এবং যঃ দর্শভূতের পশাতা স্থানম। মনা। স দর্শসমতামেতা প্রগাভোতি পরং পদং। যে ব্যক্তি পূর্ব্বোক্ত প্রকারে সর্বভূতে আত্মাকে সমতা ভাবে জ্ঞান করে পে ব্যক্তি ব্রশ্বর প্রাপ্ত হয়। বরঞ্ধে বেমন অন্ত অন্ত দেবতাকে এক এক অঙ্কের বৈধিষ্ঠাতী দেবতা করিয়া ভগবান্মন্ত্ কহিলাছেন দেই রূপ বিষ্ণুকেও এক অঙ্গের অধিষ্ঠাত্রী দেবতামাত্র করিয়া ক্রেন। তদ্যণা: মনসীন্দুং দিশঃ শ্রোত্রে ক্রান্তে বিষ্ণুং বলে হরং। বাচাগ্নিং মিত্রমুৎসর্গে প্রজনে চ প্রজাপতিং॥ মনের অধিষ্ঠাতী দেবতা চক্র এই রূপ কর্ণের অবিষ্ঠাত্রী দিক্ হয়েন পাদের অধিষ্ঠাতা বিফুও বলের অবিধাতা হর এবং বাক্যের অধিষ্ঠাতা অধি আর গুন্থেন্দ্রির অনিষ্ঠান্তা মিত্র ও সন্তান উৎপত্তি স্থানের অধিষ্ঠাতা প্রজাপতি হরেন ইহানের এই অঙ্গের সহিত অভেদরপে ভাবনা করিবেক। নবম। অন্যং পুরাণ ইতিহাস ক্রিয়া ব্যাসদেবের পরিতোষ না হইলে পর শ্রীভাগ্রত ক্রিলেন এই ष्यापनकात (य निथन हेशत धानाएग ष्यापन) दकारना श्विवाका नाहे দ্বিতীয়ত প**ণ্টাৎ গ্রন্থ করিলে পূর্ব্বের** গ্রন্থ করাতে চিত্তের পরিতোষ হয় নাই একপ যুক্তির দারা যদি প্রমাণ করিতে চাহ তবে জ্রীভাগবত পঞ্ম আর তাহার পর নারদীয় ও লিঙ্গ পুরাণ প্রভৃতি ত্ররোদশ পুরাণ বেদ-ব্যাস রচনা করেন তবে এ যুক্তির দারা ইহা প্রতিপন্ন হর যে শ্রীভাগবত করিয়া চিত্তের পরিতোষ না হওগাতে শিক্ষাদি অয়োদণ পুরাণ রচিলেন। "শ্রীভাগবতের দাদশ স্কয়। ব্রাক্ষং দশসহস্রাণি পাল্লং পঞ্চোনষ্টি চ।

শ্রীবৈষ্ণবং ত্রোবিংশং চতুর্বিংশতি শৈবকং। দশাষ্টো শ্রীভাগবতং নারদং পঞ্চবিংশতি ॥ বিষ্ণুপুরাণে। ব্রাহ্মং পাদ্মং বৈষ্ণবঞ্চ শৈবং ভাগবতং তথা। ইত্যাদি বচনে শ্রীভাগবতকে দর্মদা পঞ্চম ক্রিয়া কহেন। দশম। যদি বন শ্রীভাগবতের শেষে অন্য পুরাণ হইতে শ্রীভাগবতকে প্রধান করিয়া ২হি য়াছেন। উত্তর। কেবল ভাগবতের শেষে ভাগবতকে সর্কোত্ম ্করিয়া কহিয়াছেন এমত নহে বরঞ্ প্রত্যেক পুরাণের শেষে ঐ রূপে সেইই পুরা-ণকে অন্য হইতে প্রধান করিয়া কহিয়াছেন। জীভাগবত। নিয়গানাং যথা গঙ্গা দেবানামচ্যুততা যথা। বৈঞ্বানাং যথা শহুঃ প্রাণানামিদং তথা॥ অর্থাৎ শ্রীভাগবত সকল প্রাণের শেষ্ঠ হয়েন। একাবৈবর্ত্ত। প্রাণাধিকা यशा রাধা ক্ষেদা প্রেরদীবুচ। ঈশ্বীযু দণা লগ্নীঃ পভিতেষু সরস্বতী। তথা সর্কপুরাণের ব্রহ্মবৈর্ভমেব চ। অর্থাৎ ব্রহ্মবৈর্ভ সকল পুরাণের শ্রেষ্ঠ হয়েন। এই রূপ প্রশংসার দারা অন্য পুর্বের অপ্রাধ্যের রুৎপ্র .হটলে পুরাণ সকল পরম্পর অনৈক্য হটনা কোনো পুরাণে.. প্রনাণ্য গাকে না অতএব ইহার তাৎপর্য্য প্রশংসামাত্র বিত্ত জন্য প্রাণের গওন তাৎপর্য্য নহে। অধিকন্ত এস্থলে এক জিজ্ঞাস্য এই যে যদি বেদ বেদাত শাস্ত কঠিন রচনা এবং ছজে রম্ব প্রযুক্ত আপনকার মতে অবিচালনীয় করেন তবে জিলে। গবত যাহাকে বেদ বেদাও হইতেও কঠিন এবং গ্রুপ্তের দেখ। ম্টেছেছে তেঁহ কিরূপে বিচারণীয় হইতে পারেন। আপনি পঞ্চ পত্রে লিখেন এই বে ''অঞ্চ রুক্ত মহাবাহো মোহনার্থং স্কর্মিয়াং। ইত্যাদি অনেক ব্চন পরে আজপ্ত ভগবানু শিব শিবার প্রতি কহিয়াছেন। বেদবাহ্যানি শাস্তাণি मभाश्वकः भग्नश्नित्य। देउमि ब्यानक वहन भरत । बन्नाः । अन्तः রূপং লিপ্তকং বক্ষাতে ময়া। সর্কাস্য জগতোহপাস্য মোহনায় কলো যুগে॥ এ সকল বচন দারা এই প্রতিপন্ন হুইতেছে যে পূর্বাং মূগে অস্তর নোহ-'নের নিমিট ভগবান শিব নানা প্রকার পাঙ্পতাদি শাস্ত্র করিয়াছেন এবং কলিয়গে আপনি শ্রীমদাচার্য্য রূপে অবতীর্ণ হইনা ভাষ্যাদি শাস্ত্রদারা ব্রন্ধের পরংরূপ অর্থাৎ আকার লিপ্তক অর্থাৎ অলীক ইহা প্রতিপন্ন করিয়া জগতের আমুর স্বভাব লে: ৰ সকলকে মোহযুক্ত করিলেন অতএব আচার্য্য স্ব্স্তি হইলেও তাঁহার ক্ত ভাষ্য দারা একা স্ব্রের যাণার্গা আচ্চাদিত হয়

কি না।" ইহার উত্তর। এ সকল বচন যদ্যপিও সমূল হয় তত্রাপি ইহার দ্বারা ভগবান্ শঙ্করাচার্য্যের ক্কত ভাষা অলীক হয় এমৎ কদাপি প্রতিপন্ন হইতেছে না কিন্তু এই মাত্র প্রমাণ হয় যে যদি বেদবাহা কোনো শাস্ত্র ভগবান মহেশ্বর করিয়া থাকেন এবং ব্রহ্ম স্বরূপকে যদি কোনো স্থানে বেদোক্তের বিপরীত করিয়া কহিয়া থাকেন তবে সে অস্থ্রদিগ্যের মোহনার্থ বটে আর যদি ঐ বচনকে প্রমাণ করিয়া এমৎ বল যে মহেশ্বর ক্বত তাবৎ শাস্ত্র অপ্রমাণ হয় তবে তান্ত্রিক দীক্ষা যাহা শাক্ত শৈব বৈঞ্চৰ প্রভৃতি সকলে এদেশে আশ্র করিরা উপাসনা করিতেছেন তাহা মিগ্যা হইয়া সমাক্ প্রকারে ওই উপাসনাকে নিরর্থক স্বীকার করিতে হয় অথচ শাস্ত্রে কহিয়াছেন যে কলিতে তত্ত্বোক্ত মতে দেবতার উপাসনা করিবেক। আগমোক্তবিধানেন কলৌ দেবানু যজেৎ স্থীঃ। বেহে'ঠু এক জিজাসা রহিত ব্যক্তিদের এ রূপ তম্বোক্ত উপাসনার দারা কলিতে চিত্ত দ্বি হুইলে পরে বন্ধারীধ্যাসার সন্তাবনা হয়। আর অমূলক কিম্বা সন্লক ঐ বচনের: অবলম্বন করিরা শিবোক্ত তাবং শাস্ত্রকে মিগা আর মহেশ্বকে প্রভারক क्रिब्रा यिन रेविकरवरी करट्न छर्व छत्र विष्ठत किर्वत क्रिया छ। ब्रिट्करा পুরাণ সকলকে মিপ্যা এবং বিফুকে প্রতারক করিয়া কহিলে কি করা যায় ইহাতে কেবল পুনাণ এবং তন্ত্রের পরস্পর বিরোধে কোনো শাস্ত্রের প্রামাণ্য থাকে না এবং নিব বিষ্ণুর প্রভারকত্ব উপস্থিত হুট্রা চাতুর্বর্ণের ধর্ম লোপ হয়। যথোক্তং কুলাবলী তত্ত্বে। বেদা বিনিন্দিতা যত্মাৎ বিঞ্না বৃদ্ধরূপিণা। হরেনাম ন গল্লীয়াং ন স্পৃদেও লুসীদলং। ন স্পৃদেৎ ठूंनमीপजः भानधानक नार्हराइ ॥ अ मकन तहन यहि । मजन इश ठरत ইহার তাৎপর্যা এই যে এ সকল অধিদৈবত শাস্ত্র ইহাতে বখন যে দেব-তাতে ব্রহ্মের আরোপ করিয়া কহেন তখন দে দেবতার প্রাধান্য আর অন্য দেবতার অপ্রাধান্য কহিলা থাকেন ইহার ধারা কেবল শুতিপান্য দেবতার এবং গ্রন্থের প্রশংসামাত্র তাৎপর্য্য হয়। যথা বিষ্ণুমাহাত্মো। গীতা। মতঃ পরতরং নান্য কিঞ্চিদন্তি ধনঞ্জর। অর্থাৎ বিফু সর্কশ্রেষ্ঠ হয়েন। দেবীমাহায়ে। একৈবাহং জগত্যতা দ্বিতীয়া কা মমাপরা। অর্থাৎ দেবী দর্বশ্রেষ্ঠ হদেন। শিব মাহাত্মো। মহেশ্বর গীতা। প্রতি-

পাদ্যোহিমি নান্যোত্তি প্রভূজগতি মাং বিনা। অথাৎ মহাদেব সক্ষণেও হরেন। ইন্দ্রমাহাত্মের বৃহ্দারণাক। তং মামায়ুৰমূত্মিত্যুপাত্ম মানুষ্ বিজানীহি ইতি। অর্থাৎ ইএ স্ক্রেষ্ট হয়েন। প্রাণ বায় মালেক্রে প্রশ্নোপনিষ্
। এবেতিগিওপত্যের স্থ্য এর প্রান্যো মনবানেষ ব্যারেষ श्रिवीतिषट्रिक्षत्रमामकाम् उथवर । वर्शार लागवास मन्दर्शं इंद्राम । ११ इ মাহাত্মো আদিপর্ক। জনওকঃ স্প্রিদং গুবাঞ্বং ইতি। অর্থ্রাক্ত সন্ধর্মেষ্ঠ হয়েন। এই কপে রক্ষের আলোপ করিরা অন্যাপেকা একং দেবতার প্রাধান্য রূপে বর্ণন করিলে অন্য দেবতা কদাপি হেব হয়েন না। যদাপিও ভগবান আচার্যোর রুত ভাষ্যকে মোহের নিমিত্ত ক্রিয়া কুতা দকলেরি ছক্লতের কারণ হয় তথাপি বিশেষ করিয়া চৈতনা দেব সভ্-দায়ের বৈষ্ণবৃদিশ্যোর অভ্যস্ত অপনাধ জনক হইবেক সেহেত পুভাপাদ ভগবান ভাষাকারের শিষাজিশিষা প্রণালীতে কেশব ভারতী ছিলেন সেই কেশব ভারতীর শিষা হৈতন্যদেব হয়েন আর শ্রীধ্বস্থানীও পুত্রপাদ সম্পন্ দায়ের শিষা শেণীতে ছিলেন ভাহার ক্বত গ'ত। প্রভৃতির নিকা বৈষ্ণব म अमारत कि बना मः अमारत मलाशा नाना अवः टेंड बनारमव ९ अ विकासक মান্য করিয়াছেন আর সেই জীধরস্থানী স্বয়ং গাভার টীকাতে লিপেন যে । ভাষাকারমতং সমাকু তদাখোতবিণিতথা ইতাদি। ভাষাকারের মত ও ভাষ্যের টাকাকাবদিগোর মৃতকে আলোচনা করিয়া যথামতি জাতা ব্যাপ্যা করি। এবং ইন্ডাগবতের টাক্তেও লিখেন বে। স্শাদারাভ্যাে⊲েণ প্রবাপ্রাানুদারত ইত্যাদি। অতএব ভগবান আচায্যের মত মোহেব কারণ হয় এমং কহিলে চৈতন্যদেব ও শীপরস্বাদী প্রস্তৃতি সেই সম্প্রদায়ের मः क्यामी मिराग भूक्ष किता। श्रीकात कित्र व इंटरिक आत आहार्या गडां श्र-সারে যে সকল শ্রীধরস্বামীর টীকা তাুহারি বা কি প্রকারে মাজতা হইতে ื পারে অতএব আচার্য্যের নিন্দা করাতে এতদ্দেশীয় বৈষ্ণবদিগ্যের ধর্মের ক্রমে মুঁলোঁচেছ্দ হটরা যায়। আর আনাদের প্রতি আচার্য্য নতাবলুমী করিয়া যে কটাক্ষ করিয়াছেন সে আনাদের শ্লাঘা স্ক্রাং ইহার উত্তর कि निथित। आश्रीन इ.स. शृष्ठीय निथिन स्य उन्न नाकात क्रक रहिं হয়েন কিন্তু সে সাকার মায়িক নহে কেবল আনন্দের হয় আর সেই আকার

কেবল ভক্ত জনের চক্ষুগোচর হয়। ইহার উত্তর পূর্বেই লেখা গিয়াছে। যে বন্ধ আকার ভিন্ন হয়েন তাহার প্রমাণ তাবৎ বেদাস্ত এবং দর্শন সকল আছেন ইহার প্রতিপাদক কথক শ্রুতি ও বেদাস্তস্ত্র ও শ্বৃতি প্রভৃতি পূর্মে লেখা গিনাছে অতএব তাহাকে এস্থলে পুনরার নিথিবার প্রয়োজন নাই এবং বেদ সন্মত যুক্তি দারাতেও প্রতিপন্ন হইতেছে যে বস্তু সাকার সে নিতা দর্শব্যাপি একা স্বরূপ কদাপি হুইতে পারে না যেহেতু প্রতাক আমরা দেখিতেছি যে আকার বিশিষ্ট কোনো এক বস্তু যদ্যপিও অতি বুহৎ হয় তথাপি আকাশের এবং দিক্ ও কালের অবশ্য ব্যাপ্য হইয়া থাকে বিধের ব্যাপক হইরা থাকিতে পারে না স্কুতরাং সেই বস্তু অবগ্রই পরি-মিত ও নশ্বর হইবেক এবং ইহাও প্রত্যক্ষ দেখিতেছি যে কোন বস্তু চফ্ গোচর হর সে কদাপি স্থানী নহে অতএব প্রত্যক্ষ সিদ্ধায়ে অস্থায়ী এবং পরিঘিত তাহাকে বাপক এবং নিত্যস্থায়ী পরমেশ্বর করিয়া কি রূপে কহা যায় আর মহো বেদের বিকন্ধ ও সাক্ষাৎ প্রত্যক্ষের বিক্রদ্ধ তাহাকে বেদে যে বাক্তির শ্রনা আছে এবং চকু কর্ণাদি ইন্দ্রিয় যাহার আছে সে কি রূপে মান্ত করিতে পারে আর পৃথিব্যাদি পঞ্চূত ভিন্ন কেবল আনন্দের আকার এবং সেই আকার কেবন ভক্তদেরচক্ষুগোচর হয় আপনকার একথা অত্যস্ত অসম্ভাবিত যেহেতু পৃথিবী জল তেজ ইত্যাদি প্রাক্তবস্ত বাতিরেক কোনো আকার চক্ষ গোচর হইরাতে কিয়া হইবার সন্তাবনা আছে এরপ বিংশস তাবং হইতে পারে না যাবং চক্ষুরাদি ইন্দ্রিয় সকল পক্ষপাতের দ্বারা অবশ না হর বদি বল পুথিবলদিভিন্ন আনন্দের একটি অপ্রাক্তত আকার আছে কিন্তু তাহা কেবল ভক্তদের দৃষ্টিগোচর হয়। ইহার উত্তর। শ্রুতি শ্বতি এবং অত্তব ও প্রত্যক্ষ ইহার বিরুদ্ধ আপনকার একথা দেই রূপ হয় যেমন বন্যাপুত্র ও শশাকর শৃঙ্গ ইহারো একটিং অপ্রাক্ত রূপ আছে কিন্তু তাহা কেবল দির পুরুষের দৃষ্টিগোচর হয় আর আকাশ পুলেরো অপ্রাক্কত এক-প্রকার গন্ধ আছে কিন্তু তাহা কেবল যোগীদের ছাণগোচর হয়। আনন্দের হস্ত পাদাদি স্মবয়ব এবং ক্রোধের ও দরার অবরব এ সকল ক্লপক করিয়া বর্ণন হইতে পারে কিন্তু যথার্থ করিয়া জানা ও জানান নেত্রবিশিষ্ট ব্যক্তিদের নিকট কেবণ হাস্ত পদহয় কিন্তু পক্ষপাত ও অভ্যাস

এ তুইকে ধন্য করিয়া মানি যে অনেককে অনায়াসে বিধাস করাইয়াছে যে আনন্দের রচিত হস্ত পাদাদি বিশিষ্ট মূর্ত্তি আছেন তাঁহার বেশ ভূষা বন্ধ অভরণ ইত্যাদি সকল আনন্দের হয় এবং ধাম ও পার্শ্বর্তি ও প্রেয়সী এবং বৃক্ষাদি সকল আনন্দের রচিত বস্তুত আনন্দের দ্বিতীয়, ব্রহ্মাণ্ড হয় অথচ আনন্দের কিয়া ক্রোধাদির ব্রহ্মাণ্ড দেখা দূরে থাকুক অদ্যাপি কেহো আনন্দাদি রচিত কণিকাও দেখিতে পাইলেন না। নবম পৃষ্টার লিথেন যে সাকার হইলে প্রত্যক্ষসিদ্ধ অস্তায়ি এবং পরিমিত হয় এবং আনন্দনিনিত্ত অবয়বের অসম্ভব এ ছই তর্কের দারা প্রতিপন্ন হইতেছে কিন্তু ঈশ্বরবিষয়ে তর্ক করা কর্ত্তব্য নহে। উত্তর। যেখানে২ তর্কের নিষেধ আছে দে বেদ্বিক্ষা তর্ক জানিবে কিন্তু বেদ্সমত তর্কের দ্বাবা বেদার্থের সর্ব্বণা নির্ণয় করা কর্ত্তবা অতএব শতি সকল পূর্কে যাহার কিঞ্চিৎ লিখিয়াছি পর্মেশ্বকে অরপ অন্বিতীয় অচিন্তা অগ্রাহ্য অতীন্ত্রিয়া স্ক্রিয়াপি ক্রিয়া কহিয়াছেন আর ব্রহ্ম ভিন্ন যাবং বস্তুকে অল্প নধন নিরানন্দ করিয়া কহেন এই অর্থকে মহর্ষি বেদব্যাস প্রভৃতি এবং আচার্য্য প্রভৃতি সকলেই যুক্তি দারা দৃঢ় করিয়াছেন তদমুসারে আমরাও সেই অর্থকে ওই বেদসন্মত তর্কের দারা দৃঢ় করিতেছি। বেদার্থকে বেদসমত তর্কের দারা দৃঢ় করি-বেক ইহার প্রমাণ শ্রুতি। শ্রোতব্যো মন্তব্য ইত্যাদি। বেদ বাক্যের দারা পরমাস্থাকে শ্রবণ করিয়া যুক্তিদ্বারা নিশ্চিত করিবেক। মন্ত্র। আর্বং थर्षाभरमभक दनमभाजाविद्याधिन। यद्यदर्भानूमकाख म धर्षः दम নেতরঃ। যে ব্যক্তি বেদ ও স্থত্যাদি শাস্ত্রকে বেদসম্মত তর্কের দ্বারা অমু-मक्षीन करत (महे बाक्कि धर्माक क्षार्त हेजरत क्षार्त ना। तृहम्भाजि। কেবলং শান্তমাশ্রিতা ন কর্তবেগ বিনির্ণয়ঃ। যুক্তিহীনবিচারেণ ধর্মহানিঃ প্রজায়তে। কেবল শাস্ত্রকে আশ্রম্ক করিয়া অর্থের নিশ্চয় করিবেক না ষেহেতু তর্ক বিনা শাস্তার্থকে নির্ণয় করিলে ধর্মের হানি হয়। আপনি ষষ্ঠ পত্রে লিধিয়াছেন যে গোপালতাপনী ও খ্রীভাগবত প্রভৃতি পুরাণেতে সাকার বিগ্রহ ক্লঞ্চকে ব্রহ্ম করিয়া কহিরাছেন অতএব সাকার যে ক্লঞ কেবল তেহোঁ সাক্ষাৎ ব্রহ্ম হয়েন। ইহার উত্তর। আপনকার এ কথা তবে গ্রাহা হইতে পারিত যদি সাকার সকলের মধ্য কেবল ক্ষুকেই ব্রহ্ম

করিয়া কহিতেন কিন্তু আপনারা যেমন গোপালতাপনী শ্রুতি ও ভাগ-বৃতকে প্রমাণ করিয়া কৃষ্ণকে ত্রন্ধ কহেন সেই রূপ শাক্তেরা দেবীস্থক ও জন্য উপনিষংকে প্রমাণ করিয়া কালিকাকে ব্রহ্ম করিয়া কহিয়া থাকেন এবং কৈবল্যোপনিষৎ ও শতরুদ্রী ও শিব পুরাণ প্রভৃতি শ্রুতিতে মহেশ্বরকে ব্রহ্ম করিয়া কহেন এই রূপে ছান্দোগ্য ও বৃহদারণাক প্রভৃতি শ্রুতি সমূহ ব্রহ্মা সূর্য্য অগ্নি প্রাণ গায়ত্রী অন্ন মন আকাশ ইত্যাদিকে ব্রহ্ম করিয়া কছেন এবং পুরাণের মধ্যে যেমন শ্রীভাগবতে শ্রীকৃষ্ণকে বিস্তার ক্লপে বর্ণন করেন সেই রূপ শিব পুরাণ প্রভৃতিতে মহাদেবকে এবং কালী পুরাণ প্রভৃতিতে কালিকাকে ও শাষ পুরাণ প্রভৃতিতে স্র্য্যকে বিশেষ क्रत्थ बक्र कतियां करियाद्यन धवः भराजात्रत्व बक्षा विष्टु भिव जिनत्करे ব্রহ্ম করিয়া কহেন অতএব তাপনী ও ভাগবতাদি গ্রন্থে প্রীকৃষ্ণকে প্রতি-পন্ন করিয়াছেন এই প্রমাণের বলে যদি দ্বিভূজ মুরলীধর ক্লফ বিগ্রহকে কেবল সাক্ষাৎ ব্ৰহ্ম করিয়া মানা যায় তবে ব্ৰহ্মা সদাশিব সূৰ্য্য অগ্নি প্ৰভৃতি যাঁহাদিগ্যে বেদে এবং পুরাণাদিতে ব্রহ্ম করিয়া কহিয়াছেন তাঁহাদের প্রত্যেককে সাক্ষাৎ ব্রহ্ম করিয়া কেন না স্বীকার কর। যদি কহ পুরাণা-দিতে অনেক স্থানে ক্লফকে ব্রহ্ম করিয়া কহিয়াছেন আর অন্যকে বাছল্য ক্লপে কহেন নাই এ প্রযুক্ত কৃষ্ণই সাক্ষাৎ ব্রহ্ম হয়েন। ইহার উত্তর। যাহাদের নিকট বেদ ও পুরাণ সকল প্রমাণ হয় তাহারা এমত কহে না আর একবার হুইবার যাহা কহেন তাহা মান্য নহে যেহেতু যাহার বাক্য প্রমাণ হয় তাহার একবার কণিত বাক্যকেও প্রমাণ করিয়া মানিতে হয়। দিতীয়ত অন্য অপেক্ষা করিয়া বেদে পুরাণে শ্রীকৃষ্ণকে বাহল্য রূপে কহি-माह्म अभक नरह र्वारङ्क म्हानाशनिषद रामारखन माध्य कृष्य विवास ছান্দোগ্য উপনিবদে এই মাত্র কহেন। শ্রুতি। তদ্ধৈতদ্বোর আঙ্গিরসঃ ক্ষায় দেবকীপুত্রারাক্ত্যোবাচাপিপাস এব স বভূব সোহস্তবেলায়া মেত-ব্রবং প্রতিপদ্যেতাক্ষিতমসি অচ্যুতমসি প্রাণসংশিতমসীতি। অঙ্গিরসের বংশজাত বোর নামে যে কোনো এক ঋষি তেঁহ দেবকী পুত্র কৃষ্ণকে भूक्य युक्त विनात उभारत्म कतिया किशास्त्र य य वाकि भूक्य युक्त युक्त वि

जात्मन एउँ र मत्र १ मर्गा अरे जिन मर्द्धत छ १ कतित्वन शर्द्ध कुछ के श्री इटेरज विमा धाश रहेशा जना विमा रहेरज निन्धृह रहेरमन। धरे শ্রুতির অমুসারে ভাগবতে লিখিয়াছেন। ১০ স্কন্ধে। ৬৯ অধ্যায়ে। নারদ কৃষ্ণকে এই রূপ দেখিতেছেন। কাপি সন্ধ্যামুপাসীনং জপন্তং ব্রহ্মবাগ্যতং। তথা। ধ্যায়ন্তমেকমাত্মানং পুরুষং প্রকৃতে: পরং॥ ১৯॥ কোথায় স্ক্রা করিতেছেন কোনো স্থানে মৌন হইয়া বন্ধ মন্ত্র জপ করিতেছেন কোধার বা প্রকৃতির পর যে ব্যাপক এক প্রমাত্মা তাঁহার ধ্যান করিতেছেন এমৎ क्रुप क्रुक्क का नावन (नथिएनन) ववक पूर्या वायू पश्चि अञ्चित वाहना রূপে বেদে ব্রদ্ধ করিয়া কথন আছে এবং কৃষ্ণপ্রতিপাদক গোপালতাপনী গ্রন্থ হইতেও কৈবল্যোপনিষদ ও শতরুদ্রী প্রভৃতি শিব প্রতিপাদক শ্রুতি সকল বাছল্য রূপৈ প্রসিদ্ধ আছেন এবং মহাভারতেও ক্লঞ্চ মাহাত্ম্য বর্ণন অপেক্ষা করিয়া শিব মাহাত্ম্য বর্ণন অধিক দেখা যাইতেছে পুরাণ ও উপ-পুরাণাদিতেও বিবেচনা করিয়া দেখিলে কৃষ্ণ মাহাত্ম্য অপেকা করিয়া ভগবান শিবের এবং ভগবতীর বর্ণন অন্ন হইবেক না। যদি কহ যাঁহাকেং বেদে ও পুরাণাদিতে ত্রহ্ম করিয়া কহিয়াছেন তাঁহারা সকলেই সাক্ষাৎ ব্রহ্ম হয়েন স্কুতরাং তাঁহাদের হস্ত পাদাদিও ওই রূপ আনন্দনির্দ্মিত হয়। ইছার উত্তর। অবয়ব বিশিষ্ট সকলেই প্রত্যেকে ব্রহ্ম হইলে । একমেবা-দ্বিতীরং ব্রহ্ম। নেহ নানান্তি কিঞ্চন। ইত্যাদি সমুদার শ্রুতির বিরোধ হর দিতীয়ত ঐ বেদদশ্বত যুক্তির দারাতেও এই প্রতিপন্ন হইতেছে যে স্কলের শ্রেষ্ঠ এবং কারণ এক বিনা অনেক হইতে পারে না তৃতীয়ত বেদে ষাঁহাকেং ব্রহ্ম করিয়া কহিয়াছেন তাঁহাদের সকলের আনন্দময় হস্ত পাণাদি স্বীকার করিলে দর্ব্ব প্রকারে প্রত্যক্ষের বিপরীত হয় বেহেতু স্ব্য্য বায়ু অগ্নি অন্ন ইত্যাদি বাঁহাদের প্রত্যক্ষ উপলব্ধি হইতেছে তাঁহাদেরো আন-ন্দের নিশ্মিত শরীর স্বীকার ক্রিতে হইবেক এবং স্র্য্যের ও অগ্নির আনন্দ-मन्न छेउँटिशत बाता कछ ना इटेग्रा नर्समा स्थान्न ट्रिट शातिक। . यकि বল যে সকল দেবতাদের ত্রহ্ম রূপে বর্ণন আঁছে তাঁহারা অনেক হইরাও বস্তুত এক হরেন। উত্তর। পরমাত্মৃদৃষ্টিতে আত্রন্ধস্তম্বপর্য্যস্ত কি দেবঙা কি অন্ত স্কলেই এক বটেন কিন্ত নাম রূপ ময় প্রপঞ্চুষ্টিতে বিভূক চতু-

ভূঁত্র একবক্ত পঞ্চকত ক্লফ বর্ণ খেত বর্ণ ইত্যাদি ভিন্নং শরীরের এক্য স্বীকার করিলে বট পট পাষাণ বৃক্ষ ইত্যাদিরো ঐক্য স্বীকার করিয়া প্রত্যক্ষকে এবং শান্ত্রকে একবারেই জলাঞ্জলি দিতে হয়। যদি বল এই রূপে যত নাম রূপ বিশিষ্টকে শাস্ত্রে ব্রহ্ম করিয়া কৃষ্টিয়াছেন সে স্কল শাস্ত্র কি. অপ্রমাণ। উত্তর। সে দকল শাস্ত্র অবশুই প্রমাণ বেহেতু তাহার মীমাংসা সেই সকল শাল্তে ও বেদাস্ত হতে করিয়াছেন। ত্রহ্মদৃষ্টি-রুৎকর্ষাৎ। ৪ অধ্যায়। ১ পাদ। ৬ হতা। নাম রূপেতে ব্রহ্মের আরোপ করিতে পারে কিন্তু ব্রহ্মেতে নাম রূপের আরোপ করিতে পারে না বেহেতু ব্রহ্ম সকলের উৎকৃষ্ট হয়েন আর উৎকৃষ্টের আরোপ অপকৃষ্টে হইতে পারে কিন্তু অপকৃষ্টের আরোপ উৎকৃষ্টে হইতে পারে না যেমন রাজার অমাত্যে রাজ বৃদ্ধি করা যায় কিন্তু রাজাতে অনাত্য বৃদ্ধি করা যায় না অতএব নাম রূপ সকল যে সদ্ধুপ প্রমাত্মাকে আশ্রয় করিয়া প্রকাশ পাইতেছে তাহাতে ত্রন্ধের আরোপ করিয়া ত্রন্ধরূপে বর্ণন করা অশাস্ত্র নছে। এই রূপে নাম রূপ বিশিষ্ট সকলকে ব্রন্ধের আরোপ করিয়া ব্রহ্মরূপে বর্ণন করিবাতে কি জানি ঐ সকলকে নিত্য সাক্ষাৎ পরব্রহ্ম করিয়া यिन लारकत जम रत्र अनिमिख के नकन भारत छारामिरण श्नतात्र जना এবং নশ্বর করিয়া পুনং কহিয়াছেন যেন কোনো মতে এমৎ ভ্রম না হয় যে উহাদের কেহ স্বতন্ত্র পরবন্ধ হয়েন। এস্থলে তাহার এক উদাহরণ লিখা যাইতেছে এই রূপে অন্যত্ত জানিবেন যেমন শ্রীকৃষ্ণকে অনেক শাস্ত্রে ব্রহ্মরূপে বর্ণন করিয়া পুনরায় দান ধর্ম্মে লিখেন। রুদ্রভক্ত্যা তু কুফেণ জগদ্বাপ্তং মহাত্মনা। অর্থাৎ শিব ভক্তির 'দারা ক্লফের সকল ঐশ্বর্যা হই-য়াছে। সৌষুপ্তিকে। প্রাগ্রাসন হ্বীকেশাঃ শতশোহথ সহস্রশঃ। মহাদেব হইতে শতং সহস্রং স্বাক্ষেশ উৎপন্ন হইয়াছেন। দানধৰ্মো। ব্রহ্মাবিষ্ণুস্থরেশানাং শ্রষ্টা নঃ প্রভুরেব চ। বৃদ্ধা বিষ্ণু আর সকল দেবতার স্ষ্টিকুর্ত্তা প্রভূ মহাদেব হয়েন। নির্বাণ। গোলোকাধিপতিদে বি স্তৃতি-ভক্তিপরায়ণঃ। কালীপনপ্রসাদেন সোহভবল্লোকপালকঃ॥ কালিকার স্থতিভক্তিতে রত যে গোলোকাধিপতি কৃষ্ণ তেঁহ কালীপদ প্রসাদেতে লোকের পালন কর্তা হয়েন। ৭ পত্রে লিখিয়াছেন যে চিন্নয়সাাদ্বিতীয়সা

নিষ্কলস্যাশরীরিশ:। উপাসকানাং কায্যার্থং ব্রহ্মণো রূপকল্পনা॥ এ বচনের তাৎপর্য্য এই যে স্ক্ল রূপের অর্থাৎ চিন্ময় চতুর্ভূজাদি আকারের ধ্যানের নিমিত্ত প্রতিমা করা যায় এবং পাতালমেত্স্য হি পাদমূলং ইত্যাদি ভাগবতের শ্লোক যাহাতে বিশ্বসংসারকে প্রমেশ্বরের কল্লিত রূপ কহিয়া-ছেন সেই সকল শ্লোককে ইহার প্রমাণ দেন। উত্তর। আশ্চর্য্য এই যে ষ্মাপনকার বক্তব্য হইয়াছে এই যে পাষাণাদি নির্মিত প্রতিমা তাহা ঈশ্ব-রের কল্পিত রূপ হয় ইহাই এ বচনের তাৎপর্য্য কিন্তু প্রমাণ দেন যে সমু-দায় বিশ্ব পরমেশ্বরের কল্পিত রূপ হয় অতএব আপনার বক্তব্য এক প্রকার আর প্রমাণ অন্য প্রকার হয়। কিন্তু ভাগবতের শ্লোকের যে তাৎপর্য্য তাহা যথার্থ বটে আত্রন্ধন্তম্বপর্যান্ত যে বিশ্ব তাহা প্রপঞ্চময় কালনিক হয় কেবল সদ্ধাপ পারমাস্থার আশ্রয়ে সভ্যের ন্যায় অবস্থিতি করিতেছে ঐ প্রপঞ্চমর বিশ্বের মধ্যে পাষাণাদি এবং পাষাণাদি নির্মিত মূর্ত্তি 👈 যেং .শরীরের ঐ সকল মূর্ত্তি হয় সে সকলেই ঐ কাল্পনিক বিখের অন্তর্গত হয়েন কিন্তু ঐ সকল মূর্ত্তি ও প্রতিমূর্ত্তি প্রভৃতি কালে জন্মিতেছেন এবং কালে নষ্ট হইতেছেন। ইহার প্রমাণ ঈশোপনিষদের ভূমিকাতে বাহুল্য রূপে পাইবেন আর এস্থলে এক জিজ্ঞাস্য এই যে চিন্মরস্য ইত্যাদি শ্লোকের প্রসিদ্ধ শব্দ হইতে এই অর্থ স্পষ্টরূপে নিষ্পন্ন হইতেছে যে জ্ঞানস্বরূপ দ্বিতীয় রহিত বিভাগশূন্য এবং শরীররহিত যে পরব্রহ্ম তাঁহার রূপের কল্পনা উপাসকের হিতের নিমিত্ত করিয়াছেন কিন্তু ইহার কোন্ শব্দ হইতে চতু-র্জাদি আকার আপনি প্রতিপন্ন করেন। বিশেষত শ্লোকের অর্থ এই যে রূপ রহিতের রূপ কল্পনা সাধকের হিতের নিমিত্ত করিয়াছেন আপনি ব্যাখা। করেন যে চতুর্ভুজাদি রূপের ক্ষুত্রং রূপ কল্পনা করিরাছেন অতএব যে সকল ৰাক্তি প্ৰথম অবধি আপন্কাদের মতে প্ৰবিষ্ট হইয়া পক্ষপাতে * · মগ্ন না ছইয়া থাকে তাহারা এ্রূপ সর্ব্ধপ্রকার বিপরীত ব্যাখ্যাকে কর্ণেও স্থান দেঁয় না। বাস্তবিক যেং বচনে দিভুজ চতুর্ভুজ শতভুজ সহস্রভুজ ইত্যাদি রূপেতে ব্রহ্মারোপে ব্রহ্ম করিয়া কহিয়াছেন সেই সকল বচনের সহিত বেদান্ত হৃত্ত্রের একবাক্যতা করিয়া তাবৎ ঋষিরা ও গ্রন্থ কর্ত্তারা এই দিদ্ধান্ত করেন যে দেই দকল আকার কলনা সাত্র বাবং পর্যান্ত জন্ম

জিজ্ঞাসা না হয় তাবৎ ঈশব্যোদেশে ঐ কাল্পনিক রূপের আরাধনা করিলে চিত্তভদ্ধি হইদা ব্ৰশ্বজিজাসার সম্ভাবনা হয় কিন্তু ব্ৰহ্মজিজাসা হইলে পর कान्ननिक ज्ञाल्यत উপामनात প্রয়োজন থাকে না যেছেতু সেই ব্যক্তি সকল বিষের পূল্য হয়। ছান্দোগ্য শ্রুতি। সর্বেজ অলৈ দেবা বলিমাহরন্তি। ব্রদ্দনিষ্ঠকে সকল দেবতারা পূজা করেন। বৃহদারণাক। ততাহ ন দেবীক নাভূত্যা ঈশতে। ব্রহ্মনিষ্ঠের বিদ্ন করিতে দেবতারাও সমর্থ হরেন না। আর যদ্যপিও শ্রীভাগবত প্রভৃতি গ্রন্থে সাকারকে বন্ধ করিয়া ভূরি স্থানে কহিয়াছেন বস্তুত পর্য্যবসানে অধ্যাত্ম জ্ঞানকেই সর্ব্বত্র দৃঢ় করিয়াছেন যেমন ঐভাগবতে ভগবানু রুঞ্চকে ব্রহ্মরূপে জ্ঞান করিতে কহিয়া পরে উপদেশ করিলেন যে কি কৃষ্ণকে কি তাবৎ চরাচরকে ব্রহ্মরূপে জ্ঞান করিবে অতএব আব্রন্ধন্তম্ব পর্যান্তকে যে ব্যক্তি ব্রন্ধনীপে জ্ঞান করে সে রু কের ব্রহ্মত্বে কেন বিপ্রতিপত্তি করিবেক। দশমস্বন্ধের ৮৫ অধ্যায়ে वञ्चरात्रदात প্রতি কৃষ্ণের বাক্য। অহং যুর্মদাবার্য্য ইমে চ ছারকৌকস:। সর্ব্বেছপ্যেবং ষত্তপ্রেষ্ঠ বিষ্গ্যাঃ সচরাচরং॥ হে ষত্বংশশ্রেষ্ঠ বহুদেব আমি ও তোমরা এবং এই বলদেব আর দারকাবাদি যাবৎ লোক এ সকলকে ব্রহ্ম করিয়া জান কেবল এ সকলকে ব্রহ্ম করিয়া জান এমৎ নহে কিন্তু স্থাবরজঙ্গমের সহিত সমুদায় জগৎকে ব্রহ্ম করিয়া জান। ষ্মতএব বে ভাগবতে কৃষ্ণবিগ্রহকে ব্রহ্ম কহেন সেই ভাগবতে ঐ ভগবান্ कृष्ध विधि मिट्डिष्ट्न य रामन जामाटि उक्समृष्टि कतिरव रमहे क्रभ गावर চরাচর নাম রূপেতে बক্ষণৃষ্টি করিবে। এবং নানা প্রকার দারুমর শিলাময় প্রভৃতি প্রতিমা পূলার বিধান ভাগবতে করিয়াছেন কিছ পুনরায় ঐ ভাগবতে নিশ্ধান্ত করেন ভৃতীয় স্কল্পে উনত্রিশ অধ্যায়ে কপিল विका। अर्क्कानावक सिंद जीवनीयतः माः चकर्यक्र । यादन त्वन्य হৃদি সর্বভ্তেম্বস্থিতং। তাবং পর্যান্ত নানাপ্রকার প্রতিমার পূজা · विधिशृक्तक कतिरवक गांवर अन्तः कत्रत्। ना जात्न रा जािम शत्रामन मर्क-ভূতে অবস্থিতি করি। অহং দর্কেরু ভূতেরু ভূতাত্মাবস্থিতঃ দদা। তমবজ্ঞায় মাং মত্যঃ কুরুতে২চ বিভূমনং ॥ আমি দকল ভূতে আত্মান্তরূপ হইয়া অবস্থিতি করিভেছি এমৎরূপ আমাকে না জানিয়া মন্থ্য সকল প্রতিমাতে

পূজার বিড়বনা করে। যো মাং দর্কেবু ভূতেবু সম্ভমান্মানমীখরং। হিছার্চ্চাং ভদ্ধতে মোঁঢ়্যাৎ ভশ্মন্যেব জুহোতি সঃ। যে ব্যক্তি সর্বভূতব্যাপী আমি বে আত্মা স্বরূপ ঈশ্বর আমাকে ত্যাগ করিয়া মৃঢ়তা প্রযুক্ত প্রতিমার পূজা করে সে কেবল ভঙ্গেতে হোম করে। অতএব পরমেশ্বরকে বিভু করিয়া যাহার বিশ্বাস আছে তাহার প্রতি প্রতিমাদিতে পূজার নিষেধ ঐ ভাগবতে করিয়াছেন। যদি এমন আশঙ্কা কর যে শ্রীভাগবতে এবং মহাভারতে স্থানে২ এক্রিফ স্থাপনাকে সর্বাস্থ্যরূপ আত্মা করিয়া কহিয়াছেন অতএব তেঁহই কেবল সাক্ষাৎ ব্রহ্ম হয়েন। তাহার উত্তর। ভগবান ক্লফ যেমন আপনাকে বন্ধ করিয়া কহিয়াছেন সেইরূপ তৃতীয় স্বন্ধে ভগবান কপিলও আপনাকে সর্বব্যাপী পরিপূর্ণ স্বরূপ পরমাত্মারূপে কহিয়াছেন অথচ আপ-নারা এ উভয়ের অনেক তারতম্য করিয়া থাকেন আর কপিল ও ক্লঞ ঞেহারাই কেবল ব্রহ্মদৃষ্টিতে আপনাকে ব্রহ্ম করিয়া কহিয়াছেন একং নছে . কিন্তু ইক্র প্রতর্দনের প্রতি এইরূপ আপনাকে ব্রন্ধ করিয়া কহিয়াছেন। মামেব বিজানীহি ইত্যাদি। এইরপ অন্যথ দেবতা এবং ঋষিরা ব্রহ্ম দৃষ্টিতে আপনাকে ব্রহ্ম করিয়া কহেন অতএব ইহার মীমাংসা বেদাস্ত স্থত্তে कतिशाष्ट्रम । भाजन्छे। जुभरनर्मा वामरनवव । तृष्ट्रमात्रगरक हेल रय আপনাকে ব্রহ্ম করিয়া কহিয়াছেন সে শাস্ত্রাত্মনারেই কহিয়াছেন যেমন वामरनव अवि व्यापनारक बन्ना मृष्टिरा बन्ना कतिया किशा हिरानि स व्याप মন্ত্রহয়াছি আমি স্থা হইয়াছি। শ্রুতি। অহং মন্তরভবং স্থান্তেতি। অধিক কি কহিব আমরাও আপনাকে এক্স দৃষ্টিতে এক্স করিয়া কহিবার অধিকার রাথি ইহার প্রমাণ। অহং দেবো ন চান্যোহন্মি ত্রন্ধৈবান্মি ন শোকভাক্। সচ্চিদানন্দরপোশ্মি নিতাযুক্তস্বভাববান্॥ আপনি দশম পত্রে লিখেন বে তমেববিদিস্বাতিমৃত্যুমেতি এই শ্রুতিতে বিদিস্বা শব্দের পর^{*} এবকার নাই ইহাতে বোধ হ্ইতেছে যে জ্ঞানের দারা সাক্ষাৎ মুক্তি হয় এবং ভঁক্তির দারাও সাক্ষাৎ মুক্তি হয়। উত্তর। यদ্যপিও এ শ্রুতিতে বিদিছা শন্দের পর এবকার নাই তথাপি উপক্রম উপসংহার এবং অন্যং শ্রুতির সহিত একবাক্যতা করিয়া এবকারের যোগ বিদিম্বা শব্দের সহিত ष्पदगारे चीकात कतित्व हरेत्वन। कठवत्नी। वर्भाष्मणः त्यरस्रभगास्त्र

ধীরাত্তেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেষাং। যে সকল ব্যক্তি সেই বৃদ্ধির অধিষ্ঠাতা আত্মাকে জানেন তাঁহাদের স্বাস্থতী শান্তি অর্থাৎ নিত্যমুক্তি হয় তদিতরের মুক্তি হয় না। কেন শ্রুতি। ইহ চেদবেদীদথ সত্যমন্তি ন চে-षिशादगी महाजी विनष्टिः। **य मकल वाक्ति हेर ज्ञास शृद्धांक अ**कादा আত্মাকে জানেন তাঁহাদের সকল সত্য হয় অর্থাৎ মুক্তি হয় আর যাঁহারা भूट्सी क अकारत ना जारनन ठाँशामत महान् विनाम हत्र। छ गवमगी छा-তেও এক্লিফ ভক্তির প্রশংসা বাহুলারূপে করিয়াও সিদ্ধান্তকালে এই কহিয়াছেন যে জ্ঞান ব্যতিরেকে মুক্তি হয় না কিন্তু সেই জ্ঞানের কারণ ভক্তি ও কর্ম ইত্যাদি নানাপ্রকার হয়। গীতা। তেবাং সতত্যুক্তানাং ভজতাং প্রীতিপূর্ব্বকং। দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযাস্তি তে॥ তেষামেবাত্মকম্পার্থমহমজ্ঞানজং তমঃ। নাশয়াম্যাত্মতাবহৈয় জ্ঞানদীপেন ভাষত। এধনমানীর ব্যাধা। যে সকল ভক্ত এই রূপে আমাতে আসক্তচিত্ত হইয়া প্রীতি পূর্ব্বক ভজনা করে তাহাদিগ্যে সেই জ্ঞান রূপ উপায় আমি দি যাহারদারা আমাকে প্রাপ্ত হয়। আর সেই ভক্তদিগ্যের অফুগ্রহ নিমিত্ত বৃদ্ধিতে অবস্থিতি করিয়া প্রকাশময় জ্ঞানস্বন্ধপ দীপেরদ্বারা অবিদ্যারূপ অন্ধকারকে নষ্ট করি। মনু। সর্কেষামপি চৈতেষামাত্মজানং পরং স্বতং। তদ্ধ্যগ্রাং সর্কবিদ্যানাং প্রাপ্যতে হামৃতং ততঃ॥ এই সকল ধর্ম হইতে আত্মজান পরম ধর্ম হয়েন তাঁহাকেই সকল বিদারে শ্রেষ্ঠ লানিবে যেহেতু সেই জ্ঞান হইতে মুক্তি হয়। ১১ পত্তে লিখেন যে আমরা এক স্থানে লিপিয়াছি ধে এ সকল যত কহিয়াছেন সে ব্রহ্মের ক্লপ কল্পনা মাত্র আর অন্য অন্যত্র লিখি যে এ প্রকার রূপ কল্পনা কেবল অল্পকালের পরম্পরাদারা এদেশে প্রদিদ্ধ হইয়াছে অতএব আমাদের তুই বাক্যের পরস্পর অনৈক্য হয়। উত্তর। পূর্বের যে সকল অধিকারী হর্বেল ছিলেন তাঁহারা মন স্থিরের নিমিত্ত যে কাল্লনিক রূপের উপাসনা করিতেন সেই রূপকে পরব্রন্ধ প্রাপ্তির কেবল উপায় জানিতেন কিন্তু সেই পরিমিত কাল্পনিক রূপকে বিভূ প্রনিত্য এবং নিত্যধামবাসী যাহা বেদ এবং যুক্তি এ উভয়ের বিরুদ্ধ হয় এমৎ জানিতেন না পরস্তু সেই কান্ননিক রূপকে বিভূ নিত্য ও নিত্যধামবাদী করিয়া জানা ইহা অলকালের পরম্পরা দারা

এদেশে প্রসিদ্ধ হইরাছে আর যে স্থলে আমরা লিথিয়াছিলাম যে এরূপ কল্পনা অল্ল কাল হইয়াছে তাথার তাৎপর্য্য এই ছিল যে বৈষ্ণৱ শৈব শাক্ত কু নানা প্রকার নবীন্থ বিগ্রহ এদেশে অল্ল কাল অবধি প্রসিদ্ধ হইয়াছে ইহা ঈশোপনিষদের ভূমিকায় ১৪ পৃষ্ঠে দৃষ্টি করিয়া দেখিবেন। পুনরায় ১১ পত্তে জিজ্ঞাসা করেন যে এক বিষয়ের মানস জ্ঞান হইয়া পরে অন্য বিষয়ের মান্দ জ্ঞান হইলে পূর্ব্ব বিষয়ের মান্দ জ্ঞান ধ্বংদ হয় কিছা বিষয়ের ধ্বংস হয়। উত্তর। সর্কাথা অনুভব সিদ্ধ বিষরেতে এরপ জিজ্ঞাসাকরা এ অত্যন্ত আশ্চর্যা। আপনকার এ আশঙ্কা নিরন্তি করণের পথ অতি স্থুগম আছে যে আপনকার কোনে। স্বজনের কিমা অন্য কোনো জনের মানস জ্ঞান করিবেন পুনরায় অন্য বিষয়ের মান্স জ্ঞান করিলে পূর্কের মান্স জ্ঞান তৎক্ষণাৎ নাশকে পাইবেক কিন্তু সেই স্বজন কিন্তা অন্য জন নদ্বিষয়ের মানস জ্ঞান হটয়াছিল সে তৎক্ষণাৎ নম্ভ না হটয়া প্রে২ কালে নম্ভ হইবেক দেইরপ এহানেও জানিবেন যে যাঁহার মনোম্যা মূর্ত্তির কল্পনা করিয়া মনেতে রচনা করিবেন মনের অন্য বিষয়ের সহিত সংযোগ হইলে সেই মনোময়ী মৃর্ত্তির তৎক্ষণাৎ নাশ হইবেক এবং দেই মনোময়ী মৃর্ত্তি যাঁহার হয় তেহোঁ কালের এবং আকাশাদির ব্যাপ্য স্থতরাং তাঁহারো কালে লেপি হইবেক। তথাহি ছানোগ্যে শ্রুতি। যদরং তন্মর্ত্যং। যে পরিমিত সে অবশ্যই নষ্ট ইইবেক। যদি পুরাণেতে এমৎ রূপ বচন কোনো স্থানে পাওয়া যায় যে যাঁহার যাঁহার নেই সকল মনোময়ী মূর্ত্তি হয় তাঁহাদের শরীর অপ্রাক্তত তবে সে সকল বচনকে প্রশংসাপর করিয়া জানিবে যেহেতু পুরাণাদিতে বর্ণনের প্রণালী এইরূপ হয় যে যখন কাহাকে অপ্রাকৃত কহেন তখন তাহাকে সামান্য প্রাকৃত হইতে ভিন্ন করিয়া সংস্থাপন করা তাৎপর্য্য হয়। বেমন পঞ্চানামপি যো ভর্ত্তা নাসৌ প্রাকৃত মামুষ:। পাঁচ জনৈরও পোষণকর্তা যে হয় সে প্রাকৃত মহুষ্য নহে ইত্যাদি। অবন্যথা পৃথিবী অপ তেজ বায়ু আকাশ প্রাক্তত এই পঁঞ ভূত ভিন্ন শরীর হইবার সম্ভাবনা নাই। এখন এই উত্তরের সমাপ্তিতে নিবেদন করিতেছি যে মহাশর বিজ্ঞ এবং পণ্ডিত অতএব কোন্ ধর্ম পরমার্থ সাধন হয় আর কোন্ ব্যাপার কেবল মনোরঞ্জন লৌকিক জ্রীড়া স্বরূপ হয় ইহা পক্ষঃপাত পরিত্যাগ कतिया व्यवभा वित्वहन। कतित्वन॥ देखि ১२२६। २ स्र व्यावाह।

কবিতাকারের সহিত বিচার ৷ --

ওঁতংসং। ঈশোপনিষং প্রভৃতির ভূমিকার আমরা বাহা প্রতিপন্ন করিয়াছি ভাহার উল্লেখ মাত্র না করিয়া কবিতাকার উত্তর দিবার ছলে নানা প্রকার কছুক্তি ও বাঙ্গ আমাদের প্রতি করিয়া এক পুস্তক প্রকাশ করিয়াছেন ভাহার দ্বারা এই উপলব্ধি হয় যে অভিশয় দেয় প্রযুক্ত কেবল আমাদের প্রতি ছব্বাক্য কহিতে কবিতাকারের সম্পূর্ণ বাসনা ছিল কিন্তু শিপ্তলেক সকল হঠাৎ নিন্দা করিবেন এই আশস্কায় শুদ্ধ গালি না দিয়া গালি ও তাহার মধ্যে২ দেবতা বিষয়ের শ্লোক এই তুইকে একতা করিয়া ঐ পুস্তককে প্রত্যুত্তর শব্দে বিখ্যাত করিয়াছেন যদ্যপিও আমাদের কোনং আগ্রীয়ের আপাত্তু বাসনা ছিল যে ঐ সকল বাক্যের অমুরূপ উত্তর দেন কিন্তু অপ্রিয় কথা সত্য হইলেও তাহার কথনে লোকত ও ধর্মত বিরুদ্ধ জানিয়া মহাভারতীয় এই শ্লোকের শ্বরণ করিয়া ক্ষান্ত রহিলেন। অন্যান্ পরিবদন দাধু র্যথা হি পরিতপাতে। তথা পরিবদরন্যান হুছো ভবতি ছুজ্নঃ।। পরের নিন্দা করিয়া বেমন শিষ্ট ব্যক্তি হুঃথিত হয়েন দেইরূপ হুর্জন ব্যক্তি পরের নিন্দা করিয়া আমোদিত হয়। কিন্তু কবিতাকারকে অন্য কোন কবিতাকার তদমুরূপ প্রত্যুত্তর দিতে যদি বাসনা করে তাহাতে আমাদের হানি লাভ নাই। সংপ্রতি কবিতাকার বেদকল পরমার্থ বিষয়ের অপবাদ আমাদের প্রতি দিয়াছেন তাহার প্রত্যু-ত্তর লিখিতেছি। প্রথমত আপন পুস্তকের ২১ পৃষ্ঠের ২০ পঁক্তিতে কবিতা-কার লিখেন যে বেদের ও স্থতের অর্থ কোনং স্থানে পরস্পর বিপরীত আছে অতএব স্থানের২ দেই সকল বিপরীত বাক্যকে আমরা লিখিয়া বেদকে মিখ্যা করিতে বাঞ্ছা করিয়াছি। উত্তর। ইহা অত্যন্ত অলীক এবং কবিতাকার দ্বেষ প্রযুক্ত কহিয়াছেন কারণ বেদের কোন্ স্থানের বিপরীত বাক্যকে আমরা কোন পুস্তকে কোন স্থলে লিথিয়াছি ইহা কবিতাকার নির্দিষ্ট করিয়া লিখেন নাই কবিতাকার আপন পুথকের ২১ পৃষ্ঠের ২০ পংক্রিতে ঈশ কেন প্রভৃতি বেদের দশোপনিষদ্কে গণনা করিয়াছেন এবং সেই স্থানে আর ২ পৃষ্ঠের ১০ পংক্তিতে ভগবান শস্করাচার্ণ্যকে ঐ সকল উপনিষ্দের ভাষ্যকার অঙ্গীকার

करतन आयता नेन किन कर्र प्रथक मांख्का के मरनांशनियरनत मरशा मन्नूर ৫ পাঁচ উপনিষদের ভাষা বিবরণ ভগণান্ আচার্য্যের ভাষ্যের অনুসারে করি-য়াছি তাহার এক মন্ত্রও ত্যাগ করা যায় নাই এবং বেদান্ত দর্শনের প্রথম স্ত্র অবধি শেষ পর্যাস্ত ঐ ভাষ্যের অনুসারে ভাষাবিবরণ কেরিয়াছি তাহার কোন এক স্ত্তের পরিত্যাগ হয় ন।ই সেই সকল ভাষাবিবরণের পুস্তক শত্ত এই নগরে এবং এতদেশে পাওয়া যাইবেক এবং ঐ সকল মূল উপনিষদ্ ও আচার্য্যের ভাষ্য এবং বেদান্ত দর্শন ও তাহার ভাষ্য মৃত্যুঞ্জয় বিদ্যালস্কার ভট্টাচার্য্যের বাটীতে এবং কালেজে ও অন্যথ পণ্ডিতের নিকট এই দেশেই আছে তাহা দৃষ্টি করিলে বিজ্ঞলোক জানিতে পারিবেন যে বেদের স্থান স্থানের বিপরীত অর্থকে ও বেদাস্ত দর্শনের বিপরীত স্থাকে ভাষায় বিবরণ করা গিয়াছে কিছা সম্পূর্ণ উপনিষদ সকলের ও বেদান্ত দশনের অর্থ কর। গিয়াছে যদি সম্পূর্ণ উপনিষদের ও স্তত্তের ভাষা বিবরণ দেখিতে পায়েন তবে কবিতা-কারের বিষয়ে যাহা উচিত বুঝেন কহিবেন কবিতাকার নিজে বরঞ্চ তানেরং শ্রুতিকে আপন পুস্তকে উল্লেখ করিয়া দর্ব্ব প্রকারে ভাষ্যের অসমত তাহার অর্থ লোকের ধর্ম নাশের নিমিত্ত লিথিয়াছেন ইহা বিশেষ রূপে পণ্ডিত লোকের জানিবার নিমিত্ত পশ্চাতে লেখা যাইবেক আর ১০ পূর্চ্চে ১৫ পংক্তিতে কবিতাকার লিখেন যে আমরা বেদব্যাদকে মিথ্যাবাদী করিতে চাহি। উত্তর। বাঁহার নিথ্যা কথনে কিঞ্চিতা ভয় থাকে তেঁহ কদাপি দেষেতে মগ্ন হইয়া **अक्र** भिथा ज्यापान मिटि ममर्थ हरेटवन ना कावन दय दिनवारमव नामत्क আশ্রম করিয়া ঈশোপনিষদের ভূমিকাতে মঙ্গলাচরণ আমরা করি ও বৈফ-বের প্রত্যুত্তরে ৬ পৃষ্ঠে ১০ পংক্তিতে যাঁহাকে বিফুরুক্তাংশসম্ভব শব্দে লিখি ও গাঁহার ক্বত হত্তকে বেদ তুল্য জানিয়া তাহার বিবরণ এ পর্যান্ত শ্রুমে ও ব্যয়ে আমরা করি ও বাঁহার পুরাণাদি শান্তের বচনকে পুনংই মান্য জানিয়া প্রতি পুস্তকে প্রমাণ দিয়া থাকি তাঁহাকে মিথ্যাবাদী কথনের সম্ভব কদাপি হয় না ইহার বিবরণ এই ঈশোপনিষদের ভূমিকার ২ পৃষ্ঠে ২ পংক্তিতে লিখি বে " পুরাণ ও তন্ত্রাদি অবশ্য শাস্ত্র বটেন। " আর ঐ ভূমিকার, ৭ পুঠে ১৫ পংক্তিতে লিখি '', গাঁহাকে সত্যবাদী জ্ঞান করা যায় তাঁহার সকল বাক্য বিশ্বাস করিতে হইবেক অতএব পুরাণ ভন্তাদি আপন বাক্যের সিদ্ধান্ত আপনিই

করিয়াছেন যাহাতে পূর্বাপর বিরোধ না হয় " আর ঐ বৈষ্ণবের প্রভ্যুত্তরে ১৪ পৃষ্ঠে ১৭ পংক্তিতে নিশ্চয় ক্রা যার " যে পুরাণ মাত্রের সমান রূপে মান্যতা হইবেক " বিশেষত ভগবানৃ বেদব্যাসের বাক্যের বলেতে আমরা পুনঃ২ কহিরাছি এবং কহিতেছি যে নামরূপ দকল জ্ন্য ও নশ্বর হয় পরমেশ্বর তাহার অতীত হয়েন ও যেথানে নাম রূপের ব্রহ্মত্ব বর্ণন আছে দে ত্রন্ধের আরোপ দারা কল্পনা মাত্র হয়। বিষ্ণুপুরাণে। নামরূপাদি-নির্দেশবিশেষণবিবজ্জিতঃ। নাম রূপাদি বিশেষণরহিত পরমেশ্বর হয়েন। অধ্যাত্ম রামায়ণে। বৃদ্ধ্যাদি সাক্ষী ত্রকৈব তত্মিন্ নির্কিবয়েহথিলং। আরো-পাতে নির্বিকরে নির্বিকারেহথিলাম্বনি । বৃদ্ধি মনঃ প্রভৃতির কেবল সাক্ষী বন্ধ হয়েন পেই বিষয়শূন্য বিকাররহিত সর্বাত্মাতে অজ্ঞান ব্যক্তিরা জগতের আরোপ করেন। আর স্কন্পুরাণে। দেহস্তদঙ্গ আত্মেতি ভীবাধ্যাসাৎ যথোচ্যতে। বিশ্বন্তৎ প্রতীকে চ ব্রদ্ধং করাতে তথা। যেমন শ্রীকে ও তাহার অঙ্গকে জীবের আমরোপ করিয়া আত্ম শব্দে কহা যায় সেইরূপ ব্রহ্মের অধ্যাসে তাবৎ বিশ্বকে ও বিশ্বের অঙ্গকে ব্রহ্মরূপে কল্পনা করিয়াছেন। অতএব এই সকল অবলোকনের পরে জ্ঞানবান্ লোক বিবেচনা করিবেন যে মিথ্যাবাদী কে হয়। > পৃষ্ঠে ১২ পংক্তিতে কবিতাকার লিখেন বে স্মার্ত্ত ভট্টাচার্য্যের দ্বেষ আমরা করিয়া থাকি। উত্তর। একথার অলীকম্ব প্রতিপন্ন করিবার জন্যে বিজ্ঞ লোককে পুনং২ বিনয় পূর্বক নিবেদন করি যে তাঁহারা আমাদের প্রকাশিত তাবৎ পুস্তককে বিশেষরূপে অবলোকন করিয়া দেখেন যে স্মার্ত্ত ভট্টাচার্য্যের প্রতি কোনো স্থানে আমাদের ছেষ বাক্য আছে কি না বরঞ্চ পুনঃ২ তাঁহারা দেখিতে পাইবেন যে স্মার্ত ভট্টা-চার্য্যের বাক্যকে প্রমাণ স্বীকার করিয়া তাঁহার ধৃত বচন দকলকে ও তাঁহার. ক্বত ব্যাখ্যাকে পুনঃ২ গৌরব পূর্ব্বক লিখিয়াছি গায়ত্রীর অর্থ বিবরণের ভূমিকার ৪ পৃষ্ঠে আমরা লিখি "এবং সংগ্রহকার ভট্ট গুণবিষণু ও স্মার্ক্ত ভট্টাচার্য্য যে বাংখ্যা করিয়াছেন তাহাও সংক্ষেপে লিখিতেছি " ৫ পৃষ্ঠের তিন পংক্তিতে লেখা যায় ''অর্থ চিস্তার আবশ্যকতার প্রমাণ স্মার্ভ খৃত ব্যাস শ্বতিঃ " ঐ পৃষ্ঠের ১১ পংক্তিতে লিখি "ইত্যাদি বচন্দ্রর ব্যাধ্যাতে স্মার্স্ত ভট্টাচার্য্য লিথেন " ঈশোপনিষদের ভূমিকার ২ পৃষ্ঠে ১৪ পংক্তিতে, লিথি

"প্রমাণ স্মার্ত ধৃত ষমদগ্রির বচন " ৫ পৃঠের ১৬ পংক্তিতে "প্রমাণ স্মার্ত ধৃত বিষ্ণুর বচন" এবং সহমরণ বিষয়ের দিতীয় সম্বাদের দিতীয় পৃষ্ঠায় ১৬ পংক্তিতে স্মার্ত্ত বাক্যকে প্রমাণ করিয়া লিথিরাছি আর ৭ পূর্চ্চে দশের পংক্তিতে পুনরায় স্মার্তের প্রমাণ লিখা গিয়াছে এবং ১২ পৃষ্ঠার ২৫ পংক্তিতে ও অনা অন্য অনেক পুস্তকে তাঁহার পোমাণ লিখা গিয়াছে তাহার অবলোকন করিবেন ৷ স্মার্ত্ত ভট্টাচার্য্য যদ্যপিও নানাবিধ কর্ম্ম ও সাকার উপাসনা বাহুলারপে নিধিয়াছেন কিন্তু সিদ্ধান্তে ওই সকলকে কাল্পনিক ও অজ্ঞানের কর্ত্তব্য করিয়া কহিয়াছেন অতএব তাঁহার মত শাস্ত্রবিরুদ্ধ নহে যে আমরা ছেষ করিব। স্মার্ত্তের একাদশী তত্ত্বে বিষণু পূজার প্রকরণের প্রথমে। চিনায়স্যাদিতীয়স্য নিষ্ণবস্যাশরীরিণঃ। উপাসকানাং কার্যার্থং ব্রহ্মণো জানস্বরূপ বিতীয়রহিত উপাধিশূন্য শরীর রহিত যে ব্রহ্ম তাঁহার রূপের কল্পনা সাধকের নিমিত্ত করিয়াছেন। স্মার্ত্তের আহ্লিক ভত্ত। অপ্সুদেবা মহুষ্যাণাং দিবি দেবো মনীষিণাং। কাষ্ঠলোষ্ট্রেষু মুর্থাণাং যুক্তস্যাত্মনি দেবতা।। জলেতে দেবতা জ্ঞান ইতর মহয়ে করে আর গ্রহাদিতে দেববুদ্ধি দেবজ্ঞানীরা করেন আর কাষ্ঠ লোষ্ট্রাদিতে ঈশ্বর বোধ মূর্যেরা করে আর আত্মাতে ঈশ্বর জ্ঞান জ্ঞানীরা করেন। 🕩 পৃষ্ঠে ১০ পংক্তিতে কবিতাকার লিখেন যে আমরা রাম কৃষ্ণ মহাদেবের দ্বেষী হই। উত্তর। হরিহরের ছেষ করা কিরূপে সম্ভব হইতে পারে যেহেতু যে স্থানে আনাদের প্রকাশিত প্সতকে তাঁহাদের নাম গ্রহণ হইয়াছে তথায় ভগবান শক কিছা পরমারাধ্য শক্ত পূর্বক ভাঁহাদের নামকে সকলে দেখিতে পাইবেন ঈশোপনিষদের ভূমিকার ২ পৃষ্ঠে ১৩ পংক্তিতে আমরা লিখি "শ্রীভাগবতে দেশক ক্লে চৌরাশী অধ্যায়ে ব্যাসাদির প্রতি ভগ্বদ্বাক্য' ১৫ পৃষ্ঠায় ১৭ পংক্তিতে "বশিষ্ঠদেব ভগবান্ রামচক্রকে উপদেশ করিয়াছেন" পুনরায় ঐ ভূমিকার ১৬ পৃষ্ঠে ১৬ পংক্তিতে "গীতায় ভগবান্ রুষ্ণের বাক্য শৈ আর দাক্ষিণাত্যদের উত্তরে ৩ পৃষ্ঠে ২৪ পংক্তিতে লিথিয়াছি "এই বে পরমারাধ্য মহেশ্বরের দৃঢ় প্রতিজ্ঞা ঐ শাস্ত্রে দৃষ্ট হইয়াছে তাহাও সফল হইল'' এবং বেদাস্ত চক্রিকার উক্তর ৫০ পৃষ্ঠে ৫ পংক্তিতে ''শ্রীভাগবতের দশম ক্ষরে। পঁচাশী অধ্যান্তে বস্থদেবের স্ততি শুনিয়া ভগবান্ ক্লফ্ কহিতেছেন " বৈক্ষবের

প্রভারতে ১৪ পৃষ্ঠার ৭ পংক্তিতে আমরা দৃঢ় করিয়া দিথিয়াছি "যে মহাভারত विक्रम निविनिमा वाधक वाका व्य तम मक यक ध्यकत्रीय श्रेटविक अञ्चव निव विषय नकापित्र निकारवाधक वाका ও विकृ विषय निख्नापित वाका প্রমাণ রূপে গ্রাহা হইতে পারে না। আর ১৩ পূর্টে ৩ পংক্তিতে লিখি "বরঞ্চ মহাভারত শিব মাহাত্ম্যতে পরিপূর্ণ হর" ঐ পূর্চের ১৪ পংক্তিতে विधि "महानिवादा मूर्खित जरमाराम नारे" जरत जारापत मतीतरक जना ख নশ্বর করিয়া যে কহি সে তাঁহাদেরি আক্তাত্ম্সারে। কুলার্ণবের প্রথমাধ্যার। ব্ৰহ্মা বিষ্ণু মহেশাদি দেবতা ভূতজাতয়ঃ। সর্বে নাশং প্রযাস্যস্তি তত্মাচ্চে য়ঃ সমাচরেৎ। ব্রহ্মা বিষ্ণু মহেশাদি দেবতা ও ভূতসকল ইহারা সকলেই বিনাশকে প্রাপ্ত[ু] হইবেন অতএব আপনার হিতকর্ম করিবেক। বেদাস্কভাষ্য-খত বচনে ভগবান ককেও বাক্য। মায়া হোৱা ময়া স্টা বন্ধাঃ পুশাসি নারদ। সর্বভৃতগুণৈ মুক্তং ন ছং মাং এন্টু মর্চি। হে নারদ তুমি 'সর্বভৃতগুণযুক্ত যে ত্মামাকে দেখিতেছ সে মায়ারচিত মাত্র যেতেতু আমার যথার্থ স্বরূপ তুমি দেখিতে পাইবে না। অধ্যাত্ম রামারণে। পশ্যামি রাম তব রূপ মরূপিণোহপি মারাবিড়ম্বনকৃতং স্থমমুষ্যবেশং। তুমি যে বস্তুত রূপরহিত রামচক্র তোমার স্থন্দর মন্তব্যরূপ দেখিতেছি সে মারা বিড়ম্বন। ছারা হইয়াছে।। ২০ পৃষ্ঠের ১৪ পংক্তিতে কবিতাকার লিথেন যে এদেশের ব্রাহ্মণকে আমরা বেদহীন বলিয়া নিন্দা করি। কবিতাকারকে উচিত ছিল যে কোনু পুস্তকে কোনু স্থানে লিখিয়াছি তাহার ধ্বনি দিয়া লিখিতেন আমরা গারত্রীর ব্যাখ্যানের ভূমিকাতে তৃতীয় চতুর্থ পৃষ্ঠায় লিথি "যে প্রণব ও ব্যাহ্নতি ও গায়ত্রী জপের দারা ত্রাক্ষণেদের পরত্রক্ষোপাদনা হয় অতএব প্রণ্ ও ব্যাহৃতি ও গায়ত্রীর অমুষ্ঠান থাকিলে নিতাস্ত বেদহীনত্ব ব্রাহ্মণেদের হন্ন না" ইহা বিজ্ঞলোক ঐ ভূমিকা দৃষ্টি করিয়া বিবেচনা করিবেন। যে সকল ব্যক্তি পরমেশ্বরকে জন্মমরণ ইত্যাদি অপবাদ দিতে পারেন তাঁহারা অকিঞ্চন मक्रातात প্রতি ছেব হইলে যে মিথ্যা অপবাদ, দিবেন ইহাতে কি আঁশ্চর্য্য আছে অতএব এমৎ সকল ব্যক্তির মিথ্যা অপ্রাদ দিবাতে ক্ষোভ কি। কবিতাকার প্রথম পৃষ্ঠের ৯ পংক্তিতে লিখেন বে আমরা এই সকল পুস্তক প্রকাশ করিয়া দেশের ধর্ম্ম নষ্ট করিতে চেষ্টা পাইতেছি। কবিতাকারের

এরপ লিথাতে আশ্রুষ্ট্য করি নাই যেহেতু ধর্মকে অধর্ম করিয়া ও অধর্মকে ধর্মব্রপে যাঁহাদের জ্ঞান তাঁহার। পরমেখরের উপদেশকে ধর্মনাশের কারণ করিয়া যে কহিবেন তাহাতে আশ্চর্য্য কি আছে আমাদের সকল পুস্তকের তাৎপর্য্য এই যে ইক্রিমের গ্রাহ্য যে নশ্বর নামরূপ তাহাতে ঈশ্বর জ্ঞান না করিয়া সর্বব্যাপি পরমেশ্বরের শ্রবণ মনন করিয়া ক্লতার্থ হওয়া উচিত হয় বর্ণাশ্রমাচার এরূপ সাধনের সহকারি বটে কিন্তু নিতাক্ত আবশ্যক নছে অতএব বিজ্ঞ ব্যক্তিদিগ্যে পুনঃ২ নিবেদন করিতেছি যে আমাদের প্রকাশিত তাবৎ পুস্তকের অবলোকন করিয়া যদ্যপি সকল হইতে এই অর্থ নিষ্পন্ন হয় এমৎ দেখেন তবে কবিতাকারের প্রতি যাহা কহিতে উচিত ে জানেন তাহা যেন কহেন। ঐ প্রথম পৃষ্ঠার ১০ পংক্তিতে আর ২২ পূর্চে ১৬ পংক্তিতে কবিতাকার লিখেন যে এই সকল মতের প্রকাশ হইবাতে लार्कित अमनन ও भाती जत्र ও मश्खत श्रेरिक्ट । यमा शिक्ष विद्यालाक একথা শুনিমা উপহাস করিবেন তথাপি এবিষয়ে কিঞ্চিৎ লিখিতেছি লোকের মঙ্গল কিম্বা অমঙ্গল হওয়া আপনং কর্মাধীন হয় ঈশ্বর সম্বন্ধীয় গ্রন্থের অথবা পুত্তলিকা সম্বন্ধীয় পুস্তকের রচনার সহিত তাহার .কোনো কার্য্যকারণ ভাব নাই আমাদের এই সকল প্রত্তক প্রকাশের অনেক দিন পূর্ব্বে কবিতাকারের রোগ নিমিত্ত এবং মিখ্যা অপবাদ দ্বারা ধনের হানি ও মানহানি জন্মে তাহাতেও বুঝি কবিতাকার কহিতে পারেন যে তাঁহার স্বকর্মের ফল নহে কিন্তু অন্য কোনো ব্যক্তির গ্রন্থ করিবার দোবে के मकल वार्तार कविजाकारतत्र रहेग्राहिल आश्रनारक निर्द्धाय जानाहेवात উত্তম পথ কবিতাকার স্বষ্টি করিয়াছেন বস্তুত অনেকের মঙ্গল ও অনেকের অমঙ্গল পূর্বে হইয়াছিল এবং সম্প্রতিও হইতেছে সেইরূপ মন্বন্তর অথবা আহার দ্রব্যের প্রচুর হওয়া ও মারীভয় কিম্বা স্থতে কাল হরণ করা তাবদেশে कारण र लोकिक कातन मर्फ श्रेत्राष्ट्र थवर श्रेतात मञ्जावना चार्ष् বরঞ আমরা এরূপ সাহস ক্রিয়া কহিতে পারি যে পরমেশ্বরের সত্যো-পাসনাতে বাঁহারা প্রবৃত্ত ইইয়া থাকেন তাঁহারা ঐ সৎকর্মান্স্রচান দ্বারা স্থবী ও নিরোগী আছেন এবং এই সত্যধর্মের প্রচার হইলে দেশ সত্যকালের ন্যার रहेरवक। आर्त अथम शृंष्ठीत >२ शःकि अविध मूकूनतीम उन्नाति **अ**ज्ञि

কএক জনকে ও আমাদিগ্যে ব্রহ্মজ্ঞানী করিয়া ব্যক্তরূপে গণনা করিয়াছেন 🖡 কবিতাকারকে এবং অনেককে বিদিত থাকিরেক যে সহস্রহ লোক কি এদেশে কি পশ্চিমাদি দেশে নিষ্কল নিরঞ্জন পরমেখরের উপাসনা করেন তাহাতে অমুষ্ঠানের তারতম্যের দারা প্রত্যেক ব্যক্তির ফলের তার-তম্য হয় অতএব আমরা সতাধর্মের অমুষ্ঠানেতে অধম যদ্যপিও হই তাহাতে এ ধর্মের অগৌরব নাই এবং অনা উত্তম জ্ঞানিদেরও তাহাতে कि : शनि হইতে পারে সেইরূপ সাকার উপাসনাতেও দেখিতেছি যে রামপ্রসাদ অংবারী ও ঠাকুরদাস বামাচারী ও হরিদাস গোঁসাই এবং কবিতাকার আ-পন্থ সাকার উপাসনাতে তৎপর হইয়া প্রসিদ্ধ হইয়াছেন কিন্তু ইহার দারা এমৎ নিশ্চিৎ হয় না যে অপকৃষ্ট সাকার উপাসক আর নাই বরঞ্চ ইহা প্রত্যক্ষ **দেখা যাইতেছে থেঁ অনেকং** ব্যক্তি অমুষ্ঠানের তারতম্যরূপে সাকার উপা-সনা করিতেছেন তাহাতে উপাসনার মান্যতা কিম্বা অমান্যতা বিজ্ঞালীকের নিকট হয় এমৎ নহে। ২২ পৃষ্ঠার ২০ পংক্তিতে কবিতাকার লিখেন যে আপন পাওনার অবেষণের কারণ পাগলের ন্যায় চুচুড়া মোং দিবিরিঙ সাহেবের তত্ত্বে যাই। যদ্যপিও ব্যবহারে আত্মরক্ষণ এবং আত্মীয়রক্ষণ করিলে পরমার্থে হানি কিছুই নাই কিন্তু দিবিরিঙ সাহেবের তত্ত্বে বাওয়া এ কেবল মিথ্যা অপবাদ বেহেতু দিবিরিঙ সাহেবের সহিত দেনা পাওনা কোনো কালে নাই দ্রবিঙ সাহেব বর্ত্তমান আছেন এবং তাঁহার কাগজপত্র ও চাকর গোক বিদ্যমান বিশেষত চুচুড়াতে কয়েক বৎসর হইল যাতায়াত মাত্র নাই অতএক বিজ্ঞলোক বিবেচনা করিলে কবিতাকার কিপর্যান্ত আমাদের প্রতি দ্বেব ও অপকারের বাঞ্ছা করেন এবং মিথ্যা রচনাতে কবিতাকারের শঙ্কা আছে কি ना देश जनात्रारम जानिए পातिरवन। > পृष्टित >> পংক্তি जविध कविका-কার ভঙ্গিতে জানান যে আমরা আপনাকে ব্রস্কজানি করিয়া অভিমান করি এবং যোগবাশিষ্ঠের বচন নিথিয়াছেন। সাংসারিকস্থণাসক্তং ব্রহ্মজ্ঞোহস্মীতি বাদিনং। কর্মপ্রস্নোভয়ন্রইং তং ত্যজেদন্ত্যজং বথা ॥ অর্থাৎ সংসারের স্থথেতে আসক্ত হয় অথচ ব্ৰদ্মক্তানি বলিয়া অভিমান করে সে কর্ম ব্রহ্ম উভয় ভ্রষ্ট হয় তাহাকে অন্ত্যজের ন্যার ত্যাগ করিবেক। ইহা আমরাও স্বীকার করিতে পারি যদি আমরা সংসারে আসক্তি করি ও ব্রন্ধজানি বলিয়া অভিশান রাখি তবে

উত্তয় ভ্রম্ভ হইতে পারিব বাস্তবিক এবচনের তাৎপর্য্য এই যে সংসারস্কর্যে আসক্ত इंहेरक ना এवः अध्यान कतिरक ना रामन वृष्ठिरा निर्धन। छेनिएड জগতীনাথে যঃ কুৰ্য্যাদন্তধাবনং। স পাপিষ্ঠঃ কথং ব্ৰুতে পুজয়ানি জনাৰ্দনং ॥ ष्यर्थां श्रव्यानत्त्रत्र भरत त्य वाकि नख्धावन करत्र तम भाभिष्ठं कि ऋत्भ কহে যে আমি বিষ্ণুপূজার অধিকারী হই। ইহার তাৎপর্য্য এই যে সুর্য্যোদরের পরে দ্তর্থাবন করিবেক না কিন্তু বশিষ্ঠের ঐ বচনকে শাসনপর না জানিয়া ষথাশ্রত গ্রহণ করিলেও আমাদের হানি নাই যেহেতু আত্ম অভিমানকে স্কল পাপের মূল করিয়াজানি কিন্তু কবিতাকার প্রভৃতি অনেক পৌত্তলিকেরা ষদ্যপি ঐ স্থৃতির বচনকে যথাশ্রুত অর্থে গ্রহণ করেন তবে তাঁহাদের সকল কর্ম প্রায় পণ্ড হয়। কবিতাকার ২২ পৃষ্ঠের ১২ পংক্তিতে লিখেন যে আমরা तमाखानी रहेशां हि हेरा लाकरक जानारे किन्न य तमाखानी रह रा स्रोत छ নির্জনে থাকে। উত্তর। কবিতাকার প্রভৃতির ন্যার আমরা পৌত্তনিক নহি যে দীর্ঘ তিলক ছাপা ও থোল করতালের সহিত নগর কীর্ত্তন করিয়া অথকা সর্বাঙ্গে কর্ত্রাক্ষের মালা ও রক্তবন্ত্রাদি পরিধান ও নৃত্যগীতের ঘারা আপন উপাসনা অনাকে জানাইব এবং আমরা কোন কোন বিশেষ পৌত্তলিকের ন্যায় নহি যে উপাস্যকে বোর প্রতারণার দ্বারা গোপন করিব অধ্যান্ম শান্তের পাঠ प्र উপদেশ করিলে অন্যে আমাদিগ্যে যেরপে জানিতে চাহে তাহা জানিলে আমাদের হানি লাভ নাই সর্ককাল মৌন ও নির্জনে থাকা ইহা ব্রাহ্মের নিতা धर्म नटर (यटर्क উপনিষদাদির পাঠ ও তাহার উপদেশ করিতে বেদে ও মন্ত্রাদি শাল্পে পুনঃ পুনঃ বিধি আছে এবং সত্যকাল হইতে এপর্য্যন্ত বশিষ্ঠাদি ব্ৰহ্মনিষ্ঠ সকল কি জ্ঞানসাধন সময়ে কি সিদ্ধাবস্থায় অধ্যাত্ম শান্তের পাঠ ও শ্রবণ ও উপদেশ এবং গার্হস্তা করিয়া আসিতেছেন। ছান্দোগ্য উপনিষদ। স্বাধ্যারমধীয়ানো ধার্ম্মিকান বিদধৎ ইত্যাদি ন স পুনরাবর্ত্ততে ন স পুনরা-বর্ত্ততে ইত্যন্ত:। এই প্রকার পূর্ব্বোক্ত প্রকারে বন্ধজ্ঞান বিশিষ্ট গৃহস্থ বেদা-খ্যরত্র পূর্ব্বক পুত্র আমত্যকে জ্ঞানোপদেশ দারা ধর্মনিষ্ঠ করিয়া কাঁলহরণ করেন তাহার পুনরাবৃদ্ধি নাই। ভগবান মৃহ: ১২ অধ্যারে। আত্মজানে বেদাভাবে उर्भनिर्छता एक कतित्वन । २२ পृर्छत >८ शःक्टिष्ठ कविछाकात्र

সর্ব্ধ দেশীয় বিজ্ঞ পণ্ডিত মহাশয়েরদের প্রতি আমার নিবেদন এই বর্ত্তমান সময়ে কলিকাতা নগরে নানা জাতীয় ভাষা ও শান্ত ও প্রজ্ঞ একত্র আছেন শান্তার্থের সন্দেহ চ্ছেদস্থল এরূপ অন্যত্র প্রায় নাই তরি দিক্ত ধারাবাহিক কয়েক প্রশ্ন এই নিবেদিতেছি অন্থ্যহাবলোকন পূর্ব্বক সমুদায়ের সন্ধৃত্তর যদি সমাচার দর্পণ দ্বারা দেন তবে আমার আনন্দ এবং জনপদের অধিক উপকার সম্ভাবিত এ বিষয়ে শ্রমলেশ ও ব্যয়াভাব ছৃতি।

প্রথম হিন্দুরদের বেদান্ত শাঁদ্র দৃষ্টে বোধ হয় যে আত্মা এক নিত্য কালত্রয় রহিত অরূপী ইন্দ্রিয়াতীত নিরীহ চৈতন্য স্বরূপ বিভূ নিরাময় অন্তর্কহি: পূর্ণ তন্তির ভূত জীব পদার্থ পৃথক নাই প্রপঞ্চ যাহা দৃশা হয় শুদ্ধ নায়া রচিত দেই মায়াকে অজ্ঞান কহে যেমত রজ্জ্বতে সর্প ভ্রম ও সপ্রাদিতে গল্পর্ক নগরী দর্শন তত্ত্বপ জগৎ ও জীবাভিমান মিথ্যা কেবল অজ্ঞান বশতো অহং ও জগৎ সত্যর ন্যায় জীবাভিমানে বোধ হইতেছে যদি এই মতের গৌরব মানি তবে আত্মাতে দোম স্পর্শে অথবা আত্মা ও মায়ার এ ছুয়ের প্রাধান্য সমান অথবা কিঞ্চিৎ স্থানাতিরেক উভয়ের নিত্যত্ব প্রমাণ হয়। দ্বিতীয়ত এক আত্মা হইলে জীবের কর্ম্ম জন্য

হিতাহিত ভোগ মানা আশ্চর্য্য হয়। তৃতীয়ত আত্মার নিরাময়ত্ব ও অথ-ওত্ব সম্পাদনে দোষ পড়ে। এই শাস্ত্র কহিতেছেন যেমত জলের বিষ উঠিয়া পুনুর্কার ঐ জলে লীন হয় তেমতি অজ্ঞানে আত্মাতে জগৎ এই উৎপত্তি ছিতি লয় বারম্বার হইতেছে মায়ার বল এ গতিকে আত্মার পর মানিলে আত্মা নির্দ্ধোষ কি ক্রমে সম্ভবেন। শ্রুতি কহেন। জন্মাদ্যস্যুয়তঃ। এ প্রমানে জীবের সদসন্টোগ কেন মানি ইতি।

দ্বিতীয়তো ন্যায় শাস্ত্র করেন যে পরমান্ত্রা এক ও জীব নানা উভয়েই অবিনাশী এবং দিগ্দেশ কালাকাশ অণু এ সকল নিত্য। সমবায় সম্বন্ধে জগদীখনের ক্রতিত্ব খীকার তাঁহাকে কর্ত্তা নাম দিয়া জীবের কর্মামুসারে ফলদাভূত্ব জন্যেচ্ছারহিত কহেন এ কথা বিচারে ঈশ্বরের ক্রতিত্বের ব্যাহ্যাত হয় কেননা তেঁহ অন্মানাদির ন্যায় দ্রব্য সংযোগে কারকত্বে প্রতিপাদ্য হন উপরের বিধানে বোধ হয় ঐ দ্রব্যাণি ও জীবের বাচকত্ব তাহাতে অভাবের বিশেষতো জন্যেচ্ছারাহিত্যে নানা দেহাদির উৎপত্তি স্থিতি নাশ ও জীবের কর্ম্ম ফলদাভূত্বের কারণ তেঁহ কি ক্রমে সম্ভবেন বিশেষতঃ কর্ত্তা ও জীব উভয়কেই বড় ঈশ্বর ও ছোট ঈশ্বর কেন না কহি যেমত অধিক ঐশ্বর্যানা ও অবৈশ্বর্যান্ মধ্যে স্থানাতিরেক তত্ত্বৎ কর্তা ও জীব সম্ভব এবং ঈশ্বরের একত্বের প্রতি অতি ব্যাঘাত ।

ভূতীয়তো মীমাংসা শাস্ত্রে কহেন সংস্কৃত শব্দে রচিত যে মন্ত্র সেই
মন্ত্রাত্মক বাগাদি নানাবিধ দ্রব্যযোগে যে আশ্চর্যাক্রপী ফল বর্ত্তে সে ঈশ্বর
মন্ত্র্যা জীব মধ্যে নানাবিধ ভাষা এই জগতেও নানাবিধ শাস্ত্র প্রকাশ
আছে দ্রব্য ও ভাষা উভয়ই জড় মন্ত্র্যের অধীন এ গতিকে যে কর্ম্মের
কর্ম্তা মন্ত্র্যাকে দেখিতেছি সেই কর্মের কলকে ঈশ্বর কি ক্রমে স্বীকার
কর্মি বিশেষত ঈশ্বর কর্ম্মরূপী এক ঐ শাস্ত্র এই কহেন নানা কর্ম্মরূপী
ঈশ্বর এই বিধান দৃন্টে ঈশ্বরের একত্ব কেমনে প্রতীত হয় অধিকন্ত এ
প্রশাবে সংস্কৃত লব্দে রচিত কর্ম্ম এই পৃথিবীর মধ্যে বেখানে নাই সে
দেশকে অনীশ্বরীয় কেননা কহা যায়। পাতঞ্জল শাস্ত্রের মতে ষড়ক
যোগ সাধনরূপী কর্ম্ম কহিয়াছেন তৎপ্রযুক্ত উপরের বিধান দৃষ্টে এক
শ্রেশ্ব ভুক্ত ক্রিলাম।

চতুর্থ সাংখ্যমতে প্রকৃতি পুরুষ উভয় মিলিও চনক দলের নাায় পুরুজ বের প্রাধান্য গণনায় অরূপী ব্রান্ত কছেন এ বিধানে ঈশরের একত্ব সম্পা-দন কেবনে সম্ভব হয় এমতের বিধানে ঈশরের দ্বিত্ব কেন না মানি ইতি ।

ইহার শেষ লিপিকে ছুইয়ের সংখ্যায় লেখা ষাইবেক।

নমে। জগদীখরার।

পূর্ব্ব নিথিত পত্রের উত্তর যাহা সমাচার দর্পণে স্থান পায় নাই।
আঠার শত একুশের চৌদ্দঞি জুলাইয়ের সমাচার দর্পণকে কোন
প্রধান ব্যক্তি বিবেচনার নিমিত্ত পাঠাইয়াছেন তাহাতে দেখিলায় যে
হিন্দুর তাবৎ শাস্ত্রকে বৃক্তি হীন জানাইয়া তাহার খণ্ডন কোনো বিজ্ঞ
ব্যক্তি বাঁহার শাস্ত্রে বিশেষ অবগতি নাই করিয়াছেন পূর্ব্ব পূর্ব্ব মিসিনরি
মহাশয়রা এরপ খণ্ডনের চেকী সদালাপে ও গ্রন্থ রচনায় করিতেন
সংপ্রতি সমাচার লিপিতেও আরম্ভ হইল কিন্তু ইহাতে বিশেষ বিরক্তর
বোধ করিলাম নাই ষেহেতু তেঁহ খণ্ডনের উত্তর প্রার্থন। করিয়াছেন
অতএব পশ্চাতের লিখিত উত্তর দিতেছি।

প্রথমত বেদান্ত শান্তের প্রতি দোষ দিবার নিমিত্ত বেদার্কেন মত নিখেন বে বেদান্তে ঈশরকে এক নিত্য কালত্রয় রহিত অরপী নিরীহ ইন্দ্রিয়াতীত চৈতন্য স্বরূপ বিভূ নিরাময় অন্তবহিঃ পূর্ণ কহেন ও তাঁহা হইতে অন্য বস্তুও জীব পৃথক্ নাই প্রপঞ্চ বাহা দৃশ্য হয় মায়া রচিত সেই মায়া অজ্ঞান (অর্থাৎ জ্ঞান হইলে তাহার কার্য্য আর থাকে না) বেমন রর্জ্জুতে সর্প ভ্রমাও স্বপ্নে গল্পর্বি পুরী দর্শনি যথার্থ জ্ঞানে আর থাকেনা পরে ঐ মতে তিন প্রকার দোষোল্লেখ করেন প্রথম এই যে এ মতের গৌরব মানিলে আফ্রাতে দোষ স্পর্শে অথবা ঈশ্বর ও মায়া প্র দুরের সমান প্রাধান্য ও নিত্যতা প্রমাণ হয়।

উত্তর—এ মতের গৌরব মানিলে কি দোষ আত্মাতে স্পর্শে তাহা লিখেন না স্থতরাং উত্তর দিতে অক্ষম রহিলাম যদি অনুগ্রহ করিয়া সে দোষ লিখেন তবে উত্তরের চেষ্টা করিব আর যে দ্বিতীয় কোটতে দোষ দেন যে এ মতকে গৌরব করিলে ঈশর ও মায়া এ ছুয়ের সমান নিত্যতা ও প্রাধান্য হয় তাহাতে কিঞ্চিৎ নিবেদন করিতেছি কি বেদাস্তবাদী কি খিস্টান কি মোছলমান যাঁহারা ঈশরকে নিত্য কহেন তাঁহারা ঈশরের তাবৎ শক্তিকেও নিত্য কহেন ক্ষিত্র কারণ ঈশরের শক্তি মারা হয়েন অতএব শক্তিমানকে নিত্য করিয়া বেদাস্ত জানেন স্থতরাং শক্তিকেও নিত্য কহেন " নিঃসন্তা করিয়া বেদাস্ত জানেন স্থতরাং শক্তিকেও নিত্য কহেন " নিঃসন্তা কার্য্যমাস্য শক্তিশ্মায়ায়্রিশক্তিবৎ" বেদান্ত ধৃত বচন। এরূপ কথনে যদি দোষ হয় তবে এ দোষ সর্ব্ব সাধারণ হইবেক কেবল বেদান্ত পক্ষে হয় এমত নহে। সেই রূপ শক্তি হইতে শক্তিশানের প্রাধান্য কি বেদান্ত কি জন্য জন্য শাল্পে ও লোক দৃষ্টিতে সকলেই স্বীকার করেন অতএব উভয়ের সমান প্রাধান্য বেদান্তে কোনো মতে অঙ্গীকার করেন না যে আপনি দোষ দিতে পারেন।

দ্বিতীয় প্রকার দোষোক্লেখ করেন যে এক আত্মা হইলে অর্থাৎ জীব ও পরমেশ্বর এক হইলে জীবের কর্ম জন্য হিতাহিত মানা আশ্চর্যা হয় অর্থাৎ সে ভোগ ঈশ্বরের মানা হয়।

উত্তর—প্রপঞ্চ মারা কার্য্য জড় শ্বরূপ হয় পরমান্ত্রা চিদান্ত্রক ঐ জড় শ্বরূপ নানা প্রপঞ্চে প্রতিবিশ্বিত হইরাছেন যেমন নানাশরান্থিত জলে এক প্র্যার অনেক প্রতিবিশ্ব দেখা যায় সেই সেই প্রতিবিশ্ব জলের কম্পন দ্বারা কম্পিত অমূভূত হয় কিন্তু সেই জলের কম্পনেতে স্বর্য্য কাঁপেন না সেই প্রকার প্রপঞ্চেতে জীব সকল চিদান্ত্রার প্রতিবিশ্ব হয়েন অতএব জীবের হিতাহিত ভোগ পরমেশ্বরে স্পর্শ করেনা যেমন জলের নির্মালতাতে কোনো কোনো প্রতিবিশ্ব শ্বদ্ধ দৃষ্ট হয় ও জলের মলিনতাতে কোনো কোনো প্রতিবিশ্ব শলন হয় সেই রূপ প্রপঞ্চ ময় শরীরে ঐ ইক্রিয়াদির স্ফুর্ত্তির দ্বারা কোনো কোনো জীবের স্ফুর্ত্তির আধিক্য আর ঐ সকলের মলিনতার দ্বারা কোনো কোনো জীবের স্ফুর্ত্তির মলিনতা হয়। আর স্বর্য্যের প্রতিবিশ্ব বন্ধত তেজঃ পদার্থ না হইয়াও তেজঃ পদার্থের প্রতিবিশ্বতার দ্বারা তেজশ্বী দেখায় সেই রূপ জীব সাক্ষাৎ চিদান্ত্রক না হইয়াও চিদান্ত্রার প্রতিবিশ্বিত প্রযুক্ত চেতনান্ত্র বুঝায় ও চেতনের আচরণ করে আর বেয়ন নানা শরান্থিত জলের সহিত এক স্বর্য্যের বিশেষ সম্বন্ধের দ্বারা

নানা প্রতিবিশ্ব উপস্থিত হইয়া ওই সকলকে প্র্য্যের ন্যায় অথচ প্র্য্য হইতে পৃথক্ ধর্ম বিশিষ্ট দেখায় প্রনায় সেই সেই জলের অন্যথা হইলে প্রতিবিশ্ব আর থাকে না সেই রূপ আত্মা এক তাঁহার মায়া প্রভাবে প্রপঞ্চে নানাবিধ চেতনাত্মক জীব পৃথক্ পৃথক্ হইয়া আচরণ ও ক্র্ম্ম ফল ভোগ করে প্রনায় সেই সেই প্রপঞ্চ ভঙ্গ হইলে প্রতিবিশ্বের ন্যায় আর ক্ষণ মাত্রো পৃথক্ রূপে আত্মার সহিত থাকেনা অতএব আত্মা এক ও জীব যদ্যপীও বস্তুত তাহা হইতে ভিন্ন না হয়েন তথাপি জীবের ভোগাভোগে আত্মার ভোগাভোগ হয় না।

ভূতীয় প্রকার দোষোক্ষেথ করেন " আত্মার নিরাময়ত্ব ও অথওত্ব সম্পাদনে দোষ পড়ে" কি নিমিত্ত দোষ পড়ে তাহার বিবরণ লিখেন না অতএব তাহার হেতু লিখিলে বিবেচনা করিব যদি আপনকার এ অভি-প্রায় হয় যে আত্মার স্বরূপ জীব হইয়া আত্মা হইতে নিঃস্থত হইলে আত্মার নিরাময়ত্ব ও অথওত্ব সম্ভবে না তবে উপরের উত্তরে মনোযোগ করিবেন যে প্রতিবিধের সত্তা স্থ্যের স্তাতেই হয় এবং স্থাকে অব-লম্বন করিয়া হিতি করে ও স্থাতে পুনরায় লীন হইতেছে ইহাতে স্থোর অথওত্ব নিরাময়ত্বে দোষ পড়ে না।

অধিকন্দ্র লিখেন যে বেদান্তে কহেন যেমন জলের বুদ্ধু উঠিয়া পুনরায় ঐ জলে লীন হয় সেই রূপ মায়ার দ্বারা আত্মাতে জগতের উৎপত্তি স্থিতিলয় বারংবার হয় ইহাতে মায়ার বল আত্মাতে স্বীকার করিলে ঈশ্বর নির্দ্ধোষ থাকেন না।

উত্তর—এন্থলে বেদান্ত বাদিরা দৃষ্টান্ত এই অংশে দেন যে যেমন ফলকে অবলম্বন করিয়া বাযু দারা বুদুদের উৎপত্তি স্থিতি হয় সেই রূপ ঈশ্বকে অবলম্বন করিয়া ঈশ্বরের শক্তির দ্বারা জগতের উৎপত্তি স্থিতি হইতেছে দ্বিতীয়ত যেমন বুদুদ্ধ অস্থায়ি সেই রূপ জগৎ অস্থির হয়। ব্যান্তের ন্যায় অমুক ব্যক্তি ইহাতে সাদৃশ্য কেবল দর্প ও পরাক্রমাংশে হয় চতুস্পাদাদি সর্বাংশে দৃষ্টান্ত হয় না সেই রূপ এখানেও স্বীকার করেন ত্বে সর্বাংশে দৃষ্টান্ত হইলে ঈশ্বরেক জল প্ঞ্লের ন্যায় জড় স্বীকার করিতে হয় ও জগৎকে ক্ষুদ্রে ক্ষুদ্র জলীয়াংশ স্বরূপ তাহাঁর বিকার মানিতে হয়

क्षन कथन के जन्म जेचारात्र विख्यान जिन्दा कितियक ७ कथन कथन তাহার দহিত একত হয় যাঁহাদের কেবল দোব দৃষ্টি তাঁহারাই এরূপ স-র্কাংশ দৃষ্টান্ত মানিয়া মায়ার বল আত্মার উপর হইতেছে এই দোষ দিতে উৎস্থক নতুবা ঈশ্বরের শক্তি মায়া তাহার দারা জগতের উৎপত্তি স্থিতি লয় হইতেছে ইহাতে ঈশ্বরের উপর মায়ার বল কোনো পক্ষপাত রহিত বিজ্ঞ লোক স্বীকার করিবেন না যেহেতু যে কোনো জাতীয় ও দেশীয় ব্যক্তি জীবরকে জগতের শ্রম্ভী কহেন তাঁহারা সকলে মানেন যে স্ঠি করিবার শক্তি ঈশবে আছে সেই শক্তি **ছারা স্ফটি হয় কিন্তু** সেই শক্তির বল ঈশবের উপর হয় এমৎ তাঁহারদের কেছ অদ্যাপি দেখিতে পান না। পাপী ব্যক্তি মনস্তাপ করিলে ঈশ্বর করুণা শক্তি ছারা মার্ক্সনা করেন ইহাতে করুণাশক্তি ঈশরের উপর প্রবল হয় এমৎ নহে। বেদান্তবাদিরা মায়াকে অজ্ঞান কহেন যে হেতু জ্ঞান হইলে মায়ার কার্য্য যাহার ছারা ক্লম্বর হইতে জীব সকল পুথক্ দেখায় সে কার্য্য আর থাকে না অর্থাৎ জ্ঞানের দ্বারা নির্বত হয়। মায়া শব্দের প্রয়োগ মুখ্য রূপে ঈশ্বরের জগৎ কারণ শক্তিতে ও গৌণ রূপে ঐ শক্তির কার্য্যেতে হয়। রজ্জতে যে সর্প ভ্রম হয় তাহার সহিত জগতের দৃষ্টান্ত বেদান্তে দেন ইহার তাৎপর্য্য এই বৈ ভ্রম সর্পের ন্যায় জগতের স্বতন্ত্র সত্তা নাই পরমেশ্বরকে অবলম্বন করিয়া জগৎ সম্ভা বিশিষ্ট হয় সেই রূপ জগতকে সপ্পের সহিত সাদৃশ্য (मन स्थमन चश्च मुक्टे वश्च मकल জीবের मजात अधीन इस (महे क्रभ জ্বাৎ পরমেশ্বরের সন্তার অধীন অতএব জীব হইতে ও সকল হইতে প্রের পরমান্ত্রাই সর্ব্বথা হয়েন আর বেদান্তে ঈখর ভিন্ন বন্ধু নাই ঈখর সকল ' ও ঈশ্বর সকলেতে ইহা কছেন তাহার তাৎপর্যা এই যে যথার্থ সন্তা কেবল পরমেখরের হয় অতএব ঈশ্বর কেবল সত্য ও সর্ব্বব্যাপি অন্য তাবৎ অসত্য। স্বিশ্বর সকল ও সকলে ব্যাপক এমৎ প্রয়োগ খি্কানদের কেতা-বেও শুনিতে পাই তাহার তাৎপর্যা রুঝি এমৎ না কহিবেন যে ঘট পট সকল ঈশ্বর বরঞ্চ তাৎপর্য্য এই হইতে পারে যে তিনি সর্ব্ব বাাপক ষ্মতএৰ মিখ্যা বাকৃ কলহের বলে বেদান্তে কেন দোষ দেন।

क्षाक्षक मात्रा कार्या এहें जनर इत ७ भत्रामनत दिल्ला नजन इतन

ষেহেতু পদার্থ জড় ও চেতন এই ছুই প্রকার করিয়া সকলে স্বীকার করেন তাহাতে দমষ্টি জগতের অবলম্বনে পৃথক্ পৃথক্ পদার্থ আত্মার অধিচানে দুশ্য হইয়া পুনরায় ঐ জগতে লীন হয় সেই রূপ সমষ্টি চৈতন্য স্বরূপ পরমেখরের অবলম্বনে চৈতন্যরূপী জীব প্রতিবিশ্ব রূপে পৃথক্ পৃথক্ উপলব্ধ হয় পুনরায় আত্মাতে ল: পায় আমরা প্রত্যক্ষ দেখি যে এক বর্ত্তিকার অগ্নি অন্য বত্তিকার সন্মি হইতে পৃথক্ পৃথক্ দেখায় কিন্তু বর্ত্তি-कांत्र महिल महत्त कांग हरेतन महा उठाक नीन दश महे क्रा जेशांवि ত্যাগ হইলে পৃথক্ পৃথক্ জীব পরমেশ্বরে লীন হয়েন অতএব জিল্ঞাসা করি যে চৈতন্যাত্মক জীবের অধিষ্ঠান সমষ্টি চৈতন্যকে স্বীকার করা যুক্তি সিদ্ধ হয় কি অভাবকে অথবা জড়াত্মক জগৎকে তাহার কারণ নানা যুক্ত হয় যদি বলেন ঈশ্বর সর্বব শক্তিমান তিনি অভাব হইতে জীবকে উৎপন্ন করেন তবে নানা দোষ ইহাতে উপস্থিত হয় তাহার এক এই যে ঈশ্বর প্রত্যক্ষ পদার্থ নহেন প্রত্যক্ষ মূলক অমুমান সিদ্ধা হয়েন যদি প্রত্যক মূলক অমুমানকে প্রমাণ স্বীকার না করিয়া অভাব হইতে জীবের ও অন্য পদার্থের উৎপত্তি মানা যায় তবে ঈশ্বরের সন্তাতে কোনো প্রমাণ থাকে না আর ঈশবের অপ্রমাণ দারা তাঁহার শক্তি স্বতরাং অপ্রমাণ হইবেক। প্রত্যক্ষ সিদ্ধ যুক্তিকে ভূচ্ছ করা এ কেবল নাস্তিকের মতকে প্রবল করিয়া সর্বব ধর্মা নম্ট করা হয়॥

ন্যায় শাস্ত্রে দোষ দেন যে স্থার এক ও জীব নানা ছুই অবিনাশী ইহা ন্যায় শাস্ত্রে কহেন আর দিক কাল আকাশ অণু ইহারা নিত্য ও সমবায় সম্বন্ধে কৃতি ঈশ্বরে আছে জীবের কর্মান্ত্র্সারে ফলদাতা এবং নিত্য ইচ্ছা বিশিষ্ট ঈশ্বর হরেন ইহাতে ঈশ্বরের ক্রতিতে ব্যাঘাত হয় কেন না তেঁছ অশ্বাদাদির ন্যায় দ্বা সংযোগে কর্ডা ইইলেন।

উত্তর স্থাববাদি বৈমন নিয়ায়িক ও প্রিফীন সকলেই কহেন বে ঈশার নশার নছেন এবং জীবের নাশ নাই জীব চিরকাল ব্যপিয়া জান ফল অথবা কর্মা ফলকে প্রাপ্ত হয়েন সেই রূপ ঈশারকে ফলদাতা উভয় মতেই অর্থাৎ নৈয়ায়িক খ্রিফীনেরাই কহেন এবং ঈশারের ইচ্ছা নিভ্য ইহাও উভয় মতে শ্বীকার করেন শত্রেব এ মতকৈ গ্রহণ করিলে যদি

एकांच इंग्र जरव उँख्य मर्ट्ड ममान लांच म्लार्निटकः। वञ्च मकल शृथकः পৃথক কালে উৎপন্ন হইলে ইচ্ছার নিত্যত্বে দোষ পড়েনা যেহেডু পরমেশ্বর কালাতীত বস্তু সকল কালিক যে কালে যাহার উৎপত্তি তাঁহার নিত্যেচ্ছায় হয় সেই কালে সেই বস্তু উৎপন্ন হইয়া থাকে ইহাতে তাঁহার ইচ্ছার নিত্যতায় কোনো ব্যাঘাত জন্মেনা। ক্রিয়া ও গুণের সহিত কর্ডার সম্বদ্ধকে সমবায় কহেন সেই সম্বন্ধে জগৎ কর্ত্তৃত্ব জগৎ কর্ত্তা যে ঈশ্বর তাঁহাতে আছে ইহাও সকল মত সিদ্ধ কর্তৃত্বনা থাকিলে কর্ত্তা শব্দ প্রয়োগ হয় না। আর দিক্কাল আকাশের অসম্বলিত কি ঈশর কি অন্য কোনো পদার্থকে মনেও ভাবা যায় না অতএব দিক্কাল আকা-শের অভাব স্বীকার করিলে কোনো বস্তুর প্রমাণ হইছে পারে না। ঈশবকে থ্রিফীনেরা ও নৈয়ায়িকেরা উভয়েই নিত্য কহেন অর্থাৎ ধাবৎ কাল ব্যাপিয়া আছেন অতএব সেই বিত্যকাল না থাকিলে ঈশ্বর নিত্য হয়েন না অথবা নিতা শব্দের অর্থ এই যে প্রথম ও অস্ত নাই এ অর্থ যেমন ঈশবে সম্ভবে সেই রূপ কালেও সম্ভবে ও ঈশবের নিতাত্ব জ্ঞান কালের জ্ঞানের সাপেক্ষ হয়। আর প্রত্যক্ষ সিদ্ধ জগতের সমবায়ি কারণ জগতের অতি ক্ষমতম অবয়ব হয় তাহার নাশ অসম্ভব সেই পৃথিব্যাদির হ্বন্ধতম ভাগকে পরমাণু কহেন অবয়ব রহিত পরমেশ্বরকে অথবা অভা-বকে পরমাণুর সমবায়ি কারণ কহা ধায় না অতএব পরমাণুর জন্য হওয়া व्यमस्तर के मकल अतमान् क्रेचरतम्हास शृथक् शृथक् म्प्यक् शृथक् কালে পৃথক্ পৃথক্ আকারে একত্র হইয়া নানাস্টি হইতেছে । যে যে জ্ঞান পূর্ব্বক কর্তা দেই সেই কর্তা দ্রব্য সংযোগ কার্য্য সম্পন্ন করেন প্র-ত্যক্ষ দেখি এবং ঈশবকে জ্ঞান পূর্বকৈ জগৎকর্তা সকল মতে মানেন অতএব পরমাণু কাল আকাশ সমভিব্যাহারে তাহারও অকৃত্ব নিশ্চিত হয় ইহাতে মহাশয় যে দোষ দেন এমতে কৰ্তা ও জীব বড় ঈশ্বর ছোট ঈশ্বর হয়েন তাহা লগ্ন হয় না যেহেতু ঈশবের জগৎ কর্ভুদ্ব ও স্বতন্ত্র কর্তৃত্ব জীবের কিঞ্চিৎ কর্তৃত্ব তাহাও ঈশ্বরাধীন হয় কিঞ্চিৎ অংশে সাম্য हरेल क्षेत्रक हत ना। **মिमनित महा**मत्रता अवः आमता क्षेत्रतक हैन्हा विभिन्ने प्रवा विभिन्ने कहि कीवरक्छ प्रवान् ए रेक्टा विभिन्ने कहिना थाकि

ইহার শ্বারা জীব ও ঈশ্বরকে কি মিসনরি মহাশ্বরা কি আমরা কেহ বড় ঈশ্বর ছোট ঈশ্বর স্বীকার করি না।

মীমাংসা শাল্তের প্রতি দোবোক্তেথ করেন যে সংস্কৃত শব্দ রচিত
মন্ত্র ও সেই মন্ত্রাত্মক যাগ নানাবিধ দ্রব্য যোগে যে আশ্চর্য্য রূপী কল
জন্মে সে ঈশ্বর হয় এ দর্শনে এমৎ কহেন কিন্তু মমুষ্ট্রের মধ্যে নানা
ভাষা ও শাল্র এবং ভাষা ও দ্রব্য ক্রই কর্ড ও মমুষ্ট্রের অধীন কিন্তু মমু'ব্যের অধীন যে দ্রব্য ও ভাষা তাহার অধীন যে কর্ম ফল তাহাকে এই
শাল্রে ঈশ্বর কি রূপে কহেন প্নরায় লিখেন যে মীমাংসা শাল্তে কহেন
ঈশ্বর কর্ম রূপী এক হয়েন কিন্তু কর্ম নানা এ বিধানে ঈশ্বরের একত্ব
কি প্রকারে প্রতীত হয় বিশেষত যে যে দেশে সংস্কৃত শব্দে কর্ম না হয়
সে সে স্থান অনীশ্বরীয় কেন না হয়।

উত্তর—প্রথমত আপনাকার ছুই আশহার পূর্বাপর ঐক্য নাই একবার লিখিলেন কর্ম্মণল ঈশ্বর প্ররায় লিখিলেন ঈশ্বর কর্ম হয়েন দে যাহাহউক মীমাংশকেরা ছুই প্রকার হয়েন যাহাদের কর্ম পর্যন্ত কেবল পর্যাবসান তাঁহারা নান্তিকের প্রভেদ কিন্ত যাঁহারা ঈশ্বরকে স্বীকার করিয়া কর্ম হইতে তাবৎ ভোগাভোগ মানেন তাঁহাদের তাৎপর্য্য এই যে মনুষ্য সৎকর্ম করে সে উত্তম ফল পায় অসৎ কর্ম করিলে অধম ফল পায় ঈশ্বর ইহাতে নির্লিপ্ত কাহাকে ঈশ্বর আপন আরাধনাতে ও সৎ কর্মে প্রন্তি দিয়া অথ দেন কাহাকে বা আপন হইতে ওদাস্য প্রদান পূর্বক অসৎ কর্মে প্রন্তি দিয়া আরাধনা করে না এ নিমিত্তে ছঃখ দেন এমত স্বীকার করিলে তাঁহাতে বৈষম্য দোষ হয় যেহেতু উত্তয়ই তাঁহার সমান কার্য্য হয় অতএব এরূপ মীমাংসা মতে ঈশ্বরের একত্বে কোনো দোষ হয় না ॥

পাতঞ্জল মতে দোষ দিবার ব্রুসময়ে লিখেন যে ওই শাস্ত্রে যোগ সাধন রূপী কর্ম কহিয়াছেন অতএব মীমাংসক মতে পাতঞ্জল ুমতকে ভুক্ত করা গেল।

উত্তর-পাতঞ্জল মতে যোগ বাধন দারা সূর্ব ছু:খ নিবারণ হইরা মুক্তি হয় এমং কহেন এবং ঈখরকে নির্দ্ধোষ অতীক্রিয় চৈতন্য স্বরূপ সর্বাধ্যক করেন অভএব মহাশয় কি বিবেচনায় মীমাংসা] মতে পাতঞ্লল মতকে ভুক্ত করিলেন জানিতে পারিলাম না।

সাংখ্য মতে দোষ দেন যে প্রকৃতি পুরুষ চনক দ্বিদল তাহাতে পুরু-বের প্রাধান্য, বিধানে তাঁহাকে অরপী এক কহেন ইহাতে ঈশবের দ্বৈত আইসে।

উত্তর অদৃশা ও ব্যাপক প্রকৃতি কার্য্যোৎপত্তিতে ও বিশের প্রবাহে চৈতন্যের অধীন হয়েন অতএব চৈতন্যের প্রাধান্য কেবল হয় স্কৃতরাং চৈতন্য কেবল ইয়েক হয়েন। বেদার্থ বক্তাদের ঘদ্যপিও অন্য অন্য অনাত্ম পদার্থে মত ভেদ আছে কিন্তু ঈশ্বরকে আকার ও কুণপ কিম্বা ক্রম্ব ও মৃত্যু বিশিক্ত কহেন না ইতি।

हेशद त्मव छे खत छूटे एवंद मःथा व तथा वांहे त्वक हे छि।

সংখ্যা ২

শাঠার শও একুশেব চদ্দঞি জ্লায়ের সমাচার দর্পণে লিথিত পত্তের একদেশ ঘাহাতে হিন্দুর তাবৎ শাস্ত্রের দোষ কম্পনা আছে।

পঞ্চম প্রশা। প্রাণ ও তন্ত্র শারাদিতে ঈখরের নানা বিধ নাম ও রূপ ও ধাম মানিয়া উপাস্য উপাসনা জীবের সহিত জীবের কল্যাণ দায়ক বিধানে স্থির পূর্বক গুরু করণীয় গৌরব ও গুরু বাক্যে দৃঢ়তার বিধান কহিয়াছেন এবং ঐ সাকার ঈখরের অন্মদাদির ন্যায় স্ত্রী পুত্র ও বিষয় ভোগী ইন্তিয় গ্রামবাসী স্থির পূর্বক বিভূছ মানিতেছেন ইহা অভি আর্শ্য আদৌ এমতে নানা ঈখর ও বিষয় ভোগী সম্ভব। বিভীয়তো নাম রূপ বিশিষ্টের বিভূছ কোন ক্রমে সম্ভবনা। যদি বল অন্মদাদির ন্যায় ইন্তিয়ে তাঁছার নহে একথা উন্তমা কিন্তু প্রাপঞ্চিক ইন্তিয় বিশিষ্ট বেরূপ অন্মদাদি আছি তেঁছ এমত না হইলে অপ্রাপঞ্চিক ইন্তিয় বুজু মানিতে হবেক অপ্রাপঞ্চিক বিষয় করন প্রপঞ্চ বানিতে গারে না ভবে কি ক্রমে তাঁছার নাম ও রূপ স্বীকার করি। ভূতীয়ত ঐ

পালে কহেন কখন নাম রূপ বিশিষ্ট কিন্তু জীবে প্রপঞ্চ চকুর্যারা দেখিতে পার না এ বিধানে রূপ নাম কি জমে মানিতে পারি। চতুর্থ গুরু বাক্য নিষ্ঠার যে প্রসঙ্গ ঐ পালে আছে যে ব্যক্তি যে বস্তু অক্সভূত নহেন তাঁহার সে বস্তু নির্গরের শিকা দেওন কি জবে শুভ দারক বরং বাধ হয় যে ব্যক্তি জারা পরম পথ জানিবার ইচ্ছা যাহার থাকে তাহার ক্রতিত্ব স্থম্মর জ্ঞাত পরে বদি তাঁহার কথার দার্চ্য করে তথাচ সম্ভব তন্তির দেশ চনিত লৌকিক গুরু করণীয় ছারা লাভ কি।

বর্ষ প্রশ্ন। হিন্দুদের শাস্ত্র মতে জীবের জন্ম মৃত্যু কর্ম বশতো বারস্বার স্থাবর জন্ম শরীর হয় কেচিৎ মতে এই দেহ ত্যাগ পরে অখণ্ড স্বর্গ নরক ভোগ হয় ও কেচিৎ মতে ভোগাভাব ও ভারতবর্ষীয় মন্ত্র্যা ভিন্ন আন্য বর্ষীয় মন্ত্রেয়র কর্মাকর্ম ভোগ ও অন্য জীবের কর্ম নাই। ইহার কোন মত সত্য পরস্পর শাস্ত্রের সমন্বয় কি ক্রমে সম্ভব আঞ্চা হবেক।

কোন বিজ্ঞ ব্যক্তি দূর দেশ হইতে এখানে এই করেক প্রশ্ন সম্বলিত পত্র প্রেরণ করিয়াছেন তাঁহার বাসনা এই যে ইহার প্রত্যেক প্রশ্নের প্রত্যুত্তর প্রাপ্ত হন অতএব ছাপান গেল। ইহার সমূত্তর যে কেহ করেন তিনি মোং শ্রীরামপ্রের ছাপাখানাতে পাঠাইলে তাহা ছাপা করিয়া সর্বত্ত প্রকাশ করা বাইবেক।

সমাচার দর্পণের লিখিত পত্রের উত্তর বাহাতে হিন্দুর শাস্ত্রের দোষ-উদ্ধার আছে ও যাহা শ্রীরামপুরে পাঠান গিয়াছিল কিন্তু ছাপা কর্ত্তা বমা-চার দর্পণে স্থান দেন নাই এ নিমিত্ত তাহার একদেশ ইহাতে ছাপান রেল।

পঞ্চম প্রশ্নের উত্তর। পুরাণ তন্ত্রাদি শাল্কে দোনোল্লেখ করেন যে তাহাতে ঈখরের নানা বিধ নাম রূপ ও ধাম মানিয়া জীবের কন্যানের নিমিত্ত তাহার উপাসনা কর্ত্তব্য কহিয়াছেন এবং গুরু করণের বিধি ও গুরু বাক্যে বিখাস করিতে লিখেন ওই সাকার ঈখরকে স্ত্রী পুত্র বিশিষ্ট ও বিষয় ভোগী ও ইক্রিয় গ্রামবাসী মানিয়া তাঁহার বিভূত্ব মানিতেছেন এমতে আদৌ নানা ঈশর ও বিষয় ভোগী সম্ভবে বিতীরত নাম রূপ

বিশিক্টের বিজুম্ব কোনো বতে সম্ভবে না ভূতীয়ত ঐ শাল্পে কহেন ঈশ্বর-নাম রূপ বিশিক্ট কিন্তু প্রাপঞ্চ চকুর ছারা জীব দেখিতে পার না এ বিধানে নাম রূপ কি প্রকারে মানিতে পারি।

উত্তর-পুরাণাদি শাল্তে সর্ব্বথা ঈখরকে বেদান্তামুসারে অতীক্রিয় আকার রহিত কহেন পুরাণে অধি ক এই যে মন্দ বুদ্ধি লোক অভীপ্রিয় মিরাকার পরমেশ্বরকে অবলম্বন করিতে অসমর্থ হইয়া সম্যুক প্রকারে পরমার্থ সাধন বিনা জন্ম ক্ষেপ করিবেক কিমা তুমর্ঘ্যে প্রবর্ত হইবেক অতএব নিরবলম্বন হইতে ও ছুম্ম হইতে নিরুত্ত করিবার নিমিত্ত ঈশ্ব-**ब्राटक मञ्जूमा**नि আकारत ७ य य ए किया मञ्जानित मर्खना श्रष्ट इन তিছিশিক্ট করিয়া বর্ণন করিয়াছেন যাহাতে তাহাদের ঈশ্বর উদ্দেশ হয় পরে পরে যতু করিলে যথার্থ জ্ঞানের সম্ভাবনা থাকে কিন্তু বারংবার ঐ পুরাণাদি সাবধান পূর্বক কহিয়াছেন যে এ সকল রূপাদি বর্ণন কেবল কম্পনা করিয়া মন্দ বুদ্ধির নিমিত্ত লিখিলাম বস্তুত পরমেশ্বর নাম রূপ হীন ও ইন্দ্রিয় গ্রাম বিষয় ভোগ রহিত হয়েন। মাণ্ডুক্য ভাষ্যধত বচন। নির্বিশেষং পরং ব্রহ্ম সাক্ষাৎ কর্ত্তু মনীখরাঃ। যে মন্দান্তেহসূপ্পকন্তে সবি-শেষনিরূপবৈঃ। স্মার্তপ্রত্যমদ্গিব্চন। চিশ্বয়সাদ্বিতীয়স্য নিম্কলস্যা-শরীরিণঃ। উপাসকানাং কার্য্যার্থং ব্রহ্মণোরূপকম্পনা। মহানির্ব্বাণতত্ত্ব। এবংগুণামুসারেণ রূপাণি বিবিধানিচ। কম্পিতানি হিতার্থায় ভক্তানা-মম্পনেধসাং। কিন্তু ইহা বিশেষ রূপে জানা কর্ত্তব্য যে তন্ত্র শান্তের অন্ত নাই সেই রূপ মহাপুরাণ ও পুরাণ ও উপপুরাণ এবং রামারণাঞ্চি গ্রন্থ অতি বিস্তার এ নিমিত্ত শিক্ত পরস্পরা নিয়ম এই যে যে পুরাণ ও ডম্রাদির টীকা আছে ও যে যে পুরাণাদির বচন মহাজন গ্রত হয় তাহারি র্থামাণ্য অন্যথা পুরাণের অথবা ডন্ত্রের নাম করিয়া বচন কহিলে প্রামাণ্য হয় এমৎ নহে অনেক পুরাণ ও তন্ত্রাদি যাহার টীকা নাই ও সংগ্রহকারের ধুত নহে তাহা আধুনিক হইবার সম্ভব আছে কোনো কোনো পুরাণ তন্ত্রাদি এক দেশে চলিত আছে অন্য দেশীয়েরা তাহাকে কাম্পনিক ক্রেন বর্ঞ এক দেশেই কতক লোক কাহাকে মান্য করেন কতক লোক নবীন ক্বত জানিয়া অমান্য করেন। অতএব সচীক কিছা

মহাজন গ্রত পুরাণ তত্তাদির বচন মান্য হয়েন। গ্রন্থের মান্যা-মান্যের সাধারণ নিয়ম এই যে সকল গ্রন্থ বেদ বিকৃষ্ক অর্থ কছে ভাহা অপ্রমাণ। মন্ত্র:। বাবেদবাহ্নাঃ স্কৃতয়োবাশ্চ কাশ্চ কুদুক্টয়ঃ। সর্ব্বা-ন্তানিক্ষলাঃ প্রেত্য তমোনিষ্ঠাহি তাঃ স্কৃতাঃ। কিন্তু মিসনরি মহাশয়েরা উপনিবদাদি ও প্রাচীন স্মৃত্যাদি ও শিষ্ট সংগৃহীত পরম্পরা সিদ্ধ তন্ত্রাদি ध नकरलत्र अर्थत्र विवत्र हेश्तंबी ভाষাতে श्रीय करतन ना कि द्धारति বিরুদ্ধ শিষ্টের অসংগ্রহীত পরম্পরায় অসিদ্ধ গ্রন্থের বিবরণ আপন ভাষাতে করিয়া হিন্দুর ধর্মা অতি কদর্য্য ইহাই সর্ব্বদা প্রকাশ করেন। পুরাণ ও তত্ত্বে দোষ দিবার উদ্দেশে লিথিয়াছেন যে পুরাণে ঈশবের নানাবিধ নাম রূপ কছেন ও জী পুত্র বিশিষ্ট ও বিষয় ভোগী ও ইন্দ্রিয় গ্রাম বাসী করেন ইহাতে নানা ঈখরত্ব ও ঈখরের বিষয় ভোগ সম্ভবে ও ঈশ্বরের বিভুজ থাকেনা অতএব মিসনরি মহাশয়দিগ্যে বিনয় পূর্বক জিজাদা করি যে তাহারা মহুষ্য রূপ বিশিষ্ট য়িশুখিন্টকে ও কপোত রূপ বিশিষ্ট হোলি গোন্টকে সাক্ষাৎ ঈশ্বর কহেন কি না আর সাক্ষাৎ ঈশ্বর য়িশুখীকৌর চক্ষুরাদি জ্ঞানেক্রিয় ভোগ ও হস্তাদি কর্ম্মেক্রিয়ের ভোগ তাঁহারা মানেন কি না এবং তাঁহাকে ইন্দ্রিয় গ্রাম বাসী ভূত স্বীকার করেন কি না অর্থাৎ ঠাহার ক্রোধ হইত কি না তাঁহার মনঃপীড়া হইত কি না তাঁহার ছু:খ বেদনাদি জবিত কি না ও তাঁহার আহারাদি ছিল কি না তেঁহ আপন মাতা ও ভ্রাতা ও কুট্র সমভিব্যাহারে বছকাল যাপন করিয়াছেন কি না ও তাঁহার জন্ম মৃত্যু হইয়াছিল কি না এবং সাক্ষাৎ কপোত রূপ বিশিষ্ট হোলিগোষ্ট এক স্থান হইতে অন্য স্থানে প্রবেশ করিতেন কি না আর স্ত্রীর সহিত আপন আবির্ভাবের দ্বারা য়িশুর্থীষ্টকে সস্তানোৎপত্তি করিয়াছেন কি না যদি এ সকল তাঁহারা স্বীকার করেন তবে পুরাণের প্রতি এ দোষ দিতে পারেন না যে পুরাণ মতে ঈশ্বরের নাম রূপ সিদ্ধ হয় ও তাঁহাকে বিষয় ভোগী ও ইন্দ্রিয় গ্রাম বসী মানিতে হয় ও ঈশ্বরকে স্ত্রী পুত্র বিশিষ্ট মানিতে হয় ও স্মাকার বিশিষ্ট হইলে তাঁহার বিভুদ্ধ থাকে না যে হেতু এ সকল দোষ অর্গৎ ঈশ্বরের নানাত্ব ও ঈশরের বিষয় ভোগ ও অবিভূত্ব সংপূর্ণ মতে তাঁহাঁদের প্রতি সংলগ্ন হয়।

বদি কহেন বে তাবৎ অসম্ভব বস্তু বাহা হৃষ্টির প্রধানীর অভি বিপরীত ভাহা ঈশবের শক্তির ছারা সম্ভব হয় তবে হিন্দুরা ও নিসনরিরা উভয়েই আপন আপন অবতারের সংস্থাপনের জন্যে এই অযোগ্য সিদ্ধান্তকে অবলঘন সমান রূপে করিতে পারেন। রন্ধ ব্যাস মহাভারতে সভ্য কহি-য়াছেন। রাজন্ সর্বপমাত্রাণি পরছিজাণি পশ্যতি। আক্সনোবিল্মাত্রাণি পশারপি নপশাতি। বরঞ্ধ পুরাণে কছেন বে নাম ও রূপ ও ইব্রিয় ভোগাদি বাহা ঈশবের বর্ণন করিলাম সে কাম্পানিক মন্দ বুদ্ধির চিন্তাব-লয়নের নিমিত্তে কৃথিয়াছি কিন্তু মিসনরি মহাশরেরা কহেন যে বায়বেলে নাম রূপ ও বিষয় ভোগ যে ঈশ্বরের বর্ণন আছে সে যথার্থ অতএব নানা ঈশরত্ব ও ঈশরের অবিভূত্ব ও ইন্দ্রিয় গ্রাম বাসিত্ব দোষ তথ্য রূপে সিস-নরি মহাশরদের মতেই কেবল উপস্থিত হয়। দ্বিতীয়ত হিন্দুদের পুরাণ ভদ্রাদি বেদের অঙ্গ কিন্তু সাক্ষাৎ বেদ নছেন বেদের সহিত পুরাণাদির ष्यतिका इहेल वे भूतानामित्र तहन व्यवाश हत । व्यक्तिवृधितिरद्वार्थ कृ শ্রতিরেব গরীয়সী। অবিরোধে সদা কার্য্যং স্মার্ত্তং বৈদিকবৎ সতা। স্মার্ত্ত शुष्ठ वहन । किन्कु वांत्रदिन भिजनित भरानगरानत जाकां दिन राजन ষাহার বর্ণনের মারা তাঁহারা এ সকল অপবাদ যথার্থ জানিয়া ঈশ্বরে দিয়া থাকেন অতএব ষথার্থ দোষ ও দোষের আধিক্য তাঁহাদের মতেই দেখা सांग्र।

ষষ্ঠ লিখিয়াছেন যে যে গুরুর বস্তু অনুভূত নহে তাঁহার সে বস্তু নির্ণরের শিক্ষা দেওন কি ক্রমে শুভ দায়ক হয় দেশ চলিত লৌক্তিক গুরু করণের কি ফল।

উত্তর—এ আশহা হিন্দুর শাস্ত্রে কোনো মতে উপস্থিত হয় না বেহেতু শাস্ত্রে কহেন যে ব্যক্তির বস্তু অন্তুত আছে তাঁহাকেই গুরু করিবেক জন্য প্রকার গুরু করনে পরমার্থ সিদ্ধ হয় না। মুগুরু শ্রুতিঃ। তবিজ্ঞা-নার্থং সগুরুমেবাভিগছেৎ সমিৎপাণিঃ শ্রোক্রিয়ং ব্রন্ধনিষ্ঠং। তব্ত্তে। গুরুবোবহুবঃ সন্তি শিষ্যবিজ্ঞাপহারকাঃ। হুর্লভোহয়ং গুরুর্দেবি শেবা-সন্তাপহারকঃ। গুরুর লক্ষণ। শাস্তোদান্তঃ কুলীনক্ষ্ঠ ইত্যাদি। রক্ষানক্ষ ধৃত বচন। শেষে লিখেন যে হিন্দুদের শাস্ত্র মতে কর্ম্ম বশত বারম্বার স্থাবর ক্ষম শরীর হয় ও কোনো মতে এই দেহ ত্যাগ পরে অখণ্ড স্থর্গ নরক ভোগ হয় কোনো মতে ভোগাভাব।

উত্তর-হিন্দুর কোনো মতে এমৎ লিখিত নাই যে ভোগাভাব এ নান্তিকের মত কিন্তু ইহা প্রমাণ বটে বে শাল্রে লিখেন বে কোনো কোনো পাপ পুণ্যের ভোগ ইহলোকেই হয় কাহার বা পাপু পুণ্যের ভোগ মৃত্যুর পর অর্গ নরকে ঈশ্বর দেন কাহার বা পাপ পুণ্যের ভোগ অন্য স্থাবর জন্মাদির শরীরে পরম নিয়ন্তা দিয়া থাকেন ইহাতে পরস্পর **কি দোৰ কৰে।** যৈ সমন্বয় করিতে লিথিয়াছেন। খ্রীফ্রান মতেও ভোগের নানা প্রকার লিখন আছে কাহার বা পাপ পুণ্যের ভোগ ঈশ্বর ইহলোকেই एन (यमन देहिमिनित्रा वात्रवात जाहारात शांभ शूर्वात कल देहरलारक ষ্ট্রাম্বর দিয়াছেন এ রূপ বায়বেলে লিখিত আছে বরঞ্চ য়িশুখিষ্ট আপনি करिय़ाह्म य राक क्रांश कान कतिल जामार्मत कर्मकल এই लाकिह প্রাপ্ত হইবেক আর কাহার বা মৃত্যুর পরে শুভাশুভ ভোগ হইয়াছে ইহাও ঐ বায়বেলে লিখেন এ রূপ কথনে বায়বেলে অনৈক্য দোষ জন্ম ना स रहे भेदामधन कल गांठा काहारक थहे लारकहे कल राम काहा-**८०७ वा भत्रत्नारक** कल रमन। शिक्षात्नत्रा मकरल श्रीकांत्र करतन खं এ দেহ নাশ হইলে পাপ পুণ্যের ফল দানের সময় ঈশ্বর জীবকে এক भंतीत क्या मिरे भंतीत विभिक्ते जीवत्क स्थ अथवा दृःथ ऋश कर्या कन **पिर्दिन यहि एक्टि**त थानानीत अना 'थाकादि कीवरक भंतीत दिया केथत কর্ম্ম ফল ভোগ করাইতে পারেন এমৎ তাঁহারা মানেন তবে স্ফির পর-ম্পব্না নির্ব্যন্ধের অনুসারে দেহ দিয়া জীবকে ভোগাভোগ দেন ইহাতে অসম্ভব জ্ঞান কেন করেন। ভারতবর্ষীয় মনুষ্য ভিন্ন অন্য বর্ষীয় মনু-ব্যের কর্মাকর্ম ভোগ নাই আপনি লিখিয়াছেন এমত কোন স্থানে আমাদের পাত্তে দৃষ্ট হয় না কিন্তু অন্য বর্ষীয় মহুযোর কর্ম নাই ইহা শিখিয়াছেন, ভাহার তাংপর্যা এই যে বেলোক কর্ম নাই সে প্রাজ্যক সৈদ্ধ বটে অতএব শারের পরস্পার সর্বাধা সমন্বর আছে এই क्रभ ७ भक्तम्भव वर्णात्व माथाउ जानित्वन वर्षा ठावर वर्णन जैवेत्रकः

প্রক অতীক্রিয় সর্ব্ধ শ্রেষ্ঠ করেন কেবল অন্য অন্য পদার্থের নিরূপণে বিনি বে প্রকার বেদার্থ বুবিয়াছিলেন তিনি সেই রূপে তাৎপর্যা বর্ণন করিয়াছেন সেই রূপ বায়বেলেরও ট্রীকাকারদের কোনো কোনো অংশে পরস্পর অনৈক্য হওয়াতে বায়বেলে দোষ জন্ম না এবং ট্রাকাকারদের মহিমার লঘুতা হয় না।

পুনশ্চ হিন্দুর শাস্ত্রে বৃক্তি বিরুদ্ধ যে দোষ দিয়াছিলেন তৰিষয়ে কিঞ্চিৎ লিখিলাম কলিকাতা ও প্রীরামপুর প্রভৃতি স্থানে পাদরি মহাশরেরা আছেন পশ্চাতের লিখিত তাঁহাদের মত কি রূপে যুক্তি সিদ্ধ হয় ইহার মীমাংসা লিখিয়া রুতার্থ করিবেন। য়িশুখিয়্টকে ঈশরের পুত্র কহেন এবং সাক্ষাৎ ঈশর কহেন কিরূপে পুত্র সাক্ষাৎ পিতা হইতে পারেন। য়িশুখিয়্ট কখন কখন মহুয়ের পুত্র কহেন অথচ কহেন কোনো মহুয়া তাঁহার পিতা ছিল না।

ঈশ্বরকে এক কছেন অথচ কছেন পিতা ঈশ্বর পুত্র ঈশ্বর হোলিগোর্ট ঈশ্বর।

ক্ষরকে অপ্রপঞ্চ ভাবে আরাধনা করিবেক কহিয়া থাকেন অথচ প্রপঞ্চান্থক শরীরে য়িশুখিফুকৈ সাক্ষাৎ ক্ষর বোধে আরাধনা করেন। কহিয়া থাকেন যে পুত্র অর্থাৎ য়িশুখিফু পিতা হইতে সর্বব্যোভাবে অভিন্ন অথচ কহেন তিনি পিতার তুল্য হয়েন কিন্তু পরস্পর ভিন্ন বস্তু ব্যতিরেক তুল্যতা সম্ভবেনা। এ সকলের উত্তর পাইলে অত্যস্ত উপকৃত হইব ইতি শেষ ইতি।

৩ সংখ্যা।

नत्या जगनीयत्रात्र।

বান্ধণ সেবধির ছইয়ের সংখ্যা যাহা কএক সপ্তাহ হইল ইংরেজী ও বান্দলা ভাষাতে রচিত ছইয়া প্রচার হইয়াছিল ভাষার প্রভ্যুক্তর ফেও-ইণ্ডিয়া প্রস্থের ৩৮ সংখ্যায় কেবল ইংরেজী ভাষাতে প্রকাশিত হইয়াছে। এই শালীয় বিচার প্রধান রূপে এতদেশীয়ের উপকারের নিমিত আর খানুসঙ্গিক ক্লাপে বিলাতি লোকের বাবহারের জন্যে উভয় পক্ষে আরস্তা হইয়াছে একারণ আমার এই প্রতাক্ষা ছিল যে ফুণ্ড ইণ্ডিয়া প্রস্কৃত্যা কিছা অন্য কোন মিসনরি মহাশায় ইহার প্রত্যুত্তর ইংরেজী ও বাঙ্গলা উভয় ভাষাতে রচনা করিয়া আমার ব্রাহ্মণ সেবধিতে প্রকাশ করিবার নিমিক্ত পাঠাইবেন তাহাতে কেবল ইন্তরেজী উত্তর পাইয়া নিরাশ হইলাম সে যাহা হউক যে রূপ উত্তর লিখিয়াছেন তাহাই গ্রহণ করিলাম এবং সেই প্রত্যুত্তরের উত্তর বিনয় পূর্বকৈ লিখিতেছি।

আমার প্রথম প্রশ্ন ব্রাহ্মণ সেবধিতে এই ছিল যে "য়িশুথিক্টকে ঈশ্ব-বের পুত্র কহেন এবং সাক্ষাৎ ঈশ্বর করেন কিরূপে পুত্র সাক্ষাৎ পিতা হইতে পারেন" তাহাতে যে নিদর্শনের দ্বারা আমি ঐ প্রশ্ন করিয়াছিলাম তাহাকে আপনি অতথ্য জানাইয়া লিখিয়াছেন যে "বাইবেলে এমৎ কোন शांत निर्यन नारे य भूज विश्विष्ठ मांकार भिजा क्रेश्वन रखन" अ নিমিত্ত আমি যে কারণে এপ্রশ্ন করিয়াছিলাম তাহার বিববণ লিখা আব-শাক জানিলাম বাছাতে সকলে বিবেচনা করিবেন যে ঐ প্রশ্ন তাঁহাদের আলাপে এবং ধর্ম সংক্রান্ত গ্রন্থ অমুসারে যুক্ত কি অযুক্ত হয়। থিস্টান ধর্ম্মের উপদেশ কর্তারা ইহা সীকার করেন যে ঈশার এক ও য়িশুপ্রিফ্ট ঈশরের পুত্র এবং সাক্ষাৎ ঈশর হয়েন তাঁহাদের এই উক্তির দ্বারা আমি স্থতরাং ইহা উপলব্ধি করিয়াছিলাম যে তাঁহারা ইহা অভিপ্রায় করেন যে পুত্র মিশুখিক্ট সাক্ষাৎ পিতা হয়েন অতএব পুত্র কি রূপে পিতা হইতে পারেন ইহাই প্রশ্ব করিয়াছি যেহেতু যদি কোন ব্যক্তি কহে যে দেবদক্ত এক হয় আর যজ্ঞদত্ত তাহার পুত্র কিন্তু পুনরায় কহে যে যজ্ঞদত্ত সাক্ষাৎ দেবদন্ত হয় তবে আমরা ইহার দারা স্থতরাং এই উপলব্ধি করিব যে তাহার অভিপ্রায় এই যে পুত্র সাক্ষাৎ পিতা হয় এবং জিজ্ঞাসা করিব যে পুত্র কিরুপে পিতা হইতে পারে। সে যাহা হউক থি্ফান ধর্মের প্রধান পাদরিদের মধ্যে গণিত হইয়া আপনি যথন ইহা কহিলেন যে "বায়বেলে এমৎ কোন স্থানে লিখেন নাই যে পুত্র পিতা হয়েন বরঞ্চ বাইবেলে এমৎ কহেন বে পুদ্র য়িভগুষ্ট বভাবে এবং বরূপে পিতার তুল্য হয়েন ও পিতা হইতে পৃথক ব্যক্তি হরেন" আর আমাকে মহ্ধ্য জাতির মধ্যে

বিবেচনা করিতে অমুমতি করিয়াছেন যে প্রত্যেক পুত্র তাহার পিতার সহিত যদি এক মহুষ্য স্বভাব না হয় তবে সে অবশ্য রাক্ষস হইতে পারে। যদি আমি বায়বেলের অর্থ আপনকার অপেক্ষায় অধিক জানি এমৎ অভিমান করি তবে আমার অতিশয় স্পর্দ্ধা হয় অতএব আপনকার অত্ব-মতি ক্রমে ঐ সাদৃশ্যের দারা আমি ইহা অঙ্গীকার করিতাম যে ঈশবের পুত্র ঈশার হয়েন যেমন মন্তব্যের পুত্র মনুষ্য হয় যদি ঐ স্বীকারের দারা আপনকার অন্য এই বিশেষ উপদেশকে অবশাই পরিত্যাগ করিতে না হইত যে "পুত্র য়িশুখিষ্ট পিতার সহিত সর্বকাল স্বায়ী হয়েন" বেহেতু মহুষ্যের পুত্র মহুষ্য হয় এই সাদৃশোর ছারা ঈশবের পুত্র ঈশব হয়েন ইহা যেমন উপলব্ধি হয় সেইরূপ ঐ সাদৃশো ইহাও প্রতিপন্ধ হয় যে পুক্ত পিতার সমকালীন কোন মতে হইতে পারেন না কেন না যদি মহুযোর পুত্রকে পিতার সমকালীন স্বীকার করা যায় তবে দে রাক্ষস হইতেও কোন অধিক অন্ত হইতে পারিবেক। পৃথক্ পৃথক্ ধর্মাবলম্বি তাবৎ ব্যক্তিরা ইহা স্বীকার করেন যে ঈশ্বর যখন মন্ত্যাকে কোন ধর্ম ও শাস্ত্র উপদেশ করেন তখন তাঁহাদের ভাষার নিয়মিত অর্থের ছারা প্রকাশ করিয়া থাকেন অতএব আমি বিনয় পূর্ব্বক আপনকার নিকট আমার পরের প্রশ্নের এক স্পষ্ট উত্তর প্রার্থনা করিতেছি মিসনরি মহাশররা ঈশ্বর এই শব্দকে সংজ্ঞা শব্দ কহেন কি জাতি শব্দ কহেন ইহা জানিতে চাহি যেহেতু গুণ ও ক্রিয়া ভিন্ন যাবৎ শব্দ এই ছুই প্রকার অর্থাৎ কথক कांि मक ७ कथक् मःका मक इरा। यनि करहन या नेश्वत এই श्रम मःका শব্দ হয় তবে তাঁহারা কদাপি কহিতে পারিবেন না যে ঈশ্বরের পুত্র ঈশ্বর হরেন কিরূপে আমরা মানিতে পারি যে দেবদত্তের কিখা যজ্ঞদত্তের পুত্র সাক্ষাৎ দেবদত্ত किशा यद्धमञ्ज हय अथवा দেবদত্ত ও यद्धमञ्जू नमान কালীন হয়। স্থার যদি ইহা কহেন যে লখর এই পদ জাতি বাচক হয় তবে মহুষ্যের পুদ্র মহুষ্য এই সাদৃশ্যের বলেতে তাঁহারা কহিতে পারেন বে ঈশবের পুত্রও ঈশর হয়েন কিন্তু এ প্রয়োগ তাঁহাদিগ্যে পরিত্যাগ করিতে হইবেক যে পুদ্র ও পিতা উভয়ে এক কালীন হয়েন বেছেতু পুত্রের সভা পিতার সভার পর কালীন অবশাই হইয়া থাকে।

এমতে ঈশর ও মন্থ্য এই ছুই জাতিবাচক শব্দের মধ্যে এই মাত্র প্রভেদ হইবেক যে মহুষ্যত্ব জাতির আশ্রয় অনেক ব্যক্তি আরু ঈশ্ববত্ব জাতির আত্রয় মিসনরিদের মতে তিন ব্যক্তি হয়েন যাঁহাদের অধিক শক্তি ও সম্ব স্বভাব হয় কিন্তু কোনো এক জাতির আশ্রয় ব্যক্তি যদি সংখাতে অম্প হয় এবং শক্তিতে অধিক তথাপি জাতি গণনার মধ্যে অবশ্যই স্বীকার করিতে হইবেক। জগতের বিচিত্র রচনার স্ক্রেন্দর্শি-দের নিকটে প্রসিদ্ধ আছে যে এক পাঠীন মৎস্যের গর্ব্ভে যত ডিম্ব জম্মে তাহা হইতে মহুষ্যত্ব জাতির আশ্রয় সমুদায় ব্যক্তিরা গণনায় সূান সংখা হয় এবং শব্জিতে অতিশয় অধিক হয় এ নিমিত্তে মমুষ্য শব্দের জাতি ৰাচকত্বে কোন ব্যাহাত হয় এমত নহে। আমরা প্রত্যক্ষ দেখিতেছি যে মমুষ্যত্ব জাতির আশ্রয় ব্যক্তি দেবদন্ত যজ্ঞদত্ত প্রভৃতি যদ্যপিও পিণ্ডেতে পৃথক্ পৃথক্ কিন্তু মমুধ্যত্ব স্বভাবে এক হয় সেইরূপ আপনকার মতে ঈশরত্ব জাতির আশ্রয় তিন ব্যক্তি পৃথক্ পৃথক্ হইয়াও ঈশরত্ব স্বভাবে এক হয়েন অর্থাৎ পিতা ঈশ্বর ও পুদ্র ঈশ্বর ও হোলিগোফী ঈশ্বর। আপনারা কহেন যে ঈশ্বর এক হয়েন সেকি এইরূপে এক কহিয়া থাকেন কি আশ্রুর্যা। এরপ যাঁহাদের মত তাঁহারা কিরুপে হিন্দুকে অনেক ঈশ্বরবাদি দোষ দিয়া উপহাস করেন যেহেতু হিন্দুরা অনেকে কহেন যে ঈশ্বর তিন হইতে অধিক হইয়াও বস্তুত ঈশ্বরত্ব ধর্মে সকলে এক হয়েন॥ আমার তৃতীয় প্রশ্ন এই ছিল যে "আপনারা ঈশ্বরকে এক কছেন অথচ কহেন পিতা ঈশ্বর ও পুত্র ঈশ্বর ও হোলিগোট্ট ঈশ্বর" ইহা আপনি স্বীকার করিয়া লিখিয়াছেন যে "বায়বেলে পিতা ও পুত্র ও হোলিগোষ্ট এই তিনকে এক ঈশরীয় স্বভাব ও পরিপূর্ণ করিয়া কহেন এবং কহেন যে যদ্যপিও তাঁহারা তিন পৃথক্ ব্যক্তি হয়েন তথাপিও এক স্বভাব ও এক ধর্মী হয়েন ও বায়বেলে মহুষ্যের প্রতি আক্রা দেন যে ঐ প্রত্যেক ঈশরকে আরাধনা করিবেক" অধিকন্ত আপনি লিখেন যে বায়বেলে কহেন "পিতা ও পুত্র ও হোলিগোষ্ট তুলা ক্রপে প্রসন্নতা ও স্বচ্ছুন্দতা মহুব্যকে দেন ও ভুলা রূপে মনুষ্যের অপরাধ ক্ষমা করেন" কিন্তু যাহা আমি জিজ্ঞাসা করিয়াছিলাম যে ইহা যুক্তি সিদ্ধ কিরূপে হয় তীহার ছন্দাংশে নাগিয়া

বরঞ্চ স্বীকার করিয়াছেন যে ইহাতে কোনো যুক্তি নাই এবং অযুক্তি সিদ্ধ ক্রটি বায়বেলে নিক্ষেপ করিয়াছেন যেছেতু কছেন যে "বায়বেল যদ্যপিও এসকল র্ডাস্ত স্পষ্ট কহিয়াছেন তথাপি আমাদিগ্যে জানান নাই যে কিরূপে পিতা ও পুদ্র ও হোলিগোষ্ট স্থিতি করেন ও কিরূপে তিনেতে 'এক হয়েন" আর আপনি লিখেন যে "যদ্যপিও বায়বেল আমাদিগ্যে জা-নাইতেন তথাপি আমাদের নিশ্চয় হয় না যে আমরা বোধগম্য করিতে পারিতাম" অতএব আপনকাকে ও অন্য মিসনরিদিগ্যে বেদান্ত ও অন্য অন্য শাল্পে অযুক্তি সিদ্ধ দোষ সমাচার দর্পণে প্রকাশ করিবাব পূর্বেই বিবেচনা করা উচিত ছিল যে তাঁহাদের মূল ধর্ম এরূপ অযুক্তি সিদ্ধ হয় যেত্তে এরপ বিবেচনা প্রথমে করিলে আপনার মূল ধর্মা অযুক্তি সিদ্ধ হয় ইহা স্বীকার করিবার মনস্তাপ পাইতেন না। তথাপি আপনি ঐ মত যাহা সর্ব্বথা যুক্তির এবং প্রমাণের বিক্ষম হয় তাহাতে লোকের নিষ্ঠা জন্মাইবার নিমিত্ত লিখিয়াছেন যে "যে সকল বস্তু আমাদের নিকট ও মধ্যে আছে ও যাহার বিশেষ উপলব্ধি আমাদের হয় নাই অথচ আমরা তাহার স্ত্তাতে কোনো সন্দেহ করি না যেমন রক্ষের চারা ও রক্ষ সকল কি রূপে মৃত্তিকা হইতে রস গ্রহণ করে ও সেই রস পত্তে ও পুষ্পে ও ফলে প্রদান করে ইহার বিশেষ কারণ না জানিয়াও লোকে বিশাস করে এবং কিরূপে জীব শরীরের অধ্যক্ষ হয়েন যে আপন ইচ্ছাতে মনুষ্য মন্ত-কের উপর হন্ত প্রদান করে আর কিরূপে এই দেহকে অত্যন্ত শ্রম নিখোজিত করে এ সকল বস্তুর কারণ না জানিয়াও বিখাস করা যায় যাহা আমাদিগো বেষ্টিয়া আমাদের মধ্যে আছে অতএব ইহাতে আমরা অস স্ভোষ জানাইতে পারি না যে তিন ঈশরে এক ঈশর যিনি হয়েন তিনি আপনার অনস্ত ও দর্কোৎকৃষ্ট স্বভাব দ্বারা কি বিশেষ রূপে স্থিতি করেন তাহা আমাদিগ্যে জানাইবার নিমিত্ত লঘুতা স্বীকার করেন নাই" আমি আশ্চর্যা বোধ করি যে আপনি কিমা কোনো সাধারণ জ্ঞানবান্ ব্যক্তি এই সাদৃশোর অত্যন্ত অহোগ্য ও অসংলগ্ন হওয়াকে উপলব্ধি করিতে না পারেন অর্থাৎ যে সকল বস্তু আমাদিগো বেঞ্চিয়া ও আমাদের মধ্যে থাকে ও ভিন্ন ঈশবের এক হওয়া যাহা আমাদিলো বেঞ্চিয়া ও আমাদের মধ্যে

কি থাকিবেন কেবল খ্রিষ্টানেদের মন:কম্পানাতে আছেন এই ছুয়ের সাদৃশ্য কি প্রকারে হইতে পারে। রক্ষাদির রন্ধি ও পত্র ও পুষ্পকে উৎপন্ন করা ও শরীরের উপর জীবের অধ্যক্ষতা সেই প্রকার হয় যাহা আমাদিগ্যে বেক্টিয়া ও আমাদের মধ্যে থাকে এবং কি থিস্টান কি থিস্টান ভিন্ন সকলের সমান রূপে প্রত্যক্ষ সিব্ধ হয় এবং যাহার ইন্দ্রিয় আছে সে কদাপি ইহাকে অস্বীকার করিতে পারে না বদ্যপিও কিরূপে ও কি নিয়মে त्रकामित त्रिक्क ७ कीरवत वशक्का जारा विराग तर्श छेशनिक रहा ना। কিন্তু ঐ সকল বন্তুর দারা ইহা সিদ্ধ হয় যে সাক্ষাৎ প্রত্যক্ষ সিদ্ধ ও প্রতাক্ষ মূলক প্রমাণ সিদ্ধ বস্তু সকল আমাদিগ্যে বলাৎকারে সেই সকল বস্তুতে নিশ্চয় করায়। অতএব জিজাসা করি যে রক্ষের রন্ধির নাায় ও জীব সংক্রাস্ত শরীরের ন্যায় ঐ তিন ঈশ্বরের ঐক্যতা কি আমাদিগ্যে বেষ্টিয়া কি আমাদের মধ্যে আছে আরু কি তাঁহারা বহিঃস্থিত বস্তুর ন্যায় খ্রিকানদের ও থিকান ভিন্ন ব্যক্তির প্রতাক্ষ সিদ্ধ হয়েন। কি ওাঁহারা উত্তর দেশীয় হিম পর্বতের ন্যায় হয়েন যাহা যদ্যপিও আমি দেখি নাই কিন্তু তাহার দ্রকীদের প্রমুখাৎ শুনিয়াছি এবং অন্য কোনো দ্রকী তাহার খণ্ডন করে নাই ও যাহা সকলের দেখিবার সম্ভব হয়। যদি এ প্রকার হইত তবে আমরা রক্ষের ন্যায় ও জীব সংক্রান্ত দেহের ন্যায়ও হিম পর্বতের ন্যায় তিন ঈশবে এক ঈশব হওয়াকেও বিশাস করিতাম যদাপিও উপলব্ধির বহির্ভ ও উপলব্ধির বিপরীত হয়। অভিপ্রায় করি বে খিস্টানের৷ তাঁহাদের বাল্যাবধি শিক্ষা বলেতে স্বীকার করেন যে ঐ তিন প্রত্যক্ষ সিদ্ধা হয়েন যেমন বাঙ্গলাতে তান্ত্রিকেরা পঞ্চ ব্রহ্ম কহেন অথচ ঐ পাঁচকে এক করিয়া জানেন ও বেমন ইদানীস্তন হিন্দুরা অভ্যা সের ছারা অনেক অবতারকে এক ঈশররপে প্রায় প্রত্যক্ষ সিদ্ধ করিয়া জানেন। প্রিক্টানেরা যাঁহারা যথার্থ রূপে আপন মার্ক্সিত বুজির অভি-মান রাখেন তাঁহারা কি রূপে এই অনন্বিত সাদৃশ্যকে স্বীকার করেন এবং অন্য অন্যকে ঐরপ থেছাভালের ছারা লোকের ভ্রম জন্মাইতে **(मन। ইহার কারণ আমার অভিপ্রা**য়ে এই হইতে পারে যে **ভাঁহাদে**র পণ্ডিতেরা গ্রীক ও রোমন পণ্ডিতদের ন্যায় এ সকলকে অযথার্থ জানিয়াও

লৌকিক নির্ব্বাহের জন্যে অনেকের মতে মত দিয়া থাকেন। আমাদের ইহা দেখিতে খেদ জন্মে যে অনেক খ্রিস্টানদের বাল্যকালের শিক্ষার দ্বারা অন্ত:করণ ঐ তিন ঈশ্বরে এক ঈশ্বর হয়েন এমতের পক্ষপাতে এরূপ মগ্ন হইয়াছেন যে তাঁহারা ঐ মতের বিপরীত শুনিলে ইন্দ্রিয়ের ও যুক্তির ও পরীক্ষার নিদর্শনকে ত্যাগ করিতে প্রস্তুত হয়েন। তাঁহারা কহিয়া থাকেন যে ব্রাহ্মণ পণ্ডিতেরা আপন মতাবলম্বিদের উপর অতিশয় প্রভূতা রাখেন কিন্তু ইহা তাঁহারা বিষ্মৃত হয়েন যে আপনারা কিরূপে আপন পাদরিদের প্রাবল্যের মধ্যে আছেন যে এরূপ সাদৃশ্যের ও প্রমাণের দোষ দেখিতে পারেন না ॥ আপনি প্রথম লিখেন যে "বায়বেলে আমাদিগ্যে জানান নাই যে পিতা ও পুত্র ও হোলিগোঠ কিরূপে স্থিতি করেন আর তিন ঈশ্বরে এক ঈশ্বর্যনি হয়েন তিনি আপনার অনস্ত ও সর্কোৎকৃষ্ট স্বভাব দাগ্রা কি বিশেষ রূপে স্থিতি ও ক্রিয়া করেন তাহা আমাদিগ্যে জানাইবার নিমিত্ত লযুতা স্বীকার করেন নাই" তথাপিও বায়বেলের নামোল্লেখ করিয়া তাঁ-হারা কি বিশেষ রূপে স্থিতি করেন ও কি কি বিশেষ ক্রিয়া করেন তাহা পৃথক্ পৃথক্ করিয়া লিথিয়াছেন "বে পুক্ত ঈশ্বর যিনি পিতা ঈশ্বরের সহিত সর্মকাল ব্যাপিয়া আছেন তিনি স্বর্গ মর্ত্ত্যকে স্ঠি করিয়াছেন আর তিনি পাপগ্রস্ত মন্মুয়ের প্রতি অত্যন্ত কৃপা করিয়া আপনার মহিমাকে কিঞ্চিৎ কালের নিমিত্ত ত্যাগ করিয়া আপন লঘুতা স্বীকার করিয়াছেন ও ভূত্যের আক্রতি গ্রহণ করিয়া পিতা ঈখরের আরাধনা ও আজাকারিত্ব স্বীকার করিলেন আর আপন পিতাকে প্রার্থনা করিলেন যে যে মহিমা পিতা ঈখ-রের সহিত স্টির পূর্বে তাঁহারছিল এবং যাহাকে কিঞ্চিৎ কালের নিমিত্ত আপন হইতে পৃথক্ করিয়াছিলেন তাহা তাঁহাকে দেন আর তিনি স্বর্মে যেখানে পূর্ব্বে ছিলেন তথায় পিতার অন্থমতিক্রমে আরোহণ করিলেন পরে তিনি পিতার দক্ষিণ পাখে বিসিলেন যে পিতা স্বর্গের ও মর্ক্তোর তাবৎ শক্তি মধ্যস্থ যে তিনি তাঁহাকে সমর্পণ করিলেন আর ঈশর হোলিগোফ পুদ্র ঈশবের উপর সাক্ষাৎ কপোতরূপে আসিরা পুদ্র ঈশবের অবতার হইবাতে স্বস্তিবাদ করিলেন "পিতা ঈশ্বর পুত্র ঈশ্বর হোনিগোফ্ট ঈশ্বর এই তিনের পৃথক্ পৃথক্ বিনাশ পৃথক্ পৃথক্ ক্রিয়া ও পৃথক্ পৃথক্ সভা

কৃহিয়া পুনরায় কহেন যে তাঁহারা এক হয়েন আর বাসনা করেন যে জন্য সকলেও তাঁহাদের এক হওয়াতে বিশ্বাস করে। তিন পৃথক্ জাব্যকে এক জ্ঞান করা ক্ষণ মাত্রও সম্ভব হয় না সেই তিনের এক ব্যক্তি স্বর্গে থাকিয়া দিতীয় ব্যক্তির প্রতি প্রসন্নতা দেখান আর তাঁহার দিতীয় ব্যক্তি তৎকালে মর্ক্তালোকে থাকিয়া ধর্ম্ম যাজন করেন তাহার মধ্যে তৃতীয় ব্যক্তি স্বৰ্গ মৰ্ব্য এছয়ের মধ্যে থাকিয়া প্রথম ব্যক্তির অভিপ্রায়ামুসারে দ্বিতীয় ব্যক্তির উপরে আসিয়া উপস্থিত হয়েন। বদি নিবাসের পার্থক্য ও আধারের ও ক্রিয়ার ও কর্মের পার্থক্য বস্তু সকলের পৃথক্ হইবার ও **जातक हहेवां क्र कां का वा वा कार्य अकरक अना हहेएं श्रेथक क्रां**निवां के অর্থাৎ রক্ষ হইতে পর্বত পৃথক্ ও মহুষ্য হইতে পক্ষি পৃথক্ তাহার প্রমাণ কিছু রহিল না এই কি সেই উপদেশ যাহাকে আপনি কহিয়া পাকেন যে ঈশ্বরের প্রণীত হয় আর যে কোনো পুস্তক এমৎ উপদেশ করেন যে ইন্সিয় সকলের শক্তিকে পরিত্যাগ না করিলে তাহাতে বিশ্বাস হইতে পারে না সেই পুস্তক কি পরমেশ্বরের প্রণীত হয় যিনি আমাদের উপকার ও নির্ব্বাহের নিমিত্ত ইন্দ্রিয় ও বুদ্ধি প্রদান করিয়াছেন। মফু-ষ্যের যে পর্যান্ত বুদ্ধি ও ইন্দ্রিয় থাকে ও বাল্যাভ্যাদের ভ্রমে মগ্ননা হয় দে ব্যক্তি কোনো বাক্ প্রণালীর দ্বারা যাহা বৃদ্ধি ও প্রত্যক্ষের বিপরীত হয় তাহাতে প্রতারিত হইতে পারে না। আপনি লিখেন যে পুত্র ঈশর কিঞ্চিৎ কালের জন্যে আপন মহিমাকে পৃথক্ করিয়াছিলেন আর পিতা ঈশবকে প্রার্থনা করিয়াছিলেন যে তাঁহাকে সেই মহিমা দেন ও ভূত্যের আকারকে গ্রহণ করিলেন। ইহা কি অবস্থান্তর রহিত পরমেশ্বরের স্বভা-বের যোগ্য হয় যে আপন স্বভাবকে কিঞ্চিৎ কালের জ্বন্যে ত্যাগ করেন ও পুনরায় তাহার প্রার্থনা করেন। আর এই কি সর্ব্ধনিয়ন্তা পরমেশ্বরের স্বভাবের যোগ্য হয় যে কিঞিৎ কালের নিমিত্ত ভূত্যের বেশ ধারণ করেন। এই কি ঈশরের যথার্থ মাহাজ্মা যাহা আপনি উপদেশ করিভেছেন। হিন্দুদের মধ্যেও বাঁহারা সাকার উপাসনা করেন তাহারাও আপনকার এইরপ বাক্য রচনা হইতে উত্তম বাক্য প্রবন্ধ করিতে পারেন। আমি আপনকার উপকৃতি স্বীকার করিক যদি আপনি [®]প্রমাণ করিতে পারেন

र्य जाननकांत्र ज्ञानक नेचन कथन ज्ञानकांत्र हिन्दून ज्ञानक नेचन कथन অষুক্তি সিদ্ধ হয় যদি এমৎ প্রমাণ না হর তবে হিন্দুদের ধর্ম্মের পরিবর্তে আপন ধর্মসংস্থাপন চেষ্টা আপনি আর করিবেন না বেছেতু আপনারা ও हिस्तुता উভয়েই আপন আপন নানা जेवत वाहरक द्वांशरनत निभिक्त जेव-রের অচিন্ত্য ভাব ও শক্তিকে তুলারূপে প্রমাণ দিয়া থাকেন॥ আপনি স্বীকার করিয়াছেন যে ঈশ্বর হোলিগোষ্ট পুত্র ঈশ্বরের উপদেশার্থে নিযুক্ত হওয়াতে স্বস্তিবাদ করিবার নিমিত্ত কপোতরূপে দেখা দিয়াছিলেন আর তাহাতে এই যুক্তি দেন যে "যখন ঈশ্বর আপনাঞ্চ মন্মুয়ের দুক্তি-গোচর করেন তখন অবশাই কোনো আকার গ্রহণ জাদিন আমি আশ্চর্য্য জ্ঞান করি যে ঈশবের কপোত রূপ গ্রহণ করা আপনি স্বীকার করিয়াও কি রূপে হিন্দুকে উপহাস করেন যে পৌরাণিক হিন্দুরা স্বীকার করেন যে ঈশর মৎস্য ও গরুড় বেশ ধারণ করিয়া মহুব্যের দুক্তিগোচর হইয়া-ছেন। কি মৎস্য কপোতের ন্যায় নিরীহ নহে। কি গরুড় পায়রা হইতে অধিক প্রয়োজনে আইসে না। আমি হোলি গোফ্ট ঈশরের বিষয়ে এই মাত্র লিখিয়া ছিলাম যে "সাক্ষাৎ কপোতরূপ বিশিষ্ট ছোলিগোষ্ট এক স্থান হইতে অন্য স্থানে প্রবেশ করিয়াছেন কিনা আর স্ত্রীর সহিত আপন আবির্ভাবের দারা য়িশুখিস্টকে সম্ভান উৎপত্তি করিয়াছেন কি না" ইহার প্রথম প্রশ্নের দারা ইহা তাৎপর্যা ছিল যে রিশুপিক্টের উপর তাঁহার কলে নিমক্ষন সময়ে কপোতরূপে হোলিগোক্ট উপস্থিত হইয়াছিলেন আর দিতীয় প্রশ্নের তাৎপর্যা এই ছিল যে হোলিগোটের বিবাহ যে স্ত্রীর সহিত হয় নাই তাহাতে সন্তানোৎপত্তি করিয়াছেন যাহা রায়বেলে স্পষ্ট আছে যে "হোলিগোষ্ট হইতে নেরীর সম্ভান হইল" "ভোমার উপরে र्हांनिशाके जामित्वन" ७ हुई विषयंत्कई जाशनि 'ममाक् अंकात जनी-কার করিয়াছেন কিন্তু আপনি কি নিদর্শনে ইহা লিখেন যে আমি এছলে বিজ্ঞাপ করিবার বাসনা করিয়া অন্যথোক্তি করিয়াছি ইহার কারণ বুঝি-লাম নাই।

আমার চতুর্থ প্রশ্ন এই ছিল যে "আপনারা ঈশরকে অপ্রপঞ্চ ভাবে আরাধনা করিবেক কহিথা থাকেন অথচ প্রপঞ্চাত্মক শরীরে যিশুশ্রিকক সাক্ষাৎ ঈশর বোধে আরাধনা করেন" ইহার উত্তর স্পাঠ্ট রূপে দেন নাই যেতেতু আপনি লিখেন যে "খ্রিফীনেরা য়িশুখিকীকৈ উপাসনা করিয়া থাকেন কিন্তু তাঁহা হইতে স্বডক্ত করিয়া তাঁহার শরীরকে আরাধনা करबन ना" आमि आशन थार्स अबद कमाशि निश्चि नारे य शिक्रोरनजा রিশুখ্ট হইতে তাঁহার শরীরকে পৃথক্ করিয়া উপাসনা করেন যে আপনি এ প্রকার উত্তর লিখিতে সমর্থ হইতে পারেন যে থ্রিফানেরা য়িশুথ্রিফকে উপাদনা করেন তাঁহার শরীরকে উপাদনা করেন না বস্তুত আপনি স্বীকার করিয়াছেন যে য়িশুধিষ্টকৈ দাক্ষাৎ ঈশ্বর জ্ঞানে প্রপঞ্চাত্মক শ্রীরে আপনারা আ্রাধনা করিয়া থাকেন অথচ ইহাও স্থাপন করিতে উদ্যত হয়েন যে থিক্টানের। অপ্রপঞ্চতাবে ঈশ্বরকে উপাদনা করেন। যদি আপনি ইছা মানেন যে দেহ বিশিষ্ট চৈতন্যের আরাধনা করা তাহাই অপ্রপঞ্চ ভাবে উপাসনা হয় তবে আপনি কোন ব্যক্তিকে আকা-বের উপাসক কহিয়া অপবাদ দিতে অতঃপর পারিবেন না ঘৈহেতু কোনো ব্যক্তি ভূমগুলে চেতন রহিত দেহকে উপাদনা করে না। গ্রীকেরা ও রোমানেরা যুপিটরের ও যোনার ও অন্য অন্য তাহাদের দেবতার কি চৈতন্য রহিত শরীর মাত্রের আরাধনা করিত। তাছাদের লীলা রূপ মাহাত্ম্য কথনের দারা কি ইহা স্পষ্ট প্রমাণ হয় না যে গ্রীকেরা ও রো-মেনেরা ঐ সকল দেবতা শব্দে তাহাদের দেহ বিশিষ্ট চৈতন্যকে তাৎপর্য্য করিত। হিন্দুর মধ্যে যাঁহারা সাকার উপাসনা করেন তাঁহারা কি আপন আপন উপাদ্য দেবতার চৈতনা রহিত দেহকে উপাদনা করেন এমৎ कमाशि नरइ। य मकन मृर्खि ठाँशात्रा निर्माण करत्रन তाशांक कमाशि আরাধ্য করিয়া জানেন না যাবৎ সে সকল মূর্ত্তির প্রাণ প্রতিষ্ঠা না করেন অর্ধাৎ তাহাতে বেবতার আবির্ভাব জানিয়া উপাসনা করেন। অতএব আপনকার লক্ষণের অমুসারে, কাহাকেও সাকার উপাসক এই শব্দের প্রামাণ করা যায় না যেহেতু তাহারা কেহ চৈতন্য রহিত শরীরের উপা-সনা করে না। বস্তুত কি মানস মূর্ত্তির অবলম্বন করিয়া কি হস্ত নির্মিত শুর্তির অবলয়ন করিয়া উপাদনা করিলে অবশাই সাকার উপাদনা হইবেক। আপনি দিখেন "যে বায়বেদে কঁহেন পিতা ও পুত্র ও

হোলিগোক্ত এই তিনে তুলা ক্লপে মনুষ্যকে প্রসম্ভা ও সম্ভূন্তা প্রশ্নি করেন ও পাপ হইতে মোচন করেন আর মত্যাকে বর্মা পথে প্ররুত্তি ষ্টেন **যাহা সর্বজ্জ সর্ব শক্তিমান্ অনত স্নেহ ও** অভ্যক্ষর হু বিনা করিছে পারেন না" আমি আপনকার এই মত অপেকা করিয়া অধিক স্পষ্ট অন্য কোনো নানা ঈশ্বরবাদ অদ্যাপি শুনি নাই বেহেতু আগন তিন পৃথক্ ব্যক্তিকে সর্ববিজ্ঞ সর্ববিশক্তি মান্ অনস্ত দয়া বিশিষ্ট কহেন আমি এস্থলে আপনাকে জিজ্ঞাসা করি যে একের সর্ববজ্ঞত্ব ও সর্বব শক্তি ও সর্বব শ্রাপু-ত্বের দ্বারা এই জগতের বিচিত্র রচনা ও তাহাব রক্ষা হইতে পারে কি না যদি বলেন এক দৰ্বে শক্তিমান্ হইতে জগতের স্টিও স্থিতি হইতে পারে তবে দ্বিতীয় ও তৃতীয় সর্বজ্ঞ সর্ব্ব শক্তিমান্ স্বীকার করিবাতে মিথা। গৌরব হয়। যদি বলেন এক সর্ব্ধিক্র সর্ব্ধ শক্তিমান্ হইতে স্টি স্থিতি হইতে পারে না তবে তৃতীয় সংখ্যাতে কেন পর্যাবসান করিব অনস্ত ব্রহ্মাণ্ডের সংখ্যার সমান সংখ্যাতে সর্ববিজ্ঞ সর্ববিশক্তিমানের পণনা কেন না করি ও তাঁহাদের প্রত্যেকের ভাগে এক এক ব্রহ্মাণ্ডকে কেন না চিহ্নিত এরোপদেশীয়েরা যেরথ বিচক্ষণতা রাজ কার্য্যে ও শিম্প শান্তে প্রকাশ করেন তাহা দৃষ্টি করিয়া অন্য দেশীয় ব্যক্তি সকল প্রথমত অমুমান করেন যে ইহাঁদের ধর্মণ ও এইরূপ উত্তম যুক্তি সি**দ্ধ হ**ইবেক . কিন্তু যে ক্ষণে তাহারা এই মত যাহা আপনকার দেশে অনেকের গ্রাহ হয় তাহা জ্ঞাতা হয়েন তৎক্ষণ মাত্র তাহাদের এই নিশ্চয় জ্বো যে রাজ্য ঘটিত উন্নতি যথার্থ ধর্মের সহিত কোনো নৈযত্য সম্বন্ধ রাখে না।

আমার পঞ্চম প্রশ্ন এই ছিল যে আপনারা "কহিয়া থাকেন যে পুত্র অর্থাৎ য়িশুখিন্ট পিতা হইতে স্বর্ধতোভাবে অভিন্ন অথচ কহেন তিনি পিতার তুল্য হয়েন কিন্তু পরস্পর ভিন্ন বস্তু ব্যতিরেকে তুল্যতা সম্ভবে না" আপনি এই প্রশ্নের এক অংশকে উত্তরে লিখিয়াছেন যে আমি প্রশ্ন করি-রাছি যে কিন্ধপে পুত্র পিতার তুল্য হইতে পারেন যদি পিতার সহিত সেই পুত্র এক স্বভাব হয়েন। পরে লিখেন যে এ অন্বিত প্রশ্ন করা পিরাছে। আমি এরূপ লিখি নাই যে এক স্বভাব হইলে তুল্যতা হইতে পারে না যে হেতু আমরা প্রত্যক্ষ দেখিতেছি যে মহায় সকল এক স্বভাব অথচ পরস্পর কোনো কোনো অংশে তুলাতা আছে কিন্তু আমি লিখিয়াছি যে অভিন্ন হইলে তুলাতা হইতে পাবে না ও মিসিনরি মহাশয়রা কহেন যে পুক্র পিতা হইতে সর্বাথা অভিন্ন অথচ পিতার তুলা হয়েন। যদি তেঁহ সর্বা প্রকারে অভিন্ন তবে পরস্পার তুলাছ কখন সম্ভবে না। পিতা হইতে পুক্রের স্বরূপ ভিন্ন না কহিলে পিতার তুলা কহা সর্বাথা অযুক্ত হয় অত- এব অভিপ্রায় করি যে আমার প্রশ্ন অনহিত নহে।

আমার দ্বিতীয় প্রশ্ন এই ছিল যে "য়িশুখিফীকে কথন কথন মনুষ্যের পুত্র কহেন অথচ কছেন যে কোনো মহুষ্য তাঁহার পিতা ছিল না" ইহার উত্তরে আপনি লিখেন "যেতিনি মবতীর্ণ হইয়াও সাপন ঈপরত্ব স্বভাবকে স্কুতরাং প্রকাশ করিতেন আর স্ত্রী হইতে জন্ম হইয়াছিল অথচ পাপ বিনা আর অন্য সকল মুত্রা সভাবে সর্বর প্রকারে আমাদের ন্যায় ছিলেন সেই য়িশুখিক আপনাকে মহযোরপুত্র কহিয়া আপন লগুতা স্বীকার করিয়াছি-লেন যদাপিও কোনো মহুষ্য তাঁহার পিতা চিল ন: আমি আশ্চর্যা জ্ঞান কবি একবার য়িশুপ্রিক্টের ঈশ্বরত্ব ও স্বাপ্তত্ব প্রমাণ করিতে স্বাপনি উদাত হযেন আর একবাৰ তাহার বিপরীত কহেন গে কথা বাস্তবিক নহে তেঁহ তাহার উক্তি করিয়াছেন অর্থাৎ তেঁহ মন্থাের পুত্র কহিয়া লদুতা খীকাব করি-লেন গদাপিও মনুষ্যেব পুত্র ছিলেন না। আমি আরে। আশ্চর্যা বোধ করি যে আপনারা এইরূপ আপন প্রভু বাকোর অবাস্তবিকত্ব রূপে দোষ গ্রহণ করেন না অথচ হিন্দুর পুরাণকে মিথ্যা কথনের অপবাদ দেন যেহেতু পুরাণ অম্প বৃদ্ধির বোধাধিকারের নিমিত্ত রূপক করিয়া ঈশ্বরের মাহাত্মা বর্ণন করেন কিন্তু প্রাণ ইহাও পুন: পুন: দর্শাইয়াছেন যে এই সকল কেবল অপ্প বৃদ্ধির হিতের নিমিত্ত কহিলাম যাহাটেড পুরাণে দোষ মাত্র স্পর্দে না অধিকন্ত আপনি বেদার্থ বক্তাদের মধ্যে এক জন থিনি অপ্প বুদ্ধির হিতের নিমিত্ত রূপক ও ইতিহাস ছলে ধর্ম কহিয়াছেন তাঁহার প্রতি মিথা৷ রচনার অপবাদ দেন কিন্তু এইমাত্র অবলম্বন করিয়া হিন্দুদের তন্তির আর সমুদায় শাঙ্গে আঘাত করেন। আপদকার এই প্রত্যাত্তরেই দেখিতেছি যে আপনি বায়বেলের প্রমাণ দিয়া লিখিবাডেন যে "ঈশ্রের দক্ষিণ পাখ[া] ইহা বায়বেলে লিণেন অতএন আমি জানিতে বাঞ্ছা কৰি

বে ঈশবের দক্ষিণ পার্শ এই উক্তি বায়বেলে মথার্থ হয় কি রূপক হয়। বায়বেলে আদ্য তিন অধ্যায়েই এই পরের লিখিত বাক্য দকল দেখিতে পাই যে "ঈশর আপন ক্রিয়া হইতে সপ্তম দিবসে বিশ্রাম করিলেন" "ঈশ্বর ঈদন উপবনে দিবসের শীতল সময়ে বেড়াইতে ছিলেন" "ঈশ্বর আদমকে কহিলেন যে তুমি কোথায় রহিয়াছ" অতএব বিশ্রাম এই শব্দের দারা মোসার কি এই তাৎপর্য্য ছিল যে ঈশর শ্রমাধিক্যের নিমিত্ত ক্রিয়া হইতে নিরুত্ত হইলেন যাহার দ্বারা তাঁহার একাবস্থ স্বভাবে আঘাত পড়ে। আর দিবসের শীতল সময়ে ঈশ্বর বেড়াইতে ছিলেন এই বাক্যের হার। মোসার কি এই তাৎপর্য্য ছিল যে ঈশ্বর মনুষ্যের ন্যায় পাদ বিক্ষেপের ছারা উত্তাপের ভয়ে দিবদের শীতল সময়ে এক স্থান হইতে অন্য স্থান গমন করেন। আর আদম তুমি কোথায় রহিয়াছ এই প্রশ্নের দ্বারা মোসার কি এই তাৎপর্য্য ছিল যে সর্ব্বক্ত পরমেশ্বর আদমের কোন স্থানে স্থিতি ইহা জানিতেন না। যদি মোদার এই সকল তাৎপর্যা ছিল তবে ঈশ্বরের স্বভাবকে অতি চমৎকার রূপে মোসা জানিয়াছিলেন এবং মো-সার পরমার্থ জ্ঞান ও তৎকালের মূর্থদের পরমার্থ জ্ঞান তুই প্রায় সমান ছিল। কিন্দু আমি অভিপ্রায় করি যে সেকালের অজ্ঞান ইছদিদের বোধ স্থামের জন্যে এইরূপ মন্ত্যা বর্ণনায় ঈশ্বরের বর্ণন মোসা করিয়াছেন এবং আমি প্রিস্টানদের প্রমুখাৎ শুনিয়াছি যে প্রাচীন ধর্মোপদেক্টারা খাঁহাদিগ্যে ঐ থিষ্টান ধর্মের পিতা কহিয়া থাকেন তাহারা এবং ইদানী-ন্তন জ্ঞানবান্ থি ফ্রানেরা কহেন যে মোসা অজ্ঞানদের বোধাধিকারের নিমিত্ত এরূপ বর্ণন করিয়াছেন। আপনি আহলাদ জানাইয়াছেন যে <u>"এদেশস্থ মনুষ্যেরা এখন অজ্ঞানতা ও জড়তা হইতে জাগ্রৎ হইলেন বে</u> জড়তা সর্বব প্রকারে নীতি ও ধর্মের হস্তা হয়" আমি এই খেদ করি যে আপনি এতকাল এদেশে থাকিয়াও এদেশের লোকের বিদ্যার অফুশীলন ও গার্হস্য ধর্ম কিছুই জানিলেন নাই এই কয়েক বৎসরের মধ্যে পরমার্থ বিষয়ে ও স্মৃতিতে ও ৬ক শাস্ত্রে ও ব্যাকরণে ও জ্যোতিষে শত শত গ্রন্থ রচিত হইয়া কেবল বাঙ্গলা দেশে এতদ্দেশীয়ের দ্বারা প্রকাশ হইয়াছে। কিন্তু আমি আশ্চর্য্য জ্ঞান করি না যে ইহা আপনকার অদ্যাপি জ্ঞাতসার

হয় নাই ষেহেতু আপনি ও প্রায় জন্য জন্য সকল মিসিনরিরা এদেখীয়ের কোন কিছু উত্তমত্ব দর্শনে এক কালে চকু মুদ্রিত করিয়াছেন। এদেশের লোকের নীতি ও ধর্মের ক্রটি বিষয়ে যাহা আপনি লিখিয়াছেন তাহাতে এতদেশীয় ব্যক্তিদের ও ইউরোপ দেশীয়দের গার্হস্থা ধর্ম বিষয়ে উৎ-প্রেক্ষাদিয়া দোষের ক্যুনাধিক্য অনায়াদে আমি দেখাইতে পারিতাম কিন্তু শাস্ত্রীয় বিচারে এরূপ দ্বন্দ করা অমুচিত হয় স্বতরাং তাহা হইতে নিব্বত্ত হইলাম যেহেতু ইহাতে অনেকের মনে অতুষ্ঠি জন্মিতে পারে॥ আপনি যে সকল কছুক্তি করিয়াছেন যে "মিথ্যার পিতা যাহা ছইতে হিন্দুর ধর্ম উৎপত্তি হয়" আর "হিন্দুর মিথাা দেবতাদের নিন্দিত বর্ণন সকল" "হিন্দুদের মিথ্যা দেবতা সকল" সাধারণ ভব্যতা এ সকলের অমু-রূপ উত্তর দেওয়া হইতে আমাকে নিত্নত করিয়াছে কিন্তু আমাদিগ্যে জানা কর্ত্তবা যে আমরা বিশুদ্ধ ধর্ম সংক্রান্ত বিচারে উদ্যুত স্ইয়াছি পরস্পর ছুর্বাক্য কহিতে প্রব্রত হই নাই। আমি এই উত্তরকে পরের লিখিত প্রার্থনার দ্বারা সমাপ্ত করিতেছি যে ইহার প্রত্যুত্তরকে আপনি ক্রম পূর্বেক দিবেন অর্থাৎ প্রত্যেক পাঁচ প্রশ্নের উত্তরকে পূর্ব্বা-পর নিয়ম পূর্ব্বক যেন দেন যাহাতে বিজ্ঞলোক দকল প্রত্যেকের পূর্ব্ব পক্ষ ও সিদ্ধান্তকে অনায়াসে বিবেচনা করিতে পারেন ॥ ইতি ॥

শ্ৰীশিবপ্ৰসাদ শৰ্মা।

পাদরি ভাশিষ্য-সংবাদ।

এক খ্রীষ্টিয়ান পাদরি ও তাঁহার তিন জন চীন দেশস্থ শিষ্য , ইহাঁরদের পরস্পার কথোপথন।

পাদরি—তিন জন শিষ্যকে জিজাসা করিলেন, ওহে ভাই ঈশ্বর এক কি অনেক ?

প্রথম শিষ্য-উত্তর করিল, ঈশ্বর তিন।

দ্বিতীয় শিষ্য-কহিল, ঈশ্বর তুই।

ভূতায় শিষা—উত্তর দিল, ঈশর নাই।

পাদরি—হায় কি মনন্তাপ, শয়তানের অর্থাৎ অতি পাপকারির ন্যায় উত্তর করিলে ?

সকল শিষ্য—আমর। জ্ঞাত নহি আপনি এ ধর্ম বাহা আমারদিগকে জিপদেশ করিয়াছেন, কোথায় পাইলেন, কিন্তু আমারদিগকে এই রূপে শিক্ষা দিয়াছেন ইহা নিশ্চয় জানি।

পাদরি—তোমরা নিতান্ত পাষণ্ড।

সকল শিষ্য—আপনকার উপদেশ আমরা মনোযোগ পূর্ব্বক শুনিয়াছি এবং যাহাতে আপনকার নিন্দাকর হয় এমত বাঞ্ছা রাখি না কিন্তু আপন-কার উপদেশে আমারদিগের আশ্চর্যা বোধ হইয়াছে।

পাদরি—বৈধ্যাবলম্বন করিয়া প্রথম শিষ্যকে জিজ্ঞাসা করিলেন, তুমি আমার উপদেশ শ্বরণ কর এবং কহ তাহাতে কি রূপে তুমি তিন ঈশ্বর অমুমান করিয়াছ ?

প্রথম শিষ্য — আপনি কহিয়াছিলেন যে পিতা ঈশ্বর ও পুত্র ঈশ্বর এবং হোলিগোফ্ট অর্থাৎ ধর্মাত্মা ঈশ্বর হয়েন, ইহাতে আমারদিগের গণনা মতে এক, এক, এক, অবশা বিতন হয়।

পাদরি—আহা আমি দেখিতেছি তুমি অতি মূঢ় আমার অর্দ্ধেক উপ-দেশ শারণ রাথিয়াছ আমি তোমাকে ইহাও কহিয়াছিলাম যে এ তিন মিলিয়া এক ঈশর হয়েন।

প্রথম শিষ্য—বর্থার্থ আপনি ইহাও ক্রিয়াছিলেন কিন্তু আমি অনুমান

করিলাম বে আপনকার ভ্রম হইরা থাকিবেক এনিমিত্তে যানা আপান প্রথমে কহিয়াছিলেন তাহাকেই সত্য করিয়া জানিয়াছি।

পাদরি—হা এমত নহে, তুমি তিন ব্যক্তিকে তিন ঈশ্বর করিয়া ক**খন** বিশ্বাস করিবা না এবং তাঁহারদিগের শক্তি ও প্রতাপ তুল্য নহে **এমত** জানিও না কিন্তু এ তিন কেবল এক ঈশ্বর হয়েন।

প্রথম শিষ্য—এ ছতি অসম্ভব এবং আমরা চীন 'দেশীয় লোক পর-স্পর বিপরীত বাক্য বিখাস করিতে পারি না।

পাদরি—ওহে ভাই এ এক নিগৃঢ় বিষয়। প্রথম শিষ্য—এ কি প্রকার নিগৃঢ় বিষয় মহাশয়।

পাদরি—এ নিগৃঢ় বিষয় হয় কিন্তু আমি জানি না কি রূপে তোমাকে বুঝাই এবং আমি জনুমান করি এ গুপ্ত বিষয় কোন রূপে তোমার বোধ-গম্য হইতে পারে না।

প্রথম শিয়া—হাস্য করিয়া কহিল, মহাশয় দশ সহস্র ক্রোশ হইতে এই ধর্ম আমারদিগকে উপদেশ করিতে প্রেরিত হইয়া আসিয়াছেন, যাহা বোধগম্য হয় না।

পাদরি—আহা দ্বল রুদ্ধির বাক্য এই বটে, চীনের দেশে প্রবল কলি আপন কর্ম প্রকৃত রূপে করিতেছে। পরে দ্বিতীয় শিষ্যকে প্রশ্ন করিলেন, যে কি রূপে তুমি তুই ঈশ্বর নিশ্চয় করিলে?

. দ্বিতীয় শিষ্য—অনেক ঈশ্বর আছেন আমি প্রথমতঃ অমুমান করিয়া-দ্বিলাম কিন্তু আপনি সম্থার স্থান করিয়াছেন।

পাদরি—আমি কি তোমাকে কহিয়াছি যে ঈশর ছই হরেন; সে যাহা হুউক তোমারদিগের মৃঢ়তায় আমি এক প্রকার তোমারদিগের নিস্তার বিষয়ে নিরাশ হইতেছি।

দ্বিতীয় শিষ্য—সত্য বটে আপনি স্পষ্ট এমত কহেন নাই বে ঈশ্বর ছুই কিন্দু যাহা আপনি কহিয়াছেন তাহার তাৎপর্য্য এই হয়।

পাদরি—তবে তুমি এই নিগ্ঢ় বিষয়ে যুক্তি উপস্থিত করিয়া থাকিবে। দ্বিতীয় শিষ্য—আম্রা চীন দেশীয় মন্ত্র্য্য, নানা বস্তুকে সাধারণে উপ-লব্ধি করিয়া পরে বিভাগ করি, আপনি এরপ উপদেশ দিলেন যে তিন ৰাজি পৃথক পৃথক পূৰ্ণ ঈশন ছিলেন, পরে আপনি কহিলেন যে পশ্চিম দেশের কোন গ্রামে ঐ তিনের মধ্যে এক জন বহু কাল হইল মারা গিয়া-ছেন, ইহাতেই আমি নিশ্চয় করিলাম যে এইক্ষণে ছুই ঈশন বর্ত্তমান আছেন।

পাদরি—কি বিপদ্ এ মৃঢ়দিগকে উপদেশ করা পগুশ্রম মাত্র হয়। পরে ভৃতীয় শিষ্যকে সম্বোধন করিয়া কহিলেন, যে তোমার হুই ভাই পাষ্ঠ বটে কিন্তু তুমি উহারদিগের অপেক্ষাও অধ্য হও, কারণ কোন্ আশরে তুমি উত্তর করিলে যে ঈশ্বর নাই।

ভূতীয় শিষ্য—আমি তিন ঈশ্বের কথা শুনিয়াছি কিন্তু তাঁহারা কেবল এক হয়েন যাহা কহিয়াছিলেন তাহাতেই বিশেষ মনোযোগ করিয়াছিলাম ইহা আমি বুঝিতেও পারিলাম, অন্য কথা আমি বুঝিতে পারি নাই; আপনি জানেন যে আমি পণ্ডিত নহি স্কৃতরাং যাহা বুঝা যায় তাহাতেই বিশাস জয়ে অতএব এই অন্তঃকরণবর্ত্ত্বী করিয়াছিলাম যে ঈশ্বর এক ছিলেন এবং তাঁহার নাম হইতে আপনারা খুটিয়ান নাম গ্রহণ করিয়াছেন।

পাদরি—এ যথার্থ বটে কিন্তু ঈশ্বর নাই যাহা উত্তর করিয়াছ তাহাতে অত্যস্ত চমৎক্বত হইয়াছি।

ভূতীয় শিব্য—এক বস্তুকে হত্তে লইয়া কহিলেক, যে দেখ এই এক বস্তু বর্ত্তমান আছে ইহাকে স্থানাস্তর করিলে এস্থানে এবস্তুর অভাব হইবেক।

পাদরি—এ দৃষ্টান্ত কি রূপে এন্থলে সম্বত হইতে পারে।

ভূতীয় শিষ্য—আপনারা পশ্চিম দেশীয় বৃদ্ধিমান্ লোক, আমারদি-গের বৃদ্ধি আপনকারদিগের ন্যায় নহে, হ্রহ কথা আমারদিগের বোধগম্য হয় না, কারণ পুন: পুন: আপনি কহিয়াছেন যে এক ঈশ্বর ব্যতিরেকে অন্য ছিলেন না এবং ঐ পুনই প্রকৃত ঈশ্বর ছিলেন কিন্তু প্রায় ১৮০০ শত বংসর হইল আরবের সমুদ্ধ তীরস্থ ইছদীরা তাঁহাকে এক রক্ষের উপর সংহার করিয়াছে, ইহাতে মহাশয়ই বিবেচন। করুণ যে ঈশ্বর নাই ইহা ব্যতিরেকে অন্য কি উত্তর আমি করিতে পারি।

- পাদরি—আমি অবশ্য ঈশ্বরের স্থানে তোমারীদিগের অপরাধ মার্ক্স-

নার জন্যে প্রার্থনা করিব, কারণ তোমরা সকলে প্রকৃত ধর্মকে স্বীকার করিলে না অতএব তোমারদিগের জীবদ্দশায় এবং মরণান্তে চিরকাল যন্ত্রণায় থাকিবার সম্ভাবনা ইইল।

সকল শিষ্য—এ অতি আশ্চর্য্য, যাহা আমরা বুঝিতে পারি ুনা, এমত ধর্ম মহাশয় উপদেশ করেন পরে কহেন যে তোমরা চিরকাল নরকে থাকিবে যেহেতু বুঝিতে পারিলে না ইতি। ব্ৰহ্ম-সঙ্গীত।

(368)

তৎসৎ।

खन्यभा।

মন যারে নাহি পায় নয়নে কেমনে পাবে। চিজান।

সে অতীত গুণত্তম, ইন্দ্রিয় বিষয় নয়, রূপের প্রসঙ্গ তায়, কিরূপে সম্ভবে।

অস্তর।।

ইচ্ছা মাত্র করিল যে বিশ্বের প্রকাশ, ইচ্ছামতে রাখে ইচ্ছামতে করে নাশ, সেই সত্য এইমাত্র নিতাস্ত জানিবে।১।

ঞ্বপদ।

দেখ মন এ কেমন আপন অজ্ঞান। আমি যারে বল তার নাপাও সন্ধান॥

চিতান।

সকল শ্রীর ব্যাপি যে আছে তোমার, অথচ নাজান তার কেমন প্রকার, অতএব ত্যজ জানি এই অভিমান।২।

ঞ্রবপদ।

একি ভুল মনঃ। দেখিবারে চাহ যারে নাদেখে নয়ন।

চিতান।

আকাশ বিখেরে খেরে, যে ব্যাপিল আকাশেরে, আকাশের মাঝে তারে আনা একেমন।

অন্তর।

চন্দ্র পূর্ব্য গ্রহ যত, যে চালায় অবিরত, তারে দোলাইতে কত, করহ যতন। পশু পক্ষী জলচরে, যে আহার দেয় নরে, চাহ সেই পরাৎপরে, করাতে ভোজন। ৩।

ঞ্বপদ।

নিক্লপমের উপমা সীমাহীনে দিতে সীমা,নাহি হয় সস্তাবনা।

- চিতান।

অচিস্ক্য উপাধি হীনে, অতিক্রাস্ত গুণ তির্নে, যত সব অর্ব্বাচীনে ক্রয়ে কম্পনা।

অন্তরা ।

পদার্থ ইঞ্রিয় পর, বিভু সর্বব অগোচর, বেদ বিধির অন্তর, মন জান না। বর্ণেতে বর্ণিতে নারি, বাক্যেতে কহিতে হারি, শুবণ মনন তাঁরি, কর স্কুচনা। ৪।

ঞ্বপদ।

নিরপ্পনের নিরপেন, কিসে হবে বল মন, সে অতীত তৈওোগু।

চিতান।

নমণ্ড পুমান্ শক্তি, সে অগম্য বুদ্ধি যুক্তি, অতিক্ৰান্ত ভূত পঙ্কি, সমাধান শূন্য।

অন্তরা।

কেহ হন্ত পদ দেয়, কেহ বলে জ্যোতির্শ্বয়, কৈহ বা আকাশ কয়, কেহ কহে জন্য। সে সব কম্পনা মাত্র, বার বার কহে শাস্ত্র, এক সত্য বিনা অত্ত্র, অন্য নহে মান্য। ৫।

প্রবপদ।

জানত বিষয়ে মন প্রপঞ্চ সব। ত্রৈগুণ্য বিষয়া বেদা নিস্তৈগুণ্য ভব॥

চিতান।

হইয়া আশার দাস, করো নানা অভিলাষ, না কাটিলে কর্ম পাশ, সকলি অশিব।

অন্তরা।

একেতে ভাবিমা তঞ্চ, কম্পানা করিয়া পঞ্চ, সেই ভাবে কাল বঞ্চ, একি বোধ তব। না কর্যে সভ্যেতে প্রীত, কর্ম জালে বিমোহিত, বুঝিলে না নিজ হিত, স্বার কন্ত কব।ঙা

ঞ্চবপদ।

মন তোরে কে ভুলালে হায়। কম্পনারে সত্য করি জান একি দায়।

চিতান।

প্রাণ দান দেহ যাকে, যে তোমার বশে থাকে, জগতের প্রাণ তাকে, কর অভিপ্রায়।

অন্তর ।

কথন ভূষণ দেহ কথন আহার, ক্ষণেকে স্থাপহ ক্ষণে করহ সংহার। প্রভু বলি মান যারে, সমুখে নাচাও তারে, এত ভুল এ সংসারে, কে দেখে কোথায়। ৭।

ধ্রুবপদ।

মন এ কি ভ্রান্তি তোমার। আবাহন বিসর্জ্জন বল কর কার।

চিতান।

যে বিভু সর্বত্ত থাকে, ইহাগচ্ছ বল তাকে, তুমি কেবা আন কাকে, এ কি চমৎকার।

অন্তরা।

ষ্পনস্ত জগদাধারে, আসন প্রদান কর্য়ে, ইহ তির্চ বল তারে, এ কি অবিচার। এ কি দেখি অসম্ভব, বিবিধ নৈবেদ্য সব, তারে দিয়া কর স্তব, এ বিশ্ব যাহার।৮।

ঞ্ৰবপদ।

দৈতভাব ভাব কি মন না জেন্যে কারণ। একের সন্তায় হয় যে কিছু স্থজন। ুচিতান।

পঞ্জব্য পঞ্জণ, বুদ্ধি অহকার মন, সকলের সে কারণ, জীবের জীবন।

অন্তরা।

গন্ধগুণ দিয়া ধরায় অপে আস্বাদন, অনিলেতে স্পর্শ আর

তেজে দরশন। শূন্যে শব্দ সমর্পিয়া, বিখেরে আশ্রয় হইয়া, সর্বাস্তরে ব্যাপিয়া, আছে নিরঞ্জন। ৯।

ঞ্বপদ।

সত্য প্রচনা বিনা সকলি র্থায়। যেমন বদন থাকিতে অদন করা নাসিকায়। চিতান। সে অতীত ত্তৈগুণ্য, উপাধি কম্পনা শূন্য, ঘটে পটে যত মান্য, সে কেবল কথায়।

অন্তরা।

দর্শনেতে অদর্শন, জ্ঞানমাত্র নিদর্শন, প্রপঞ্চ বিধান মন, করহ বিদায়। ত্যজিয়া বাস্তব বোধ, কর্য়ে জন্য অনুরোধ, নোক্ষপথ হল রোধ, হায় হায় হায়। ১০।

প্রন্থপদ।

দ্বিভাব ভাব কি মন এক ভিন্ন গৃই নয়। একের কম্পেনা রূপ সাধকেতে কয়।

চিতান।

হংস রূপে সর্ববিস্তরে, ব্যাপিল যে চরাচরে, সে বিনা কে আছে ওরে একোন নিশ্চয়। অস্তবা।

স্থাবরাদি জন্ম, বিধি বিষ্ণু শিব যম, প্রত্যেকেতে যথা ক্রম, যাতে লীন হয়। কর অভিমান থর্ব্ব, ত্যক্ত মন হৈত গর্ব্ব, একাত্মা জানিবে সর্ব্ব, অথণ্ড ব্রহ্মাণ্ড ময়। ১১।

ঞ্চবপদ। '

মনরে ত্যক্ত অভিমান। যদি হে নিশ্চিত জান রবেনা এপ্রাণ।
. চিতান।

কিবা কর্ম কেবা করে, মন তুমি জাননা রে, ভ্রমিতেছ অহঙ্কারে, না জেনে বিধান।

অন্তর ।

অভ্যাস করিলে আগে, বিষয় ব্যাপার যোগে, আছ সেই অন্থরাগে, কর্য়ে অহং জ্ঞান। আর কি কর হে মান্য, এক সত্য বিনা অন্য, ত্রিলোক জানিবে জন্য, বেদের প্রমাণ। ১২:

প্রন্বপদ।

ভয় করিলে যারে না থাকে অন্যেরে ভয়। যাহাতে করিলে প্রীতি জগতের প্রিয় হয়॥

অন্তরা।

জড় ছিলে সচেতন যে করে তোমারে, পুনর্কার কণ মাত্রে নাশিবারে পারে, জগতের আত্মা সেই জানিহ নিশ্চয়। ১৩।

ঞ্চবপদ।

আমি হই আমি করি ত্যজ এই অভিমান। উচিত হয় এই ভাবিতে আপনারে যন্ত্র জ্ঞান'।

চিতান।

ইন্দ্রিয়গণেতে রাজা তুমি বট মন।
তোমার নিয়োগে হয় ক্রিয়া সমাপন।
তোমারে নিয়োজিত যে করে তারতো পাও প্রমাণ। ১৪।

ঞ্ববপদ।

ভুলো না নিষাদ কাল, পাতিয়াছে কর্ম জাল, সাবধান রে আমার মানস বিহন্ধ।

চিতান।

দেখ নানাবিধ ফল, ও যে কর্ম তরু ফল, গরল ময় কেবল, দেখিতে স্থরঙ্গ।

অন্তর ।

কুধায় আকুল যদি হইয়াছ মন। নিতা স্থুখ জ্ঞানারণ্যে করহ গমন। স্থান্দর তর নির্ভয়, সমৃতাক্ত ফলচয়, পাইবে ভোগিবে কত আনন্দে বিহন্ধ। ১৫।

ঞ্বপদ।

পরমাত্মায় মনরে হও রত। বেদ বেদান্ত সর্ব্ব শাস্ত্র সন্মত্

বিধি বিষ্ণু বল যাঁরে, কালে শেষ করে তাঁরে, গুণত্রয় বুঝনা রে, শার পরমেশ্বরে ত্রিগুণাতীত। ১৬।

প্রুবপদ।

চৈতন্য বিহীন জন, নিত্যানন্দ পাবে কেন, আকাশ প্রুম্পের ন্যায় কম্পেনায় সদা মন।

চিতান।

কেবা এ মন্ত্রণা দিলে, অনিত্যেতে প্রবর্ত্তিলে, আত্ম তত্ত্ব মর্ম্ম জান কর্ম্ম মিথ্যা কর জ্ঞান। ১৭।

জ্রবপব।

ভবে ভ্রাস্ত হয়ে জীব, না জানিলে নিজ শিব, ভ্রম পথে ভ্রম অকারণ।

চিতান ।

দেহে রথ আত্মা রথী, বুদ্ধি কর সারথি, ইন্দিয়ে সকল অখ রাশরজ্জুমন।

অন্তরা।

বিষয়ে বিরত হয়ে, মোক্ষ পথ আঞ্চিয়ে, মায়া জিনি ব্রক্ষী ভাবে কর অবস্থান। ১৮।

. প্রুবপদ।

সে কোথায় কার কর অবেষণ। ত**দ্র মন্ত্র যন্ত্র পূজা স্মরণমনন**। চিতান ।

অখণ্ড মণ্ডলাকারে, ব্যাপ্ত যিনি চরাচরে, কণে আন ক্ষণে তাঁরে কর বিসর্জ্জন।

অন্তরা।

কে বুঝিৰে তাঁর মর্শ্ম, ইন্দ্রিয়ের নহে কর্মা, গুণাতীত পরবন্ধ,

সকল কারণ। জ্ঞানে যত্ন নাছি হয়, পঞ্চে করি নিশ্চয়, সে পঞ্চ প্রেপঞ্চময় না জান কি মন। ১৯।

ঞ্চবপদ।

বচন অতীত যাহা কয়ে কি রুঝান যায়। বিশ্ব যাঁর ছায়া হয়, তুল্য নাহি শাস্ত্রে কয়, সাদৃশ্য দিব কোথায়॥

চিতান।

যদ্যপি চাহ জানিতে, ঐক্য ভাব করি চিতে, চিস্তহ তাঁহায়। পাইবে যথার্থ জ্ঞান, নাশিবেক মিথ্যা ভান, নাহি কোন অন্য উপায়। ২০।

ঞ্বপদ।

থত ভ্রান্তি কেন মন দেখ আপন অন্তরে। যার অন্বেধণ কর সে নিবাসে সর্কান্তরে।

চিতান।

স্থেতে প্রকাশ, তেজে রূপ করে স্থিতি, শশিতে শীতলতা জগতে এই রীতি, তোমাতে যে আত্মা রূপে প্রকাশ সেই ব্যাপ্ত চরাচরে। ২১।

দ্রুবপদ।

কোথার গমন, কর সর্বাক্ষণ, সেই নিরপ্পন অবেষণে।
ফলশ্রুতি বাণী হৃদয়েতে মানি প্রফুল্ল আপনি আপন মনে।
অন্তরা।

সর্ব্বব্যাপী তাঁর আখ্যা, এই সে বেদের ব্যাখ্যা, অন্যথা ক্রিতে চাহ তীর্থ দরশনে। ২২।

• প্রুবপদ।

অজ্ঞানে জ্ঞান হারায়ে কর একি অফুষ্ঠান। পরাৎপর করি পর অপরে পরম জ্ঞান।

অন্তরা।

জল ভ্রমে মরীচিকা আশা মাত্র সার, অলভী বাণিজ্য তাহে

না দেখি স্থসার, অবিবেকে ত্যক্তি তত্ত্ব অতত্ত্বে যথার্থ ভান।২৩।

ঞ্ৰবপদ।

শ্বর পরমেশ্বর মন আমার। আর কি কর চিন্তা ভবে সেই মাত্র সার।

সঙ্গ করি অত্বজানী, আছে মাত্র এই জানি, বিশ্বময় তাঁরে মানি ত্যজ আশা অহংকার। ২৪।

নিতা নিরপ্পন, নিথিল কারণ, বিভু বিশ্বনিকেতন। বিকার-বিহীন, কাম ক্রোধ নীন, নির্বিশেষ সন্মতুন।

অনাদি অক্ষর, পূর্ণ পরাৎপর, অন্তরাত্মা অগোচর । সর্বাশক্তিমান, সর্বত্র সমান, ব্যাপ্ত সর্বচরাচর।

অনস্ত অব্যয়, অশোক অভয়, একমাত্র নিরাময়। উপমা রহিত, সর্ব্ব-জন হিত, ধ্রুব সত্য সর্ববাশ্রয়।

সর্বজ্ঞ নিষ্কল, বিশুদ্ধ নিশ্চল, পরব্রহ্ম স্বপ্রকাশ। অপার মহিমা, অচিস্তা অসীমা, সর্ব্বসাক্ষী অবিনাশ।

নক্ষত্র তপন, চন্দ্রমা পবন, ভ্রমেন নিয়মে যাঁর। জলবিদ্দূপরি, শিশ্প কার্য্য করি, দেন রূপ চমৎকার।

পশু পক্ষি নানা, জন্ত অগণনা, যাঁহার রচনা হয়। স্থাবর জন্ম, যথা যে নিয়ম, সেই রূপে সব রয়।

আহার উদরে, দেন সবাকারে, জীবের জীবন দাতা। রস রক্ত স্থানে, ছুশ্ব দেন স্তনে, পানহেতু বিশ্বপাতা ।

জন্ম স্থিতি ভঙ্গ, সংসার প্রসঙ্গ, হয় যাঁর নিয়মেতে। সেই পরাৎপর, তাঁরে নিরস্তর, ভাব মনে বিধি মতে। ২৫।

ভাব সেই একে। জলে হলে শূন্যে যে সমান ভাবে থাকে। 'যে রচিল এ সংসার, আদি অন্ত নাই যার, সে জানে সকল কেহ নাহি জানে তাকে। ভমীশ্বরাণাং পরমং মহেশ্বরং। তং দেবতানাং পরমঞ্চ দৈবতং। পতিং পতীনাং পরমং পরস্তাৎ। বিদাম দেবং ভূবনেশ মীডাং। ২৬।

ধ্রুবপদ।

জানত বিষয় মন প্রপঞ্চ সব। ত্রৈগুণ্য বিষয়া বেদা নিস্তৈগুণ্য ভব।

হইয়া আশার দাস,কর নানা অভিলাষ,না কাটিলে কর্ম্ম পাশ,সকলি অশিব।

প্রক্রেক ক্রিয়া ছাল্ল স্ক্রেক জান ও প্রথম সেই ভাবে কাল বক্ষ প্র

একেতে করিয়া তঞ্চ, সত্য জান এ প্রপঞ্চ, সেই ভাবে কাল বঞ্চ, এ কি বোধ তব। না করে সত্যেতে প্রীত, বিষয়েতে বিমোহিত, বুঝিলে না নিজ হিত, আর কত কব। ২৭। নী, ঘো,

ধ্ৰুবপদ।

আমি হই আমি করি ত্যজ এই অভিমান। উচিত হয় এই করিতে আপনারে যন্ত্র জ্ঞান। ইন্দ্রিয়গণেতে রাজা তুমি বট মন। তোমার নিয়োগে হয় ক্রিয়া সমাপন। তোমারে নিয়োজিত যে করে তারত পাও সন্ধান। ২৮। গৌ, স,

ধ্রুবপদ।

সত্য স্কো বিনা সকলি র্থায়। দারা স্থত ধন জন সঙ্গে নাহি যায়। সে অতীত ত্রৈগুণ্য, উপাধি কম্পনা শ্ন্য, ভাব তাঁরে হবে ধন্য, স্ক্ শাস্ত্র গায়।

মা করু ধন জন যৌবন দর্বং। হরতি নিমেষাৎ কালঃ সর্বং। মায়াময়-মিদমথিলং হিছা। ব্রহ্মপদং প্রবিশাশু বিদিছা।

নলিনী দলগত জলমতিতরলং। তদ্বজ্জীবন মতিশায় চপলং। ক্ষণমিহ সজ্জন সঙ্গতিরেকা। ভবতি ভবার্ণবতরণে নৌকা।

দিন্যামিন্যে সায়ং প্রাতঃ। শিশির বসস্তৌ পুনরায়াতঃ। কালক্রীড়তু গচ্ছত্যায়ু স্তদ্পি ন মুঞ্চ্যাশাবায়ুঃ।

বাল্ন্ডাবং ক্রীড়াসক, ক্তরণ স্তাবন্তরুণীরক্তঃ। রন্ধন্তাবচ্চিন্তামগ্রঃ। পরমে বন্ধণি কোপি ন লগ্নঃ। ২৯। নী, খো,

ধ্রুবপদ।

ৈ কেন স্থজন লয় কারণে ভজ না। হবে না হবে না জনন মরণ যাতনা। দেখ দেখ সাবধান, ধন জন অভিমান, কুপেতে পতিত হয়ে মজো না। অঙ্কপা হতেছে শেষ, বাড়িল আশা অশেষ, নিগুৰ্ণ বিশেষ বোঝনা । ৩ । ক্ব, ম,

্ধ্রবপদ।

কেমনে হব পার, সংসার পারাবার, বিনা জ্ঞান তরণি বিবেক কর্ণধার। শুন রে মম মানস, স্বীয় কলুফ কলুশ, কর্ম গুণে সদা বাঁধা কপ্তেতে তোমার। ঘোরতর মায়াতম, আশা পবন বিষম, প্রারম্ভিত তর্ম রক্ষে উঠে বারে বার। নানাভিমানের ধারা, বহে খরতর তারা, কাম ক্রোধ লোভ জলচর ত্নিবার। ৩১। ক্ব, ম,

প্রচবপদ।

মন যারে নাহি পায় নয়নে কেমনে পাবে। সে অতীত গুণত্তায়, ইন্দ্রিয় বিষয় নয়, যাহার বর্ণনে রয়, শ্রুতি গুন্ধ ভাবে। ইচ্ছা মাত্র করিল যে বিশ্বের প্রকাশ, ইচ্ছামতে রাথে ইচ্ছামতে করে নাশ, সেই সত্য এই মাত্র নিতান্ত লানিবে। ৩২।

ঞ্চবপদ।

এই হল এই হবে এই বাসনায়। দিবা নিশি মুগ্ধ হয়ে দেখিতে না পায়। মরে লোক প্রতিক্ষণে, দেখে তরু নাহি জানে, না মরিব এই মনে, কি আশ্চর্য্য হায়।

অহন্যহনি ভূতানি গচ্ছন্তি যম মন্দিরং। শেষাঃ স্থিত্রত্বমিছন্তি কিমা- । শ্ব্যা মতঃ পরং। ৩৩।

ঞ্জবপদ। 🔭

আরে মম চিত, এত অন্ত্তিত, নিজ হিতাহিত, বোঝা না। বিষয় আসব, পান সমৃত্তব, প্রমোদ নহে সে যাতনা। ধন জন সর্ব্ব, যৌবনের গর্ব্ব, ক্ষণে হবে ধর্বব, জান না। আমি বল যাঁরে, না চেন তাঁহারে, মিছা অভিমান কর না। ৩৪। ক্যু, ম,

ঞ্চবপদ।

েকে করিবে তাঁহার অপার মহিমা বর্ণন। করিতে যাঁহার স্তুতি, অব-সন্ন হয় শ্রুতি, স্মৃতি দর্শন। নিরাধার, বিশ্বাধার, নির্বিশেষ নির্বিকার, চিদাভাস অবিনাশ বুদ্ধিগম্য নন। শুন শাস্তচিত্ত জন সেতো জীবের জীবন মনের সে মন। ৩৫। ক্ব, ম,

প্রুবপদ।

বিনাশ অজ্ঞান রিপ্ন প্রবোধ আমার। জ্ঞানোদয়ে স্থোদয় হইবে অপার। দেহ রথে করি ছিভি, জীবাদ্মা তাহাতে রথী, লক্ষ কর বাদি প্রতি, ভয় কি তোমার। অর্থ দশেন্তির তাতে, মনোরাশ রজ্জু হাতে, নিবার বিষয় পথে, আশা অনিবার। বস্তু বিচারণ বাণ, কর সদা স্থসন্ধান, ইথে না পাইবে ত্রাণ, রিপু কুল আর। ৩৬। রা, দ,

ঞ্জবপদ।

স্মর পরমেশ্বরে অনাদি কারণে। বিবেক বৈরাগ্য ছুই সহায় সাধনে। বিষয়ের ছুঃখ নানা, বিষয়ির উপাসনা, তাজ মন এ বন্ধুণা, সত্য ভাব মনে। ৩৭।

ধ্রুবপদ।

শুনতো ভ্রান্ত অশাপ্ত মন দিনতো মিছা গেল বয়া। ইন্দ্রিয় দশ, হতেছে অবশ, ক্রমৈতে নিখাস, যায় ফুরায়া।

একি অন্তিত, সত্যে নাই প্রীত, বিষয়ে মোহিত, রয়াছ হয়া। সেই পরাৎপর, ব্যাপ্ত চরাচর, অস্তরে অস্তর আছ ভাবিয়া।

স্ক্রন পালন, করেন নিধন, তিনি সে কারণ, দেখ ভাবিয়া। ত্রবণ মনন, কর সর্বাক্ষণ, সত্য পরায়ণ, থাক রে হয়া। ৩৮। নী, ঘো,

ঞ্চবপদ।

আহে পথিক শুন, কোথায় কর গমন, নিবাসে নিরাশ হয়ে প্রবাসে কেন ক্রমণ। যে দেখ ইদ্রিয় গ্রাম, এ নহে স্বকীয় গ্রাম, আত্ম তত্ব নিজ্ ধাম, কর তার অবেষণ। পঞ্চ ভূতময় দেশে, বড় ভূতের উপদেশে, ক্রম কেন অমুদেশে, দেশে বেষ কি কারণ। ৩৯। নী, হা,

ঞ্চবপদ।

সঙ্গের সঙ্গিরে মন, কোথায় কর অন্নেষণ, অন্তত্তে না দেখে তাঁরে কেন অন্তরে জ্বন। যে বিভূ করে যোজন, কর্ম্মেতে ইক্রিয়গণ, মাজিয়া মন দর্পণ, তাঁরে কর দর্শন। ৪০

ধ্রুবপদ।

দেখ মন, এ কেমন, আপন অজ্ঞান। আমি যারে বল তার না পাও সন্ধান। সকল শরীর ব্যাপি যে আছে তোমার, অথচ না জ্ঞান তারে কেমন প্রকার, অতএব তাজ জানি এই অভিমান। ৪১।

ঞ্বপদ।

ভবে ভ্রান্ত হয়ে জীব, না জানিলে নিজ শিব, ভ্রম পথে ভ্রম অকারণ।
দেহ রথ আত্মা রথী, বৃদ্ধি কর সারথি, ইন্দ্রিয় সকল অশ্ব রাশ রক্ত্রে মন।
বিষয়ে বিরত হয়ে, মোক্ষ পথ আত্রিয়ে, আশা জিনি স্বরূপেতে কর
অবস্থান। ৪২। নী, যো,

ধ্রুবপদ।

বচন অতীত যাহা কয়ে কি বুঝান যায়। বিশ্ব ধার মায়া হয়, তুল্য নাহি শাস্ত্রে ক্য়, সাদৃশ্য দিব কোথায়। যদ্যপি চাহ জানিতে, দৃঢ ভাব করি চিতে, -চিস্তহ তাঁহায়। পাইবে ষথার্থ জ্ঞান, নাশিবেক মিথ্যাভান, নাহি কোন অন্য উপায়। ৪৩। নী, ধ্যো,

ঞ্বপদ।

শার পরমেশবে মন আমার। আর কি কর চিস্তা ভবে সেই মাত্র সার। সঙ্গ করি তম্বজ্ঞানী, আছে মাত্র এই জানি, বিশ্বব্যাপী তাঁরে মানি, ত্যক্ত আশা অহন্বার। ৪৪। না, যো,

ধ্রুবপদ।

ভয় করিলে যারে না থাকে অন্যের ভয়। যাহাতে করিলে প্রীতি জগ-তের প্রিয় হয়। জড় মাত্র ছিলে জ্ঞান যে দিল তোমায়। সকল ইন্দ্রিয় দিল তোমার সহায়। কিন্তু তুমি ভুল তাঁরে এত ভাল নয়। ৪৫।

ধ্রুবপব।

ভূলনা ভূলনা মন নিতাং সদসদাত্মকে। অথিল ব্রহ্মাণ্ড আছে অব-লছ করি ঘাঁকে। অথণ্ড মণ্ডলাকার, যিনি ব্যাপ্ত চরাচর, সে পদার্থ সারাৎ-সার, নিরস্তর ভাব তাঁকে। ইন্দ্রিয় শাসন করি, অহকার পরি হরি, জান অসি করে ধরি, ছেদ কর মমতাকে। ৪৬। কা, রা, মনে কর শেষের সে দিন ভয়ন্ধর। অন্যে বাক্য কবে কিন্তু তুমি রবে
নিক্সন্তর। যার প্রতি যত মায়া, কিবা পুদ্র কিবা জায়া, তার মুখ চায়ে
তত হইবে কাতর। গৃহে হায় হায় শব্দ সম্মুখে স্বজন তক দৃষ্টিহীন
নাড়ী ক্ষীণ হিম কলেবর। অতএব সাবধান ত্যজ্ঞ দস্ত অভিমান বৈরাগ্য
অভ্যাস কর সত্যেতে নির্ভর। ৪৭।

একদিন যদি হবে অবশ্য মরণ। এত আশা রক্ষি কেন এত দ্বন্দ কি কারণ।

এই যে মার্জিত দেহ, যাতে এত কর স্নেহ, ধূলী সার হবে তার। মন্তক চরণ।

যত্নে তৃণ কাঠ খান, রহে যুগ পরিমাণ, কিন্তু যত্নে দেহ নাশ না হয় বারণ।

অতএব আদি অন্ত, আপনার সদা চিন্ত, দয়া কর জীরে লও সত্যের
 শরন। ৪৮।

মানিলাম, হও তুমি পরম স্থন্দব। গৃহ পূর্ণ ধনে, আর সর্ব্ব গুণে গুণাকর। রাথ বাজ্য স্থবিস্তার, নানাবিধ পরিবার, অশ্ব রথ গজ দ্বারে অতি শোভাকর। কিন্তু দেখ মনে ভাবো, কেহ সঙ্গে নাহি যাবে, অবশ্য ত্যজিতে হবে, কিছু দিনাস্তর। অতএব বলি শুন, তাজ দস্ত তমো গুণ, মনেতে বৈরাগ্য আন, হৃদে স্ত্য পরাৎপর। ৪৯।

দস্তভাবে, কত রবে, হবে সাবধান। কেন এত তমোগুণ, কেন এত অভিমান। কাম ক্রোধ লোভ মোহে, পর নিন্দা পর দ্রোহে, মুগ্ধ হয়াঁ। নিজ দোষ না কর সন্ধান। রোগেতে কাতর অতি, শোকেতে ব্যাকুল মতি, অথচ অমর বলি মনে মনে ভান। অতএব নম্র হও, সবিনয় বাকুয় কও, অবশ্য মরিবে জানি সত্য কর ধ্যান। ৫০।

একবার ভ্রমেতেও মনে না ভাবিবে। কি কফে জিম্মাছিলে কি হুংখেতে প্রাণ যাবে।

মাতৃ গর্ভ অন্ধকারে, বন্ধ ছিলে কারাগারে, অত্তে পুন অন্ধকার সং-সার দেখিবে।

প্রথমেতে সংজ্ঞা হীন, ছিলে প্<u>রু</u> পরাধীন, সেই সব উপক্তব শেষেও ঘটিবে। অতএব সাবধান, যে অবধি থাকে জ্ঞান, পর হিতে মন দিবে, সত্যকে চিস্তিবে। ৫১।

গ্রাস করে কাল পরমায়ু প্রতিক্ষণে। তথাপি বিষয়ে মন্ত, সদা ব্যস্ত উপার্জনে।

গত হয় আয়ু যত, স্নেষ্টে কছ হল এত, বর্ধ গেলে বর্ণরন্ধি বলে বন্ধুগণে।

এ সব কথার ছলে, কিখা ধনজন বলে, তিলেক দিস্তার নাই কালের দশনে। অজএব নিরস্তর, চিস্ত সত্য পরাৎপর, বিবেক বৈরাগ্য হলে কি ভয় মর্থে। ৫২।

আর কত স্থথে মুখ দেখিবে দর্পণে। এ মুখের পরিণাম বারেক না তাব মনে।

শ্যাম কেশ খেত হবে, ক্রমে সব দস্ত যাবে, গলিত কপোল কণ্ঠ, হবে কিছু দিনে। লোল চর্ম্ম কদাকার,কফ কাশ ছর্মিবার, হস্ত পদ শিরঃ কম্প, ভ্রাম্ভি ক্ষণে ক্ষণে। অতএব ত্যজ গর্ম্ম, অনিত্য জানিবে সর্ম্ম, দয়া জীবে নম্মভাবে, ভাব সত্য নিরঞ্জনে। ৫৩।

অনিত্য বিষয় কর সর্ব্বদা চিন্তন। ত্রমেও না ভাব হবে নিশ্চয় মরণ। বিষয় ভাবিবে যত, বাসনা বেড়িবে তত, ক্ষণে হাস্য ক্ষণে খেদ, তুঠি কৃঠি প্রতিক্ষণ।

অক্র পড়ে বাসনার, দস্ত করে হাহাকার, মৃত্যুর মারণে কাঁপে কাম কোধ রিপুগণ।

অতএব চিন্ত শেষ, ভাব সত্য নির্বিশেষ, মরণ সময়ে বন্ধু, এক মাত্র তিনি হন। ৫৪। ভক্ত অকাল নির্ভয়ে। পবন তপন শশী ভ্রমে যাঁর ভয়ে। সর্ব্ব কাল বিদ্যমান, সর্ব্ব ভূতে যে সমান, সেই সত্য তাঁরে নিত্য ভাবিবে ছদয়ে।৫৫।

ক্ষণমিহ চিন্তা কর সংস্বরূপ নিরপ্পন। তাজ মন দেহ গর্বা থর্বা হবে রিপুগন। সমুখে বিষয় জাল, পশ্চাতে নিষাদ কাল, গেল কাল অন্ত কাল, ভাব রে এখন। যাহতে উৎপত্তি স্থিতি, তাঁহাতে নাহিক মতি, এ তাঁর কেমন রীতি, ওরে দস্তময় মন। ৫৬। কা, রা,

তাঁরে দূর জানি ভ্রম সংসার সঙ্কটে। আছে বিভু তোমা হতে তোমার নিকটে। তুমি কেন নিরস্তর, থাক তাঁ হতে অস্তর, ভাব সেই পরাৎপর, ব্র নিত্য অকপটে। অতএব জ্ঞান রত্ন, অহরহ কর যত্ন, জ্ঞান বিনা জন্ম রুখা, দেখ স্ত্য বটে। ৫৭। কা, রা;

অচিস্তা রচন বিশ্ব যেই করিল রচনা। কি ভুলে ভুলিয়া মন বারেক তাঁরে ভাবনা। জলে স্থলে শূন্যে যিনি, আছেন ব্যাপ্ত আপনি, যা হতে হতেছে এই সংসার কম্পনা।

দেখ জলবিন্দৃপরি, যেই শিশ্প কর্ম করি, অপূর্ব্ব রূপ মাধুরি, বিবিধ প্রকার।

করিল স্ক্রন যেই, জানিবা উপাদ্য দেই, কর ছেদ ভেদাভেদ দারুণ বাদনা।

অনিত্য কামনা বশে, বদ্ধ হয়ে কর্ম ফাঁসে, বিষয়ের অভিলাষে রহিলে অদ্যাপি।

অজপা হতেছে শেষ, ত্যজ দস্ত রাগ দ্বের, যাবে ক্লেশ, নির্কিশ্লেষ, কর রে স্কেন। ৫৮। কা, রা,

এই গতি গতাগতি নিরন্তি না হবে। যাবৎ কর্ম্মের ফলে প্ররন্তি রঙ্কিব। দেখিতে স্থরদ ফল, কিন্তু মিশ্রিত গরল, কি ফুল সে ফলে বল, যাতে হলাহল পাবে।

কেন ভোগে মুগ্ধ হও, আমি আমি সদা কও, আশার বশেতে রও, রুথা প্রাণ যাবে। অতএব সাবধান, তাজি ভ্রমাত্মক জান, ভজ সত্য সনাতন, অমৃত পাইবে। ৫৯। े কা, রা,

অহকার পরিহরি চিন্ত ওরে অহরহ:। ক্রিরাহীনমনাকারং নিগুর্ণং সর্ববিং মহ:। গুণাজীত নিরাশ্রয়, ব্যাপ্ত বিভু বিশ্বময়, সর্বব সাক্ষী সর্বনিশ্রয়, তাঁহার শরণ লহ। জগৎ প্রত্যক্ষ হয়, দেখ যাহার সন্তায়, সর্বব্রে অথচ ইন্রিয় গোচর নয়। দর্শনের অদর্শন, সেই নিত্য নিরঞ্জন, শ্রবন্ধ, মনন মন তাঁহার করহ। ৬০। কা, রা,

মন অশান্ত ভ্রান্ত দিন বায় রে। আত্মার ভ্রাবণ মনন না হইল হায় রে। অহং জানে আছ হত, ইন্দ্রিয় বিষয়ে রত, মিথ্যায় প্রতীত সত্য, করহ মায়ায় রে। স্বপ্প প্রায় জান জীবন, তবু আছু অচেতন, সম্বন্ধ নাহিক কোন, প্রাণ কায়ায় রে। আত্মতত্ব না জানিয়ে, পরমাত্মা না ভাবিয়ে, নির্কোধ প্রবীণ হয়ে, ফল কি বাঁচায় রে। ৬১। নি, মি,

কেন ভোল মনে কর তাঁরে। যে বিভু স্থজন পালন সংহারে। সর্ব্বত্র আছে গমন, অথচ নাহিক চরণ, কর নাহি করে গ্রহণ, নয়ন বিনা যকল হেরে। অনস্ত ব্রহ্মাণ্ড তাঁর, দ্বিতীয় নাহিক আর, নির্ব্বিকার বিশাধার, নিয়ন্তা বল যাঁরে। ৬২। নি, মি,

অন্ত হীনে ভ্রান্ত মন কেন দেও উপাধি। জলচর থেচর ব্যাপ্ত ভুচর

কাম ক্রোধ নাহি যাঁর, নিজ্ব নির্বিকার, না দিবে উপমা তার এই স্তৃ্য বিধি। তিনি যে গুণাতীত, অথগু অপরিমিত, শব্দাতীত, স্পর্শাতীত, বেদে বলে নিরবধি। মনে যারে না যায় পাওয়া, বাক্যেতে না হয় কওয়া, সম্ভরণে পার হওয়া, ২য় কি জলধি। ৬৩। নি, মি,

সর্ব্ব কর্ম ত্যজিয়া একের লও শরণ। নাশিবে কলুষ রাশি নিরর্থক শোক কেন।

স্বচ্দ আসনে বসি, ভাব সেই অবিনাশী, জলেতে যাদৃশ শশী, সর্বভূতে নির্প্তন। বশীভূত কর মারা, সর্ব্বজীবে রাখ দরা, পুনশ্চ না হবে কারা, আন-ন্দেতে হবে লীন। ৬৪। নি, মি,

জবোর সাফল্য কর ওরে আমার মন। সত্য প্রতি আত্মার্পণ কর এই নিবেদন।

ুঁজগৎ অনিতা দেখে, সত্যেতে নিশ্চয় রেখে, সতত থাক হে স্থাধ, কৈন বিফল ভ্রমণ। আত্ম পরিচয় জান, ওরে মন কথা শুন, বিশ্ব তাঁর সত্তাধীন, বেদের এই বচন। তাঁহারে ভাবিলে পরে সর্ব্ব হুংথ যাবে দূরে, শোক মোহ সিন্ধু পারে, নিতান্ত হবে গমন। ৬৫। নি, মি,

ভাব সেই পরাৎপরে অতীন্ত্রিয় সর্ব্বাত্মারে। অথও সচ্চিদানন্দ বাক্য মন অগোচরে।

কে বুঝিবে শাস্ত্র মর্ম্ম, অতীত সে ধর্মাধর্ম্ম, একমেধাদ্বিতীয়ং বেদে কহে বারে বারে। পাত্রে পাত্রে রাখি অম্বু, দেখ বরি প্রতিবিষ্ক, তেমতি প্রত্যক্ষ আত্মা, সর্ব্বভূত চরাচরে। দেখ গাবী নানাবর্ণ, ছুগ্ধ সবে এক বর্ণ, সর্ব্ব জীবে অধিষ্ঠান, এই বোধে ভাব তাঁরে। ৬৬। নি, মি,

বিষয় মৃগত্ফায় ক্রমে আয়ু হয় ক্ষীণ। আমি রুতী আমি ধনী এই দর্পে যায় দিন।

হয়ে আশা বশীভূত, কুসঞ্চে কুপথে রত, সতত আত্ম বিস্মৃত হারাইয়া তত্ত্বধন।

কুধাদি চতুন্টম, কামাদি রিপু ছয়, বলেতে হরিয়া লয়, পরম পদার্থ মন।

'বারে বল পরমার্থ,. না ভাবিলে সে পদার্থ, সংসার সকলি বার্থ, সার সত্যের সাধন। ৬৭। নি, মি,

নিরস্তর ভাব তাঁরে, বিখাধার বল যাঁরে। ^{*}বিভু পরিপূর্ণ তন্ত্ব ব্যাপ্ত সাক্ষী চরাচরে।

र्यागील मूनील याँरत, नाटि भाग्न धान धरत, च्याकां चच्चल दरफ

কৰে বারে বারে। ুবুদ্ধিতে বুঝিতে নারি, বাক্যে না কহিতে পারি, নযগু পুমান্ নারী, কে তাঁরে বলিতে পারে। ৬৮। নি, মি,

এ দিন তো রবে না, জীবন জীবন বিস্ব জানিয়া কি জান না। ক্ষণ মাত্র পরিচয় কা কস্য পরিবেদনা।

মেঘের সম্বন্ধ যেমন, বারু সহকারে মিলন, বিচ্ছেদ হইবে পুন, অনিদ করে চালনা।

দারা স্থত বন্ধু জন, হয় একত্র মিলন, বিশ্লেষ হলে তথন, কোণায় জাবে বলনা।

মায়ার্ণব উত্তরিয়ে, কামাদিকে বিনাশিয়ে, শাস্তি থৈগ্য যুক্ত হয়ে, কর আত্মার সাধনা। ৬৯। নি, মি,

ছিল না রবে না সংযোগ প্রাণেতে। অবশ্য হইবে লীন স্বস্থ কারণেতে। ঝারাপাশে বন্ধ হয়ে, আত্মতত্ব পাশরিয়ে দারা স্থত ধন লয়ে, আছ ভাল অংখতে। কি কর বিষয় গর্বা, অবিলম্বে হবে থর্বা, নাশিবে তোমার সর্বাব কাল নিমেষেতে। অতএব সাবধান, ত্যক্ত দস্ত অভিমান, বৈরাগ্য কর বিধান, থাক সত্যাশ্রায়েতে। ৭০। নি, মি,

লোকে জিজ্ঞাসিলে বল আছি ভাল প্রাণে প্রাণে। কোথায় কুশল ভোমার আয়ুর্যাতি দিনে দিনে। দারা স্থত প্রভৃতি, কেহ না হইবে সাতি, জ্ঞান করে অবস্থিতি, ভোমার সহায় জীবনে। যুক্তি বেদ মতে চল, মিখ্যা মায়ায় কেন ভোল, ইন্তিয়ে আছে সবল ভজ সত্য নিরঞ্জন। ৭১। নি, মি,

বিষয় বিষ পানাসকে তাজিল জীবন। প্রত্যেকৈতে পঞ্চ জীল্পর শুন বিবরণ।

রপেতে মরে পতক, রনে মীন গদ্ধে ভূক, স্পর্শে হত মাতক, শব্দে কুরক নিধন। বিষয়েওে রত, যে জীব অবিরত, বিনষ্ট ঝটিত, পতকাদি নিদর্শন। অতএব সাবধান, ত্যক্ত বিষয় রস পান, বৈরাগ্যেতে কর যতু হাদে তাব নিঞ্জন। ৭২। নি, মি,

ভাব সেই একে। জলে স্থলে শৃন্যে যে সমান ভাবে থাকে, যে রচিল এসংসার আদি অন্ত নাহি যার, সে জানে সকল কেহ নাহি জানে তাঁকে। তমীখরাণাং পরমং মহেখরং তং দেবতানাং পরমঞ্চ দৈবতং। পতিং পতীনাং পরমং পরস্তাৎ বিদাম দেবং ভুবনেশমীডং॥ ৭৩ !

জানত বিষয় মন প্রাপঞ্চ সব। ত্রৈগুণ্য বিষয়া বেদা নিজ্রেগুণ্য তব। হইয়া আশার দাস, কর নানা অভিলাষ, না কাটিলে কর্ম পাশ, সকলি অশিব॥

একেতে করিয়া তঞ্চ, সত্য জান এ প্রপঞ্চ,সেই ভাবে কাল বঞ্চ,এ কি বোধ তব। না করে সভ্যেতে প্রীত, বিষয়েতে বিমোহিত, বুঝিলে না নিজ হিত, আর কত কব॥ ৭৪॥ নী ঘো

কত আর স্থাং, মুখ দেখিবে দর্পণে। এ মুখের পরিণাম বারেক না ভাব মনে।

় শ্যাম কেশ খেত হবে, ক্রমে সব দস্ত থাবে, গলিত কপোল কণ্ঠ হবে কিছু দিনে। লোল চর্ম্ম কদাকার কফ কাস তুর্মিবার হস্ত পদ শিরঃক্ষণ ভ্রান্তি ক্ষণে ক্ষণে। অতএব ত্যক্ত গর্ব্ব, অনিত্য জানিবে সর্ব্ব, দয়া জীবে নম্মভাবে ভাব সত্য নিরপ্লানে ॥ ৫॥

মন তুমি সদা কর তাহার সাধনা। নিগুণি গুণাশ্রয় রহিত কম্পানা। যে ব্যাপিল সর্বত্তি, তরু মন রুদ্ধি নেত্র, নাহি পায় কি বিচিত্র, কেমন জান না। জানিতে তাঁয় পরিশ্রম, করিছ সে রথা শ্রম, সে সব রুদ্ধির শ্রম, তুঃসাধ্য স্ক্রনা। বিচিত্র বিশ্বনির্মাণ, কার্য্য দেখে কর্ত্তা মান, আছে মাত্র এই জান, অতীত ভাবনা॥ ৭৬ । নী যো

কোন ক্ষণে যাবে তত্ম নাহি তার নিরূপণ। তথাপি বুঝে না জীব চিরস্থায়ী মনে ভান। খনমদে অন্ধ হয়ে, নিজ পরিবার লয়ে, না দেখে কালেরে চায়ে, মোহরস করে পান। ক্ষণ ভঙ্গ এ জীবন, ওরে মন এ কেমন, দেখে জনন মরণ, তবু নহে সচেতন। মনুষ্য জন্ম ধরে, উচিত বৈরাগ্য করে, মায়া কাটি জান অন্তে ভাব জীবের জাবন। ৭৭। নি, মি,

এ কি ভুলে রয়েছ মন বিষয় ভোগে অচেতন। জান না অনিত্য

দেহ করেছ ধারণ। পঞ্চ ভূত জড় ময়, কভু আছে কভু নয়, সকলি অনিত্য হয় দারা স্থত ধন জন। ভুলনা সায়ায় আর, ত্যজ আশা অহঙ্কার, ভজ নিতা নির্কিকার পুনর্জনন-হরণ। ৭৮। নি, মি,

তাঁরে কর হে স্মরণ, এক অনাদি নিধন, অপনি জগত ব্যাপ্ত জগত কারণ। নির্দিকার নিরাময়, নির্কিশেষ নিরাশ্রয়, বিঁজু অতীন্দ্রিয় হয়, সকল কারণ। যাহার ভয়ে তপন, নিয়মে করে ভ্রমণ, সভয়ে যাহার ভয়ে বহিছে পবন। দেখ হে যাহার ভয়ে, নক্ষত্র প্রকাশ হয়ে, যার ভয়ে ফলে তক্ষ বন্ধু অকারণ। স্ক্রন পালন লয়, ইচ্ছায় যাহার হয়, স্করপে না জানে দেব ঋষি মৃনিগণ। অভ্রাপ্ত বদাপ্ত শাস্ত, কহে না পাইয়া অন্ত, এ নহে এ নহে হয় এই নিরূপণ। ৭১। ক্

দৃশামান যে পদার্থ সকলি প্রপঞ্চ জান্ত। অনাদি অনস্ত সত্যে চিত্ত রাথ অবিরত ! স্থাবর জঙ্গম হয়, তাঁহাতে উৎপন্ন হয়, একাত্ম সর্ববাশ্রয়, অতিরিক্ত মিথ্যা ভূত। মমেতি বাদ্ধাতে প্রাণী, কর্তা ভোক্তা অভিমানী, অহংস্থী অহং জানী জীব মায়ায় মোহিত ॥ ৮০ ॥ নি, মি,

নিরঞ্জন নিরাময় করছ স্মরন। কি জানি প্রাণবিহঙ্গ পলাবে কখন।

তারে অভাজন স্থাব্ধ; কুপিত ফনি সম্মুথে করেছ শয়ন। স্থা মানিতেছ

যারে সে সব যন্ত্রনা। স্থা ভ্রমে বিষ পান করো না করো না। মন্ত করি

তুলা মনে, থৈগা আদি তব গুনে, কর হে বন্ধন। কৌমারে খেলাতে কাল

করিলে যাপন। কামরসে রসোক্লাসে তুষিলে যৌবন। জরাতে ছুংখ

বিপুল, আধি ব্যাধি সমাকুল, কোথা সত্যে মন॥ ৮১॥ ক, ম,

তুমি কার, কে তোমার কারে বল হে আপন। মহামায়া নিজাবশে দেখিছ অপন। রক্ষতে হর যেমন, ভ্রমে অহি দরশন। প্রপঞ্চ জগত মিথাা সতা নিরক্ষান। নানা পক্ষী এক স্থকে, নিশিতে বিহরে স্থে, প্রভাত হইলে দশ দিগেতে গমন। তেমনি জানিবে সব, অমাত্য বন্ধু বান্ধব, সময়ে পলাবে তারা, কে করে বারণ। কোথা কুস্থম চন্দন, মণিস্য় আভরণ, কোথা বা রহিবে তব প্রাণ প্রিয়জন। ধন যৌবন গুমান, কোথা ববে অভিমান, ব্যান করিবে গ্রাস নিষ্ঠুর শমন॥ ৮২॥ ক্, ম,

অহন্ধারে মন্ত সনা অধার বাসনা, অনিত্য যে দেহ মন জেনে কি জান না। শীত গ্রীম আদি সবে, বার তিথি মাস রবে, কিন্ত তুমি কোথা যাবে, একবার ভাবিলে না। একারণে বলি শুন, ত্যাজ রজস্তম ধন, ভাব সেই নিরঞ্জন, এ বিপত্তি রবে না॥ ৮৩॥ . তৈ, দ,

বিষয় আসক্ত মন দিবা নিশি আছো, লোকে মান্য হবো বলে কি কঠ পাতেছো। ধন জন দারা স্ত, বাহাতে মমতা এতো, শেষে না রহিবে সে তো, তাহা কি ভুলেছো, অতএব আত্ম জান, কর তার স্থসন্ধান, পরম পদার্থ জান, মিছে কেন মজিতেছো॥ ৮৪॥ ভৈ, দ,

ভাব মন আপন অন্তরে তারে যে জগত পালন করে। সর্বশাস্তে এই কয়, শুদ্ধ চিত্ত যার হয়, অজ্ঞান তিমির তার যায় অতি দূরে। অন্য অভিলাষ আর, নাহি হয় পুনর্বার, আত্মানাত্ম বিচার যে এক বার করে॥৮৫॥ . ভৈ, দ,

ভঙ্গ মন তাঁরে যে, তারে ওরে তব পারাবারে। পড়িরা মায়ায় রথা কাল যায়, মঙ্গালে তোমায়, রিপুপরিবারে। ইন্দ্রিয় হতেছে ক্ষীণ, ক্রমে ফুরাইছে দিন, ওরে মন অর্কাচীন, শেষে কবে কারে। এখন উপায় শুন, চিস্ত সত্য নিরপ্পন। কর প্রবণ মনন, সাধ্য অনুসারে ॥ ৮৬ ॥ নী, ঘো

নিজ প্রামে পর গৃহে চোর প্রবেশিলে মন। লোকে শুনে স্বভবনে সদা ভয়ে ভীত হন। নবদ্বার দেহ পরে, কালরূপী তক্ষরে, প্রতি দিন আয়ু হরে, নাহি অরেষণ। মোহরাত্রি তমো ঘন, মায়া নিদ্রো প্রাণিগণ, প্রহরী নাহিক কোন, কে করে বারণ। শুন মন স্বভঃপরে জ্ঞান অসিকরে ধরে, জাগিয়া কৃতান্ত চোরে, কর নিবারণ॥ ৮৭॥ নি, মি,

ইন্দ্রিয় বিষয় দানে নহে ইন্দ্রিয় দমন। স্নতাহতি দিলে বহ্নি না হয় বারণ। রভিহীন করে মনে, রাথ ইন্দ্রিয় শাসনে, জীব ব্রহ্ম এক জানে, থাক যোগ পরায়ন। উপভোগে স্থাপে বিরাগ, ব্রহ্মে রাথ অমুরাগ, তবে তো হইবে তাাগ,ভেদ দৃষ্টি মিথ্যা জ্ঞান। এক ব্রহ্ম নদ্বিতীয়, বিশাস কর নিশ্চয়, নাশিবেক সর্ববিভয়, আত্মায় কর প্রাণার্পন ॥ ৮৮॥ নি, মি,

চপল চঞ্চল আয়ু যায় প্রতিক্ষণ। প্রাগ্রভাগে বেমন জলের গমন।

বিষয়ের স্থোদর, সকলি জনিত্যময়, যেমন বিবিধ রচনায় দেখ স্থাপন।
ইহা দেখে মন আমার ত্যজ আশা অহ্বার সদা কর স্বিচার মন
ইন্দ্রিয় দমন। বিবেক বৈরাগ্যময় আত্ম জানের সহায় ভাব চিদানন্দ ময় সকল কারণ॥ ৮৯॥

নি, মি,

আত্ম উপাসনা বিনা কিছু নাহি মন। আত্মাতে আত্মাতা করা ব্যন্ধের সাধন। অথও ব্রত্মাও ব্যাপে বিভূ আছেন আত্মরূপে ভূবো নাহি মায়াকৃপে না জানে কারণ। দেখ সভ্যের সন্তা বই, ভূমি আমি কেহ নই কুপা করি আমার এই শুন নিবেদন। যতো হলো বলা কওয়া ভূমেতে আছতি দেওয়া উচিত আত্মময় হওয়া এই প্রয়োজন ॥ ৯০॥

নী. হো.

আমি ভাবি সদা ভাবি পরমাত্মা পরমের। মন প্রতিকৃল হরে ভাবিতে না দেয় পরাৎপর। পঞ্চ বিষয় গরল ইন্দ্রিয় তাতে ব্যাকুল মন তার অন্তক্ল কুপথগামী নিরস্তর। চঞ্চল অভাব তার লয়ে রিপু পরিবার সে নিয়োগ স্বাকার করিছে বিষয় ব্যাপার। শুন মন ছুরাচার কি ভাব বিষয় আর অনিভাময় এ সংসার নিতা অবিনাশী আর ॥ ১১ ॥ নি, মি.

শুন ওরে মন, বলি ভোরে শুন, সভোরি স্কানা যথার্থ। ভুলে আত্ম তত্ত্ব, গেলো পরমার্থ, কাম অর্থ বর্ত্ম নিরর্থ। কর্মজন্য ফল মিঞ্জিত গরল নহে কোন ফল এফলে। ভাবিলে নিক্ষল, হইবে সকল, আত্মজান হেন পদার্থ। ১২॥
কা, রা,

কোখা হতে এলে কোখা যাইবে কোখারে, কে তুমি তোমার কে বা চিস্তিলে না একবারে। নিজাবশে দেখ বেমন বিবিধ স্থপন প্রপঞ্চ জগত তেমন ব্রমে সভ্য দরশন। অভএব দেখু বুঝে যিনি সভ্য ভল ভাঁরে॥ এ৯৩॥ কা, রা,

আমি আমি বল॰ কারে পড়ে মোহ অন্ধকারে, আপনারে আপনি না কর সন্ধান। অতএব বলি শুন, হও সাবধান আত্মজান অবলবে বিনাশ ভ্রমাত্মজান। এই সেঁ জানিবে নিত্য চিস্তা কর আপনারে॥ ১৪॥ কা, মা,

🤛 বিচিত্র ক্রিতে গৃহ বতু কর মনে মনে। কিন্ত গৃহ ক্ষয় মূল হইতেছে

দিনে দিনে। অন্ধণা হিমের প্রায়ঃ ক্বতান্ত তপন তায়, তীকু করে করে নাশ প্রতি কবে কবে। ক্রমেতে হইলো শেষ, এখন বুঝ বিশেষ, তান্ত হেষ যাবে ক্লেশ ভল নিরঞ্জনে॥ ১৫॥ কা, রা,

তাঁরে ভাবো ওয়ে মনং যে মনের মনং। নরনের নয়ম-বিনি জীবের জীবন। ইন্তিয়ের অগোচর, কিন্তু ব্যাপ্ত চরাচর, সকলি অনিত্য নিত্য একমাত্র তিনি হন। জীব জন্তু অগণনা, পতক বিছল নানা, অভিত্য রচনা বিশ্ব ঘাঁহার রচনা। বিনি সর্ববি মূলাধার ভ্রময়ে নিয়মে ঘাঁর, সর্ববিদা পবন শশী নক্ষত্র তপন। ন্যায় সাংখ্য পাতঞ্জল, ভাবিয়ে না পায় হল, অভ্রাস্ত বেদান্ত অন্ত, না জানে ভাঁহার। মীমাংসা সংশায়াপয়, হয়ে করে তয় তয়, বাক্য মনোতীত তিনি সকল কারণ॥ ৯৬॥ কা, রা,

র্থায় বিষয়ে শ্রম স্থাপেরি আশায়। রহিয়ে কুপিত কৃণি ফণার ভারায়। কর দস্ত মনে গণি, আছ নানা ধনে ধনী, কিন্তু ক্ষণে কাল ফণী দংশিবে তোমায়। হংখ বেন ছুর্দ্দিন স্থা খাদ্যোতিকা হেন, মন রে নিশ্চয় জান, সংসার কান্তারে, অতএব বলি সার তাজ দস্ত অহলার, ভজ সেই নির্ফ্রিকার হইবে উপায়। যদি না মানে বারণ, প্রমন্তবারণ মন, জ্ঞানাভূশ করে ধরি কর নিবারণ। মনেতে বৈরাণ্য আন, ঘুচিবে ছংখ ছুর্দ্দিন, নিত্য স্থাই হবে মন, রিপু করি জয়॥৯৭॥ কা, রা,

আত্ম উপাসনায় রে মন কর হে যতন। সংসার জলধি পারে নিতান্ত হবে গমন। বিষয়ে বৈরাগ্য কর, মিথা জান এসাংসার, শুবৰ মনন তাঁর কর পুন: পুন:। সিংহ দৃষ্টে গজ যেমন, ভয়ে করে পলায়ন, সাধনার শুণে তেমন পাপরিপু হবে দমন। ত্রন্থে অমুরাগ যার, কাল ভয়ে কি ভয় তার, দেহ পরিগ্রহ আর না হবে কখন। ১৮॥ নি যি

দেইরূপে এক রক্ষে নিরস্তর ছুই পক্ষী, করে কাল যাপন। ঔপাধিক ভেদ মাত্র স্বরূপত অভেদ হন। দৈহিক রক্ষের ফল যত জীব কর্ত্তা তোক্তা অবিরত পরমাত্মা ভোগ রহিত সর্ব্ব সাক্ষি সর্ব্ব কারণ। জলাদি সংস্থা গুলে দৌর্গন্ধ হয় চন্দনে তেমতি প্রকৃতির গুণ আত্মায় আরোপন। ঘর্ষণ করিলে পরে কোদাদি যাইবে দুরে প্রকাশিবে বাহাাপ্তরে এক যথার্থ চন্দ্র। তেমতি জানিবে মন অবিদ্যা নাশিবে যথন স্থপ্রকাশ চিদাভাস উদিত হইবে তখন॥৯৯॥ নি, মি,

কর সে আত্ম তব কাল আসিতেছে। নিরাধার বিভূ সর্বাধার হইরাছে। ন নীল ন পীত রক্ত সর্ব্বোপাধি বিনিমুক্ত মহাশূন্য স্বরূপে
সর্বব্রে ব্যাপিয়াছে। অনল জল তপন এ তিনের তিন গুণ আকাশেতে
শক্ষরূপে স্থা শশধরে। আদি অন্ত মধ্য শূন্য বিশ্বরূপ বিশ্ব ভিন্ন বিশ্ব
সাক্ষিরূপে বিশ্বেরে দেখিতেছে। মন বাক্য অগোচর পরম ব্যোমের পর
জন্মাদ্যস্য যত বলি বেদে কহে যাঁরে। পাবন সর্ব্ব কারণ তত্বাতীত
নিরপ্তান স্থপ্রকাশ স্বরূপ সর্ব্বদা ভাসিতেছে॥ ১০০॥ কৃ, ম,

হে মন কর আত্মান্সন্ধান শমন ভয় রবেনা রবেনা। পদজ দল জল ইব জীবন চঞ্চল ধনজন চপলা সমান রবেনা রবেনা। নির্ভণ নির্ভণ মন জ্ঞানাস্ত্রে কর ছেদন মহামায়া নির্দ্ধিত ত্রিগুণ বাবধান। এথনি হইবে স্থী, অন্তরে আত্মারে দেখি, কথা মান প্রবীণ অজ্ঞান ভুলনা ভুলনা ॥ ১০১॥

ক্, ম,

কি স্বদেশে কি বিদেশে যথায় তথায় থাকি। তোমার রচনা মধ্যে তোমাকে দেখিয়া ডাকি। দেশ ভেদে কাল ভেদে রচনা স্বসীমা.প্রতিক্ষণ লাকী দেয় তোমার মহিমা। তোমার প্রভাব দেখি না থাকি একাকী ॥১০২॥

ভুলনা নিষাদ কাল পাতিয়াছে কর্মজাল সাবধান রে আমার মানস বিহল। দেখ নানাবিধ ফল, ও যে কর্মতক ফল, গরলময় কেবল, দেখিতে স্থায় আকুল যদি হইয়াছে মনঃ, নিতা স্থাজ্ঞানারণো করহ করহ গমন। স্থায় তক নির্ভগ অমৃতাক্ত ফলচয় পাইবে ভোগিবে কত আনন্দ বিহল। ১০৩॥

সংসার সাগরে অতি কৃত্র দেহ তরি। অজ্ঞান সলিলে ভাসে দিবস শর্কারী। দেখ দেখ, সানধান রিপুর স্থপর বান প্রতিক্ষণে ভয়ানক তরক্ষ শহরী। অতথব যুক্তি বলি, বিবেকেরে কর হালী, ভোলো বৈরাগোর পালি, বাঁধ শান্তিগুণে। বুদ্ধি কর কর্ণধার অনায়াসে হবে পার নিতাজান আত্মতন্ত্র অবলম্ব করি॥ ১০৪॥ 'কা. রা.

সংগার সকলি অসার ভাবিয়া দেখ মন। কথন আসি প্রাণ লয়ে কাল করিবে গমন। আমকুস্তে বারি বেমন জীবের জীবন তেমন। কে কথন পঞ্চত্ব পাবে তাহার নাহি নিরূপেন। প্রেফ্টুটিত পুস্পাগন, শোভিত করে কানন, অবশা হবে মলিন, এক বা দ্বিতীয় দিনে। তেমতি জানিবে মনঃ ধন জাবন যৌবন কিছু দিন স্থিতি পায় পশ্চাতে হয় নিধন। এখন এই উপায় ভাব চিদানন্দময়, দূরে যাবে কালভয় অচিরে নির্মাণ॥ ১০৫॥

নি, ম,

পরনিন্দা পরপীড়া এ বুজি কেন ত্যজ না,বারংবার যাতায়াতে পাইবে । ঘোর যাতনা। তমোগুণাক্রান্ত মতি,পরছেবে ছফট অতি, পরমায়ু অপ্প স্থিতি, গর্ফবি ভাবনা। সম্বন্ধ জীবনাবধি,আশার নাহি অবধি,তবে কেন নিরবধি,আন্তি বুদ্ধি ক্মস্থবা। দস্ত দর্প থর্ফবি করি, ছৈতবুদ্ধি পরি-হরি,বিষয়ে বৈরাগ্য করি,কর আত্মার উপাসনা। ১০৬॥ নি, মি,

ি কে নাশে কামাদি অরি অবিবেক বলে। কে দহে কলুয় রাশি বিনা জানানলে। প্রবণ ধানে মনন, জ্ঞান অনল কারণ, যতনে কর সাধন, না রহিও ভূলে। প্রান রে অশান্ত মনঃ নির্ভি ছাদয়ে আন করিয়া অতি যতন রাথ সমাদরে। রিপু হবে পরাক্ষয় এ কথা অনাথা নয় সত্য সত্য এই সত্য সর্ক্ষশান্তে বলে। বিবেকেরে সঙ্গে লয়ে জ্ঞান চক্র স্থা পিয়ে আনন্দে মগন হইয়ে সাধ সমাধিরে। মহাশূন্যে যাবে মনঃ না হবে অমুগমন শ্রম হবে মুয়া শ্রম তত্তভান হলে॥ ১০৭॥

ইক, ম,

মায়াবশে রসোল্লাদে রথা দিন যায়, চিস্তিলে না নিজ শিব অস্তের উপায়। পড়িলে অজ্ঞান কৃপে ত্রাণ নাহি কোন রপে এখন এই যুক্তি কর বৈরাগ্য আশ্রয়। দেহ দেহী যে স্থাজিল ইন্সিয়ে চেডনা দিল র্জি জ্ঞান আদি তব সহায় জীবনে,। অন্তিত মম চিত না চিস্তিলে হিতাহিত তাঁরে ভুলো এ কি ভুল হায় হায় হায় ॥ ১০৮॥ কা, বা,

এক অনাদি পুরুষ সনাতন, ধ্যান না ধরিয়ে দারা পুরু ধনলয়ে প্রবীণ অজ্ঞান হয়ে নিদ্রিত ফণি সম্মুখে করেছ শয়ন। না হইল শ্রবণ মনন গেল দিন ভ্রমে হলাহল পান করো না করো না। না ভাবিলে না ভিজিলে না চিক্তিলে হে নিগুৰ নিগুৰিনন্দ জ্ঞানাঞ্জন দিয়ে যে দেখার নিরপ্তান ॥ ১০৯ ॥ ফু, ম,

বিনাশ বিনাশ মন বিষয়েরি অভিলাষ। জ্ঞানামৃত পান করি সেই রস আভাসে ভাস, অবলম্ব করি যারে স্থিতি কর এ সংসারে ক্ষণে না ভাবহ আঁরে অনিত্য করি বিশাস॥ ১১০॥ কা রা

ওরে মন ভূল দ্বিদলে বসিয়া কত বঞাও রঙ্গ। শুন বলি তোমারে জ্ঞানদীপ জ্বালিলে পরে দাহ হবে ইচ্ছা করে তুমি যে পতঙ্গ। সংসার কেতকী বনে, আছ মধুর অধেষতে, পাপ রক্ত বই সেখানে নাহিক প্রসন্থ। হারাইবে তত্ত্ব নৈত্র সন্দেহ নাহিক অত্র সংপথে না হলে সত্র রুধা হয় অঙ্গ। ১১১॥ নী যো

শুন ওরে মনঃ ভঙ্গ সদা আশোক্ষভয় যে জন হঁয় স্থজন পালন লয়েরি কারণ। বিষয় কৃপেতে হইয়ে পতিত রহিলে জুলে এ কি অবিবেক বল মন রে তাজ বাসনা, গরল ময় হায় হায় ভ্রম র্থারে মান হে বারণ ॥ ১১২॥ কা, রা,

আত্মাএব উপাসনা প্রসিদ্ধ এ অমুভব, বিষয় বাসনা ছাড়িসে রসে কর গৌরব, জ্ঞানচন্দ্র প্রকাশিয়ে,অজ্ঞান তমোনাশিয়ে,সহজে থাক বসিয়ে রিপুকরি পরাভব॥ ১১৩॥ কা রা

বিস্তার করিলে রাজ্য নিজ বাহুবলে, সংগ্রাথে অনেক রিপু সংহার করিলে। ছাদে অহঙ্কার ভরা রিপুহীন হলো ধরা, শরীরে ছুর্ক্সর রিপু-তার কি চিস্তিলে। প্রবল সে রিপু ছয়, তোমারে করিল জয়, ধিক্ ওরে দক্ষময়, রথা অহঙ্কার। অতএব যুক্তি শুন মনেতে বৈরাগ্য আন আত্মতত্ব সমরে দলহ রিপুদলে॥ ১১৪॥ কা, রা,

দ চিত্তক্ষেত্র পৰিত্র করিয়া ওরে মনঃ আত্ম উপাসনা বীঞ্চ করছে রোপন। প্রযত্ন সেচনী ধরি বিবেক বৈরাগ্য বারি প্রাণপণে প্রতিক্ষণে করুরে সেচন।

হবে রক্ষ মোক্ষার্থ নিত্যকান কল্ডর নিশ্চিত অনুত লাভ সে ফল

কলিলে। বুক এই বুকি মতে, সম্বর হও ইহাতে, নির্ভিন্না গভাগতি নিত্যস্থী হবে মনঃ ॥ ১১৫ ॥ কা, রা,

কে তুমি কোণার ছিলে যাবে কোণা বল, না জানিয়া আত্মতত্ব অনর্থ কাল গেল। কারণের কার্য্য তুমি, বট পঞ্চ ভূত গামি, অথচ বলার আমি, আমার এ সকল। কনিমুখে ভেক যেমন, কাল ছানে আছ তেমন, কেন অভিযান ওমন করিছ বিকল ॥ ১১৬॥ নী ্বো

ব্ৰন্ধোপাসনা!

ওঁতৎসৎ।

মন্থ্যের যাবং ধর্ম ছুই মূলকে আত্রয় করিয়া থাকেন এক এই বে সকলের নিয়ন্তা পরমেশরেতে নিষ্ঠা রাখা দ্বিতীয় এই যে পরস্পার সৌজ-ন্যতে এবং সাধু ব্যবহারেতে কাল হরণ করা।

> পরমেশরেতে নিষ্ঠার সংক্ষেপ লক্ষণ এই যে তাঁহাকে আপনার আরুর এবং দেহের আর সমৃদার সৌভাগ্যের কারণ জানিরা সর্বান্তঃকরণে শ্রদ্ধা এবং প্রীতি পূর্বক তাঁহার নানাবিধ স্থান্ত রূপ লক্ষণের দারা তাঁহার চিন্তন করা এবং তাঁহাকে ফলাফলের দাতা এবং শুভাশুভের নিয়ন্তা জানিয়া সর্বাদা তাঁহার সমীহা করা অর্থাৎ এই অমুভব সর্বাদা কর্ত্তবা যে যাহা করিতেছি কহিতেছি এবং ভাবিতেছি তাহা পরমেশরের সাক্ষাতে করিতেছি কহিতেছি এবং ভাবিতেছি ॥

২ পরস্পর সাধু ব্যবহারে কাল হরণের নিয়ম এই যে অপ্রে আমাদের সহিত যেরূপ ব্যবহার করিলে আমাদের তুঠির কারণ হয় সেইরূপ ব্যব-হার আমরা অপরের সহিত করিব আর অন্যে যেরূপ ব্যবহার করিলে আমাদের অতুঠি হয় সে রূপ ব্যবহার আমরা অন্যের সহিত কদাপি করিব না!

পরমেশরকে এক নিয়স্তা প্রভুজান করা আর তাঁহার সর্বব সাধারণ জনেতে স্নেহ রাখা আমারদিগ্যে পরমেশরের রূপা পাত্র করিতে পারে ধনাদি যে তাঁহার সামগ্রী স্বতরাং তাহার আকাজ্জিত তেঁহো নহেন।

পরমেশর সকল হইতে অধিক প্রিয় এবং প্রিয়কারী ইহার প্রমাণ এক আত্মন: শরীরে ভাবাৎ। ৫৩। ৩। ৩।

পরমেশ্বর জীব হইতেও অধিক প্রিয় হয়েন বেছেতু পরমেশ্বরের অধিষ্ঠান সর্বাদা শরীরে, আছে অর্থাৎ স্ববৃত্তি সময়ে সকল লয় হইলেও পুনরায় জীবকে পরমেশ্বর প্রবর্ত্ত করেন।

এবছেবানন্দয়তি। কেবল পরমেশর জীবকে আনন্দ যুক্ত করেন।
পরমেশর সকলের শান্তা তাহার প্রমাণ। মৃত্যুর্বস্যোপসেচনং।
জগস্তক্ষক যে মৃত্যু সেও পরমেশরের শাসনেতে আছে। ন ধনেন নচেজারা। ধনেতে আর যুক্তেতে মুক্তি হয় এমৎ নহে।

পথ্য প্রদান ৷

সম্যাগনুষ্ঠানাক্ষমভজ্জন্যখনস্তাপবিশিষ্টকর্ভৃক

কলিকাতা

সংস্ভ বল্লে মুক্তিভ হইল।

শকাৰা ১৭৪৫

MEDICINE

FOR THE SICK
OFFERED

 $\mathbf{B}\mathbf{Y}$

ONE WHO LAMENTS

HIS INABILITY TO PERFORM

ALL RIGHTEOUSNESS.

CALCUTTA,

PRINTED AT THE SUNGSCRIT PRESS1823.

ভূমিকা।

বান্তবিক ধর্মসংহারক অথচ ধর্ম সংস্থাপনাকাজ্ঞি নাম গ্রহণ পূর্ব্ধক যে প্রত্যুত্তর প্রকাশ করিয়াছেন তাহা সমুদায়ে ছুই শত অফাত্রিংশং পৃষ্ঠ সংখ্যক হয়, তাহাতে দশ পৃষ্ঠ পরিমিত ভূমিকা গ্রন্থারস্কে লিখেন ঐ দশ পৃষ্ঠে গণনা করা গেল যে বাঙ্গ ও নিন্দা স্থচক শব্দ ভিন্ন স্পষ্ট কছজি বিংশতি শব্দ হইতে অধিক আমাদের প্রতি উল্লেখ করিয়াছেন ; এই রূপ সমগ্র পুস্তক প্রায় দুর্স্বাক্যে পরিপূর্ণ হয়। ইহাতে এই উপলব্ধি হইতে পারে যে দ্বেষ ও মৎসরতায় কাতর হইয়া ধর্ম্ম সংহারক শাস্ত্রীয় বিবাদ-ছলে এই রূপ কটুক্তি প্রয়োগ করিয়া অস্তঃকরণের ক্ষোভ নিবারণ করি-তেছেন, অন্যথা তুর্কাক্য প্রয়োগ বিনা শাস্ত্রীয় বিচার সর্বদা সম্ভব ছিল। ধর্মা সংহারককে এবং অন্য অন্যকে বিদিত আছে যে তাঁহার প্রতি এরূপ অথবা এতদধিক তুর্ববাকা প্রয়োগে আমাদের বরঞ্চ আমাদের আঞ্রিত বাক্তিদেরও সম্পূর্ণ ক্ষমতা আছে, যেহেতু তাঁহাদের দহিত ধর্ম সংহারকের কছুক্তির আদান প্রদানে পরিপূর্ণ লিপি সকল অদ্যাপিও ব্যক্ত রহিয়াছে, কিন্তু আমরা স্বয়ং তিন কারণে ছর্ব্বাক্যের বিনিময় হইতে ক্ষাস্ত রহিলাম। প্রথমত, যে কেহ উত্তরে কটুক্তি শুনিবার আশঙ্কা না করিয়া আপন ष्यभीन ভিন্ন অন্য ব্যক্তির প্রতি গর্হিত বচন প্রয়োগ করিতে সমর্থ হয়, তাহার প্রতি উত্তরে কটুক্তি কথনের প্রয়োজন যে তাহার ক্ষোভ ও লজ্জা ও মনঃপীড়া এদকলনা হইয়া কেবল তক্ত্লা নীচত্ব দেই উত্তর প্রদাতার স্বীকার মাত্র হয়, স্থতরাং (নীচদ্যোক্তিভাষাঃ স্থজনঃ স্ময়তে নশোচতে . তাভিঃ। কাকভেকখরশব্দাৎ বদ কোনগরং বিমুঞ্চতে ধীরঃ)। দ্বিতীয়ত, বালক ও পরাদির হিতকরণে ও চিকিৎসা সময়ে তাহারা আক্ষালন ও চীৎকার এবং বিরুদ্ধ করিবার, চেঠা যদি করে ও হিংসাতে প্ররুত্ত হুয় ভাহাতে ঐ অবোধ প্রাণির° চীৎকারাদির পরিবর্ত্ত না করিয়া দয়ালু মন্ত্ ষ্যেরা তাহাদের হিতেন্দ্র্য হইতে ক্ষান্ত হয়েন না, সেই রূপ আমাদের হিতৈষার বিনিময়ে ধর্ম সংহারকের বিরুদ্ধ চেস্টায় ও দ্বেষ প্রকাশে আ-মরা রাগাপন না হইয়া এ প্রত্যুত্তরের উত্তরে শান্তীয় উপদেশের স্থারা

ততোধিক ক্ষেহ প্রকাশ করিতেছি। তৃতীয়ত, ভাগবতে লিখেন (ঈশরে, তদধীনেষ্, বালিষেষ্, দ্বিধ সূচ। প্রেম, মৈত্রী, কুপো, পেক্ষা য়ঃ করোতি সমধ্যমঃ) পরমেশরে প্রেম, তাঁহার অধীন ব্যক্তি সকলের সহিত মিত্রতা, মুর্থ ব্যক্তিদিগ্যে কুপা, ও দ্বেফীদের প্রতি উপেক্ষা যে করে সে মধ্যম হয়, অতএব সাধ্যাহুদারে ধর্ম সংহারকের প্রতি উপেক্ষাই কর্ত্রব্য হয়।

বিজ্ঞাপনা।

আমাদের নিন্দার উদ্দেশে ধর্ম সংহারক আপন প্রত্যুত্তরের নাম "পাষও পীড়ন" রাখেন তাহাতে বাগ্দেবতা পঞ্চমী সমাদের দ্বারা ধর্ম সংহারকের প্রতি বাহা যথার্থ তাহাই প্রয়োগ করিয়াছেন।

প্রয়োজন পৃঠে (তছ্তুর স্বরূপেণ) ইত্যাদি দ্বিতীয় ফ্লোকের দ্বারা যে সুর্ব্বাক্য আমাদের উদ্দেশে উল্লেখ করিয়াছিলেন, তাহাতে বাগ্দেতা "তৎ" পদের উদ্দেশ্য প্রশ্ন চতুক্টয়কে দেখাইয়া ঐ সকল ছুর্ব্বাক্য ধর্মা সংহারকের প্রতি উল্লেখ করেন।

আমাদের নিন্দোদ্দেশে ধর্ম সংহারক "নগরাস্তবাসী" এই পদ প্রয়োগ পুনঃ পুনঃ করিয়াছেন, অথচ বাগ্দেতার প্রভাবে এশব্দের প্রতিপাদ্য তিনি যে স্বয়ং হয়েন তাহা স্মরণ করিলেন না॥

প্রত্যুত্তর প্রকাশের দিবস সন ১২২৯ শাল ে মাঘ্ লিখেন কিন্তু এন-গরস্থ অনেক সজ্জনের নিকট প্রকাশ আছে যে বৈশাখ মাসে প্রত্যুত্তরের বিতরণ হয় ইতি ॥ ১২৩০, ১৫ পৌষ॥

সম্যগস্ঞানাক্ষমতজ্ঞন্যমনস্তাপবিশিষ্টঃ ॥

नरमाकशमीयवास्।

প্রথমত তিন পৃষ্ঠের অধিক স্বীয় প্রশ্ন ও আমাদের দত্ত উত্তরের কিয়দংশ লিখিয়া, ধর্ম সংহারক চতুর্থ পুর্চে যে প্রত্যুক্তর দেন তাহার তাৎ-পর্যা এই যে সমাগমূর্চানাক্ষম আপনাকে ভাক্ত তত্বজানী স্বীকার করি-রাছেন অথচ ভাক্ত শব্দের অর্থ জানেন না "ইদানীস্তন কর্মিদের সন্ধ্যা বন্দনাদি ও নিতা পূজা হোমাদি পিতৃ মাতৃ কতা যাত্রা মহোৎসব জপ যজ দান ধ্যান অতিথি সেবা প্রভৃতি শ্রুতি বিহিত নিত্য নৈমিত্তিক কামা কর্ম সর্ববদা দর্শন ও শ্রবণ করিতেছেন তথাপি স্বয়ং প্রকৃত লক্ষণা ক্ৰান্ত ভাক্ত তৰজানী হইয়া সম্পূৰ্ণ কিম্বা অসম্পূৰ্ণ কৰ্মি সকলকে কোনু শাস্ত দৃষ্টিতে নিন্পরাধে ভাক্ত কর্মী কহিয়া নিন্দা করেন" ॥ উত্তর।—আমাদের পূর্ব্ব উত্তরে কোনো ব্যক্তি বিশেষের নিয়ম ছিল না কেবল সাধারণ কথন খাছে অৰ্থাৎ "কি ভাক্ত তৰ্জানী কি অভাক্ত তৰ্জানী" "এক ভাক্ত তৰ্ব-ক্সানী ও এক ভাক্তকৰ্মী" তাহার দ্বারা আমর। আপনাদের প্রতি কিম্বা .খন্য কোনো অসম্পূর্ণ জানির প্রতি ভাক্ততত্বজ্ঞানী শব্দের উল্লেখ করি-য়াছি এমৎ উপলব্ধি দ্বেষ পরিপূর্ণ চিত্ত ব্যতিরেকে অন্যের কদাপি হয় না বিশেষত "সম্যগন্ধানাক্ষম" এই নাম গ্রহণই উত্তর প্রদাতার অসম্পূর্ণ জ্ঞানাম্চানকে ব্যক্ত রূপে জানাইতেছে অধিকন্ত ঐ উত্তরের ২২৯ পৃঠের ৯পংক্তিতে ঐ রূপ সাধারণ মতে লিখা আছে "যে কোনো এক বৈষ্ণব যে আপন ধর্ম্মের লক্ষাংশের একাংশ অমুষ্ঠান করে না-সে যদি কোন শাক্তের-এবং কোনো ব্রন্ধনিষ্ঠের স্বধর্মামূষ্ঠানে ক্রটি দেখিয়া তাহাকে ভাক্ত ও নিশিত কহে-তবে তাহাকে বিজ্ঞ ব্যক্তিরা নিশ্দকের মধ্যে অতিশয় নিন্দিত জানিবেন কি না" এই সাধারণ প্রশ্ন এক ব্যক্তির কি শাক্তম ও ব্রাহ্মম উভয়ের বাঞ্ক হইতে পারে ? বিজ্ঞ ব্যক্তিরা বিবেচদা করিবেন। यमि কেই এমই নিয়ম করেন যে অসম্পূর্ণ প্রবণ মনন বিশিষ্ট জ্ঞানাবলধী ভাক্ত তত্বভানি শব্দের বাচ্য হয় তবে তাঁহার অবশ্য উচিত্ত হইবেক যে অসম্পূর্ কর্মির প্রতিও ভাক্তকর্মি পদের উল্লেখ করেন কিন্ত এনিয়ম কি আমাদের কি ধর্ম সংহারকের উভয়ের তুল্য গ্লানিকর হয়।

ঐ চতুর্থ পৃষ্ঠের শেষে ধর্ম সংহারক আপনাকে সেই সকল কর্মিদের মধ্যে গণনা করিয়াছেন ঘাঁহাদিগ্যে লোকে "শ্রুতি স্মৃতি বিহিত নিতা নৈমিত্তিক কাম্য কর্ম্ম দর্বনা করিতে দর্শন ও অবণ করিতেছেন" এনিমিত্ত শ্রুতি স্মৃতি বিহিত নিতা নৈমিত্তিক কর্ম যাহা কর্ম্মির অবশ্য কর্ত্তব্য তাহার কিঞ্চিৎ এন্থলে লিখিতেছি এই প্রার্থনা যে পণ্ডিতেরা বিবেচনা করিবেন বে লোকেরা এসকলের অমুষ্ঠান করিতে ধর্ম সংহারককে সর্ব্বদা দেখিতে-ছেন কি না। (স্মার্ত্রিত বচন সকল। প্রাতরুপায় কর্ত্তবাং যদ্ধিজেন দিনে দিনে ইত্যাদি। ব্রাক্ষে মৃহূর্ত্তে উত্থায় স্মরেৎ দেববরান্ মূনীন্। মৃত্রপুরী-ষোৎসর্গং কুর্যাৎ দক্ষিণাং দিশং দক্ষিণাপরাম্বেতি। তদ্দেশ পরিমাণ মাহ। মধ্যমেন তু চাপেন প্রক্ষিপেত্র শরত্রয়ং। অন্তর্ধায় তৃণৈভূমিং শির: প্রার-তা বাসসা। স্নানং সমাচরেৎ প্রাতর্দ্ধস্থধাবনপৃর্ধকং। অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বস্ত্ররে। মৃত্তিকে হর মে পাপং যন্ময়া ছুষ্কুতং ক্বডং)॥ ইহার অর্গ:। প্রাতঃকালে উত্থান করিয়া দ্বিজ সকল যে যে কর্মা প্রতিদিনে করিবেন তাহা লিখিতেছি। ব্রাহ্ম মুহূর্তে অর্থাৎ চারি দণ্ড রাত্তি থাকিতে গা্ত্রাম্পান করিয়া প্রধান দেবতা ও ঋষিগণের স্মরণ করিবেন! বাটীর দক্ষিণ কিম্বা নৈশ্বত কোণে মল মূত্র পরিত্যাগ করিবেন তাহাতে দেশের পরিমাণ এই যে মধ্যবিধ এক ধন্ম লইয়া তিন শর প্রক্ষেপ করিবেন অর্থাৎ ঐ শর ক্ষেপ পরিমিত ভূমি পরিত্যাগ কর্ত্তব্য। ভূণের দ্বারা ভূমিকে আচ্ছাদন করিয়া ও বস্ত্রের ছারা মন্তকাচ্ছাদন পূর্বক মল মৃত্র পরিত্যাগ করিবেন। পরে দস্ত ধাবনানস্তর অশ্বক্রান্তে রথক্রান্তে ইত্যাদি মন্ত্রের ঁদারা গাত্রে মৃত্তিকা লেপন পূর্ব্বক প্রাতঃকালে স্নান করিবেন। প্রত্তক বাহুলা ভয়ে প্রতিদিন কর্ত্তব্য কর্ম্মের মধ্যে প্রাতঃ কর্ত্তব্যের কিঞ্চিৎ লেখা গেল আর ব্রাহ্ম মৃহূর্ত্ত অবধি প্রদোষ পর্যান্ত দিবসকে আট ভাগ করিয়। প্রত্যেক ভাগে যে যে কর্ম্ম কর্ত্তব্য তাহারও কিঞ্চিৎ কিঞ্চিৎ সংক্ষেপ রূপে লেখা যাইতেছে। (অগ্নিহোত্রঞ **জুত্যাদাদ্যতে ছ্যানিশো: সদা) অর্থাৎ** আদ্যভাগে ও অন্তভাগে অগ্নিহোত্র করিবেন। (विक्रीय़िक ততোভাগে বেদা-ভ্যাসো বিধীয়তে) অর্থাৎ দ্বিতীয় ভাগে বেদের অধ্যয়ন বিচার অভ্যাস জপ ও অধ্যাপনা করিবেন। (ভূজীয়েচ তথা ভাগে পোষ্যবর্গার্থসাধনং)

এথাৎ তুতীয় ভাগে স্ব স্ব রাজি দারা ধনোপার্জ্জন করিবেন। (চতুর্থে চ তথা ভাগে স্থানার্থং মৃদমাহরেৎ) অর্থাৎ চতুর্থ ভাগে পুনঃ স্থান নিমিত্ত মৃত্তিকা হরণ করিবেন। (পঞ্চমে চ তথা ভাগে সংবিভাগোষথাইতঃ) অর্থাৎ পঞ্চম ভাগে নিত্য প্রাদ্ধ বলি বৈশাদেব ক্ষুধার্ত্ত জীবে অম দান পশ্চাৎ অবশিষ্ট ভোজন ইত্যাদি করিবেন। (ইতিহাসপুরাণাদ্যৈঃ ষষ্ঠসপ্তম-্কা নয়েৎ) অর্থাৎ বর্চ সপ্তম ভাগকে ইতিহাস পুরাণাদির আলোচনাতে গাপন করিবেন। (অফ্টমে লোক্যাত্রায়াং বহিঃ সন্ধ্যাং সমাচরেৎ) অর্থাৎ অন্টম ভাগে শোক্ষাত্রা ও গ্রামের বহির্ভাগে যাইয়া সন্ধ্যা বন্দন গায়ত্রী জপ ইত্যাদি কর্ম করিবেন॥ যাঁহারা ধর্ম সংহারককে প্রত্যহ দেখিতে-্চন তাঁহারাই মধ্যস্থ স্বরূপ মীমাংসা করিবেন অর্থাৎ যদি ধর্ম সংহারককে প্রতিদিন এসকল কর্মা অবাধে করিতে দেখেন তবে সম্পূর্ণ কর্মিদের মধ্যে মতরাং তাঁহাকে গণিত করিবেন; যদি তাঁহারা কছেন, যে প্রায় এসকল কর্মা ধর্মা সংস্থারক প্রত্যন্থ করিয়া থাকেন কোনো দিবস করিতে অসমর্থ হইলে প্রত্যবায় পরিহারের নিমিত্ত প্রায়শ্চিত্ত করেন তবে স্থতরাং তিনি অসম্পূর্ণ কন্দ্রী এই পদ বাচ্য হইবেন; অথবা ষদি তাঁহারা দেখেন ষে হুর্য্যোদয়ের ভূরি কালানস্তর গাত্রোপান করিয়া ধর্ম সংহারক স্বগৃহে জা-ভুরের ন্যায় প্রাভঃক্তা করেন পরে দ্বিতীয় ভাগে কর্ত্তব্য বেদাভ্যাদের স্থানে গ্রাম্যালাপ ও লোক নিন্দা করিয়া থাকেন, তৃতীয় ভাগে কর্দ্ধব্য যে সরব্ভিতে ধনোপার্জন তাহার স্থানে শূদ্রে রুত্তি দারা দিবসের ভূরিকালকে ক্ষেপণ করেন, আর চতুর্থ ভার্গে কর্ত্তব্য মৃত্তিকা গ্রহণ পূর্ব্বক পুনঃ স্থান ও मक्तामि श्रात्न, अवर शक्षम ভाগে कर्खरा कर्ष्यात्र श्रात्न, शृंहीविश्व यवन . ব্যবহার যোগ্য ৰম্ভ পরিধান পূর্বক ক্লেচ্ছ যবন অস্ত্যক্ষ ইত্যাদির সহিত বেটিত হইয়া মেচ্ছ গতে স্থিতি করেন; ও অফ্টম ভাগে কর্ত্তব্য হোমাদি স্থানে ধৃত্র পানে ও বাসনে কালু যাপন করেন তবে ঐ মধ্যন্থেরা বিবেচনা মতে ধর্ম সংহারকের প্রতি ভাক্তকর্মি পদের উল্লেখ করা উচিত জানেন অবশ্য করিবেন আর ঐঃস্বধর্ম বিহীন বিশিক্ট সন্তান আপনাকে উত্তম कर्चि जानाहेश जातात्रं यथक्याञ्छीन नाहे धहे शतिवान निशा ममाक মধ্যে বাহু বাদ্য পূর্ব্বক যদি আক্ষালন করেন তবে তাঁহারাই ঐ

সাধু সন্থানের প্রতি ধ্রষ্ট পদের প্রযোগ করা উচিত বুঝেন অবশাই করিবেন॥ '

৮ পৃঠের শেষে লিখেন যে "অধর্মাত্মভানের সাবকাশ সময়ে মৃতি শাস্ত্র প্রমাণান্ত্রসারে সাম্রিক কর্ম ও রাজকৃত ধর্মের অনুষ্ঠান কর্তাকে নিরস্তর পর ধর্মান্ত্র্যাতা কহিয়া নিন্দা করেন"॥ উত্তর।—"অধর্মান্ত্র্যানের সাবকাশ সময়" এই পদের প্রযোগাধীন অন্তব হয় যে সাময়িক কর্ম ও রাজকৃত ধর্ম এতুই শব্দের দ্বারা ধনোপার্জনাদি বিষয় কর্ম তাঁহার অভিপ্রেত হইবেক অতএব নিবেদন, যে গে পণ্ডিতেরা ধর্ম্ম সংহারককে সর্ম্বদা দেখিতেছেন তাঁহারাই বিবেচনা করিবেন যে তিনি অধর্মান্ত্রষ্ঠানের সাবকাশ সময়ে মৃতি শাস্ত্রান্ত্রসারে সাময়িক কর্ম ও রাজকৃত ধর্ম্মের অনুষ্ঠান করেন কি ধনোপর্জনের সাবকাশ সময়ে যৎকিঞ্চিৎ অধর্ম্মাভাসের অনুষ্ঠান করিয়া খাকেন যেহেতু তাঁহারা অবশা জানেন যে রান্ধানের অধর্মান্ত্র্যানের সাবকাশ করিবা তাহা দিবসের অর্দ্ধ প্রহর হয় অতএব তাঁহারা এরপ দস্ত্যোক্তি সত্য কি মিথা৷ ইহা অনায়াসে জানিতে পারিবেন।

১ পৃষ্ঠে দশ পংক্তি অবধি যাহা লিখেন তাহার তাৎপর্য এই যে "যদি ভাক্ত তহজানী ও ভাক্তকর্মী উভয়ে স্ব স্ব ধর্মামুষ্ঠান রহিত হয়েন কিন্তু তাহাব মধ্যে ভাক্ত তহজানী আপনাকে লোকে দিক্ষ ও উত্তম রূপে প্রকাশ করেন তবে ঐভাক্তকর্মী তাঁহাকে উপহাস করিতে পারেন কিনা"। উত্তর !—বর্ম সংহারক ভাক্তকর্মী কি অসম্পূর্ণ কর্মী হয়েন, পূর্বে লিখিত কর্মিদের নিত্য কর্ম্মের বিবেচনা দ্বারা এবং ধর্ম সংহারকের প্রত্যহ অমুঠানের অবলোকন দ্বারা বিজ্ঞ ব্যক্তিরা তাহার নির্ণয় করিবেন; অথবা আমরা ভাক্ত জ্ঞানী কিম্বা অসম্পূর্ণ জ্ঞানামুষ্ঠায়ী হই, ইহার নিশ্চয়ও সেই রূপ পরের লিখিত শাস্তামুসারে পৃঙ্তিত লোক যেন করেন; পূর্বে উত্তর লিখিত মন্থ বচন (জ্ঞানেনৈবাপরে বিপ্রায়জন্ত্যেতৈর্দ্মহিঃ সদা। জ্ঞানমূলাং ক্রিয়ামেষাং পশাস্তাজ্ঞানচক্ষ্মা)। ক্লানো কোনো ব্রন্ধানিষ্ঠ গৃহন্থেরা গৃহন্থের প্রতি যে যে যজ্ঞ শাস্তে বিহিত আছে তাহা সকল কেবল জ্ঞান দ্বারা নিম্পন্ন করেন, সে কিরপ জ্ঞান তাহা পরার্ছে কহিতেছেন,

ঠাহারা জ্ঞান চকু যে উপনিষং তাহার দ্বারা জানেন যে পঞ্চ যজ্ঞাদি সকলের উৎপত্তির মূল জ্ঞান স্বরূপ পরব্রহ্ম হয়েন অর্থাৎ জ্ঞান নিত গৃহস্থাদের পঞ্চ যজ্ঞাদি অনুষ্ঠানের স্থানে পরব্রহ্ম পঞ্চ যজ্ঞাদি তাবতের मृत रुखन এই মাত্র চিস্তন উপনিবৎ আলোচনা দ্বারা তাঁহাদের আবশ্যক হয়। তথা (যথোক্তান্যপি কর্মাণি পরিহায় দ্বিজোত্তমঃ। আত্মজানে শমে চ স্যান্থেদাভাাদেচ যতুবান্) পূর্বেলি জ কর্ম সকলকে পরিত্যাগ করিয়াও বান্ধণ আত্মজানে, ইন্দ্রিয় নিগ্রহে, প্রণব উপনিষদাদি বেদাভাাসে যতু করিবেন অর্থাৎ আত্মার অবণ মননে ও ইক্রিয় নিগ্রহে ও বেদাভ্যাদে যতু করা ব্রহ্মনিষ্ঠ ত্রাহ্মণের আবশ্যক হয়। বর্ণাশ্রমাচার কর্মা অবশ্যই ত্যাগ করিবেক এমত তাৎপর্যা নহে কিন্তু জ্ঞান সাধনের অস্তরঙ্গ কারণ যে আত্মার অবণ মনন ও শম ও বেদাভ্যাস ইহারই আবশ্যকতা জ্ঞান নিষ্ঠের প্রতি হয়, মহুটাকাধ্বত কৌষীতক শ্রুতিঃ (অথ বৈ অন্যা আ্ছতয়ঃ অনস্তর-নান্তাঃ কন্মময্যোহি ভবন্তোবং হি ত্যা এতৎ পূর্ব্বে বিদ্বাংসোহগিছোক্রং কৃহ্বাঞ্চ ক্রিতি) পূর্বেবা ক কর্মময়ী আছতি সকল জ্ঞান নিষ্ঠদের এই হয় আর এই জ্ঞান সাধন রূপ অগিহোত্র পূর্ব্ব পূর্ব্ব জ্ঞান নিষ্ঠেরা করিয়াছেন; অতএব বিজ্ঞলোক বিবেচন। করিবেন যে যাঁহাদের প্রতি ধর্ম সংহারক ভাক্ত তত্বজ্ঞানি পদের প্রয়োগ করিয়াছেন সে সকল ব্যক্তিরা ব্রহ্ম জগতের मूल इराज 'এक्रें कि छिन करतन कि ना स्यर्ट्य मनूया जृतिकाल यिवस्य ভাবনা করে তরিষয়ের আলাপ ও উপদেশ প্রায় ভূরিকাল করিয়া থাকে এবং তাঁহাদের প্রণব ও উপনিষ্দাদি বেদাভ্যাদে ও ইন্দ্রিয় নিগ্রহে সম্যক্ প্রকারে কি অসমাক্ প্রকারে যত্ন আছে কি না ইহাও বিবেচনা করিবেন তখন অবশ্যই নিৰ্দ্ধারণ করিতে সমর্থ হইবেন যে তাহারা ভাক্ত তহুজ্ঞানী কি অসম্পূর্ণ জ্ঞানামুষ্ঠায়ী হয়েন, ইহার বিশেষ বিবরণ জ্ঞান কর্ম বিচার স্থলে পরে লেখা যাইবেক। এবুং কোন্ পক্ষে আপনার উত্তমতা প্রকা**শ**্ ও দর্মে প্রকারে আপনার ধর্মান্তানের গর্মাও কোন্ পক্ষে আপনার অধীনতা ও দস্তরাহিত্য দ্বাহা পরস্পর উত্তর প্রত্যুত্তর দৃষ্টি করিলে বরঞ্চ উভয়ের গৃহীত নামের অর্থ বিবেচনা করিলেই বিজ্ঞ লোক জানিতে পা-রিবেন, বেহেতু এক জন ধর্ম সংস্থাপনাকাক্ষী ও ধর্ম সংহারক নাম ধারা

আপনি কেবল ধার্দ্মিক হয়েন এমত নহে বরঞ্চ ধর্ম্ম সেতুর রক্ষক রূপে আপনাকে জানাইতেছেন। যথা ঐ প্রত্যুত্তরের প্রয়োজন পত্তে ধর্ম্ম সংহারক স্পর্ক্ষা পূর্বক লিখেন "ছুফ্টানাং নিগ্রহার্থার শিন্টানাং ত্রাণহে তবে। ধর্মসংস্থাপনার্থার স্বর্গারোহনসেতবে" ইত্যাদি। প্রায় সেই প্রকারে যেমন ভগবান্ কৃষ্ণ গীতাতে কহিয়াছেন (পরিক্রাণায় সাধূনাং বিনা শায়চ ছুক্কৃতাং। ধর্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে)। আর দিতীয় ব্যক্তি এই নাম গ্রহণ করেন যে "সম্যাগহুটানাক্ষম তক্ষন্য মনস্তাপবিশিষ্ট" অর্থাৎ আপন ধর্মের সম্যক্ অনুষ্ঠানে অসমর্থ এনিমিত্ত মনস্তাপ, বিশিষ্ট ছই ॥

৫ পৃষ্ঠের শেষে আপনিই এই আপন্ধা করেন যে খাদি বল ন্যায়ার্জ্জিত ধনেই যজাদি কর্মা সিদ্ধা হয় অন্যায়ার্ক্লিড ধনে কর্মা সিদ্ধা হয় না অতএব অন্যাযাঞ্জিত ধন দারা কর্ম করণ প্রযুক্ত ধর্ম সংস্থাপনাকাজ্জীরা কর্ম করিলেও' ভাক্তকর্মী হয়েন" পরে আপনিই সিদ্ধান্ত করেন যে অন্যায়। ক্ষিত ধনে কর্ম্ম করিলে মীমাংসাদি শান্তাহুসারে কর্ম্ম সিদ্ধ হয়। উত্তর। ধর্ম সংহারকের ধন ন্যায়োপার্ক্সিড অথবা অন্যায়োপার্ক্সিড হয় তাহ। তি-निर्दे विष्णय ज्ञारनन किन्छ रव हाजि बाक्सरनत धरनाभार्ड्झरन प्रक्रिश निविक হয় সে রক্তির ধারা ধর্ম্ম সংহারক ধনোপার্জ্জন করিতেছেন কি না তাহা বিজ্ঞ ব্যক্তিরা এই লিখিত মন্থ বচনে দৃষ্টি করিয়া বিবেচনা করিবেন,মন্থ:॥ (ঋতামৃতাভ্যাং জীবেজু মৃতেন প্রয়তেন বা। সত্যানৃতাভ্যামপি বা ন শ্বর্জ্ঞা কণাচন ॥ ঋতমুঞ্জিলং প্রোক্তমমৃতং স্যাদ্যাচিতং । মৃতস্কু যাচিতং ভৈক্ষ্যং প্রমৃতং কর্ষণং স্মৃতং । সত্যানৃতন্ত বাণিজাং তেন চৈবাপি জীব্যতে । সেবা-শ্বরন্তিরাখ্যাতা তম্মাত্তাং পরিবর্জ্জনেৎ)॥ ঋত, অমৃত, মৃত, প্রমৃত, ও সত্যানুত এই সকল রতির মারা আহ্মণ ধনোপার্চ্জন করিবেন ; শ্বর্ত্তি দ্বারা কদাপি করিবেন না। উপ্তর্জিও শিল রভিকে ঋত শব্দের অর্থ জানিবে। আর অমৃত শব্দে অযাচিত ও মৃত শব্দে যাচিত ও প্রমৃত শব্দে কৃষি কর্ম ও সত্যাদৃত শব্দে বাণিজ্য ও শ্বন্তি শব্দে সেবা রুত্তি ইহা জানিবে, অতএব দেবা রভি ব্রাহ্মণ কদাপি করিবেন না। মহুর দশমা-ধাায়ে সেবা শব্দের অর্থ টীকাকার লিখেন ॥ সেবা পরাজ্ঞাসম্পাদনং ॥ অ-র্থাৎ-পরের আজ্ঞা সম্পন্ন করাকে সেবা কহি এবং পদ্মপ্রাণে দশমাধ্যায়ে :

"(ঈশ্বরং বর্ত্তনার্থায় সেবস্তে মানবাযথা। তথৈব মতিমস্তোপি সেবস্তে প্রমেশ্বরং ॥ যেমন প্রভুকে জীবিকা নিমিন্ত লোকে সেবা করে সেই রূপ পণ্ডিতরা পরমেশ্বরের সেবা করেন"। বিরাট পর্ব্ব (নাহ্মস্য প্রিয়োশ্মীতি মত্বা সেবেত পণ্ডিতঃ) আমি রাজার প্রিয় এমত জ্ঞান করিয়া পণ্ডিতেরা রাজার সেবা করিবেক না। মহাক্বি প্রণীত শ্লোক (নাথে শ্রীপুরুষোত্তমে ত্রিজগতামেকাধিপে চেতসা সেব্যে স্বস্য পদ্স্য দাতরি বিভৌ নারায়নে তিষ্ঠতি। যং কঞ্চিৎ পুরুষাধমং কতিপয়গ্রামেশমণ্শপ্রদং সেবারৈ মৃগয়ামহে নরমহো ম্চাবরাকাবয়ং) প্রভু লোক শ্রেষ্ঠ ত্রিগতের অন্ধিতীয় অধিপতি অন্তঃকরণের নারা সেব্য হইলে আপন পদের দাতা এরূপ নারায়ণ সত্তে, পুরুষাধম কতিপয় গ্রামের অধিপতি অপপ দাতা যে কোন মন্ত্র্যাকে সেবার নিমিত্ত যত্ত্ব বিশিষ্ট থাকি হা আমরা কি নীচ ও মৃচ্ হই॥ এখন পণ্ডিতেরা এসকল প্রমীণ দৃষ্টি করিয়া বিবেচনা করিবেন যে শ্লেচ্ছ্ সেরা করিয়া সৎ কর্ম্মিদের মধ্যে গণিত হইবার অভিমান করা ব্রাহ্মণের উচিত হয় কি না॥

১২ পৃঠে লিখেন যে ব্রাহ্মণ শৃদ্রাব্ধ গ্রহণে পতিত হয়েন ইহা যে বচনে প্রাপ্ত হইতেছে তাহার তাৎপর্য্য এই যে ব্রাহ্মণ যথার্থ পতিত হয়েন এমত নহে কিন্তু অসৎ প্রতিগ্রহ জন্য পাপ মাত্র হয় যেহেতু অসৎ প্রতিগ্রহ জন্য পাপে ও স্থরাপানানিতে বিস্তর বৈলক্ষণা ॥ উত্তর । — কর্মিদের প্রতি যে কর্মো পাতিত্য ও অধমত্ব কথন আছে অর্থাৎ একর্ম্ম করিলে কর্মা পতিত হয় তাহার স্পান্টার্থ পরিত্যাগ করিয়া ধর্ম সংহারক কহেন, এছলে পতিত হওন তাৎপর্য্য নহে কিন্তু ঐ ঐ ক্রিয়াতে কিঞ্চিৎ দোষ কথন শাস্ত্রের তাৎপর্য্য হয় আর জ্ঞাননিষ্ঠদের প্রতি কোনো অবিহিত কর্ম্ম করিলে যে দোষ আবন আছে সে সকল বাক্যের স্পস্টার্থ ই গ্রহণ করেন কিন্তু তাহার ও তাৎপর্য্য কিঞ্চিৎ দোষ কথন হয় ইহা কদাপি স্বীকার করেন না গ্রহ্মপ পক্ষপাতাধীন ব্যবস্থা পণ্ডিতের আদরণীয় হয় কি না তাহারাই বিবেচনা করিবেন ॥

২২ পৃঠের শেষে ধর্দ্দ সংহারকের শুদ্র সম্পর্ক নাই লিথিরাছেন অত-এব তাঁহার শুদ্র সম্পর্ক প্রমাণ করা উদ্বেগ জনক সত্য বাক্য ব্যতিরেকে হইতে পারে না যে আমাদের নিয়মের বহিভূতি হয় যে শাস্ত্রীয় বিচারে

কটুক্তি না হইতে পারে তবে অন্য কেহ তাহা প্রমাণ করে আমাদের श्रांनि लांच नारे । थांत भृजामत्न जैशरवन्तत विषय ३७ शृर्ष्ठ लिएथन "যে বিশিষ্ট শূদ্রেরা আপনিই পৃথক আদনে উপবিষ্ট হয়েন" তাহার উত্তর এই যে যাঁহারা ধর্ম সংহারককে সর্বনা দেখিতেছেন তাহারাই ইহার নীমাংসা করিবেন যে ধর্ম সংহারক সৎ শূদ্র হইতে পৃথগাসনে বইসেন কি সং শৃত্র ও অসং শৃত্র বরঞ্চ ববনাদির সহিত একাসনে বসিয়া থাকেন, এ বিষয়ে আমাদের বাক্ কলছ নিরর্থক। অধিকন্ত ১৩ পুঠে লিখেন যে"শুক্ত যাজনাদি করণেযে সকল দোষ শ্রুতি আছে সে তাবং অসৎ শৃদ্র অস্তাজাদি পর, যেহেতু চারি বর্ণ চারি যুগেই প্রসিদ্ধ আছেন তাঁছাদের ক্রিয়া কর্ম বট্ কর্মশালি আক্ষণ সকল চিরকাল করিয়া আসি-তেছেন এবং আলাবিধি সং শৃত্ত যাজী ও অশৃত্ত যাজী বিপ্রদিগের পর-স্পর তুলা রূপ মানা মানকতা কুটম্বতা ও আহার ব্যবহার সর্বব দেশেই হইতেছে"॥ উত্তর।—এ নবীন ধর্ম সংস্থাপন করিতে প্রব্রুত্ত হইয়াছেন যে ব্রাক্ষণের শূক্ত যাজনে দোষ নাই ইহাতে তুই প্রমাণ দিয়াছেন প্রথম এই যে "চারি বর্ণ চারি যুগেই প্রসিদ্ধ আছেন" কিন্তু এস্থলে ধর্ম সংহারককে জামা উচিত ছিল যে চারি যুগে চারি বর্ণ আছেন সেই রূপ তাঁহাদের মধ্যে উত্তম অধম পতিত ইহাও চারি যুগে হইয়া আসিতেছেন, তাহা পূর্ক পূর্বে কালীন শাস্ত্রেই দৃষ্ট হইতেছে। মহুঃ (যাবতঃ সংস্পূর্ণদন্ত্রের ক্লিণান্ তাবতাং ন ভবেদ্দাতুঃ ফলং দানস্য পৌর্ত্তিকং) শৃক্ত যাজক পুদ্রযাজকঃ। ব্রাহ্মণ যত ব্রাহ্মণের পংক্তিতে বসিয়া আহার করে, সে সকল ব্রাহ্মণেতে দান করিলে দাতার আদ্ধীয় ফল প্রাপ্তি হয় না। টীকাকার কুল্লুকভট্ট भृष्य भक्त अञ्चल जन भृष्य जलाकानि भन्न इरा अमर निर्धन नाहै। প্রায়ন্চিত্ত বিবেকে,যমঃ (পুরোধাঃ শৃদ্রবর্ণস্য ব্রান্ধণোয়ঃ প্রবর্ত্তত । স্নেহা-দর্প্রসকাছা তদ্য রুচ্ছুং বিশোধনং) ধে ুরাক্ষণ ক্ষেত্ প্রযুক্ত অথবা ধন লোভে শূদ্রবর্ণের পৌরোহিত্য ক্রিয়া একবারও করে দে ঐ পাপ ক্ষয়ের নির্মিন্ত প্রাক্তাপত্য ত্রত করিবেক। এ বচনে, দাক্ষাৎ শূক্রবর্ণ প্রাপ্ত হইতেছে। এবং অযাজ্য যাজন প্রায়শ্চিত্তের প্রতিজ্ঞাতে ঐ বিবেককার লিখেন। (অথ শূক্তাতিরিক্তাবাজ্যবাজনপ্রায়শ্চিত্তং) শূক্তা ভিন্ন অন্য

অধাজ্য যাজনের প্রায়শ্চিত্ত কহিতেছি। ইহাতে শৃদ্র ও শৃদ্র ভিন্ন পতিতাদি উভয়ের অযাজ্যত্ব প্রাপ্ত হইতেছে। মিতাক্ষরাতেও লিখেন (অত্তপপাতকসাধারণপ্রাযশ্চিত্তং শুদ্রাদ্যযাজ্ঞাজনে বাবতিষ্ঠতে) অর্থাৎ উপপাতক দাধারণের যে প্রাযশ্চিত্ত তাহার ব্যবস্থা শূদ্র প্রভৃতি অযাজ্য যাজনে জানিবে। এন্থলেও শুদ্রবর্ণ ও তদিতরের অযাজ্যত্ব প্রাপ্ত হইতেছে। শৃদ্র যাজকের নির্দ্ধোষজে দ্বিতীয় প্রমাণ ধর্ম সংহারক লি-খেন বে "সং শৃদ্র গাজী ও অশৃদ্র যাজী ত্রান্সণেদের পরস্পর তুল্য রূপে মানামানকতা কুটম্বতা আহার ব্যবহার ও সর্ব্যদেশেই হইতেছে"। উত্তর।— ইদানীস্তন বাবহার দেখিয়া মহাদি বচনের সঙ্কোচ করা এ ধর্ম সংহারক হনতেই সম্ভবে, যেহেতু এই ব্যবস্থামুসারে ধর্ম্ম সংহারক কছিবেন যে শুক্র বিক্রী ও অশুক্র বিক্রয়ী উভয়ের পরস্পর মান্যমানকতা কুটম্বতা আহার ব্যবহার অদ্যাবধি দেখিতেছি অতএব শুক্র বিক্রয়ী নির্দ্ধোষ হয় এবং কহিবেন যে স্লেচ্ছ সেবী ও অস্লেচ্ছ সেবী উভয়ের পরস্পার মান্যমানকতা কুটম্বতা আহার ব্যবহার দেখিতেছি অতএব স্লেচ্ছ সেবী ব্রাহ্মণ দোষী হয় না এখন সৎ কর্ম্মিরা বিবেচনা করিবেন যে এমহাশয় নিশ্চিত ধর্ম্ম সংহা রক হয়েন কি না।

ত পৃঠের শেষে লিখেন যে "ব্রাহ্মণের শুদ্র মাত্রের সহিত একাসনে উপবেশন পাতিত্য জনক নহে যে হেতু অস্তাজ জাতি বৈষ্ণব হইলে সেও বিশ্ব পৰিত্রকারক হয়" এবং ইহার প্রমাণের নিমিত্ত ব্রহ্মপুরাণ, ব্রহ্ম বৈষর্ভের বচন লিখিয়াছেন যে চণ্ডাল যবনাদিও বৈষ্ণব হইলে পবিত্রকারী হয় ॥ উত্তর ।—যদ্যপি এসকল মাহাত্ম্ম স্বচক বচনের যথাক্রত অর্থকে ধর্ম্ম সংহারকের মতামুসারে স্বীকার করা যায় তবে শুদ্র বৈষ্ণবের বরঞ্চ চণ্ডালাদি বৈষ্ণবেরও সহিত একাসনে বসিলে পাপের নিমিত্ত না হইয়া পবিত্রতার কারণ অবশ্য হয়; কিন্তু এরপ মাহাত্ম্ম স্বচক বছন শাক্ত শৈবাদির প্রতিপ্রতি দেখিতেছি, যথা কুলার্চনচন্দ্রিকা ধত কুলাবলী তন্ত্রে ॥ কৌলিকোহি গুরুঃ সাক্ষাৎ কৌলিকঃ শিবএব চ। কৌলিকক্স পিতা সাক্ষাৎ কৌলিকোবিষ্ণু রেব হি॥ কৌলিক সাক্ষাৎ গুরু ও শিব ও পিতা ও বিষ্ণু স্বরূপ হয়েন। • মহানির্কাণ তন্ত্রে ॥ অহোপ্ণ্যতমাঃ কৌলান্তীর্থরূপাঃ

স্বয়ং প্রিয়ে। যে পুনস্তাাত্মসম্বরাক্যে ক্রমণ চপামরান্। স্বয়ং তীর্থ স্বরূপ कोल मकल कि श्रेगांवल रायन याँशांता आश्रम महस्र हाता (सम्ह हर्शांत পামর সকলকে পবিত্র করেন। কুলার্ণবে ॥ খপচোপি কুলজ্ঞানী ব্রাহ্মণা-দতিরিচাতে। কৌলজ্ঞানবিহীনস্তু ব্রাহ্মণঃ শ্বপচাধমঃ। চণ্ডালও যদি কুলজ্ঞানী হয় তবে সে ব্রাহ্মণ হইতেও শ্রেষ্ঠ, ব্রাহ্মণ যদি কুলজ্ঞান হীন হয়েন তবে তিনি চণ্ডাল অপেকাও অধম হয়েন। স্কান্দে॥ শিবধর্মপরা-যে চ শিবভক্তিরতাশ্চ যে শিবব্রতধরাষে বৈতে সর্কে শিবরূপিণঃ। যাঁহারা শিব ধর্মামুচানে রত ও শিবের ভক্ত এবং শিবব্রতধারী তাঁহারা সাক্ষাৎ **শিব স্বরূপ হয়েন। অত**এব এত**দ্দেশের শূদ্রে ও অ**স্থাজ সকলে প্রায় শাক্ত শৈব বৈষ্ণব এই তিন ধর্ম্মের এক ধর্মাক্রাম্ভ হয়েন, আর প্রতাক ধর্ম বিশিষ্টের প্রতি ভূরি মাহাত্মা স্ফুচক বচন দেখিতেছি যে তাঁহার৷ নিজে পবিত্র ও অন্যকে পবিত্র করেন এই রীতিক্রমে ধর্ম সংহারকের মতে কি শূদ্র কি অস্তাজ ইহাদের সহিত একাসনোপবেশনে ও বাবহারে কোনো দোষের সম্ভাবনা রহিল নাই, স্বতরাং তাঁহার মতে শৃক্ত ও চতা লাদির বিষয়ে ব্রাহ্মণের প্রতি যে যে নিয়ম শাস্ত্রে কহিয়াছেন তাহার স্থল প্রায় এদেশে প্রাপ্ত হয় না এবং শূদ্রাদির সহিত যেরূপ বাবহার লিখেন তাহারও প্রায় নির্বিষয়তাপত্তি হইল অতএব সৎ কর্ম্মিরা বিবেচনা করি-বেন যে ধর্ম সংহারকের এব্যবস্থা তাঁহাদের গ্রহণ যোগ্য হয় কি না।

১৪ পৃঠের শেবে শূক্ত হইতে বিদ্যাভ্যাসের বিষয়ে মহু বচন লিখেন। আদ্ধানঃ শুভাং বিদ্যামিত্যাদি। পরে তাহার ব্যাখ্যা করেন "অর্থাং আদ্ধানঃ শুভাং বিদ্যামিত্যাদি। পরে তাহার ব্যাখ্যা করেন "অর্থাং আদ্ধাবিত হইরা শূক্ত হইতেও উত্তম বিদ্যা গ্রহণ করিবেক"। উত্তর।—এবচনের বিবরণে টীকাকার কুল্লুকভট্ট পূর্ব্বাপর গ্রন্থের ঐক্যতার নিমিত্ত, শুভ বিদ্যা শব্দে উত্তম বিদ্যা না লিখিয়া "দৃষ্টি শক্তি" অর্থাৎ সাক্ষাং শুভকারী যে গারুড়াদি বিদ্যা তাহা শুক্ত হইতে গ্রহণ করিবেক ইহা লিখিয়াছেন অত্যব পণ্ডিতেরা বিবেচনা করিবেন যে দীকাকার কুল্লুক্তটের ব্যাখ্যা মান্য কি ধর্ম সংহারকের ব্যাখ্যা প্রাক্ত হইবেক।

১৫ পৃষ্ঠ অবধি লিখেন যে॥ উদিতে জগতীনাথে॥ ইত্যাদি বচনে প্রাপ্ত হইতেছে যে সুর্য্যোদয়ানস্তর দস্তধাবন করিলে সে পাঁপিষ্ঠের বিষ্ণ পৃক্ষায় অধিকার থাকে না,তাহার "তাৎপর্যার্থ এই যে অশান্তীয় দন্তধাবনাদি কর্ত্তা অসম্পূর্ণ অধিকারি এ কারণ অসম্পূর্ণ ফল প্রাপ্ত হয়" 🕯 উত্তর ৷ —কর্শ্মির প্রতি নিধিকাচরণে যে সকল দোষ আবণ আছে তাহা অসম্পূর্ণ ফলের কারণ হয় ইহা ধর্ম সংহারক সিদ্ধান্ত করেন আর জ্ঞানাবলম্বিদের প্রতি ছবিহিত অমুষ্ঠানে যে সকল দোষ শ্রবণ আছে তাহা অসম্পূর্ণ জ্ঞানের কারণ না হইয়া সে এককালে জ্ঞান সাধনের অধিকারকে নস্ট করে ইহাই বারংবার ব্যবস্থা দেন এরূপ পক্ষপাতিকে পণ্ডিতেরা যাহা উচিত হয় কহিবেন ॥ অধিকন্ত লিখেন যে "স্র্য্যোদয়ানস্তর মূখ প্রকালন ইত্যাদি কর্ত্তার সংস্কারের ত্রুটিতে কর্মের যে বৈগুণা জন্মে তাহা বিষণ্ স্মরণ দ্বারা সম্পূর্ণ হয় (অপবিত্র: পবিত্রোবা সর্ব্বাবস্থাং গতোপি বা। যঃ স্মরেৎ পুগুরীকাক্ষং সবাহাভ্যন্তর: শুচিঃ) ইত্যাদি বচন প্রমাণ দিয়াছেন॥ উত্তর।—যদি এই বচন দারা কর্মান্ত্র্চায়ির অপবিত্রতা ও সংস্কারের ক্রটি জনা দোষ নির্ত্তি হয় এমত স্বীকার করেন তবে জ্ঞানামুষ্ঠায়িদের দোষ কালনের বিষয়ে যে সকল বচন আছে তাহাকেও তাঁহাদের ক্রটি মার্ক্ত-নার কারণ অঙ্গীকার করিতে হইবেক। যোগশান্তে (সোহং হংসঃ সকৎ-ধাবা স্বরুতোতুষ্কৃতোশিবা। বিধূতকলাবঃ সাধুঃ পরাং সিদ্ধিং সমশ্বতে) হারত কি মুষ্কৃত বাক্তি ব্রন্ধের সহিত জীবের একা জ্ঞান ও জীবের সহিত ব্রন্মের ঐক্য ভাব একবার করিলেও সাধক সর্বব পাপ ক্ষয় পূর্ববক সম্পূর্ণ সিন্ধি প্রাপ্ত হয়। কুলার্ণবে (ক্ষণং ব্রন্ধাহমন্মীতি যঃ কুর্য্যাদাত্মচিস্তনং। তৎসর্ব্বপাতকং নশ্যেৎ তমঃ স্থানীদয়ে যথা) জীব ব্রন্মের স্বভেদ চিস্তা क्रांचा क्रिलि मक्त भाभ नम्हे दश रामन पूर्वामित अक्रकात নফ হয়। বস্তুত অধিকারি ভেদে পাপ ক্ষয়ের উপায় ও পুরুষার্থ সিদ্ধির কারণ ভগৰান রুঞ্চ গীতার চতুর্থাধ্যায়ে, (যাহাতে ক্সতি বাদের আশকা নাই) পঞ্চবিংশতি শ্লোক অবধি একত্রিংশৎ শ্লোক পর্যান্ত লিখিয়াছেনঃ ভগৰন্ত্ৰীতা পুত্তক সৰ্ববৃত্তি ছলভ এই নিমিস্ত এবং এ গ্ৰন্থ বাহল্য ভয়ে মূল স্নোক না লিখিয়া তাহার অর্থ লিখিতেছি। ২৫ শ্লোকার্থ (কোন কোন ৰাক্তি কৰ্মবোগী তাঁহারা আদ্ধা পূৰ্বক দেবতাকেই যজন করেন, আর কোন কোন ব্যক্তি জ্ঞানবোগী তাঁহারা এক্ষরপ অগ্নিতে এক্ষার্পণ রূপ যজ্ঞ

দারা যজন করেন) ২৬ শ্লোকার্য (কোন কোন ব্যক্তি নৈষ্ট্রিক ব্রহ্মচারী তাঁহার। ইন্দ্রিয় সংখ্য রূপ অগ্নিতে শ্রোত্রাদি ইন্দ্রিয়কে হবন করেণ অর্থাৎ ইস্তিমকে নিরোধ করিয়া প্রাধান্য রূপে সংঘমের অমুষ্ঠানে স্থিতি করেন। অন্য অন্য গৃহস্থেরা ইক্রিয়রপ অগ্নিতে শব্দাদি বিষয়কে বহন করেন অর্থাৎ বিষয় ভোগ কালেও আত্মাকে নির্লিগু জামিয়া ইন্দ্রিয়ের কর্ম ইন্দ্রি-ब्रहे करत वह निम्हत करतन)। २१ स्नाकार्थ, (अना अना शान निर्ह व्यक्तिता জ্ঞানেন্দ্রিয় ও কর্শ্বেন্দ্রিয় ও প্রাণাদি বয়ু এ সকলের কর্মকে জ্ঞান দ্বারা প্রজ্ব-লিত বে আত্মার ধ্যানরূপ যোগ স্বরূপ অগ্নি তাহাতে বহন করেন৷ অর্থাৎ সম্যক্ প্রকারে আত্মাকে জানিয়া তাঁহাতে মনস্থির করিয়া বাছে নিশ্চেষ্ট রূপে থাকেন। ২৮ শ্লোকার্থ, (কোন কোন ব্যক্তিরা দানরূপই যজের অনুষ্ঠান করিয়া থাকেন, আর কেহ কেহ তপোরূপ যত্ত করেন, আর কেছ কেছ চিজ মুজি নিরোধ ষজ্ঞ করেন, ও কেছ কেছ বেদপাঠরূপ যজ্ঞ করেন, ও কেই কেই বজুশীল দৃঢ়ত্রত ব্যক্তিরা বেদার্থ জ্ঞান রূপ যজ্ঞ করেম ৷) ২৯ **প্লোকার্থ,(কোন কোন ব্যক্তি পূরক ও কুস্ত**ক ও রেচক ক্রমে প্রাণায়াম রূপ যজ পরারণ হরেন।) ৩০ মোকার্থ, (কোন কোন ব্যক্তি আহার সংখ্যাত শ্বারা ইপ্রিয়কে তুর্বল করিয়া ইপ্রিয় রত্তিকে লয় করেন। এই বাদশ প্রকার ব্যক্তিরা স্ব স্থ অধিকারের যজ্ঞকে প্রাপ্ত হয়েন আর পূর্ব্বোক্ত স্ব স্ব বজের দারা স্বকীর পাপকে ক্ষয় করেন।) ৩১ শ্লোকার্থ, (স্ব স্থ, যজের অবসর কালে অমৃত রূপ বিহিতার ভোজন পূর্বেক ত্রন্ধজ্ঞান শারা নিত্য ব্রহ্মকে প্রাপ্ত হয়েন, ইহার মধ্যে কোনো যক্ত যে না করে সে মহুব্য লোকও প্রাপ্ত হয় না পরলোক স্থুখ কি প্রকারে তাছার হয়॥) সীতা বাক্যে বাঁহাদের বিশাস আছে তাঁহারা কর্মঘোগের অভ্যাস দারা যেমন পাপ ক্ষয়ের স্থীকার করেন সেইরূপ জ্ঞান যোগ ও নৈষ্টিক যোগ ও **এটানখোগ প্রাকৃতির দ্বারাও পাপ ক্ষরের অঙ্গীকার অবশ্য করিবেট।**

১৭পৃঠে নিখেন বে "প্রায়ন্তিত বিশের কঠিরেকে কেবল মুখের দ্বারা কেঁ ভোজন করে এবং কোন বিশিষ্ট লোক আসনাক্ষণ পাদপূর্বক ভোজন এবং দক্ষিণ হস্ত স্পর্শ বিনা বাম হস্তে জ্ঞাপাত্র গ্রহণ করিয়া জলপান ক্রেন"॥ উত্তর ।—আসনে পাদমারোপা ইত্যাদি অত্তি বচন যাহা আমরা প্রশ্নচতুষ্টানের উত্তরে লিখিয়াছিলাম তাহা দ্বারা ইহা প্রমাণ করা তাৎপর্যা ছিল না যে বিশিষ্ট লোক সকলেই আসনে পাদ স্থাপন পূর্ব্বক ভোজন এবং বামহন্তে পাত্র গ্রহণ করিয়া জল পান ও কেবল মুখের দ্বারা আহার করেন, সেই উত্তরের ৫ পৃষ্ঠে দেখিবেন যে আমাদের এ সকল বচন লিখিবার উদ্দেশ্য এই ছিল যে কর্মিদের প্রতি অবৈধ কর্ম্ম করণে যে সকল দোষ অবণ আছে তাহাকে ধর্ম সংহারক ইহা কহিতে সমর্থ হই-বেন যে এ সকল যথার্থ নহে কেবল নিন্দার্থ বাদ কিন্তু জ্ঞানির প্রতি অবি-হিতের অম্প্রানে, যে সকল দোষ অবণ আছে সেসকল যথার্থ হয় আমাদের এই তাৎপর্যাকে ধর্ম সংহারক আপনিই এই প্রত্যান্তরে প্রনঃ প্রাঃ দৃঢ় করিয়াছেন, বরঞ এই পত্রের পর পৃষ্ঠে স্পর্যান্ত লিখিয়াছেন যে "অত্রিবচন তাদৃশ অয়ের গোমাংস তুলার ও তাদৃশ জলের স্বরাত্বনার্থ কীর্ত্তন প্রকাণ ক্রারা তিল তুলার কীর্ত্তন" এক্লপ পক্ষপাতের বিবেচনা পণ্ডিতেরা করিবেন।

১৯ পৃঠে প্নরায় যাহ। নিন্দাছলে লিথেন তাহার তাৎপর্য্য এই যে "জ্ঞানাম্চানের কোন অংশ অম্বাদাদিতে পাওয়া যায় না কিন্তু তাঁহাদের ষধর্মাষ্টানের কোন অংশ অম্বাদাদিতে পাওয়া যায় না কিন্তু তাঁহাদের ষধর্মাষ্টানে বদি কোনো দোব থাকে সে তিল প্রমাণ মাত্র, ইহার উত্তর. ত পৃষ্ঠাবিধি ১১ পৃষ্ঠ পর্যান্ত লেখা গিয়াছে পণ্ডিতেরা তাহাতেই অবলোকন করিবেন পৃশ্বক্তির প্রয়োজন নাই। প্রশ্বচত্ত্বীয়ের উত্তরে আমরা লিখিয়াছিলাম যে কোন কোন ব্যক্তিরা তিন প্রথম ক্লেচ্ছের দাসত্ব করেন তাহাতে ধর্ম সংহারক দাস শব্দের প্রয়োগ বিষয়ে তক্ত্রন পূর্বক লিখিয়াছেন যে বেতন লইয়া কর্ম যে করে তাহার প্রতি দাস শব্দের প্রয়োগ হইতে পারে না ইহার প্রমাণের নিমিন্ত মিডাক্ষরায়ত (শুক্তার পঞ্চার প্রহাণ বিষঃ) ইত্যাদি নারদ বচন উদাহরণ দিয়াছেন যাহার তাৎপর্য্য এই যে কর্ম কর চারি প্রকার, ও গৃহ জাত প্রভৃতি পঞ্চনশ প্রকার দাস হয়, পরে ২৪ পৃর্চ্বে লিখিয়াছেন যে "এই সর্বল দেদীপ্রমান শাস্ত্র সন্তেও ইদানীন্তনা রাজকীয় ব্যাপারে নিযুক্ত লোক সকলকে ভূতক কিয়া অধিকর্ম ক্লড না করিয়া ক্লেচ্ছের দাস এই শব্দ প্রয়োগ কর্তাকে অপূর্ব্ব পণ্ডিত কহা যায় কি না" ॥ উত্তর। —গুক্ষান্তরে দৃষ্টি করা ধর্মসংহারককে উচিত ছিল তবে

অবশ্য জানিতেন যে দাস শব্দের প্রয়োগ সামান্য রূপে ভূতক ও আজ্ঞা-বহের প্রতিও হয় কিন্তু মিতাক্ষরাতে ধে হ'লে কর্মাকর শব্দের সমভিব্যা-হারে দাস শব্দের প্রয়োগ আছে সে হলে কর্মকর ভিন্ন যে গৃহ জাতাদি পঞ্চ দশ প্রকার দাস ভাহাকেই বুঝায় বেষন "গোবলীবর্দ্দ " ইহাতে यमानि शामक नामानाज नावी ও वनीवर्क छेजगरकरे करर जथानि वनी वर्क्त भरमत मारहर्गा अयुक्त जीशनीरकरे थ च्राम त्याय, वज्राष्ट्र मामाना ভূতক এবং আজ্ঞাৰহেও দাস শব্দের প্রয়োগ শাস্ত্রে এবং মহাকবি প্র-রোগে প্রাপ্ত হইতেছে। সিন্ধান্ত কৌমুদীর উনাদি প্রকরণে পঞ্চম পাদে কোশ প্রমাণ দিতেছেন (দাস: সেবকশৃত্রবো:) সেবাকারি মাত্রকে এ খানে দাস কহিয়াছেন (তমধীফৌভ্তোভূত) ইত্যাদি পাণিনি স্ত্রের ব্যাখ্যাতে ভূত শব্দের অর্থ স্মার্গ্রভট্টাচার্য্য লিখেন যে (ভূতো ভূতিগৃহী-ভোদাস:) অর্থাৎ বেতন গ্রহণ পূর্ব্বক যে কর্ম্ম করে ভাষার প্রতি দাস শব্দের প্রয়োগ হয়, এবং মহাভারতে কর্ম্মকরের প্রতি ভীন্মবাক্য (অর্থস্য পুরুষোদাসো দাসোহুর্থো ন কস্যচিৎ। ইতি সত্যং মহারাজ বজ্জোম্মার্থেন **(को** ब्रोटेंदः।) श्रूक्ष व्यर्थं द्र मान किन्कु व्यर्थ को होत्र मान नरह रह महाताक ইহা সত্য অতএব কৌরবদের নিকট অর্থের দ্বারা বন্ধ আছি। ইহাতে এই वाक रहेल य विज्ञान बाता कि भालत्नत बाता अर्थ शहन कतिल দাস হয় যে হেডু বেডন বিনা কুক্ন ছইডে পণ গ্রহণ ভীমদেবের প্রতি কদাপি সম্ভব নহে; বিরাট পর্ব্বে ভীমের প্রতি ফ্রৌপদীর বাক্য (ছমেব ভীম कानीरि यत्त्र भार्थ स्थः भूता। मारः नौमीषमाभन्ना न मास्त्रिमयमा नए। হে ভীম তুমি আমার পূর্ব্ব স্থখ জান এখন দাসীত্ব প্রাপ্ত হইয়া পরাধী-নতা প্রযুক্ত পূর্ববিৎ অ্থকে পাই না। জৌপদী বিরাটের গৃহৈ দৈরিন্ধী क्रांश फिलन जात्र रेमतिक्षी रम जीरक किर स शरतत श्रह अवरा शास्क লিম্প কর্ম করে, অমর (সৈরিন্ধী পরবেশ্বস্থা শ্ববশা শিম্পকারিকা) কিন্ত সৈরিন্ধী শব্দে গৃহজাতাদি পরবশা নীচ কর্ম কারিণী ত্রীকে কহে না এবং ভারতের টাকাকারও সৈরিন্ধ্য শব্দের ব্যাখ্যাতে পরিচারিকা ও দাসী ছুই শব্দকে এক পর্যায় রূপে লিখিয়াছেন। পদ্মপ্রাণে সভ্য ধর্ম রাজার প্রতি ইচ্ছের ৰাক্য (নমন্তে পৃথিবীপাল দং হি পুণারতাং বর:। নিজদাস-

শ্বরূপং মামাজ্ঞাপর করোমি কিং) হে পৃথিবী পালক পুণাবানদের মধ্যে তুমি শ্রেষ্ঠ হও তোমাদের নক্ষার করি, তোমার যে দাস স্বরূপ আমি আমাকে আজা কর আমি কি করি। এন্থলে ইন্দ্রের আজা বহুত্ব ব্যতি-রেক নীচ কর্মকারি দাসত্ব সম্ভবে না। এবং মিতাক্ষরাতেও আচারা-ধ্যায়ে দাস শব্দ ও কর্ম্মকর শব্দকে এক পর্য্যায় লিথিয়াছেন। অতএব ধর্ম সংহারক বেতন গ্রহণ পূর্বেক জেচ্ছের কর্ম্ম করণ মারা এবং জেচ্ছের আজাবহন বারা দেক্দাস এই শব্দের প্রয়োগ ছল হয়েন কি না পণ্ডিতেরা বিবেচনা করিবেন ॥ আর ধর্মসংহারক ২৫ পৃষ্ঠে নারদ বচন লিখেন "যে স্বধর্মা ত্যক্ত ব্যক্তি নীচ লোকের দাসত্ব করিতে পারে ইহার দ্বারা ধর্মানংহারকের তাৎপর্য্য বুঝি ইহা হইতে পারে যে আপনার স্বধর্ম ত্যাগ অত্যে প্রতিপন্ন করিয়া মেচ্ছ দাসত্বে বে দোব তাহা হইতে নির্দ্দোব হয়েন ॥ ধর্মাসংহারক ৩২ পৃঠে লিখেন যে "বিষয় ব্যাপারের নিমিত্ত বাব-নিকাদি বিদ্যাভ্যাস তত্তজ্জাতি বাতিরেকে তাহা কি রূপে হইতে পারে"॥ উত্তর।—ইহা শাস্ত্রে প্রাপ্ত হইয়াছে যে রন্ধ পিতামতা ও সাধনীভার্য্যা ইত্যাদি পালনের নিমিত্ত অকার্যাও করিতে পারে কিন্তু এক পুদ্র পিতা, 'যাঁহার অনেক লক্ষ টাকা আছে এমত ব্রাহ্মণের সন্তান শান্ত বিৰুদ্ধ যবন বিদ্যাভ্যাস ও যবন সঙ্গ যদি বিষয় ব্যাপারছলে করেন তবে তাঁহাকে উত্তম কর্মির মধ্যে গ্রীণা করা সম্ভব হয় কি না পণ্ডিতেরা বিবেচনা করিবেন।

৩৫ পৃঠে ৬ পংক্তিতে শৃদ্ধাসনে উপবেশন বিষয়ে লিখেন বে "এমত কোন শৃদ্ধ আছে যে সর্বারাধ্য" ভূদেব ব্রাহ্মণ পণ্ডিতাদিকে দেখিয়া অজ্যাখান ও ভিন্নাসন প্রদান না করে এবং যুগধর্ম প্রযুক্ত বিষয় ব্যাপারে , "নিযুক্ত অহরহং অবিরত সমাগত দ্বিজের প্রতি পৌনঃ পুন্য গাত্রোখানাসম্ভবে তাঁহারা প্রয়োজনাধীন স্বতন্ত্রাসনে উপবেশন করেন" ॥ উত্তর ।— যে সকল লোক ধর্ম সংহারাকাজ্জিকে প্রত্যহ শৃদ্ধাদির সহিত উপবেশ্নাদি ব্যবহার করিতে দেখিতেছেন তাঁহারাই বিবেচনা করিবেন যে এক্লপ প্রত্যক্ষের অপলাপ কর্ত্তাতে সত্যের লেশ আছে কি না ॥

৩৬ পৃষ্ঠে বাহা লিখেন তাহার তাৎপর্য্য এই বে সেক্ছকে 'দেশ ভাষা অধ্যাপন করিলে পাপে হয় না, ভাহাতে প্রমাণ মহু বচন দিয়াছেন কে ব্লছ মাতা পিতা, সাধ্বী স্ত্রী, শিশু পুদ্ধ ইহাঁদের পোষণ নিমিত্ত শত অকার্য্য করিলেও দোষ হয় ন্যু । উত্তর ।— রক্ষ মাতাপিতা প্রভৃতির পোষণার্থ অন্য শত শত উপায় থাকিতেও ক্লেচ্ছকে অধ্যাপনা করিয়া ব্রাহ্মণে ধনোপার্জন করিলে পাপ ভাগী হয়েন কি না তাহা পাপ পুণ্যের বিচারকর্ত্তা বিশেষ জানেন, কিন্তু আমাদের লিথিবার তাৎপর্য্য এই ছিল যে কোন ব্যক্তি আপনি ক্লেচ্ছকে অধ্যাপনা পর্যাস্তও করেন যদি তিনি অন্যকে ক্লেচ্ছ সংস্থা করিয়া নিন্দা করেন, তবে অতিশয় ধ্রস্টরূপে গণিত হয়েন কি না।

০৭ পৃঠে ন্যায় দর্শনের ভাষা পরিচেছ্দকে ছাপা করিয়া ক্লেচ্ছাদি নিকটে বিক্রয় জন্য দোষোদ্ধারের বিষয়ে লিখেন যে সে গ্রন্থ প্রকাশ ও বিক্রয় করণের কারণ ইহা বোধ কেন না করা যায়, যে পায়ও খঙন নিমিত্ত ও ছাপা করিবার ব্যয়ের পরি শোধ নিমিত্ত প্রকাশ করা গিয়াছে ॥ উত্তর ।— যাঁহারা ঐ গ্রন্থকে পাঠ করিয়াছেন এবং ছাপা প্রকের আয় ব্যয়ের বিশেষ জানেন তাঁহারা বিবেচনা করিবেন যে পূর্ব্বোক্ত কারণে ঐ গ্রন্থকে প্রকাশ ও বিক্রয় করিয়াছেন কি উপার্জ্জনার্থে করেন কিন্তু যদি তাঁহার ন্যায় দর্শনের ভাষা পরিচেছদের প্রকাশ করিবার তাৎপর্যা পাষ্যও ও নান্তিক দমন ইহা বোধ করা যায় তবে আমাদের মধ্যে কোন কোন ব্যক্তির বেদান্ত রত্তির ভাষা করণের তাৎপর্য্য নান্তিক মতের খঙ্ন ও পশ্র পামর লোককে ক্বতার্থ করণ ইহা কেন না গ্রাহ্ম হয়।

ত৮ পত্রে ৬ শংক্তিতে অপবাদ দেন যে আমাদের মধ্যে কেছ "অর্থ সহিত বেদ মাতা গায়ত্রীই সেক্ছ হস্তে সম্পূর্ণ করিয়াছেন"॥ উত্তর।— যাঁহারা পরমেশরের প্রতি নানাবিধ কুৎসা ও অপবাদ গান বাদ্য পূর্বক দিতে পারেন তাঁহারা যে মন্থ্যের কুৎসা করিবেন ইহার আশ্চর্মা কি; যদি এমত আশকা হয় যে আমাদের কেহ গায়ত্রীর অর্থ না দিলে সেক্ছ কি প্রকারে ঐ মন্ত্রের অর্থ জানিলেন তবে সে আশকা কর্তাকে উচিত যে কালেজে যাইয়া সেক্ছ ভাষার পুত্তক সর্কল দৃষ্টি করেন যাহাতে বিশেষ রূপে জানিবেন যে ৪০ বৎসরের পূর্বে গায়ত্রীর অর্থ দেশাধিপতিরা জানিয়াছেন ও শ্রীরামপুরে পাদরি ওবার্ড সাহেবের প্রকাশিত ইংরেজী গ্রান্থে গায়ত্রী প্রভৃতি বেদমন্ত্রের অর্থ পূর্বারিধি লিখিত আছে কি না আর কোন্ ব্যক্তি দারা কেরি সাহেব ও অন্য পাদরিরা গায়ত্রী প্রভৃতির অর্থ প্রথমে প্রাপ্ত হইয়াছেন এ সকলের নিদর্শন কেরি সাহেব প্রভৃতিই বর্ত্ত-মান আছেন।

৪১ পৃষ্ঠে ৮ পংক্তি অবধি কোন কোন বচন নিম্বার্থবাদ আর কোন কোন বচন যথার্থবাদ ইহার ব্যবস্থা ধর্মসংহারক লিখিয়াছেন " যে যে বচনে পাপ বিশেষ ও প্রায়শ্চিত বিশেষ এবং নরক বিশেষ উক্ত নাই কেবল কর্তার ভয় প্রদর্শন মাত্র, সেই সেই বচন নিন্দার্থবাদ হয়" এবং প্রথম উত্তরে আমাদের লিখিত " শূদ্রারং শূদ্রসম্পক্র " ইত্যাদি বচনকে নিন্দার্থবাদ কহিয়াছেন॥ উত্তর।—যে যে বচনে পাপ বিশেষ ও প্রায়ক্তিভ বিশেষ এবং নরক বিশেষ উক্ত নাই সেই সেই নিন্দার্থবাদ, তাঁহার এই বাক্যের গ্রাহ্মতার মিনিত্ত কোনো প্রাচীন কিম্বা নবীন স্মার্ত্ত গ্রন্থের প্রমাণ লেখা উচিত ছিল অন্যথা তাঁহার ঐ স্বরচিত ব্যরস্থার কি প্রামাণ্য আছে অধিকন্ত "পাপ বিশেষ ও প্রায়শ্চিত্ত বিশেষ এবং নরক বিশেষ উক্ত নাই কেবল কর্তার ভয় প্রদর্শন মাত্র সেই সেই বচন নিন্দাবাদ হয়" এই ব্যবস্থাকে এবং তাঁহার দত্ত ইহার উদাহরণের বচন সকলকে পরস্পর মিলিত করিয়া বিবেচনা করা যাইতেছে তাহাতে ত্য প্রদর্শন বিষয়ে তাঁহার দক্ত উদাহরণের প্রথম বচন এই হয় "অজ্ঞাত্বা ধর্মাশাস্ত্রাণি প্রায়-শ্চিত্তং বদন্তি যে। প্রায়শ্চিত্তী ভবেৎ পূতন্তৎ পাপং তেমু গচ্ছতি" অর্থাৎ ধর্মশাস্ত্রানভিজ্ঞ লোক প্রায়শ্চিত্তের উপদেশক হইলে পাণী পাণ মুক্ত **रहेरवक किन्छ** छुँट छु९भाभ छाँगी हुईरवन" धुभन किन्छांत्रा कित्र रा मूर्थ ব্যক্তি অথচ প্রায়ন্চিত্তোপদেশ কর্ত্তা তাহার কি পাপ স্থচক এই বচন না . হইয়া "কেবল কর্তার ভয় প্রদর্শন মাত্র" হয়, দ্বিতীয়তঃ "কুতম্নে নাস্তি নিষ্তিং" অর্থাৎ ক্তান্নের নিষ্কৃতি নাই ইহাও কি কর্ত্তার ভয প্রদর্শন মাত্র হয়, ভৃতীয়তঃ (কুস্লন্তঃ নার্নিকাশাকং রস্তাকং পৃতিকাং তথা। ভক্ক-য়ন্ পতিতশ্চ স্যাদপি বেঁদান্তগোদ্বিজঃ।" অর্থাৎ কুস্কস্তশাক নালিকা শাক ও কুদ্র বার্তাকী ও পৃতিকা এই সকল দ্রব্য ভক্ষণে বিপ্র বেদপার্গ হইলেও পতিত হয়েন ইহাও "কেবল কর্তার ভয় প্রদর্শন মাত্র" তবে ধর্ম সংহারকের ব্যক্তাহুসারে "কেবল" ও "মাত্র" এই ছুই অন্য নিবারক

পদের প্রয়োগ ছারা ঐ সকল কর্ম করণে ভয় প্রদর্শনেই তাৎপর্যা হয় বস্তুত কিঞ্চিৎও পাপ জন্মে না, কিন্তু ঋষি বাক্য ইহার বিপরীত দেখি-তেছি "নিন্দিত্যা চ সেবনাৎ" অর্থাৎ নিন্দিত কর্ম্মের অমুষ্ঠান করিলে নরকে গমন হয়। এখন পণ্ডিত লোক বিবেচনা করিবেন যে এ ব্যবস্থা ধর্মশান্ত্র সম্মত কি ধর্ম লোপের কারণ হয়; বরঞ্চ প্রত্যুত্তরের পূর্কাপর আলোচনা করিলে দেখিবেন যে তাঁছারি পূর্ব্বাপর বাক্যের সহিত এব্যবস্থা সর্বাথা বিকৃষ্ণ হইতেছে। পরে ইহার বিপরীত উদাহরণের আলোচনা कता यांहेरज्राह चर्थां भाभ विश्वा किया आग्राम्ह विश्वा नित्र किया বিশেষ ইহার উল্লেখ থাকিলে সে যথার্থ বাদ হইবেক যেমন "পুতিকা ব্রস্মঘাতিকা "ইহাতে পাপ বিশেষের উল্লেখ আছে অতএব নিন্দার্থ বাদ ना इहेगा के बावश्वास्मादत यथार्थ वाम इहेट भारत । क्रियारयान मात " স্নানকালে পৃষ্করিণাং যঃ কুর্যাক্ষস্তধাবনং। তাবৎ জ্ঞেয়ঃ সচভালোযা-বিদ্যান্তাং নপশ্যতি " অর্থাৎ স্থান কালে পুরুরিণীতে দস্ত ধাবন করিলে সে ব্যক্তি যে পর্যান্ত গঙ্গা দর্শন না করে তাবৎ চণ্ডাল থাকে। প্রায়শ্চিত বিশেষের প্রবণ আছে অতএব ধর্ম্ম সংহারকের মতে যথার্থ বাদ হইরা গন্ধার দূরস্থ অনেক ব্যক্তিরা ভূরি কাল চণ্ডালত্ব হইতে হুক্ত হইতে পারেন না।

পরে ৪২ পৃঠে ১০ পংক্তিতে লিখেন যে "যে যে বচন কর্তার নরক, প্রায়শ্চিত্ত বিশেষ ও ত্যাগাদির প্রতিপাদক সেই সেই বচন যথার্থ বাদ হয় যথা "ত্রীতৈলমাংসসন্ত্রোগী পর্কব্যেতেষ্ বৈপ্মান্। বিশ্বুত্রভোজনং নাম প্রয়াতি নরকং মৃতঃ।" অর্থাৎ এই পঞ্চ পর্কের ত্রীসঙ্গী, তৈলাভ্যঙ্গী ও মাংস ভোজী পুরুষ বিষ্ঠা মৃত্র ভোজন নামক নরকে গমন করে "॥ উত্তর।—প্রথমত জিজ্ঞাস্য এই যে তিনি যদি আপন বাক্যকে ঋষি বাক্য না জানেন তবে এই ব্যবস্থার প্রামাধ্যের নিমিন্ত প্রাচীন কিছা নবীন কোনো স্মান্তের বাক্যকে প্রমাণ দিতেন, জিতীয়ত জিজ্ঞাস্য এই যে এই ক্ষপ কর্তার প্রায়শ্চিত্ত এবং নরক প্রতিপাদক ভূরি বচন দেখিতেছি যেমন প্র্কোক্ত পদ্মপ্রাণীয় বচন, সেই ক্ষপ স্কন্প্রাণে "বিলৃং বা ভূল্মীং দৃক্ত্বা ননমেদ্যানরাধমঃ। স্বাতি নরকং ঘোরং মহারোগেণ

नीजारू" विन किया छूननी मृक्षे रहेरन व वोक्ति मनकात मा करत स्व নবাধন মোবতর সরকে যার ও মহাবোগে পীড়িত হয়। এ বচনেও খোর নত্তত এবং মহারোপ শ্রবণ আছে যাহার প্রায়ক্তিভের কর্তব্যতা হর অভ-এব ঐ ব্যবস্থামূদারে কথার্থ বাদ হইবেক, স্থতরাং বাঁহারা এই সুই রক্ষকে দেখিয়া নমস্কার না করেন তাঁহাদের প্রতি খোর নরক এবং মহারোগের জবলা ভবিতৰ্যতা স্বীকার করিতে হইবেক। ক্রিয়া যোগ সারে (বেম নাচরিতং স্থানং গঙ্গায়াং লোকমাতরি। আলোক্য তথা ধং সদ্যঃ কর্ত্তব্যং পূর্বাদর্শনং) যে ব্যক্তি লোকমাতা গলাতে স্নান না করিলেক তাহার মুখ मर्भन कत्रिय़ा ७९कनार पूर्वा मर्भन कत्रित्वक। এ वहत्न और्थे और বিশেষের শ্রবৰ আছে স্করাং তাঁহার মতে ষথার্থ বাদ হইবেক অভএব কাশ্মীর জবিড় ও মহারাক্ট, প্রভৃতি দেশের অনেকেই দূরে স্থিতি প্রযুক্ত পদা স্থান করেন নাই এ নিমিত্ত এরূপ পতিত হইবেন যে তাঁহাদের দর্শন মাত্র বর্ষা দর্শন রূপ প্রায়শ্চিত করিতে হইবেক। যথা (ন দৃষ্টা যেন সরিতাং প্রবরা জহ্মকন্যকা। তসা ত্যাজ্যানি সর্বাণি অল্লানি সলিলানি চ॥) অর্থাৎ নদী শ্রেষ্ঠ যেগকা তাঁহার দর্শন যে ব্যক্তি না করিয়াছে তাহার আর জল সকল ত্যাক্তা হয়। এ স্থলেও অর জলের অগ্রাহ্মতার ধারী ৰথাৰ্থ ৰাদ হইলে অনেকেই দূর দেশেস্থ ব্যক্তিরা এ ব্যবস্থামূসারে পভিত রহিলেন। কুলতন্ত্রে (কৌলাচাররতাঃ শূদ্রাবন্ধনীয়া বিজাতিভিঃ। অঙ্গ-শীনাদিজাদেবি ভ্যাক্সাঃ স্থাঃ সম্ভানরপি।) অর্থাৎ কৌলাচাররত শৃদ্ধ मकल बिटकरमञ्ज रामनीय हर बाद कोलाठात हीन बिटकता चलानत्र জাজ্য হয়েন। এন্থলেও ত্যাজ্য শব্দ অবণ দারা বর্থার্থ বাদ হইতে পারে অর্থাৎ ব্রাহ্মণেরা কৌলাচার হীন হইলে স্বন্ধনেরও ত্যাজ্য হয়েন। পূর্ব্বোক্ত যোগবাশিষ্ঠ বচন (সংসারবিষয়াসক্তং ব্রহ্মজ্ঞোইস্মীতি বাদিনং। কর্ম-उत्त्राज्यसम्भेः जः जात्क्रमञ्जाकः यथा । वर्षाय मःमात्र सूर्य वामक व्यक् কহে বে আমি বন্ধকে স্বানি সে কর্মা ব্রহ্ম উভয় প্রস্তী ব্যক্তিকে অন্তাল্পের ন্যার ত্যাগ করিবেক। বে কোনো ব্যক্তি সংসার স্থাপ কি আসক্ত कि ज्ञमांजक इहेना अक्रश करह रा उक्ष क्क्रशरक चामि जानि रा पृष्ठ धरः জ্যাপ বোগ্য নথার্থ ই হয় ইহা খীকার করিতে আমরা করালি স্কোচ

করি না কিন্তু এ বচনও ধর্মা সংহারকের প্রথম ব্যবস্থারুসারে ভর প্রদর্শন मौज निम्मार्थवाम रहेएछछ । त रहजू धवहतन "शांश विरमय, नवक विरमय, किया श्रीप्रक्रिख विर्णय" छेक नाहे। यहि धर्म मःशाताकाक्नी कटहन त्य তাঁহার দ্বিতীয় আজ্ঞা অর্থাৎ, ত্যাগ শব্দের উল্লেখ থাকিলে যথার্থবাদ হয়, ভদমূদারে ঐ পূর্বের বচন প্রাপ্ত সংসারি ব্যক্তি ত্যাজ্ঞাই হয়; তবে তাঁ-হার দিতীয় ব্যবস্থামতে এই উত্তরের ২৬৫ পৃষ্ঠে লিখিত বচনের প্রামাণে বাহাতে ত্যাগ শব্দের প্রয়োগ আছে ধর্ম সংস্থারকও পরের বরঞ স্বজ-নেরও সর্ববিধা ত্যাক্স হইবেন। এই স্বকপোল কম্পিত ধর্ম সংহারকের ব্যবস্থান্বয়কে তাঁহার আজ্ঞা এই শব্দ প্রয়োগ আমরা করিলাম ইহার कात्रन धरे रव প্রাচীন অথবা নবীন কোনো স্মার্তের প্রমান এই ব্যবস্থা-্ষয়ের প্রামাণের নিমিন্ত লিখেন না স্বতরাং তাঁহার আজা সরূপে ঐ হুই ্ব্যবস্থাকে গণনা করিতে হইয়াছে। ফলত শাস্ত্র কর্তা ও সংগ্রহকারদের মতে ধর্ম সংহারকের বিশেষ নিয়মের অন্যথায় সামান্যত নিষেধ ও প্রত্য-বায় ভাবণ পাপ স্চক হয়। বস্তুত শান্তের অপলাপ করিবার দোষ ধর্ম সংখারকের প্রতি দেওয়া রখা কিন্তু এই মাত্র তাঁহাকে কহিতে মৃক্ত হয় ধে মহালয় ছেষ ও গৈশুন্য প্রযুক্ত ছুর্কাক্য কহাইবার জন্যে বেতন দিতে কদাপি কাতর নহেন ইহা প্রত্যক্ষ দেখিতেছি তবে কোনো বিজ্ঞ ব্যক্তির মারা প্রত্যুত্তর কেন না লেখাইলেন, তাহা হইলে এরপ শাস্ত্র বিরুদ্ধ ও नर्स लाक गर्रिक कूर्याका नकरन श्रन्त श्रित्रश्र्व हरें के ना किन्क विरम्बं বিবেচনা করিলে এ দোষও দেওয়া ভাঁহার প্রতি উচিত হয় না বে হেতু এমপ অশান্ত ও তুর্ববিদ্য কহিতে বেতন পাইলেও পণ্ডিত লোক কেন व्यव्य इहेरवन ।

১৪৯ পৃঠে ৪ পংক্রিতে লিপেন বে "লোক—স্থাধে সতত অত্যন্ত অনুরক্ত ছিন্ত নিমিন্ত সর্বাদাই ব্রক্ষজানের অনুষ্ঠানে অসক্ত ও বিরক্ত হয়—এতা-মৃশ পাপিঠ নরাধমেরা কর্মা ও ব্রহ্ম হইক্তে ক্রক্ট ও অন্তাজের ন্যায় ত্যাজ্ঞা হয়" ॥ উত্তর ।—বে ব্যক্তি স্থাসক্ত হইরা সর্বাদাই ব্রক্ষজানের অনুষ্ঠানে অসক্ত ও বিরক্ত হয় সে পাপিঠ নরাধ্য হইতেও অধ্য বরঞ্চ ভাক্ত কর্মির তুল্য হয় অভএব ধর্ম সংহারকই বিবেচনা করণ যে ব্যক্তি भूभागक इंडेश कामाध्रकात विज्ञक इत्र देशत उमादत्र हन जिले इत्यत कि ना।

পুনরায় ঐ পৃষ্ঠে লিখেন যে "ব্রশ্বজ্ঞানের প্রতি মৌখিক প্রীতি মাত্ত এবং কর্ম কাণ্ডের অকরণার্থ আমি ব্রহ্মজানী আমার কর্ম কাণ্ডে প্রয়ো-জন কি ইহা কহিয়া লোক সকলকে প্রতারণা করেন"॥ ইহার উত্তরে चामजा এই कहिव रव रव रकारना वाक्ति रकवन सोधिक छानास्कान কর্মা ত্যাগ করিয়া লোককে প্রতারণা করে সে ব্যক্তি ভাক্তজানী বর্ক ভাক্ত কর্মি হইতেও নরাধম হয়, সেই রূপ যে কোনো ব্যক্তি জ্ঞানাত্ব-ষ্ঠানে সসক্ত ও বিরক্ত হয় আর লোককে প্রতারণার্থ কছে যে আমি সং-কলী আমার জ্ঞান সাধনে কি প্রয়োজন, কর্ম দ্বারাই ক্বতার্থ হইব সেও ভাক্ত কর্মির মধ্যে অবশ্য গণিত হইবেক। বস্তুত যে কোনো কারণে হউক জ্ঞানাস্থচানে যাহার বৈরক্তা হয় তাহার পর ভাগ্যহীন স্থন্য কে আছে। কেনজ্ৰতিঃ (ইহ চেদবেদীদথ সত্যমন্তি নচেদিহাবেদীশ্বহতী বি-নটিঃ।) ইহ জন্মে মন্থ্যা যদি পূর্ব্বোক্ত প্রকারে অতীক্রির রূপে আত্মাকে জানেন তবে তাঁহার পুরুষার্থ সিদ্ধ হয় আর্ঘদি মনুষ্য ইহ জ**ন্মে আত্মাকে** না জানেন তবে তাঁহার মহান্ বিনাশ হয়। কুলার্ণবে (স্কুতির্মানবোভূমা জানী চেত্মোক্ষমাপ্র যাৎ।) তথা, (শোপানভূতং মোক্ষ্য মানুষ্যং প্রাপ্য হর্নভং। যন্তারয়তি নাজানং তত্মাৎ পাপতরোত্ত কঃ।) অর্থাৎ বহু জন্মের পুণা সঞ্চয় ভারা মন্তব্য হইয়া যদি জানী হয় তবে তাহার মুক্তি হইবেক। মোক্ষের শোপান অর্থাৎ শিঁড়ি যে মনুষ্য জন্ম তাহা পাইয়া যে আপনার ত্রাণ জ্ঞান স্থারা না করিলেক তাহার পর পাপী আর কে আছে।

৫০ পৃঠে ৫ পংক্তিতে লিখেন যে "আপন অপূর্ব্ব ধর্মসংহিতার ২২৬পৃঠে
১ পংক্তিতে যোগবাশিষ্ঠ বচনের তাৎপর্যার্থ লিখিয়াছেন যে ব্যক্তি
সংসার স্থাথে আসক্ত হইয়া ইত্যাদি অতএব পূর্ব্ব লিখনের বিশারকে
যোগবাশিষ্ঠ বচনের পুনর্বার স্বমত রক্ষণার্থ অন্যার্থ কম্পানা করিয়া
যোগবাশিষ্ঠের বচনান্তর কথনেও নির্ব্ধ নানা বাক্যোক্তারনে উশ্বন্ধ প্রকাশ
ইত্যাদি" ॥ উত্তর।—আমাদের প্রথম উত্তরের বিতীয় পৃঠে বাহা দিবিরা-

ছিলান তাহা পর্কার প্রথমত লিখিতেছি অর্থাৎ "বে ব্যক্তি সংসার ক্রেৰ্থ আসক্ত হইরা আমি ব্রন্ধজ্ঞানী এমত করে সে কর্ম ব্রন্ধ উভয় প্রস্তু ত্যাক্ষ্য হর" আর ঐ যোগবাশিষ্ঠ বচনাস্তরের অর্থ বাহা প্রথম উভরের ২২৮ পূর্চে লিখিয়াছিলাম ভাহাকেও পুনক্তিক করিতেছি " বহির্ব্যাপারসংবজ্ঞা ফদি সক্ষণপর্বপ্রিক্তঃ। কর্তা বহিরক্তান্তরেবং বিহর রাঘব।" অর্থাৎ বাহ্নেতে বাাপার বিশিষ্ট মনেতে সঙ্কণপ ত্যাগ আর বাহিরেতে আপনাকে কর্তা দেখাইয়া ও মনেতে অকর্তা জানিয়া হে রামচক্র লোক যাত্রা নির্ব্বাহ্ কর অতথ্রব আনাবলধী অর্থচ বিষয় ব্যাপার যুক্ত বাক্তিফে দেখিয়া ছই অর্থচন্দ হইতে পারে এক এই বে মনেতে আসক্ত হইয়া ব্যাপার করিতেছে বিতীয় এই বে আসক্তি ত্যাগ পূর্বক বিষয় করিতেছে ইত্যাদি" এই ছই বচনের অর্থ বাহা লেখা গিয়াছিল তাহা পরম্পর অন্যার্থ হইয়া প্রসাপোক্তি হয় কি ইহাকে প্রলাপোক্তি কথনের কারণ কেবল ধর্ম সংহার্যকের ছেম গৈশ্বন্য হয় তাহা পণ্ডিত লোক বিবেচনা করিবেন।

৫১পৃঠে ৩পংক্তিতে লিখেন যে "ঐ জনকার্জুনের লৌকিকাচার দৃষ্টিতে কলির জানি মহালয়দের সৌকিকাচার কর্ত্তব্য, কি সন্ধ্যা বন্দনাদি পরিত্যাগ ও সাবানের দ্বারা মুখ প্রকালন ক্রির কর্ম ইত্যাদি লোক বিরুদ্ধ
কর্মই কর্ত্তবা হয়" ॥ উত্তর ।—সাবানের দ্বারা মুখ প্রকালন ও ক্রেরি কর্মা
ইত্যাদি ধর্ম সংহারকের স্বপ্ন স্থতরাং ইহার উত্তর দিবার প্রয়োজন রাখে
নাই; এই উত্তরের ২৫০পৃষ্ঠ অবধি ২৫১পৃষ্ঠ পর্যান্ত আমরা লিখিরাছি তাকা
দৃষ্টি করিবেন বে জ্ঞান নির্চদের সর্ম্ব প্রকারে আবল্যক আত্ম চিন্তন এবং
ইক্রিয় দমনে যত্ম ও প্রেণব উপনিষদাদির অভ্যাস হয়, সন্ধ্যা বন্দনাদি
চিত্ত শুদ্ধির কারণ হয়েন অভএব ইহার পরিত্যাগের আবলাকতা কুত্রাপি
লোখা বায় না । পরে ধর্ম সংহারক ঐ পৃঠে তন্দ্র বচন লিখেন যে (শিবদুর্ন্যোপি যোযোগী গৃহস্থক যদা ভবেং । তথাপি লৌকিকাচারং মনসাপি
নি লাজ্বলৈং) অর্থাৎ গৃহস্থ যোগী শিবতুল্যও যদি হয়েন তথাপি লৌকিকাভারের লাজন মনেও করিবেন না ॥ আমরা প্রথম উত্তরের ২৩৬ পৃঠের
বাড়ল পংক্তিতে এই পরের বচন লিখি যে "বেলোকেন বিধানেন আগলোক্তেন সা কলোঁ। আত্মত্যঃ স্বরেলানি লোকযান্তাং বিনিবহিংশ জান-

নিঠেরা সর্ব্ধ যুগে বেদোক্ত বিধানে আর কলিযুগে বেদোক্ত অথবা আঞ্চ মোক্ত বিধানে লোকাচার নির্বাহ করিবেন" অতএব ধনাকাচার নির্বাহের বিষয়ে ঘাঁহারা এই পূর্বেষক্ত বচনকে আপন আচার ও ব্যবহারের সেড় ব্যাপ জানেন তাঁহাদের প্রতি পরিবাদ পূর্বক (তথাপি দৌকিকাচারং वनमाणि नमक्षराय) व्यवहरान छे भारतम कता रक्षण स्वय ७ रेगमूना নিমিত্ত হয় কি না পণ্ডিতেরা বিবেচনা করিবেন। কিন্তু ইহাও জানা কর্ত্তব্য বে লোকাচার রক্ষার্থে বালকের ক্রীড়ার ন্যায় কোনো কোনো লোকের উপাসনার অমুষ্ঠান কদাপি জ্ঞান নিষ্ঠের কর্ত্তব্য নহে। মুগুক #তি: (অবিদ্যায়াং বছধা বর্ত্তমানা বয়ং কুতার্থা ইতাভিমন্যন্তি বালা:। ৰং কর্মিনো নপ্রবেদয়ন্তি রাগান্তেনাতুরাঃ ক্ষীনলোকাশ্চাবন্তে) অর্থাৎ জ্ঞানের বিরোধি ব্যাপারে বহু প্রকারে রত হইয়া বালকের ন্যায় অভিমান करत रा भागता कुछकार्या इहे रारह्जू धहे तभ किया नकन वर्गानिए অমুরাগ প্রযুক্ত পরম তর্কে জানিতে পারে না সেই হেতুক ছুঃখার্ত্ত হইয়া কর্মফলের ক্ষয় হইলে স্বৰ্গাদি হইতে চ্যুত হয়। মহানির্ববাণ, (বালক্রীড়-नवद नर्दरः नामक्रथमग्रः क्रवर । विश्वाय बक्तनिर्कायः नमुकः कर्म्यवस्रनाद) নাম রূপাত্মক বস্থু সকল বালকের ক্রীড়ার ন্যায় অস্থায়ি হইয়াছেন তাহা ত্যাগ করিয়া এন্ধনিষ্ঠ হইলে কর্ম্ম বন্ধন হইতে মুক্ত হয়।

ঐ পৃঠে লিখেন যে "কর্মিদের বিপরীত কর্মনা করিলে কলির জ্ঞানী হওয়া হয় না"॥ উত্তর ।—আমাদের পূর্বব উত্তরের ২৩৫পৃঠের ৮পংক্তিতে এই বচন লেখা যায় যে ("যেনোপায়েন দেবেশি লোকঃ শ্রেয়ঃ সমশ্বৃতে। তদেব কার্যাঃ ব্রহ্মক্তৈরিদং ধর্মঃ সনাতনং"॥ অর্থাৎ যে যে উপায় লোকের শ্রেমকর হয় তাহাই কেবল ব্রহ্মনিঠের কর্ত্তব্য এই ধর্ম সনাতন হয়॥) যদি ধর্ম সংহারকের মতে লোকের শুভ চেন্টা কর্মিদের ধর্মের বিপরীত হয় তবে কর্মিদের বিপরীত কর্ম করা এ অংশে স্কতরাং হইল। আমরা পূর্বব উত্তরের ২২৮ পৃঠেন পংক্তি অবধি লিখিয়া ছিলাম যে "জ্ঞানাবল্মী অথচ বিষয় ব্যাপার বৃক্ত ব্যক্তিকে দেখিয়া ছই অন্তব হইতে পারে এক এই যে মনেতে আসক্ত হইয়া ব্যাপার করিতেছেন দিতীয় এই যে আসক্তি ত্যাগ পূর্বক ব্যাপার করিতেছেন যে হেতু মনের মথার্থ ভাব পরমেশ্বরই

জানেন, তাহাতে দুর্ক্তন ও ধল ব্যক্তিরা বিরুদ্ধ পক্ষকেই প্রহণ করিয়া খাকেন। আর সজ্জন বিশিষ্ট ব্যক্তিরা উত্তম পক্ষকেই গ্রহণ করেন--বেমন জনকাদির রাজ্ঞা শাসন ও শত্রু দমন ইত্যাদি বিষয় ব্যাপার দেখিয়া ছুর্জ্জনেরা তাঁহাদিগে বিষয়াসক্ত জানিয়া নিন্দা করিত এবং ভগবান রুষ্ণ হুইতে অর্জ্জুন জ্ঞান প্রাপ্ত হুইয়া যুদ্ধ এবং রাজ্য করিলে পর চুর্ক্জনেরা তাঁহাকে রাজ্যাসক জানিয়া নিন্দিত রূপে বর্ণন করিত, ইহা পূর্ব্ব পূর্ব্বত দৃষ্ট আছে। জাহার উত্তরে ধর্মসংহারক ৫২ পৃষ্ঠে ৬ পংক্তিতে লিখেন বে "মহুবোও বাছ চিহেুর দ্বারা সে ভাব বোধ করিতে পারেন নতুবা ছুটা ও শিস্ট কি রূপে বোধ হইতেছে" এবং পরাশরের বচন ঐ পুর্চে লিখিয়াছেন বাহার অর্থ এই÷'বে স্বরবর্ণ ইলিত আকার চকু চেফ্টা এই সকল বাহ্ছ চিছের দ্বারা মন্থবোর অন্তর্গত ভাব বোধ করিবেক। অতএব এই বাছ লক্ষণের প্রমাণে ইদানীস্তন জ্ঞাননিষ্ঠদের প্রথম পক্ষই, অর্থাৎ चार्नीक शृक्षक गांशांत कतिया जाकळानी श्रान, हेशहे धर्म मःशत्रकत স্থির হইয়াছে। উত্তর ।---এরূপ বাহু লক্ষণকে ছল করিয়া নি**দা** করা ইহাও কেবল ইদানীস্তন হয় এমত নহে, বরঞ্চ পূর্ব্ব পূর্ব্ব যুগের ছুর্ক্স-নেরাও যখন জনকার্জ্বন প্রভৃতি জ্ঞানিদিগকে নিন্দা করিত তথন তাহা-দিগকে নিম্পার হেতু জিজাসিলে এই রূপই উত্তর দিত যে "শ্বর বর্ণ ইঙ্গিত আকার চক্ষ্ণ চেফ্টার দারা আমরা জানিয়াছি যে ঐ জ্ঞাননিঠেরা আসক্তি পূর্ব্বক বিষয় কর্মা ও শৃক্র বধ স্ত্রী সঙ্গ এবং এখার্যা ভোগ করিতেছেন ভ্তরাং কর্ম্ম ব্রহ্ম উভয় ভ্রস্ট হয়েন" অতএব মুর্জ্জনেরা সর্ব্বকালেই পর নিক্ষা করিবার নিমিত্ত দোষ আরোপ করিতে ক্রটি করে নাই।

৫৩ পৃঠে যোগ বাশিষ্ঠের বচন কহিয়া লিখিয়ছেন (সর্ব্বের ক্স বদিব্যক্তি সংপ্রাপ্তে চ কলো বুগে। নামুতিঠন্তি মৈত্রেয় লিখোদরপরারণাঃ)
কলিযুগ প্রাপ্ত হইলে সকল লোক ব্রহ্ম এই শব্দ কহিবেক কিন্তু হেমৈত্রের শিখোদর পরারণেরা অনুঠান করিবেক ক্রিনি যোগবাশিঠে ভগবান
রামরক্রেকে সংঘাধন করিয়া বশির্ঠদেব উপদেশ করেন এবচনে মৈত্রেরের
সংঘাধন দেখিতেহি। সে যাহা হউক, যাহারা বাহারা ব্রহ্ম ক্রেহে এবং
শিক্ষোদর পরায়ণ হইয়া অনুঠান করে না তাহারাই এ বচনের বিষয় হর

হি সৰ্বথা যুক্তি সিদ্ধ বটে কিন্তু বচনে "সৰ্বব" শব্দ আছে ইহাকে নিৰ্ভন্ন করিয়া এমত অর্থান্তর যদি কম্পান, যে বাঁহারা বাঁহারা কলিডে ব্রশ্ব কৃহিবেন তাঁছারা সকলে শিশোদর পরায়ণ হয়েন চ্চবে ভগবান গোবিন্দা-চার্য্য ভগবান শঙ্করাচার্য্য ঞ্রীধর স্বামী প্রভৃতি যাঁহারা জ্ঞানামূষ্ঠান কলি-युर्ग क्रियांट्म जांदाराव नक्नारक अवहरनत विश्व क्ट्रिंख इट्टेंस्क, ट्रेश কেবল রাগান্ধের কর্ম হয় কি না পণ্ডিতেরা বিবেচনা করিবেন ৷ অধিক্স কলির প্রভাব বর্ণনে এরপ "সর্ব্ব" শব্দ কথন সকল ধর্ম্মের প্রতিই আছে তাহাকে কলির দৌরাত্মা স্চক অঙ্গীকার না করিয়া যথার্থই স্বীকার করিলৈ কোন ধর্ম আছে এমত স্থির হয় না, ক্রিয়াযোগসারে (কলৌ সর্কে ভবিষান্তি পাপকর্মরতাজনা:। - বেদবিদ্যাবিহীনাঞ্চ তেষাং শ্রেয়: কথং ভবেৎ) অর্থাৎ কলিযুগে সকল লোকই পাপ ক্রিয়া রত এবং বেদ বিদ্যা विक्रिं इंटर्रिक अरुथव जाहामिश्वत मन्नन कि श्रेकारत हरेरिक। मार्ख-ধুত বচন (বিপ্রা: শুদ্রসমাচারা: সন্তি সর্ব্বে কলৌ যুগে) ব্রাহ্মণ সকল भृतात आंठात विभिक्ते कनियुर्ग इहैरवन। धनकन वहरन अर्थ भन्न প্ররোগ দেখিতেছি অতএব কলি দৌরাষ্ম্য স্থচক না কহিয়া ও সর্ব্ব শব্দের সংকোচ না করিয়া ধর্ম্ম সংহারক যদি ষথার্থবাদ কছেন তবে উভয় পক্ষেব সমান বিনাশ হইতে পারে।

আমরা লিখিয়াছিলাম যে পূর্ব্ব পূর্ব্ব কালীন মূর্ক্তনেরাও জনকার্ক্তন্নাদিকে নিন্দা করিত। এনিমিত্ত ৫৪ এবং ৫৫ পূর্চে আমাদের আত্ম স্থাঘা দর্শাইরা অনেক শ্লেষ ও ব্যক্তোক্তি করিয়াছেন, অতএব এন্থলে পূর্ব্ব উত্তরে বাহা লিখিয়াছিলাম তাহার প্রকৃতি করিডেছি "এ উদাহারণ 'দিবার ইহা তাৎপর্য্য নহে যে জনকাদি ও অর্ক্তনাদির তুল্য একানের জ্ঞান সাধকেরা হয়েন অথবা ইদানীস্তন জ্ঞান সাধকেদের বিপক্ষেরা তাহাদদের মহাবল পরাক্রম বিপক্ষেদের তুল্য হয়েন তবে এ উদাহারণ দিবার তাৎপর্য্য এই বে সর্ব্বকালেই মূর্ক্তন ও সজ্জন আছেন, মূর্ক্তনের সর্ব্বকাল হৈ সভাব এই বে কোন ব্যক্তির প্রতি দোষ ও ওন এছ্রেরি আরোপ করে কিন্তু সক্ষানের সন্তাবনা থাকিলে সেখানে কেবল দোবেরি আরোপ করে কিন্তু সক্ষানের সভাবনা থাকিলে সেখানে কেবল দোবেরি আরোপ করে কিন্তু সক্ষানের সভাব তাহার বিপরীত হয় অর্থাৎ দোব ওন তুরের আরোপ করে

ক্ষেবল গুণেরি আরোণ করিয়া থাকেন" ক্রিরা বোগসার, (কুঠানাং কুড-শাসানাং চরিত্রমিদমন্ত্তং। নিস্পাপমণি পদ্যতি স্বান্ধমানেন গাপিনং) কুট ও পাপিদের এই অন্ত চরিত্র হয় যে নিস্পাপ ব্যক্তিকেও আপনার ন্যায় পাপী জানে। অতএব এই পূর্ব্ব উত্তরের বাক্যের হারা আমাদের স্লাঘা অথবা আপনার অপকর্ষতা প্রকাশ করা হইয়াছে ইহা পণ্ডিতেরা বিবেচনা করিবেন।

৫৫ পৃঠে ৭ পংক্তিতে লিখেন যে "এ প্রকার দ্রাম্ভ কে আছে যে ভাক্ত তত্বজ্ঞানি মহাশয়দিগকে জনকাদি তুল্য জ্ঞান করে" অধিকন্ত সৌদ্ধন্য প্রকাশ পূর্বক ঐ পৃঠে লিখেন যে "ইদানীস্তন জ্ঞানিদের সহিত জনকাদির সেই সাদৃশ্য যাহা অখলোম ও খেতচামরে এবং অভক্ষ্য ভক্ষক শূকরে ও গাবীতে পাওয়া যায়॥" উত্তর।—ধর্ম সংহারকের মূথ হইতে সর্বদা অশুচি নিঃসরণ হওয়াতে আমাদের হানি কি এবং ইদানীক্তন, জ্ঞাননিষ্ঠ-দেরও জনকাদির সহিত যে দৃষ্টাস্ত দিয়াছেন তাহাতেও আমরা তুঃবিত নহি, কিন্তু ধর্ম সংহারক ইহা জ্ঞানেন কি না যে জনক ও অর্জ্ঞুনাদির নিক্ষক তুর্জ্ঞান ও আধুনিক জ্ঞাননিষ্ঠদের নিক্ষক তুর্জ্ঞান এতুইয়ে সেই সাদৃশ্য যাহা করাল ব্যান্তে ও ধূর্ত্ত শৃগালে দৃষ্ট হয়॥

৫৬ পৃঠের শেষ পংক্তিতে আরম্ভ করিয়া নিখেন যে "নারদকে দানী পুদ্র ও ব্যাসকে ধীবর কন্যাক্রাত, পঞ্চ পাওবকে জারজ, ব্রহ্মাকে কন্যান্ধানী মহাভারতকে উপন্যাস, দেব প্রতিমাকে মৃত্তিকা এবং শালগ্রামকে শিলা বলিরা উপহাস করিয়া থাকেন তাঁহারা হুজন কি কুর্জ্জন জানিতে ইক্ষা করি"। উত্তর ।—নিন্দা উদ্দেশে ঐ সকল মহাক্তাবকে মাহারা প্রক্রপ কহে তাহারা অবশাই কুর্জ্জন বটে কিন্তু এই রূপ কথন মাত্রে যদি কুর্জ্জনতা সিদ্ধ হয় তবে ঐ সকল রত্তান্ত যে সকল গ্রন্থে কহিরাছেন সে সকল গ্রন্থানেরা ও তাহার পাঠক ধর্ম সংহারক প্রভৃতিরা আদৌ কুর্জ্জন ইইবেন। দাসী পুদ্র নারদ ও ধীবর কন্যাক্রাত আদ ইত্যাদি পৌরানিক রতান্ত লোকে প্রক্রিক আছে হ্রত্তরাং তাহার প্রমাণ লিখনে প্রয়োজন নাই কিন্তু শেবের ছুই প্রভাবের প্রমাণের প্রাচুর্য্য নাই প্রনিষ্ক্র ভাষার প্রমাণ দিতেহি। প্রথম ভারতানির উপন্যান করব। সহাভারত আদি

পর্ব্ধ (বেথকোভারতদ্যাদ্য ভব দং গণনায়ক। মরেব প্রোচ্যমানদ্য মন-সা কম্পিতস্য চ) আমি যে কহিতেছি ও মনের ৰারা কম্পিত হইয়াছে যে ভারত তাহার লেখক হে গণেশ তুমি হও। খ্রীভাগবত (যথা ইমান্তে ক্থিতা মহীয়সাং বিতায় লোকেষু যশঃ পরেযুষাং। विकानदेवज्ञाগ্যবিব-ক্ষ্যা বিভো বঢ়ো বিভূতির্ন তু পারমার্থাং) রাজারা যশকে লোকে বিস্তার করিয়া মরিয়াছেন তোমাকে একথা সকল কহিলাম তাহার তাৎপর্য্য এই যে বিষয়ে অসার জ্ঞান ও বৈরাগ্য হইবেক এ কেবল বাক্য বিলাস অর্থাৎ বাক্য ক্রীড়া মাত্র কিন্তু পরমার্থ যুক্ত নয়। বিতীয় প্রতিমা বিষয়ে। যথা শ্ৰীভাগবতে দশমন্বন্ধে (যস্যাত্মবুদ্ধিঃ কুণপে ত্রিধাতুকে স্বাধীঃ কলত্রাদিষ্ ভৌমইজাধী:। যত্তীর্থবৃদ্ধিশ্চ জলে ন কর্হিচিজ্জনেশভিজ্ঞেষ্ সএব গোখর:) অর্থাৎ যে ব্যক্তির কফ পিত্ত বায়ু ময শরীরে আঁত্ম বুদ্ধি হয় আর স্ত্রী পুদ্রাদিতে আত্মভাব ও মৃত্তিকা নির্মিত প্রতিমাদিতে পূজ্য বোধ আর জলে তীর্থ বোধ হয় কিন্তু এ সকল জ্ঞান তত্ত্ব জানিতে না হয় সে গরুর গাধা অৰ্থাৎ অতি মৃঢ়। আহ্নিক তত্ত্ব ধৃত শাতাতপ বচন (অঞ্জু দেবা यश्यानाः पिवि प्रवा यनीविनाः। कार्वतारख्यं मूर्थानाः यूक्तमाजन দেবতা) জলেতে ঈখর বোধ ইতর মহুষ্যের হয় আর গ্রহাদিতে ঈখর বোধ দৈবজ্ঞানিরা করেন। আর কার্চ লোফ্টাদিতে ঈশ্বর বোধ মূর্থেরা করে কিন্তু জানীরা স্নাত্মাতেই ঈশ্বর বোধ করেন।

ঐ পৃঁষ্ঠে ৬ পংক্তিতে লিখেন যে "কোন মুর্ক্তন মুগ্ধকে তক্ত ও শর্করাকে বালুকা, চামরকে অখলোম—কহিয়া নিন্দা করে "॥ উত্তর ।—
অনেক মুর্ক্তন এমত ছিলেন এবং আছেন যে উত্তমকে অধম কহিয়া
থাকেন, সর্কাদেবোত্তম মহাদেবকে দক্ষ কি দেবাধম কহে নাই, আর
তদ্বচিত শান্তি সে নিন্দকের কি হয় নাই।

প্নরায় লিখেন যে "কোন্ ইজনই বা তক্রকে হয় ও বালুকাকে শর্করা, অখলোমকে চামর—কহিয়া প্রশংসা করেন । "উত্তর ।—উত্তমেরা বশ্পকে রহৎ ও কুজকে মহৎ কহিয়া প্রশংসা করিয়াছেন, প্রাবে স্তাতিবাদ সকল তাহার প্রত্যক্ষ প্রমাণ হয়। মহাভারতের আদি শর্কে গরুড়ের প্রতি দৈবভাদের উক্তি (সমস্তকঃ সর্ক্ষিদং প্রবাশ্ভরে ।)

হে গ্রহড় নিজ্যানিত্য শ্বরূপ সমূদায় জগৎ তুমি হও। বস্তুত পর নিশাই
মুর্জানের জীবনোপায় হয়।

चामत्रो अथम উर्ज्जत निविद्या हिनाम य उन्ननिर्छ अमछ करहन ना स আমি ব্রন্ধকে জানি সতএব যে এমত কছে সে স্বৰণাই কর্ম ব্রন্ধ উভয় দ্রস্ট হয়, এবং কেন শ্রুতি ইহার প্রমাণ লিধিয়াছিলাম তাহাতে ধর্মসংহারক ৫৯ পৃষ্ঠে ১২ পংক্তিতে নিখেন যে "এই কপট বাক্যের দারা এই বোধ হয় কি না যে ভাক্ততত্ত্তানী মহাশয় আপনাকে আপনি বন্ধ-জ্ঞানী কহিয়াছেন অতএব তিনি উভয় ভ্রষ্ট ও ত্যাক্স হয়েন কি না "। डेखद्र।-- (राशवानिष्ठंत वहन निकार्थ वाम ना इटेग्ना वथार्थ वाम यमि दय ভবে উভয় বিভ্রষ্ট ও ত্যাক্স সেই হইবেক যে সংসার স্থাপে আসক হইয়া ৈকহে যে আমি ত্রন্ধকে জানি। তাহাতে এ ছইয়ের প্রথম দোষের বিষয়ে, আর্থাৎ সংসারে আসজি, এ অপবাদে মুর্জ্জনের মুখ হইতে নিস্তার নাই ষেহেতু কি ইদানীস্তন ুকি পূর্কাযুগে গৃহত্ব ক্রন্ধ নিঠদের বিষয় ব্যাপার দেখিয়া কেহ বিষয়াসক্রির দোষ তাঁহাদিগকে দিলে ইহার অপ্রমাণ করা लात्कत निक्षे कुक्त इत्र, किन्छ बिजीय लात्यत अभवान नितन कुर्व्छनत्क নিক্লত্তর অনায়াদে করা যায়,যে হেতু তাঁহাদের প্রকাশিত শত শত প্তক আছে এবং সর্ব্বদা কথোপকথন করিয়া থাকেন ঐ সকলের মারা প্রমাণ হইবেক যে তাঁহারা সর্ববদাই স্বীকার করেন বে ব্রহ্ম স্বরূপ কোন মতে আমরা জানি না এবং পরমেখরের পরিচ্ছির হস্ত পদ শিশ্বোদর আছে অথবা তিনি যথার্থ আনন্দ রূপ শরীরে স্ত্রী সংসর্গ ও অশুচি পরিত্যাগাদি ক্রিয়া করিয়াছেন ইহা কদাপি কহেন না অতএব ভুর্জ্জনেরা যাবৎ প্রমাণ ক্রিতে না পারেন যে আমরা তক্ষ জানিয়াছি এমত স্পর্দ্ধা করিয়া থাকি তাবৎ আমাদের প্রতি, ত্রন্ধ স্বরূপ জানি, এ প্রাগন্ড্যের উল্লেখ করা জাহাদের কেবল দেয় ও পৈখানোর জাপক মাত্র হইবেক।

৬১ পৃষ্ঠে বাহা নিখেন তাহার তাৎপর্য্য এই যে প্রণব ও গায়ত্রী এ ছুরের জপ যাত্রে অথচ বিহিতাছ্ঠান রহিত হইলে কোন মতে জানাছ-ঠানের অধিকার হয় না ॥ উত্তর ।—প্রণব ও গায়ত্রীর জপ যাত্রেই লোক শ্মনমাদিতে প্রব্রুম্ভ হইরা জানের হারা ক্লডার্থ হঁয় ইহার প্রমাণ ক্লতি ŕ

গু মন্থ প্রভৃতি শাল্প আছেন মন্থ: (ক্ষরন্তি সর্বনা বৈদিকো৷ জ্রোতিয়জ্ঞতি-ক্রিয়াং। অক্ষরত্তক্ষয় জেবং এক চৈব প্রজাপতিঃ) বেলোক্ত ছোব যাগাদি সকল কর্মা কি স্বরূপতঃ কি কলভ বিনষ্ট হয় কিন্তু প্রণব রূপ যে অক্সর তাহাকে অক্সর জানিবে বে হেতু অক্সয় যে ব্রহ্ম তেঁহো তাহার দ্বারা প্রাপ্ত হয়েন।। (জপ্যেটনব তু সংসিদ্ধেৎ ব্রান্ধণোমাত্র সংশ্यः। কুৰ্যাদনান্ন বা কুৰ্যাবৈত্ৰভোৱান্ধণ উচাতে) ব্ৰাহ্মণ কেবল প্ৰাণৰ ব্যাহ্মতি ও গায়ত্রী জপের দ্বারাই সিদ্ধ হয়েন ইহাতে সংশয় নাই অন্য কর্ম অথবা না কৰুন, ইহার জপের দ্বারা সর্ব্ব প্রাণির মিত্র হইয়া ব্রহ্ম প্রাপ্তির যোগ্য হয়। ইহাতে টীকাকার লিখেন যে মোক্ষ প্রাপ্তির উপায় কেবল প্রণব হয়েন এ কথন প্রণবের স্থৃতি বেহেতু অন্য উপায়ও শাল্তে লিখি-য়াছেন। কঠ শ্রুতিঃ (এতক্ষ্যেবাক্ষরং ব্রহ্ম এতক্ষ্যেবাক্ষরং পরং। এত-জ্যোকরং জ্ঞাত্বা যোষদিচ্ছতি তস্য তৎ) এই প্রণৰ হিরণ্য গার্ব্ধরূপ হয়েন এবং পরব্রহ্ম স্বরূপও হয়েন ইহার দ্বারা উপাসনাতে যে যাহা বাসনা করে তাহার তাহা সিদ্ধ হয়। মুগুক শ্রুতিঃ (প্রণবোধহুঃ শরোহাত্মা ব্রহ্ম তল্পক;মূচ্যতে। অপ্রমন্তেন বেন্ধব্যং শরবৎ তত্ময়োভবেৎ) প্রণৰ सह चक्रण, जीवाजा भंत यक्रण, भूत्रवक लक्का चक्रण शरान, ध्यमान भूना চিত্রের ছারা ঐ লক্ষ্যকে জীব স্কুরিপ শরের ছারা বেধন করিয়া শরের ন্যায় লক্ষের সহিত এক হইবেঁক। সাধন কালে শমদমাদি অন্তরক কারণ হয়েন কিন্তু সে কালে সম্পূর্ণ রূপে শমদমাদি বিশিষ্ট হওনের সম্ভব হয় না বে হেতু সম্পূর্ণ রূপে শম্দমাদি বিশিষ্ট হওয়া সিন্ধাবস্থার স্বাভা-বিৰু লক্ষণ হয় তাহা সাধনাবস্থার কি রূপে হইতে পারে। বস্তুতঃ শম लमानित्क याद्यात रेकु नांदे तम उद्याननिर्क शालत वाठा कि इटेरविक वित्रक्ष মহ্ধ্য পদের বাচ্যও হয় না, অতএব শমদমাদিতে যত্ন জানাভ্যাদে অবশ্য করিবেক এমত নিয়ম সর্ববধা আছে। মহুঃ (আত্মজানে শমে চ স্যাদ্দেশ।-ভাবে চ যতুৰান) অৰ্থাৎ আত্মজানে ও ইক্সিয় নিগ্ৰহে এবং প্ৰণৰ উপ-নিষদাদি বেদাভ্যাদে প্রাহ্মণ বন্ধু করিবেন। ইতি প্রথম প্রশ্নের দিডীয় উত্তরে ক্ষেহ প্রকাশকে। নাম প্রথমঃ পরিচেছ্দঃ ॥

্ড> গৃঁঠের শেষ পংক্তি **ন**ৰৰি নিখেন বে প্ৰথমত বেদাতে ব্ৰহ্ম জিকা-সার অধিকারির লক্ষণ কহিয়াছেন, এহিক ও পারত্তিক কল ভোগ বৈরাগ্য. আরকি নিতা বস্তু কি অনিতা বস্তু ইহার বিবেচনা, ও শমদমাদি সাধন আর মুক্তিতে ইক্ষা এই সকল এক জিজাসার অধিকারির বিশেষণ হয় ॥ উত্তর ৷— বৃদ্ধ জিজাসার প্রতি সাধন চতুকীয়াদিকে বেদাত্তে ও গীতাদি মোক শারে কারণ নিথিয়াছেন কিন্তু ইহ জন্মে এ সকল কিশেষণ উত্তম अधिकांत्रित विवयः इव अर्थार अक्रेश वित्मवनाकास इहेल हेह अत्याहे ব্রহ্ম জানিবার ইচ্ছা মহুব্যের জন্মে কিন্তু পূর্ব্ব জন্ম কৃত স্কুতের দারা এহিক সাধন চতুত্তীয় ব্যতিরেকেও মন্ত্রের ত্রন্ধ জানিবার ইচ্ছা হইয়া থাকে, বেদান্তের ৩ অধ্যায় ৪ পাদ ৫১ বুত্র (ঐহিক্মপ্যপ্রস্তুতপ্রতিবদ্ধে তব্দর্শনাৎ) যদি প্রতিবন্ধক না থাকে তবে অহুষ্টিত সাধনের বারা ইহ কৰো তথবা কৰাক্তরে ব্রহ্মজান প্রাপ্তি হয় বেহেতু বেলৈ দেখিতেছি পর্বস্থএৰ বামদেবঃ প্রতিপেদে ব্রহ্মভাবং) গর্বস্থ যে বামদেব তিনি ব্রহ্ম ভাব প্রাপ্ত হইয়াছেন অর্থাৎ তাঁহার এহিক কোনো সাধন ছিল নাই স্বতরাং পূর্বে জন্মের সাধনের মারাই জ্ঞান প্রাপ্ত হইয়াছেন। ভগবদ্ধীতা (পূর্ববাভাসেন তেনৈব ছিযতে ছবশোপি সঃ) সেই পূর্বে জন্মের জ্ঞানা-ভ্যাদের দ্বারা ব্যক্তি অবশ হইয়া জ্ঞান সাধনে যত্ন করে। শাল্পে সাধন চতুষ্টয়কে ব্ৰহ্ম জিজ্ঞাসার কারণ কহিয়াছেন অতএব যখন কোন ৰাক্তিতে बच्च व्यानिवात हेम्हा উপलिक रह उथन अवगाहे चौकात कतिए रहेरेवक ষে এরপ ইচ্ছার কারণ ষে সাধন চতুষ্টার তাহা ইহ জন্মে অথবা পুরু জম্মে এ ব্যক্তির হইয়াছে নতুবা কারণ না থাকিলে কি রূপে কার্য্যের সস্কাবনা হয়। ভগবল্লীতাতেও ইহাকে পুন: পুন: দৃঢ় করিয়া কহিয়াছেন (हर्ज्यिया जन्नरत माः कनाः सङ्गित्नाक्कृन । जार्खाकिकास्त्रशी জ্ঞানী চ ভরতর্বভ) স্বামির ব্যাখ্যা, পূর্বব জ্বের স্ক্রন্তের স্বারা চারি প্রকার ব্যক্তিরা আমাকে ভক্ষন করেন প্রথম আর্ন্ত, দ্বিতীয় কিন্তাস্থ, ভৃতীয় অর্থার্থী, চতুর্থ জ্ঞানী ঃ বেমন ব্রহ্ম জিজ্ঞাসার অধিকারের কারণ সাধন চতুষ্টয় লিখিরাছেন সেই স্কপ শাক্ত লৈব বৈক্ষব সৌর গাণপত্য ইত্যাদি তাৰৎ উপাসনাতেই অধিকারের কারণ বাহল্য রূপে লিখেন, তন্ত্রসার

प्रजवन्त (भारत्वाविनीजः **एकान्ना** व्यक्तावान् धात्रवक्तमः । সমর্থक कृती-নাচ প্রাক্ত: সচ্চরিতোরতি:। এবমাদিওবৈর্গক: শিধ্যোভবতি নান্যথা) শমগুণ বিশিষ্ট অর্থাৎ অন্তরিঞ্জিয়ের নিগ্রহ বিশিষ্ট ও বিনয়যুক্ত, চিত্ত শুদ্ধি বিশিষ্ট, শাল্লে দৃঢ়বিখাসী ও মেধাবী, বিহিতৃ কর্মাত্মভান কম, আচারাদি গুণমুক্ত, বিশেষদর্শী, সচ্চরিত্র, যত্নশীল ইত্যাদি গুণ বিশিষ্ট इहेल निषा दश अनाथी निषा इहेर्ड शास्त्र ना॥ এ बहरन ''निर्द्यांड-ৰতি নান্যথা " এই বাক্যের ছারা এ সকল বিশেষণকে সাকার উপাসনা বিষরে দৃঢ়তর দ্বপে কহিয়াছেন। যদি ধর্মসংহারক কছেন যে " এ সকল बिल्मधन উखमाधिकांत्रि निरात था छ इत्र किन्द्र मधाम ও कनिर्शाधिकारत এ সমুদায়ের নিয়ম নাই যেহেতু এরূপ সঙ্কোচ না করিলে সাকার উপা-मनाएं अधिकाती थाय भाउमा गारेत्व ना अवः कान माधन विश्वतः সাধন চতুষ্টায়ের সম্পূর্ণরূপে ইহ জয়েই হওয়া আবশ্যক,এমত না কহিলে ব্রুমোপাদনার প্রবৃত্তিতে বাধা জন্মান যায় না ইহার উত্তর এই যে এরূপ কথন ধর্মা সংহারকের আশ্চর্যা নছে, কিন্তু পূর্ব্ব লিখিত বেদান্ত স্থ্র ও ভগবদ্ধীতার প্রাপ্ত স্পান্তার্থকে ঘাঁহারা অমান্য করেন তাঁহাদের সহিত আমাদের শান্তীর বিচার নাই।

৬৪ পত্রে ২ পংক্তি অবধি লিখেন যে তব্জানীর লক্ষণ ভগবদ্দীতাতে কহিয়াছেন (ফুংখেবছ দ্বিমনাঃ স্থাখেব বিগতসপূহ: । বীতরাগভয়ক্রোধঃ স্থিতধীমু নিক্ষচাতে) ছুংখেতে অমৃদ্বিগ্রচিত্ত ও মথেতে নিস্পৃহ ও বিবয়াস্থাগ শূনা, ভয় ক্রোধ রহিত এবং মুনি অর্থাৎ মৌন শীল যে মম্বা তাহার নাম স্থিতধী অর্থাৎ তবজানী হয় ॥ উত্তর ।—এ সকল স্বাভাবিক লক্ষণ সিদ্ধাবস্থার হয় কিন্তু সাধনাবস্থায় এ সমৃদায় বিশেষণ ব্যক্তিতে নিয়ম করিলে সিদ্ধাবস্থা ও সাধনাবস্থায় এ সমৃদায় বিশেষণ ব্যক্তিতে নিয়ম করিলে সিদ্ধাবস্থা ও সাধনাবস্থা উভয়ের ভেদ থাকে না, গীতা (বহুনাং জন্মনামত্বে জানবান্ মাং প্রপদ্যতে । বাস্থদেবঃ সর্কমিতি সমহাত্মা স্বত্র ভঃ) চারি প্রকার ভক্তের মধ্যে চতুর্থ জ্ঞানী তাহাকে সর্ক্রোভ্রম কহিয়া তাহার স্থল্প ভত্ব কহিতেছেন যে এই চতুর্থ ভক্ত অর্থাৎ জ্ঞাননিষ্ঠ কিঞ্চিৎ কিঞ্চিৎ পুরা রন্ধির শ্বারা অনেক ক্রের অত্তে আত্বাক্রানকে লক্ষ হইয়া গ্রাচর এই সমস্ত জগৎ বাস্থদেবই হয়েন এই প্রক্র

कारन अर्थाए नर्का का आ मृष्टि कारन आमात छक्त करतन आछ এव मिर्टे. च्रभतिष्ठित ज्रको अर्डिनम् पूर्ल छ रहान, अर्थाए च्यानक क्या माधनावद्यात পরে সিক্কাবন্থ। জন্মে (প্রবজ্বাদ্যতমানস্ত যোগী সংশুদ্ধকিলিয়:। অনেক-জন্মসংদিদ্ধন্ততোয়তি পরাং গতিং) স্বামী, যদি পূর্বেকাক্ত প্রকারে অম্প যতু বিশিস্ট জ্ঞাননিষ্ঠ ব্যক্তি পর জয়ে পরম গতিকে প্রাপ্ত হয় তবে যে ব্যক্তি উত্তরোত্তর জানাভ্যাসে অধিক যতু করে এবং সেই অমুষ্ঠানের ৰারা নিস্পাপ হয় সে ব্যক্তি অনেক জন্মেতে সমাধির দারা সম্পূর্ণ রূপে জানী হইয়া ততোধিক শ্ৰেষ্ঠ গতিকে প্ৰাপ্ত হইবেক ইহাতে আক্ষর্যা कि॥ এই গীতা বাক্যানুযায়ি ভগৰৎ শান্ত্রেও সাধনাবস্থায় অনেক প্রকার কহি-মাছেন, শ্রীভাগবতের একাদশস্কমে তৃতীয়াধ্যায়ে (সর্বভূতেষু যঃ পশ্যেৎ ভগবদাবমান্ধনঃ। ভূতানি ভগবত্যান্ধন্যে ভাগবতোত্তমঃ। ঈশবে ভদধীনেষু বালিশেষু দ্বিংস্ক তপ্ৰেম মৈত্ৰী ক্পোপেকা যঃ করোতি সম-ধাম:। অর্চায়ামেব হরয়ে পূজাং যঃ আছ্রয়েহতে। ন তল্তেমু চান্যেৰু সভক্ত: প্রাকৃত: স্বৃত:) স্বামী, জ্ঞান পক্ষে এবং " যদ্বা " কহিয়া ভক্তি পক্ষেও ব্যাখ্যা করিয়াছেন তাহার প্রথম পক্ষ লিখিতেছি। সকল জগতে আপনাকে ব্রহ্ম স্বরূপে অধিষ্ঠিত এবং ব্রহ্মস্বরূপ আপনাতে জগৎকে যে দেখে অর্থাৎ সর্ব্বত্র আত্ম দৃষ্টি যে করে সে উত্তম ভাগবত হয়। ঈশবে প্রীতি ও ঈশরের ভক্তদের প্রতি সৌহার্দ ও মূর্খে রূপা আর ছেফীতে উপেকা যে করে সে মধ্যম ভাগবত হয়। ভগবান্কে প্রতিমাতে যে একা পূর্বক পূজা করে ও তাঁহার ভক্ত সকলে ও ভক্ত ভিন্ন ব্যক্তি সকলে সেই ক্লপ পূজানা করে সে কনিষ্ঠ ভাগবত হয়। অতএব সাধন অবস্থা ও সিদ্ধাবস্থার প্রভেদ এবং দাধন অবস্থাতে উত্তম মধ্যম কনিষ্ঠ ইত্যাদি ভেদ ভগবদ্দীতা প্রভৃতি তাবৎ মোক্ষ শাজে করেন, সিদ্ধাবস্থার ধর্ম সংধনবিস্থায় কেন নাই এবং উদ্ভয় সাধকের লক্ষণ মধ্যম ও কনিষ্ঠাদি সাধকেতে किंग नार्रे এই ছল গ্রহণ করিয়া নিন্দা করা কেবল ছেব ও শৈশূঁন্য হেতু ব্যতিরেকে কি হইতে পারে 🛊 ভগবন্ধীতাতে বেমন (ছু:বে-ৰছৰিগ্ৰমনা) ইত্যাদি ৰচনে জানির লক্ষণ লিখিয়াছেন সেই রূপ একের नक्षेत्र निर्यत् । यथा (त्रवः भटको । विरव । उथा विनागमान्याः ।

শীভোকস্থা ব্যংখের সমঃ সক্ষরিবর্জিতঃ। তুলামি লাস্কৃতিমৌনী সৃদ্ধান্তী ঘেন কেনচিৎ। অনিকেতঃ স্থিমনিতিজিলানান্য নে প্রিরোদরঃ) শক্তান্তে মিত্রেতে সমান ভাব আর মান অপমান, শীত উক্ত, স্থা দুংখ, ইহাজে সমান ভাব এবং বিষয়াসকি রহিত ও নিন্দা স্থাতিতে সমান ও মৌন বিশিক্তী, বথা কথঞ্চিৎ প্রাপ্ত বস্তুতে সন্তুক্তী, এক স্থান বাস হীন, এবং আমার প্রতি স্থির চিত্ত এই প্রকার ভক্তি বিশিক্তী মন্তুব্য আমার প্রির হর। ক্রিয়াযোগসারে (বৈফবেষ্ গুণাঃ সর্কে লোমলেশো ন বিদ্যুতে। তন্মান্তেত্ত্বাধ অঞ্চ বৈশ্ববো ভব সম্প্রতি) সমুদায় গুণ বৈশ্ববে থাকে লোবের লেশও থাকে না অতএব হে ব্রহ্মা তুমি বৈশ্বব হও। এ স্থলে এ সক্ষল লক্ষণ উক্তম ভক্তের হয় ইহা স্বীকার না করিয়া ধর্ম সংহারকের মতামুন্দারে প্রথম স্যাধনাবস্থায় স্বীকার করিলে বিশ্বু ভক্ত পদের প্রয়োগ প্রার্ম অসম্ভব হইবেক্। স্থতরাং কি সাকার উপাসনায় কি জ্ঞান সাধনে সিদ্ধাবস্থা ও সাধনাবস্থা এ ছুইয়ের প্রভেদ এবং সাধন অবস্থায় উক্তম মধ্যম কনিষ্ঠাদি প্রভেদ পূর্বেকালে ঋষিরা ও গ্রন্থকারেরা স্বীকার করিরাছেন স্মৃত্রব ইদানীন্তনও তাহা স্বীকার করিতে হইবেক।

৬৫ পৃঠের শেষ পংক্তি অবধি লিখেন যে " তাঁহারা (অর্থাৎ আমরা)
আপনারদিগকে না অধিকারাবস্থা না সাধনাবস্থা না সিদ্ধাবস্থা এক অবস্থাও বীকার করিতে পারিবেন না॥ " উত্তর।—আমরা আপনাদের
সাধনাবস্থাই সর্বাদা স্বীকার করি সেই সাধনাবস্থা অধিকারি ভেদে নালা
প্রকার হয় ভগবদ্দীতাতে (অমানিদ্ধদান্তিত্বং) ইত্যাদি পাঁচ বচন, যাহা
পর্ম সংহারক ৬২ পৃষ্ঠের ১২ পংক্তি অবধি লিথিয়াছেন, অর্থাৎ মান ও দস্ত
ও রাগদ্বেম ত্যাগ ও বিষয় সকলে বৈরাগ্য ও ইফ্ট, অনিফ্ট উভয়েডে
সমভাব ইত্যাদি বিশেষণাক্রাস্ত কোনো কোনো সাধক হয়েন। এবং ঐ
ভগবদ্দীতাতে লিখেন (মৃক্তঃ কর্মফলং ত্যক্ত্বা শান্তিমাথোতি নৈষ্টিকীং।
অমুক্তঃ কামকারেণ ফলে সকো নিবধাতে) অর্থাৎ ঈশ্বরৈকনির্গ হইরা
ফলত্যাগ পূর্বক অগ্নিহোত্রাদি কর্ম করিয়া নৈষ্টিকী শান্তি যে মুক্তি তাহা
প্রাপ্ত হয়েন, ঈশ্বর বহিমুখ ব্যক্তি ফল কামনা পূর্বক কর্ম করিয়া নিন্তান্ত
বন্ধ হয়। এই রূপ নিকাম কর্মান্তর্হান বিশিক্ট কোনো কোনো সাধক

হয়েন ॥ ভগবদ্ধীতাতে ভূরি সাধনের উপদেশের পরে গ্রন্থুশেষে ভগবার্ পুনরায় সাধনান্তরের উপদেশ দিতেছেন (সর্বধর্মান্ পরিত্রজ্য মামেকং শরণং বজ। অহং ত্বাং দর্বাপাপেভ্যো মোক্ষরিয়ামি মাশুচঃ) দকল ধর্ম পরিত্যাগ করিয়া আমি বে এক আমার শরণ লও, বর্ণাশ্রমাচার ধর্মত্যাগ করিলে তোমার যে পাপ হইবেক সে সকল পাপ হইতে আমি তোমার মোচন করিব।" ভগবান মহুও তাবৎ বর্ণাশ্রমাচার কহিয়া গ্রন্থ শেষে ই-হারি তুল্যার্থ বচন কহিয়াছেন (যথোক্তান্যপি কর্মানি পরিহায় দ্বিজ্ঞোক্তম। আত্মজানে শমে চ স্যাৎ বেদাভ্যাসে চযতুবান। এতদ্ধি জন্মসাফল্যং ব্ৰাহ্ম-ণস্য রিশেষত:। প্রাপ্যৈতৎ কুতক্কত্যোহি দ্বিজ্বোভবতি নান্যথা) পূর্ব্বোক্ত কর্ম সকলকে ত্যাগ করিয়াও আত্ম জ্ঞানে ও ইন্দ্রিয় নিগ্রহে ও প্রণব - উপনিষদাদি বেদাভ্যাসে ব্রাহ্মণ যতু করিবেন, আত্মজান ১ও বেদাভ্যাস ও ইক্রিয় দমন ছারা ব্রাহ্মণ ও ক্ষত্রিয় এবং বৈশ্য এ সকলের, বিশেষত বান্ধণের, জন্ম সফল হয় যে হেতু এই অনুষ্ঠান করিয়া দ্বিজাতিরা ক্বতক্লত্য হয়েন, অন্য প্রকারে কৃতকৃত্য হয়েন না॥ আর কোন কোন ব্রন্ধনিষ্ঠ অথচ গৃহস্থ সাধকেরা পরের লিখিত বিশেষণাক্রান্ত হয়েন, গীতা (শব্দা-দীবিবযানন্যে ইন্দ্রিয়াগ্নিষু জুহাতি) অর্থাৎ বিষয় ভোগ কালেও আদ্মাকে निर्निश कानिया देखिरात कर्फ देखियरे करतन এर निकार कतिया शिक्ष করেন। ইহারি তুল্যার্থ বচনকে বিশেষ রূপে ভগবান মত্ন: গৃহস্থ ধর্মের প্রকরণে লিখিয়াছেন, ৪ অধ্যারে ২২ শ্লোক (এতানেকে মহাযক্তান যজ্ঞ-দকল ব্রহ্মনির্চ গৃহত্বেরা বাহ্ন এবং অন্তর যজাহন্তানের শান্তকে জানেন ভাঁহারা বাহে কোনো বজাদির চেক্টা না করিয়া ব্রক্ষজানের অভ্যাস বারা চকু: শোত্র প্রভৃতি যে পাঁচ ইন্দ্রিয় তাহার রূপ শব্দ প্রভৃতি পাঁচ বিষ-ग्रटक जःयम कतिया शंक यकारक जन्नाम करतन ॥ शूनताम खना जायरनत প্রকার গীভাতে কহেন "(অপানে জুহ্বতি প্রাণং প্রাণেহপানং তথাহপরে। প্রাণাপানগতী রক্ষা প্রাণায়ামপরয়ণাঃ) অর্থাৎ কোন কোন ব্যক্তি পূরক ও কৃষ্ণক ও রেচক জনে প্রাধায়ান রূপ বন্ধ পরায়ণ হয়েন। এখনে বাৰ্মিয়ত যোগলাল্ল বছন (সং কারেব বহির্বাভি হং কারেব বিশেৎ পুন:।

প্রাণ্ডত্র সএবাছমহং সইতি চিন্তরেৎ) অর্থাৎ নিশাসের সময় প্রাণ বারু मः कृष्टिया विश्रमम करतम, अधारमत ममत्र रः कृष्टिता अविके रूरमम, অতএব সোহং হং সঃ, ইহারি চিন্তন সাধক করিবেক ॥ " ভগবান মহ ঐ গৃহস্থ র্ম প্রকরণে তত্ত্রলার্থ বচন কহিতেছেন ২৩ স্লোক (বাচ্যেকে জুল্রতি প্রানং প্রানে বাচফ সর্বদা। বাচি প্রানে চ পশ্যন্তো যজনের জি-মকাং) অর্থাৎ কোন কোন ব্রদ্ধনিষ্ঠ গৃহস্থ পঞ্চ যজ্ঞস্থানে বাক্যেতে নিখাদের বহন করাকে ও নিখাদে বাক্যের বহন করাকে অক্ষয় ফলদায়ক যক্ত জানিল বাকোতে নিখাদেব বহন আর নিখাদে বাকোর বহন করেন॥ পুনরায় অন্য সাধন প্রকার গীতাতে লিখিয়াছেন ("ব্রহ্মায়াবপরে চঞ যক্তে নৈবোপজু মতি) কোন কোন ব্যক্তি ব্রহ্মরূপ অগ্নিতে ব্রহ্মার্পনরূপ যক্ত হার। যজন,করেন॥ ভগবান মত্ন: ২৪ প্লোকে তত্ত লার্থ লিখেন (জানেনৈবাপরে রিপ্রা যজজ্যেতৈ মথে: দলা। জ্ঞানমূলাং ক্রিয়ামেষাং পশ্যন্তা জ্ঞানচক্ষা।) কোন কোন বন্ধনিষ্ঠ গৃহস্থেরা গৃহস্থের প্রতি া যক্ত শাল্লে বিহিত আছে তাহা সকল ব্ৰহ্ম জ্ঞানের দ্বারা নিষ্পার করেন উ:হারা জ্ঞান চকুর্বারা অর্থাৎ উপনিষদের হারা জানিতেছেন যে পঞ্ যজাদি সকল ব্রহ্মাত্মক হয়েন॥ ইহার উপসংহারে ভগবান্ কুল্লুক ভট্ট निर्धन द्य (स्नाक्र ब्रह्मन ब्रह्मनिष्ठांनाः दवनमःनामिनाः शृदशानाममी वि-ধয়ঃ) বেদোক্ত কর্মানুষ্ঠানত্যাগী অথচ ব্রহ্মনিষ্ঠ গৃহস্থদের প্রতি এই সকল বিধি ক্হিলেন। জ্ঞান প্রতিপজ্জির নিমিত্ত নানাবিধ সাধন কহিলেন ইহার প্রত্যেকেতে উত্তম মধ্যম কনিষ্ঠ সাধক হইয়া থাকেন। বৈক্ষব ণাত্ত্বেও সেই রূপ মোক্ষোপার সাধন নানা প্রকার লিধিরাছেন, খ্রীভাগ-বতে একাদশন্ধদ্ধে ২৯ অধ্যায় ১৯ স্লোক (সর্বং ত্রন্ধান্দ্রকং তস্য বিদ্যয় স্থ-পরিপশ্যর পরমেৎ . সর্বতােমুক্তসংশরঃ। অয়ং হি সর্ব-কম্পানাং সমীচীনোমতোমন। মন্তাবং সর্বভৃতেরু মনোবাককারুরিভিঃ)* সর্বত্র ঈশ্বর ব্যাপ্ত আছেন এই অভ্যাসের দ্বারা প্রাপ্ত হয় যে জ্ঞান তাহা হইতে সকল জগৎ ব্ৰহ্মাত্ম বোধ হয়, অতএব যথন সৰ্ব্বত্ৰে ব্ৰহ্ম দৃষ্টি রূপ জানের স্থিরত হইল তখন সংশয় হীন হইয়া ক্রিয়ামাত্র হইতে নির্ভ रदेदक । यहानिश सीक नाश्यन नाना छेनाव चाएक किस मरमावाकी

কায় এ সকলের ভারা সর্বতে ঈশ্বর দৃষ্টি ইহা সকল উপায় হইতে শ্রেষ্ঠ হর এই আমার মত। এবং এই পরের লিখিত শ্রীভাগবডীয় স্লোকের অবতরণিকাতে নানাবিধ সাধনার প্রকার ভগবান শ্রীধরম্বামী বিবরণ করিতেছেন, ('ঘএতান মৎপথোহিমা ভক্তিজানক্রিয়াম্বকান। কুলোন কামাংশ্চলৈঃ প্রাণৈজু যন্তঃ সংসরন্তি তে) একাদশক্ষম ২১ অধ্যায় স্বামী, (তদেবং গুণদোষব্যবন্থার্থং যোগত্রয়মুক্তং তত্ত্ব চ জ্ঞানভক্তিসিন্ধানাং म किकिৎ खन(मार्यो। সাধकानास প্রথমতোনিরভকর্মনিষ্ঠানাং यथा-निक निजारेनियिखिकः कर्म मदर्गाशकषाम् थनः, जनकर्तनः निधिक्षकत्रनः ভন্মলীমসকণভাৎ দোব: তরিবর্ত্তকভাচ্চ প্রায়শ্চিত্তং গুণ:। বিশুদ্ধসন্থা-নাস্ত্র জ্ঞাননিষ্ঠানাং জ্ঞানাভ্যাসএব সিদ্ধিনিমিত্তখাদ্ গুণ:। ভক্তিনিষ্ঠা-माञ्च व्यवनकीर्खनामिङक्तिरत्रव छनः, छिबक्रकः मर्द्यः , উভয়েষाः माय ইত্যুক্তং ইদানীক্ত যে ন সিন্ধাঃ নাপি সাধকাঃ কিন্তু কেবলং কামাকৰ্ম-व्यथानात्ष्याः नकनत्मायान् व्यश्कष्मियान् जात्मोजानिकविद्यू थान् निम्निक যএতানিতি) অর্থাৎ গুণ দোষের পৃথক পৃথক করিবার নিমিত্ত পূর্ব্ব যে তিন প্রকার যোগ কহিলেন তাহার মধ্যে জ্ঞান সিদ্ধ ব্যক্তির অথবা ভক্তি मिक्क वाक्तित त्कान श्रकारत्रहे भाभ श्रवा नाहे, किन्त माधकरमत्र मरश যাঁহারা কর্ম কলত্যাগ করিয়া কর্ম করেন তাঁহাদের যথা শক্তি নিতা নৈ-মিত্তিক কর্মাস্টান গুণ হয় যে হেতু নিষ্কাম কর্ম ধারা চিত্তের শুদ্ধি জন্মে, যথা শক্তি কৰ্ম না করাতে এবং নিষিক্ষ কৰ্ম করাতে দোষ হয়, যে হেতু এ ছুই কারণে চিতের মালিন্য জন্মে। চিত্ত শুদ্ধির মারা জাননিষ্ঠ বাঁহার। হইয়াছেন তাঁহাদের কেবল জ্ঞানাভ্যাস গুণ হয় যে হেছু জ্ঞানাভ্যাসের ছারা জ্ঞানের পরিপাক জন্মে। ভক্তিনির্ভ ব্যক্তিদের অবণ কীর্ত্তনাদি ভক্তির অফুঠান গুণ হয়। জ্ঞাননিষ্ঠের ও ভক্তের আপন আপন নিষ্ঠার বিক্ষা-চুর্ণ দোষ হর্ম ইহা কহিয়াছেন, এখন বাহারা না সিদ্ধ না সাধক কিন্তু কেবল কামা কর্মে রত হয়েন তাঁহাদের সকল দোষ গুণ বিস্তার রূপে কহিবেন, প্রথমে সেই বহিন্দ্র কাম্য কর্মির নিশা করিতেছেন (যএতান্ ইতাদি ক্লোক স্থারা) অর্থাৎ বাহারা আমার কথিত ভক্তি পথ ও জান পুথ ত্যাগ ক্রিয়া চঞ্ল ইঞ্জিয়ের দারা কৃষ্ণে কামদার সেবা করে ভাহারা

সংসারে পুন: পুন: ক্ষে॥ জাননির্ভদের মধ্যে উত্তম সাধনাবস্থা বে बाजिएन इर नारे जाशामत প्रजि धर्म गःशत्रक करवन " य जामापत ना अधिकात्रावञ्चा ना नाधनावञ्चा ना निकावञ्चा " अर्छ्यव धर्म मःशातकरक জিজাসা করি যে তিনি বিষ্ণু উপাসনা বিবরে অধিকারাবস্থার হয়েন কি সাধনাৰস্থায় কি সিক্ষাবস্থায় আছেন বিষ্ণু প্ৰভৃতি উপাসকের অ্ধিকারা-বস্থার এই সকল লক্ষণ হয়, তন্ত্রসার ধ্রত বচন (শাস্তোবিনীতঃ শুদ্ধাত্মা ইত্যাদি) যাহা ২৭৭ পৃঠে ১ পংক্তিতে লেখাগিয়াছে অতএৰ বিজ্ঞ ব্যক্তিরা বিবেচনা করিবেন যে অন্তরিক্রিয় ও বাছেক্রিয় নিগ্রহ প্রভৃতি ঐ বচন প্রাপ্ত বিশেষণ সকল তাঁহাতে আছে কি না। এবং ঐ উপাসনায় সাধ-নাবস্থার লক্ষণ দকল এই হয়। বৈষ্ণৰ গ্রন্তে (ভূণাদপি স্থনীচেন তরো-क्रिन महिक्षा । अमानिना मानामन कीर्जनीयः मना दक्तिः) कृत हरेटक নীচ আপনারে জানে এবং রক্ হইতেও সহিষ্ হয়, আত্মাভিমান খ্ন্য কিন্তু অন্যের সন্মান দাতা এমত ব্যক্তি সর্ব্বদা হরিসংকীর্ত্তন করিতে পারে। ভাবন্ধীতা, (সমঃ শত্রে চ মিত্রে চ তথা মানাপমানযোঃ ইত্যাদি) অর্থাৎ শত্রু মিত্রে মান অপমানে সমান বোধ করিলে ভক্ত ব্যক্তি ভগ-বানের প্রিয় হইবেক। তথা, (মক্তিন্তামদ্ধাতপ্রাণা বোধযন্ত: পরস্পরং। কথনন্ত 🗝 মাং নি,তাং তুবান্তি চ রমন্তি চ।) অর্থাৎ বাহারা আমাতেই চিত্ত ও আমাতেই দর্কেন্ডিয় রাথে ও আমার ও আমার গুণকে পরস্পর জানার ও সর্বাদা আমার কীর্ত্তন করে ইহার বারা পরমাহলাদ প্রাপ্ত হইয়া নির্বৃত্ত হয়। অতএব বিজ্ঞ লোক সকল দেখিবেন যে পূৰ্ব্বলিখিত বচন প্ৰাপ্ত সাধনাবস্থার লক্ষণ সকল তাঁহাতে আছে কি না। পরে ভক্তির সিদ্ধাব্জার লক্ষণ (তেষাং সতত্যুক্তানাং ভজতাং প্রীতিপূর্ব্বকং। দদামি বুদ্ধিযোঁশং তং যেন মামুণয়াস্তি তে॥ তেবামেবাহুকম্পার্থমহমজ্ঞানজং তমঃ। নাশর্মা-ম্যাত্মতাবস্থো জ্ঞানদীপেন ভাশ্বতা) অর্থাৎ এইক্লপ নিরস্তর উদ্যুক্ত হইয়াং ধ্বীতি পূর্বক ভলন যাঁহারা করেন তাঁহাদিগকে আমি সেই জ্ঞানরূপ উপায় প্রদান করি বাহাতে তাঁহার। স্বামাকে প্রাপ্ত হয়েন। তাঁহাদের প্ৰতি অস্থাহ করিয়া তাঁহাদের বুদ্ধিতে অবস্থান পূৰ্বক অজান জন্য বে পদকার তাহাকে দেবীপামান জ্ঞান রূপ নীপের বার্মনীট করি। অর্থাৎ

ভাষাদিগকে জ্ঞান প্রদান করিয়া মুক্তি দিই। এখন ঐ বিজ্ঞ ব্যক্তিরাই দেখিবেন যে ভগবানের দত্ত তত্ত্তান বাহা ভক্তির সিদ্ধাবস্থায় প্রাপ্ত হয় তাহার বারা ধর্ম সংহারকের সর্বত্রে ভগবদ্দ ঠি হইয়াছে কি না। স্বতরাং ইহার কোনো এক অবস্থা সীকার করিলে তাহার মতেই তাহার নিভার নাই, অর্থাৎ পূর্ব্বোক্ত প্রমানে না অধিকারাবস্থা না সাধনাবস্থা না িদ্ধান বস্থা ইহার এক অবস্থাও সীকার করিতে পারিবেন না যদি এরূপ কহেন যে "পূর্ব্ব পূর্বে বচনে বিফুভক্ত বিষয়ে যে সকল বিশেষণ অধিকারাবস্থার ও সাধনাবস্থার কহিয়াছেন সে উত্তম অধিকারী ও উত্তম সাধকের প্রতি হয় কিন্তু ব্যক্তি ভেদে সাধনাবস্থা উত্তম মধ্যে কনিষ্ঠ ইত্যাদি নানা প্রকার হয় " তবে ধর্ম সংহারকই বিবেচনা করিবেন যে এরূপ কথন প্রতীক ও অপ্রতীক উভয় উপাসনাতে নির্ব্বাহের কারণ হইবেক এবং শারের ও অপলাপ হইকেফ না। যথা মাণ্ডুক্যভাষ্য ধ্বত কারিকা (আক্রমাহিবিধাইনমধ্যমোৎক্রফ্রাক্ট্রয়:) অর্থাৎ আশ্রমিরা তিন প্রকার হয়েন, হীন দৃষ্টি, মধ্যম দৃষ্টি, উত্তম দৃষ্টি॥

আমরা পূর্বে উত্তরে লিখিয়াছিলাম যে কোন এক বৈষ্ণৰ যে আপন বর্ণের লক্ষাংশের একাংশও অনুষ্ঠান করেন না ও বিপরীত ধর্মামুষ্ঠান করিয়া থাকেন তিনি যদি কোন ব্রহ্মনিষ্ঠের ক্রাটি দেখিয়া তাহাকে ভাক্ত তর্বজ্ঞানী ও নিন্দিত কহেন তবে তাঁহাকে নিন্দকের মধ্যে অভিশয় নিন্দিত করিয়া পণ্ডিতেরা জানিবেন কি না। ইহাতে ধর্ম সংহারক ৬৮ পৃষ্ঠের ২ পংক্তিতে লিখেন যে প্রেকাক্ত লিখনামুসারে ছাক্ত বৈষ্ণ্যর ও ভাক্ত শাক্ত খপুজ্পের ন্যায় অলীক "॥ উত্তর।—জ্ঞান নিষ্ঠ-দের যথোক্ত অমুষ্ঠানের ক্রাটি হইলে ধর্ম সংহারক তাহাকে ভাক্ত তত্বজ্ঞানী উৎসাহ পূর্বেক কহেন কিন্তু আপন ধর্মের লক্ষাংশের একাংশ অমুষ্ঠান না করিয়াও ভাক্ত বৈষ্ণ্যর পদের প্রয়োগ পাত্র ছইবেন না ইহা স্থাপনা করিতে যত্ম করেন, এ পক্ষপাতের বিবেচনা পণ্ডিতেরা করিবেন। ৬৯ পৃষ্ঠের ৬ পংক্তিতে লিখেন যে "বদ্যপি বৈষ্ণবাদি পঞ্চোপাসক আপনার আপনার উপাসনার সকল অমুষ্ঠান করিতে অশক্ত হয়েন তথাপি পাশ ক্ষয় ও মোক প্রাপ্তি তাঁহাদের অনায়াস লভ্য হয়, যে হেতু বিষ্ণু

প্রভৃতি পঞ্চ দেবতার নাম স্মরণ মাত্রেই সর্ব্ব পাপ কর ও অন্তে মোক প্রাপ্তি হয় " এবং ইহার প্রমানের নিমিত্ত নাম মাহাত্ম্য স্কৃতক কাশীখণ্ড প্রভৃতির বচন লিথিয়াছেন॥ উত্তর।—সে সকল বচন স্থৃতিবাদ কি যথার্থবাদ হয় এ বিচারে আমরা প্রান্তত নহি কিন্তু এই,উত্তরের ২৫৭পৃষ্ঠের ১২ পংক্তি অবধি ২৫৮ পৃঠ পর্যান্ত জ্ঞাননিষ্ঠদের পাপক্ষয় ও পুরুষার্থ সিদ্ধি বিষয়ে বাহা আমরা লিখিয়াছি তাহার তাৎপর্য্য এই যে জানাবলম্বিদের জ্ঞানাভ্যাদ প্রায়দ্ভিত স্বরূপ হয়, সংপ্রতি সেই স্থলের লিখিত বচন সক-লের কিঞিং লিখিতেছি (দোহং সংসঃ সরুংখ্যাত্বা স্কুক্তো তুক্কুতোপিবা। বিধুতকলাম: সাধু: পরাং সিদ্ধিং সমশ্বতে ॥) অর্থাৎ স্কৃত কিম্বা ছুষ্চ্ত ব্যক্তি জীব ও ব্রন্মের ঐক্য জ্ঞান একবার করিলেও সর্ব্ব পাপক্ষয় পূর্ব্বক পরম দিক্ষি প্রাপ্ত হয়। ভগবদগীতার চতুর্থ অধ্যায়ে ৩০ ফ্লোক (সর্কে-পোতে যজনিলো যজক্ষিতকলাবাঃ) এই দ্বাদশ প্রকার ব্যক্তিরা স্ব স্থ যজ্ঞকে প্রাপ্ত হয়েন ও পূর্ব্বোক্ত স্বাস্ব যজের দ্বারা স্বকীয় পাপকে ক্ষয় করেন ৷ বৈষ্ণব শাস্ত্রেও স্থ স্থ অধিকারে পুথক পুথক পাপ ক্ষয়ের উপায় ঘাহা কহিয়াছেন তাহাও লিখিতেছি, শ্রীভাগবত একাদশক্ষর, বিংশতি অধ্যায় ২৬ শ্লোক (যদি কুর্য্যাৎ প্রমাদেন যোগী কর্ম্ম বিগর্হিতং। যোগেনৈব দহেদঙ্যোনান্যতত্ত্র কদাচন। স্বে স্থেধিকারে যানিষ্ঠা সহুণঃ পরিকীর্ভিতঃ) স্বানী, যদি প্রমাদেতে জাননিষ্ঠ ব্যক্তি গর্হিত কর্ম্ম করে সেই পাপকে জ্ঞানাভ্যাসের স্বারা দগ্ধ করিবেক তাহার অন্য প্রায়শ্চিত নাই। স্বামীর অবতরণিকা, পরফ্লোকে, শাস্ত্রে কথিত প্রায়শ্চিত্ত ব্যতিরেক জ্ঞান যোগে কি রূপে পাপক্ষয় হইবেক অতএব এই আশঙ্কা নিবারণার্থে পনের হোকে কহিতেছেন, আপন আপন অধিকারে যে নিষ্ঠা তাহাকে ছণ কহি এক অধিকারে অন্য প্রায়শ্চিত যুক্ত হয় না। এন্থলে জিজ্ঞাস্য এই যে ধর্মসংহা-রকের লিখিত কাশীখণ্ড প্রভৃতির বচন যদি যথার্থবাদ হইয়া দেবলা প্রভু-তির নাম গ্রহণাদি সাধনার ক্রটি জন্য দোষ ও জন্য কৃকর্ম জন্য পাপক্ষ-য়ের কারণ হয়,তবে পূর্বের বিখিত গীতাদি বচনের প্রামাণ্য স্থারা জ্ঞাননি-ঠদের পাপক্ষয়ের উপায় জ্ঞানাভ্যাস অবশাই হইবেক, ইহা ধর্ম সংহারক যদি স্বীকার না করেন কিন্তু পণ্ডিত ব্যক্তিরা অবশ্য অঙ্গীকার করিবেন।

🚁 ৭৮ পৃঠে এক পংক্তি অৰ্ধি লিখেন যে " যদ্যপিও জ্ঞানের প্রাধান্য মহাদি বচ্নে কৃথিত আছে তথাপি কর্ম ব্যতিরেকে জ্ঞান হইতে পারে না" আর ইহার প্রমাণের নিমিত্ত (ন কর্মণামনারস্তানৈকর্ম্যাং পুরুষো-भं co) हेजानि ভগ্বन्तीजात वहन निविद्यादहन ॥ উखत ।--- यनि এস্থলে এমত অভিপ্রেত হয় যে ঐহিক কর্ম ব্যতিরেকে জ্ঞান হইতে পারে না তবে এ সর্বাথা অগ্রাহ্ম বে হেতু এরূপ ব্যবস্থা তাবৎ শাস্ত্রের বিরুদ্ধ হয়, বেদান্তের প্রথম সুত্রের ব্যাখ্যায় প্রথমে প্রশ্ন করেন যে "কাহার অনন্তর ব্ৰহ্ম জিজাদা হয়" এই আকাজ্জাতে ভগৰান্ ভাষ্যকার আদৌ আশংকা করিলেন। যে "কর্ম্মের অনস্তর ব্রহ্ম জিজ্ঞাসা হয় এক্সপ কেন না কহি" পরে এই পূর্ব্ব পক্ষের সিদ্ধান্ত আপনিই করেন যে (ধর্মজিজ্ঞাসায়া: প্রাগ-প্যধীতবেদান্তস্য ব্রহ্মজিজাসোপপত্তে:) অর্থাৎ বেদান্তের অধ্যয়ন বিশিষ্ট ব্যক্তির কর্ম জানিবার পূর্বেও ব্রহ্ম জিগুাসা হয় 🛭 অতএব ঐহিক কর্মের অনন্তর ব্রহ্ম জিঞাসা হয় এমত নিয়ম নাই। ইহাতে পাঁচ হেতু ভাষ্যে লিখেন, প্রথম এই যে, কর্মের অঙ্গ জান হয়েন না। দিতীয় व्यधिक ठाधिकांत्र नार्टे। व्यर्थाय त्यमन मीक्नगीय यारशत व्यधिकाती रहेशा चर्चित्रहोत्मत चिकाती रत्र, त्रहेक्षण कर्त्य चिकाती रहेत्रा छात्न चित्र-কারী হয় এমত নিয়ম নাই। ভৃতীয়, কর্মাও জ্ঞান উভয়ের ফলে ভেদ আছে। অর্থাৎ কর্ম্মের ফল স্বর্গাদি আর জ্ঞানের ফল মোক্ষ হয়। চতুর্গত জিজ্ঞাদ্যের ভেদ আছে। অর্থাৎ পূর্ব্ব মীমাংসাতে জিজ্ঞাস্য যে কর্ম ভাহা পুরুষের চেন্টার অধীন হয়, আর উত্তর মীমাংসাতে জিজ্ঞাস্য যে ব্রস্ক তিনি নিত্য সিদ্ধ হয়েন। পঞ্চম, উভয়ের বিধি বাক্যের ভেদ দেখিতেছি। অর্থাৎ কর্ম্মের বিধায়ক বে বিধিবাক্য সে আপন বিষয় যে কর্ম-তাহাতে পুরুষের প্রবৃত্তি নিমিত্ত আপন অর্থ বোধ প্রথমে করান পরে সেই কর্মা-पूर्वात श्रहां तमन, जात उच्च विषय य विधिवांका म क्विक श्रक्रावत ৰোধ জন্মান প্রবৃত্তি দেন না। বদ্যপিও মিতাক্ষরায় পূজাপাদ বিজ্ঞানে-খরের এ প্রকার অভিপায় ছিল যে সংন্যামাশ্রম ব্যতিরেকে মৃক্তি হয় না, তথাপিও ডিনি ক্ষীকার করিয়াছেন বে কোনো এক পূর্ব্ব জম্মের সংন্যাস পর জংখ গৃহত্তের মুক্তির কারণ হয়। বাজবন্ধা (ন্যায়াভিন্নতখনন্ত স্কান-

নিঠো ২তিথিপ্রির:। আদ্ধৃত্বং সত্যবাদী চ গৃহস্থোপি বিমুচাতে। ন্যায়েতে ধনোপার্জ্জন যে করে এবং জ্ঞান নিষ্ঠ হয় ও অতিথিকৈ প্রীতি এবং আদ্ধৃকরে ও সত্যবাক্য কহে এরূপ গৃহস্থও মুক্তি প্রাপ্ত হয় ॥ বানপ্রস্থ প্রকরণের শেষে মিতাক্ষরাকার লিখেন (ষদ্যাপি গৃহস্থোপি বিমুচাতে ইতি গৃহস্থাাপি মোক্ষপ্রতিপাদনং তৎ ভ্রান্তরামূভ্তপারিব্রজ্ঞাস্যোত্যবগ্রন্থাং) অর্থাৎ এ বচনে গৃহস্থ মুক্ত হয় যে লিখেন সে জন্মান্তরে সংন্যাস লইয়াছেন এমত গৃহস্থ পর হয় ॥

" কর্ম ব্যতিরেকে জ্ঞান হইতে পারে না " এ কথনের দ্বারা যদি ধর্ম সংহারকের এমত অভিপ্রেত হয় যে ইহ জন্মের কিয়া পূর্বর জন্মের কর্ম্ম বিনা জ্ঞান হয় না, তবে ইহা শাস্ত্র সিদ্ধা বটে যে হেতু বেদাস্তের ভৃতীয় অধ্যায়ের ৪ প্লাদের ৫১ হক্তে (যাহার বিবরণ এই উত্তরের ২৭৬ পৃঠের ১০ পংক্তিতে করিয়াছি) এই অর্থকে প্রতিপন্ন করেন। এবং ইহাতে প্রতি প্রমাণ দিয়াছেন, যথা (গর্ভস্থব বামদেব: প্রতিপেদে ব্রন্ধভাবং) গর্বস্থ যে বামদেব তিনি ব্রহ্ম ভাব প্রাপ্ত হইয়াছিলেন। অর্থাৎ তাঁহার এহিক কোন কর্ম্ম সম্ভবিতে পারে না স্থতরাং জন্মান্তরের সাধন দ্বারা তাঁহার বন্ধ ভাব হইয়াছে। ভগবদ্ধীতাও ইহা পুন: পুন: দৃঢ় করিয়া প্রতিপন্ধ করিয়াছেন ডাহার কিঞ্চিৎ আমরা ওই ২৭৬ পৃষ্ঠ অবধি লিখিয়াছি কর্ম-কর্ত্তব্যতার বিষয়ে গীতার যে সকল বচন লিখিয়াছেন তাহার বিষয় কোন্ কোন ব্যক্তি হয়েন ইহার প্রভেদ জানা আবশ্যক,গীতাতে কোন স্থলে কর্ম ক্ষিবার নিমিত্তে প্রেরণ করেন যথা (এতান্যপি তু কর্মাণি সঙ্গং ত্যক্রা ফলানি চ। কর্ত্তব্যানীতি মে পার্থ নিশ্চিতং মতমুত্তমং) এই সকল কর্ম্ম খাসক্তি ও ফল কামনা পরিত্যাগ পূর্বক কর্ত্তব্য হয় হে অর্জ্রন এনিশ্চিত উত্তম মত আমার জানিবে। এবং কোন স্থানে কর্ম্ম ত্যাগের উপদেশ দেন ও দেই ত্যাগ নিমিত্ত পাপ হইলে প্রমেখরের শরণ বলে তাহার মোচন হয় এমত লিখেন, যথা (সর্বধর্মান পরিভ্যক্তা মামেকং শরণং ব্রক্তা অহং ছাং সর্ব্বপাপেভ্যোমোক্ষরিয়ামি মাশুচ) অর্থাৎ সকল কর্ম পরি-ত্যাগ করিয়া আমি বে এক আমার শরণাপন্ন হও, বর্ণাস্ত্রমাচারের ত্যাগ জন্য যে পাণ তৌমার হুইবেক তাহা হুইতে আমি তোমাকে মোচন

করিব শোক করিও না। এবং কোন স্থানে গীতাতে লিখেন যে ব্যক্তি বিশেষের কর্ম্ম ত্যাগ জন্য পাপস্পর্শেনা এবং তাহার বাঞ্জিত ফলোৎপ-ত্তিতে অন্য কোন বস্তুর অপেক্ষ। নাই, যথা (নৈব তস্য ক্তে নার্থো নাক্-তেনেহ ক্র্চন। ন চাস্য সর্বভূতেষু ক্লিচনর্থব্যপাশ্রয়:) সেই জ্ঞানির কর্ম করিলে পূণ্য হয় না এবং কর্মান। করিলেও পাপ হয় না, আবন্ধ কীট পর্যান্ত তাবং জগতে তাহার মোক্ষ প্রাপ্তি বিবয়ে জ্ঞান ব্যতিবেকে অন্য কোনো উপায় আশ্রয়নীয় হয় না॥" অতএব এই সকল বচনের ঐক্য নিমিত্তে কোন্ অধিকারে বর্ণাশ্রমাচার কর্মের আবশাকতা এবং কোন্ অধিকারে অনাবশ্যকতা ইহার বিশেষ জ্ঞানের সর্বাথা অপেক্ষা করে,নতুবা বচন সকলের পূর্ব্বাপর অনৈক্য হইয়া অপ্রমাণ্যের আশঙ্কা হয়। বেদা-স্তের ভূতীয় অধ্যায়ে চতুর্থ পাদে অধিকারের বিশেব বিবরণ করিয়াছেন, তাহার প্রথম ব্ত্র (পুরুষার্থোত:শব্দাদিতি বাদরায়ণ:) বেদাস্ত বিহিত '<mark>আত্মজ্ঞান হইতে পু</mark>রুষার্থ সিদ্ধ হয়, বেদব্যাসের এই মত যে হেতু বেদে ইহা কহিয়াছেন, শ্রুতিঃ (ভরতি শোকমাত্মবিং) আত্মপ্রান বিশিষ্ট ব্যক্তি শোকের কারণ সংসার হইতে উত্তীর্ণ হরেন (ব্রহ্মবিদাপ্নোতি পরং) ব্রহ্ম জ্ঞান বিশিক্ট পরব্রহ্মকে, প্রাপ্ত হয়েন (সমর্কাংশ্চ লোকানাপ্লোতি সর্কাং-**শ্চ** কামান্) দেই আত্মনিষ্ঠ সকল লোককে প্রাপ্ত হয়েন এবং সকল কামনাকে প্রাপ্ত হয়েন ইত্যাদি শতিঃ। ইহার পর দ্বিতীয় স্থত্ত অবধি ২৪ স্ক্রে পর্যান্ত জৈমিনির মতকে লিখেন এবং তাহার খণ্ডন করিয়া ২৫০ ় স্থক্তে ঐ প্রথম স্থকের অন্তর্রন্তি করিতেছেন (অতএব চারীন্ধনাদানপেকা ২৫) যে হেতু কেবল আত্মজানের ছারা পুরুষার্থ সিদ্ধ হয় অতএব অনিহোত্র প্রভৃতি আশ্রম কর্ম সকলের অপেকা নাই। এই প্রের দ্বারা সংশয় উপস্থিত হয় যে আত্মজান সর্ববি প্রকারে কর্ম্মের অপেকা করেন না কি কোনো অংশে কর্মের জপেকা করেন, তাহার মীমাংসা পরের एरज कत्रिराज्यक्त (मर्स्तारभक्ता ह यळानि अराज्यस्य । २७) जापाळान আত্রম কর্ম সকলের অপেকা করেন, যে হেতু বেদে যজ্ঞাদিকে বিদ্যার কারণ কহিয়াছেন এমত শুনিতেছি, শ্রুতিঃ (তমেতং বেদাসুবচনেন ব্রাহ্মণা বিবিদিষত্তি যজেন দানেন তপসানাশকেন) সেই যে এই আত্মা তাঁহাকে

ব্রাহ্মণেরা বেদ পাঠের ছারা এবং যক্ত দান তপ্স্যা এবং উপবাসের ছারা জানিতে ইচ্ছা করেন। যেমন অখকে লাঙ্গলে বোজন না করিয়া রথে যোজন করেন সেই রূপ আত্মজানের ইচ্ছার উৎপত্তির নিমিত্ত যজাদির অপেকা হয় কিন্তু আত্মজানের ফল যে মুক্তি তদর্ব ষ্টাদির অপেকা নাই ॥ ২৬, যদি কহেন যে " ঐ যক্তাদি শ্রুতিতে " বিবিদিষপ্তি " এই পদ আছে, অর্থাৎ ব্রাহ্মণেরা যজাদির দ্বারা আত্মাকে জানিতে ইচ্ছা করেন, কিন্তু আত্মাকে যজ্ঞাদির দ্বাবা জানিতে ইচ্ছা কর, এমত বিধি তাহাতে নাই অতএব ঐ শ্রুতি কেবল পুনঃ কথন মাত্র " এই কোটের উপর নির্ভর করিয়া পরের হত্তে কহিয়াছেন (শমদমাহ্যপেতঃ স্যাত্তথাপি তু তদ্বিধে-ন্তদঙ্গতয়া তেষামবশ্যাক্তেয়ত্বাৎ ২৭) যদি কেছ পূর্ব্বোক্ত কোটি করেন যে ঐ বজ্ঞাদি, শ্রুতিতে " কর " এমত বিধি বাকা নাই, তথাপিও জ্ঞানার্থী শমদমাদি বিশিক্ট হইবেন যে হেতু আত্মজ্ঞান সাধনের নিমিত্ত শমদমাদির বিধান বেদে করিয়াছেন এবং যাহার যাহার বিধান বেদে আছে তাহার অনুষ্ঠান আবশাক হয় (২৭) বস্তুতঃ পূর্বের লিখিত যজ্ঞাদি শ্রুতি ভাষ্য-কারের মতে বিধি বাক্যের ন্যায় হয়, অতএব উভয়ের অর্থাৎ আশ্রম কর্ম্মের ও শমদমাদির অপেক্ষা আত্মজ্ঞান করেন, তাহাতে প্রভেদ এই যে আত্মজ্ঞানের যে ইচ্ছা তাহা যজ্ঞাদি কর্মের অপেকা করে এ নিমিত্ত আশ্রম কর্মকে আত্মজ্ঞানের বহিরদ্ধ কারণ কহেন ও আত্মজ্ঞানের ইচ্ছা এবং আত্মজ্ঞানের পরিপাক এ ছুই শমদমাদির অপেক্ষা করেন এ নিমিত্ত শমদমাদিকে জ্ঞানের অস্তরক্ষ কারণ কহিয়াছেন (২৭) পরে ৩৫ ছত্তে ' পর্যান্ত প্রাণ বিদ্যার এবং আত্মজ্ঞানের ইচ্ছা যাহাদের নাই তাহাদের আশ্রম কর্ম্মের আবশ্যকতার বিধান করিয়া ৩৬ স্থত্তে এই পরের আশব্ধার নিরাশ করিতেছেন, যে আত্মজ্ঞান বর্ণাশ্রম কর্ম্মের নিতান্ত অপেক্ষা করেন কিয়া কোনো অংশে নিরপেক্ষ হয়েন, তাহাতে এই স্ত্র লিখেন (অস্ত-রা চাপি তু তদ্দুন্টে: (৩৬) আশ্রম কর্ম রহিত ব্যক্তিরও জ্ঞানের অধিকার আছে যেহেতু বেদে দৃষ্ট হইতেছে, রৈক ও বাচকুবী প্রভৃতি আত্মজানি-দের আশ্রম কর্ম ছিল না কিন্তু তাঁহাদের পূর্কজন্মীয় সুক্ততির হারা জ্ঞান সাধনে প্রার্থিত হইরাছিল (৩৬)। তদনস্তর জাতাম কর্ম বিশিষ্ট্র ও

আশ্রম কর্মা রহিত এই ছুই সাধকের মধ্যে কে শ্রেষ্ঠ হর তাহা পরের পরে কহিতেছেন (অতন্তিত্বজ্ঞাবোলিক্ষাক্র) আশ্রম কর্মা রহিত সাধক হইতে আশ্রম কর্মা বিশিষ্ট সাধক জ্ঞানাধিকারে শ্রেষ্ঠ হয়েন যে হেতু শ্রুতিতে আশ্রমির প্রশংসা করিয়াছেন।

সমুদায়ের তাৎপর্য্য এই যে আত্মজ্ঞান উৎপন্ন হইলে তাহার ফল যে মুক্তি তৎ প্রাপ্তির নিমিত্ত অগ্নীন্ধনাদি বর্ণাশ্রম কর্ম্মের অপেক্ষা নাই,তবে লোক সংগ্রহের নিমিত্ত কোন কোন জ্ঞানিরা (যেমন বশিষ্ঠ জনকাদি) বর্ণাশ্রম কর্ম্মের অনুষ্ঠান করিয়াছেন এবং লোকান্থরোধ না করিয়া কোন কোন জ্ঞানিরা (যেমন শুক ভরতাদি) বর্ণাশ্রমাচারের অন্তর্গান করেন নাই, তাহাতে ঐ আশ্রমী জানী ও অনাশ্রমী জানী হুয়ের মধ্যে কাহাকেও পুণা . পাপস্পর্শ করে নাই। (অতএব চাগ্রীন্ধনাদ্যনপেক্ষা) অর্থাৎ পরিপক্ত জ্ঞানির কর্ম্মের অপেকা নাই। বেদাস্তের ৩ অধ্যায়ের ৪ পাদের এই ২৫ স্ত্রের বিষয়, এবং (নৈব তদা ক্লতে নার্থোনাক্লতেনেহ কশ্চন) অর্থাৎ তাঁহাদের পাপ পুণ্য ও কর্ত্তব্যাকর্ত্তব্য নাই। ইত্যাদি গীতা বচনের বিষয় ঐ জ্ঞানিরা হয়েন॥ (সর্ব্বাপেক্ষা চ যজ্ঞাদিশ্রতেরশ্বৰ) অর্থাৎ জ্ঞানে-চ্ছার প্রতি আশ্রম কর্ম সকলের অপেক্ষা আছে, বেদাস্তের ৩ অধ্যায়ের ৪ পাদের এই ২৬ স্তেরে বিষয়, ও (এতানাপি তু কর্মাণি সঙ্গং ত্যক্তা ক-লানি চ) অর্থাৎ চিত্ত শুদ্ধির জনো কামনা ত্যাগ করিয়া আশ্রম কর্ম করিবেক, ইত্যাদি গীতা বচনের বিষয় মুমুক্ষু কর্মিরা হয়েন।। (অস্তরা-চাপি তু তদ্দুকে:) অর্থাৎ জানাধিকারে বর্ণাশ্রমাচারের অপেকা নাই, বেদাস্তের ও অধাায়ের ও পাদের এই ৩৬ পত্তের বিষয়, ও সের্ম-ধর্মান পরিত্যজা মামেকং শবণং ব্রজ) অর্থাৎ বর্ণাশ্রমাচার ত্যাণ করিয়া আমি যে এক পরমেশ্বর আমার শরণ লও, ইত্যাদি গীতা বচনের বিষয় বর্ণাভ্রমাচার কর্মা রহিত মুমুক্ষু ব্যক্তিরা হয়েন। অতএব অজ্ঞানতা প্রযুক্ত কিম্বা ছেষ পৈশুনাতা হেতু এক স্বতের ও এক বচনের বিষয়কে অন্য प्रक ७ जना वहरनवं विषय कल्लाना कतिया भारत्व शत्रुष्णत जरेनका স্থাপন করা কেবল শান্তের প্রামাণ্যের সঙ্কোচ করা হয়। বর্ণাভ্রম ধর্ম্মের অহুষ্ঠান কি পৰ্য্যন্ত আৰশ্যক এবং কোন অবস্থায় অনাবশ্যক হয় যদ্যপিও পূর্বে বিবরণ পূর্বক ইহা লিখা গিয়াছে, সংপ্রতি বোধ স্থামের নিমিক্ত সেই সকলকে একত্র করিয়া লিখিতেছি, জ্ঞান সাধনে ইচ্ছা হইবার পূর্বেটিত্ত শুদ্ধির নিমিত্ত নিষ্কাম রূপে বর্ণাশ্রমাচারের অমুষ্ঠান আব-শাক হয়, **ইহার প্রমাণ পশ্চাতের লিখিত শ্রুতি ও স্কৃতি হয়েন**। শ্রুতিঃ শকেন) ও পূর্ব্বোক্ত বেদান্তের ভৃতীয় অধ্যায়ের ৪ পাদের ২৬ স্ত্রে, এবং (এতান্যপি তু কর্মাণি সঙ্গং তাক্ত্বা ফলানি চ) ইত্যাদি ভগবন্দীতা বাক্য, ও (নিরন্তঃ সৈবমান স্তু ভূতান্যত্যেতি পঞ্চ বৈ) ইত্যাদি মহুবচন, ও (অন্মি ক্লোকে বর্ত্তমানঃ স্বধর্মস্থোছনঘঃ শুচিঃ। জ্ঞানং বিশুদ্ধমাপ্লোতি মন্ত্রকিং বা যদুচ্ছয়া) ইত্যাদি ভাগবত শাস্ত্র এই অর্থকে দুঢ়রূপে কহি-তেছেন। জ্ঞান সাধন সময়ে প্রণব উপনিষদাদির প্রবণ মননদারা আত্মাতে এক নিষ্ঠ হইবার অনুষ্ঠান ও ইক্রিয় নিগ্রহে যত্ন ইহাই আব-শাক হয়, বর্ণা শ্রমাচার কর্মা করিলে উত্তম কিন্তু অকরণে হানি নাই, ইহা পশ্চাতের লিখিত শ্রুতি ও স্মৃতি কহেন ৷ শ্রুতি: শোস্তোদাস্ত উপর-তস্তিতিক্: সমাহিতোভূতা আত্মন্যেবাত্মানং পশ্যতি) অন্তরিন্ত্রিয় ও বহিরিক্রিয় নিগ্রহ বিশিষ্ঠ, দ্বন্দ্ব সহিষ্ঠু, চিত্তবিক্ষেপক, কর্মতাাগী, সমা-ধান বিশিক্ত, হইয়া আপনাতেই প্রমান্ত্রাকে দেখিবেক, তথা শ্রুতিঃ (অথ বৈ অন্যা আহুতয়োখনস্তরনান্তাঃ কর্মময্যোভবস্তি এবং হি তস্য এতৎ পূর্ব্বে বিদ্বাংসোহগ্নিছোত্রং জুহরাঞ্চক্রঃ) ইহার অর্থ ২৫১ পুষ্ঠে দেখিবেন, তথা শ্রুতিঃ (আচার্য্যকূলাৎ বেদমধীতা ম্থাবিধানং গুরোঃ কর্মাতিশেষেণ । অভিসমারত্য কুটুম্বে শুচৌ দেশে স্বাধ্যায়মধীয়ানো ধার্ম্মিকান বিদধদাত্মনি দর্কেক্রিয়াণি সংপ্রতিঠাপা অহিংসন্ সর্কাণি ভূতানি অনাত্র তীর্থেভাঃ সর্থলেবং বর্ত্তরন্ যাবদাযুবং ব্রহ্মলোকমভিসম্পদ্যতে, নসপুনরাবর্ততে নসপুনরাবর্ত্ততে) অর্থাৎ যথাবিধি আঢার্যোর কর্ত্তবা কর্ম্ম করিয়া অব-শিষ্ট কালে অর্থ সহিত বেদাধায়ন পূর্ব্বক সমাবর্ত্তন করিয়া কৃতবিবাছ বাক্তি গৃহস্থ ধর্মে থাকিয়া শুচি দেশে বেদাভ্যাস করিবেক, এবং পুত্র ও শিষ্য সকলকে ধর্মিষ্ঠ করত, বাহ্য কর্মা ত্যাগ পূর্ব্বক আত্মাতে সকল ইন্দ্রিয়কে উপসংহার করিয়া আবশ্যকের অন্যত্ত হিংসা ত্যাগ পূর্ব্ধক

ষাৰজ্জীবন উক্ত প্ৰকাৰে অনুষ্ঠান করিয়া দেহাত্তে ত্ৰন্ধ লোক প্ৰাপ্ত হইয়া ব্রন্ধলোক স্থিতি পর্যান্ত তথায় থাকিয়া পশ্চাৎ মুক্ত হইবেক,তাহার পুনরা-রুত্তি নাই তাহার পুনরারতি নাই। তথা শ্রুতিঃ (আত্মৈবোপাদীত) (আত্মান-মেব লোকমুপাসীত) অর্থাৎ কেবল আত্মার উপাসনা করিবেক। জ্ঞান স্বরূপ আত্মারই কেবল উপাসনা করিবেক। ইত্যাদি শ্রুতি এবং বেদাস্তের ভূতীয় অধ্যায়ের চতুর্থ পাদের ৩৬ ব্রু যাহার অর্থ ২৯০ পুষ্ঠে লেখাগেল, এবং মমু বচন (যথোক্তান্যপি কর্মাণি পরিহায় দ্বিজোত্তমঃ) তথা জ্ঞোনে देनवाशद विश्वायक्र छाटेजर्भ देश: मना) हेजानि, ও गींजावाका (मर्ख-ধর্মান্ পরিতাজ্য মামেকং শরণং ব্রজ) ইত্যাদি স্মতি ইহার প্রমাণ হয়েন। ভাগবতশান্ত্রেও এইরূপ নিতা নৈমিত্তিক কর্মাত্মন্তানের সীমা করিয়াছেন, খ্রীভাগৰতে একাদশন্তমে ২০অধ্যায় ১০খ্রোক (তাবং কর্মাণি কর্ম্বীত ন নি-বিদ্যেত যাবতা। মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে) অর্থাৎ আশ্রম কর্ম তাবৎ করিবেক যে পর্যান্ত কর্মে ত্রংখ বৃদ্ধি হইয়া তাহার ফলেতে বিরক্ত না হয়, অথবা যে পর্য্যন্ত আমার কথা শ্রবণ কীর্ত্তনাদিতে অন্তঃ-করণের অমুরাগ না জন্মে। এই শ্লোকের অবতরণিকাতে ভগবান শ্রীধর यामी निरंपन (कामाकर्पाञ्च প্রবর্তমানদা দর্ববাত্মনা বিধিনিষেধাধিকার, ইত্যুত্তরাধ্যায়ে বক্ষাতি, নিষ্কামকর্মাধিকারিণস্থ স্থাশক্তি, সচ জ্ঞানভক্তি-যোগাধিকারাৎ প্রাণেব, তদধিক্তযোস্ত স্বংশঃ, তাভাং সিদ্ধানাঞ্চ ন কি-ঞিং, সাবধি কর্মযোগমাহ (তাবদিতি) অর্থাৎ কাম্যকর্ম্মে যে ব্যক্তি প্রব্রন্থ তাহার প্রতি সর্ব্ধ প্রকারে বিধি নিষেধের অধিকার হয় ইহা পরের অধ্যায়ে কহিবেন,কিন্তু নিষ্কাম কর্মাত্মন্ঠানে যে ব্যক্তি প্রব্রক্ত তাহার প্রতি সাধ্যামুসারে কর্ম্ম কর্ত্তব্য হয়, ঐ সাধ্যামুসারে কর্মামুগ্রানের তাবৎ অধি-কার যাবৎ জ্ঞান কিখা ভক্তি সাধনে প্রহত্ত না হয়,এ তুইয়ের একে প্রহত্ত হুইলে অতিশয় অণ্পা কর্ত্তব্য হয়, এবং জ্ঞান কিম্বা ভক্তির দ্বারা সিদ্ধা बुक्तित किथिए कर्डेवा नरह। भरतत स्मारक कर्माञ्चीरानत मीमा निथितन (তাবং কর্মানি) পুনরায় ঐ অধ্যায়ের ১৯ ফ্লোক (যদারস্তেষ্ নির্কিল্লো विवक्तः मःयर्जिक्तः। अजारमनाष्ट्रातायांगी श्वाद्यम्हनः मनः) सामी, ষ্থন আবশ্যক কর্মানুষ্ঠানে ফু:খ বোধের দারা উদ্দিয় ও তাহার ফলেতে

বিরুক্তি হর, তখন ইন্সিয়কে সংযত করিয়া জানাভাসের দারা পরমাত্মাতে মনকে স্থির কবিবেক। ২২ স্লোক, (এষ বৈ পরমোগোঁগো মনসঃ সংগ্রহঃ मुछ:। इत्रत्रक्षप्रमिष्टन् त्रमारमार्गार्वार्यानामूकः) श्रामी, क्रमण मनरक विषय হুইতে নিরুত্ত করিয়া আত্মাতে স্থির করা পরম যোগের উপায় হয় এনিমিত্ত এই সাধনকে পরমযোগ কহিয়াছেন যেমন অদম্য অখকে দমন করিবার সময় তাহার অভিপ্রায় মতে কিঞ্চিৎ যাইতে দিয়া পুনরায় তাহাকে অশ্বগ্রাহ ব্ৰজ্জতে ধারণ পূর্বকে আপন বাঞ্জিত পথে লইয়া যায়। ২৩ শ্লোক (সাং-খ্যেন সর্ব্বভাবানাং প্রতিলোমামুলোমত:। ভবাপ্যয়াবমুধ্যায়ন্ মনোযাবৎ প্রসীদতি) অর্থাৎ মন কিঞ্চিৎ বশীভূত হইলে তত্তবিবেকের দারা মহদাদি পৃথিবী পর্যান্ত তাবৎ বন্ধর ক্রমে উৎপত্তি ও ব্যুৎক্রমে নাশ চিন্তা করি-বেক যে পর্য্যন্ত, মনের নৈশ্চল্য না হয়। ভাগবত শাস্ত্রে কথিত কর্মামূ-ষ্ঠানের যে সীমা লেথাগেল তাহা ভগবদ্দীতার অমুরূপ ক্রন হয়। গীতা (আরুরুক্ষোমু নের্যোগং কর্মকারণমূচাতে। যোগারুদ্দা তদ্যৈব শমঃ কারণমূচ্যতে) জ্ঞানারোহণে যে ব্যক্তির ইচ্ছা তাহার ঐ আরোহণে বর্ণাশ্রমাচার কর্মা কারণ হয়, সেই বাক্তি যথন যোগারাড় ছইল তখন তাহার জ্ঞান পরিপাকের নিমিত্ত চিত্ত বিক্ষেপকারি কর্ম্মের ত্যাগ ঐ জ্ঞান পরিপাকের কারণ হয়। সেই যোগারা তিন প্রকার হয়েন। প্রথম (यहा হি নেপ্রিয়ার্থেষু ন কর্মস্বত্বজাতে। সর্বসঙ্কম্পদংন্যাসী যোগারূ-ন্তদোচ্যতে) যেকালে দকল সঙ্কম্পাকে মনুষ্য ত্যাগ করে, অতএব ইন্দ্রিয় বিষয় সকলে ও কর্ম্মে আসক্ত না হয় সেকালে তাহাকে যোগারু কহা যায় 🛮 🗷 প্রকার ব্যক্তি কনিষ্ঠ যোগারুড় হয়েন,কিন্তু উত্তম যে নিদ্ধামকর্মী তাহার তুল্য বরঞ্চ শ্রেষ্ঠ হয়েন, যে হেডু (এতান্যপি তু কর্মাণি) ইত্যাদি গীতার অফ্টাদশাধ্যায়ে ষষ্ঠ শ্লোকের এবং (কার্যামিত্যের যৎ কর্ম্ম) ইত্যাদি নৰম মোকের প্রমাণে উত্তম যে নিজাম কর্মী তাঁহারও সংকপ্পত্যাগাধীন कर्त्य जानकि ও कल कामना थाकে ना, जर्थार कर्डुजानियान थाकে नाहे, কিন্দু জানারোছনে উপক্রম না হওয়াতে নিত্য নৈমিত্তিক কর্ম্মের অফুষ্ঠান পাকে। পরে গীতাতে পূর্ব্ব হইতে শ্রেষ্ঠ যোগারুঢ়ের লক্ষণ কহিতেছেন। **জোনবিজ্ঞানতৃপ্ৰাত্মা** কৃটস্থো বিজিতেজিয়া। যুক্ত ইত্যুচাতে যোগী সম-

লোফীশাকাঞ্ন:) অ্থাৎ গুরুপদেশ জ্ঞান ও পরোক্ষাত্তব ইহার মারা তাঁহার অন্তঃকরণ ভূপ্ত হইয়াছে অতএব নির্বিকার ও বিশেষ রূপে ইন্দ্রিয় জয় বিশিষ্ট হয়েন এবং মৃত্তিকা ও পাষাণ ও স্বৰ্ণ ইহাতে সমান দৃষ্টি তাঁহার হয়, তাঁহাকে যুক্ত যোগারু কহি॥ যুক্ত যোগারু কে পূর্ব্বোক্ত বোগারা হইতে উত্তম কহিলেন যে হেতু আত্মজ্ঞানে সম্পূর্ণ তৃপ্তি ও নির্বিকার ভাব ও বিশেষ রূপে ইন্দ্রিয় জয় ও পাষাণ ও স্থবর্ণে সম ভাব এ সকল বিশেষণ কনিষ্ঠ যোগারতে নাই, এ নিমিত্ত তেঁহো যুক্ত যোগা-রুচের তুল্য রূপে গণিত হয়েন না। পরে মধ্যম যোগারুচ হইতেও শ্রেষ্ঠের **लक्ष्य करि**राज्य (स्ट्राचि बायू मानीन सथा स्टाच या द्वार प्राप्त । পাপেষু সমবুদ্ধিবিশিষ্যতে) অর্থাৎ স্বভাবত যিনি হিতাকাজী ও ক্লেহ বশে যিনি উপকারী হয়েন ও বৈরী ও উদাসীন এবং মধ্যস্থ ও ছেয়োর পাত্র ও সম্পর্কীয় ও সদাচার ব্যক্তি ও পাপী এ সকলে সমান বুদ্ধি যাঁহার তিনি সর্বেবাত্তম যোগারত হয়েন। যে হেতু এ সকল লক্ষণ না মধ্যমে না কনিষ্ঠ যোগারতে প্রাপ্ত হয়। এই রূপ বিষ্কৃ ভক্তি প্রধান গ্রন্থ শ্রীমন্তাগবত তাহাতে যদ্যপি 'ও নানাবিধ প্রতিমা পূজার বিধি আছে, কিন্তু তাহারও অবধি ঐ শাস্ত্রে কহিয়াছেন, অর্থাৎ কি পর্যান্ত প্রতিমাদি পূজা ক্রিবেক ও কোন ভাধিকারে করিবেক না বরঞ্চ করিলে পরমেশবের অবজ্ঞা, উপেক্ষা, ছেষ নিন্দা তাহাতে হয়, সে দীনা এই, তৃতীয়ক্কক্ষে ত্রিংশৎ অধ্যায়ে (অহং দর্কেষ্ ভূতেষ্ ভূতাত্মাবস্থিতঃ দদা। তমবজ্ঞায় মাং মর্ত্তাঃ কুক-তেহর্জাবিডম্বনং ১৮ । যোমাং সর্কেষ্ ভূতেষু সন্তমাত্মানমীখরং । হিস্বার্চাং ভত্ততে মৌচাাং ভত্মন্যের জুহোতি সঃ ১৯। দ্বিষতঃ পরকায়ে মাং মানি-নোভিরদর্শিনঃ। ভূতেষু বদ্ধ বৈরস্য ন মনঃ শান্তিমৃচ্ছতি ২০॥ অহমুচ্চা-রটেক্স ব্যৈঃ ক্রিয়যোৎপত্মধাহনছে। নৈব তুষোহচিঠি হাইচ্চায়াং ভৃতগ্রামাব-মানিনঃ ২১ ॥ অর্চ্চায়ামর্চ্চরেদ্যাবদীশ্বরং মাং স্বকর্মরুৎ । যাবল্প বেদ স্বহৃদি সর্ব্বভূতেখবন্থিতং ২২ । আত্মনশ্চ পরস্যাপি যঃ করোত্যন্তরোদরং। তস্য ভিন্নদৃশো মৃত্যুবিৰ্দিধে ভ্ৰমুলুনং ২৩ ॥ অথ মাং স্বৰ্দ্ভতেৰু ভূতাক্সানং ক্ষতালয়ং। অর্হয়েন্দান্যানাভ্যাং নৈত্র্যাহভিন্নে চকুষা ২৪॥) অর্থাৎ

বিখের আত্মা স্বরূপ যে আমি, সকল জগতে সর্ব্বদা স্থিতি করি এবং বিশিক্ত আমাকে অনাদর করিয়া পরিচ্ছিন্ন রূপ প্রতিমাতে মহুষ্য পূজা রূপ বিভ্রমা করে। ১৮। আমি যে সর্বত্তি ব্যাপক আত্মা স্বরূপ ঈশ্বর আমাকে ত্যাগ করিয়া মূঢ়তা প্রযুক্ত যে প্রতিমার পূজা করে, সে কেবল ভদ্মে হবন করে। ১৯। অন্যের শরীরস্থ আমি তাহার দ্বেষের দ্বারা যে আমাকে দ্বেষ করে এমন মানী ও ভিন্ন দশী ও অন্যের সহিত বন্ধাবৈর যে ব্যক্তি তাহার চিত্ত প্রসন্মতাকে প্রাপ্ত হয় না। ২০। অন্যের নিন্দাকারি ব্যক্তিরা আমাকে নানাবিধ দ্রব্যের আহরণ দ্বারা প্রতিমাতে পূজা করিলে আনি তাহাতে তুষ্ট হই না।২১: দৰ্মভূতে অবস্থিত যে আমি আমাকে আপন হৃদয়স্থ যে কাল পৰ্য্যস্ত না জানে তাবৎ প্ৰতিমাতে স্বকৰ্ম বিশিষ্ট হইয়া পূজা করিবেক। ২২। আপনার ও পরের ভেদ মাত্রও যে ব্যক্তি করে সেই ভিন্ন দ্রেফী পুরুষের প্রতি মৃত্যু রূপে আমি জন্ম মরণ রূপ অতিশয় ভয় প্রদর্শন করাই।২৩। এখন কি কর্ত্তব্য তাহা কহি, আমি যে বিখের আত্মা সর্বত্তে বাস করিয়া আছি আমার আরাধনা দানের ভারা ও অন্যের সন্মানের ছারা, ও অন্যের সহিত মিত্রতার ছারা, ও সমদর্শনের षात्रां, कतिरवक । २८।

অধ্যাত্মবিদ্যার উপদেশ কালে বক্তারা আত্মতত্বভাবে পরিপূর্ণ হইয়া পরমাত্মা স্বরূপে আপনাকে বর্ণন করেন, অথচ তাঁহাদের উপাধি সম্বন্ধানীন পুনরায় স্থানে স্থানে ভেদ প্রদর্শন বিশেষণাক্রান্ত করিয়াও আপনাকে কহেন, অর্থাৎ পরমাত্মাকে অন্য রূপে উপদেশ আর পাপনাকে স্বতন্ত্র বিশেষণাক্রান্তরূপে বর্ণন করেন; অতএব অধ্যাত্ম উপদেশে পরমাত্মা স্বরূপে বক্তার যে কথন, তাহার দ্বারা সেই পরিছিন্ন ব্যক্তি বিশেষে তাৎপর্যা না হইয়া পরমাত্মাই প্রতিপাদ্য হয়েন, ইহার মীমাংসা বেদান্তের প্রথমাধ্যায়ের প্রথম পাদের ৩০ স্থেত্র করিয়াছেন। আশক্ষা এই উপস্থিত হইয়াছিল যে কৌষীতকি প্রাক্ষণোপনিষদে ইক্ত আপনাকে পরপ্রক্ষ স্বরূপে উপদেশ করেন (প্রাণোহিম্ম প্রজ্ঞাত্মা তং মামাযুর্য্তমিত্যুপাস্ব) জ্ঞান স্বরূপ জীবন দাতা ও মরণ শূন্য যে ব্রহ্ম তাহা আমি ইই আমার উপান্ধা করহ। (মানের বিজ্ঞানীহি) কেবল আমাকেই জান। এ সকল

শ্রুতি পরব্রহ্মের বিশেষণকে কহিতেছেন কিন্তু ইস্ত্র ইহার বক্তা, অতএয ইজের পরবন্ধত এ সকল শ্রুতি দ্বারা প্রতিপন্ন হয়, এই আসম্ভার নিরাস পরের খুত্রে করিতেছেন। (শাস্ত্রদৃষ্ট্যা তৃপদেশো বামদেববৎ) ৩০। ইন্দ্র এস্থলে "অহংব্ৰহ্ম" এই শান্ত দৃষ্টি দারা আপনাকে পরব্রহ্ম স্বরূপ জানিয়া কহিয়াছেন " যে আমাকেই কেবল জান" " আমার উপাশনা কর " যেমন বামদেব ঋষি আপনাকে সাক্ষাৎ পরবন্ধ স্বরূপে উপদেশ করিয়াছেন। শ্রুতিঃ (অহং মন্ত্রভবং সুর্ব্যাশ্রেতি) বামদের কহিতেছেন যে, " আমি মতু হইয়াছি ও প্র্যা হইয়াছি " কিন্তু ঐ সংগাদ্ধ উপদেশের মধ্যে ইন্ত্র উপাধি বশে পুনরায় ভেদ দৃষ্টিতেও আপনাকে কহিতেছেন (এশীর্বাণং ছাষ্ট্ৰহনং) ত্রিশীর্ষা যে র্ত্তাহ্মরের জেষ্ঠ বিশরূপ তাল ক আনি নক্ট করিয়াছি। অর্থাৎ এরূপ ক্রুর কার্য্য সকল করিয়াও আত্মজ্ঞান বলে আমার কিঞ্চিৎ মাত্র হানি হয় না ॥ বস্তুত ঐ সকল পরমাত্ম প্রতিপাদক শ্রুতির বক্তা ইন্দ্র হইয়াছেন, অথচ তাহাতে পরিচ্ছেদ বিশিষ্ট যে ইন্দ্র তাঁহার সাক্ষাৎ পরব্রহ্মত্ব প্রতিপন্ন হয় না, কিন্তু অপরিচ্ছিন্ন পরমেশ্বরে তাৎপর্যা হয়। সেই রূপ ভগবান কপিলও অধ্যাত্ম উপদেশে কহিতে-ছেন, শ্রীভাগবতে ৩ক্ষরে ২৫ অধ্যায়ে (বিস্ঞা সর্বাননাংশ্চ মামেবং বিশ্বতো মুখং। ভজস্তাননায়া ভক্তা তান মৃত্যোরতিপারয়ে) অর্গাৎ তাবৎ অন্যকে পরিত্যাগ করিয়া সামি যে বিশ্ব স্বরূপ আমাকে যে ব্যক্তি স্বননা ভক্তির দ্বারা ভদ্ধন করে তাহাকে আমি সংসার হইতে তারণ করি। এ স্থলে ভগবান কপিল পরমাত্মা স্বরূপে আপনাকে বর্ণন করিতেচেন কিন্তু ইহা তাৎপর্য্য তাঁহার নহে যে তাবৎ অন্যকে পরিত্যাগ করিয়া বাক্তি বিশেষ, অর্থাৎ হস্ত পাদাদির দ্বারা পরিচ্ছিন্ন যে কপিল তক্মৃত্তির উপাসনা করিবেক। পুনরায় কপিলের উপাধি সম্বন্ধ দ্বারা ঐ উপদেশের মধ্যে আপন দৈহিক বিশেষণ সকল, যেমন " হেমাতঃ " ইত্যাদি, যাহা পর-ব্রন্ধের বিশেষণ হইবার সম্ভব নহে, তাহার দারা ভেদ স্কুচনাও করিজে-ছেন। (অত্রৈৰ নরক: স্বর্গ ইতি মাতঃ প্রচক্ষতে) হে মাতা ইহলোকেই স্বৰ্গ নরকের চিহ্ন হয়। এই মীমাংসা তাৰৎ অধ্যান্ধ উপদেশে ঋষিরা ও আভার্য্যেরা করিয়াছেন।

সংপ্ৰতি এ পরিচ্ছেদকে পশ্চাৎ লিখিত শ্ৰুতি বাকো ও মহাকৰি প্ৰণীত লোকের মারা সমাপ্ত করিতেছি, শ্রুতিঃ (বিশ্বন্ পঞ্চ পঞ্চ জনা আকাশক প্রতিষ্ঠিতঃ তমেব মন্য আত্মানং বিদ্ধান্ ব্রহ্মানতে হাতং) বর্থাৎ যে পর ব্রহ্মকে আশ্রয় করিয়া প্রাণ, চফু, শ্রোত্র, ব্যন্ত্র, মন, এই পাঁচ ; দেবতা, পিতলোক, গন্ধর্মন, অহুর, যক্ষ, এই পাঁচ; ও চারি বর্ণ ও অস্তাঞ্জ; এই গাঁচ: অর্থাৎ জগৎ ও আকাশ স্থিতি করেন দেই মরধ শূন্য আত্মা ষে ষন্ম তাঁহাকেই কেবল আমি মনন করি এবং এই মনন দ্বারা আমি জন্ম মরণ শূন্য হই ॥ মহাকরি ভর্তুহরি ল্লোক, (মাতর্মেদিনি, তাত মারুত, সংখ তেজঃ, স্বন্ধো জল, ভাতব্যোম, নিবন্ধ এবভবতামন্ত্যঃ প্রণামা-ঞ্চলিঃ। যুদ্মৎসঙ্গবশোপজাতস্কৃতোন্ত্রেকক্ষুরন্নির্দ্মলজ্ঞানাপান্তসমন্তমোহ-মহিমা লীয়ে পরে ব্রহ্মনি) হে মাতা পৃথিবী ও পিতা প্রন, হে স্থা তেজঃ, হে অতিমিত্ত জল, হে ভ্রাতা আকাশ, তোমাদিগো প্রণাষের নিমিত্ত অন্ত কালীন এই অঞ্চলি বন্ধ করিতেছি; তোমাদের সমন্ধাধীন উৎপন্ন বে হুক্ত পুঞ্জ, তাহার দারা প্রকাশ স্বরূপ যে নির্মাল জ্ঞান, তাহা হইতে দূর হইযাছে সম্পূর্ণ মোহের প্রাবলা যে ব্যক্তি হইতে এমন যে আমি সংপ্রতি পরপ্রন্মে লীন হইতেছি॥ ইতি প্রথম প্রশ্নের দিতীয় উদ্ভরে সর্কহিত প্রদর্শকো নাম দিতীয়ঃ পরিচ্ছেদ: ॥

৮৬ পত্রে যাহা লিখেন তাহার তাৎপর্য এই যে আমরা বেদের অসদর্থ কম্পনা করিরা থাকি। উত্তর।—বেদের যে সকল ভাষা বিবরণ আমরা করিয়াছি তাহা গৃহ মধ্যে সুকারিত করিয়া রাখিয়াছি এমত নহে, তাহার ভূরি পুস্তক অন্যত্র প্রচলিত আছে এবং বেদান্ত ভাষা ও বার্ত্তিকাদি পুস্তক সকলও এই নগরেই মহাত্তব রাহ্মণ পণ্ডিতেদের নিকটে এবং রাজগৃহে আছে, অতএব আমাদের ক্বতভাষা বিবরণের কোনো এক স্থানে অসদর্থ দর্শাইয়া তাহার প্রমাণ করিবার সমর্থ হইলে এরূপ যদি লিখিতেন তবে হানি ছিল না, নতুবা অত্যন্ত অজ্ঞান ব্যতিরেক ছেম ও পৈশ্ন্যতার বাক্ষো কে বিশাস করিয়া শাস্ত্রে অপ্রজ্ঞা ও স্বীয় পরয়ার্থ লোপ করিবেক। এ ম্থার্থ বটে যে বেদার্থ ব্যাখ্যা করিবার যোগ্য স্থামরা নহি ধে ঠেতু

শ্রুতির বিশেষ বেন্ডা ময়াদি ঋষিরা হয়েন, কিন্তু ঐ সকল ঋষির ও ভাষাকারের বাধ্যান্থসার্বে আমরা প্রথমন গায়ত্তী ও উপনিষদাদি বেদের বিবরণ করিয়াছি এবং করিডেছি; ঐ সকল ক্ষৃতি ও ভাষ্য গ্রন্থ সর্বত্ত প্রাপ্ত প্রথম হয় এবং পরস্পর ক্রেক্য করিয়া শুজাশুদ্ধ বিবেচনা করিবার যোগ্যতা জ্ঞানবান্ মাত্রেরই আছে। বাস্তবিক জ্ঞানবান্ ব্যক্তিরা দ্বেষবশে যথার্থকে অযথার্থ কদাপি কহেন না, আমাদের এই এক মহৎ ভরসা আছে এবং ভাষারা ইহাও বিশেষ রূপে জানেন যে বেদার্থ ছরুহ হইয়াও মহর্বিদের বিবরণ দ্বারা সর্ব্বথা জ্ঞেয় হইয়াছেন। (বেদাদ্যোর্থং ক্ষয়ং জ্ঞাতন্ত্রাজ্ঞানং ভবেদ্যদি। ঋষিভিনিশ্চিতে তত্র কা শঙ্কা স্যান্মনীষিণাং) অর্থাৎ বেদের অর্থ যদি স্বয়ং করিতে সংশয় হয় তবে তাহার যথার্থ অর্থে ঋষিরা যে নির্ণর করিয়াছেন তাহার দ্বারা পণ্ডিতেদের সংশয় থাকিবার বিষয় কি।

আমরা প্রথম উত্তরে লিখিয়াছিলাম যে প্রথমতঃ যে ব্যক্তি আদ্ধা পূর্ব্বক জ্ঞান সাধনে প্রব্রুত হইয়া পশ্চাং যত্ন না করিয়া ব্রহ্ম প্রাপ্তি হইতে ভ্রমট হয় সে ব্যক্তি পর পর জন্মে পূর্বের প্রবৃত্তির ফলে জ্ঞান সাধনে যতু বিশিক্ট হইয়া মোক্ষ প্রাপ্ত হয়, আর ইহার প্রমাণের নিমিত্ত (অযতিঃ **ভাদ্ধ**য়োপেতো যোগাচ্চলিতমানস:। অপ্রাপ্য যোগসংসি**দ্ধিং কাং** গতিং কৃষ্ণ গচ্ছতি) ইত্যাদি ভগবদ্ধীতার প্রমাণ দিয়াছিলাম তাহাতে ৮৬ পু-ষ্ঠের ১১ পংক্তিতে ধর্মসংহারক লিথিয়াছেন যে আমরা অপ্রতিষ্ঠিত শব্দের অর্থ "যোগারাড়" কহি। উত্তর।—এরূপ মিথ্যাপবাদের পরিহার নাই যে হেতু আমাদের উত্তরের ২৩০পৃষ্ঠে ৫ পংক্তি অবধি লিখিয়াছি যে "যে বাক্তি প্রথমতঃ শ্রন্ধান্থিত হইয়া জ্ঞানাভ্যাদে প্রব্রুত হয় পশ্চাৎ যতু না करत थवः कानाजाम इंग्रेंख वित्रज इहेश विषयामक इय -- रम वाकि জ্ঞানের অসিদ্ধাতা প্রযুক্ত মুক্তিকে না পাইয়া নিরাশ্রয় ও ব্রহ্ম প্রাপ্তিতে विमृष् इहेशा किन्न त्मरपत्र नाश नके इहेरवक कि ना " अञ्चल कानवान् ৰ্যক্তিরা দেখিবেন যে ভগবান্ শ্রীধরস্বামির ব্যাখ্যামুসারে অপ্রভিষ্টিত শহদ্দর অর্থ "নিরাশ্রম" লেখাগিয়াছে, অতএব ইহার বিপরীত বক্তাকে যাহা উচিত হয় জাঁহারাই কহিবেন।

* পরে ৮৯ ও ৯০ পৃষ্ঠে স্বীয় নীচ স্বভাবাধীন এই মোক্ষ শাস্ত্রের বিচারে

গীতা বচনের ক্রোড় পংক্তি সকলে নানা ব্যঙ্গ ও কট্ক্তি পূর্ব্বক ৯০পৃষ্ঠের ১০ পংক্তিতে লিখিয়াছেন যে "এই ভগবদ্মীতার স্লোকে যোগ শব্দে তাঁহার অভিপ্রেত কোন্ যোগ, জ্ঞানযোগ কি কর্মযোগ কি সাংখ্যযোগ।" উত্তর।—ভগবদ্ধীতার ঐ যোগোপায় প্রকরণে (তং বিদ্যাদ্যঃখসংযোগ-বিযোগং বোগসংজ্ঞিতং) এই শ্লোকের ব্যাখ্যাতে ভগবান্ শ্রীধরস্বামী যোগ শদ্দের প্রতিপাদ্য কি হয় তাহার বিবরণ স্পান্টরূপে করিয়াছেন যে "পর-মাজা ও জীবাজার ঐক্যরূপে চিন্তন,যাহা সকল ছু:খনাশের প্রতি কারণ হুইয়াছে, ভাহা যোগশন্দের প্রতিপাদা হয় আর নিষ্কাম কর্ম্মেতে যে যোগ শব্দের প্রয়োগ আছে সে ঔপচারিক হয় " অতএব আমরা (অযতিঃ শ্রদ্ধয়োপেতো যোগাচ্চলিত মানসঃ) এই শ্লোকের ব্যাখ্যাতে শ্রীধরস্বামির ব্যাখ্যামুসারে য়োগ শব্দের অর্থ প্রথম উত্তরের ২৩০পৃষ্ঠে ৫ ও ৬ পংক্তিতে " জ্ঞানাভ্যাদ" অর্থাৎ পরমাত্ম। ও জীবাত্মার পুনঃ পুনঃ ঐক্য চিস্তন ইহা লিখিয়াছি অতএব এরূপ বিবরণ করিবার পরে ধর্মসংহারকের পূর্ব্বোক্ত তিন কোটীয় প্রশ্ন করা অর্থাৎ ''যোগশব্দে জ্ঞানযোগ কি কর্ম্মযোগ কি সাংখাযোগ অভিপ্রেত হয় " ইহা উচিত হয় কি না তাহার বিবেচনা বিজ্ঞ বাক্তিরা করিবেন ঐ গীতা বচন সকলের সাক্ষাৎ স্পষ্টার্থে আশঙ্কা কেবল নান্তিকে করিতে পারে কিন্তু যাহার শাস্ত্রে কিঞ্চিৎও শ্রদ্ধা আছে সে कमाशि मः गग्न करत् न।।

৮৯ পৃষ্ঠে ৭ পংক্তিতে লিখেনু যে " ভাক্ত তত্ত্তানি মহাশরেরা যোগারু , যুক্ত, ও পরম যোগী এই তিনের কি হইতে পারেন "। উত্তর ।—
আমানের পূর্বর উত্তরের ২৩০ পৃষ্ঠে ব্যক্ত আছে যে যোগারু , কিয়া যুক্ত
যোগারু , অথবা পরম যোগারু , ইহার মধ্যে যে কোন অবস্থা ব্যক্তি
প্রাপ্ত হরেন, ইহ জন্মে অথবা পর জন্মে তাঁহার পুরুষার্থ সিদ্ধির কি
আশ্চর্যা, বরঞ্চ যাঁহারা জ্ঞান যোগের কেবল জিজ্ঞান্ত মাত্র হইরা থাকেন
অথচ তুর্ভাগ্যবশে সাধনে যত্ম না করেন তাঁহারাও পর জন্মে ক্কৃতার্থ
হয়েন ॥ ভগদ্দীতায় ঐ জ্ঞানাভ্যাস প্রকরণে ভগবান্ ক্রন্ধ ইহার বিশেষ
সিদ্ধান্ত করিয়াছেন, যথা (জিল্লান্তরপি যোগস্য শন্মপ্রক্ষাতিবর্ত্ততে) অর্থাৎ
আত্ম তত্ত্বকে কেবল জানিতে ইচ্ছা মাত্র করিয়াছে এমত ব্যক্তিও শর

অংশ যোগাভ্যাস ধারা বেদোক্ত কর্ম ফলকে অতিক্রম করে অর্থাৎ মুক্ত **रत्र ॥ ध मकल बाक्राव्यक माश्विकता यनि एवर धार्मक ज्ञावरताय कतिर्छ** না পারেন তাহাতে তামাদের সাধ্য कि ॥ ১২ পৃঠে ১ পংক্তিতে লিখেন বে "সকল ধর্মের মধ্যে আত্মতত্বজ্ঞান শ্রেষ্ঠ হয় এ বিষয়ের পণ্ডিভাভিমানী মহাশয় যেমন এক মতু বচন প্রকাশ করিয়াছেন তেমন কলিযুগে দানের শ্রেষ্ঠত্ব বোধক মহুর অনা বচনও দৃষ্ট হইতেছে যথা তেপ: পরং কৃত-ৰুগে ত্রেতারাং জ্ঞানমূচ্যতে। দাপরে যজ্ঞমেবাহর্দানমেকং কলৌ বুগে) । উত্তর।—এন্থলে ধর্মসংহারকের এমত তাৎপর্য্য না হইবৈক যে '' মফু কোন স্থানে জ্ঞানকে শ্রেষ্ঠ কহেন আর কোনো স্থানে দানকে শ্রেষ্ঠ রূপে বর্ণন করেন অতএব পূর্কাপর অনৈকা প্রযুক্ত মমূর প্রামাণ্য নাই" যেহেতু এ প্রকার কথনের সম্ভাবনা শুদ্ধ নান্তিক বিনা হয় না। ূবস্তুতঃ ভগবান্ মমু এত্বলে দানের প্রশংসাতেই জ্ঞানের প্রশংসা ফলত করিয়াছেন, যে তাবৎ দানের মধ্যে শব্দ ব্রহ্ম দান উত্তম হয় যাহার দ্বারা পরব্রহ্ম প্রাপ্ত হয়েন। যথা, মহু: (সর্কেষামেব দানানাং ব্রহ্ম দানং বিশিষ্যতে) সকল দানের মধ্যে ব্রহ্মদান শ্রেষ্ঠ হয়। তথাচ মহঃ (ব্রহ্মদোবন্ধসাঞ্চি তাং) क्षकान क्रिटन उन्नाजार श्रीधि रय । गर्स गास्त्र स्थारन रक्तान जभगा প্রভৃতি কর্মের বিশেষ প্রশংসা করেন তাহার তাৎপর্যা এই যে এ সকল কর্ম ইহ জন্মে কিম্বা পর জন্মে জ্ঞানেচ্ছার প্রতি কার্ণ হয়, শ্রুতিঃ (বেদা-ফুৰচনেন ব্ৰাহ্মণা বিবিদিষ্টি যজেন দানেন তপসা নাশকেন) সেই যে এই প্রমান্ধা তাঁহাকে ব্রাহ্মণেরা যজ্ঞ, দান, তপস্যা, উপবাস এ সকলের ছারা कानिए हेम्स्। करतन । वर्धार এ मकन कर्ष व्याष्ट्रकारनम्हात कात्रन हत्र । তাহাতে বে ৰুগে যে কৰ্মান্থভান বাহলা রূপে করিয়াছেন সেই যুগে তাহা-রই প্রাধান্য রূপে বর্ণন করেন, কিন্তু স্লাভি প্র্যাণ দারা সর্কাষুগেই এই নিয়ম বে (যজেন দানেন তপদা নাশকেন) অর্থাৎ যজ দান তপদ্যা ব্রত ইত্যাদি কর্মের অমুষ্ঠানকে উত্তম ব্যক্তিরা জ্ঞানেচ্ছার উদ্দেশে করি-রাছেন। ভগবদ্দীতাতৈও জ্ঞান হইতে কর্মকে ও ভক্তিকে শ্রেষ্ঠ কহিয়া পরে শ্রেষ্ঠছের কারণ লিখেন যে কর্ম্মের ও ভক্তির দারা চিত্ত শুদ্ধি ছইলে জ্ঞান প্রাপ্ত হয়, অর্থাৎ কর্মাকে জ্ঞানের উপায় কহিয়া প্রদাংসা করিলে

क्लंड खात्मबरे अभःमा कवा रब, यथा (मःनामः कर्कत्यागम् निःत्वधम-করাবুভৌ। তরোক্ত কর্মসংন্যাসাৎ কর্মবোগো বিশিষ্যতে । সংন্যাসক্ত মহাবাহোত্র: শমাপ্ত মযোগতঃ। যোগবৃক্তোমুনির স্ব নচিরেণাধিগচ্ছতি) সংন্যাস ও কর্ম যোগ উভয়েই মুক্তিসাধন হয়েন তাহার মধ্যে কর্ম সংন্যাস অপেকা কর্মবোগ শ্রেষ্ঠ হয়। অতএব হে অর্চ্জুন নিষ্কাম কর্মের দ্বারা চিত্ত শুদ্ধি না হইলে কর্ম সংন্যাস ছুঃখের কারণ হইবেক, কিন্তু নিষ্কাম কৰ্ম্মের দ্বারা চিত্ত শুদ্ধি যাহার হইল সে ব্যক্তি কর্ম্মত্যাগী হইয়া শীঘ ব্ৰহ্ম প্ৰাপ্ত হয়। সেই রূপ দাদশাখায়ে ভক্তিকে জান হইতে শ্রেষ্ঠ কহিতেছেন, যথা (ময়াবেশ্য মনোযে মাং নিত্যযুক্তা উপাসতে। এজ্বযা-পরযোপেতাত্তে মে যুক্তসামতাঃ) ২লোকঃ স্বামী,আমাতে যাহারা মনকে একাগ্র করিয়া মন্নিষ্ঠ হইয়া পরম শ্রদ্ধা পূর্বকে আমার উপাসনা করে তা-হারা জ্ঞাননিষ্ঠ হইতে ত্রেষ্ঠ হয়। (ক্রেশোহধিকতরস্তেবামব্যক্রাসক্তচে-তসাং। অবাক্তা হিগতিছু:খং দেহবন্তিরবাপাতে) ৫ মবাক্ত পরব্রন্ধে যাহা-দের চিত্ত আদক্ত তাহাদের ভক্ত অপেকা ক্লেশ অধিক হয়, যে হেতু অবাক্ত পরমাত্মাতে নিষ্ঠা দেহাভিমানি ব্যক্তির হু:থেতে হয়॥ (ময্যেব মন আধৎস্ব ময়ি বুদ্ধিং নিবেশয়। নিবসিষ্যসি মধ্যেৰ অতউৰ্দ্ধং নসংশয়ঃ) আমাতেই মনকে ধারণ কর ও আমাতে বুদ্ধিকে রাথ তাহার পর আমার **अमारि कान और्थ . इरेग़ा रिशास्त्र जामार्ल्ड लीन हरेरत ॥ कान हरेर** ভক্তিকে শ্রেষ্ঠ দাদশ অধ্যায়ে এবং জ্ঞান হইতে কর্মকে শ্রেষ্ঠ পঞ্চম অ-বাারে কহিয়া **শ্রেষ্ঠতে কারণ কহিলেন যে** বিনা কর্মা কিম্বা বিনা ভক্তি জ্ঞান সাধনে ক্লেশ হয়, কিন্তু উভয় স্থলে এবং দশম অধ্যায়ের ১০ ও ১১ মোকে ইহা সি**দ্ধান্ত** করিয়াছেন যে কর্মের এবং ভক্তির ফল জান হয় ব্দতএৰ ঐ হুইয়ের প্রশংসাতে জ্ঞানেরই প্রশংসা হয়।

৯২ পৃঠের শেষ অবধি লিখেন " বেমন পণ্ডিতাভিমানি মহাশরের লিখিত বচন দারা জ্ঞানের মোক্ষ সাধনত্ব বোধ হইতেছে তেমন ধর্ম সংস্থাপনাকাজ্জির পূর্ব্ব লিখিত গীতাদির অনেক প্লোকেই কর্ম্মেরও মোক্ষ সাধনত্ব প্রাপ্ত হইতেছে"। উত্তর।—পণ্ডিতেরা বিবেচনা করিবেন বে ধর্মসংহারকের লিখিত গীতা বচনে কি অন্য কোনো বচনে " যেমন "

জ্ঞানকে সাক্ষাৎ মোক্ষ কারণ কহিয়াছেন " তেমন " কর্মকে কি কোন স্থানে মোক্ষের সাক্ষাৎ কারণ রূপে বর্ণন করিয়াছেন ? অধিকদ্ধ যে প্রকার জ্ঞানের দাক্ষাৎ মোক্ষ দাধনত্ব আছে দেই প্রকার কর্ম্মেরও যদি সাক্ষাৎ মুক্তি সাধনত হয়, তবে পরের লিখিত শ্রুতির কি क्रिश हरेदिक, जांशांक्षर हेशा वित्वचना कवित्वन। अकिः (তমেব বিদিছাতিমৃত্যুমেতি নানাঃ পদ্ধা বিদাতে হয়নায়) (তমাজুদ্ধং বেমুপশান্তি ধীরান্তেষাং শান্তিঃ শাশ্বতীনেতরেষাং) (নান্যঃ পদ্ধা বিমু-ক্তরে)। মন্থ: (প্রাপৈতৎ কৃতকৃত্যোহি দিজো ভবতি নান্যথা) অর্থাৎ জ্ঞান মুক্তির সাক্ষাৎ কারণ হয়েন অন্য কোনো সাধন মুক্তির সাক্ষাৎ কারণ হয় না।। বেদান্তে ও গীতাদি মোক শাস্তে নিষ্কাম কর্মপ্র-বাহ ইহ জবো কিখা পরজবো চিত্ত শুদ্ধির কারণ ১কহেন, চিত্ত শুদ্ধি জ্ঞানেচ্ছার কারণ হয়, জ্ঞানেচ্ছা শ্রাবণ মননাদি সাধনের কারণ. সেই সাধন জ্ঞানোৎপত্তির কারণ, আর জ্ঞান মোক্ষের সাক্ষাৎ কারণ হয়েন, যেমন কর্ষণাদি ক্রিয়া ক্ষেত্রের উর্বরো হইবার কারণ হয়, আর উর্বরা হওয়া উত্তম শদ্যের কারণ, শদ্য তভুলের কারণ, তভুল ওদনের কারণ, ওদন ভোজনের কারণ, ভোজন ভৃপ্তির কারণ, অত-এব কোন্ শাস্ত্রজ বুদ্ধিমান ব্যক্তি এমত কহিবেন যে তৃপ্তির কারণ "বেমন" ভোজন হয় "তেমন" কেত্রের কর্বণাদি ক্রিয়াও ভৃপ্তির কারণ হয়।

৯৫ পৃঠে যাহা লিখেন তাহার তাৎপর্যা এই যে অন্যান্য লোকেরা জ্ঞানাবলম্বনের নিমিত্ত কোনো ব্যক্তির পশ্চাৎ গমন করেন সেই ব্যক্তি আপনাকে জ্ঞানী করিয়া মানিতেছেন। উত্তর।—আমাদের প্রথম উত্ত-রের ২৩১ পৃঠে লিখিয়াছি যে এস্থলে ছুই প্রকার ব্যক্তি সকল দেখিতেছি এক এই যে, বেদ ও বেদশিরোভাগ উপনিষদ্ সম্মত ও মহু প্রভৃতি তাবৎ শাস্ত্র সম্মত যে আম্মোপাসনা হয় ইহা বিশেষ রূপে নিশ্চয় করিয়া, এবং ইক্রিয় গ্রাহ্ম যে যে বস্তু সে সকল নশ্বর অতএব সেই নশ্বর হইতে ভিন্ন পরমেশ্বর হয়েন, ইহা যুক্তি সিদ্ধা জানিয়া সেই অনিক্রিনীয় পরমেশ্বর সত্তাকে তাঁহার কার্যা দ্বারা শ্বির করিয়া তাঁহাতে

নে আন্ধা করে, তাহার প্রতি গড্ডরিকা বলিকা শন্দের প্রয়োগ করা উচিত হয়, কি বে ব্যক্তি এমত কোন মনঃ কশ্পিত উপাদনা যাহা কেবল অন্য কহিতেছে এই প্রমাণে পরিগ্রহ করে এবং যুক্তি হইতে এক কালে চক্ষ্ম ক্রিত করিয়া ছুর্জ্জর মান ভঙ্গ যাত্রা ও ক্ষ্বলসম্বাদ ইত্যাদি হাস্যাম্পদ কর্মা, কেবল অন্যকে এ সকল করিতে দেখিয়া সেই প্রমাণে অফুষ্ঠান করে, এমত ব্যক্তির প্রতি গড্ডরিকা বলিকা শন্দের প্ররোগ উচিত হয় ? এখন বিজ্ঞ ব্যক্তিরা বিবেচনা করিবেন যে প্রথম প্রকার ব্যক্তিরা স্বীয় বিবেচনা ও শাস্ত্রাদেষণ দ্বারা পরমেশ্বরে আন্ধা করেন এরূপ যদি স্পান্টার্থের দ্বারা প্রথম উত্তরে প্রাপ্ত হয়, তবে তাঁহাদিগ্যে পশ্চাদের্জি রূপে আমরা লিখিয়া আপনাকে জ্ঞানী অভিমান করিয়া থাকি এমত অপবাদ যিনি-দিতে সমর্থ হয়েন তিনি দ্বোদ্ধ হয়েন কি না।

৯৭ পৃঠে যাহা লিখেন তাহার তাৎপর্যা এই যে সদ্যুক্তি ও সদ্বাবহার ও সংপ্রমাণের অন্ধারে যাঁহারা কর্মা করেন এবং পূর্বর পূর্বর লোকেদের পশ্চাদ্বর্তি হয়েন তাঁহারা গড্ডরিকা বলিকার ন্যায় হয়েন না। অতএব ধর্মাগংহারককে জিজাসা করি যে বালিশে পৃষ্ঠ প্রদান ও তামেরট পান পূর্বকি আপন আপন ইন্ট দেবতার সঙ্কে সন্মুখে নৃত্য করাইয়া আমোদ করা কোন্ সদ্যুক্তি ও সংপ্রমাণ হয়? এবং ছুর্জ্জয় মান ভঙ্গ যাত্রায় নাপিতিনীর বেশ ইন্ট দেবতার করা কোন্ সদ্যুক্তি ও সংপ্রমাণ হয়? ও বেসো, কেসো, বড়াইরুড়ী ইন্ট্যাদি দ্বারা ইন্ট দেবতার উপহাস করা কোন সদ্যুক্তি ও সংপ্রমাণ হয়? কেবল দশ জনে করিয়া থাকে এই জন্মারে যদি এ সকল নিন্দিত কর্মা কেহ কেহ করেন, তবে তাঁহার প্রতি, গড্ডরিকা বলিকার নাায় করিছেছেন, এরূপ কহা যাইতে পারে কি না।

৯৮ পৃষ্ঠের শেষ অবধি লিখেন যে " তুর্ক্সয়মান ভঙ্গ প্রভৃতি কালীয় দমন যাত্রার অন্তর্গত হয় তাহার প্রমাণ শ্রীভাগবতের দশমক্ষমে ওংঅধানয়ে আছে এবং রাম যাত্রার প্রমাণ হরিবংশে বজুনাভবধে ও প্রহায়োত্তরে আছে যদি সন্দেহ হয় তবে সেই সেই পুন্তক দৃষ্টি করিলে নিঃসন্দিশ্ধ হই-বেক"॥ উত্তর।—এ আক্ষর্যা চাতুর্যা যে স্থলে এক বচন লিখিলে যথেক্ট হয় তথায় গ্রন্থ বাহল্য জান্যে ভূরি বচন পুনঃ পুনঃ ধর্ম সংহারক লিখিয়াহেন,

কিন্তু প্রস্থানা প্র বড়াই বুড়ীর বাত্রা ইতাদির প্রমাণের উদ্দেশে প্রীভাগবতের দ্বাত্রিংশদধায়ে ও হরিবংশে প্রেরণ করেন, যে হেতু সামান্যাকারে লিগিলে হঠাৎ অশান্ত্র কথন ব্যক্ত হইতে পারে না, অতথব বিজ্ঞলোকে বিবেচনা করিবেন যে এন্থলে ভাগবতের এক ছুই বচন ছুর্জ্জ্য় মানে নাপিতিনীর বেশ ধারণের বিষয়ে ধর্মসংহারকের লেখা উচিত ছিল কি না ? যদাপিও ভাগবতে ও হরিবংশে দৃষ্ট হর যে ভগবান্ ক্ষণ্ণ ও তাহার পরিচরেরা পরস্পর বিলাস পূর্বক কেহ কাহারে প্রহার ও পদা্যাত ও পরস্পর উলিহ্নট ভোজন করিয়াছেন এবং অন্যোনোর বেশ ও ধরিয়াছেন; যদি সেই দৃষ্টিতে ইদানীস্তন উপাসকেরা ঐরপ আচরণ করেন তবে আপন আপন উত্তর লোক নস্ট অবশ্যই কবিবেন কি না, অন্যোরা করিতেছে ও নিমিন্ত করিতেছি এই প্রমাণে যদি করেন তবে ছুক্তৃত হইতে নিবারণ কি হইবেক কেবল গড্ডরিকা প্রবাহের মধ্যে শতিত হইবেন ॥

৯৮ পৃষ্ঠে লিখেন যে "মলিন চিত্ত ব্যক্তিদের ছুর্ক্তয় মান ভঙ্গাদি
দর্শনে চিত্তের মালিনা হওয়া কোন আশ্চর্যা তাহাদিগের কন্যা ভগিনী
পুদ্রবধূ প্রভৃতি দর্শনেও এই প্রকার হইতে পারে "॥ উত্তর।—(তংতমেবৈতি কৌন্তের সদা তন্থাবভাবিতঃ)। এই গীতা বাক্যামূলারে যাহা
ধর্মসংহারককেও নিদিত থাকিবেক, ও সামানা যুক্তি মতে, অগম্যাগমনে
ও জীলোকের সহিত বহু প্রকার জীভাগে ও নানাবিধ ব্যভিচার ভঙ্গনে
ও সাধনে যে ব্যক্তিরা সর্কদো চিত্ত ময় করেন তাঁহা হইতে কন্যা ও
ভগিনী ও প্রেবধূ প্রভৃতি দর্শনে চিত্ত মালিনাের অধিক সম্ভাবনা হয় কি
না ইহার মধ্যমূ ধর্ম সংহারকই হইবেন। ঐ পৃষ্ঠে সর্ক্রভাবেতে ভগবানের
আরাধনা করিতে পারে, ইহার প্রমাণের উদ্দেশে শ্রীভাগবতের বচন
ধর্মসংহারক লিখিয়াছেন, যে কামে অথবা দেবে কিয়া ভক্তিতে ইত্যাদি
কোন ভাবে ঈশ্বরে চিত্ত নিবেশ করিলে উত্তম গতি প্রাপ্তি হয়, এবং
অবহেলা ক্রমে ভগবরামাচ্চারণ করিলে পাপক্রকে পায়। বদি ধর্ম
সংহারকের এই ব্যবস্থা হির হইল যে এই সকল মাহাদ্ম্য স্কুচক বচনে
নির্ম্বর করিরা ভক্তি প্রক্রোতে তাঁহার স্মরণ করিলে বেপ্রা হইবেক

ভাহা দেব ও অবহেলাতেও হইতে পারে তবে বড়াই বুড়ীর দারা ও বাহ্ময়া প্রভৃতির প্রমুখাৎ ব্যঙ্গ বিজ্ঞাপে ভগবান্কে বৈ পর্যান্ত পরিপূর্ণ করিতে পারেন করিবেন আমাদের হানি লাভ ইহাতে নাই।

ধর্মানংহারক ১০০ পৃষ্ঠ অবধি ১০৫ পৃষ্ঠ পর্যান্ত গৌরাৃঙ্গকে বিষ্ণ অবতার প্রমাণ করিতে উদ্যত হইয়া অনস্ত সংহিতা এই গ্রন্থ কহিয়া বচন সকল লিখেন, যথা (ধর্মসংস্থাপনার্থায় বিছরিষ্যামি তৈরহং। কালে নফীং ক্লফদৈচতন্যগৌরাঙ্গৌ গৌরচক্রঃ ভক্তিপথং স্থাপয়িষাামাহং পুনঃ। শচীস্থত:। প্রভুগৌরহরিগৌরো নামানি ভক্তিদানি মে। ইত্যাদি)। উত্তর।—এ ধর্মসংহারকের ব্যবহার পণ্ডিতেরা দেখুন, গৌরাঙ্গকে প্রাচীন ও নবীন গ্রন্থকারেরা কেহ কোন স্থানে বিঞ্র অবতার কহেন নাই, বরঞ্চ ঐ,গৌরাঙ্গ মত স্থাপক তৎকালীন গোঁদাইরা, যাঁহাদের তুল্য পণ্ডিত ওনতে জন্মে নাই, তাঁহারা যদ্যপিও গৌরাঙ্গকে ৃবিষ্ণু রূপে মানি-তেন কিন্তু কোন প্রাসিদ্ধ গ্রান্থে এ অনস্ত সংহিতার বচন সকল লিখেন নাই, যাহাতে গৌরাঙ্গ বিষ্ণুর অবতার হয়েন ইহা স্পাঠ প্রাপ্ত হয়, এখন বিজ্ঞ ব্যক্তিরা বিবেচনা করিবেন, যে এমত ব্যক্তি হইতে কি কি বিরু**দ্ধ** কর্ম না হইতে পারে যিনি গৌরাঙ্গকে অবতার স্থাপনের নিমিত্ত এ সকল বচনকে ঋষি প্রণীত কহিয়া লোকে প্রাসিদ্ধ করেন; কিন্তু পণ্ডিতেরা এ मकल कम्भनारं कनाभि क्क रहेरवन ना, य रहलू य मकल भूतां छ সংহিতাদি শান্তের প্রসিদ্ধ টীকা না থাকে তাহার বচনের প্রামাণ্য প্রসিদ্ধ সংগ্রহ কারের গ্রত হইলেই হয়, এই সর্বত্ত নিয়ম আছে, তাহার কারণ এই যে এক্লপ ধর্মসংহারক সর্ব্ব কালেই আছেন, কথন গৌরাস্বকে অব-তার করিবার উদ্দেশে অনস্ত সংহিতার নাম লইয়া চুই কি চুই শত অমুস্টৃপ ছন্দের শ্লোক লিখিতে অক্লেশে পারেন, কখন বা নিত্যানন্দের অবতার স্থাপনার জন্যে নাগ সংহিতা কহিয়া সুই চারি বচন লিখিবার কি অসাধ্য তাঁহাদের ছিল, কখন বা ফণিসংহিতা নাম দিয়া অভৈতের প্রমাণের নিমিত্ত চারি পাঁচ লোক প্রমাণ দিতে পারিতেন, বরঞ্ কর্ম ট সংহিতার নাম লইয়া এই ধর্মসংহারক ধর্ম সংস্থাপক রূপে অবতীর্ণ ছও-য়ার প্রমাণ দিতে সেই সকল লোকের আশ্চর্য্য কি, অতএব ঐ সকল

লোক হইতে এই রূপ ধর্মচেছদের নিবারণের নিমিত্ত পশুতেরা পুরাণ সংহিতাদির প্রামাণ্যের বিষয়ে এই নিয়ম করিয়াছেন, অর্থাৎ প্রসিদ্ধ টীকা সম্মত অথবা প্রসিদ্ধ গ্রন্থকার ধৃত ব্যতিরেক সামান্যত বচনের গ্রাহ্নতা নাই, যদ্যপি এই নিয়মের অন্যথা করিয়া প্রসিদ্ধ টাকা রহিত ও অন্য গ্রন্থকারের গ্রন্থ বিনা পুরাণ সংহিতা তন্ত্রাদি শান্তের নামোক্লেখ মাত্র বচনের প্রামাণ্য জন্মে তবে তন্ত্ররত্বাকরের প্রমাণ গৌরাঙ্গ ও তৎসম্প্রদায়ের উচ্ছেদে কারণ কেন না হয়েন? যথা (বট্কউবাচ। হতে তু ত্রিপ্রে দৈত্যে ছৰ্জ্জয়ে ভীমকৰ্ম্মণি। তদানশং কিং তদ্বীৰ্য্যং স্থিতং বা গণনায়ক। তদহং শ্রোতৃমিচ্ছামি বদতো ভবতঃ প্রভো। বেতা হি সর্ববার্তানাং ষাং বিনা নাস্তি কশ্চন । গণপতিক্লবাচ । সএষ ত্রিপুরোদৈত্যো নিহতঃ শূলপাণিনা। ক্ষয়া পরয়া বিস্ট আজানমকরোক্রিধা। ু শিবধর্মবিনা-শায় লোকানাং মোহহেতবে। হিংসার্থং শিবভক্তানামুপায়ান স্ভদ্ধুন ॥ অংশেনাদোন গৌরাখাঃ শচীগর্ট্তে বভূবদঃ । নিত্যানন্দো দিতীয়েন প্রাছু-রাদীশহাবল:। অভৈতাখান্তৃতীয়েন ভাগেন দতুজাধিপ:। প্রাপ্তে কলি-ষুগে ঘোরে বিজহার মহীতলে ॥ ততোছুরাত্মা ত্রিপুর: শরীরৈস্ত্রিভিরা-स्रोतः। উপश्लेवात्र लाकानाः नातीज्ञावम्शानिणः॥ इत्रोलइ विलीजिक সন্ধরৈ: পাপধোনিভি:। পূর্য়িত্বা মহীং কৃৎক্লাং ক্রন্তকোপমদীপর্থ। বহবো দানবা:ক্রা ছুপ্তেফীরিপুরামুগা:। মামুষং দেহমাঞ্জিত্য ভেজ্তাং-স্ত্রিপুরাংশজান্। মহাপাতকিন: কেচিদতিপাতকিন: পরে। অত্পাত-কিন-চান্যে উপপাতকিনোহপরে॥ সর্বপাপযুতাঃ কেচিৎ বৈষ্ণবাকার-ধারিণঃ॥ শরলান বঞ্যামাস্তস্থায়াধ্বাস্তবিহ্বলান্॥ মাস্থ্য সাক্ষাধিক্ষ্ সনাতনং। ধিতীয়মতুলং শেবং ভৃতীয়ক্ত মহেশ্বং॥ ষ্টুক উবাচ॥ কেনোপায়েন দেবেশ ত্রিপুরোহভূৎ পুনর্ভ বি। কজাসন্ সঙ্গিনস্তগ্য বিস্তরেণ বদশ্ব মে।) ইহার সংক্ষেপ বিবরণ এই যে বটুক ভৈরব ভগবান গণেশকে জিজাসা করিলেন যে ত্রিপুরাস্থর হত হইলে পর ্তাহার আত্মর তেজ নম্ট হইল কি তাহার নাশ হইল না, আমাকে হে গণনায়ক কহ যে হেভু ভোষা ব্যতিরেক অন্য এরপ সর্বজ্ঞ নাই। তাছাভে ভগবান গণেশ কহিতেছেন যে ত্রিপুরাস্থর মহাদেশের ছারা নিহত হইরা

শিব ধর্ম নাশের নিমিত্ত তিন পুরের স্থানে গৌরাঙ্গ, নিত্যানন্দ, অকৈত এই তিন রূপে অবতীর্ণ হইল, পরে নারীভাবে ভজনের উপদেশ করিয়া ব্যভিচারী ও ব্যভিচারিণী ও বর্ণ সঙ্করের ছারা পৃথিবীকে পরিপূর্ণ করিয়া পুনরায় মহাদেবের কোপকে উদ্দীপ্ত করিলেক, আরু তাহার সঙ্গী যে সকল অস্থর ছিল তাহারা মহুষ্য বেশ ধারণ করিয়া ঐ ত্রিপুরের তিন অব-তারকে ভঙ্গনা করিলেক ঐ সকলের মধ্যে কেছ কেহ মহাপতকী, অতি পাতকী, উপপাতকী, অনুপাতকী; আর কেহ কেহ সর্ব্ব পাপযুক্ত ছিল তাহারা বৈষ্ণব বৈশ ধারণ করিয়া অনেক শরলাস্তঃকরণ লোককে মায়া-রূপ অন্ধকারের দারা মৃগ্ধ করিয়াছে, সেই ত্রিপুরের প্রথম অংশকে সাক্ষাৎ ৰিঞ্, দ্বিতীয় অংশকে শেষ স্বরূপ বলরাম, তৃতীয় অংশকে মহাদেব রূপে তাহারা বিখ্যাত করিলেক। ইহা শ্রবণ করিয়া বটুক কহিলেন যে কি উপায়ের দ্বারা ত্রিপুরাস্থর পুনরায় পৃথিবীতে জন্ম গ্রহণ করে ও তাহার সদী কে কে ছিল তাহা বিস্তার করিয়া আমাকে কছ। গ্রন্থ বাছল্য ভয়ে তাবৎ প্রকরণ লেখাগেল না, যাঁহাদের অধিক জানিতে বাসনা হয় ঐ মূল গ্রন্থ অবলোকন করিবেন: এ গ্রন্থের প্রসিদ্ধ টাঁকা নাই এবং এ সকল ৰচন প্রসিদ্ধ সংগ্রহকারের ধত নহে এনিমিত্ত আমাদের এবং তাবৎ পণ্ডি-তেদের নিয়মানুসারে এ সকল বচনকে লিখিতে বাসনা ছিল না কিন্ত ধর্মসংহারক লেখাইলে কি করা যায়।

৯৯ পৃঠে ১৬ পংক্তিতে নিগৃত্ব শাস্ত্রের অর্থ করেন যে " বছ বিজ্ঞজনের অগোচর বে শাস্ত্র তাহার নাম নিগৃত শাস্ত্র " পরে ১০০ পৃঠে ৪ পংক্তিতে কহেন "যে নিগৃত শাস্ত্রের অহুসারে অভক্ষা ভক্ষণ অপেয় পান ও অগম্যা গমন ইত্যাদি সংকর্ম্মের অহুঠান করিতেছেন সে নিগৃত্ব শাস্ত্রের নাম কি॥" উত্তর।—ধর্ম্মাংহারকের এই লক্ষণ দ্বারা সম্প্রতি জ্ঞানা গেল যে চরি-তামৃত্তই নিগৃত্ব শাস্ত্র হয়েন যে হেতু পণ্ডিত লোক সমাগমে চরিতামৃত্তে ডোর পড়িয়া থাকে তাহার কারণ এই যে বছ বিজ্ঞ জনের বিদিত না ইয়, ও পঙ্গতে অভক্ষা ভক্ষণাদি ও উপাসনায় অগম্যাগমন বর্ণন ঐ চরি-তামৃতে বিশেষ রূপে আছে অতএব ঐ লক্ষণ দ্বারা চরিতামৃত স্কুতরাং নিগৃত্ব শাস্ত্র হইলেন। গৌরাঙ্গ যাহার পরব্রহ্ব ও চৈতন্য চ্রিডামৃত

যাহার শব্দ এক তাঁহার সহিত শান্তীয় আলাপ যদ্যপিও কৈবল রখা আমের কারণ হয়, তথাপি কেবল অমুকম্পাধীন এ পর্যান্ত চেক্টা করা যাইতেছে। ইতি শ্রী ধর্মসংহারকের প্রথম প্রশ্নের দ্বিতীয় উত্তরে অমুক্মপাস্ক্চকো নাম, তৃতীয় পরিচেছদঃ। সমাপ্তঃ প্রথম প্রশ্নোত্তরঃ।

দ্বিতীয় প্রশোক্তর।

ধর্মসংহারকের দ্বিতীয় প্রশ্নের তাৎপর্য্য এই ছিল, যে সদাচার বন্ধ্য-বহার হীন অভিমানির যজোপবীত ধারণ নির্থক হয়, তাহার উত্তরে আমরা লিখিয়া ছিলাম যে সদাচার ও মদ্ধাবহার শব্দ হইতে তাঁহার যদি এ অভিপ্রায় হয়, যে তাবং উপাসকের ও অধিকারির যে আচার ও ব্যব-হার তাহাকেই সূদাচার ও সদ্বাবহার কহা যায়, তবে তাবং উপাসকের ও অবিকারির আচার ও ব্যবহার এক ব্যক্তি হইতে এক কালে কদাপি সম্ভব হয় না; যে হেতু বৈফাৰ ও কৌল প্রভৃতির আচার ও ব্যবহার পরস্পর অত্যন্ত বিরুদ্ধ হয়, এমতে ধর্মসংহারকের এবং অন্যের কাহারও যজো-প্ৰীত ধারণ সম্ভবে না, দ্বিতীয়ত যদি আপন আপন উপাদনা বিহিত যে সমুদায় আচার তাহাই সদাচার সম্বাবহার ইহা ধর্মসংহারকের অভিপ্রেত হয়, এবং তাহার অকরণে যজোপবীত ধারণ রুগা হয়, এমতে যে যে ব্যক্তি আপন উপাদনার সমুদার আচার করিতে সমর্থ না হয়েন তাঁহার যজ্ঞো পবীত ধারণে অধিকার না থাকে তবে প্রায় একালে যজোপবীত ধারণে অধিকারী প্রাপ্ত হইবেক না। তৃতীয়তঃ সদাচার ও সদ্বাবহার শব্দ দারা আপন আপন উপাদনা বিহিত যথা শক্তি অমুষ্ঠান করা ধর্ম সংহারকের যদি অভিপ্রেত হয়, ও যে যে অংশের অমুষ্ঠানে ক্রটি জন্মে ভ্রিমিক্ত মনস্তাপ ও স্ব স্ব ধর্ম বিহিত প্রায়শ্চিত করিলে যজ্ঞ স্ক্রে ধারণ র্থা হয় না, তবে এবাবস্থামুসারে ধর্ম সংহারকের এবং অন্য অন্য ব্যক্তিরও যক্তোপবীত রক্ষা পায়। চতুর্থ যদি ধর্ম সংহারক কছেন যে মহাজন সকল যাহা করিয়া আসিতেছেন তাহারই নাম সদাচার সন্ধাবহার হয়, ভাহাতে জিজাস্য ছিল বৈ মহাজন শব্দে কাহাকে স্থির করা যায় : যেহেতু

গৌরাঙ্গীয় বৈক্ষব সম্প্রদায়েরা কবিরাজ গোর্সীই, রূপসনাতন জীব প্রভ-তিকে মহাজন কহিয়া থাকেন এবং তাঁহাদের গ্রন্থ ও আচারামূদারে আচ-वन कतिए छेमाछ रायन, धरः भोक मच्छ्रमा एवत कोलाता विक्रभाक, নির্বাণাচার্য্য, ও আগমবাগীশ প্রভৃতিকে মহাজন কহিয়া তাঁহাদের আ-চার ও ব্যবহারকে সদাচার কহেন, এবং রামামূজী বৈঞ্বেরা রামামূজ ও তৎ শিষ্য প্রশিষ্যকে মহাজন কহিয়া তাঁহাদের আচারকে সদাচার জানেন এবং তদমুদারে অমুষ্ঠান করেন, এবং নানকপদ্বী ও দাদুপদ্বী প্রভৃতিরা পৃথক্ পৃথক্ বাজি সকলকে মহাজন জানিযা তাঁহাদের ব্যবহার ও আচা-রামুদারে ব্যবহার ও আচার করিয়া থাকেন। একের মহাজনকে অন্যে মহাজন কহে না এবং ঐ সকল মহাজনের অমুগামিরা পরস্পারকে নি-নিত ও অশুচি ক্রহিয়া থাকেন; অতএব ধর্ম সংহারকের এরূপ তাৎপর্য্য হইলে সদাচার ও সদ্বাবহারের নিয়মই থাকে না স্নতরাং একের মতে অন্য সদাচার সদ্বাবহারহীন ও রথা যজোপবীতধারী হয়। পঞ্চম যদি ধর্ম্ম সংহারকের এমত অভিপ্রায় হয় যে আপন পিতৃ পিতামহ যে আচার ও ৰাবহার করিয়াচেন তাহার নাম সদাচার ও স্বাবহার হয় তথাপিও সদা-চারের নিয়ম রহিল না এবং শাল্পের বৈষ্থা হয়, যে হেতু পিতা পিতামই অতিশয় অযোগ্য কর্ম করিলে সে ব্যক্তি সেই সেই অযোগ্য কর্ম করিয়াও আপনাকে দদাতারী কহিতে পারিবেক এবং ধর্ম সংহারকের মতে সেই অযোগ্য কর্ম্ম কর্তার যন্ত্রোপবীত রক্ষা পাইবেক ও সদাচার রূপে গণিত হইবেক। ইহার প্রত্যান্তরে কতিপয় পৃঠ বাঙ্গ ও ছুর্যাক্যে পরিপূর্ণ করিয়া ধর্মসংহারক ১১৫ পৃষ্ঠে ৯ পংক্তিতে লিখিয়াছেন " ঐ প্রশ্নে সদাচার সদ্ধা-বহার শব্দের অব্যবহিত পূর্কেই স্বস্ত জাতীয় এই শব্দ লিখিত আছে তাহাতে স্বীয় স্বীয় জাতির সদা্চার সদ্বাবহার এই তাৎপর্যা স্কুস্পাঠ বোধ **रहेटउट्ट**"। উত্তর।—हेश श्वाता विक्र लाक वित्वन्ना कतित्वन य स জাতীয় শব্দ কহাতে আনাদের ঐ পাঁচ কোটির মধ্যে কোন্ কোটির নি-রাস হইতে পারে, স্ব স্ব জাতির যে সদাচার তাহা আপন আপন উপাস-নার অমুগত হয়; এক জাতির চারি জন বর্তমান আছেন তাহার মধ্যে এক ব্যক্তি গৌরাল মতে বৈষ্ণব হয়েন, দ্বিতীয় ব্যক্তি রামামুক্ত মতেঁর

বৈষ্ণব, ভৃতীয় দক্ষিণাচার শাক্ত, চতুর্থ কৌন, ভাহাতে প্রথম ব্যক্তি গৌ-রাঙ্গ মতের প্রধান প্রধান ব্যক্তিদের যে আচার ও ব্যবহার তাহাকে সদা-চার ও স্বাবহার কহিয়া মৎস্য ভোজন মাংসত্যাগ ও বলিদানে পাপ বোধ ও সর্ববিধা তুলসী কাষ্ঠ মালা ধারণ, চৈতন্য চরিতামৃতাদি পাঠ ও পঙ্গতে ভোজন করেন কিন্তু সেই সম্প্রদায় নিষ্ঠ ব্যক্তি সকল তাঁহাকে সদা-চারী ও সম্বাবহারী কহেন কিনা ? আর অন্য তিন জন সে ব্যক্তির লোষোল্লেখ করেন কি না ? দ্বিতীর ব্যক্তি রামাত্রক ও তন্মতের প্রধান প্রধানের আচারকে সদাচার সদ্বাবহার জানেন ও তদমুসারে মৎস্য মাংস উভয়ের তাাগ ও ভোজন কালে, কৌরকালে, আর অশুচি বিসর্জ্জনে তুলদী কাষ্ঠ মালার ত্যাগ ও আরত স্থানে ভোজন এবং শঙ্কটে ও শিবা-লয়ে গমনের নিষেধ করিয়া থাকেন, ঐ মতের অন্য ব্যক্তিরা তাঁহাকে महाठाती महावहाती कटहन कि ना, यहाशिक अना अना मजावलिश्वता বিশেষ রূপে শিবদ্বেৰ প্রযুক্ত দোষাবিষ্ট ও পতিত রূপে তাহাকে জ্বানেন, ভূতীয় ব্যক্তি দক্ষিণাচার শাক্ত তিনি তন্মধ্যের প্রধান প্রধান ব্যক্তিদের আচারকে সদাচার ও সদ্ধবহার জানিয়া দেবীপ্রসাদ মৎস্য মাংস ভোজন ও বলি প্রদানে পুণা বোধ ও পঙ্গত ভোজনে পাপ জ্ঞান করেন, চতুর্থ बाक्ति कून धर्म मच्चनारवत अधान अधान वाक्तिरतत आहातरक मनाहात জানিয়া বিহিত তত্বত্যাগীকে পশুরূপে জ্ঞান ও তত্ত্বীকার ও আরাধনা কালে তুলস্যাদির স্পর্শ ত্যাগ করিয়া থাকেন। ঐ চারি জনকে জিজাসা করিলে প্রত্যেকে কহিবেন যে আমার জাতির মধ্যে অনেকেই পরম্পরায় এই রূপ আচার করিয়া আদিতেছেন এবং ঐ সকল স্বস্থ জাতীয় প্রধান ব্যক্তিদের ক্বত গ্রন্থ ব্যবহার এবং তত্তৎ প্রতিপাদক শাস্ত্র প্রমাণ দেখা-ইয়া আপন আপন ব্যবহারকে ও আঢারকে সদাচার ও সম্ভাবহার কহি-বেন; এবং ধর্মসংহারক যে সদাচার ও সদ্বাহারের লক্ষণ করিয়াছেন তদমুদারেই প্রত্যেকের আচারকে "স্বস্থ জাতীয় দদাচার সম্ভাবহার" কহাগেল বস্তুত ঐসকল ব্যবহার পরস্পার অতি বিরুদ্ধ হট্যাও প্রভ্যেকের প্রতি সন্থাবহার প্রয়োগ হইল। অতএব স্ব স্বাতীয় এই অধিক শক প্রক্রোগ করিয়া এরূপ আক্ষালনের কারণ কি, বে হৈছু বেমন সদাচার

স্থাব্ছার শব্দ ছারা পাঁচ কোটি পূর্ব্ব উত্তরে লিখিয়াছিলাম সেই ক্লপ দ্বৰ জাতীয় শব্দ পূৰ্বক সদাচার সম্বাবহার শব্দেও সমান রূপে পাঁচ কোটি সংলগ্ন হয়, কেন না প্রত্যেক জাতিতে নানা প্রকার উপাসনা করিয়া থাকেন। ঐ পাঁচ কোটির উদাহরণ পুনরায় দিতেছি অর্থাৎ স্ব স্ব জাতীয় সদাচার শব্দে কি স্বস্থ জাতীয় তাবৎ উপাসকের ও অধিকারির যে আচার তাহার নাম স্বস্ব জ্ঞাতীয় সদাচার হইবেক ? কি স্বস্ব জ্ঞাতীয়ের মধ্যে আপন আপন উপাদনা বিহিত সমুদায় আচারকে স্বস্থ জাতীয় সদা-চার সম্বাবহার শব্দে কহেন ? কি স্বস্থ জাতীয়ের মধ্যে আপন আপন উপা-সনা বিহিত আচারের যথাশক্তি অন্তর্গানকে স্বস্থ জাতীয় সদাচার সদ্ধাবহার কহেন ? কিম্বা স্ব জাতীয় পৃথক্ পৃথক্ মহাজনেরা যাহা করিয়াছেন তাহার নাম সদাচার সম্ভাবহার হয় ? কিম্বা স্ব জাতিতে আপন আপন পিতৃ পিতামহ বাহা করিয়াছেন তাহাকে স্ব স্ব জাতীয় সদাচার সম্ভাবহার শব্দে কহেন ? প্রত্যেক জাতিতে নানা প্রকার পরস্পার বিপরীত উপাসনা করিয়া থাকেন, অতএব স্ব স্থ জাতীয় শব্দ দিলেও ঐ পাঁচ কোটি তদবস্থ রহিল এখন ধর্মা সংহারককে নিবেদন করি তিনি ঐ পূর্কোক্ত চারি প্রকার ব্যক্তির একের আচারকে সদাচার ও অন্যের আচারকে অসদাচার কহিতে পারিরেন না, যেহেতু বিনিগমনা বিরহ হয় অর্থাৎ বিশেষ নিয়ামক সম্ভ-বিতে পারে না, তাঁহাদের প্রত্যেকে স্ব স্ক জাতীয় মহাজনকে এবং তত্তৎ মান্য শান্তকে আপন আপন উপাসনা বিহিত আচারের ও ব্যবহারের প্রমাণার্থে নিদর্শন দিবেন, আর এচারি ব্যক্তির অমুষ্টিত আচার সকলকে স্ব স্ব জাতীয় সদাচার সম্বাবহার কহিলে তাহা এক ব্যক্তি হইতে এককালে ক্যাপি সম্ভবে না, স্কুতবাং স্ব স্থ জাতীয়ের মধ্যে আপন আপন উপাসনা বিহিত আচারের যথাশক্তি অনুষ্ঠানকে স্ব স্ব জাতীয় সদাচার সদ্বাবহার কহিলে কি ধর্ম সংহাকের কি অনোর যজোপবীত রক্ষা পাইবার উপায় হয়॥

১১৬ পৃঁঠে ৯ পংক্তিতে ধর্ম সংহারক লিখেন " যে কোন্ আচারের ব্যতিক্রম হইলে মজ্ঞোপবীত রখা হয়, উপাসকের আচারের ব্যতিক্রম ইইলে বরং উপাসনারই ক্রটি হইতে পারে ইহাই যুক্তি সিদ্ধা হয় যঞ্জো-

পবীত ধারণ রণা হয় ইহাতে কি শাস্ত্র কি যুক্তি তাহা রহম্পতিরও অগোচর"। উত্তর ।—গোরাঙ্গীয় সম্প্রদায়ের ভূরি বৈষ্ণবেরা বর্ণ বিচার না করিয়া গঙ্গকে ভোজন ও অধরামৃত গ্রহণ করেন ইহাতে অন্যোপাসকেরা এমাচারকে বিষ্ণু ধর্মের বিপরীত জানিয়া তাঁহাদিগ্যে পতিত রুথা যজো-পৰীত ধারী জানেন বরঞ্চ এনিমিত্ত পূর্ব্বে পূর্ব্বে জ্বাতি বিষয়ে কত বিরোধ উপস্থিত হইয়াছে, এবং ঐ বৈফবেরা কৌল উপাদকের আচারকে ব্যতি-ক্রম কহিয়া রুণা ঘজ্ঞোপবীত ধারী এই বোধে নিন্দা করেন, রামাত্মজ সম্প্রদায়ে কি মংস্য ভোজী কি মংস্য মাংস ভোজী উভয়কেই রথা যজো-পৰীত ধারী কহেন এবং ঐ সকলে পরস্পরকে পতিত কহিবার নিমিত্ত বচন প্রমাণ দেন; অথচ ধর্ম সংহারক কহেন যে উপাসনা বিহিত আচারের ক্রটি হইলে কেবল উপাদনারি ক্রটি হইতে প্রারে। যদি ধর্ম সংহারকের এমত অভিপ্রায় হয় যে স্ব স্থ উপাসনা বিহিত আচারের ক্রাটী हरेल (करल अब्हीतन देव ७वा हरा, याञ्चाभवीय धातव द्रशा हरा ना, তবে তাঁহার একথন আমাদের তৃতায় কোটিতে গতার্থ হইয়াছে, অর্থাৎ আপন আপন উপাসনার অহুঠানে যদি ক্রটি হয় তবে মনস্তাপ ও বিহিত প্রায়ন্তিত্ত করিলে তাহার যন্ত্রোপবীত ধাবণ রথা হয় না এমতে স্বতরাং ধর্ম সংহারকের ও অনেকের যজ্ঞোপবীত রক্ষা পার।

১১৭ পৃঠে সদাচারের প্রমাণ মহুবচন লিখিয়াছেন, যথা (সর্ত্তী দৃষদ্বাোদেবনদ্যোগিতরং। তদ্দ্বনির্দ্রিতং দেশং ব্রহ্মাবর্ত্তং প্রচহ্মতে। তদ্মিন্ দেশে যুঝাচারঃ পারস্পর্যক্রমাগতঃ। বর্ণানাং সান্তরালানাং সসদাচার উচাতে)। উত্তর।—এবচনের অর্থ যাহা টীকাকার লিখিয়াছেন সে এই যে এসকল দেশে প্রায় সল্লোকের জন্ম হয় একারণ ঐ সকল দেশীয় ব্রাহ্মণাদি চারি বর্ণের ও শহর জাতির পরস্পরা ক্রমে আগত যে বাবহার হাহা আধুনিক না হয় তাহাকে সদাচার শব্দে কহা যায়, অতএব এবচনের হারা ইহা প্রাপ্ত হইল যে, যে সম্প্রদায়ে পরস্পরাক্রমে আগত যে আচার ভাহা সেই উপাসনা বিশেষে সদাচার শব্দের প্রতিপাদ্য হয় অতএব এ মহ বচন আমাদের কোটিকে প্রমাণ করিতেছে; কেন না কৌল সম্প্রদায়েরা আপন মহাজন পরস্পরাতে আগত কুলাচার প্রবাহকে সদাচার

রূপে দেখাইতেছেন এবং রামামুজী ও গৌরাঙ্গীর প্রভৃতি সম্প্রদায়ের।
আপন আপন অঙ্গীকৃত মহাজন পরম্পরাতে আগত আচার প্রবাহকে
সন্ধ্যবহাররূপে দেখাইতেছেন, অতএব জিজ্ঞাসি যে এমরু বচন দ্বারা
আমাদের কোন কোটির কি নিরাস করিয়াছেন।

ু ১১৮ পৃঠে ৬ পংক্তিতে লিখেন বে স্মৃতিঃ (বাবহারোপি সাধূনাং প্রমাণং বেদবন্ধবেৎ) অর্থাৎ সাধু ব্যক্তিদের যে ব্যবহার সেও বেদের ন্যার প্রমাণ হয়"। উত্তর।—বদাপিও এই বচনে (সময়শ্চাপি সাধূনাং প্রমাণং বেদবন্ধবেৎ) এই পাঠ স্মার্ত্ত ভাটার্য্য লিখিয়াছেন, তথাপি যদি কোনো হানা স্মৃতিতে ঐ ধর্ম সংহারকের লিখিত পাঠ থাকে তাহা হইলেও আমাদের পূর্ব্বোক্ত চতুর্থ কোটিতে পর্য্যবসান হয়; অর্থাৎ লোকে আপন আপন সম্প্রদানের প্রধান প্রধান ব্যক্তিদিগ্যেই মহাজন ও সাধুজান করিয়া থাকেন, যেহেতু তাহাদের আচার ব্যবহারকে সাধু-ব্যক্তির আচার ও ব্যবহার না জানিলে তাহার অমুষ্ঠানে কেন প্রয়ন্ত হইতেন, কিন্তু অন্য সম্প্রদায়ের লোকে তাহাদিগ্যে সাধু ও মহাজন কি কহিরেন বরঞ্চ তদ্বিপ্রীত জানেন।

১১৮ পৃঠের প্রথমে স্বয়ং ধর্ম সংহারক সাধুর লক্ষণ করিয়াছেন যে "অচ্ছার হিংসা হেমাদি রহিত সতাবাদী জিতেন্দ্রিয় ধার্মিক ও শাস্ত্রজ্ঞ যে মনুষা তাঁহার নাম সাধু"। উত্তর।—এন্থলে হিংসা শব্দে অবৈধ হিংসা ধর্ম সংহারকের অভিপ্রেত অবশ্য হইবেক নতুবা বশিষ্ঠ, অগন্ত্যাদি ও তাবং যাজ্ঞিক ও বিহিত মাংস ভোজী মুনিদের কাহারও সাধুদ্ধ থাকে না,অতএব ধর্ম সংহারকের লিখিত যে সাধু শব্দের লক্ষণ তাহা আপন আপন সম্প্রদারের প্রধান প্রধান ব্যক্তিতে ছিল ইহা সকলেই কহেন, মতুবা আপন সম্প্রদারের মহাজনকে অহঙ্কারী, হিংসক, ছেফ্রা, অসত্যবাদী,অজিতেন্দ্রিয়, অধার্মিক, অশান্ত্রজ্ঞ জানিলে তাঁহাদের মতে অনুগ্রমন করিতে কেন প্রব্জ্ঞ হইতেন।

১১৬ পুঁঠে ১৭ পংক্তিতে সন্ধ্যা করণের আবশ্যকতা দর্শাইবার নিমিত্ত বচন লিখিয়াছেন। উত্তর।—যাজ্ঞবক্য লিখেন যে (সা সন্ধ্যা সা চ গায়ত্ত্রী' বিধাতুতা প্রতিষ্ঠিতা) সৈই সন্ধ্যা সেই গায়ত্ত্রী বিরূপে অবস্থিত আর্ছেন,

অতএব প্রণব গায়ত্রী দারা পরব্রন্ধের উপাসনা ঘাঁহারা করেন সন্ধ্যোপা সনা তাঁছাদের অবশা সিদ্ধ হয়। মনুঃ (ক্ষরন্তি সর্বাবৈদিকো) জুহোতি যজতিক্রিয়া:। অক্ষরং ত্বক্ষয়ং জ্ঞেয়ং ব্রহ্ম চৈব প্রজাপতিঃ) হোম যাগাদি বে বে বৈদিক জিয়া তাহা সকল স্বরূপতঃ এবং ফলতঃ নস্ট হয় কিন্তু প্রণব রূপ যে অক্ষর তিনি ফলতঃ এবং স্বরূপতঃ অক্ষয় হয়েন যেছেতু তজ্জপের ফল বন্ধ প্রাপ্তি সে অক্ষয় হয়, আর বাচ্য বাচকের অভেদ লইয়া সেই প্রণব প্রজাপনি যে পরব্রহ্ম তৎ স্বরূপ কহা যান, তথা (ওঁকার পূর্বিকান্তিন্তো মহাব্যাহ্বতবোহবায়া:। ত্রিপদা চৈব 'গায়ত্রী বিজ্ঞেয়: বন্ধণোমুখং) প্রণব ও তিন ব্যাহ্ণতি ও ত্রিপদা গায়ত্রী এই তিন নিতা ব্রহ্ম প্রাপ্তির দ্বার হইয়াছেন। কিন্তু ধর্ম্ম সংহারককে জিজ্ঞাসা করি যে আত্মোপাসনার নিত্যতা বোধক বেদে ও মহাদি স্মৃতিতে যে সকল বিধি আছে তাহার উল্লেখন করিলে বিধির উল্লেখন হয় কি না ? যথা (আছা-বাসরে দ্রফীবাঃ শ্রোতব্যো মন্তব্যে। নিদিধ্যাসিতব্যঃ.) অর্থাৎ শ্রবণ মনন নিদিধ্যাসনের ছারা আত্মার সাক্ষাৎকার করিবেক। (আত্মানমেবোপা-সীত) কেবল আত্মারি উপাদনা করিবেক। মহু: (সর্বমাত্মনি সম্পর্টোৎ সচ্চাসচ্চ সমাহিতঃ। সর্বামাত্মনি সম্পশ্যন্ নাধর্ম্মে কুরুতে মনঃ) সৎ বস্তু ও অসম্বন্ধ এ সকলকে ব্রহ্মাত্মক রূপে জানিয়া ব্রাহ্মণ অনন্মনা হইয়া জীব ব্রক্ষের ঐক্য চিন্তা করিবেক যেহেতু সকল বস্তুকে ব্রহ্ম স্বরূপে আত্মার সহিত অভেদ জানিয়া অধর্মে মন করেন্না। শ্রুতিঃ (যোহন্যাং দেবতা-**भूशांख ज्या**नागरानाहभन्मीिज नम त्वन,यथा शिक्षद्वदः मतनवानाः।) त्य ব্যক্তি আত্মা ভিন্ন অন্য দেবতার উপাসনা করে আর কহে যে তিনি অন্য আর আমি অন্য উপাস্য উপাস্ক রূপ হই সে যথার্থ জানে না; যেমন পশু সেই রূপ দেবতাদের সম্বন্ধে সে ব্যক্তি হয়। কুলার্ণবে প্রথমে জ্ঞানী হইলে মুক্ত হয় ইহা কহিয়া পরে কহেন (সোপানভূতং মোক্ষস্য মামুষ্যং প্রাপ্য ছক্ল ভং। . যন্তারযতি নাম্মানং তম্মাৎ পাপতরোত্ত কঃ।) মোক্ষের স্থোপান 'অর্থাৎ সিঁড়ি হইরাছে বে মহুব্য দেহ তাহা প্রাপ্ত হইরা বে ব্যক্তি আত্মাকে ত্রাণ না করে তাহার পর অতিশয় পাপী আর **(क'आरह।**

১২০ পৃষ্ঠে ৮ পংক্তিতে ধর্ম সংহারক লিখেন যে " বাঁহারা আদন জাতি হইরা জজ্জাতির অত্যাবশ্যক কর্মেও জলাঞ্জলি প্রদান করিয়াছেন তাঁহারা স্বধর্ম চ্যুত কি বাঁহারা আদর পূর্বক জ্জ্জাতির আবশ্যক কর্ম করিতেছেন তাঁহারা স্বধর্মচ্যুত হয়েন "। উত্তর ।— এই উত্তরের ২৫০ পৃষ্ঠে গৃহস্থ ব্রহ্মনিষ্ঠ ব্যক্তিদের যে আবশ্যক কর্ম তাহা এবং ২৪৮ পৃষ্ঠ অবধি কর্মিদের যে আবশ্যক কর্ম তাহা বিবরণ পূর্বক লিখা গিয়াছে বিজ্ঞ ব্যক্তিরা বিবচনা করিবেন যে কোন্ পক্ষে জলাঞ্জলি প্রদানের উল্লেখ করা বার।

১১৮ প্রিটের ১৬ পংক্তিতে লিখেন যে " নানা মুনি বচন সত্ত্বে বিধ্বার বিবাহের নির্ত্তির ব্যবহার এবং মদ্য পানে ও হিংসার প্রাবর্ত্তক প্রমাণ সত্ত্বেও তাহার ত্মকরণের ব্যবহার ইত্যাদি সম্ব্যবহার হয় ইহার বিপরীত অসদ্বাবহার "। উত্তর।—বিধবার বিবাহ তাবৎ সম্প্রদায়ে অব্যবহার্য্য হইয়াছে স্থতরাং সদ্ধাবহার কহাইতে পারে না, কিন্তু বিহিত মদ্যপান ও বৈধহিংসা সল্লোকেদের মধ্যে অনেকের ব্যবহার্য্য অতএব তত্তৎপক্ষে সে সর্ব্বথা সদাচার ও সদ্ধাবহারে গণিত হইয়াছে। এই প্রকরণের শেষে যাহা লিখেন তাহার তাৎপর্যা এই যে পূর্ব্ব পুরুষের আচার ও ব্যবহারকে মন্থবো সদাচার সদাবহার রূপে স্বীকার করিয়া থাকেন। উত্তর।—ইহার সিদ্ধান্ত আমরা প্রথম উত্তরের পঞ্চম কোটিতেই করিয়াছি যে কেবল আপন আপন পূর্ব্ব পু্ক্ষের আচার ও ব্যবহার যদি সদাচার সদ্ব্যবহার হয় তবে সদাচার ও সদ্বাবহারের নিয়মই থাকে না এবং শাস্ত্রের বৈফলা হয়, যেহেতু প্রভোক বাক্তি আপন পিতৃ পিতামহের কি ধর্মাংশের কি অধর্মাংশের বাবহার দৃষ্টিতে ব্যবহার করিলে এই মতাত্মারে সদাচারী ও সদ্বাবহারী হইবেক; বিশেষত পুরাণে ও ইতিহাসে এবং লৌকিক প্রত্যক্ষ স্থানে স্থানে দেখিতেছি যে লোকে পূর্ব্ব পুরুষের উপাসনা ও আচার ভিন্ন উপাসনা ও আচার করিয়া আসিতেছেন ইহাতে শাস্ত্রত, ধর্মত, লোকত, कान शनि इस नाहै।

ধর্মসংহারক ঐ দ্বিতীয় প্রশ্নে কহেন যে ঘাঁহারা নিজে সদাচারহীন, অথচ আপনাকে ব্রহ্মজ্ঞানি করিয়া মানেন, তাঁহাদের তবে অনাদর পূর্ব্যক্

যজ্ঞত্ত বছন কেবল রন্ধ কাছ মার্ক্সার তপত্মির ন্যায় বিখাস জন্মাইবার তাহাতে আমরা প্রথম উত্তরের ২৩৫ পৃষ্ঠে উভয় পক্ষের বেশ ও আলাপ ও ব্যবহার দুর্শাইয়া লিখিয়াছিলাম যে এছুয়ের মধ্যে কে বিড়াল তপস্থির নাায় হয়েন তাহা পণ্ডিতেরা প্রণিধান করিলে অনায়ানে জানিতে পারিবেন। ইহার প্রত্যান্তরে ধর্ম্ম সংহারক ১২৩ পৃঠে ৫ পংক্রিতে লিখেন যে "ধর্ম সংস্থাপনাকাজ্জিদিগের বিষয়ে এপ্রকার অমুভব হইতে পারে, কারণ স্বীয় স্বীয় সভাবের অমুসারেই ইতর লোকে পরকীয় স্বভা-বেরো অনুভব করিয়া থাকে"। উত্তর।—এই কথন দ্বারা ধর্মসংহারক আপনাকেই আদৌ দোষী প্রমাণ করিলেন, যেছেতু তিনি অনোর প্রতি ্ **ইহা উল্লেখ** করেন যে তাঁহাদের যজ্ঞসূত্র বহন কেবল বিশাস জন্মাইবার জন্যে রন্ধ ব্যাঘ মার্জ্জার তপস্থির ন্যায় হয়, স্থতরাং তাঁহার স্বীয় স্বভাব এই রূপ হইবেক যাহার দারা অন্যের স্বভাবের এই প্রকার অমুভব করি-মাছেন: সে যাহা হউক পুনরার প্রার্থনা করি যে বিজ্ঞ ব্যক্তিরা আমাদের প্রথম উত্তরের ২৩৫ পৃষ্ঠে লিখিত উভয় পক্ষের বেশ ও বাবহারাদি দেখিয়া বিবেচনা করিবেন যে কোন পক্ষে রন্ধ ব্যাঘ্র মাজভার তপস্থির উপন্না শোভা পায়।

১২৫ পৃষ্ঠে লিখেন যে সকপোল কণ্পিত শাসে মোহ করেন। অতএব ধর্ম সংহারককে জিজ্ঞাসা করি, যে প্রণন সকপোল কণ্পিত হয়েন ? কি গায়ত্রী ও দশোপনিষৎ বেদান্ত, যাহা আ্মাদের উপাসনীয় হইয়াছেন, তাহা সকপোল কন্পিত ? ও বেদান্ত দর্শন এবং মন্ত্র স্কৃতি ও ভগবদ্দাীতা ও প্রসিক্ষ সংগ্রহকারঃতে বচন সকল, যাহা বাতিরেক আনা বচন কোন হানে আমরা লিখি না, সেই সকল শান্ত্র কি সকপোল কন্পিত হয়েন ? অথবা গৌরাসকে অবতার সিন্ধ করিবার নিমিত্ত অনন্ত সংহিতা কহিয়া ১০০ পৃষ্ঠে যে সকল বচন এবং ১২৫ পৃষ্ঠে (স্বর্জিরচিটতঃ শান্তরমোহ-দ্বিদ্ধা জনং নরাঃ ৷ বিষ্কৃবৈষ্ণবধাঃ পাপায়ে বৈ নিদ্দাং প্রকৃব্বতে)। ইত্যাদি বছন বাহা কোনো প্রসিদ্ধ টীকা সম্বত নহে এবং কোনো মান্য সংগ্রহকারের গ্লন্ত নহে, সে কপোল কন্পিত হয় ? ইহা বিজ্ঞ ব্যক্তিরা বিবেচনা ক্ষিত্রের।

১২৬ পৃষ্ঠে ৯ পংক্তিতে লিখেন বে "নৃতন ব্রাক্ষ বস্ত্র ও চর্ম্ম পাছুকা, যাহা ঘবনদিগের ব্যবহার্যা ও যে সকল বস্ত্রকে ঘবনেরা ইজের ও কাবা প্রভৃতি কহিয়া থাকে ও যে চর্ম্ম পাছুকার যাবনিক নাম মোজা সেই বস্ত্র পরিধান ও সেই চর্ম্ম পাছুকা বন্ধনে দণ্ডদ্বুয়, দণ্ড চতুস্টয়, কাল বিলম্বেই বা কি শুভাদৃষ্ট জন্মে তাহার অবণের প্রয়াসে রহিলাম। উত্তর।—বস্ত্র বিষয়ে এরূপ বাজোক্তি তাঁহারা এক মতে করিতে পারেন, যাঁহারা স্বভাবাধীন নিন্দক, অথচ বাহ্ছে কেবল ত্রিকচ্ছ সর্কদো পরিধান ও উত্তরীয় গ্রহণ আর মৃগ চর্মাদির পাছুকা ধারণ করেন, কিন্তু গে ব্যক্তি এক পেঁচা পাগ অথবা গোটাদেয়া টোপী ও আজামুলম্বিত আজীনের কাবা,ও রঙ্গ মিশ্রিত গোটাদেয়া চাদর যাহা নীচ যবনেরা ব্যবহার করিয়া থাকে তাহা পরিধান করেন, যদি তিনি সাদা কাবা কি সাদা বন্ধ যাহা বিশিষ্ট যবনেরা ও বিশিষ্ট পাশ্চাত্য হিন্দুরা পরিধান করেন তাহা অনো ব্যবহার কবে ইহা কহিয়া তাহাদিগ্যে বাঙ্গ করেন তবে এরূপ ধর্মা সংহারকের প্রতি কি শব্দ উল্লেখ করা যায়।

১০৭ পৃষ্ঠে অনেক অযোগা ভাষা যাহা অতি নীচ হইতেও হঠাৎ
সন্তব হয় না তাহা কহিলা পরে ১০ পংকিতে লিখেন মে (ব্ৰহ্মজ্ঞানিরা
বাছে কোন বেশের কিয়া আলাপের কিয়া বাবহারের দ্বারা যাহাতে
আপনাকে শুদ্ধ সন্থ সিদ্ধ পুরুষ জানিতে পারে তাহা করিবেন না কিন্তু
তদ্ম শাসোক্ত মদ্য মাংস ভোজনাদি গর্হিত কর্মই করিবেন যাহাতে
অনেকে অশ্রদ্ধা করে"। উত্তর। —পূর্কেত্তির লিখিত বচন, যাহা বিশ্ব গুরু
সাচার্গ্যদের গ্লুত হয়, তদমুসারে তদ্ম শাস্ত্র প্রমানে জ্ঞানাবলম্বিদের মধ্যে .
অনেকে আহারাদি লোক যাত্রার নির্কাহ করেন, ইহার নিন্দকের প্রতি
যাহা বক্তব্য পরমারাধ্য মহাদেবই কহিয়াছেন অতএব আমরা অধিক কি
লিখিব (যে দছ্তি খলাং পাপাং পরব্রেল্লাপদেশিনং। সম্প্রোহং তে প্রকুক্তি নাতিরিক্রা যতঃ স্বতঃ)। যে খল পাপিরা পরব্রেল্লাপাসকের অনিষ্ঠ করে সে আপনারই অনিষ্ঠ করে যেহেতু তাঁহারা আত্মা হইতে ভিন্ন
নহেন। এই তদ্ম শাস্ব প্রমানে ভগবান্ কৃষ্ণ ও অর্জ্কুন ও শুক্রাচার্ব্য ও

সংহারককে বুঝি তাহা অবগত হইয়া না থাকিবেক। মিতাক্ষরায়ত ব্যাস বচন। (উভৌ মধ্বাসবক্ষীণো উভৌ চন্দনচর্চিতৌ। একপর্যাঙ্করখিনো দুফ্টো মে কেশবার্জুনো।) আমি কৃষ্ণার্জুনকে এক রথে স্থিত চন্দন লিগু গাত্র মাধ্বীক মদাপানে মন্ত দেখিলাম।

১২৮ পৃঠে পীত্বা পীত্বা পূনঃ পীত্বা এই বচনকে ব্যঙ্গে লিখিয়া বিহিত মদ্যপান যাঁহারা করেন তাঁহাদের সাম্য হাড়ি ডোম চণ্ডাল যাহারা অবিহিত মদ্যপান করে তাহাদের সহিত করিয়াছেন। উত্তর।—বিহিত ও
অবিহিত এবিচার না করিয়া কেবল আহারের একতা লইরা যদি পরস্পর
সাম্যের কারণ ধর্ম সংহারকের মতে হয়, তবে তাঁহার মতে আরণ্য শৃকর
এবং সেই মন্থ্য বিশেষেরা যাহাদের কেবল ফল্যূল কন্দ আহার হয় উভ
য়ের আহারের ঐক্য লইয়া পরস্পর কেন তুলাতা না হয়ু ? এবং কেবল
হগ্মাহারির সহিত ছাগ মেষাদির বৎসের সহিত আহারের ঐক্যতা লইয়া
সাম্য কেন না হয় ? বস্ততঃ ছেয় পৈশ্ন্য ও মৎসরতাতে নিতান্ত মুগ্ধ না
হইলে এরপ সাম্য কম্পানা ধর্ম সংহারক হইতে কদাপি হইত না।
পরমেশ্বর শীঘ্র ইহাঁকে এরপ ছেয় পাশ হইতে মুক্ত করন। ইতি দ্বিতীয়
প্রশ্নের দ্বিতীয় উত্তরে মতি দয়া বিস্তারোনাম চতুর্থ পরিছেদঃ। সমাপ্তঃ
দিতীয় প্রশ্নোত্রঃ ॥

তৃতীয় প্রশ্বের।

ধর্মসংহারকের ভৃতীয় প্রশ্নের তাৎপর্যা এই যে পরমেশর নিষ্ঠ ব্যক্তিদের ছাগলাদি ছেদ করণ ঐহিক পারত্রিক নাশের কারণ হয়। ইহার উত্তরে মন্থ প্রভৃতির বচন প্রমাণ পূর্বকে আমরা লিখিয়াছিলাম যে বৈধ হিংসাতে ও বিহিত মাসাংদি ভোজনে দোষ নাই এবং ব্রহ্মনিষ্ঠ ব্যক্তিদের আহারাদি লোক যাত্রা নির্কাহ বেদোক্ত বিধানে অথবা তন্ত্রাহ্নসারে কলিযুগে কর্ত্তব্য, অতএব বিহিত হিংসা ও বিহিত মাংস ভোজনে নিন্দার উল্লেখ বৌদ্ধ কিলা ধর্মসংহারক ব্যতিরেকে অন্য কেহ করে না। ইহার প্রভৃতরে ১২৯ পৃষ্ঠ অবধি যে সকল কটুক্তি করিয়াছেন তাহার কিঞ্ছিৎ

লিখিতেছি। ১৬ পংক্তি, "ছুফ্টান্তঃকরণ ছুর্জ্জনদিগের আন্তরিক্ষ্
ভাব বোধ করিতে রুঝি বিধাতাও ভয়োদ্যম"। ১৩১ পৃঠে ৫
পংক্তিতে "হায় হায় একি অদৃষ্ট এত কফ্ট তথাপি না তাঁতিকুল
না বৈশুবকুল একুল ওকুল ছইকুল নফ্ট"। ১৩৮ পৃঠে "ভাক্ত তব্দ্ জ্ঞানিদের ছুর্ব্বোধ দূরে যাউক কি মধুর বচন শুনিতে পাই অন্তঃকরণে প্লকিত হই "। ১৪৭ পৃঠে ১৬ পংক্তিতে "লোক্যাত্রা শব্দে কেবল মদ্যমাংস ভোজনাদি এই অর্থ কি মহাদেব তাঁহার কানে কানে কহিয়াছেন " এখন বিশিষ্ট লোকেরা বিবেচনা করিবেন যে শাস্ত্রীয় বিচারে এসকল উক্তি পণ্ডিতেরা করেন কি জঘন্য নীচেরা এই সকল কদ্ক্তিকে সরস বাস্থ বোধ করিয়া ও তদ্যোগ্য লোকের প্রশংসার নিমিক্ত উল্লেখ করিয়া থাকে, সে যাহা হউক আমাদের নিয়মাহুসারে এসকল কট্ক্তির উত্তর দিবার প্রয়োজন নাই কিন্তু প্র সকল পৃষ্ঠের মধ্যে যে ক্রিক্তিৎ শাস্ত্রীয় কথা আছে তাহার উত্তর লিখিতেছি।

১২৬ পৃঠে লিখেন যে "তর্জানির হিংসা মাত্রই অবিহিত হয় কিন্তু যে যে কর্ম্মে হিংসার বিধি আছে সেই সকল কর্ম্মে তাঁহাদিগের প্রতি অমুকপ্পের বিধান করিয়াছেন"। উত্তর।—তত্তজানি শব্দের মুখ্যার্থ প্রাপ্ত জ্ঞান ব্যক্তিরা হয়েন, তাঁহাদের প্রতি কর্মেরি বিধি নাই স্থতরাং কর্ম্মের অঙ্গ যে হিংসা তাহার অমুকপ্পে স্থান্তর হয়, ভগবদ্দীতা (নৈব তস্য রুতেনার্থো নারুতেনেহ কশ্চন) অর্থাৎ জ্ঞানির কর্ম্ম করিলে পুণ্য নাই এবং কর্ম্ম ত্যাগে পাপ হয় না। বিশেষত তত্তজ্ঞানিদের মধ্যে কেহ কহে যেমন জনক বিশিষ্ঠাদি যখন লোক সংগ্রহের জন্যে যজ্ঞাদি কর্ম্ম করিনয় ছিলেন তথন বিহিত হিংসাও করিয়াছেন, অতএব তহ্বজ্ঞানির প্রতি অমুকপ্পের বিধি দিয়াছেন এরূপ কথন এমতেও অযুক্ত হয়। তত্তজ্ঞানি শব্দে যদি প্রাপ্ত জ্ঞান না কহিয়া জ্ঞানেচ্ছুক অভিপ্রেত হয় তবে তাঁহারা সাধনাবস্থায় হই প্রকার হয়েন তাহার উত্তম কম্পে বণাশ্রমাচার বিশিষ্টা সাধক ও কনিষ্ঠ কম্পে বর্ণাশ্রমাচারহীন সাধক, তাহাতে বর্ণাশ্রমাচার বিশিষ্টা সাধকের হিংসাত্মক নিত্য নৈমিত্তিক যজ্ঞাদি কর্ম্ম কর্ত্ব্য হয়।

শাহা এই প্তকের ২৮৯ পৃষ্ঠ নবধি বিস্তার রূপে লিখা গিয়াছে এবং যজীয় মাংস ভোজনের আবশ্যকতা মত্ব বচনে প্রাপ্ত হইতেছে যথা মত্ব: (নিযুজ্জ বথান্যায়ং যোমাংসং নাজি মানবং। সপ্রেত্য পশুতাং যাতি সম্করানেক-বিংশতিং) যে ব্যক্তি যজ্ঞাদিতে নিযুক্ত হইয়া মাংস ভোজন না করে সে যৃত্যু পরে এক বিংশতি জন্ম পশু হয়। বয়ড় ভগবান্ মত্ব ঐ প্রকরণে লিখেন যে (এমর্থেষ্ পশুন্ হিংসন বেদতথার্থবিদ্বিজঃ। আত্মানঞ্চ পশ্ং-কৈব গম্যত্যুক্তমাং গতিং) এসকল কর্ম্মে পশু হিংসা করিয়া বেদার্থ বিজ্ঞ দিজেরা আপনাকে ও পশুকে ও উগুমা গতি প্রাপ্ত করান। প্র্ক্রোক্ত ভগবালীতা ও বেদান্ত এবং মত্ব বচনের বিপরীত যে কোনো মত থাকে সে প্রশংসনীয় নহে।

১৩৭ পৃঠে (মধুপর্কে চ যজে চ) ইত্যাদি মহুর ছুই বছন লিখিয়াছেন। তাহার দারা আমাদের পূর্ব্ব লিখিত যে (দেবান্ পিতৃন্ সমভ্যর্ক্য খাদন্ মাংসং ন দোষভাক্) ইত্যাদি বচনেরই পোষক হইয়াছে অর্থাৎ বৈধ হিংসাতে কদাপি দোষ নাই।

১৩৮ পৃঠে অগন্তা সংহিতার বচন লিখেন যে (হিংসা চৈব ন কঠবা। বৈধহিংসা চরাজসী। ব্রাক্ষণৈঃ সান কর্ত্তবা যতন্তে সান্তিকামতা।) কি বৈধ কি অবৈধ হিংসা মাত্রই করিবেক না যেহেতু বৈধ হিংসাও রাজসী হয়, রাজনেরা সম্ব গুণাবলম্বী হয়েন অতএব তাহা করিবেন না। আর ঐ পৃঠে মহাকাল সংহিতার বচন লিখেন যে (বানপ্রস্থো রক্ষচারী গৃহস্থোবা দয়াপরঃ। সান্বিকো ব্রন্ধনিষ্ঠশত যশ্চ হিংসাবিবজ্জিতঃ। তে ন দয়াঃ পশ্তবলিমত্ত্বপাং চরস্কাপি) অর্থাৎ বানপ্রস্থ, ব্রন্ধচারী, আর দয়াবান্ গৃহস্থ, এবং সান্তিক, ও ব্রন্ধনিষ্ঠ, ও হিংসা বিবজ্জিত ব্যক্তি, ইহারা পশু বলিদান করিবেন না, কিন্তু যে স্থানে বলিদানের আবশ্যকতা হয় সেম্বানে অফ্কম্পের আচরণ করিবেন। উত্তর।—এসকল বচনে এবং অন্য যে যে বছনে বৈধ হিংসার দোষ ও অকর্ত্তব্যতা লিখেন সে সকল সাংখ্য মতের অন্তর্গত, কিন্তু গীতা মত বিরুদ্ধ এবং মন্থু বাক্য বিপরীত হয়, গীতা ত্যাজ্যং দোষবদিত্যের কর্ম্ম প্রাছ মনীবিণঃ। যজ্ঞদানতপঃকর্ম্ম ন ত্যাজ্য-মিতি চাপরে। এতান্যপি তু কর্মাণি সঙ্কং ভ্যক্তা ফলানি চ। কর্ত্তব্যনীতি

্ম পার্থ নিশ্চিতং মতমুত্তমং) অর্থাৎ ষজ্ঞ শ্রেভৃতি কর্ম্মেতে হিংসাদি দোব আছে এনিমিত্ত সাংখ্যেরা যজ্ঞাদি কর্মকে অকর্ত্তব্য কছেন, আর মীমাংস-কেরা কহেন যে যজাদি কর্ম ত্যাগ করিবে না; কিন্তু এসকল কর্ম যাহাকে সাংখোরা নিষেধ করেন ও মীমাংসকেরা বিধি দিতেছেন তাহা আসক্তি ও ফল ত্যাগ পূৰ্ব্বক কৰ্ত্তব্য হয় হে অৰ্জ্জ্বন নিশ্চিত আমাৰ এই উত্তম মত ॥ ইত্যাদি বচনে বৈধ হিংসার অমুমতি ব্যক্ত রূপে কহিয়াছেন। বেদাস্তের ৩ অধ্যায়ে ১ পালে ২৫ ছব্ৰ (অশুদ্ধমিতি চেল্ল শব্দাৎ) যজাদি কৰ্ম হিংদা মিশ্রিত প্রযুক্ত অশুদ্ধ অর্থাৎ পাপজনক হয় এমত নহে যেহেতু বেদে তাহার বিধি দিয়াছেন। এবং স্মার্ত প্রভৃতি তাবৎ নবীন ও প্রাচীন নিবন্ধকারেরা ভগবদ্গীতার এবং মনু বাক্যানুসারে ও বেদাস্ত ও মীমাংসা দর্শনের প্রমানে বৈধ হিংদার কর্ত্তবাতা লিখিয়াছেন এবং বৈধ হিংদাতে যে সকল দোৰ শতি আছে তাহাকে মহাদি বাক্যের বিক্**দা সাংখামতী**য় জানিয়া আদর করেন নাই॥ (ব্রাহ্মণৈ: সা ন কর্ত্তব্যা যতন্তে সাত্তিকামতা:) এই অগস্থা সংহিতা বচনের টাকা। **এই রূপ ধর্ম সংহারক ১৩৮ পৃষ্ঠে** লিখেন "এম্বানে কোনো নিপুণ মতি কছেন যে ব্রহ্মজ্ঞানির সর্ব্ব শাল্লেই অহিংসা দর্শনে এবং ব্রাহ্মণ জাতির শাস্ত্রান্তরে বৈধ হিংসা বিধি অবণে এই বচনে ব্ৰাহ্মণ শব্দে ব্ৰাহ্মণ জাতি নহে কিন্তু ব্ৰহ্মকে জানেন এই ব্যুৎ-পত্তির অনুসারে ব্রাহ্মণ শব্দে ব্রহ্মজানী এই অর্থ স্কুডরাং বক্তব্য হয়।" উত্তর।—এবচনে ব্রাহ্মণের ছিংসা ত্যাগের কারণ লিখেন, যে তাঁহার। সাত্ত্বিক হয়েন ইহাতে ব্রাহ্মণ শব্দে ব্রাহ্মণ জাতিরই গ্রহণ হয়, ব্রাহ্মণেরা সৰ্গুণ প্রধান হয়েন অতএব শম দমাদি তাঁহাদের প্রাধানা রূপে কর্দ্ধ হয় (চাতুর্বর্গঃ ময়া স্ফটং গুণকর্মবিভাগশঃ) এ শ্লোকের ব্যাখ্যাতে ভগবান শ্রীধর স্বামী সত্ত প্রধান ত্রাহ্মণ হয়েন এই বিবরণ করিয়াছেন, **এবং গীতার অক্টাদশাধ্যা**রে লিখেন (শমোদমন্তপ: শোচং ক্ষান্তিরার্জ্জ-বমেব চ। জ্ঞানং বিজ্ঞানমান্তিক্যং ব্রহ্মকর্ম্ম স্বভাবজং) শম, দম, তপস্যা, শুচিতা, ক্ষমা, শরলতা, শাস্তার্থ জ্ঞান, অন্নভব, আন্তিক্য বুদ্ধি, এ সকল সৰগুণ প্ৰধান যে ব্ৰাহ্মণ তাঁহাদের স্বাভাবিক কর্ম হয়। অতএৰ সাংখ্য-मजीय कागछ। मःर्दिज। बहत्तव न्त्राकीर्थ धरे य यगानित बसीय हिस्त्रा কর্ত্ব হইয়াছে তথাপি ব্রাহ্মণেরা সান্ধিক হয়েন ও শমদমাদি তাঁহাদের কর্ম একারণ বৈধহিংসাও তাঁহাদের কর্ত্ব্য নহে। অতএব এরূপ মুপ্য স্পার্টার্থের সম্ভাবনা সন্থে বিপরীতার্থের কম্পনা যে নিপুণমতি করিয়াছেন তিনি ধর্ম্মগংহারক. কিষা তাঁহার সহায় হইবেন; অধিকন্ধ ব্রহ্মনিষ্ঠের প্রতিও বিহিত হিংসার নিষেধ নাই, ছাম্পোগ্য ক্রান্তঃ (আত্মনি সর্প্রে-ক্রিয়ানি সংপ্রতিষ্ঠাপ্যাহিংসন্ সর্বা ভ্তানি অন্যত্র তীর্থেভ্যঃ) পরমাজ্মানি ইন্দ্রিয় সকল সংযোগ করিয়া বিহিত ব্যতিরেকে হিংসা করিবেন না। এবং ব্রোন ইতিহাসেতেও বশিষ্ঠ, ব্যাস, প্রভৃতি জ্ঞানীরা বিহিত হিংসাও বিন্তু মাংসাদি ভোজন আপনারা করিয়াছেন ও জনক মুধিষ্ঠির প্রভৃতি যজমানকে অন্থমেধাদি হিংসাযুক্ত কর্ম্ম করাইয়াছেন, এইরূপ মহাকাল সংহিতার ঐ বচন সাংখ্যমতান্তর্গত হয় বিশেষত ঐ বচন বলিদান প্রকরণে লিখিত হইয়াছে ইহাতেও তাবৎ বৈধহিংসার অন্ত্র্কপ্রের অনুন্ত বোধ হয় নাই।

১৩৯ পৃষ্ঠে পদ্মপুরাণ ও ব্রহ্ম বৈবর্ত্তের বচন লিখেন, তাহাতেও বৈধ হিংসার নিষেধ নাই কেবল জীবনার্থ ও স্বভক্ষণার্থ নিষিদ্ধ করিয়াছেন ইহা সর্বশাস্ত্র সিদ্ধান্ত সম্মত বটে।

১৪৫ পৃঠের শেষে লিখেন যে "কখন ভাকতর্ক্তানী কখন বা ভাক বামাচারী" এবং ১৩০ পৃঠেও এই রূপ পুনঃ পুনঃ কখন আছে, কিন্তু ধর্মসংহারকের এরূপ লিখিবাতে আশ্চর্য্য, কি যেহেতু তাঁহার এ বােধও নাই যে কুলাচাব সর্বাধা ব্রহ্মজ্ঞান মূলক হয়েন। সর্বাত্ত সংস্কার বিষয়ে বামাচারের মন্ত্র এই হয় (একমেব পরং ব্রহ্ম স্থূলস্ক্ষময়ং ধ্রুবং) এবং দ্রবাশোধনে সর্বাত্ত বিধি এই (সর্বাহ ব্রহ্ময়ং ভাবয়েৎ) এবং কুলধাতুর অর্থ সংস্ত্যান, অর্থাৎ সমূহ অর্থে বর্ত্তে, অতএব সমূহ যে বিশ্ব তাহা কুল শব্দের প্রতিপাদ্য যাহা মহাবাক্যের তাৎপর্য্য হইয়াছে। কুলার্চন দীপিকার্মত তন্ত্র বচন (অনেকজ্মানায়েত্ত কৌলজানং প্রপদ্যতে। ব্রতক্রত্তপত্তীর্থদানদেবার্চনাদিষ্। তৎফলং কোটিগুণিতং কৌলজানং নচান্যথা। কৌলজানং তত্ত্জানং ব্রহ্মজানং তত্ত্ত্তেত) তথাচ (জীবং প্রকৃতিতর্প্ত লিক্কালাকাশ্যের চ। ক্ষিত্যপ্তেকোবায়বশ্চ কুলমিত্যভিধীয়তে।

ব্রহ্মবৃদ্ধ্যা নির্বিকম্পেং এতেখাচরণঞ্চ রং। কুলাচরঃ সএবাদ্যে ধর্মাকামার্থ-মোক্ষদঃ।)

১৬৮ পৃষ্ঠে ১৭ পংক্তিতে লিখেন যে " স্ব স্থ উপাসনা শব্দেই বা তাঁহার অভিপ্রেত কি—যদি ব্রহ্মোপাসনাই হয় তবে ব্রহ্মের উদ্দেশে পশুখাতের ও নিবেদনের বিধি ও মন্ত্রাদি কোন্ শাস্ত্রে লিখিত আছে তাহা জানিতে ইচ্ছা করি।" উত্তর।—যাঁহার কিঞ্চিৎও শাস্ত্রজ্ঞান আছে তিনি অবশাই জানেন যে দেবতারাই কেবল যজ্ঞাংশ ভাগী হয়েন অতএব পরব্রহ্মের উদ্দেশে পশুঘাতের ও নিবেদনের বিধি ও মন্ত্রাদি কোন্ শাস্ত্রে লিখিত আছে এ প্রশ্ন করা সর্ব্ব প্রকারে অযোগ্য হয়, বস্তুত (ব্রহ্মার্পনং ব্রহ্মহবির্বাহ্মার্য্যে ব্রহ্মণ হতং। ব্রহ্মব তেন গন্তব্যং ব্রহ্মকর্ম্মাধিনা) এবং (ব্রহ্মার্পণেন মন্ত্রেণ পানভোজনমাচরেৎ) এই প্রমাণামুসারে ব্রহ্মার্পণ মন্ত্রের উল্লেখ পূর্বক ব্রহ্মনির্চের পান ভোজন বিহিত হয় এবং পর্ব্রহ্মের সর্ব্ব ময়ত্ব প্রযুক্ত ও তদ্তির বস্তুর যথার্গত অভাব প্রযুক্ত, পান ভোজন মেব্যের নিবেদন তাঁহার প্রতি সম্ভব নহে। অধিকন্ত অন্য দেবতার উদ্দেশে দত্ত যে সামগ্রী তাহা ভক্ষণের নিষেধ ব্রহ্মনিষ্ঠ গৃহস্থের প্রতি নাই, ধর্মসংহারক আপনিই স্বীকার করিয়াছেন যে অন্যে অন্যের নিবেদিত দ্রব্য ভোজন করিতে পারেন

১৫১ পৃঠে ৫পংক্তিতে লিখেন যে "অনিবেদ্য ন ভুঞ্জীত মংস্যমাংসাদি কিঞ্চন" এবচনে মৎস্য মাংসাদি তাবৎ ক্রবারি স্বতঃ কিন্তা পরতঃ সামান্যত দেবতাকে অনিবেদিত ভোজনের নিষেধ প্রাপ্ত হইতেছে, অন্যথা অন্যে অন্যের নিবেদিত ক্রব্য এবং এক দেবতার উপাসক দেবতান্তরের. প্রসাদ ভোজন করিতে পারেন না" এরপ কথনের দ্বারা ইহাও স্বীকার করিয়াছেন যে কোন দেবতা বিশেষের নৈবেদ্য ভোজন দ্বারা সেই দেবতা বিশেষের উপাসক হয় না।

১৪৭ পৃঠে ১৪ পংক্তিতে লিখেন যে "বেদোক্তেন বিধানেন ইত্যাদি
মহানির্বাণ বচনে লোকযাত্রা শব্দে কেবল মদ্য মাংস ভোজনাদি এই অর্থ
কি মহাদেব তাঁহার কাণে কাণে কহিয়াছেন" আমাদের প্রথম উত্তরের
২৩৬ পৃঠে এ পূর্বেশক্ত বচনের অর্থ এই রূপ লিখা গিয়াছে যে (জানে

গাহার নির্ভর ডিনি সর্ব্ব যুগে বেদোক্ত বিধানে আর কলিযুগে বেদোক্ত কিম্বা আগমোক্ত বিধানে লোকাচার নির্ব্বাহ করিবেন" অর্থাৎ ব্রহ্মনিষ্ঠের লৌকিক ব্যবহার কলিতে আগমোক্ত বিধানে করিতে সমর্থ হয়েন, এই বিবরণে মদ্য মাংস ভোজন এশব্দও নাই, তবে সর্ব্বদা মদ্য মাংস খাইবার লালসাতে ধর্মসংহারক স্বপ্পে এবং জাগ্রদবস্থায় কেবল মদ্য মাংসই দেখিতে পান, স্বতরাং এরপ প্রশ্ন করা তাঁহার কি আশ্চর্য্য যে (লোক-বাত্রা শব্দে কেবল মদ্যমাংসাদি ভোজন এই অর্থ কি মহাদেব তাঁহার কাণে কাণে কহিয়াছেন) বস্তুত শাস্ত্র কর্তাদের গ্রন্থ প্রকাশের তাৎপর্য্য এই যে ঐ সকল শান্ত্র মমুষ্যের সাক্ষাৎ কিম্বা পরম্পরায় কর্ণগোচর হয়, অতএব ভগবান মহেশ্বর ঐ বচন প্রাপ্ত " যাত্রা " শব্দের অর্থ আমাদের কর্ণে পরস্পরায় ইহা কহিয়াছেন যে সাংসারিক ব্যবহার অর্থাৎ সংস্কার ও বিভোপার্জ্জন, পোষ্যবর্গ পালন ও আহারাদি, যাহা গৃহস্থের জন্যে ইহ-লোক নির্ব্বাহে জাবশ্যক, তাহা আগমোক্ত বিধানে সম্পাদন করিবেন (লোকস্তু ভূবনে জনে ইত্যমরঃ, ঘাত্রা স্যাৎ পালনে গতৌ ইতি) এবং ভগবান শ্রীধরস্বামী (শরীর যাত্তাপি চ তে ন প্রসিদ্ধোদকর্মনঃ) এই গীতা বচনের অর্থে লিখেন যে, কর্মমাত্রও যদি তুমি না কর তবে শরীর নির্কাহ ও হইতে পারে না, এন্থলে শরীর যাতা শব্দে শরীর নির্বাহ জীধর শ্বামীর কর্ণে ভগবান ক্লফ কহিয়া ছিলেন কি না ইহার নিশ্চয ধর্মসং-ছারক অদ্যাপি বুঝি করেন না। আর ঐ বচন অবলম্বন করিয়া ১৪৭ পুর্চ্চে ১৭ পংক্তিতে দ্বিতীয় প্রশ্ন করেন যে (এ বচনে জ্ঞানিদের স্ব স্ব ধর্মামুদারে নিবেদিত মাংদাদি ভোজনই বা কি রূপে প্রাপ্ত হয় "। **উদ্ভর।—আগমোক্ত বিধানে যদি সংসার নির্ব্বাহার্থ আ**হারাদি করিতে বন্ধনিষ্ঠ সমর্থ হইলেন তবে ব্রন্ধার্পণ সংস্কারে আগম বিহিত মাংসাদি ভোকন অবশ্য প্রাপ্ত হইল ইহার বিশেষ বিবরণ পরিচেছদের শেষে লিখা গেল পণ্ডিতেরা যেন অবলোকন করেন। আমরা প্রথম উত্ত-রের ২৩৬ পৃষ্ঠে লিখিয়াছিলাম যে (ধর্ম সংস্থাপনাকাজ্জিরা কি রূপে জানিয়াছেন যে অনিবেদিত মাংস ভোজন ও পরম হর্ষে ছেদন কেহ কেহ করিয়া থাকেন তাহার বিশেষ লিখেন নাই তিনি কি ছত্তৎ কালে উপস্থিত হইয়া নৃত্য কি উৎসাহ করিতে দর্শন করিয়াছেন" ইহার উত্তরে ধর্ম্মসংহারক ১৩৫ পৃষ্ঠে লিখেন যে "ভাক্ততম্বজ্ঞানির কি ভ্রান্তি, দর্শনের অপেক্ষা কি, দশের মুখে কে হস্ত প্রদান করে দশের বচনই. সত্যাসত্যের প্রমাণ হয়"। উত্তর ।—দশের মুখই প্রমাণ এই নিয়ম যদি ধর্ম সংহারক করেন তবে এ বিশিষ্ট সন্তান আমাদের প্রতি যে পান ও হিংসার উল্লেখ করেন ততােধিক ঐ দশ মুখ প্রমাণ দ্বারা তাঁহার অতি মান্যের ও অভি প্রিয়ের বর্ণন বাহলা আছে কিন্তু আমরা সে উদ্বেগ জনক বাক্য কহিব না।

১৪৮ পৃষ্ঠে লিখেন যে " অতি শিশু ছাগলকে অল্প মূল্যে ক্রয় করিয়া কাহার বা পুরুষাঙ্গ হীন পূর্ব্বক উত্তম আহারাদি দ্বারা পালন করত— অঙ্গুলির ছারা ভোজনের উপযুক্ততামূপযুক্তত্ব পরীক্ষণ করিয়া যথন বিলক্ষণ ছফ্ট পৃফীঙ্গ দর্শন করেন তৎকালে পরম হর্ষে বন্ধু বান্ধবের সহিত স্বহন্তে বহু প্রহারে ছেদনানন্তর স্বোদর পূরণ করিয়া থাকেন " উত্তর।—এরপ অলীক কথন যাহার স্বাভাবিক চিত্ত তাহা হইতে কদাপি হয় না, যদ্যপি এ অমূলক মিথ্যার সমুচিত উত্তর এই ছিল যে হিন্দুর দর্ববিথা অভক্ষ্য যে পশু তাহার বৎদের ঐ রূপ পালন ও পরে হিংদন ধর্মসংহারক স্বয়ং করিয়া থাকেন কিন্তু অদ্যাবধি কে কোথায় অলীক বক্তা বালীকের সহিত রাগান্ধ হইয়া অলীক কথন করিয়াছেন। ১৪৬ ও ১৪' পুঠে যাহা লিখেন তাহার তাৎপর্য্য এই যে এক ব্যক্তি পণ্ডিত সভাতে আপনাকে বৈদিক, স্মার্ত্ত, তান্ত্রিক, রূপে প্রকাশ করাতে তাঁহা-দের বিচার দ্বারা আপনাকে পশ্চাৎ কৃষি কর্মকারী স্বীকার করিলেন। উত্তর।—পণ্ডিত সভাতে এরপ অপণ্ডিতের পাণ্ডিত্য প্রকাশে তাহার কেবল লক্ষাকর হয়, সেইরূপও অপণ্ডিতমণ্ডলীতে যথার্থ কথনের দারা পণ্ডিতও অপমানিত হইয়াছেন ইহাও প্রুত আছে বেমন মূর্থদের সভাতে কোনো এক পণ্ডিত শাক, শাল্মলি, বক, ইহা কহিয়া তিরস্কৃত হইয়া-ছিলেন বেহেতু তাহারা শাগ শিমূল বগ ইহাকেই শুদ্ধ জ্ঞান করিত। ত্থা-মরা প্রথম উত্তরের ২৩৬ পৃষ্ঠে লিখি যে "পরমেশবের জন্ম মরণ চৌর্য্য পারদার্য্য ইত্যাদি দোষকে যথার্থ জানিয়া অপবাদ দিতে পারেন" তাহার উত্তরে প্রথমত ১৪১ পৃঠে ৭ পংক্তিতে লিখেন যে " শ্রীভগবানের জন্ম ও মরণ কি প্রকারে অযথার্থ কহা যায়" এবং জনন মরণের প্রমাণের উদ্দেশে গীতা, বিষ্ণু পুরাণ, অগস্তাসংহিতাদির বচন লিথিয়াছেন পরে আপনি এই পূর্বোক্ত বাক্যের অন্যথা করিয়া সিদ্ধান্তে ১৪৩ পৃঠে ১৩ পংক্তিতে লিগেন "অতএব পরমেশ্বরের জন্ম মৃত্যু শব্দ প্রয়োগ লোকের ব্যবহারিক মাত্র কিন্তু বাস্তব নহে" অধিকন্ত ১৪৫ পৃঠের ১ পংক্তিতে লিখেন যে " পরমার্থ বিবেচনায় মহুষ্যেরও জন্ম মৃত্যু কহা যায় না "। উত্তর।—এপ্রমাণ বটে যে কি জীবের কি ভগবান্ রামক্বক্ষ প্রভৃতির " পরমার্থ বিবেচনায় জন্ম মৃত্যু কহা বায় না" তবে কি প্রকারে ১৪১ পৃঠে ৭ পংক্তিতে ধর্মসংহারক লিখিলেন যে " ভগবানের জনন ও মরণ কি প্রকারে অযথার্থ কহা যায়" এখন বিজ্ঞ ব্যক্তিরা বিবেচনা করিবেন যে আমরা লিখিয়া ছিলাম যে ধর্ম সংহারক পরমেশ্বরে জন্ম মরণাদি দোষ যথার্থ বোধে দিতে পারেন তাহা তাহাদেরই প্রথম বাক্যামুসারে প্রমাণ হইল কি না।

ভগবদ্ধীতা শ্লোকের অর্থকে যে অন্যথা কম্পেনা করিয়াছেন তাহাব যথার্থ বিবরণ লিখা আবশ্যক জানিয়া লিখিতেছি (বহূনি মে ব্যতীতানি) এই প্লোকের ব্যাখ্যাতে ১৪১ পৃষ্ঠে ১৫ পংক্তিতে লিখেন যে "আমি মায়া রহিত একারণ আমার সকল স্মারণ হয়" কিন্তু শ্রীধরস্বামী লিখেন ে (অলুপ্তবিদ্যাশক্তিত্বাৎ) অর্থাৎ আমার বিদ্যা মায়া, যাহার প্রকাশ স্বভাব হয়, স্বতরাং আমার সকল স্মরণ হয়। এবং ইহার পর ল্লোকে স্পায়ট্ট কহিতেছেন (প্রাকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবান্যাক্সমাযয়া) আমি শুদ্ধ সত্ত সরপ আপন মায়াকে স্বীকার করিয়া শুদ্ধ ও তেজবি সরাত্মক মূর্তি বিশিষ্ট হইয়া অবতীর্ণ হই। অতএব মূর্ত্তি যদাপিও বিশুদ্ধ,তেজস্বি, সক্ গুণাত্মক, হয়েন তথাপিও দে মায়াকার্য্য। এবং ঐ অর্থকে আরো দৃঢ করিতেছেন শারীরক ভাষ্যধত স্মৃতি (মায়া ছেষা ময়া স্সটা যন্ত্রাং পশ্যসি নারদ। সর্বভৃতগুলৈ যুক্তিং নৈবং মাং জ্ঞাতুমর্হসি) হে নারদ সর্বভৃত র্ণ্ডণ বিশিষ্ট আমাকে যে দেখিতেছ এমায়ার স্থায়ী আমি করিয়াছি কিন্তু এরূপ আমাকে যথার্থ জানিবে না। অধ্যাত্ম রামায়ণ (পশ্যামি রাম ত্ব রূপমরূপিণোপি মায়াবিড়ম্বনকৃতং স্থমনুষ্যবেশং) হে রাম রূপহীন যে তুমি তোমার যে এই স্থদর মন্ত্রা বেশ দেখিতেছি সে কেবল মায়া

বিজ্বনাতে ক্বত হয়। দেবী মাহাত্মা (বিষ্ণু: শরীরগ্রহণমহমীশানএবচ। কারিতান্তে যতোহতন্তাং কঃ স্তোতুং শক্তিমান্ ভবেৎ) অর্থাৎ যেহেতু বিষ্ণ ও আমি এবং মহাদেব আমরা যে শরীর গ্রহণ করিয়াছি, হে মহামায়া,সে তুমি আমাদের দ্বারা করিয়াছ অতএব কে তোমাকে ন্তব করিতে সমর্থ ह्य। विक्षुत अनिरविषठ भएमा भाष्म ভোজনের विवरत एवा कालरनत নিমিত্ত ১৫২ পৃষ্ঠে ১০ পংক্তিতে লিখেন (যদি স্বীয় ইক্ট দেবতাকে অনি-বেদ্য যে দ্রব্য তাহাতে প্রবৃত্তি হয় তবে স্বতঃ কিম্বা পরতঃ দেবতান্তরের নিবেদিত করিয়া ভোজনে তাঁহার বাধা কি যেহেতু দেবতাকে অনিবেদিত দ্রবোর ভোজনেই শাস্ত্রীয় নিষেধপ্রাপ্ত হইতেছে"। উত্তর।—এবিধি বিষ্ণ্-পাসকের প্রতি সম্ভবে না, যে হেতু স্মার্তম্বত বহন্চ গৃহ্খ পরিশিক্ট বচনে এবং নানা বৈষ্ণব শাস্ত্রের প্রমাণে বিষ্ণৃপাসকের অন্য দেবতা নৈবেদ্য ভক্ষণে প্রায়শ্চিত্ত শ্রুতি আছে যথা (পবিত্রং বিষণুনৈবেদ্যং স্করসিন্ধ-বিভিঃ স্মৃতং। অন্যদেব্দ্য নৈবেদ্যং ভুক্তা চাক্রায়ণং চরেৎ। দেবতা, সিদ্ধগণ ও ঋষি সকল ইহাঁরা বিষ্ণু নৈবেদ্যকে পবিত্র করিয়া জানেন অন্য দেবতার নৈবেদ্য ভক্ষণ করিয়া চান্দ্রায়ণ ব্রত করিবেক। বাস্তবিক এই ব্যবস্থার দ্বারা ইহা জানাইয়াছেন বে ধর্মসংহারকের মৎস্যাদিতে এপর্য্যস্ত লোভ যে তাঁহার স্বীয় ইফ্ট দেবতার অনিবেদিত হইলেওতাহাকে স্বত কিম্বা পরত দেবতাস্তরকে দিয়া ভোজন করেন, অতএব ১৪৮ পৃষ্ঠে যাহা লিখেন "্যদি পঞ্চ দেবতার মধ্যে দেবতা বিশেষের উপাসনা হয় তবে কেবল ভোজন কালেই শারণ প্রযুক্ত স্থতরাং তেঁহ ভাক্ত কর্মির অস্তঃপ্রবিষ্ট হইবেন " সেই কথনের বিষয় তেঁহ আপনিই হইলেন कि ना।

১৫৩ পৃঠে লিখেন যে "ধর্ম সংস্থাপনাকাজ্জির সজ্জনতাতে ভাক্ততত্ত্ব জানির মংসরতার ভ্রম এবং ভাক্ততত্ত্বজানির প্রারন্ধের ভোগে ধর্ম সংস্থা-পনাকাজ্জির ঐহিক ভোগের ভ্রম, সজ্জনের এই স্বভাব যে সম্বংসজাত ব্যক্তি সকলকে অসৎ কর্ম্মে প্রায়ন্ত দেখিলে তাঁহাদিগ্যে সতুপদেশ দারা নির্ত্ত করান তাহাতেও যদি না হয় তিরক্ষার করিয়া থাকেন" উত্তর।— কোন কোন ব্যক্তি বিশেষেরা দেদীপ্যমান শাস্ত্রের প্রমাণের দারা যে কৃর্ম করেন তাহাকে অন্য কোনো ব্যক্তি অসৎ কর্ম্ম রূপে প্রমাণ করিবার ইচ্ছুক হইয়া পরে প্রমাণ করিতে অসমর্থ হইয়াও সেই সকল ব্যক্তির প্রতি কুকর্মি ও তাঁহাদের আহারকে অশুচি ইত্যাদি পদের উল্লেখ করেন, ইহাতেও তাঁহাকে মৎসর না কহিয়া যদি স্কজনের মধ্যে গণিত করা বায় তবে তুর্জন ও মৎসর পদের বাচ্য প্রায় ত্র্লভ হইবেক। বস্তুত সজ্জনের যদি কাহারো আহারকে দূষ্য ও কর্মকে নিন্দিত জানেন তথাপি যে পর্যায় বিচার পূর্ব্বক তাহার দূষ্যত্ব প্রমাণ না করিতে পারেন কদাপি ভোজা ও ভোক্তার প্রতি ত্র্বাক্য কহেন না, বরঞ্চ বিচারে পরান্ত করিলেও তাঁহার সৌজন্যের বাধ্য হইয়া নীচের ভাষা কদাপি কহিতে সমর্থ হয়েন না।

১৫৫ পৃষ্ঠে লিখেন "কেহ কাহারো প্রারন্ধ কর্মের জ্যোগ কদাচ নিবারণ করিতে পারেন না তাহার প্রত্যক্ষ প্রমাণ কীট পক্ষি গবাদি ও শ্কর ইহারা উত্তম আহার দ্বারা গৃহস্থের গৃহে প্রতিপালিত হইলেও প্রারন্ধের ভাগে পতক উচ্ছিস্ট পত্র ও মলমূত্র ভক্ষণে ব্যাকুল হয়"। উত্তর।—এ উদাহরণের দ্বারা ধর্মসংহারক স্বহস্ত লগ্ন খজোর দ্বারা আপন মন্তক্ষেদ্দ করিয়াছেন, যেহেতু বিশেষ ধনবক্তা থাকিতেও পশুরও অগ্রাহ্ম দ্বাকে সর্বাত্রে ভক্ষণ করিতেছেন আর দেবতা এবং বশিষ্ঠাদি ঋষিরা ও রামরুল প্রভৃতি মৃর্তিরা যে মাংস ছর্লভ জানিয়া আহার কবিতেন, তাহা ত্যাগ করিয়া পর্যা্ষিত শাক ও তিক্ত পত্রাদিকে অতি প্রিয় আহার জ্ঞান করেন অত্তর্ব তাঁহার প্রতিই তাঁহার উদাহরণ অবিকল সক্ষত হয়।

১৫৬ ও ১৫৭ পৃঠে গীতার বচনামুসারে আহারের সান্থিকতা ও তাম-সতা কহিয়াছেন "যে ভোগা ভোক্তার আয়ু, উৎসাহ, বল, আরোগা, স্লুখ প্রীতির বর্দ্ধক এবং মধুর স্লিগ্ধ স্থির ও হালাত হয় সেই ভোজন সান্থিকের প্রিয় তাহার নাম সান্থিক—প্রহরাতীত, বিরস, ছুর্গন্ধ, পর্যাধিত, উচ্ছিন্ট, অথবা অস্পূর্ণা এই প্রকার যে কর্দ্ধ্য ভোগ সেই তামসদিগের প্রিয় তাহার নাম তামসিক"। উত্তর।—বিজ্ঞ লোক ঐত্বই বচনের অর্থ বিবেচনা করিবেন যে আয়ু উৎসাহ বল আরোগ্য ইত্যাদি বর্দ্ধন গুণ ন্বত মাংসাদি আহারে থাকে কি খাস মৃত্যৎস্য ইত্যাদি আহারে জন্মে। এবচনম্ব (রুদ্যা:) এই পদের অর্থ প্রীধরস্বামী লিখেন যে (সুস্বস্কঃ) ধর্মসংহারক निर्देश (भर्तः) जात त्यव वहमञ्च (जरभगः) अहे शामत जर्व सामी লিখেন যে (অভক্ষ্য কলপ্পাদি) কিন্তু ধর্মসংহারক লিখেন (অসপূশ্য) সংপ্রতি পূর্ব্বোক্ত বিবরণকে বোধ স্থগমের নিমিক্ত সংক্ষেপে লিখিতেছি, সাঞ্জামতে এবং অন্য কোন কোন শাল্পে বৈধ হিংসাত্ত পাপ লিখিয়া-চ্চেন, পরস্ক মধাদি স্থৃতি ও মীমাংসা, বেদাস্তাদি শাস্থ্রে ও ভগবদ্ধীতাতে এবং প্রাচীন নব্য সংগ্রহেতে বিহিত হিংসা পাপ জনক নহে ইহা লিবেন, তাহাতে ভগবান মহেশ্বর বিহিত হিংসাকে যুক্তি দ্বারা সমত করিয়া ভূরি তদ্ধে তাহার কর্ত্তবাতার আজ্ঞা দিয়াছেন,তথাচ কুল তদ্ধে (জলং জলচব্রৈ-মিঞং ছুগ্নং গোমাংসনিঃস্তং। অব্লানি নেদজাতানি নিরামিষাং কথং ভবেৎ) অর্থাৎ লোকে নিরামিধা ভোজনের সম্ভাবনা নাই যেহেতু জল পান ব্যতিরেকে মহুষ্যের প্রাণ ধারণ হয় না সে জল মৎসা, শামুক ও ভেক, সর্পাদির ক্লেদে মিশ্রিত হয় এবং জলীয় কীট যাহা ক্লম দর্শন যন্ত্রের দ্বারা সকলেরি প্রত্যক্ষ সিদ্ধ সেই সকল কীটেতেও জল পরিপূর্ণ হইয়াছে অতএব জল পান দ্বারা ঐ ক্লেদ পান ও কীট ভক্ষণ হইতে পরি-ত্রাণ নাই, সেই রূপ ছুগ্ধ গোমাংস হইতে নিঃস্ত হয় যেহেতু গাবীর আহারের পরিমাণে ও আহারের গন্ধারুদারে ত্ত্ত্বের পরিমাণ ও গন্ধ হইয়া থাকে ইহা দেখিয়াও বয়:প্রাপ্ত জ্ঞানবান ব্যক্তিরা তাহা পান করেন আর তাবং অন্ন গোধুমাদি মধুকৈটভের শরীর যে এই মেদিনী ভাহা হইতে উৎপন্ন হয়, এবং মত্মাও প্রাদি তাবৎ জীবের মৃত শ্রীর ও শ্রীরের जाक क्रिप देश প্রতাক মৃত্তিকা রূপে অম্পাকালেই পরিণত হইতেছে याशांत भनामि छेरभन दय, भारत मिहे भना नकालत আहात हहेगाहि। বিশেষ আশ্চর্যা এই যে যাঁহারা বিহিত আমিব্য ভোজনে উৎসাহ পূর্বক নিন্দা করেন তাঁহারাই স্বয়ং অবিহিত আমিষ্য ভোজন বার্ঘার করিয়া থাকেন। গুড় চিনি প্রভৃতি ক্রব্যে পিপীলিকা কীটাদি পতিত হইবাতে তাহার শরীর নির্গত রদে ঐ সকল বস্তু মিশ্রিত হয়, তাহা প্রত্যক্ষ দেৰিয়া সেই সেই জব্যকে পান যোগ্য করিবার নিমিত্ত জল সংযুক্ত করেন, পরে होनिवात मगरत के जरवात ७ मृज निनीनिकी की गिनित कून जश्म निन ত্যাগ করিয়া পুৰুষ অংশের গ্রহণ করিয়া থাকেন, সেই দ্লপ ঘুড়ানিডে পতিত কীট পিপীলিকাদির রসকে অনি সংযোগ দারা নিংস্ত করিয় পরে ছানিবার দারা তাহার ছুল অংশ বর্জ্ঞন ও শৃক্ষম অংশ গ্রহণ করেন, সেই রূপ প্রত্যক্ষ সিদ্ধ মৃত মক্ষিকা ও তাহার বৎস ও ক্লেদ এসকল সদ্ধাত চাকের পিজ্পীড়ন পূর্বেক মধুগ্রহণ ও পান করেন। এই রূপ নানাবিধ প্রত্যক্ষ সিদ্ধ আমিষ ভোজন শত শত বচন থাকিলেও বস্তুত নিরামিষা ভোজন হইতে পারে না, তবে বচন বলে এসকলের দোষ নিবারণের যত্ত্ব করা উভয় পক্ষেই সমান হয় অর্থাৎ বিহিত মাংস ভোজনের নির্দোধত্বে এই রূপ শত শত বচন আছে। অতএব বাস্তবিক নিরামিষ্যের অসম্ভাব্য প্রযুক্ত অবিহিত আমিষের নিষেধ পূর্বক বিহিত আমিষের বিধান ভগবান পরমারাধ্য করিভেছেন,কুলার্গবে (ভৃপ্তার্থং সর্বদেবানাং ব্রক্ষজ্ঞানোম্ভবায় চালেতে মধুমাংসানি ভৃষ্ণয়া চেৎ সপাতকী) সর্ব্ব দেবতার ভূষ্টির ও ব্রক্ষজ্ঞানের উৎপত্তি নিমিত্ত মধু ও মাংস সেবন করিবেক, লোভ প্রযুক্ত অবিহিত ভোজন করিলে পাতকী হয়। ইতি ভৃতীয় প্রশ্নোত্তরং ॥

চতুর্থ প্রশ্নের উত্তর।

ধর্মসংহারক ১৬০ পৃঠে (যৌবনং ধনসম্পত্তি: প্রভূত্মবিবেকতা একৈকমপানর্থায় কিমু তত্র চতুষ্টায়ং) এই মোককে অবলম্বন করিয়া ১৯ পংক্তি অবধি লিখেন যে "এই নীতি শান্তের বচনের তাৎপর্য্য নহে যে এই যৌবনাদি চতুষ্টায় ব্যক্তি মাত্রেরি অনর্থের কারণ কিন্তু ছুঃশীল তুর্জ্জনদিগের সকল অনর্থের সাধন হয়" এবং রাবণ ও বিভীষণাদির দৃষ্টায় দিয়া পরে ১৬১ পৃঠের ১২ পংক্তিতে লিখেন যে "ইদানীস্তন অনেক ছুর্জ্জন ও স্থজনেরও যৌবনাদিতে দৌর্জ্জন্য ও সৌজন্য প্রকাশ হইতেছে।" উত্তর।—আমাদের প্রথম উত্তরে সামান্যতঃ কথন ছিল যে কেহ পিতা অবর্ত্তমানে যৌবন, ধন, প্রভূত্ব, অবিবেকতা প্রযুক্ত অনর্থ করিতেছেন; কেহ বা পিতা বিদ্যমান প্রযুক্ত ধন ও প্রভূত্ব তাহার নাই কেবল যৌবন ও অবিবেকতা প্রযুক্ত নানা অনুর্ধ্ব রাই। তাহাতে আমা-

দের এই বাকাকেই ধর্মসংহারক বস্তুত আপন প্রত্যুত্তরে দৃঢ় করিয়াছেন যে যৌবন, ধন, ইত্যাদি ছুর্ক্জনেরি অনর্থের কারণ হয়, সংপ্রতিক ব্যক্তির কার্য্য দেখিয়া দৌর্ক্জনা কিছা সৌজন্য বিবেচনা করা উচিত,—ধর্মসংহারকের সেরূপ বিভব ও অমাত্য ও সৈন্য সেনাপতি নাই যে যাহার প্রতি দেব হয় তাহাকে বধ কিছা দেশ হইতে নির্যাপন রূপ অনর্থ করিতে পারেন, কেবল কিঞ্চিৎ বিভব আছে যাহার দ্বারা দ্বাপা করিবার ব্যয়ে কাত্র না হয়েন, তাহাতেই প্রমত্ত হইয়া শান্ত্রীয় বিচার স্থলে প্রশ্ম চতুস্ট্রের ও প্রত্ত্তরের দ্বলে এরূপ ছুর্ক্রাক্য, যাহা অতি নীচেও কহিতে সঙ্কোচ করে, তাহা স্কলন ও অন্যকে কহিয়া নানা অনর্থের মূলীভূত হইত্তেদেন, যদি শান্ত্রীয় বিচার অভিপ্রেত দিল তবে চণ্ডাল, কুরুর, শৃকর, ইত্যাদি পদ প্রয়োগ বিনা কি শান্ত্রীয় বিচার হইতে পারে না। এবং ঐ পৃষ্ঠেতে আপন সৌজন্যের প্রমাণ লেখেন যে "কেহ কেহ ধর্ম্ম সংস্থাপনাকাক্ষ্রী রূপে বিখ্যাত" যদি স্বগৃহীত নাম লোকের সদ্গুণের প্রমাণ হয় তবে মনসাপোতার দ্বিরাজ সর্কেবিত্রম রূপে মান্য কেন না হয়েন।

১৬২ পৃঠের শেষে লিখেন যে "স্থানীল স্কল দিগের—র্থা কোশ ছেদন, স্বরাপান, দিখিদা ভক্ষণ,জবনী গমন ও বেশ্যা দেবন সর্বকালেই অসম্ভব"। উত্তর !—এ যথার্থ বটে, অতএব ধর্মসংহারকে যদি ইহার ভূরি অস্থান দৃষ্ট হয় তবে ত্র্জ্জন পদ প্রয়োগ তাঁহার প্রতি সঙ্গত হয় কি না ? শৈব ধর্মে গৃহীত স্ত্রীকে পরস্ত্রী কহিয়া নিন্দা করিয়াছেন, অতএব জিজাসি যে বৈদিক বিবাহে বিবাহিত স্ত্রীসঙ্গে পাপাভাবে কি প্রমাণ ? সেও বাস্তবিক অর্জ্জাঙ্গ হয় না, যদি স্কৃতিশাস্ত্র প্রমাণে বৈদিক বিবাহিত স্ত্রীর স্ত্রীত্ব ও তৎসঙ্গে পাপাভাব দেখান তবে তান্ত্রিক মন্ত্র গৃহীত স্ত্রীর স্ত্রীত্ব কেন না হয়, শাস্ত্র বোধে স্থৃতি ও তত্ত্ব উভ্রেই তুল্য রূপে মান্য হইয়াছেন একের মান্যতা অন্যের অমাদ্যতা হইবাতে কোনো যুক্তি ও প্রমাণ নাই।

১৬৩ পৃঠে ৪ পংক্তিতে স্বিদার স্থরাতুলাতে প্রমাণ চাহিয়াছেন। উত্তর।—বে শাল্লাস্থসারে মন্ত্র গ্রহণ ও উপাসনা করিতেছেন, সেই শাল্লেই দিব্য, বীর, প্লশু, তিন ভাব উপাসকেদের লিখেন, ভাহাতে, পশু ভাবে নামক দ্রব্য মাত্রের নিষেধ করিরাছেন, যথা কুলার্চন চক্রিকা গ্লত কুরিক্লকাতন্ত্র পেত্রং পুস্পং ফলং তোয়ং স্বয়মেবাহরেৎ পশুঃ—ন পিবেম্বাদ-কদ্রব্যং নামিষঞাপি ভক্ষয়েৎ) তথা (সম্বিদাসবয়োর্মধ্যে সম্বিদেব গরীয়নী)

১৬৩ পৃঠে ৬ পংক্তিতে লিখেন যে "ধর্ম সংস্থাপনাকাজ্ঞিদের কোনো কোনো ব্যক্তির যৌবনাবস্থাতেও কেশের শুক্রতা দৃষ্ট ইইতেছে, যদি তাঁহারা জ্বনের কৃত কলপের দ্বারা কেশের কৃষ্ণতা করিছেন তবে শুক্রতার প্রজ্ঞাক্ষ কি সপক্ষ কি বিপক্ষ কাহারো হইত না"। উত্তর।—ধর্ম সংহারকের নিয়মই এই যে প্রত্যক্ষ অপলাপ ও অযথার্থ কথনের দ্বারা ক্ষাধকে প্রতারণা করিবেন, অদ্যাবধি এমত কলপ কোথায় ক্ষাম্থিয়াছে যে এক্বার গ্রহণে কেশের শুক্রতা কি সপক্ষ কি বিপক্ষ কাহারও প্রত্যক্ষ না হয় ? কলপ দিবার ছুই তিন দিবস পরে কেশ রক্ষি হইবার দ্বারা তাহার মূলের শুক্রতা সপক্ষ বিপক্ষ সকলেরি প্রত্যক্ষ হয়। আর এই পৃঠের শেষে ধর্মসংহারক বুঝি সপ্রে দেখিয়া লিখিয়াছেন যে অন্মাদাদির মধ্যে কোনো কোনো ব্যক্তি কৃত্রিম দস্ত ও মেষের ন্যায় বক্ষংস্থলের লোম মুখন ও সমুদায় মন্তকের মুখন করিয়া থাকেন, এ উন্মন্ত প্রলাপের কি উত্তর আছে, যদি কোনো ব্যক্তি অন্মাদাদির মধ্যে বার্দ্ধক্যের প্রভাকন, যাহা আমরা জ্ঞাতা নহি, তবে তিনি ধর্মসংহারকেরই তুল্য এতদংশে ইইবেন।

১৬৪ পৃঠে ১১ পংক্তিতে লিখেন যে (যদি প্রধান ভাক্ত তত্ত্ঞানির মানিত হইরা কোনো কোনো কুদ্রে ভাক্ত তত্ত্বজানী মিথা। বাণী কহেন যে ধর্ম সংস্থাপনাকাজ্জি দিগের মধ্যেও কোনো কোনো ব্যক্তিকে জবনী গমনাদি করিতে আমরা দর্শন করিয়াছি, তবে সেই সেই সাক্ষির প্রামাণ্য কি রূপে হইতে পারে, যেহেতু শাস্ত্রে তাদৃশ হুস্ট ব্যক্তিদিগের অসাক্ষিত্ত কহিতেছেন)। উত্তর ।—প্রামাণ্য ভয়ে সাক্ষিকে হুস্ট কহা কেবল ধর্মসং-রকেরই বিশেষ স্বভাব হয় এমত নহে, কিন্তু সামান্যত চোর ও ব্যভিচারী তত্তদোষ প্রমাণ হইবার সময়ে সাক্ষিকে হুস্ট ও অপ্রমাণ কহিয়াই থাকে, বরঞ্চ গ্রামের সকল লোককে আপন বিপক্ষ কহিয়া নিস্তারের পথ অবেষণ করে, কিন্তু চোর হুরাচার জগতের মুখ ক্ষ করিয়া দ্বাকার বলে করে

নিস্তার পাইয়াছে। ১৬৭ **পৃ**ষ্ঠে ১৬ **প**ংক্তিতে ধর্মসংহারক লিথেন রে "প্রাগাদি সপ্ত আর প্রায়শ্চিত চূড়া এই নয় প্রকার কেশ ছেদের নিমিত্ত হয় তাহার কোন নিমিত্ত প্রযুক্ত যে কেশ ছেদ তাহার নাম নৈমিত্তিক কেশ ছেদ" পরে ১৬৮ পৃষ্ঠে ৪ পংক্তিতে এই বচন লিখেন "প্রয়াগে তীর্থ-যাত্রায়াং মাতাপিত্রোর্গুরৌ মৃতে। আধানে সোমপানে চ বপনং **সগুস্থ** মৃতং)—প্রায়**শ্চিত ও চ্**ড়াতে কেশ ছেদন প্রমিদ্ধই আছেঁ" **এত্থলে** ভিজ্ঞাস্য এই যে ঐ বচন প্রাপ্ত যে বপন শব্দ তাহার তাৎপর্য্য যদি সর্ব্ব কেশ মুওন হয়, তবে প্রয়াগ ও প্রায়শ্চিতাদি স্থলে কেবল ঐ বচনামুসারে বাবস্থার ব্যবহার দেখা যায় কিন্তু পিতৃ মাতৃ গুরু মরণে ও আরাধনাদিতে ঐ বচন প্রাপ্ত ব্যবস্থার অনাদর দেখিতেছি, আর যদি শিখা ব্যতিরিক্ত মুগুন ঐ বচনস্বপন শব্দের অর্থ হয়, তবে প্রয়াগ ও প্রায়শ্চিতাদি স্লে ঐ বচন প্রাপ্ত ব্যবস্থার বিরুদ্ধ ব্যবহার দৃষ্ট হইতেছে, তঃহাতে জন্য বচনের সহিত এক বাকাতা করিয়া মিতাক্ষরাকার প্রয়াগেও শিখা বাতি-রিক্ত কেশ বপন অগীকার করেন, কিন্তু স্মার্ত্ত ভট্টাচার্য্য প্রয়াগাদিতে বচনাস্তর প্রমাণে সর্ব্ব মুঙ্ন কর্ত্তব্য কহিয়াছেন, সেই রূপ পূর্ণাভিষেকিরা বিশেষ সংস্কারে শিথা ত্যাগে পাপ বুদ্ধি করেন না। যদি আমাদের মধ্যে মন্তকের উদ্ধি ভাগে গ্রন্থি বন্ধন যোগ্য কেশের বপন কেহ করিয়া থাকেন, তৰিষয়ে আমরা প্রথম উত্তরে ২৩৮ পৃষ্ঠে লিখিয়াছি যে (এরূপ কুন্ত দোষে মহাপাতক শ্রতি যে সকল বিষয়ে আছে তাহার ক্ষয়ের নিমিত্ত ঐ রূপ অম্পায়াস সাধা অন্ন হিরণাদি দান রূপ উপায়ও আছে) অর্থাৎ নিন্দার্থ বচন প্রাপ্ত বন্ধহত্যাদি পাপ স্তুতার্থ বচন প্রাপ্ত বন্ধহত্যাদির : প্রায়শ্চিত্তের দ্বারা নাশকে পায় এবং ইহার প্রমাণের নিমিত্ত আমরা তিন বচন লিখিয়াছিলাম যাহার তাৎপর্য্য এই ছিল যে অন্ন হিরণাদি দানে বৃদ্ধভ্যাদি পাপক্ষ হয় আর কণ্মাত্রও জীব ও ব্রন্ধের ঐক্য চিস্তা করিলে দর্ব্ব পাপ নত্ত হয়। তাহার প্রত্যুক্তরে ধর্মসংহারক ১০ পৃষ্ঠে ১৫ পংক্তি অবধি লিখেন যে "রূপা কেশ চ্ছেদনে শিখা বিরহে স্থতরাং শিখা বন্ধনের অভাবে সেই শিখা রহিত ব্যক্তির তৎকৃত সন্ধ্যা বন্দনাদি কর্মের প্রত্যহ বৈগুৰা জন্মে" পরে ১৭১ পুর্চে বৃতি বছন লিখিয়া ৮ গং-

ক্তিতে লিখেন যে (শিখার অভাবে ক্রমে ঐ পাপ মহাপাতক তুলা ২% বেমন উপপাতক ক্রমে রন্ধি হইয়া মহাপাতককেও লত্মন করে এবং ক্রমে ব্রাহ্মণ্যাদিরও হানি হইতে থাকে) উত্তর।—এ আশ্চর্য্য ধর্মসংহারক, আপন প্রত্যুক্তরের ১৫ পৃষ্ঠে ৬ পংক্তিতে লিখিয়াছেন (উদিতে জগতীনাথে ইত্যাদি বচনের এতাৎপর্য্য নহে যে সুর্য্যোদয়ানস্তর দস্তধাবন কর্ত্তা বিষ্ণু शृकामि क्रेश कर्त्य अनिधकाती इस, यारहजू मस्थावन ज्ञान ও आठमन তাবৎ কর্মের কর্তৃ সংস্থার রূপ অঙ্গ, তাহার যথোক্ত কাল ও মন্ত্রাদির বৈগুণ্যে অনধিকারি ক্বত কর্ম্মের ন্যায় যথোক্তকাল মন্ত্রাদি রহিত দন্ত ধাবনাদি কর্ত্তার কৃত দৈব ও পৈত্র কর্ম অসিদ্ধ হয় না এবং প্রতিদিন কর্ত্তব্য সন্ধ্যা বন্দনাদি বিষ্ণু পূজাদি কর্ম্ম যথা কথঞ্চিক্রপে ক্লত হইলেও সিদ্ধ হয়) এখন পণ্ডিতেরা বিবেচনা করিবেন বে ধর্মসংহারক আপনি সুর্যো দয়ের ভূরি কালানস্তর প্রত্যহ প্রায় গাত্রোপান করেন এনিমিত্ত লিখেন যে (যথোক্তকাল দস্তধাবনাদি রহিত কর্তার কৃত দৈব ও পৈত্রকর্ম অসিদ্ধ हरा ना এবং প্রতিদিন কর্ত্তব্য সন্ধা। বন্দনাদি বিষণু পূজাদি কর্ম্ম যথা কথ-ঞ্চিজ্রপে ক্লত হইলেও সিল্ধ হয়) কিন্তু ধর্মসংহারকের ছেষ্য ব্যক্তির প্রতি ব্যবস্থা দিতেছেন, যে শিখা বন্ধনাভাবে প্রত্যহ বৈগুণ্য জন্মিয়া ঐ পাতক ক্রমে মহাপাতককেও লত্যন করে এবং ক্রমে ব্রাহ্মণ্যাদিরও হানি हरेट थात्क, अथे ऋर्गामराव शृर्द्य गार्जाश्वानव अजार अजार किया বৈগুণ্য হইলেও সেই পাপ ক্রমে রিদ্ধি হইয়া ধর্ম্মণ:ছারকের প্রতি মহা পাতক হয় না; অতএব দেষেতে যে মনুষা আত্ম হইয়া পূৰ্কাপর এরূপ অনশ্বিত কহেন তিনি শাস্ত্রীয় আলাপের যোগ্য কিরূপে হয়েন। ১৭২ পৃষ্টে ১৫ পংক্তিতে निर्थन य (जी श्रुवामित्क अम्र मान किना कतिया थारक ? অতএব ঐ বচনে অব্লদান শব্দের অব্লদান এত ক্হিতে হইবেক) আমর। প্রথম উত্তরে এরূপ লিখি নাই যে স্ত্রী'পুত্রকৈ ও বেতন গ্রহীতা ভূত্যকে অন্নদান করিলে পাপক্ষয় হয়, অতএৰ কিরূপে এ আশহা করিতে ধর্ম সংহারক সমর্থ হইলেন ? আর সামান্য অরদানাপেকা অরদান ত্রতে क्माधिका वर्ष्ट किन्नु ও वहरन य जन्नमान अरमन जार्था जन्ममान उन्हें হয় ভাহার প্রমাণ লিখা ধর্মসংহারকের উচিত ছিল, যেহেতু সামান্য

অব্নামে পরম ফল প্রাপ্ত হইয়াছে ইহা ক্রিয়াযোগদার প্রভৃতি পুরাণে ও ইতিহাসে দৃষ্ট হয়। কেশ ছেদন বিষয়ে ১৭৩ পৃষ্ঠে ৫ পংক্তিতে লিখেন যে "স্বর্ণাদি দানে সাধারণ পাপের ক্ষয় হয় ইহাও যথার্থ যদ্যপি তাঁহারা ও কদাচিৎ কদাচিৎ স্থবৰ্ণদান করিয়া থাকেন তথাপি তাহাতে তৎপাপের ক্ষা হয় না, যেহেতু তৎপাপে পুন: পুনর্ব্বার প্রব্রত হইলে তাহার নির্বিত্ত কোনো প্রকারে হইতে পারে না" এবং ঐ প্রকরণে এক বচন লিখিয়াছেন যে পুন: পুন: পাপ করিলে ভাছাকে গঙ্গা পবিত্র করেন না। এবং ১৭৪ পৃষ্ঠের শেষের থংক্তিতে সিদ্ধান্ত করিয়াছেন যে "পুন: পুনর্বার তাদৃশ পাপকারি লোকেরা পাপ কর্ম্মেরত হয় তাহাদের নিস্তার সর্ব্ব পাপ নাশিনী পতিতোদ্ধারিণী ত্রিভুবন তারিণী গঙ্গাও করেন না "। উত্তর।—কর্ম নিঠের প্রতি ব্রাহ্ম মৃহর্তে উন্ধান প্রভৃতি যাহা যাহা বিহিত তাহাকে ধর্মসংহারক পুন: পুন: ত্যাগ ও যবন স্পর্শাদি যাহা যাহা সর্বথো নিষিক্ষ তাহার প্তাহ অহুষ্ঠান করিয়াও, গঙ্গান্ধান ছারা না হউক কিন্তু গৌরাঙ্গ কুপাতে হরিনাম বলে সেই সকল হইতে মুক্ত হইয়া কৃতার্থ হয়েন, কিন্তু অন্যে এক জাতীয় পাপ পুন: পুন: করিলে তাহার গঙ্গা স্নানাদিতেও নিষ্কৃতি নাই এই ব্যবস্থা দেন; অতএব এধর্ম্মসংহা-রকের চরিত্র পণ্ডিতেরা বিবেচনা করুন, বিশেষত ঐ পুতু ভারের ১০৪ পৃষ্ঠে ১৩ পংক্তিতে লিখেন যে "ভাক্ত তত্বজানির শ্রীকৃষ্ণ চৈতন্য বিনা আর গত্যস্তর নাই" পরে ১০৫ পৃষ্ঠে ৫ পংক্তি অবধি লিখেন যে (যদ্যেতে পাপিনো বিপ্র মহাপাতকিনোপিবা—জীবহত্যারতাব্রাত্যাঃ নিন্দকাশ্চা-জিতে জ্রিয়া:। পশ্চাৎ জ্ঞানসমুৎপন্না গুরো: রুঞ্ঞাদত:—ততন্তু যাবজ্ঞী-বস্তি হরিনামপরায়ণা:। শুদ্ধান্তেইখিলপাপেভ্যাঃ পূর্বজেভ্যোপি নারদঃ) এম্বলে যাবজ্ঞীবনের পাপ ও জীবহত্যা পুন: পুন: করিয়াও হরিনাম राल धर्मामःशांत्राकता मूक रंहरियन किन्छ जाता यनि क्लारिक्नन माज বারম্বার করেন তাঁহার নিষ্কৃতি স্ম্বর্ণদানে ও গলাম্বানেও হয় না এরূপ ধর্মসংহারক প্রায় দৃশ্য নহে।

১৭৫ পৃঠে ১০ পংক্তিতে লিখেন যে "ভাক্ত তত্বজ্ঞানি মহাশন্ন অন্য একবচন লিখেন তাহার তাৎপর্য এই যে আমি বন্ধ এই প্রকার চিস্তা ক্ষণনাত্র কাল করিলেই সকল পাপ নত্ত হয় কিন্তু তাঁহাকেই এই জিক্রানা করি যে এই প্রাংক্তিন্তের উপদেশ কাহার প্রতি করেন, যথার্থ তত্বক্রানিদিগের পাপাভাব প্রযুক্ত তাহাদের প্রতি অসম্ভব"। উত্তর।—সর্বজন
প্রসিদ্ধ সর্বব শাস্ত্র সম্মত ইহা হয় যে জ্ঞানির সিদ্ধাবস্থায় পাপ পুণ্যের
স্বন্ধ তাঁহার সহিত থাকে না, অতএব তাঁহারা ঐ কুলার্থব বচনের বিষয়
ক্লাপি নহেন; বেদান্তের ৪ অধ্যায় > পাদ ১০ স্ত্রে (তদধিগমে উত্তরপূর্ববাঘয়েররেমবিনাশে তদ্বাপদেশাৎ) ব্রক্ষজান উৎপন্ন হইলে পূর্বব
পাপের বিনাশ ও পর পাপের স্পর্শাভাব ব্যক্তিতে হয়, যেহেতু বেদেতে
এই রূপ উপদেশ আছে। কিন্তু জ্ঞান সাধনাবস্থায় পাপের সম্ভাবনা আছে
স্কতরাং জ্ঞানারুটায়িতা এবচনের বিষয় হয়েন, যে ক্ষণমাত্রও-আত্ম চিন্তা
করিলে পাপ হইতে মুক্ত ইইবেন ইহার বিশেষ বিবরণ এই দ্বিতীয় উত্তরের ২৫৭ পৃঠে ও ২৮৫ পৃঠে লেখা গিয়াছে তাহার অবলোকন করিবেন।

ধর্মসংহারক ১৭৭ পৃষ্ঠে ২ পংক্তিতে লিখেন যে এই প্রায়শ্চিত্তের উপ-দেশ "যদি ভাক্ত তত্বজানিদের প্রতি কহেন তবে তাহাও অসম্বর যেহেতু ব্রহ্ম পুরাণ বচনাত্রসারে তাদৃশ তুন্ট পাপিষ্ঠদিনের প্রায়ক্ষিক্তরে দ্বারা শোধন হয় না" এবং ব্রহ্ম পুরাণীয় বচন লিখেন তাহার অর্থ এই যে "অন্তগত ছুট যে চিত্ত তাহা তীর্থপ্লান করিলেও শুদ্ধ হয় না যেমন জলেতে শত শত বার ধৌত করিলেও স্থরাভাগু সশুচি থাকে" অত্যমূত এই যে ঐ প্রত্যুত্তরের ৬৯ পৃঠে ৬ পংক্তিতে ধর্মসংহারক লিখিয়াছেন যে "যদাপি বৈষ্ণরাদি পঞ্চোপাদক আপন আপন উপাদনার দর্বে অহুষ্ঠান ক্রিতে জশক্ত হয়েন তথাপি পাপক্ষয় ও মোক্ষ প্রাপ্তি তাঁহাদিগের জনায়াস লভ্য বেহেতু বিফ প্রভৃতি পঞ্চ দেবতার নাম মাত্রেই সর্ব্ব পাপক্ষয় অস্তে ৰোক প্ৰাপ্তি হয়" দেবতার উপাসনা বিষয়ে বিশেষ বিশেষ প্ৰায়**শ্চিত** ব্যতিরেকেও কেবল তাঁহাদের নাম শ্বরণ নাত্রেই পাপক্ষয় ও মোক প্রাপ্তি হয় ইহাকে স্তুতিবাদ না কহিয়া ধর্মসংহারক যথার্থ স্বীকার করেন, কিন্তু জ্ঞান সাধনে কোন পাপ উপস্থিত হইলে তৎক্ষয় বিশয়ে শত শত বঁচন থাকিলেও ধর্মসংহারক তাহার অন্যথার জন্যে এই প্রকার চেন্টা সকলু করেন যে "অন্তর্গত ছুফ্ট যে চিত্ত তাহা তীর্থস্থান করিলেও শুদ্ধ হয় না" "ছুক্ত চিত্ত লোকেরা প্রায়শ্চিত্তের ম্বারা শুল্ক হয় না এবং ছুক্তাশয় দাস্তিক ও অবশেক্তিয় মনুষ্যকে কি তীর্গ কি দান কি ব্রত কি কোন
আশ্রম কেহ পবিত্র করেন না"। উত্তর ।—এসকল ব্রহ্ম পুরাণীয় বচনকে
নিন্দার্থবাদ না কহিয়া যদি ছুক্ত চিত্ত প্রভৃতির পাপকে বজু লেপ রূপে
ধর্মসংহারক স্বীকার করেন, তবে তাঁহারই মতে ছুক্ত চিত্ত ব্যক্তি সকলের
কি নাম স্মারণে কি আত্ম চিন্তনে এ ছুয়ের একেও তুল্যরূপে নিস্তারাভাব।
১০৮ পুঠে (ক্রিয়াহীনস্য সূর্থস্য মহারোগিণ এব চ। যথেক্টাচরণস্যাহন
র্মরণান্তমশোচকং) এই বচন লিখিয়াছেন। উত্তর।—এবচন অবলম্বন
করিয়া স্ব ধর্মান্ত্র্কায়িকে, ও সার্থ গায়ত্রী বেত্তাকে, ও স্বস্থ শরীরকে,
শাস্ত্র বিহিত আচরণ বিশিক্তকে, ক্রিয়াহীন, মূর্থ, মহারোগী, যথেক্টাচারী,
কহিতে সকলেই দ্বেষ প্রযুক্ত সমর্থ হয় কিন্তু পরমেশ্বর যেন আমাদিগ্যে

১৭১ পৃষ্ঠের শেষ পংক্তি অবধি লিখেন ষে (পণ্ডিতাভিমানি মহাশয় অনা তুই বচন লিখিয়াছেন তাহার তাৎপর্যা এই যে অল্ল দানে স্থবর্ণাদি দানে ব্রহ্ম হত্যাকৃত মহাপাপও ক্ষম হয় কিন্তু তাঁহাকেই জিজাদা করি গে পুস্তকে লিখিত প্রায়শ্চিত্ত পাপ নাশক কি আচরিত প্রায়শ্চিত্ত পাপ নাশক হয়)। উত্তর।—আমাদের পূর্ব্ব উত্তরে এমত লিপি কোন স্থানে নাই যাহার দ্বারা ইহা বোধ হইতে পারে যে পুস্তকে লিখিত প্রায়শ্চিত্তেও পাপক্ষয় হয় অতএব এ প্রশ্ন ধর্ম্মনংহারকের সর্ব্বথা অযুক্ত, বস্তুত আমা-দের লিখিবার এমত তাৎপর্য্য ছিল যে ক্ষুদ্র দোষে রহৎ পাপ শ্রবণ যে স্থানে আছে অর্থাৎ হাঁচিলে জীব না কহিলে ব্রহ্মহত্যা পাপ হয়, সেই সেই স্থলে সামান্য দান ও নাম স্মরণ, যাহাতে ব্রহ্মহত্যাদি পাপ নাশ হয় কহিয়াছেন, তত্তৎ পাপের প্রায়শ্চিত স্থানীয় হইতে পারে অর্থাৎ কেবল বচন প্রাপ্ত ব্রহ্মহত্যাদি পাণ প্রায় সামান্য অম্প্রদান নাম স্মরণাদিতে যায়, ইহাতে ধর্ম্মসংহারকের এরূপ প্রশ্ন সর্ব্বদা অযোগ্য হয়, যেহেতু অনেকের অন্নদান ও নাম স্মারণ করা কেবল পুস্তকে লিখিত না হইয়া কর্তা হইতে নিষ্পন্ন হইতেছে তাহা ধর্মসংহারক রাগান্ধ হইয়া দেখিতে যদি না পান কিন্তু অন্যের প্রতক্ষে বটে।

১৬৯ পৃঠের ভৃতীয় পংক্তিতে লিখেন যে (ধর্ম শাস্ত্রে ঘবনী মনোরপ্রনাদিকে কেশ চ্ছেদের নিমিত্ত কহেন না)। উত্তর।—কেশ চ্ছেদেন
বেশ্যার মনোরপ্রন কারণ কহা বদতো ব্যাঘাত হয়, বরঞ্চ কেশ ধারণ,
বিশ্ব প্রদান, অলকা তিলকা বিন্যাস বেশ্যার মনোরপ্রনের কারণ হইতে
পারে। পরেই লিখেন যে (ঘদ্যপি উপদংশ রোগেই তাঁহাদিগের অফ্
চ্ছেদন বিধি কত হইয়াছে)। উত্তর।—শাস্ত্রীয় বিচারে এই সকল নিন্দিত
উক্তি কি রূপ মহাব্যলীক হইতে সন্তব হয় তাহা বিজ্ঞ ব্যক্তিরা বিবেচনা
করিবেন, এই রূপ পূর্বে পুরুষের উল্লেখ পূর্বেকও স্থানে স্থানে অলীকোক্তি করিয়াছেন তাহার যথোচিত উত্তর লিখিয়া যদ্যপিও আমরা
ছাপা করিতে পাঠাইয়াছিলাম কিন্তু পূর্বে নিয়ম শারণে তাহা হইতে
পরে ক্ষান্ত হওয়া গেল তদ্মুরূপ এসকল কদর্য্য ভাষার উত্তর দিতেও
নিরন্ত থাকিলাম। ইতি চতুর্থ প্রশ্নে দ্বিতীয়োত্তরে ক্ষমা প্রচুরো নাম
বর্চঃ পরিচ্ছেদঃ

ধর্ম সংহারকের চতুর্থ প্রশ্নের তাৎপর্য্য এই ছিল যে ব্রাহ্মণ স্থরাপান করিলে ব্রহ্মছত্যা পাপগ্রস্ত এবং ব্রাহ্মণ্য হীন হয়েন; তাহার উত্তরে আমরা লিখিয়াছিলাম যে ব্রাহ্মণাদি কলিতে স্থরাপান করিবেন না এরূপ বচন শাস্ত্রে দৃষ্ট হইতেছে, সেই রূপ কলিতে উপাসনা ভেদে ব্রাহ্মণাদি স্থরাপান করিবেন এরূপ বচনও শাস্ত্রে দৃষ্ট হয় অতএব উভয় শাস্ত্রের পরক্ষার বিরোধ হইবাতে পরমারাধ্য মহেশ্বর আপনিই তাহার সিদ্ধাস্ত করিয়াছেন (অসংস্কৃতঞ্চ মদ্যাদি মহাপাপকরং ভবেৎ) অর্থাৎ যে স্থলে কলিতে ব্রাহ্মণাদির প্রতি মদিরার নিষেধ দৃষ্ট হইতেছে সে অসংস্কৃত মদিরাদি পর জানিবে, ও যে স্থলে কলিতে ব্রাহ্মণাদির মদিরা পানে বিধি দেখিতেছি তাহা সংস্কৃত মদ্য পর হয়। তাহার প্রত্যুত্তরে ১৮৩ পৃষ্ঠে ১৩ পংক্তিতে ধর্ম্মগহারক আদৌ লিখেন যে "পুক্ষের ইচ্ছাতেই যে বিষয়ের প্রাপ্তি হয় তাহার প্রাপ্তির নিমিত্ত যে শাস্ত্র তাহার নাম নিয়ম সেই নিয়ম ঋতৃকালে ভার্য্য গমন—ইত্যাদি অতএব মদ্য পানাদি স্থলে যে বিধির আকার শাস্ত্র দেখা যায় সে বিধি নহে কিন্তু নিয়ম" অর্থাৎ মদিরা পান পুক্ষের

ইচ্ছা প্রাপ্ত হয় তাহার নিমিত্ত যে বিধির আকার শান্ত দেখা যায় তাহাতে মদিরা পানের নিয়ম অভিপ্রেত হয়। উত্তর।—ধর্মসংহারকের এরপ কথন আমাদের পূর্ব্ব উত্তরের কোনো বাধা জন্মীয় না, যেহেতু পুরুষের ইচ্ছা প্রাপ্ত মদ্য মাংসাদি ভোজন বটে, তাহার পান ভোজন উদ্দেশে সংস্কারাদি বিধি কহিয়া নিয়ম করিয়াছেন, অতএব ব্যক্তির রাগ প্রাপ্ত ঋতুকালীন ভাগ্যা গমনের আবশ্যকতার ন্যায় অধিকারি বিশেষের সংস্কৃত মদিরা পানে আবশাকতা রহিল। ১৮৪ পৃষ্ঠে শ্রীভাগণতের ছুই বচন লিখিয়া পরে • ১৮৫ পৃষ্ঠের ৬ পংক্তিতে অর্থ লিখেন যে (সৌত্রামণীযাগে সুরাপান অবিহিত, কিন্তু আঘাণ মাত্র বিহিত)। উত্তর।—ভাগবত শাস্ব বৈঞ্বাধিকারে হয়, তথাচ ভাগবতে (খ্রীমদ্ভাগবতং পুরাণমমলং ঘদ্ধৈ-বানাং প্রিয়ং) অতএব সৌত্রামণী যাগে স্থরার আগ্রাণ ভাগবতে যে কহিয়াছেন তাহাঁ বৈষ্ণবাধিকারে কহিলেই সঙ্গত হয়, নৃতুবা অন্য শান্ত্রের স্হিত বিরোধ জন্মে ঐ ভাগবতেই কহেন যে (স্বে স্বেধিকারে যা নিষ্ঠা সপ্তৰঃ পরিকীর্ত্তিতঃ) স্বীয় স্বীয় অধিকারে মনুষ্যের যে নিষ্ঠা তাহাকে গুণ কহি॥ দ্বিতীয়ত, বচনাস্তরের দ্বারা কলিকালে তম্ব্রোক্ত সংস্কারে স্থ্যা দেবন ও তাহার গ্রহণের পরিমাণ প্রাপ্ত হইতেছে, ও শ্রীভাগবতে বৈদিকার্ম্পানে যজীয় স্থবার আণ লইবার অনুমতি দেন, কিন্তু তান্ত্রিক অধিকারে এ অমুমতি নহে; অতএব পরস্পর শাঙ্গের এক বাক্যতা নি-মিত্ত ভাগবতীয় বচনকে কেব্ৰা বৈদিক যজ্ঞ বিষয়ে কহিতে হইবেক।

১৮৬ পুঠে ৩ পংক্তিতে ব্রহ্ম পুরাণীয় বচন লিখেন (নরাশ্বমেধী মদ্যধ্য কলৌ বর্জ্জং দ্বিজাতিভিঃ) অর্থাৎ নরমেধ, অশ্বমেধ, ও মদ্য, দ্বিজাতিরা, কলিতে ত্যাগ করিবেন। উত্তর।—ইহাতে শ্রোত অশ্বমেধাদি যাগ সাহচর্য্যে মদিরার নিমেধ কলিযুগে করিয়াছেন অর্থাৎ সত্য ত্রেতা দ্বাপরে ষে বিধানে মদ্য পান করিতেন তাঁহা কলিতে অকর্ত্তব্য আর ঐ তিন যুগে বেদোর্শ্ব বিধানে মদ্যাচরন ছিল ইহা শাস্ত্রে দৃষ্ট হইতেছে, অতএব এবচন দ্বারা তম্ম শাস্ত্রোক্ত উপাসনা বিশেষে সংক্ষৃত মদিরার নিষেধ নাই স্কৃতরাং আমাদের পূর্ব্বোক্তরের দিদ্ধান্তের অন্তর্গত হইল। অধিকন্ত এনিষেধকে শামান্যত বদি কহ তথাপি যাহার সামান্যত নিষেধ থাকে অথচ নিশেষ

বিশেষ বিধিও তাহার দৃষ্ট হয়, তথন সেই বিশেষ বিশেষ স্থল ভিয় ঐ
সামান্য নিষেধকে অস্ট্রীকার করিতে হয়, যেমন প্রশ্রুকে মন্ত্র দিবেন না
এই সামান্য নিষেধ আছে আর জ্যেষ্ঠ পুত্রুকে মন্ত্র দিবার বিশেষ অয়্মতি
দিয়াছেন; অতএব জ্যেষ্ঠ পুত্রু ভিয় পুত্রেরা ঐ সামান্য নিষেধের বিষয়
হয়েন কিন্তু জ্যেষ্ঠ পুত্রু বিধি প্রাপ্ত হইলেন, সেই রূপ কলিতে মদ্যপানের
সামান্য নিষেধ আছে, এবং অধিকারি বিশেষে সংক্ষৃত মদ্য কলিতে পান
করিবেক এমত বিশেষ বিধিও দেখিতেছি, অতএব কলিতে তন্ত্রোক্ত
সংক্ষৃত ভিয় মদ্যের পান ঐ নিষেধের বিয়ষ হয়েন কিন্তু সংক্ষৃত মদ্য
প্রাপ্ত হইলেন ॥ দ্বিতীয়ত ঐ পৃষ্ঠে ধর্মসংহারক কালিকা পুরাণীয় বচন
লিখেন (মদ্যং দত্যা ব্রাক্ষণস্তু ব্রাক্ষণ্যাদেব হীয়তে) এবং উপনার বচন লিখেন
(মদ্যমদেয়মপেয়মনির্গাহাং) এছই বচন দ্বারা না কলি য়ুগে মদ্যপানের
নিষেধ, না সংক্ষৃত মদ্যপানের নিষেধ, এ তুয়ের একেরো কথন নাই, কিন্তু
সামান্যত মদ্যপানের নিষেধ প্রাপ্ত হয়, অতএব সংক্ষৃত মদ্যপান বিধায়ক
বিশেষ বচন দ্বারা ঐ কালিকা পুরাণের ও উপনা বচনের বিষয় অসংক্ষৃত
মদ্যকে অবশ্য কহিতে হইবেক।

্র১৮৭ পৃঠে ২ পংক্তিতে লিখেন যে (এস্থানে কলিযুগে মদ্যের নিষেধ প্রযুক্ত অনেক নব্য প্রাচীন সর্ব্দ জন মান্য গ্রন্থকারেরা মদ্য পানাদি স্থলে মদ্য প্রতিনিধি দানাদিরও নিষেধ করিয়াছেন)। উত্তর।—প্রাদি অধিকারে মদিরা পানের নিষেধ প্রযুক্ত তং প্রতিনিধির নিষেধও অবশ্যই যুক্ত হয়, স্থতরাং গ্রন্থকারেরা এ অধিকারে প্রতিনিধির নিষেধ করিতেই পারেন, কিন্তু সেইরূপ সর্ব্দজন মান্য অন্য অন্য গ্রন্থকারেরা পর্যাদি ভিন্ন অধিকারে বিহিত মদ্যের গ্রাহ্মন্থ ও তদভাবে তাহার প্রতিনিধি দান এরূপ ব্যবস্থা দিয়াছেন, অতএব অধিকারি ভেদে উভয়ের মীমাংয়া অবশ্য কর্ত্ব্য হয়। কুলার্চন দীপিকার্ম্য কুলার্গ্ব বচন (বিজ্ঞার্যাবিটী কার্য্যা স্বরাশুদ্ধাণিশংযুতা। মুখ্যাভাবে তু তেনেব তর্প্যেৎ কুলদেবতাং) সম্যাতদ্ভেচ (ফ্রব্যাভাবে তাত্রপাত্রে গব্যং দদ্যাদ্মতং বিনা) মদ্য মাংসযুক্ত সন্থিদার বটিকা করিয়া মুখ্য মদ্যাদির অভাবে তাহার দ্বারা কুলদেবতার তর্পণ করিবেক। মদ্যের অভাবে ঘৃত ব্যতিরিক্ত গব্যকে তাত্রপাত্রে রাধিয়া তাহা প্রদান করিবেক।

১৮৮ পৃঠে ১৬ পংক্তি অবধি পদ্ম পুরাণীয় বচন প্রমাণে পাষণ্ডের লক্ষণ করিয়াছেন তাহার তাৎপর্যা এই, যে যে সকল লোকেরা অভক্ষ ভক্ষণে অপেয় পানে রত হয় তাহাদিগ্যে পাষণ্ড করিয়া জানিবে এবং যে বেদ সম্মত কার্যা না করে ও স্বস্থ জাতীয় আচার ত্যাগ করে তাহারা পাষণ্ড হয়। উত্তর।—যাহারা বেদ ও স্মৃত্যাদি শাস্ত্রে অপ্রাপ্ত কেবল চৈতন্য চরিতামৃতীয় উপাসনা করেন ও স্বস্থ জাতীয় আচার ত্যাগ করিয়া অন্ত্যজাদির সহিত পঙ্গতে তত্তৎ সপৃষ্ঠ অথাদ্য ও অপেয় আহার করেন ভাহারা যথার্থ রূপে ঐ লক্ষণাক্রান্ত হয়েন কি না ইহা ধর্মসংহারকই বিবেচনা করিবেন।

১৮৯ পৃষ্ঠে ৯ পংক্তি অবধি কলিতে পশুভাব ব্যতিরেক দিবা ও বীর ভাব নাই ইহার প্রমাণের উদ্দেশে সিদ্ধ লহরী তন্ত্র প্রভৃতির বচন লিখি-যাছেন, তাহা সজ্জেপে লিখিতেছি। দিবাবারমতং নান্তি কলিকালে স্থলো-চনে। পশুভাবাৎ পরোভাবো নান্তি নান্তি কলের্মতঃ। কলৌ পশুমতং শত্তং যতঃ সিদ্ধীশবোভবেৎ)। উত্তর।—প্রথমত এ সকল বচন কোন্ ্রকারের ধৃত তাহা ধর্মসংহারকের লিখা উচিত ছিল ; দ্বিতীয়ত এসকল বচনের সহিত শাস্ত্রান্তরের বিরোধ না হয় এনিমিত্ত ইহাকে পশু ভাবের. স্তুতিপর অবশ্যই মানিতে হইবেক, যেহেতু কলিকালে বীরভাব সর্ব্বথা প্রশন্ত এবং অন্য ভাবের অপ্রশস্ততা বোধক বচন সকল যাহা প্রসিদ্ধ টাকা প্রাপ্ত প্রশিদ্ধ সংগ্রহক।রের ধৃত হয় তাহা আমরা পূর্কোত্তরে লি-থিয়াছি, সম্প্রতিও তদ্ধির অন্য অন্য লিখিতেছি। কুলার্চন দীপিকাধত কামাখ্যাতন্ত্রে (জম্ম্বীপে কলৌ দেবি ব্রাহ্মণস্ত বিশেষতঃ। পশুর্ন স্যাৎ পশুর্ন স্যাৎ পশুর্ন স্যান্মমাজয়া) মহানির্বোণে (কলে) ন পশুভাবোহস্তি দিব্যভাবঃ কুতোভবেৎ। . অতোদ্বিজাতিভিঃ কার্য্যং কেবলং বীরসাধনং) সত্যং সত্যং পুনঃ সত্যং সত্যং সতাং মযোচ্যতে। বীরভাবং বিনা দেবি সিদ্ধিনান্তি কলৌ যুগে) ইহার সংক্ষেপার্থ,কলিকালে জন্মীপে বিশেষতঃ ব্রান্ধণ কদাপি পশুভাব আশ্রয় করিবেন না। কলিতে পশুভাব হইতে পারে না, দিব্যভাব কি রূপে হয় অতএব দ্বিজেরা কলিতে কেবল বীর-माधन कविद्यम ।

এখন আমাদের লিখিত বীরভাবের প্রাশন্ত্য স্থচক এই সকল বচন ও ধর্মসংহারকের লিখিত পশুভাবের প্রাশস্ত্য স্থচক বচন উভয়ের পরস্পর অনৈক্য দেখাইতেছি, মেহেতু তাঁহার দিখিত বচনে কলিতে পশুভাবেই সাধন প্রশন্ত হয় এবং তাহার দ্বারা কেবল সিদ্ধি জব্মে ইহা বোধ হয়, আর আমাদের লিখিত পূর্ব্ব পূর্ব্ব সংগ্রহকারধ্বত বচনে ইহা প্রাপ্ত হই-তেছে যে কলিতে বীর সাধনই প্রশন্ত ও তাহার দারাই কেবল সিদ্ধি হয়; অতএব এরূপ বিরোধস্থলে সংগ্রহকারেরা সর্ব্ব সামঞ্জুস্যে এই রূপ মীমাংসা করিয়াছেন যে পশুভাবের বিধায়ক যে সকল-বচন তাহা সেই অধিকারে পশুভাবের জ্বতিপর হয় এবং বীরভাবের বিধায়ক বচন সকল তদ্ধিকারে তাহার মাহাত্মা জ্ঞাপক হয়, যেমন বিষ্ণু প্রধান গ্রন্থে বন্ধা ও মহেশ্বর ছইতে বিষণুর প্রাধান্য বর্ণন ছারা ও বৈঞ্চব ধর্মের সর্কোত্তমত্ব কথনের দ্বারা ভগবান্ বিফুর এবং তদ্ধরের স্তুতি মাত্র তাৎপর্য্য হয়, রামায়ণে (অহং ভবরাম জপন্ কৃতার্থো বসামি কাশ্যামনিশং ভবান্যা) মহাদেব কহিতেছেন যে হে রাম আমি তোমার নাম জপেতে কৃতকার্য্য হইয়া নিরস্তর ভবানীর সহিত কাশীতে বাস করি; এবং শিব প্রধান গ্রন্থে দ্রহ্মা ও বিষণু হইতে শিবের প্রাধানা বর্ণন ও শৈব ধর্মের সর্কোত্তমত কথন ছারা ভগবান মহেশবের ও মহেশ্বর ধর্মের স্তুতি বোধ হয়, মহাভা-রতে দান ধর্ম্মে (কন্মভক্ত্যা তু ক্রফেন জগদ্বাপ্তং মহাত্মনা) অর্থাৎ মহাদেবে ভক্তির দারা কৃষ্ণ জগদ্বাপক হইয়াছেন; আর শক্তি প্রধান তন্ত্রাদিতে বিষ্ণু প্রভৃতি হইতে শক্তির প্রাধান্য বর্ণন ও তদ্ধর্মের সর্কোত্তমন্ত কথন **শক্তির স্তুতি স্ট্**চক হয়, নির্কাণ তম্মে (গোলোকাধিপতির্দেবি স্তুতিভক্তি-পরায়ণ:। কালীপদপ্রদাদেন সোহভবল্লোকপালক:) অর্থাৎ গোলোকের অধিপতি যে কৃষ্ণ তিনি স্তুতি ভক্তি পরায়ণ হইয়া কালীপদ প্রসাদের ছারা লোক পালক হয়েন। এই সকল ছলে এরূপ কথনের ছারা কোনো দেবতার লঘুত্ব অথবা অন্য হইতে তাঁহার ঈশরত্ব প্রাপ্তি এমত তাৎপর্য্য নহে, অন্যথা প্রত্যেক বর্ণনকে স্তুতিপর স্বীকার না করিয়া যথার্থ অঙ্গী-কার করিলে পরস্পার স্পান্ট বিরোধোজির দ্বারা কোনো শান্ত্রের প্রামাণ্য পাকে না। প্রায় ব্রত মাত্রেই কছেন যে এব্রত সকল ব্রতের উত্তম হয়

ভাহাতে সেই ব্রতের স্তুতিই তাৎপর্য্য হয় অন্য ব্রতের লঘুত্ব তাৎপর্য্য নতে, বরঞ ধর্মসংহারক আপনিই প্রথমত আপন প্রত্যুত্তরের ২১৩ পৃষ্ঠে শ্রীভাগবতের ও ব্রহ্ম বৈবর্ত্তের বচন লিথিয়াছেন, যাহার সংক্ষেপ অর্থ এই যে, সকল পুরাণের মধ্যে শ্রীভাগবত শ্রেষ্ঠ হয়েন এবং সকল পুরাণের মধ্যে ব্রহ্মবৈবর্ত্ত শ্রেষ্ঠ হয়েন এছুইয়ের পরস্পর বিরোধের মীমাংসা আপ-নিই পুনরায় এই রূপে ২১৫ পৃষ্ঠে ৮ পংক্তিতে করেন (যে শ্রীভাগবতাদির শ্লোকে কেবল তত্তৎ গ্রন্থের উত্তমতা কহিতেছেন অতএব তত্তদানু ছে লোকের অন্ধাতিশয়ার্থ তত্তৎ বচনকে তত্তৎ গ্রন্থের স্তাবক কহা যায় একের স্তুতিবাদে অন্যের নিন্দা কুত্রাপি কেছ কহিবেন না) বিশেষত ধর্ম্মসংহারকের লিথিত পশুভাবের প্রাশস্ত্য বোধক বচনে কলিতে বীরভাব নাই এই প্লাপ্ত হয়, আর বীরভাবের প্রাশস্ত্য বোধক বচন যাহা আমরা লিখিয়াছি তাহাতে স্পন্ট লিখেন যে কলিষুগে জম্বুদ্বীপে বীরভাব ব্রাহ্ম-্ণর অবশ্য কর্ত্তব্য অতএব উভয় বচনের এক বাক্যতা করিবার উপায়া-ন্তরও আছে যে কলিযুগে বীরভাব সামান্যত প্রশস্ত নহে ইহা ঐ সিদ্ধ লহরী বচনে লিথেন কোনো দ্বীপের বিশেষ করেন না, আর কামাখ্যা তত্ত্বের বচন প্রমাণে জমু দ্বীপে বীরভাবের বিশেষ কর্ত্তব্যতা প্রাপ্ত হয় অতএব জমু দ্বীপৃ ভিন্ন দ্বীপাস্তরে বীরভাবের অপ্রাশস্ত্য মানিলেও উভয় বচনের বিরোধ লেশও থাকে না।

১৯১ পৃঠের শেষ পংক্তি অবধি নিথেন যে (ভাক্ত বামাচারি মহাশার সমত সাধন কারণ মদ্য মাংস মৈথনের অবচ্ছেদাবচ্ছেদে বিধান দর্শন করাইবার আশারে (ন মাংসভক্ষণে দোষঃ) ইত্যাদি মন্ত্বচনের শেষ ছুই পাদ অপহরণ করিয়া প্রথম ছুই পাদ দর্শন করাইয়াছেন তাহার কারণ এই যে শেষ ছুই পাদ দর্শন করাইলে তাহাদিগ্যে চতুম্পদ হইতে হয়)। উত্তর।—গ্রন্থ বাছল্য দ্বারা কাল বাহুল্যে বেতন বাছল্যের আশা আমাদের নাই, স্কতরাং পূর্ব্বোত্তরে মন্ত্ব বচনের পূর্ব্বার্দ্ধ লিখিয়া তাহার বিবরণ পরার্দ্ধের তাৎপর্য্য এবং পূর্ব্ব বচনের অভিপ্রায় লিখা গিয়াছিল, প্রথম উত্তরের ২৩৮ পৃষ্ঠে ১৭ও ১৮ পংক্তি (ন মাংসভক্ষণে দোষো ন মদ্যে নচ মৈশ্বনে) অর্থাৎ প্রমৃত্তি হইলে যে প্রকার মদ্যপানে ও মাংস ভোজনে

এবং স্ত্রী সংসর্গে বিধি আছে তাহা করিলে দোয নাই) পরার্জের যে তাৎপর্যা, (অর্থাৎ নির্ভত্ত না হইয়া (প্রার্ভিত হইলে) বিছিত মাংসাদি
ভোজনে দোব নাই) তাহাও ঐ বিবরণে প্রাপ্ত হইয়াছে এবং পূর্বে পূর্বে
বচনের অভিপ্রায়ও লিখা গিয়াছে অর্থাৎ (যে প্রকার মদ্য পানে ও মাংস ভোজনে এবং স্ত্রী সংসর্গে বিধি আছে তাহা করিলে দোষ নাই) অতএব পণ্ডিতেরা বিবেচনা করিবেন যে পরার্জ্ব নালেখাতে তাহার পুয়োজন লেখা
হইয়াছে কিনা ? আর ইহাও বিবেচনা করিবেন যে যে পুকার বিধি আছে
এই শব্দ পুয়োগাধীন (মদ্য মাংস ও মৈপুনের অবচ্ছেদাবচ্ছেদে বিধান
দর্শন করাইবার আশয়ে) ঐ পূর্বার্জকে আমরা লিখিয়াছিলাম কি
কেবল বিহিত মদ্য মাংস ও বিহিত স্ত্রী সঙ্গ বিষয়ে আমরা লিখি; পরে
ভাহারাই যাহা উচিত হয় ধর্মসংহারককে বুঝাইবেন!

১৯৫ পৃষ্ঠে ১৬ পংক্তি অবধি লিখেন যে (কুলার্ণব মহানির্ব্বাণ তন্ত্রমাত্র দর্শী ভাক্ত বামাচারী মহাশয় কলিকালে জাতি মাত্রের বিশেষত বাক্ষণের মদ্যপানে কুলার্ণব ও মহা নির্ব্বাণের বচন দর্শন করাইয়া তাহাতে ধর্ম সংস্থাপনাকাজ্ঞির চতুর্থ পুশ্রে লিখিত মবাদির বচনের সহিত বিরোধ 'পুষুক্ত নিজ পাণ্ডিতোর পুভাবে বিরোধ ভঞ্জনার্থ মামাংসাও করিয়াছেন যে ধর্ম সংস্থাপনাকাজ্জির লিখিত স্মৃতি পুরাণ বচনে ক্লিযুগে ব্রাহ্মণের মদ্যপানে যে নিষেধ সে অসংক্ষৃতের অর্থাৎ অশোধিত মদ্যের, আর মহা নির্বাণ বচনে মদ্যপানের যে বিধি সে সংস্কৃতের অর্থাৎ শোধিত মদ্যের"। উঠর।—ধর্মসংহারক এস্থলে লিখেন যে কুলার্ণব মহানির্ব্বাণ তদ্ধ মাত্র দর্শী আমরা হই, স্থতরাং এরপ অধিকার ভেদে কলিযুগে মদ্য পানের নিষেধের ব্যবস্থা ও অধিকার ভেদে তাহার পানাদির বিধি দিয়াছি; অত-এব তাঁহাকে জিজাসা করি যে ভগবান্ মহেশকও কি কুলার্ণব মহানির্কাণ মাত্রদর্শী ছিলেন যে এই রূপ সিদ্ধান্ত অধিকারি ভেদে করিয়াছেন। তথাচ कूनार्व उट्य (अनार्ष्ययमनारनाकामन्नृग्रकानारभाकः। পশূনান্ত কৌলিকানাং মহাফলং, অর্থাৎ মদ্য মাংস পশুদের ভ্রাণের পানের অবলোকনের ও স্পর্শনের যোগ্য নহে, কিন্তু বীরদের মহাফল জনক হয়। তথাচ (বেলছ্যা বর্ত্তমানোয়োদীক্ষাসংস্কারবর্জিতঃ। ন তস্য সদ্মতিঃ

কাপি তপতীর্থব্রতাদিভি:) অর্থাৎ দীক্ষা ও সংস্কারহীন হইয়া যে সেক্ষা-চারে রত হয় তাহার তপস্যা ও তীর্থ ও ব্রতাদির দ্বারা কদাপি সন্ধাতি নাই। এবং জিজাসা করি যে তন্ত্র শান্ত পারদর্শী কুলার্চন দীপিকাকার কি কুলার্ণব মহানির্ব্বাণ মাত্রদর্শী ছিলেন যে আমাদের বছকাল পূর্ব্বে এই রূপ সিদ্ধান্ত তিনি করেন ? কুলার্চন দীপিকায়াং (পূর্ব্বোক্তবচনেভ্যো-ব্ৰাহ্মণানামপি স্থরাপানমায়াতি তত্ত্ব ব্রাহ্মণাদৌ নিষেধমাহ, ব্রহ্মহত্যা স্থ্যাপানং ইত্যাদি, ব্রাহ্মণোন চ হস্তব্যঃ স্থ্রা পেয়া ন চ দ্বিজেঃ। ক্রন্ত্রয়া-মলে, বেদত্যাগাৎ মদ্যপানাৎ শুদ্রদারনিষেধনাৎ তৎক্ষণাজ্ঞায়তে বিপ্র- ভালাদপি গর্হিতঃ। ঐক্রিমেচ, ন দদ্যাদ্ধান্দ্রণোমদ্যং মহাদেব্যৈ কদাচন, ইত্যাদি নিষেধাৎ ব্ৰাহ্মণানাং কুলাৰ্চ্চনাভাৰ ইতি চেম্ন, ব্ৰাহ্মণমূদ্দিশা সুরাপানাদৌ যদ্যন্নিষেধনমূকং তদনভিষিক্তরাক্ষণপরং। তথাচ নিক্তর তন্ত্রে, অভিষেকং বিনা দেবি ব্রাহ্মণোন পিবেৎ স্থরাং। নপিবেশাদকক্রবাং নামিষঞ্চাপি ভক্ষরেৎ। ক্ল তাভিষেকে বিপ্রে তু মদ্যপানং বিধীয়তে। অভি-ষেকে ক্বতে বিপ্রঃ স্থরাং দদাাৎ যুগে যুগে। বিজয়াং রত্ত্বকম্পাঞ্চ স্থরাভাবে নিযোজয়েং। তথা, অভিষেকেণ **সর্কেষামধিকারোভবেৎ প্রিয়ে। অভি**-ষেকে ক্তে বিপ্রো ব্রহ্মত্বং লভতে ধ্রুবং, এতেন ব্রাহ্মণানাং স্থ্রাপানাদৌ यन्यक्रिरयथनभू ङः जननिভिधि क्रवाक्रनश्रतस्यावशस्त्रवाः) हेशात्र व्यर्थ, कूना-র্জন দীপিকাতে পূর্ব্বোক্ত বচন সকলের ছারা ব্রাহ্মণেরও স্থরাপান প্রাপ্ত হইল তাহাতে ব্রাহ্মণাদির নিষেধ কহিয়াছেন ব্রহ্মহত্যা স্থরাপানং ইত্যাদি মহাপাতক হয়, গ্রাহ্মণ বধ করিবেক না ও দ্বিজেরা স্থরাপান করি-বেন না, বেদের ত্যাগ ও মদ্যপান এবং শুদ্রপত্নী গমন ইহার দ্বারা ব্রাহ্মণ তৎক্ষণাৎ চণ্ডাল হইতে অধম হয়েন, ব্ৰাহ্মণ মহাদেবীকে কদাপি মদ্যদান क्तिर्वन मा हेजाि निर्वे भर्मान बाक्रालय कोलथ्य अकर्खवा हम अवज কহিতে পারিবেন না, যেহেণ্টু ব্রাহ্মণকে উদ্দেশ করিয়া স্থরা পানাদিতে যে যে নিষেধ কহিয়াছেন তাহা অভিষিক্ত ভিন্ন ব্রাহ্মণ পর হয়, নিরুক্তর তন্ত্রে লিখেন অভিষেক ব্যতিরেকে ব্রাহ্মণ স্থরাপান করিবেন না এবং অন্য মাদক দ্বব্য ও আমিষ ভক্ষণ করিবেন না কিন্তু ব্রাহ্মণ অভিষেকী হইয়া মদ্যপান করিবেন অভিষিক্ত হইলে ব্রাহ্মণের সর্কাযুগেই মদ্যপান কর্ত্তব্য হয়, স্থার অভাবে রত্ব তুলা সন্ধিদা প্রদান করিবেন, অভিষেক দ্বারা সকলের অধিকার হয় অভিষিক্ত হইলে ব্রাহ্মণ ব্রহ্মত্ব প্রাপ্ত হয়েন; অভএব ব্রাহ্মণের উদ্দেশে স্থরাপানাদিতে যে যে নিষেধ কহিয়াছেন তাহা অবশ্যই অনভিষিক্ত ব্রাহ্মণ পর জানিবে) এবং দীপিকাকারের পূর্ব্ব, কালীকপ্শলতাকার প্রভৃতি অতি প্রাচীন আচার্য্যেরাও এই রূপ মীমাংসা করিয়াছেন তাঁহারাও কি কুলার্ণব মহানির্ব্বাণ মাত্রদর্শী ছিলেন ? কালীকপ্শে লতাসারে মদ্যপানের বিধায়ক ও নিষেধক নানা শান্ত্রীয় বচন লিখিয়া পশ্চাৎ সমাধান করেন যে (দেবতাধিকারভাবভেদেন তত্তচ্ছান্ত্র-বচনোথিতবিরোধঃ সমাধেয়ঃ) দেবতা অধিকার ও ভাব ভেদে সেই শান্তের বচন হইতে উৎপন্ধ যে পরস্পর বিরোধ তাহার সমাধা করিবে ॥ সেই অভিষেক ছুই প্রকার হয় এক পূর্ণাভিষেক দ্বিতীয় শাক্তা-ভিষেক তাহার ক্রম ও অনুষ্ঠানের বিবরণ তন্ত্র শান্তে দেথিবেন॥

धर्म मः हात्रक ১৯१ शृष्टि ७ शःकि अविध कानीविनाम ठासुत वहन লিখেন তাহার তাৎপর্য্য এই যে ভূরি পান কলিতে করিবেক না এবং পান করিয়া করিয়া পুনরায় পান করিয়া ভূমিতলে পতিত হয় পরে উত্থিত হইয়া পুনর্জার পান করিলে পুনর্জন্ম হয় না ইত্যাদি বচন সকল সত্যাদি যুগে সন্মত হয় কলিযুগে মদ্যপান করিলে পদে পদে ব্রহ্মহত্যার পাপ হয় সত্য ত্রেতা যুগে মদা শোধন প্রশস্ত হয় কলিয়গে মদ্য শোধন নাই এবং কলিতে মদ্যপান নাই। উত্তর।—এই কালীবিলাস তন্ত্রের বচন কোন্ গ্রন্থকারের ধৃত হয় তাহা ধর্ম সংহারককে লেখা কর্ত্তব্য ছিল, দ্বিতীয়ত, ইহার প্রথম ছুই বচন কলিযুগে অধিক পানের নিষেধ করণ দ্বারা বিহিত এবং শাস্ত্রোক্ত পরিমিত পানের অমুমতি দিতেছেন, কিন্তু পরের বচনে প্রাপ্ত হইতেছে যে কলিযুগে মদ্য শোধন নাই এবং মদ্যপান কর্ত্তব্য নহে, তাহার তাৎপর্য এই যে পশুদের মদ্যপান ও মদ্য শোধন কর্ত্তব্য নহে, কালীকম্পলতা ধ্রত কুলতন্ত্র বচন (স্থরাঘাঃ শোধনং পানং দানং তর্পণ-মম্বিকে। পশ্নাং গহিতং দেবি কৌলানাং মুক্তিসাধনং) মদিরার শো-धन, পান, দান, তর্পণ, পশুদের সম্বন্ধে নিম্পিত কিন্তু কৌলদের সম্বন্ধে মুক্তি সাধন হয়। ভৃতীয়ত, ধর্ম সংহারকের লিঞ্চিত বচনকে কুলার্চন

দীপিকাগ্নত বচন সকলের সহিত একবাক্যতা করিয়া অভিষেকি ভিন্ন ব্যক্তির মদ্য শোধনে ও মদ্যপানে অধিকার নাই, ইহা অবশ্য স্বীকার করিতে হইবেক যেহেতু ধর্ম্মসংহারকের লিখিত বচনে সামান্যত পান শো-ধনের নিষেধ করিয়াছেন ও দীপিকাগ্নত বচনে অভিষেকি ব্যক্তির মদ্য শোধন ও পান কর্ত্তব্য হয় ইহা প্রাপ্ত হইয়াছে, অতএব অভিষেকি ভিন্ন ব্যক্তি ঐ কালীবিলাস বচন প্রাপ্ত নিষেধের বিষয় হইবেন। চতুর্থ, সত্যাদি যুগে তত্ব গ্রহণে আগমোক অনুষ্ঠান ছিল না উদ্দীথ, শতক্ত্রী, দেবী পুক্ত প্রভৃতি শ্রুতি মন্ত্রে তত্ত্ব শোধনের বিধি ছিল, অতএব কলিতে যে শোধন ও পান নিষেধ তাহা বৈদিক মন্ত্র মাত্রে শোধন ও বৈদিক পান নিষেধ হয় অর্থাৎ তান্ত্রিক মন্ত্র সাহিত্য বিনা কলিতে তত্ত্ব শোধন নাই যেহেতু ঐ কালীবিলাস তন্ত্রে সত্য ত্রেতাতে শোধনের প্রাশস্ত্য লিথিবাতে সত্যাদি কালে বিহিত যে বৈদিক শোধন তাহার প্রাশস্ত্য প্রথমে জানা-ইয়া পরে ঐ শোধনের নিষেধ দ্বারা ইহাই ব্যক্ত করিলেন যে কলিতে বৈদিক শোধন ও পান অকর্ত্তব্য হয়, তথাহি (কুলন্তব্যাণি সেবস্তে যেইন্য-দর্শনমাঞ্রিতাঃ। তদঙ্গরোমসংখ্যাতোভূতয়োনিষু জায়তে) যে ব্যক্তি তন্ত্র ভিন্ন শাস্ত্র আশ্রয় করিয়া কুলন্তাব্য গ্রহণ করে তাহার শরীরস্থ লোম সং-খ্যার প্রেত্ যোনিতে জন্ম পার (উল্পাথকন্ত্রেন্বিস্ক্রেন পা-ৰ্বতি। কৃতাদিষু দ্বিজাতীনাং বিহিতং তত্তশোধনং। তন্ন সিদ্ধং কলিযুগে কলাবাগমসত্মতং। বৈদিকৈন্তান্ত্ৰিকৈন্দ্ৰবৈদ্ধন্তিন্তন্ত্ৰানি শোধয়েৎ কলো। অর্থাৎ উদ্দাীথ শতরক্রী, দেবীস্ফুল, ইত্যাদি বৈদিক মন্ত্র দ্বারা সত্যাদি যুগে দ্বিজেদের তত্ব শোধন বিহিত হয়। কলিযুগে তাহা সিদ্ধ নহে, অতএব কলিতে তান্ত্রিক এবং বৈদিক মন্ত্রের দ্বারা দ্রব্যের শোধন করি-বেক। তৃতীয়ত, সর্ববিত্র সিদ্ধান্ত শাস্ত্রে তত্ত্ব গ্রহণের নিষেধ যে স্থানে আছে তাহাকে দেবতা বিশেষের উপাসনা ভেদে কহিয়াছেন ও যে যে স্থানে বিধি আছে তাহাও মন্ত্র বিশেষে ও দেবতা বিশেষে অঙ্গীকার করেন, তথাচ কুলার্চন দীপিকা (নয়াহো তর্হি আগমোক্তবিধানেন পঞ্চতত্ত্বেন কলাবখিলদেবতা পূজনীয়েত্যাযাতি—অতো দেবীপুরাণে চীনতন্ত্রে কুলা-বলাঞ্চাহ, মহাভৈরবকালোয়ং শিবস্য বামনায়ক:-- শ্মশানভৈরবী কালী উগ্রতারাচ পঞ্চম) ইত্যাদি। অর্থাৎ পঞ্চতত্ত্বের দারা দেবতা পূজা আবশ্যক হয় ইহা কহিয়া পশ্চাৎ সিদ্ধান্ত করেন যে কলিতে তব্ দ্রব্যের দারা সকল দেবতার পূজা প্রাপ্ত হইল, এমত নহে কিন্তু দেবীপুরাণ চীন তন্ত্র কুলাবলী তন্ত্রে কহিয়াছেন যে মহাদেবের মহাকাল ভৈরব মূর্ত্তির উপাসনায় এবং শ্মশান ভৈরবী ও মহা বিদ্যাদির উপাসনায় তত্ত্বের অন্তর্গান কর্ত্তব্য হয়, এই রূপ বিবরণ করেন। সময়াতত্ত্রে (যে ভাবাযস্য বৈ প্রোক্তাত্ত্রেভাবৈর্থদি নার্চয়েৎ। বিরুদ্ধভাবমাঞ্রিত্য ভ্রফ্টোভবতি সাধকঃ) যে দেবতার যে ভাব বিহিত হইয়াছে সে ভাবে তাঁহার অর্চনা না করিয়া য়দি তাহার বিরুদ্ধ ভাব আশ্রয় করে তবে সে সাধক ভ্রফ্ট হয়। তথাচ (অধিকারিবিশেষেণ শাস্ত্রাণ্যুক্তান্যশেষতঃ) অধিকারি বিশেষে নানা শাস্ত্র ক্ষিত্ত হইয়াছেন।

• দেবতা বিশেষে অধিকার বিশেষে ও সংস্কার ভেদে তত্ব গ্রহণের কর্ত্ত-ব্যতা ও অকর্ত্তব্যত্ব স্বীকার না করিয়া উভয় পক্ষের লিখিত বচন সকলের পরস্পর অনৈক্য বোধ করিয়া তাহার মীমাংসা নিমিত্ত ধর্ম্মসংহারক ২০০ পৃষ্ঠে ৮ পংক্তি অবধি লিখেন যে (ভাক্ত বামাচারির কুলার্ণবাদি তদ্ধের বচনে কলিযুগেও ব্রাহ্মণের মদ্যপানে বিধি দেখিতেছি, আর ধর্ম সংস্থাপ-নাকাজ্জির নিখিত মন্বাদি স্থৃতি পুরাণ ও তন্ত্রাস্তর এই সকল শান্তে কলি যুগে ব্রাহ্মণের মদ্যপানে নিষেধও দেখিতেছি অতএব এক শাস্ত্রের প্রামাণ্য व्यता भारतात व्यथामाना व्यवभारे कहिएक रहेरवक) शरत वह वावजातक ছুর করিবার উদ্দেশে ১৬ পংক্তি অবধি স্মার্ভগ্গত কৃর্মপ্রাণীয় বচন লিখেন (यानि भौजानि मृभारङ लारकिचान् विविधानि ह । अन्छ ऋषि विक्रकानि নিষ্ঠা তেষাং হি তামদী। করালভৈরবঞ্চাপি য়ামলং নাম যৎ ক্বতং। এবম্বি-ধানি চান্যানি মোহনার্থানি তানিচ। ম্যা স্ফৌন্যনেকানি মোহায়েরাং ভবার্ণবে) ইহলোকে শ্রুতি বিরুদ্ধ নানা প্রকার যে সকল শাস্ত্র দৃষ্ট হইতেছে ভাহার যে নিষ্ঠা সে তামসী, ফলত শ্রুতি বুরুদ্ধ শাল্লে কেহ কদাচ আছা করিবে না বেহেতু তদক্সারে আছা করিলে তামগী গতি হয়, এবং করাল ভৈরব নামে ও যামল নামে যে তন্ত্রকৃত হইয়াছে এবং এই প্রকার যে যে অন্য তব্র আমার কথিত হয় তাহা লোকের

মোহনার্থ এবং এই প্রকার জন্য জন্য যে তন্ত্র আমি স্থাটি করিয়াছি তাহা এই ভবার্ণবে তামসিক লোকের মোহ নিমিত্ত হয়"

পরে ২০১ পৃষ্ঠে ১৫ পংক্তি অবধি সিদ্ধান্ত করেন (অতএব কলিযুগে ব্রাক্ষণের মদ্যপান বিষয়ে ভাক্ত বামাচারির লিখিত যে কুলার্ণবের ও মহা নির্বাণের বচন তাহারি অপ্রামাণ্য অবশ্যই কহিতে হইবেক যে হেতু সেই সকল তন্ত্ৰ শ্ৰুতি বিৰুদ্ধ ও নানা তন্ত্ৰ বিৰুদ্ধ একারণ কণ্পিত আগম হয় তাহাকে অসদাগম কহা যায়) তাহার পর ২০২ পৃষ্ঠের ৫ পংক্তি অবধি ধর্মসংহারক পদ্ম পুরাণীয় বচন যাহা প্রসিদ্ধ টীকা সম্বত ও সংগ্র-হকার ধত নহে লিখেন, তাহার তাৎপর্যা এই যে বিষ্ণুভক্ত অস্করদিগ্যো মোহ করিবার নিমিত্ত স্বয়ং বিষ্ণুর অনুমতিক্রমে মহাদেব বেদ বিরুদ্ধ আগম রচনা ও নিজে ভস্মান্তি ধারণ করিয়াছিলেন ॥ প্রথম উত্তর।— এনকল বচনে শ্রুতি বিরদ্ধ তন্ত্রকে মোহনার্থ কছেন, কিন্তু উপাসনা ও সংস্কার বিশেষে তম্ব গ্রহণ করিতে কুলার্ণব মহা নির্ববাণাদি নানা তম্তে যে কহিয়াছেন তাহা শ্রুতি বিরুদ্ধ কলাপি নহে, যেহেতু স্ত্যাদিষুগে যে শ্রেণত মদ্যদেবা বিধি প্রাপ্ত ছিল কলিতে তাহারি নিষেধ স্মৃতিতে করেন, কিন্তু মহা বিদ্যাদি দেবতা বিশেষের উদ্দেশে তন্ত্রোক্ত বিশেষ সংস্থারে মদ্যমাংস গ্রহণের নিষেধ কোনো শ্রুতি স্মৃতিতে নাই, যাহার দারা ঐ সকল কুলার্ণবাদি তন্ত্র শ্রুতি বিরুদ্ধ হইতে পারে, বরঞ কুলার্ণবাদি তন্ত্রে কি প্রকার মদ্য শ্রুতি কৃতি নিষিদ্ধ হয় তাহার বিবরণ কহিয়া শ্রুতির ন্যায় তাহার পুনঃ পুনঃ পান ও দানকে নিষেধ করি-য়াছেন, যথা কুলার্ণবে (রুথা পানস্ক দেবেশি স্থরাপানং তত্মচ্যতে, যশ্মহা-পাতকং ক্রেয়ং বেদাদিষু নিরূপিতং তথা (তত্মাদবিধিনা মদ্যং মাংসং সেবেত কোপি ন। বিধিবৎ সেবতে দেবি তরসা বং প্রদীদসি) অর্থাৎ ভোগার্থ যে অবিহিত মদ্যপান তাহার নাম স্থরাপান জানিবে যাহাকে বেদাদি শাস্ত্রে মহাপাপ জনক কহিয়াছেন অতএব অবিধান ক্রমে কোনো বাক্তি অবিহিত মদ্যপান ও মাংস ভোজন করিবেক না, কিন্তু হে দেবি যথা বিধানক্রমে যে ব্যক্তি সেবন করে তাহাকে তুমি শীঘ্র প্রসন্ধা হও। েমন স্কৃতি সংহিতা ও পুরাণাদিতে কলিযুগে অন্নের জাতি ভেদে বিশেষ

নিয়ম করিয়াছেন, অধম জাতির পক অন্ন উত্তম জাতির ভোজ্য কলিতে নহে এই রূপ সামান্যত নিষেধ স্মৃতি পুরাণ প্রভৃতিতে করেন, কিন্তু উৎকলখণ্ড গ্রন্থে জগন্নাথের নিবেদিত হইলে সর্ব্ব জাতিকে একত্র হইয়া অন্ন দেবন করিতে জগন্নাথ কেত্রে বিশেষ বিধি দেন, ইহাতে উৎকল থণ্ডকে শ্রুতি বিরুদ্ধ শাস্ত্র কোনো গ্রন্থকার কছেন না, এবং তদ্পু-সারে জগন্নাথ ক্ষেত্রে বিফ্রকাঞ্চি প্রভৃতি দ্রুবিড় দেশস্থ ব্রাহ্মণ ব্যতিরেক সর্ব্ব জাতি তন্নিবেদিত অন্ন ব্যঞ্জন একত্র ভোজন করিয়াও পাপগ্রস্ত ও জাতি ভ্রফ হয়েন না, কেন না শ্রুতি স্কৃতিতে সামান্যত অপকৃষ্ট বর্ণের স্পৃত্ত অন্নাদির ভোজন কলিতে নিষিদ্ধ করিয়াছেন, কিন্তু উৎকল খণ্ডে विश्निष स्थान विश्निष एवकारक विश्निष मासुत द्वाता निर्विष्ठ अन वाक्ष-নাদি অপকৃষ্ট জাতির সহিত থাইতে আজা দেন, দেই রূপ মদিরা গ্রহণের সামান্যত নিষেধ স্মৃতিতে দৃষ্ট হইতেছে আর বিশেষ অধিকারে বিশেষ দেবতার উদ্দেশে সংস্কার বিশেষে তন্ত্র শাল্রে মদামাংসের গ্রহণে বিধি দিতেছেন; অতএব কুলার্ণব ও মহা নির্ব্বাণাদি কৌল ধর্ম বিধায়ক তত্ত্ব উৎকল খণ্ডের ন্যায় শ্রুতি স্মৃতি বিক্লফ্ক কদাপি নহেন, স্থুতরাং ঐ স্মার্ত্তমূত বচনামুদারে ও পদ্ম পুরাণ বচন সমূলক হইলে তদমুদারে ঐ সকল তব্ৰ অমান্য হইলেন না॥ অধিকন্ত পদ্ম পুৱাণীয় যে বচন লিখেন তাহা প্রমাণ কি অপ্রমাণ নিশ্চয় করা যায় না যে হেতু সর্বত্ত প্রচলিত পদ্ম পুরাণীয় ক্রিয়া যোগ সার মাত্র হয় অন্যথা পঞ্চাশৎ পঞ্চ সহস্র শ্লোক সংযুক্ত সমূদায় পদ্ম পুরাণ অপ্রাপ্য এবং এসকল বচন কোনো সংগ্রহকা রের ধৃত নহে, যদিও ঐ সকল পদ্ম পুরাণীয় বচন সমূলক হয় তথাপি তাহার দ্বারা কেবল বেদ বিরুদ্ধ তন্ত্র বচনের অমান্যতা হইবেক কিন্তু এসকল বেদাবিক্ষ তত্ত্বের মান্যতায় কোনো হানি নাই। আর স্মার্ত্যত কৃর্মা পুরাণ বচনের অর্থ স্থান্দতই আছে বৈহেতু তাহার প্রথম শ্লোক এই (যানি শান্ত্রাণি দৃশ্যন্তে লোকেন্মিন্ বিবিধানিচ। প্রশুতি বিরুদ্ধানি নিষ্ঠা তেষাং হিতামদী) ইহা পশ্চাৎ লিখিত মতু বচনের সমানার্থ হয় (যাবেদবাহ্যাঃ স্কৃতরোযাশ্চ কাশ্চ কুদৃষ্টয়ঃ। সর্ববাস্তা নিক্ষলাঃ প্রেত্য ত-মোনিষ্ঠাহি তা: मৃতা:। অর্থাৎ বেদ বিকল্প শাস্ত্র মগ্রাহ্ম হয়। স্মার্ত্তপুত ঐ

কুর্মা পুরাণীয় দ্বিতীয় শ্লোক এই যে (করালভৈরবঞ্চাপি যামলং নাম যৎ কুতং। এবম্বিধানি চান্যানি মোহনার্থানি তানিচ। ময়া স্ফান্যনেকানি মোহাবৈষাং ভবার্ণবে) অর্থাৎ করাল ভৈরব যামলাদি তত্ত্বে নানাবিধ মারণ উচ্চাটন প্রভৃতি কর্ম্ম সমূহ কহিয়াছেন সেই সকল শাস্ত্র কর্ম্মে প্র-রুত্তি দিয়া লোককে মোহযুক্ত করিয়া পুনঃ পুনঃ সংসারে জন্ম মরণ রূপ ত্র:খদায়ক হয়েন, নিষ্কামি ব্যক্তিরা তাহার অমুষ্ঠান করিবেন না। কূর্ম পুরাণ বচনে এরূপ লিখিবাতে ঐ সকল তান্ত্রের শাস্ত্রতে অপ্রমাণ্য হয় না। যেমন ভগৰদ্ধীতাতে কহেন (ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্তৈগুণ্যোভবাৰ্জ্জন) সামী, বেদ সকল কামনা বিশিষ্ট যে অধিকারী তাহাদের কর্ম ফলের সম্বন্ধ প্রতিপাদক হয়েন তুমি নিষ্কাম হও। অর্থাৎ ফল প্রদর্শক বেদ সকল কামনা বিশিষ্টকে সংসারে মুগ্ধ করেন তুমি নিষ্কাম হইলে সেই সকল বেদের বিষয় ছইবে না। তথাচ ভগবদ্ধীতা (যামিমাং পুষ্পিতাং वाहः व्यवनञ्जाविशिक्ष्ठिः। विष्वानुत्रकाः शार्थ नानामञ्जीिकवािष्नः।) স্বামী, যে মূঢ় ব্যক্তিরা বিষলতার ন্যায় আপাতত রমণীয় যে সকল ফল শ্রুতি বাক্য তাহাকে পরমার্থ সাধন কহে এবং চাতুর্দ্মাস্য যাগ করিলে অক্ষয় ফল হয় ইত্যাদি ফল প্রদর্শক বেদ বাক্যে রত হয় আর ইহা হইতে. শ্রেষ্ঠ ঈশ্বর তত্ত্ প্রাণ্য নয় ইহা কহে তাহাদের তত্ত্তান হয় না। এই মোক্ষ ধর্ম উপদেশে স্বর্গাদি ফল প্রতিপাদক বেদকে পুষ্পিতবাক্য অর্থাৎ বিষলতার ন্যায় আপাতত রমণীয় পশ্চাৎ ছু:খদায়ক ইহা কথনের ছারা ঐ কর্ম্ম কাণ্ডীয় বেদের অপ্রামাণ্য হয় এমত নতে, কিন্তু কেবল মুমুক্ষুর তাহাতে প্রয়োজনাভাব ইহা জানাইয়াছেন। এবং মুগুক শ্রুতি (প্লবা-হেতে অদৃঢ়াযজ্ঞরূপ। অফীদশোক্তমবরং যেষু কর্ম। এতদ্ছে য়োষেভিন-ন্দন্তি মূঢ়া জরামৃত্যুং তে পুনরেবাপিয়ন্তি) অফীদশাঙ্গ যজ্ঞরূপ কর্মা তাহা সকল বিনাশি হয় এই বিনাশি কর্মকে যে সকল মূঢ় ব্যক্তি শ্রেয় করিয়া জানে তাহারা ফল ভোগের পর পুন: পুন: জন্ম মৃত্যু জরাকে প্রাপ্ত হয়। এম্বলে শ্রুতি আপনিই কর্ম্ম কাণ্ডীয় শ্রুতির অনাদর দেখাইতেছেন কিন্ধু ইহাতে কর্ম কাণ্ডীয় শ্রুতির অপ্রামাণ্য হয় না। সেই রূপ ঐ কৃর্ম্ম পুরা-ণীয় বচনের দ্বারা মারণ উচ্চাটনাদি কর্ম্ম বিধায়ক তান্ত্রের অনাদর তাৎ-

পর্য্য হয় কিন্তু অপ্রামাণ্য তাৎপর্য্য নহে ॥ দ্বিতীয় উত্তর।—স্মার্ক ভট্টাচার্য্য যিনি ঐ কুর্মা পুরাণীয় বচন লিখেন তাঁহার অভিপ্রায় যদি এরপ হইত যে কুর্ম পুরাণ বচনাত্মসারে এ সকল তড্কের শাস্ত্রত্ব নাই, তবে যামলাদি ডম্ব্রের বচনকে প্রমাণ বোধে স্বীয় গ্রন্থে কদাপি লিখিতেন না॥ ভৃতীয় উত্তর।—২০৬ পৃষ্টে ১৩ পংক্তিতে বরাহ পুরাণের উল্লেখ করিয়া কম্পিত আগমের লক্ষণ দেখাইবার নিমিত্ত বচন সকল ১৫ পংক্তি অবধি লিখিয়া তাহার অর্থ ২০৭ পৃষ্ঠে ৪ পংক্তিতে লিখিয়াচেন (অর্থাৎ প্রত্যহ গোমাংস ভক্ষণ ও স্থরাপান করিবেক এবং গঙ্গা যম্নার মধ্যে তপুষ্কিনী বালরভার হস্ত গ্রহণ করিয়া বলাৎকারে তাহাকে মৈপুন করিবেক এবং মাত্তযোগি পরিত্যাগ করিয়া সকল যোনিতে বিহার করিবেক এবং কি স্বদার কি পর-দার স্বেচ্ছাত্ম্সারে সর্ব্ব যোনিতে বিহার করিবেক কেবল ছক শিয়া প্রাণালী ত্যাগ করিবেক) পরে ঐ সকল বচনে নির্ভর করিয়া মহা নির্ব্বাণাদিকে ঐ সকল দৃষ্য আগমের মধ্যে গণিত করিয়াছেন, এনিমিত্ত মহানির্কাণ ও কুলার্ণবের কতিপয় বচন এম্বলে লিখা যাইতেছে যাহার দ্বারা পণ্ডিতেরা বিবেচনা কবিবেন, যে ধর্মসংহারকের লিখিত বরাহ পুরাণীয় বচন প্রাপ্ত কুকর্মোপদেশ সকল এ সকল তত্ত্বে দৃষ্ট হইয়া ধর্মসংহারকের মতামুসারে ঐ সকল তন্ত্র অসদাগমের মধ্যে গণিত হয়েন, কি ধর্ম্মসংহারকের লিখিত ঐ সকল কুকর্ম্ম অর্থাৎ গোমাংস ভক্ষণ অপরিমিত স্থরাপান, বলাৎকারে স্ত্রী সংসর্গ, ও তাবৎ পরস্ত্রী গমন ইত্যাদি পাপকর্শ্মের নিষেধ ভাহাতে প্রাপ্ত হইয়া সদাগম রূপে সিদ্ধ হয়েন। মহানির্বাণ তন্ত্রে একাদশোল্লাসে (অসংস্কৃতস্থরাপানাৎ শুদ্ধোত্বপবসঁত্র্যাহং। ভুক্তাপাশোধিতং মাংসমু-পৰাসভ্যং চরেং। বলাংকারেণ যোগচ্ছেদপি চণ্ডালযোষিতং। বধন্ত সা বিধাতব্যোনকস্তব্যঃ কদাপি সং। ভুঞ্জানোমানবং মাংসং গোমাংসং জ্ঞানতঃ শিবে। উপোষা পক্ষং শুদ্ধ: স্যাৎ প্রায়শ্চিক্তমিদং স্মৃতং। পিবন্ধতি শর্রং মদ্যং শোধিতম্বাপ্যশোধিতং। ত্যাজ্যোভবতি কৌলানাং দগুনী-য়োপি ভুড়তঃ) অর্থাৎ অসংস্কৃত স্থরাপান করিলে ত্রিরাত্র উপবাস করিয়া পাপ ইইতে মুক্ত হয় আর অশোধিত মাংস ভোজন করিলে চুই দিন উপবাস করিবেক। যে ব্যক্তি চণ্ডালের স্ত্রীকেও বলাৎকারে গমন করে স্বাক্ষা তাহার বধ করিবেন কদাপি ক্ষান্ত হইবেন না। যে ব্যক্তি মাহুষের মাংস এবং গোমাংস জ্ঞান পূর্বক ভোজন করে এক পক্ষ উপবাস ভাহার প্রারশ্চিত হয়। শোধিত কি অশোধিত মদ্য অতিশয় পান করিলে কৌ-লের ত্যাজ্য ও রাজদত্তের বোগ্য হয় (কামাৎ পরন্তিয়ং পশ্যন্ রহঃ সম্ভা-বয়ন্ স্পূৰ্ন। পরিষজ্যোপবাসেন বিশুদ্ধোদ্বিগুণক্রমাৎ। মাতরং ভগিনীং কন্যাং গচ্ছতো নিধনং দমঃ) অর্থাৎ কাম পূর্ব্বক পরস্তীর দর্শন ও নির্জ্জন ম্বানে সম্ভাষণ, স্পার্শন কিমা আলিজন করিলে ক্রমশ এক, ছুই, তিন, চারি, উপবাদের দারা শুষ্ক হইবেক। মাতা ভগিনী কিম্বা কন্যা ইহাঁদিগো গমন করিলে তাহার মৃত্যু দও হয় ॥ কুলার্ণবে (অসংস্কৃতং পিবন্ মদ্যং वला ६ का दिव देश थूनः । आक्कार्थः वा अर्भुन् निष्नन् द्वी तरः नतकः बुद्ध । অসংস্কৃত মদ্যপান ও বলাৎকারে স্থ্রী সঙ্গ এবং আপনার নিমিত্ত পশুবধ করিলে রৌরব নরকে যায়। তথা প্রেথম উল্লাসে, স্বস্বর্ণাত্রমা-চারলজ্মনান্দ, স্পৃতিগ্রহাৎ। পরস্ত্রীধনলোভাচ্চ নৃণামাযুংক্ষয়োভবেৎ। विषमाञ्जानामञ्जामाञ्जरेथव शुक्रवक्षमार जुनामायुःक्रत्यापृशानिक्षियानामनि-গ্রহাৎ) আপন আপন বর্ণাশ্রমাচারের লক্ত্বন দ্বারা ও নিন্দিত প্রতি গ্রহের দারা এবং পরস্তীতে ও পরধনে লোভ ইহার দারা মহুষ্যের পরমায়ু ক্ষয় হয়। আর বেদ শাল্লাদির অনভ্যাস ও গুরু বঞ্চনা এবং ইন্দ্রিয়ের খনিগ্রহ ইহাতে মনুষ্যের আয়ু ক্ষয় হয়। চতুর্প উত্তর।—ভূরি তন্ত্র শাস্ত্রে পুনঃ পুনঃ সত্য প্রতিজ্ঞা করিয়া ভগবান্ মহেশ্বর কহিয়াছেন বে বীর ভাব ও তত্ত গ্রহণ কলিযুগে সর্কাদা প্রশন্ত ও দিন্ধিদায়ক হয়েন, আর পশুভাব यांश करियाहि तम পশুদের মোহনার্থ জানিবে। তথাহি কুলার্ণবে দ্বিতীয় উল্লাদে। (পশুশান্তাণি দর্কাণি মরৈব কথিতানি বৈ। মূর্ক্তান্তরঞ গভৈব.-মোহনায় ছুরাত্মনাং। মহাপাপবশার বাং বাঞ্চা তেবেব জায়তে। তেযাঞ সক্ষাতির্নান্তি কম্পাকোটিশতৈরপি ৮) অন্য মূর্ডি ধারণ করিয়া ছুরাজ্মাদের মোহন নিমিত্ত আমিই পশুশান্ত সকল কহিয়াছি মহাপাপ বিশিষ্ট মহুষাদের তাহাতেই কেবল বাঞ্ছা হর শত কোটি কম্পেও তাহারের সদ্মতি নাই। ভাহাতে যদি ধর্মদংহারকের লিখিত কৃর্ম পুরাণ পদ্ম পুরাণ ও সিদ্ধ-লহরীর বচন প্রমাণে বীরাধিকারীয় কুলার্থ ও মহানির্ব্যাণাদি তক্ত্র স্কল

মোহনার্থ অসদাগম হয়েন, আর আমাদের ঐ পূর্ব্ব লিখিত বচন প্রমাণে পর্যধিকারীয় তন্ত্র সকল মোহনার্থ অসদাগম হয়েন আর ঐ ঐ বচনকে উভয় ধর্ম্মের স্তুতিপর স্বীকার করা না যায়, তবে শিবপ্রাণীত সকল শাস্ত্রের বৈযর্থ্য ও অপ্রামাণ্য এককালেই হইল, এবং সর্বজ্ঞ ও ধর্ম্ম সেতু রক্ষাকর্ত্তা পরমারাধ্য ভগবান্ মহেশ্বরের মিথ্যাবাদিন্ত্রে ও আত্ম পুরুষত্বে শকা জয়ে এবং মহেশ্বর প্রণীত শাস্ত্রের যদি অপ্রামাণ্য হয় তবে ভগবান্ পরমেষ্টির প্রণীত বেদ শাস্ত্রেরও অপ্রামাণ্যের প্রসক্তি কেন না হয় ? যেহেতু শাস্ত্রে তুল্য রূপে উভয়কেই সর্ব্বজ্ঞ আপ্র ও সত্য স্বরূপ একাত্মা কহিয়াছেন, স্থতরাং একের বাক্য লজ্ঞ্যনে অন্যের বাক্য লজ্মন হইতেই পারে; অতএব ধর্ম্মসংহারক আপনি এই ব্যবহার দ্বারা যে "এক শাস্ত্রের প্রামাণ্য, অন্য শাস্ত্রের অপ্রামাণ্য অবশ্যই কহিতে হইবেক" বেদাগম সর্ব্ব শাস্ত্রের উচ্ছেদক হয়েন কি না ? এবং "ধর্ম্মসংহারক" এই নাম তাহার উচিত হয় কি না পণ্ডিতেরা বিবেচনা করিবেন।

বারধর্ম বিধায়ক তন্ত্রের অপ্রামাণ্যের ব্যবস্থা দিলেন, কিন্তু ভগবান্ মহেশরর ইহার বিপরীত সিদ্ধান্ত করিয়াছেন, অর্থাৎ তাবৎ তন্ত্রের প্রামাণ্য কহিয়া অধিকারি ভেদে পরস্পরের অনৈক্যের মীমাংসা করেন। মহানির্কাণ (তন্ত্রানি বহুধোক্তানি নানাখ্যানারিতানি চ। সিদ্ধানাং সাধকানাঞ্চ বিধানানি চ ভূবিশঃ ॥ যথা যথা ক্যতাঃ প্রশ্নাঃ যেন ফেন যদা যদা। তথা তদ্যোপকারায় তথৈবোক্তং ময়া প্রিয়ে ॥ অধিকারিবিশেষেণ শাস্ত্রাণুক্তান্যানেষ্কতঃ। স্বেম্থেইবিকারে দেবেশি সিদ্ধিং বিন্দৃতি মানবঃ) অর্থাৎ নানা আখ্যানমূক্ত অনেক প্রকার তন্ত্র কহিয়াছি, সিদ্ধা ও সাধকের নানা প্রকার বিধান কহিয়াছি—যে যে সময়ে যাহার যাহার দ্বারা যে যে রূপ প্রশ্ন হইয়াছিল তথন তাহার উপকারের নিমিন্ত তদমুরূপ শাস্ত্র কহিয়াছি—অধিকার ভেদে নানাবিধ শাস্ত্র কহা গিয়াছে আপন আপন অধিকারে মনুষ্য সকল সিদ্ধি প্রাপ্ত হয়েন ॥ এখন জিক্তান্য এই হইতে পারে যে ধর্ম্মসংহারক্রের ব্যবস্থা মান্য হইয়া কি সকল শাস্ত্র উচ্ছের হইবেক ? কি ভগবান্ মহেশ্বেরর আক্রা শিরোধার্য্য হইয়া শাস্ত্র সকল রক্ষা পাইবেক ? ॥

২১২ পৃঠে ১৪ পংক্তিতে কুলার্বাদি তদ্ধের অমূলকর স্থাপনের উদ্দেশে ধর্মসংহারক লিখেন যে (সমূলক ও অমূলক স্থাতি পুরাণাদির পরস্পর বিরোধে অমূলকই ত্যাজ্য হয়"। উ ত্তর !—কুর্ম পুরাণ বচন রচনাকে আমরা প্রত্যক্ষ দেখিতেছি ও কেবল কুলধর্ম বিধায়ক তদ্ধের প্রকাশ সময়ে আমরা বিদ্যমান ছিলাম না এমৎ নহে, বস্তুত এছুইয়ের একও প্রত্যক্ষ দিন্ধ নহে, কিন্তু কি পুরাণ কি তন্ত্র উভয়ের প্রামাণ্যের কারণ পরস্পরা ও পূর্বে পূর্বে আচার্য্য ও সংগ্রহকারেদের বাক্য হইরাছেন অতএব উভয়ের তুল্য প্রমাণ থাকিতে পুরাণের সমূলকত্ব ও এই সকল তদ্ধের অমূলকত্ব কথন ধর্মসংখাদক হইতেই হর ॥

ঐ পৃঠের ১৭ পংক্তি অবধিলিখেন যে শ্রুতির ব্রাথে স্থৃতির অমানাতায় কি শ্রুতির অমানাতা হয়, মহু স্থৃতি ও অন্য স্থৃতির বিরোধে অন্য স্তির অমানাতা য় মহু স্থৃতির অমানাতা কি হয়"। উত্তর।—শাস্ত্রে দৃষ্ট হইতেছে যে শ্রুতি প্রবিরোধে শ্রুতির মানাতা এবং মহু স্থৃতি ও অন্য স্থৃতির বিরোধে মহু স্থৃতির মানাতা এবং মহু স্থৃতি ও অন্য স্থৃতির বিরোধে মহু স্থৃতির মানাতা হয়, স্থৃতরাং তদহরূপ ব্যবহার ছইন্য়াছে, কিন্তু ইহা কোন্ শাস্ত্রে লিখিত আছে যে পুরাণ ও তন্ত্র শাস্ত্রে বিরোধ হইলে পুরাণই মান্য হইবেন? অথবা পুরাণে লিখিত যে মহেশ্রোক্তি তাহা তন্ত্র লিখিত মহেশ্রে বাক্য হইতে শ্রেষ্ঠ হয়? বরঞ্চ ইহাই দৃন্ট হয় ে পুরাণ যের পানার শ্রেষ্ঠত্ব বর্ণন করেন সেইরূপ তন্ত্রে পুরাণাদি তন্ত্রের শ্রেষ্ঠত্ব কথন আছে; বিশেষত ঐ কুর্ম্ম পুরাণীয় বচনে শ্রুতি বিরুদ্ধ শাস্ত্রকেই কেবল তামদ কহিয়াছেন তাহাতেও এরূপ কথন নাই যে পুরাণ বিরুদ্ধ তন্ত্র অগ্রাহ্ণ হয়, অথবা কি শ্রুতি সাত্রেরই সহিত যে তন্ত্রে বিরুদ্ধ সে অগ্রাহ্ণ হয়; কেবল ধর্ম্মহং-হারক দক্ষ পক্ষ আশ্রয় করিয়া মহেশ্রপ্রপীত শাস্ত্রের অপমান করিতেছেন॥

আদৌ ধর্মানংহারক আপন অজ্ঞানতার প্রাবল্যে কুলধর্ম বিধায়ক তন্ত্র মাত্রকে অসদাগম স্থির করিয়া, ২০৮ পৃষ্ঠে ৭ পংক্তি অবধি (কৌলযুঁগে মহেশানি ব্রাহ্মণানাং বিশেষতঃ। পশুর্নস্যাৎ পশুর্নস্যাৎ পশুর্নস্যাৎ পশুর্নস্যামা-জ্ঞয়া।) ইত্যাদি বচনের উল্লেখ পূর্বক ১১ পংক্তিতে লিখেন যে (এই মহানিব্রা ণর বচনে পশুর্নস্যাৎ ইত্যাদি স্থানে নঞের অর্থ নিষেধ্নহে

কিন্তু শিরশ্চালন এবং পুনঃ পুনঃ পশুর্নস্যাৎ এই শব্দ প্রয়োগে নিক্ষয় অর্থও বোধ হইতেছে, তাহাতে এই অর্থ স্থির হয় যে কলিষুগে বিশেষতঃ ब्राक्तरंगज्ञा कि शख श्हेर्रां मा, कलंड अवगारे शख श्हेर्रां हेजाणि। উদ্ভর।—আপন প্রত্যুত্তরের ১৮৮ পৃঠের 🛎 পংক্তিতে ধর্মসংহারক লিখেন रव " रव भाषरखता भन्नमानान् न गटक्ट् भन्नधनः न गृङ्गीग्राए " व्यर्थाए च्राल नित्रकानान नक्ष वहे कथा कहिया वहे श्रकांत्र वर्ष करत्र य मर्कां পরদার গমন ৬ পরধন হরণ করিবেক সে পাষভেরাও এইক্ষণে ত্রহ্ম পুরাণে ও কালিকা পুরাণে মদ্যের নিষেধ দর্শনে উপনার বচনেও (মদ্য जातमः जात्मः) हेजाति चात्न ज भक्त निरुधार्थ ज्वानाहे कहिरवन" क्यार শাল্কের স্পাক্টার্থ ত্যাগ করিয়া নঞের অর্থ শিরশ্চালন কহিয়া যে অর্থান্তর করে তাহাকে এন্থলে ধর্মসংহারক পাষও কহিলেন কিন্তু আপনিই পুন-রায় (পশুর্নসাৎ) ইত্যাদি স্থলে অন্য শান্তের পোষক বচন থাকিতেও ইহার স্পত্টার্থ ত্যাগ করিয়া নঞের অর্থ শিরশ্চালন জানাইয়া অর্থাস্তরের কম্পানা করিতেছেন; কি আশ্চর্য্য ধর্ম্ম গংহারক স্বমুখেই আপন পাষওত্ব স্বীকার করিলেন, অধিকন্ত ধর্মসংহারকের দর্শিত এই শিরশ্চালন অর্থে নির্ভর করিয়া তাঁহার লিখিত (ন মদ্যং প্রাপিবেদ্দেবি)—(ন কলো শো-धनः भाषाः) हेजापि वहनरक मगाणान विधायक व्यना व्यनां वहरनत महिज এক বাক্যতা করিয়া নঞ্জের অর্থ শিরশ্চালন কহিতে তত্ত্ত ল্য ব্যক্তিরা ८कन ना प्रमर्थ रुद्धन ? अवः अहे क्रश्र व्याध्या दकन ना कदत्रन ८४ (न मन्त्रः) व्यंभिरवाष्ट्रि विक्रिये क्राप्त महा कि भान क्रियक ना, कन्छ व्यक्तीह भान कतित्वक (न करली श्लाधनः मामा) कलिए कि मामात श्लाधन नारे, ফলত অবশ্যই শোধন আছে, স্থতরাং ধর্মসংহারক এইরূপ ব্যাখ্যার পথ দর্শাইয়া স্বাভিল্যিত ধর্মনান্দের উদ্দেশে ভাবৎ শান্ত্রকে উদ্দ্র করিতে বিসয়াছে।। পরে ঐপুষ্ঠে (অতএব ধিজাতীনাং) ইত্যাদি এক স্থানস্থ বচ-নকে অন্য স্থানীয় বচন (ষেফ্টাব: কুলধর্মাণাং) ইত্যাদির সহিত অবয় করিরা যে যে প্রলাপ ব্যাখ্যান করিয়াছেন তাহা পণ্ডিতেরা যেন অব-लाकन क्रबन।

২০৯ পৃষ্ঠে ৫ পংক্তি অবধি লিখেন যে ''যদ্যপি ভাক্ত বামাচারি মহাশর কচেন যে (কলৌ যুগে মহেশানি) ইত্যাদি মহা নির্বাণের বচন শিববাক্য আর (বানি শাস্ত্রাণি দৃশ্যস্তে) ইত্যাদি কৃর্দ্ম পুরাণীয় বচন বেদব্যাস বাক্য অতএব বেদব্যাস বাক্যের দ্বারা শিব বাক্যের বাধ কি প্রকারে জন্মান যায়, তথাপি সেই কুর্দ্ম পুরাণ বচনকে শিববাকা বলিয়া তাহাতে তাঁহাদিগের শ্রদ্ধা করিতে হইবেক"। উত্তর।—আমরা পূর্বেই পুনঃ পুনঃ কহিয়াছি ৰে কি শিৰবাক্য কি দেবী বাক্য কি ব্যাসাদি ঋষিবাক্য সকলই শাস্ত্ৰ বোধে মান্য হয়েন অত্তএব ধর্মসংহারকের এরূপ লেখা যে "তথাপি সেই কৃর্ম পুরাণীয় বচনকে শিববাক্য বলিয়া তাহাতে তাঁহাদিগ্যে শ্রদ্ধা করিতে হই-বেক" দর্ববিথা অযোগ্য, বিশেষত ধর্ম দংহারকের লিখিত এ কূর্ম পুরাণীয় বচন শিব শাস্ত্রের কোনমতে বাধক নহে যাহা আমরা এই দ্বিতীয় উত্তরে ৩১৯ পৃষ্টের ১২ পংক্তি অবধি ৩৫৫ পৃষ্টের ২৩ পংক্তি পর্য্যস্ত বিবরণ পূর্ব্বক লিথিয়াছি; অধিকন্ত ভগবান্ বেদব্যাস কাশীথণ্ডে স্বয়ং সিদ্ধান্ত করিয়াছেন যে পরমারাধ্য মহেশবের মাহাত্ম্যের স্বন্পতা দর্শাইয়া যদি কদাপি কোনো উক্তি স্বতঃ পরতঃ করিয়াছেন তাহাতে পরমারাধ্যের হেয়ত্ব স্কুচনা না হইয়া তাঁহারি হস্তস্তম্ভন ও কঠ রোধ ইত্যাদি বিড়ম্বনার কারণ হইয়াছিল, এই রূপ তন্ত্ররত্বাকরেও প্রাপ্ত হইতেছে তথাহি (হতদর্পস্তদা ব্যাদোভৈরবেণ মহাত্মানা কম্পিতোরুশিরগ্রীবস্ততঃ কাশ্যাবিনির্যযৌ।—তেনাহৃতা স্করনদী যমুনা চ সরস্বতী। গোদাবরী নর্ম্মদা চ কাবেরী বাহুদাতথা—দেবা দেবর্ষয়ঃ সিদ্ধাইচ্ছন্তোপি হিতং মুনে:। টভরবস্য ভয়াদেবি নজগার্ব্যাসসন্নিধৌ। ভগোদ্যমোনিরানন্দ: শোকসংবিগ্নমানস:। কিং করোমি কগচ্ছামি জল্প-তি স্ম পুন: পুন: ॥ অর্থাৎ বেদব্যাস দ্বিতীয় কাশী নির্মাণে উদ্যত হইয়া কেবল ক্ষোভ প্রাপ্ত হইলেন।

প্নরায় ২১১ পৃঠের প্রথম অবধি কুল ধর্ম বিধায়ক তন্ত্রকে শ্রুতি বিরুদ্ধ অপবাদ দিয়া অগ্রাছ্থ কহিয়াছেন ইহার উত্তর ৩৪৯ পৃঠ অবধি বিশেষরূপে লিথাগিয়াছে অতএব পুনরায় আন্তেডনে প্রয়োজনাভাব॥ ভাগবতের, ব্রহ্মবৈষর্ত্তের ও তন্ত্রের বচন লিখিয়া পরে ২১৬পৃঠে ৮পংক্তি অবধি লিখেন "যে মুহানির্বাণাদি তন্ত্রের বচনে কেবল পুরাণাদি শাত্তের

নিন্দা বোধ হইতেছে যেহেতু সেই বচনে তৎপথ বিমুখ ব্যক্তি সকলের প্রতি পাষণ্ড ও ব্রহ্ম ঘাতক ইত্যাদি শব্দ প্রয়োগ এবং পুরাণাদি শাস্ত্রকে অর্কন্দীর এবং যড় দর্শনকে কৃপ কহিতেছেন,উত্তমের রীতি এই যে পরের প্রশংসার দ্বারা আপনিও প্রশংসিত হয়েন অধমে তাহার বিপরীত। "উত্তর।—প্রথমত সাদৃশ্য দ্বারা কোনো শাস্ত্রের প্রতি "অধম" এপদ প্রয়োগ করা অতি মধম ও ধর্মসংহারক হইতেই সম্ভব হয়।

দিতীয়ত, পুরাণাদি শাঙ্কের নিন্দা কথন তন্ত্র শাঙ্কে আছে তাহার প্রমাবের উদ্দেশে ধর্মগংহারক লিথেন যে "সেই বচনে তৎপথ বিমুথ ব্যক্তি
সকলের প্রতি পাষও ওব্রহ্ম ঘাতক ইত্যাদি শন্দের প্রয়োগ এবং পুরাণাদি
শাস্ত্রকে অর্কন্দীর ও ষড় দর্শনিকে কৃপ কহিতেছেন"॥ উত্তর।—তন্ত্রে দেখিতেছি যে তন্ত্র শাস্ত্র বিমুথ ব্যক্তিকে পাষও কহেন যথার্থই বটে যেহেতু তন্ত্র বিমুথ ব্যক্তি প্রায় এদেশে অপ্রাপ্য, কিন্তু ধর্মসংহারকের লিখিত পদ্মপুরাণীয় বচন সমূলক হইলে তাহাতে স্পান্ত শিবশাস্ত্রকে পাষও শাস্ত্র কহিয়াছেন অতএব বিবেচনা কর্ত্রব্য যে সাক্ষাৎ নিন্দোক্তি কোথায় লিখিত
আছে।

তৃতীয়ত, যেমন আগমে শিব পথ বিমুখকে পাষত কহেন সেই রূপ শীভাগবতাদি বিষ্ণু প্রধাণ গ্রন্থে বিষ্ণু ভক্তি বিমুখকে চণ্ডাল ও অনা উপাসককে তুর্ব্বাক্য কহিয়াছেন, এইরূপ মাহাত্ম্য প্রদর্শক নিলা বোধক বচনের দ্বারা শীভাগবতাদি গ্রন্থ কি অধম হইবেন ? (বিপ্রাদ্ধ্বিষ্ণ্ গুণযুতা-দরবিন্দনাভপাদারবিন্দবিমুখাৎ শ্বপচং বরিষ্ঠং। বিনোপসর্পত্যপরং হি বা-লিশঃ শালাঙ্গ লেনাতি তর্ত্তি দিরুং) ভাগবত, তাবৎ গুণযুক্ত ব্রাহ্মণ যদি বিষ্ণু পাদপদ্ম বিমুখ হয়েন তবে তাঁহা হইতে চণ্ডালকে প্রেষ্ঠ করিয়া মানি। বিষ্ণুর প্রতি দেবতাদের বাক্য, সর্ব্ব প্রেষ্ঠ ভগবান্ ব্যতিরেকে অনোর শরণাগত যে হয় সে মুর্থ কুরুরের লাঙ্গুল অবলর্থন করিয়া সমুদ্র পার হইতে বাসনা করে। চতুর্থ, মহেশ্বর মত ত্যাগ করিয়া অন্য মত গ্রহণ করিলে সেই মতকে অর্কনীর তম্ব বিচনে কহিয়াছেন, ইহা ধর্মসংহরক লেখেন বস্তুত্ব এই বাক্যান্থ্সারে ব্যবস্থাও দৃষ্ট হয়, তন্ত্র্মত ত্যাগ করিয়া অন্য মতে উপাসনাদি এদেশে কেছ করেন না। পঞ্চম, ষড়দর্শনিকে কৃপশব্দে তন্ত্রে

কহিয়াছেন ধর্মসংহারক লিখেন। উত্তর।—পরম তত্তকে ত্যাগ করিয়া বাঁহারা বড়দর্শন বাদে রত হয়েন তাঁহাদের প্রতি বড়দর্শন কৃপ স্বরূপ হইবেন তত্ত্র বচনের এই তাৎপর্যা, ইহাতে বড়দর্শনের নিন্দা অভিপ্রেত নহে যেহেতু কুলার্ণবে বড় দর্শনিকে মুক্তি সাধন ও ভগবানের অক্সরূপ কহিয়াছেন, কুলার্ণব (দর্শনেষ্ চ সর্বেষ্ চিরাভ্যাসেন মানবাঃ। মোক্ষং লভত্তে কৌলে তু সদ্য এব ন সংশয়ঃ (তথা) বড়দর্শনিনি স্বাঙ্গানি পাদে কুক্ষিকরৌ শিরঃ। তেষ্ ভেদং হি য়ঃ কুর্যাল্মমান্ধচ্ছেদ এব হি) সকল দর্শনেতে চিরকাল অভ্যাসের দ্বারা মহ্য়য় মেক্ষ প্রাপ্ত হয় আর কুল ধর্মে তৎক্ষণাৎ মুক্ত হয় ইহাতে সংশয় নাই। পাদদ্বয় হস্তদ্বয় উদর ও মস্তক এই আমার ছয় অঙ্গ বড় দর্শন হয়েন ইহাতে যে ভেদজান করে সে আমার অন্ধচ্ছদ করে।

২১৭ পৃষ্ঠে ৬ পংক্তি অবধি লিখেন যে "ভাক্তবামাচারী মহাশয় কহেন যে মহা নির্ব্বাণাদি তদ্ধে অসদাগম একারণ অগ্রাহ্ন ও অপ্রমাণ হইলেও তথাপি পুরাণাদির মতাবলম্বী ও মহানির্ব্বাণাদির মতাবলম্বী এউভয়েরই তুল্য ফল" ইত্যাদি। উত্তর।—পূর্ব্ব পূর্ব্ব প্রমাণের দ্বারা কুল ধর্ম্ম বিধায়ক মহানির্ব্বাণ, কুলার্ণবাদির সদাগমত্ব ও শান্তত্ব সিদ্ধ হওয়াতে একোটি আমাদের প্রতি সম্ভব হয় না,বেহেতু যাঁহারা এসকল কুলধর্ম বিধায়ক তন্ত্রাবলম্বী হয়েন তাঁহাদের ইহলোকে ভৌগ এবং পরলোকে মোক্ষ প্রপ্তি দ্বারা ধর্ম্মসংহারকের সহিত কদাপি ফলেতে সমান নহে,(যত্রান্তি ভোগবাহল্যং তত্ত্ব মোক্ষস্য কা কথা। যোগেপি ভোগবিরহঃ কৌলন্তুভয়মশুতে) অর্থাৎ বৌদ্ধাদি অধিকারে যাহাতে বিহিতার্ম্পান বিনা ভোগের বাহল্য আছে, তথায় তথায় মোক্ষের সম্ভাবনা নাই আর যোগাদি অধিকারে মোক্ষ প্রাপ্তি হয় কিন্তু তাহাতে ভোগের ষ্পপ্রাপ্যতা পরন্ত কৌল ধর্ম্মে ভোগ ও মোক্ষ উভয় প্রাপ্তি হয় ॥ তবে ষে সকল লোক কেবল যুক্তিতেই নির্ভর করেন তাঁহাদের নিকটে একোটি অন্য কোটি ত্রয়ের সহিত সম্ভব হয়, অর্থাৎ যদি কুল ধর্মা বিধায়ক তন্ত্রশাস্ত্র এবং আপাতত কুল ধর্ম নিষেধক স্মৃতিশাস্ত্র উভয়ই সত্য হয়েন তবে উভয় ধর্মাবলম্বিদের পর লোক সিদ্ধ হইবেক, অধিকন্ত কোলের ইহলোকে ভোগ রহিল, যদি উভয় শাস্ত্র মিথা। হয়েন তাহাতে যদ্যপিও উভয় মতাবলম্বি-

দের পরলোক সিদ্ধ হইবেক না তথাপি ঐ স্বার্তদের নিক্ষল ঐতিক যন্ত্রণা রহিল, যদি উভয়ের মধ্যে এক সতা অন্য মিথা। হয়েন অর্থাৎ কুল ধর্ম বিধায়ক শাস্ত্র সত্য হয়েন ও আপাতত কুল ধর্ম নিষেধক স্কৃতিশাস্ত্র মিথা। হয়েন তবে কৌলিকের উভয়ত্র সন্ধাতি হইল, আর ঐ ঐ স্কৃতি মতাবলছিলের উভয় লোক এই ইইবেক, অথবা তাহার অন্যথাতে অর্থাৎ ঐ আপাতত কুল ধর্ম নিষেধক স্কৃতি সত্য ও কুল ধর্ম বিধায়ক শাস্ত্র মিথা। যদি হয়েন তথাপি কৌলিকের ইহলোকে স্বচ্ছলতা রহিল আর ঐ স্কৃত্যবল-ছিদের কেবল পরলোক সিদ্ধ হইতে পারে; এই অংশে উভয় ধর্মের এক প্রকার তুল্য ফল দাতৃত্ব কেবল থাকে। একোটি চতুস্টয় কেবল যুক্তি পার ব্যক্তিদের নিকট কুল ধর্মের প্রশংসার প্রতি কারণ হয়।

২১৮ পৃঠের ১৪ পংক্তিতে লিখেন যে "ধর্মসংস্থাপনাকাজ্জির লিখিত স্থৃতি পুরাণাদি বচনে ব্রাহ্মণাদির মদ্য পানের নিষেধ দর্শনে শূক্র ভাক্ত তবজ্ঞানি মহাশয়েরা লক্ষ্ক উল্লক্ষ্ক প্রদান করিবেন না মেহেতু শূক্ত কমলাকর ধত পরাশর বচন দর্শন করিলে তাঁহাদিগেরও বাক্যরোধ ও ছদোধ হইবেক, ষ্থা প্রশের: (তথা মদ্যস্য পানেন ব্রাহ্মণী গমনেন চ। বেদাক্ষরবিচারেণ শূদ্রশ্চগুলতাং ব্রজেৎ) শূদ্রজাতি বদি মদ্য পান ব্রাহ্মণী গমন কিম্বা বেদের বিচার করেন তবে তাঁহাদের চণ্ডাল জ্বাতি প্রাপ্তি হয়"। উত্তর।—ধর্ম্মগংহারক এই ব্যবস্থা দিলেন যে শৃক্তের স্করা-পান স্বন্ধুর, বলি মদ্য পানও শৃক্তে করে তবে চণ্ডাল হয়, কিন্তু মিতাক্ষরা-কার ও প্রায়শ্চিত্ত বিবেক কার প্রভৃতি গ্রস্থকারেরা মন্বাদি ঋষি বচনে নির্ভর পূর্বক ইহার অন্যথায় ব্যবস্থা দেন। মহ: (তত্মাৰ্।ক্ষণরাজন্যৌ বৈশ্যাশ্চ ন স্থরাং পিবেৎ) রহদ্যাজ্ঞবন্ধ্যঃ (কামাদপি হি রাজন্যো বৈশ্যোবাপি কথঞ্চন। মদ্যমেবাস্থরাং পীত্বা ন দোষং প্রতিপদ্যতে) অর্থাৎ ব্রাহ্মণ ক্ষত্রির বৈশ্য ইহারা স্বরাপান করিবেন না (অর্থাৎ অবিহিত স্বরাপান করিবেন ना) कवित्र ७ दिना यनि त्यक्टांदीन वर्थाए त्मरवात्कम वाजित्त्रकछ ছ্বাভিন্ন মদাপান করেন তবে দোষ প্রাপ্ত হয়েন না। পরে মিতাক্ষরাকার সিন্ধাক্ত করেন (ত্রৈবর্ণিকানাং জন্মপ্রভৃতি শৈকীনিবেধঃ ব্রাহ্মণস্য ডু মদ্য-माजनित्यत्थाशास्त्र अख्यक्राज्य, त्राक्रमादेवभारतांख न कमाहिमिन भी- ড্যাদিমদ্যনিবেধঃ শৃত্তস্য তু ন স্থরাপ্রতিবেধোনাপি মদ্যপ্রতিনিবেধঃ) অর্থাৎ ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য এই তিন বর্ণের জন্ম অবধি পৈটীস্থরা নিষিদ্ধ হয় আর ব্রাহ্মণের প্রতি জন্ম অবধি মদ্য মাত্রের নিষেধ। ক্ষত্রিয় বৈ-শ্যের গৌড়ী প্রভৃতি মদ্যের কদাপি নিষেধ নাই অর্থাৎ রাগতও নিষিদ্ধ নহে আর শৃত্রের প্রতি হ্বরা কিয়া মদ্য এছুইয়ের একও নিষিদ্ধ নছে। প্রায়শ্চিত্ত বিবেককার নানা মুনি বচনের বিচার করিয়া পরে সিদ্ধান্ত করেন (তদেবং পৈঠীনিষেধল্রৈবর্ণিকানাং গৌড়ীমাধ্বীনিষেধন্ত বাক্ষণা-তথা, (রাজন্যাদীনান্ত গৌড়ীমাধ্বীপ্রভৃতিসকলমদ্যপানে ন দেবঃ) অর্থাৎ ব্রাহ্মণাদি তিন বর্ণের পৈষ্টী স্থরা নিষেধ হয় আর কেবল ব্রান্ধণের প্রতি গৌড়ীমাধ্বীর নিষেধ হয়। ক্ষত্রিয়াদি বর্ণের গৌড়ীমাধ্বী প্রভৃতি সর্ব্ব প্রকার মদ্যপানে দোষ নাই। এখন জিজ্ঞাসা করি যে মহ যাজবন্ধ্যের অফুশাসনে ও মিতাক্ষরা ও প্রায়শ্চিত বিরেকের ব্যবস্থা দার। मृत्जित देवशदिव भगाशात मात्राजाव मानित्ज इहेरवक, कि धर्मामः हात-কের ব্যবস্থান্থসারে ঐ সকলের সিদ্ধান্ত অন্যথা হইয়া পুরের মৃদ্যপান নিষিদ্ধ ইহাই স্থির করা যাইবেক। ধর্মসংহারক শুদ্র কমলাকরপ্ত কহিয়া যে পরাশরের বচন লিখেন তাহা শৃক্ত কমলাকর ধ্রত অথবা শৃক্ত পদ্মাকর ধুতইবা হউক সম্লক যদি হইত তবে মিতাক্ষরাকার, কুল্লুক ভট্ট, প্রায়-শ্চিত্ত বিবেকে কার, ইহাঁরা অবশাই লিখিয়া ইহার মীমাংসা করিতেন; যদ্যপিও ঐ পরাশর বচন সমূলক হয় তবে মন্বাদি অন্য স্কৃতির সহিত এক বাক্যতা করিবার জন্যে ব্রাহ্মণের গ্রাহ্ম যে শ্রোত যন্তীয় মদিরা তাহারি নিষেধ পরাশর বচনে শৃত্রের প্রতি অভিপ্রেত হইবেক, অন্যথা মন্বাদি স্থৃতির সহিত এক বাক্যতা থাকে না। এতদ্ভিন্ন স্থানের মদ্যপান বিধায়ক শত শত ৰচন তন্ত্ৰ শাল্পে দৃষ্ট হইতেছে এবং ঐ শাল্পের প্রসিদ্ধ সংগ্রন্থ কারের। তদমূরূপ ব্যবস্থা দিয়াছেম। এস্থলে পুনরায় সারণ দেওয়াইতেছি रि क्षिण्ड य य श्रांत वाकालत विषय महाशास्त्र निर्वे कि बार्ड সে অবিহিত কামত মদ্যপর হয়, বেহেতু (ন মাংসভক্ষণে দোষোন মদ্যে ন চ মৈপুনে) ইত্যাৰি মৰাদি স্থৃতিতে তাঁহারা বিহিত মদ্যপানে দোষাভাৰ স্বয়ং কহিরাছেন।

২১৯ পৃঠের ৭ পংক্তি অবধি ২২১ পৃঠের ৯ পংক্তি পর্যান্ত যাহা লিখিরাছেন ভাহার তাৎপর্য্য এই যে স্বপক্ষ কিম্বা বিপক্ষ শ্রীকালীশকর নামে
এক ব্যক্তিকে ধর্ম্মগংহারকের পরাভবের আশয়ে আমরা উত্থাপিত করিয়াছিলাম তিনি বাগ্দেবতার প্রীত্যর্থে স্কৃতি পুরাণাদি স্বরূপ অস্ত্র শস্ত্রের
ছারা ধর্ম্মগংহারক কর্তৃক আগত মাত্রেই নিহত হইলেন; কিন্তু ধর্ম্মগংহারক কি কি উপায়ে আর কি কি বচন রূপ শস্ত্রে তাঁহাকে নিহত করিলেন তাহার বর্ণও লিখেন না, বিবরণ যদি লিখিতেন তবে বিবেচনা করা
যাইত যে তাঁহাদের কোন পক্ষে জয় পরাজয় হইয়াছে॥

২২১ পৃষ্ঠের ১০পংক্রিতে শৈবসক্তি গ্রন্থনের অপ্রামাণ্যের উদ্দেশে লিখেন যে এত দ্বিধারক তন্ত্র শাস্ত্র মোহনার্থ কম্পিত আগম হয়। উত্তর।—ঐ সকল মহেশ্বর প্রণীত শাস্ত্র সর্বর্থা প্রমাণ ইহা আমরা ৩৪৯ পৃষ্ঠের ১১ পংক্তি অবধি ৩৫৫পৃষ্ঠ পর্যান্ত বিবরণ পূর্ববিক লিখিয়াছি তাহাতে যেন পণ্ডিতেরা দৃষ্ঠি ক-রেন,অতএব সর্বানিয়ন্তার আজ্ঞান্ত্রার অনুষ্ঠান করিলে কদাপি পাপ স্পর্ম ও যম তাড়না হইতে পারে না,বেহেকু ভগবান ক্রন্ত্র গমেরও যম হয়েন।

২২৪ পৃঠে ১৭ পংক্তি অবধি লিখেন যে (লোকের নিছিষ্ট যে কর্ম্ম তাহা শাদ্রীয় হইনেও স্বর্গের বিরোধি হয় তাহা বিশিষ্ট লোকের আচরগীয় নহে এই মন্থ বচনে নে কর্ম্ম লোকের দ্বেয় হয় সে অবশ্যই নরকের
কারণ—অতএব শৈব বিবাহ যথার্থ হইলেও সজ্জনদিগের কদাচ কর্ত্ব্যা
মহে)। উত্তর।—কেবল বিশিষ্ট লোকের দ্বেয় ও প্রিয় এই বিবেচনায়
ধর্মাধর্ম স্থির করাতে যে আগত্তি ও যে যে দোষ হয় তাহা বিশেষ রূপে
এই দ্বিতীয় উত্তরের চতুর্থ পরিছেদে ৩০৮ পৃষ্ঠ অবধি ৩১৫পৃষ্ঠ পর্যান্ত লিখা
গিয়াছে, বিজ্ঞ ব্যক্তিরা তাহা অবলোকন করিয়া ইহার সিদ্ধান্ত করিবেন;
বন্ধত তাঁতি, শুড়ি, স্থবর্ণ বণিক ও কৈবর্ত্ত এবং কতিপয় বিশিষ্ট লোক ঐ
সকল তন্ত্রকে এবং তত্তুক্ত অষ্ট্রানকে বদিও দ্বেয় করিয়া থাকেন কিন্তু
বান্ধান, বৈদ্যা, কায়স্থাদি ভূরি বিনিন্টেরা না মহেশর শান্ত্রকে পরম প্রক্রমার্থ সাধন ও অতি প্রিয় জান ক্রিয়া য অধিকারে তাহার অম্প্রান
করেন, অতএব তন্ত্রে: ক্র ধর্ম সকল বিশিষ্ট ব্যক্তিদের দ্বেয় কি হইবেন,
সর্ব্বেণা বিশিষ্ট ব্যক্তিদের বিশিষ্ট রূপে মান্যই হইয়াছেন।

ধর্মসংহারক ২২৪ পৃষ্ঠে ১১ পংক্তি অবধি নবীন এক প্রশ্ন করেন বে (এছানে শৈব বিবাহের ব্যবস্থাপক মহাশয়কে এই ব্যবস্থা জিজ্ঞাসা করি যে যাঁহারা জবনী গমনে ও বেশ্যা সেবনে সর্বদা রত তাঁহাদের স্ত্রীও বিধবা তুলাা,যদি তাহারা সপিতা না হয় তবে ঐ সকল স্ত্রীকে শৈব বিবাহ করা যার কিনা)। উত্তর ।—স্কৃতি ও তন্ত্র উভয় শাস্ত্রাহ্মসারে স্বস্ত্রী বঞ্চক প্রক্ষ সর্বাথা পাপী হয়েন, কিন্তু ভর্ত্তা বর্ত্তমানে জীর বৈধব্য, 'কি মহেশর শাস্ত্রে কি স্কৃতি শাস্ত্রে, লিখেন না; তবে ভর্তা বিদ্যামানেও বৈধব্যের স্থীকার এবং তাহার সহিত জন্যের বিবাহের বিধি ধর্মসংহারকের মতানুসারে তাহার ক্রোভৃত্বই আছে, অর্থাৎ প্রাচশিকা গোসাইকে দিলেই স্বামী থাকিতেও পূর্ব্ব বিবাহের খন্ডন হইরা জীর বৈধব্য হয়, আর পাঁচশিকা পুনরায় প্রদানের দ্বারা তাহার সহিত জন্যের বিবাহের উপার আপন করস্থ থাকিতে জন্যকে যে প্রশ্ন করেন সে রুঝি তাহার স্থনতের প্রবলতার নিমিত্ত হইবেক।

১৯৩ পৃঠে ও অন্য স্থানে স্থানে আপন প্রত্যুত্তরে ধর্মসংহারক আপনার উত্তর প্রদানের নানাবিধ প্রাগল্ভ্য করিয়াছেন তাহার উত্তর এই যে ফলেন পরিচীয়তে; যখন আমরা স্থনিয়মান্ত্রসারে লোকান্তর প্রাপ্ত দক্তলার যহিত ভূরিশ উত্তর প্রত্যুত্তরে অনিচ্ছুক হইয়াও করিয়াছি, স্থতরাং সেই নিয়মে ধর্মসংহারকের সহিতও উত্তর করিতে হইয়াছে ইহাতে খেদ কি? শাস্ত্রীয় সদালাপের অবর্কাশ কাল কৌতুকার্থেও কিঞ্চিৎ কাল ক্ষেপন করিতে হইয়াছে ॥

এই দ্বিতীয় উত্তরের সমুদায়ের তাৎপর্য্য এই যে পরমেষ্টি গুরুরু আক্তাবলম্বন করিয়া পর্মার্থ সাধন ও ঐহিক ব্যবহার অবশ্য কর্ত্তব্য হয় এবং নিন্দক মৎসরেরা সর্ব্বথা উপেক্ষণীয় হইয়াছে॥

ইতি চতুর্থ প্রশ্নে দ্বিতীয় উত্তরে অতিপ্রিয়করো নাম সপ্তম: পরিচ্ছেদ:॥

সমাপ্তং চতুর্থপ্রশ্বোত্তরং॥ দ্বিতীয়োত্তরং সমাপ্তং॥

ব্রন্ধিষ্ঠ গৃহস্থের লক্ষণ।

बक्रनिष्ठं शृश्यद्वत लक्ष्ण ।

ব্রন্ধনিষ্ঠ গৃহন্থেরা তিন প্রকার হন ও তাঁহাদের প্রত্যেকের বিশেষ বিশেষ আবশ্যক অনুষ্ঠান হয়, ইহা ভগবান্ মন্তু চতুর্থ অধ্যায়ে গৃহস্থ ধর্ম প্রকরণে তিন শ্লোকে বিধান করিয়াছেন; তাহার চরম প্রকারকে ঐ অধ্যায়ের ২৪ শ্লোকে কহেন, যথা।

জ্ঞানেনৈবাপরে বিপ্রা যজস্ত্যেতৈর্দ্মথৈঃ সদা। জ্ঞানমূলাং ক্রিয়ামেষাং পশ্যস্তোজ্ঞানচক্ষুষা ।

ভগবান্ কুল্লুক ভট্ট সন্মত এই শ্লোকের ব্যাখ্যার ভাষা বিবরণ এই "অন্য ব্রন্ধনিষ্ঠ ব্রান্ধনেরা গৃহস্থের প্রতি যে পঞ্চ যজ্ঞ শাল্লে বিহিত আছে সে সকলকে কেবল জ্ঞানের দ্বারা নিস্পন্ন করেন, সে এই জ্ঞান যে তাঁহারা জ্ঞানচক্ষু যে উপনিষৎ তাহার প্রমাণ দ্বারা জ্ঞানেন যে পঞ্চ যজ্ঞাদি তাবদ্বন্ধর আশ্রেয় পরব্রন্ম হন" অর্থাৎ পঞ্চ যজ্ঞাদি তাবদ্বস্তুর আশ্রেয় পরব্রন্ম হন এইরূপ চিস্তনের দ্বারা জ্ঞাননিষ্ঠ গৃহস্থেরা তৎ তৎ কর্ম্ম নিস্পন্ন করেন। এই প্রকরণের সমাপ্তিতে ভগবান্ কুল্লুক ভট্ট লিখেন।

ল্লোকত্ত্রেণ ব্রন্ধনিষ্ঠানাং বেদসন্ধ্যাসিনাং গৃহস্থানামমীবিধয়ঃ।

"এই তিন স্লোকেতে বেদ বিহিত অগ্নিহোত্রাদি কর্ম্ম ত্যাগি যে ব্রহ্মনিষ্ঠ গৃহস্থ তাঁহাদের প্রতি এই সকল বিধি কথিত হইয়াছে"।

স্বশাথাদি বেদ পাঠ, তর্পণ, নিতাহোম, ইক্রাদির উদ্দেশে স্বন্ধাদি প্রদান, এবং স্বতিথি সেবন, এই পাঁচকে পঞ্চয়ক্ত কছেন।

পুনশ্চ দ্বাদশাধ্যায়ে ৯২ প্লোক।

যথোক্তান্যপি কর্মানি পরিহায় ছিজোত্তমঃ আত্মজ্ঞানে শমে চ স্যাছে-দাভ্যাসে চ যত্ত্বান্।

পূর্ব্বোক্ত কর্ম্ম সকলকে পরিত্যাগ করিয়াও ব্রাহ্মণ পরব্রহ্ম চিন্তনে এবং ইন্দ্রিয় নিগ্রহে ও প্রণব উপনিষদাদি বেদাভ্যাসে যত্ন করিবেন" ইহাতে তাবৎ বর্ণাশ্রম কর্ম্ম পরিত্যাগ অবশাই কর্ত্তব্য হয় এমত তাৎপর্য্য নছে; কিন্তু জ্ঞান সাধনে, ও ইন্দ্রিয় নিগ্রহে, ও প্রণব উপনিষদাদির অভ্যাসে, যত্ন করা ব্রহ্মনিষ্ঠের ত্মাবশ্যক হয় ইহাই বিধি দিলেন। এই শেবের লিখিত মহ্বেচনে জ্ঞান সাধন ও তাহার উপার ইন্দ্রির নিগ্রহ, ও বেদাভ্যাস, এই তিনে যত্ন করিতে বিধি দিয়াছেন; তাহার প্রথম, "পরব্রহ্ম চিস্তন" সে কিরূপ হয়, ইহা পূর্বেই চতুর্থ অধ্যায়ের ২৪ ক্লোকের পরার্চ্চে কথিত হইয়াছে, অর্থাৎ "পঞ্চ যক্তাদি তাবদ্বস্তুর আশ্রম শরব্রহ্ম হন" এইরূপ চিস্তন করিবেন, যেহেতু ইহার অতিরিক্ত তাঁহার বথার্থ স্বরূপ কদাপি বুদ্ধিগম্য নহে। প্রমাণ, মহু প্রথমাধ্যায়ে।

যগুৎকারণমব্যক্তং নিত্যং সদসদাত্মকং।

"সকল জন্য বস্তুর কারণ, এবং বহিরিন্দ্রিয়ের অগোচর, ও উৎপত্তি নাশ রহিত, এবং সৎ স্বরূপ, ও প্রত্যক্ষাদি তাঁহার হয় না একারণ অলীক বস্তুর ন্যায় হঠাৎ বোধ হয়, যে এপ্রকার সেই পরমান্ধা হন"

তৈভিরীয়শ্রতঃ।

যতোবাচোনিবর্ত্তপ্তে অপ্রাপ্য মনসা সহ।

শমনের সহিত বাক্য যাঁহার নিরূপণ বিষয়ে অক্ষম হইয়া নিরুত্ত হন" রহদ্বারণ্যকশ্রুতিঃ।

অথাত আদেশোনেতি নেতি।

"আদৌ 'বোধ স্থগমের নিমিত্ত' লৌকিক ও অলৌকিক বিশেষণ দ্বারা পারব্রহ্মকে কহিলেন; কিন্তু তিনি এ সমুদায় বিশেষণ হইতে অতীত হন, এ নিমিত্ত বিশেষণের নিষেধ দ্বারা তাঁহার নির্দেশ করিতেছেন, যে তিনি বাস্তবিক ইহা নহেন, তিনি বাস্তবিক ইহা নহেন" অর্থাৎ কোনো বিশেষণ দ্বারা তাহাঁর নিরূপণ হইতে পারে না।

ঐ মন্ত্রচনে প্রথম উপায় "শম" ইন্দ্রিয়ের নিগ্রহ, অর্থাৎ রূপ, রস, শব্দ, শব্দ, অপর্শ এই পঞ্চ বিষয়কে চক্ষু, জিহ্বা, আণ, কর্ণ, ও ছক্ এই শক্ষ জ্ঞানেন্দ্রিয়ের সহিত এই প্রকার সমৃদ্ধ করিতে যত্ন করিবেন যাহাতে পরণীড়ন না হয় ও স্বীয় বিল্প না জন্মে।

ভিতীয় উপায়, প্রণব উপনিষদাদি বেদাভ্যাস, অর্থাৎ প্রণব এবং "একমেবাদিতীয়ং ব্রহ্ম" ইত্যাদি উপনিষদাক্যের অভ্যাস ও তদর্থ চিত্তন ইহাতে বতু করিবেন।

প্রথব প্রকরবে, মহু: দ্বিতীয় অধ্যায় ৮৪ স্লোক।

করন্তি সর্বা বৈদিক্যো ভূহোভিবভাতিকিয়াঃ অকরন্ত করং ক্লেরং ব্রহ্ম চৈব প্রকাপতিঃ।

"তাবং বৈদিক কর্ম কি হবন কি যজন স্বভাৰত এবং কলত নাশকে পায়, কিন্তু প্রজাদের পতি যে পরব্রহ্ম তাহার প্রতিপাদক যে প্রথব ইহাঁর কি স্বভাৰত কি ফলত কর হয় না"

অতএব প্রণব একাক্ষর স্বরূপে অভিপ্রোত হ**ই**য়া, পরব্র**ন্ধ** সাধনের উপায় হন। মহুঃ ২ অধ্যায় ৮৩ শ্লোক।

একাক্ষরং পরং বন্ধ।

"একাক্ষর যে প্রণব তিনি পরব্রন্ধের প্রাপ্তির হেডু হন, একারণ পরব্রহ্ম শব্দে কহা যায়" কিন্তু ত্রাক্ষর রূপে প্রণব অভিপ্রেড হইলে তিন
অবস্থা, বেদত্রয়, ত্রিলোক, ও ত্রিদেব, ইত্যাদি প্রতিপাদক হন।

উপনিষদ্বিষয়ে द्वरुपात्रगुक व्यक्तिः।

তত্ত্বীপনিষদং পুরুষং পৃ**দ্থা**মি।

"সেই উপনিষদের প্রতিপাদ্য যে আ**ত্মা** তোমাকে তাঁহার প্রশ্ল করিতেছি"।

প্রয়োজন।

১৭ পৃষ্ঠায় ১৩ পংক্রিতে লিখেন, যে বিধবার তৈল তামূল মৈপুনাদি বৰ্জ্জনত্ৰপ যে ব্ৰহ্মচৰ্য্য, তাহাকে নিষ্কাম কৰ্ম এবং মুক্তি সাধন কহা শাস্ত विक्रक इस, এवः हेशत हुई श्रुमान निम्नाह्म ; अक अहे, य मञ्चारन বুঝাইতেছে, যে পতি মরিলে সাংবী স্ত্রীর ধর্ম আকাজ্ঞা করিয়া মরণ কাল পর্যান্ত ব্রহ্মচর্য্য করিবেন, অতএব আকাজ্ঞা শব্দ নারা ব্রহ্মচর্য্য সকাম বুকাইল; দ্বিতীয়ত মহুর পরবচনে বুঝাইতেছে, যে কুমার ব্রহ্মচারির नाांत्र विथवा बक्कवर्ग धर्मात अञ्चर्कान कतिया चढर्ग यान, हेराट चर्ग कन শ্রবণ ছারা ব্রন্ধচর্য্য কাম্য কর্ম্ম, ইহা স্পান্ত বুরাইল। উত্তর।—বিধবার ব্রহ্মচর্য্য ধর্ম্ম নিষ্কাম, এবং মুক্তি সাধন হইতে পারে না, এরূপ কথন অতি আশ্চর্য্যকর, যে হেতু কি ব্রহ্মচর্য্য কি অন্য কোনো কর্ম তাহাকে কামনা পূর্ব্বক করা, কি কামনা ত্যাগ পূর্ব্বক করা, ইহা কর্তার অধীন হয়; কোনো ব্যক্তি ব্রহ্মচর্যাদি কর্মকে স্বর্গ ভোগ নিমিত্ত করে, আর কোনো ব্যক্তি কামনার ত্যাগ পূর্ব্বক উহার অমুষ্ঠান করিয়া মুক্তি পদকে ক্রমশঃ প্রাপ্ত হয়; অতএব বিধবা যদি ত্রহ্মচর্য্যের অনুষ্ঠান কামনা রহিত হইয়া করে, তথাপি তাহার কর্ম নিষ্কাম হইতে পারে না, এ রূপ প্রত্যক্ষের এবং भारत्वत्र अथलाथ कता आध्यनकात नाम् विक वाक्तित्रामत्र कमाथि কর্ত্তব্য নহে। মতুর বচনে যে লিখিয়াছেন, সাধনী স্ত্রীর ধর্মকে আকাজ্ঞা করিয়া ব্রন্দর্য্য করিবেক, ইহাতে ব্রন্দ্রচর্য্যের আবশ্যক কাম্য ছওয়া কদাপি दूबांग्र नां, ए एक् मूक्टिएक रेम्हा कतिया क्रांटेनत अल्लाम कता यात्र ; ইহাতে কোনো শাস্ত্রে অথবা কোনো পণ্ডিতেরা জ্ঞানাভ্যাসকে কাম্যা কহেন না, কেননা প্রয়োজন ব্যতিরেকে কি দৈহিক & মানস ক্রিয়া মাত্রেই প্রকৃত্তি হয় না ? অতএব ঐৃহিক কিছা পারত্রিক ফল কামনা পূর্বক কর্মের অনুষ্ঠান করিলে, সেই কর্মকৈ কাম্য কহা বায়, সে কাম্য কৰ্ম সৰ্কথা নিষিদ্ধ। মহ । ইহ বামুত্ৰ বা কাম্যং প্ৰৱন্তং কৰা কীৰ্ভ্যতে ।। কি ইহলোকে কি পরলোকে বাঞ্চিত ফল পাইবঃ এই কামনাতে যে কর্ম করে, তাহার নাম প্রহ্নন্ত কর্ম্ম, অর্থাৎ স্বর্গাদি ভোগের পর জন্ম মরণ রূপ

, i

সংসারে প্রবর্তক হয়। আর যে লিখেন, মহুর পরবচনে কুমার ব্রহ্মচারির দ্যায় ব্রহ্মতর্য্য ধর্ম্মের অতুষ্ঠান যে বিধবারা করেন, জীহারা স্বর্গে যান, অত-এব স্বৰ্গ গমন রূপ ফল অবল ভারা বিধবার ব্রহ্মচর্য্য কাম্য ইছবৈ। উত্তর্গ---ম্বর্গ ফল আবণের দ্বারা ব্রহ্মচর্য্যের আবশ্যক কাম্যন্ত আইসে না, বে হেতু কেবল সকাম কর্মা করিলেই স্বর্গ গমন হয়, এমত নছে, বরঞ্চ মুক্তির নিবিত্তে জ্ঞানাভ্যাস যাঁহারা করেন তাঁহারদের জ্ঞানের পরিপাক যে শরীর ধারণ পর্যান্ত না হয়, সে পর্যান্ত যথম যথন শরীর ত্যাগ তাঁহারা করিবেন তখন তখন, তাঁহারদের ভূরিকাল স্বর্গ বাস হইবেক, পরে পরে জানের পরিপাক নিমিক্ত ইহলেকে দেহাত্তর গ্রহণ করিয়া জ্ঞান সাধন পূর্বক মুক্ত স্যান। ভগবন্দ্যীতায় স্পন্ট লিখিয়াছেন॥ প্রাপ্য প্রাকৃতাং লোকামুধিস্বা শাখতীঃ সমাঃ। শুচীনাং শ্রীমতাং গেছে যোগত্রস্টোভিজারতে ॥ জ্ঞানের পরিপাক না হইরা সাধকের মৃত্যু হইলে পুণ্যবান ব্যক্তিরদের প্রাপ্য যে স্বৰ্গ তাহাতে অনেক ৰাস করিয়া, পুনরায় জ্ঞানাভ্যাসের নিমিত্ত শুচি এবং শ্রীমানের গৃহে জন্ম গ্রহণ করেন। বিশেষত ঐ মন্থর শ্লোকের টীকাতে কুল্লুকভট্ট লিখেন, যে সনক বালখিল্য প্রভৃতির ন্যায় বিষ্বারা স্বর্গে প্রমন करतन, देशां अधि थांथ इंहें एक, त्य विश्वाता के मनकामि निजा-মুক্ত ঋষিরদের ন্যায় স্বর্গ গমন করেন,অতএব নিত্যমুক্তের তুল্য পদ প্রাপ্ত হওয়া নিষ্কাম বৃদ্ধার বিনা হইতে পারে না, এই ছেতুক এখানে নিষ্কাম ব্রন্দর্ঘাই তাৎপর্যা হইতেছে, ইতি। চতুর্থ প্রকরণং।

১৮ পত্তে লিখেন, যে সহমরণে ও অন্ত্রমরণে ব্রহ্মচর্য্য অপেকা বিধবার অভিশয় ফল, যে হেড়ু ব্রহ্ম রুড স্থ মিত্র যে পতি সেও নিম্পাপ হয়, এবং নরক হইতে মুক্ত হয়; এবং ত্রিকুল পবিত্র হয়; এবং ত্রী শরীর হইতে নিকৃতি হয় ॥ উত্তর।—আপনি ২৭ পৃষ্ঠায় ও পংক্তি অবধি লিখিয়া-ছেন, যে কাম্য কর্ম অপেকা নিক্ষাম কর্ম শ্রেষ্ঠ, পুনরায় এখানে লিখেন, বেম্বচর্য্য অপেকার সহমরণ শ্রেষ্ঠ, এবং ভাহার হেড়ু এই লিখিয়াছেন, যে সহমরণ করিলে ত্রিকুল পবিত্র হয়; এবং মহাপাডকী যে পতি সেও, সুক্ত হয়। পূর্ব্ব লিখিত বচন প্রমাণে স্পাক্তই প্রাপ্ত হইতেছে, যে এ ক্লপ ফলশ্রুতি কেবল স্থতি মৃত্যুতি ব্যক্তিকে ক্লম্ম হইতে নির্ত্ত করিবার

উদ্দেশে ও শাস্ত্রোক্ত কর্ম্মে প্রব্রুত্ত করিবার জন্যে শাস্ত্রে কহিয়াছেন, অউ এব এই সকল স্থাতিবাদকে অবলম্বন করিয়া নিষ্কাম কর্মা অপেক্ষা সকাম সহমরণকে প্রধান করিয়া কছা সর্ক্ত শাস্ত্র বিরুদ্ধ হয়। আর যদি সর্ক্ শাত্র সিদ্ধান্তকে উপ্লব্দন করিয়া এ রূপ ফলশ্রুতিকে রোচনার্থ না জানিয়া যথার্থ রূপে স্বীকার করেন, তবে এ রূপ শরীর দাহ করাইয়া কুলোদ্ধার করিবাতে অত্যম্ভ শ্রম, এবং দৈহিক ও মানস যাতনা হয়। মহাদেবকে একপক কদলী ফলের দান অথবা বিষ্পুকিশা শিবকে এক করবীরের প্রদান **দারা ত্রিকোটি কুলের উদ্ধার কেন না করা**ন ? তদাথা। একং মোচাফলং পরুং যঃ শিবায় নিবেদয়েৎ, ত্রিকোটিকুলসংযুক্তঃ শিব-লোকে মহীয়তে । একেন করবীরেণ সিতেনাপাসিতেনবা। হরিং বা হরম-ভার্চ্চা ত্রিকোটকুলমুক্ষরেৎ ৷ যে শিবকে এক কদলীফল দেয়, সে তিন কুলের সহিত শিবলোকে বাস করে। এক খেত করবীর অথবা অখেত করবীর শিবকে কিমা বিষ্ণুকে প্রদান করিলে ত্রিকোটি কুলের উদ্ধার হয়। অধিকন্ত নিহ্নাম কর্ম্ম করিয়া জ্ঞানাভ্যাস করেন বে সকল ব্যক্তি, তাঁছার-দের প্রতিও ফল শ্রুতির ক্রেটি নাই, বরঞ্চ আপনকার কথিত ফল শ্রুতি হইতে অধিক হইবেক, শ্রুডি: ॥ সম্বশাদেবাস্য পিতর: সমৃত্তিঠন্তি, সর্বে मिया विमादत्रि । पूर्व अकारत याँशात्र कान माध्न कतिग्राष्ट्रन তাঁহারদের ইচ্ছা মাত্র পিড় লোক মুক্ত হয়েন, সকল দেবতারা তাঁহার-দের পূজা করেন; এ রূপ ফল শ্রুতি লিখিতে হইলে পৃথক এক এক হইতে পারে। বিশেষত কাম্য কর্মের অন্ধ বৈ্গুণ্য হইলে ফলের হানি এবং প্রত্যবার হয়; স্থার মোক্ষার্থে নিষ্কাম কর্ম্মের সঙ্গ বৈগুণ্যে কোনো लाव नारे, देशांत किकिए अव्होन कतितारे क्रुणार्थ इस ; देशांत श्रमान ভগবন্ধীতা ৷ নেহাতিক্রমনাশোত্তি প্রত্যবায়ো নবিদ্যতে^{র্গ} স্বন্দ্রমপ্যস্য ধর্মসা ভারতে মহতোভরাৎ।। মিছাম কর্মের আরম্ভ করিলে তাহা নি-कल कवाणि रंग्र ना, धदः कामा कर्त्यंत्र माग्नि त्रक देवलग रहेरल প্रजा-বার জন্মে না। আর নিছাম কর্মের কিঞ্চিৎ অনুষ্ঠান করিলেও সংসার ছইতে ত্রাণ পার, অভএব সর্ব্ব প্রকারে অঙ্গ বৈপ্রণ্যের সম্ভাবনা সহমরণে ও অন্মরণেতে আছে, বিশেষতঃ আপনারা যে রূপে বিধবাকে বলেতে

শাস্ত্র বিরুদ্ধ দাহ করেন তাহাতে স্বর্গভোগের সহিত বিষয় কি কেবল অপ-দ্বাত মৃত্যুকলের ভাগী মাত্র বিধবা হয়। ইতি পঞ্চম প্রেকরণং।

১৭ পুষ্ঠার ৩ পংক্তির পর্য্যবসানে সহমরণ অপেক্ষায় বিধবার জ্ঞানা-ভাাসকে শ্রেষ্ঠ স্বীকার করিয়াছেন, কিন্তু পুনরায় তাহারদিগকে সহমরণে প্রব্রত্ত করিবার নিমিত্তে জ্ঞানাভ্যাস হইতে নির্ভত করিবার উদ্দেশে निर्थन, रा नकन ही नर्यमा विषय स्थ जानका, এवः कामा कर्मा करन নিতান্ত আসক্তা, এবং সর্বনা সরাগা; তাহারদিগকে সহমরণরূপ বিধবার পরম ধর্ম হইতে বিরত করিয়া জ্ঞানাভ্যাদে নিযুক্ত করা কেবল তাহার-দের উভয় বিভ্রুত্ত করা হুয়, এবং ইহার প্রমাণের নিমিত্তে গীভার প্লোক লিথিয়াছেন॥ ন বৃদ্ধিভেদং জনয়েদজানাং কশ্মসঙ্গিনাং ইতি॥ উত্তর।— সহমরণে স্ত্রীলোককে প্রব্রুত্ত করিবার বিষয়ে আপনকারদের তাৎপর্য্য বিশেষ রূপ্নে এখন ব্যক্ত হইল, যে বিশিষ্ট ব্যক্তিরদের স্ত্রীলোককে অত্যন্ত বিষয় স্থাপে আসক্তা এবং সরাগা করিয়া জানেন, স্নতরাং এই আশস্কায় তাহারদের প্রতি কোনো মতে বিশাস না করিয়া সহগমন না করিলে তাহারা ইতোভ্রম্টস্ততো নম্ট হইবেক, এই ভন্ন প্রযুক্ত স্বর্গের প্রলোভ -দেখাইয়া স্বামির সহিত তাহারদের আয়ু:শেষ করেন, কিন্তু আমরা এই নিশ্চয় জানি যে কি পুরুষ কি স্ত্রী স্বভাব সিদ্ধ কাম ক্রোধ লোভেতে জড়িত হয়েন, কিন্তু শাল্তের অনুশীলন দ্বারা এবং সৎসদ্ধের দ্বারা ঐ সকল দোবের দমন ক্রমশঃ হইতে পারে, এবং উত্তম পদ প্রাপ্তির যোগ্য হইতে পারেন, এই নিমিত্ত আমরা স্ত্রীলোককে এবং পুরুষকে অধম শারীরিক স্থের কামনা হইতে দ্বিস্ত করিবার প্রয়াস করি, অর্থাৎ স্বর্গে যাইয়া স্বামির সহিত অত্যন্ত স্ত্রী পুরুষের ব্যবহার পূর্বক কিছু কাল বাস করিয়া প্নরায় অধঃপ্রতিত হইয়া গর্ভের মল মূত্র ঘটিত যন্ত্রণা ভোগ করহ, এমত উপদেশ কদাপি করি না। স্ত্রী পুরুষের মধ্যে যে যে ব্যক্তির একা জিজ্ঞাসা উৎপন্ন হইয়া খানুকে, ভাঁহারদিগকে পরমেখনের অবণ্মনন করিয়া সাংসারিক অত্যত হঃখ হইতে মুক্ত হইবার নিমিত শাত্রে বিধি দিয়াছেন, আর যাঁহারদের বন্ধ জিজাসা না হইরা থাকে, তাঁহারদিগের ন্ত তি কামনা বহিত হইয়া নিত্য নৈমিত্তিক কৰ্মামূল্যন দারা চিত্ত শুদ্ধি

পূর্বক জানাভ্যাস করিবার আজা দিয়াছেন, অতএব সেই শান্তানুসারে বিধ-বারদিগকে নিন্দিত এবং অচিরস্থায়ী যে স্বর্গ স্কথ তাহা হইতে নিরন্ত করিতে প্রয়াস এবং পরম পদকে প্রাপ্ত করেন, যে জ্ঞানাভ্যাস তাহাতে প্ররুত্ত করিতে উদ্যোগ করি, অতএৰ বিধবা নিক্ষাম কর্মামুষ্ঠান দারা চিত্ত শুদ্ধি পূর্ব্বক পরমেশ্বরের অবণ মনন করিয়া পরম পদকে প্রাপ্ত হয়েন, স্তরাং ব্রহ্মচর্য্যামুষ্ঠান করিলে বিধবার ইতোভ্র**ফ**স্ততোনস্ট হইবার কদাপি সম্ভা-বনা নাই। গীতা । মাং হি পার্থ ব্যপাঞ্জিত্য যেপি স্থাঃ পাপযোনয়ঃ। স্তি-<mark>রোবৈশ্যান্তথা পূক্রান্তেপি</mark> যান্তি পরাং গতিং॥ হে পার্থ, আমাকে আত্রয় করিয়া স্ত্রী বৈশ্য শৃত্র যে সকল পাপ যোনি আহারাও পরম পদ প্রাপ্ত কিছ আপনারা স্ত্রীলোককে সরাগা জানিয়া এবং মোক্ষ সাধনে व्यादांगा काम कतिया महमत्रत्व श्रविक त्मन, त्य त्कर ठारांतरमत मध्य সহগমন না করে, আপনকার সিদ্ধান্তামুসারে তাহারদের ইতোভ্রস্টন্ততো-**নস্ট হওয়া নিশ্চিত হইল, বেহেতু আপন**কার মতে জ্ঞানাভ্যাদের দার। মুক্তি প্রাপ্ত হইবার তাহারা যোগাই নহে, এবং সহমরণ দ্বারা স্বর্গারোহণও তাছারদের হইল না। আর॥ ন বুদ্ধিভেদং জনয়েদজানাং কর্মসঙ্গিনাং॥ কর্মেতে আহত যে জজানি, ভাহারদিগের বৃদ্ধি ভেদ জন্মাইবে না, এই বে গীতান্ন প্রমাণ দিয়াছেন সে ৰচনের তাৎপর্য্য এই, যে কামনা রহিত কর্মির বৃদ্ধি ভেদ জন্মাইবেক না, কিন্তু আপনি সকাম কর্মির বিষয়ে এ বচনের প্রয়োগ করিয়াছেন, এ অত্যন্ত অশান্ত্র, যে হৈতু কামনা ত্যাগ করিয়া কর্ম্ম করিতে প্রবৃত্তি দেওয়া কি এ বচনের কি সমুদায় গীতার তাৎপৰ্য্য হয়, অতএৰ গীড়া ও তাহার টাকা হুই প্রস্তুত আছে, পণ্ডিতেরা বিবেচনা ক্রিবেন । সাংসারিকস্থাসক্তং এক্সজোন্মীতি বাদিনং ইত্যাদি ॥ व्यर्था९ मश्मात्त्रत श्रूरथ व्यामक रहेगा ए वाकि करन, व्यामि धन्नकानी वहे, সে কর্ম জভয় এক হয়। এই যে ৰশিষ্ঠের বচন লিখিয়াছেন, এ বথাৰ্থ ৰটে, যে হেতু সংসারের হুখে আসক হুউক, অথবা না হউক, যে কোন ব্যক্তি এমত অভিমান করে, যে আমি ব্রম্বক্ত অথবা অন্য কোন প্রকারে গুরুত্বাভিমান করে, সে অতি অধম। কিন্তু সহমরণ প্রক-রুণে এ বচন বাহার ছারা অভিমানের নিষেধ দেখিতেছি, তাহার উদা⊦

ছরণের কি প্রয়োজন আছে, তাহা জানিতে পারিলাম না। ইতি ষষ্ঠ প্রকরণং।

আপনি বিংশতি পৃষ্ঠায় নিষেধকের পক্ষকে আশ্রেয় করিয়া লিখেন, যে আমরা সহমরণ অন্থ্যরপের নিষেধ করি না, কিন্তু বিধবাকে বন্ধন পূর্বাক যে দাহ করিয়া থাকেন তাহার নিষেধ করি ॥ উত্তর ।—এ অত্যস্ত অসঙ্গত, যেহেতু আমারদিগেব যে বক্তব্য তাহার অন্যথা লিখিয়াছেন, কারণ সহমরণ অন্থ্যরণ সকাম ক্রিয়া হয়, আর কাম্য ক্রিয়াকে উপনিষৎ এবং গীতাদি শাস্তে সর্বাদা নিন্দিত রূপে কহিয়াছেন, স্থতরাং ঐ সকল শাস্ত্রে বিশ্বাস করিয়া সকাম সহমরণ হইতে বিধবাকে নির্ত্ত করিবার প্রয়াস আমরা করিয়া থাকি, যে তাহারা শরীর ঘটিত নিন্দিত স্থথের প্রার্থনা করিয়া পরম পদ মোক্ষের সাধনে নির্ত্ত না হয়, এবং বন্ধন পূর্বাক যে স্ত্রীবধ খাঁপনকারা করিয়া থাকেন, তাহা প্রত্যক্ষ দেখিয়া নিষেধ না করিলে প্রত্যবায় আছে, অত এব বিশেষ রূপে তাহা হইতে নির্ত্ত করিতে উদ্বাক্ত হই।

বলাৎকারে বিধবাকে দাহ করিবার দোষকে নির্দ্ধােষ করিবার নিমিন্ত

ঐ বিংশতি পত্রের শেষে লিখেন, ষে যে দেশে অত্যস্ত জ্বলচ্চিতারাহনের

আবহার আছে, সে নির্কিবাদ। যে দেশে তাদৃশ ব্যবহার নাই, কিন্ত

মৃত পতির শরীরদাহকেরা যথা বিধান ক্রমে অগ্নি দিয়া সেই অগ্নি

চিতা সংযুক্ত করিয়া রাখেন, পরে সেই অগ্নির দ্বারা চিতা অশ্পে অশ্পে

জ্বন্ত হইতে থাকে, এই কালে ব্রী যথা বিধানক্রমে ঐ চিতায় আরোহণ
করে, সেও দেশাচার প্রযুক্ত শাস্ত্র বিরুদ্ধ নহে, এবং দেশাচারের দ্বারা
ধর্ম নির্কাহ করিবার ছই তিন বচনও লিখিয়াছেন॥ উত্তর।—স্ত্রীবধ, ব্রহ্মবধ, পিতৃহত্যা, মাতৃহত্যা, ইত্যাদি দারণ পাতক সকল দেশাচার বলেতে
ধর্ম রূপে গণ্য ইইতে পারে না। বরঞ্চ এ রূপ আচার যে দেশে হয়,
সে দেশই পতিত হয়। ইব্রি বিশেষ পশ্চাৎ লিখিতেছি। অতএর
বলাৎকারে কোন স্ত্রীকে বন্ধন করিয়া, পরে অগ্নি দিয়া দাহ করা এ সর্ক্র্ম শাস্ত্রে নির্মিদ্ধ, এবং অতিশ্রম পাপের কারণ হয়। এ রূপ স্ত্রীবধেতে এক
দেশীয় লোকের ব্রি কথা ? যদি তাবৎ দেশের লোক ঐক্যু হইয়া করে.

তথাপি বধকর্তারা পাতকী হইবেক, অনেকে ঐক্য হইয়া বধ করিয়াছি, এই কথার ছলে ঈশ্বরের শাসন হইতে নিষ্কৃতি হইতে পারে না, যে যে कियात गांद्य कारना विलय निवर्गन नाहे, तम ऋत्म तम्भागत ও कूनध-র্শান্থসারে সে ক্রিয়াকে নিষ্পন্ন করিবেক, কিন্তু সর্ব্ব শান্ত নিষিক্ষ; যে জ্ঞান পূর্ব্বক স্ত্রীবধ তাহা ক্তিপয় মন্থ্রের অনুষ্ঠান করাতে দেশাচার হট্যা সংকর্মে গণিত কদাপি হয় না। স্কম্পুরাণ। ন যত্ত্ব সাক্ষাদ্বিধ-রোন নিবেধাঃ শ্রুতৌ। দেশাচারকুলাচারস্তত্ত ধর্মোনিরূপ্যতে॥ বে বে বিষয়ের শ্রুতি, ও স্থৃতিতে সাক্ষাৎ বিধি ও নিষেধ নাই, সেই সেই विषय प्रभाषां कुलाणात्त्र अञ्चलात धर्म निर्वाष्ट्र कतित्वक । यपि बल, দেশাচার ও কুলাচার যদ্যপিও সাক্ষাৎ শাস্ত্র বিকৃষ্ক হয়, তথাপি কর্ত্তব্য, এবং তাহা সৎকর্মে গণিত হইবেক। উত্তর, শিবকাঞ্চী, ও বিফ্ কাঞ্চী, এই ছুই দেশে চাতুর্মণ্য লোক কি পণ্ডিত কি মূর্থ ? তাহারদের কুলাচার এই, বে বিষ্ণুকাঞ্চীস্থেরা শিবের নিন্দা করিয়া আসিতেছে, আর শিবকা-শীন্থ লোকেরা বিঞুর নিন্দা করে, অতএব দেশাচার কুলাচারামুসারে শিব নিন্দা ও বিষ্ণু নিন্দার দারা তাহারদিগের পাতক না হউক; যে হেতু প্রত্যেকে ভাহারা কহিতে পারে, যে দেশাচার কুলাচারাত্মসারে নিন্দা করিয়া আসিতেছি, কিন্তু কোনো পণ্ডিতেরা কহিবেন না, যে তাহারা **रम्नाठात्र वत्न निन्नान इहेरवर्छ । अवः जलुर्द्य रामत्र निक्छेन्द्र रमर्ग्न त्रास्त्र** পুত্রেরা কন্যাবধ করিয়া থাকে, তাহারাও কন্যাবধের পাতকী দ্বা হউক ; বে হেতু দেশাচারে ঐ ঐ কুলের লোক সূকলেই কন্যাবধ করিয়া থাকৈ, এ রূপ অনেক উদাহরণ হল আছে, অন্তএব সংক্ষাৎ শান্ত বিরুদ্ধ দারুণ পাতককে দেশাচার প্রযুক্ত পুণ্যজনক ব্লপে কোনো পণ্ডিতেরা স্বীকার করেন নাই।

বিধবাকে বন্ধন পূর্বক দাছ করা দেশাচার প্রযুক্ত সংকর্ম হয়, ইহা প্রথমতঃ কহিয়া পুনরার আপত্তি করিরাছেন বে বনস্থ, পর্বতীয় লোক সকলে, দস্মার্কতি ভারা প্রাণি বধাদি করিতেছে, তাহাতে দেশাচার প্রযুক্ত প্র বনস্থেরদিগের পাপ না হউক। পরে ঐ আপত্তির সিদ্ধান্ত আপনি করেন, যে বনস্থাদি লোকের ব্যবহার উত্তম লোকের গ্রাহ্ম নহে, সহমরণ বিষয়ে যে আচার তাহা মহাপ্রামাণিক ধার্ম্মিক পণ্ডিতেরা আদ্যোপাস্ত গ্রহণ করিয়া আসিতেছেন, অতএব শিস্টের আচারের গ্রাহ্মতা দুস্টের আচারের গ্রাহ্মতা দুস্টের আচারের গ্রাহ্মতা নাই ॥ উত্তর ।—হস্টতা ও শিস্টতা, ব্যক্তির ক্রিয়া দ্বারা নিশ্চিত হয়, সর্ব্ব শাস্ত্র নিষিদ্ধ এবং সর্ব্ব যুক্তি বিক্লব্ধ যে বন্ধন করিয়া স্ত্রীবধ তাহা পুনঃ পুনঃ করিয়া এ দেশীয় লোক যদি শিষ্টমধ্যে গণিত হইলেন, তবে ইতর মন্ত্রাদি বধ যাহা পর্বতীয়েরা ধন লোভে অথবা তাহারদের বিকট দেবতারদের তৃষ্টির নিমিত্ত করে, ইহাতে তাহারা অতি শিস্টের মধ্যে কেন না গণিত হয় ?

দেশাচার যে কোনো প্রকার হউক, তাহার গ্রাহ্নতা, ইহার প্রমা-ণের নিমিন্ত যে স্রুতি ও ব্যাসের বচন লিখিয়াছেন, তাহার তাৎপর্য্য এই, यে भाजुङ, ও युक्ति भीन, এবং युक्तित अञ्जात अञ्छीन भीन, ক্রোধ রহিত, এবং কর্ম্মে অবিরক্ত যে ব্রাহ্মণ সকল, ভাঁহারা যে রূপ আচরণ করেন, তাহা করিবেক। আর শ্রুতি এবং যুক্তি নানাবিধ হইয়া-ছেন, অতএব মহাজন বে পথ অবলম্বন করেন, তাহাই গ্রাহ্ম । উত্তর।---শাত্রজ্ঞ এবং যুক্তাহুসারে অহুষ্ঠান শীল যে মহাজন, তাঁহার আচারের গ্রাহ্তা দেখাইয়াছেন, কিন্তু সর্ব্ব শান্ত এবং সর্বব যুক্তি বিক্লব্ধ, জ্ঞান পূর্ব্বক স্ত্রীলোক্কে বন্ধন করিয়া বাহারা দাহ করেন, তাহারদিগকে শাস্ত্র ও युक्तित अञ्जातत अञ्चीन भीत भराखन कतिता करा वाहेत्व भारत ना, স্থতরাং তাঁহার আচারের গ্রাহ্মতা নহে। জ্ঞান পূর্বক বন্ধন করিয়া স্ত্রীবধ করিলে যদি মন্ত্র ধার্মিক মহাজন কহাইতে পারেন, তবে অধার্মিক মহা-জনের স্থল আর নাই, অতএব পূর্কেই লিখিয়াছি, যে সাক্ষাৎ শাস্ত্রে যা-হার বিধি নিবেধ না থাকে, দেশ কুলাম্নারে তাহার নিস্পন্ন করিবেক, এ ন্থলে বিধবা অগ্নীতে প্রবেশ করিবেক, এমত শব্দ প্রাপ্ত হইতেছে, অতএব ন্ত্রীবধকারী ব্যক্তিরদের আচারেক দৃষ্টিতে ঐ বিধি অন্যথা করিয়া বন্ধন পূर्वक जीरक ठिलांत रुक् वित्रा भागा वाचि मित्रा मार कतिरा जीवन পাপ হইতে কদাপি নিষ্কৃতি হইতে পারিবেক না। আর স্বন্ধপুরাণীয়-कहिया रा राजन निविद्यार्धन, ও घाहात्र वर्ष और, य व्यक्तित्र निर्दय अवर বিষ্ণুতে ভক্তি নাই তাঁহার বাক্য ধর্ম নির্ণয়ে গ্রাহ্ম নহে, তাহার। উত্তর।

প্রতীকাবলম্বী যাহারা তাহারদের প্রতি এ বচনের অধিকার, অর্থাৎ নাম রপাদি কম্পনা ক্রিয়া যাহারা উপাসনা করে, শিবে ও বিফ্রুতে ভক্তি না করিলে তাহারদের উপাসনা ব্যর্থ, এবং বাক্য অগ্রাছ। যেমন, কুলার্থবে ॥ আমিযাসবসৌরভাষীনং যস্য মুখং ভবেৎ। প্রায়ন্চিত্তী সবর্জ্জান্ত পশুরেব ন সংশয়ঃ । বাহার মুখেতে মদিরা মাংসের সৌরভ নাই, দে প্রায়শ্চিতী এবং ত্যাজ্য, ও সাক্ষাৎ পশু, ইহাতে সন্দেহ নাই। এ বচনের অধিকার তান্ত্রিকের প্রতি হয়, অতএর এসকল বচনের বিষয় অধিকারি ভেদে স্বী-কার না করিলে শান্তের মীমাংসা হয় না। ঐ রূপ অধ্যাদ্ধ শান্তেও লিখেন, কঠশ্রতি ॥ ন ছঞ্জবৈঃ প্রাপ্যতে হি ঞ্রবং তৎ ॥ হস্তাদি বিক্ষেপের ছারা উৎপন্ন অনিতা যে ক্রিয়া সকল সে নিতা যে মোক্ষপদ তাহার প্রাপ্তির কারণ হয় না। তথা।। খ্যায়স্তো নামরূপাণি যান্তি তল্ময়তাং জনাঃ। অঞ্-বাৰস্কৃতাতান্ধি ধ্রুবং নৈবোপজাযতে ৷ যে সকল ব্যক্তি নাম রূপের উপাসনা করে, তাহারা নাম ক্লপময় হয়, যে হেতু অনিতা বস্তু সমূহ হইতে নিত্য পদ প্রাপ্তি হইতে পারে না। তথা। যোহন্যথা সম্ভয়াম্মান-মন্যথা প্রতিপদ্যতে। কিন্তেন ন কুতং পাপং চৌরেণাদ্বাপহারিণা ॥ যে ব্যক্তি অপরিচ্ছিন্ন অতীক্রিয় দিক্কাল আকাশের ন্যায় নিম্বল সর্বব্যাপি বে পরমান্ত্রা তাঁহাকে পরিচ্ছিন্ন ইন্দ্রিয় গোচর দিক্কাল আকাশের ব্যাপ্য কাম ক্রোধাদি যুক্ত জানে, সেই আত্মাপহারী চোর কি কি পাতক না করিবেক, অর্থাৎ অতিপাতক, মহাপাতক, অন্থপাতক, প্রভৃতি সকল পাপ তাহা হইতে নিস্পন্ন হইল, অতএৰ এতাদুশ পাপি ব্যক্তির বাক্য ধর্ম নির্ণয়ে কদাপি গ্রাম্থ নছে। ইতি সপ্তম প্রকরণী।

আপনি ২৮ পৃষ্ঠায় লিখেন, যেমন গ্রামের কিঞিং দগ্ধ ছইলে এবং পটের কিঞিং দগ্ধ ছইলে গ্রামদগ্ধ পটদগ্ধ এই রূপ শন প্ররোগ করা যায়, সেই রূপ চিতার এক অংশ শ্বল্য হইলে চিতাকে জ্বলচ্চিতা কহিতে পারি, অতএব বিধবার শ্বলচ্চিতারোহণ এদৈশে অসিদ্ধ না হয়। উত্তর।—্রেরূপ বাক্য কোশল করিয়া কতিপয় মহ্ব্য যাহারা স্ত্রীবধে অত্যন্ত উৎস্ক্ হইয়াছেন, তাঁহারদের মনোরপ্রন করিলেন, কিন্তু বাক্য প্রবন্ধ বলে ঈশ্বন্ধের বিচারে কি ত্রাণ ছইতে পারে ? যে হেতু হারীত ও অন্ধিরার বচনে

প্রাপ্ত হইয়াছে। প্রবিবেশ হতাশনং। অর্থাৎ অগ্নিতে বিধবা প্রবেশ করি-বেক ॥ সমারোহেক্ক তাশনং ॥ অর্থাৎ বিধবা অগ্নিত্তে আরোহণ করিবেক। ইহার তাৎপর্য্য আপনি ব্যাখ্যা করিবেন, যে চিতা হইতে অনেক দূরে অগ্নি থাকিবেক, আর সেই অগ্নি সংযুক্ত রক্ষ্যু কিম্বা তুণাদি চিতা সংলগ্ন হইবেক, এ রূপ চিতা যাহাতে অগ্নির লেশ মাত্র নাই তাহাতে আরো-হণ করিলে অগ্নি প্রবেশ করা, ও অগ্নিতে আরোহণ করা সিন্ধ হয়, কিন্তু কি ভাষাতে কি সংস্কৃতে প্রবেশ শব্দের শক্তি বস্তম্বের অন্তর্গমনে রুঢ় ছয়, যেমন এই গতেতে আমি প্রবেশ করিয়াছিলাম, **এ প্র**য়োগ গৃহমধ্য গমন বাতিরেকে কদাপি.হইতে পারে না; যদি সেই গৃহ লগ হইয়া এক দীর্ঘকার্চ থাকে, আর দেই কার্চ এক রক্ষুর সহিত সংযুক্ত হয়, আর কোন ব্যক্তি ঐ কাষ্ঠকে অথবা রজ্জুকে স্পর্শ করে, তৎকালে দে ব্যক্তি গৃহ প্রবেশ করিলেক, এ প্রয়োগ কি ভাষাতে, কি সংস্কৃততে, কেছ করিবেক না। আর আমার অর্দ্ধেক শরীর পিঞ্জরেতে প্রবিষ্ট হইয়াছিল এ স্থলে পিঞ্জর সংযুক্ত কোন এক বস্তুকে স্পর্শ করিলেও আপনকার শব্দ কৌ-শলের অনুসারে কহিতে পারা যাউক, যে পিঞ্জরে প্রবেশ করিয়াছিলাম, ্যদ্যপিও চিতার কোনো কাষ্ঠে অগ্নি **জ্বলন্ত থাকিত, যাহা আপ**নকারদের রচিত চিতাতে কোনমতে থাকে না, তথাপিও পট দাহ গ্রাম দাহ যুক্তি-ক্রমে কহিতে পারিতেন, যে এক দেশ জ্বত মারা চিতা জ্বত হইয়াছে; কিছু যে পর্যান্ত অ্থি এ রূপ দেদীপামান না হয়, যে জ্রীর সর্ব্বাঙ্গ তাহার মধ্যে যাইতে পারে, তাবৎ অগি প্রবেশ পদ প্রয়োগ কোনো প্রকারে হইতে পারে না। অতএব অবলা স্ত্রীবধের নিমিত্ত মৃতন কোষ প্রস্তুত করিতে উদ্যুত হইয়াছেন। কিন্তু তাহার প্রামাণ্য বিজ্ঞলোকের নিকট হওয়া অত্যক্ত অভাবনীয় জানিবে।

২৪ পৃষ্ঠার শেষ অবধি লিখেন, দাহকেরা যে দেশাচার প্রযুক্ত বন্ধনাদি করে, সেও শাস্ত্র বিহুদ্ধ নুক্ত, যে হেডু পূর্ব্বোক্ত হারীত বচনে বুখাই-তেছে, যাবৎ পর্যান্ত স্ত্রী আত্ম শরীরের দাহ না করে, অর্থাৎ সর্ব্বতোভাবে দাহ না করে, তাবৎ পর্যান্ত স্ত্রী শরীর হইতে মুক্ত হয় না, এই প্রযুক্ত স্ত্রীর মৃত শরীর যদি চিতা হইতে খণ্ড খণ্ড হইয়া ইতন্তত পড়ে, তবে স্ত্রী

শরীরের প্রকৃষ্ট দাহ হয় না, এই জনো দাহকেরা বন্ধনাদি করে। সেও শাল্তের অনুগত ব্যবহার এবং দাহকেরা বন্ধনাদি করে, তাহাতে ভাহার-দিগের পাপ নাই, পরস্তু পুণা হয়; ও তাহার প্রমাণের নিমিত্তে আপ-স্তম্বের বচন লিখেন, যাহার তাৎপর্য্য এই, যে বৈধ কর্ম্মের যে প্রবর্ত্তক এবং অমুমতিকর্ত্তা ও কর্তা সকলে স্বর্গে বান, আর নিষিদ্ধ কর্ম্মের প্রবর্ত্তক ও অহুমতি কর্ত্তা এবং কর্তা সকলে নরকে গমন করেন। উত্তর।—আপ-নকার বক্তব্য এই হইয়াছে, যে চিতায় অগ্নি দিলে অগ্নির উত্তাপের ভয়ে কিছা অগ্নি স্পর্শ শরীরে হইলে অসহিষ্ট তা প্রযুক্ত কি জানি যদি বিধবা চিতা হইতে পলায়; দে আশন্ধা দূর করিবার নিমিত্ত দাহকেরা চিতার উপর স্ত্রীর শরীরকে বন্ধন করেন না, কিন্তু স্ত্রীর মৃত শরীরের থণ্ড খণ্ড দাহকালে চিতা হইতে কি জানি যদি ইতন্ততঃ পড়ে, এনিমিত্ত দাহকেরা জীবন্দশাতেই চিতাতে বন্ধন করেন; অতএব জিজ্ঞাসা করি, যে লৌহ **'রচিত রক্ষ_ু দিয়া এরূপ বিধ্বাকে বন্ধন করিয়া থাকেন, কি সামান্য** প্রসিদ্ধ রক্ষ্ক্ দিয়া বন্ধন করেন ? কারণ লৌহ যদ্তে শরীরকে প্রবিষ্ট করিয়া দাহ করিলে তাহার খণ্ড খণ্ড ইডন্ডতঃ পড়িবার সম্ভাবনা থাকে না, অন্যথা সামান্য রক্ষ্ট্রা যদি বন্ধন করেন, তবে সে রক্ষ্ট্রীর দাহের পূর্বেই প্রাণত্যাগ সময়ে দগ্ধ হয়, অতএব সে দগ্ধ রক্ষু দারা শরীরের ইতন্তত পড়ন কোনো রূপে বারণ হইতে পারে না। অধর্মকে ধর্মা রূপে সংস্থাপন করিতে প্রব্নত্ত হইলে পণ্ডিত লোকেরও এপটান্ত অনবধানতা হয়, যে জ্বলস্ত অগ্নির মধ্যে শক্তর থাকিয়া দক্ষ হয় না, এবং জনাকে জান্ন হইতে ইতন্তত পতনে নিবারণ করেঁ, এ রূপ বাক্য লোকের বিশ্বাসের নিমিক্ত লিখেন, অতএব বিজ্ঞ লোকে বিবেচনা করিবেন, যে রক্ষ্যু দিয়া বন্ধন করিবার হেতু যাহা আপনি লিখিয়াছেন, ভাছা যথার্থ वर्ष, कि ना ? मःमारत्व मकत लाइ धक कारत त्विहीन इस नाहे, অতএব जीवार कार्रन यारेया प्रिशिक्ष विधेवीक् वक्रानत्र य कार्रन जाशनि কৃষ্মিছেন তাহা সভ্য কি মিখ্যা ইহা অনান্নাসে জানিতে পারিবেন; আর আর্থনকার অনুগত বিষয়িরদিপের মধ্যে বাহার ক্ষিঞ্চিৎও সত্যতে আছা আছে, তাহারা এরূপ হেতু শুনিয়া কি রূপ শ্রন্ধান্তি হুইবেন, তাহা কি-

ঞ্চিং বিবেচনা করিলে কোন্ আপনকার বিদিত না হইবেক ? আপস্তম্বের বচন যাহা প্রমাণ নিমিত্ত আমারদের লেখা উচিত ছিল, তাছা আপনি লিখিরাছেন, যে হেতু সে বচনের দারা ইহা সিদ্ধা হইতেছে, যে নিষিদ্ধা কর্ম্মের প্রবর্ত্তক ও অনুমতিকর্ত্তা এবং কর্ত্তা নরকে যার, স্ক্তরাং সর্ব্ব প্র-কারে অবৈধ ও অতি নিষিদ্ধা, জ্ঞান পূর্ব্বক বন্ধন করিয়া যে জ্রীদাহ তাহার প্রবর্ত্তক ও অনুমতিকর্ত্তা ও কর্ত্তা ঐ বচনের বিষয় অবশ্য হইলেন, দেশাচার ছলে কিম্বা বন্ধন করিলে শরীরের খণ্ড ইতন্তত পড়িবেক না, এরূপ থবাক্য কৌশলে, পরলোক শাসন হইতে নিষ্কৃতি হইতে পারিবে না।

আর ২৬ পৃষ্ঠা অবধি লিখেন, যে অম্প জ্বলম্ভ চিতাগ্নিদাহকেরা তুণ কাষ্ঠাদি দ্বারা ঐ স্থীর অনুমতি ক্রমে চিতাকে প্রজ্বলিত করে, তাহারদের পুণাই হয়,যে হেতুক বেতন গ্রহণ না করিয়া পরের পুণ্য কার্যোর আমুক্লা যে করে,তাহার অতিশয় পুণা হয়: এবং মৎসাপুরাণীয় স্বর্ণকারের ইতিহাস লিখিয়াছেন, যে পুণা কর্ম্মের আমুকুলা দ্বারা অতিশয় ফল পাইয়াছে॥ ইহার উত্তর।-এই প্রকরণের পূর্বে পরিচ্ছেদে লেখা গিয়াছে, অর্থাৎ যদি জ্ঞান পূর্বক বন্ধন করিয়া রহং বাঁশ দিয়া ছুপিয়া স্ত্রীবধ করা পুণ্য কর্ম হইত, তবে আতুকল্য কর্তারদের পুণা হইবার সম্ভাবনা ছিল। কিন্তু ইহা অত্যন্ত নিষিদ্ধ দারুণ পাতক, অতএব ইহার প্রগোজকেরা স্ত্রীবধের প্রতিফল অবশাই পাইবেক। শেষ পরিচ্ছেদে আদ্যোপান্তের শিক্ট বাব-হারের প্রদর্শন তিন বচনের দ্বীরা দিয়াছেন: প্রথমত এক কপোতিকা সামির সহিত অগ্নিতে প্রবেশ করিয়াছিল, দ্বিতীয় কুটারাগ্নির দ্বারা প্রতরা-কৌ্র শরীর দাহকালে গান্ধারী অগ্নি প্রবেশ করিলেন, আর বস্থদের বল-রাম প্রছায়ার্শির স্ত্রী সকল তাঁহারদের শরীরের সহিত অগ্নি প্রবেশ করি त्नन ; এ जिन हाजा उ वाशरतत स्थाम जान्य कान शूर्व शन्ना हहेगा हिन्, অতএব আদোপান্ত প্রদৰ্শন করিবার নিমিত্তে অনা অনা উদাহরণ আপ-নকাকে দেওয়া উচিত ছিল; সে যাহা হউক, আপনকার বিদিত অ্বশ্য থাকিবেক, যে পূর্বকালেও একালের ন্যায় কতক লোক মোক্ষার্থী কতক স্বৰ্গাৰ্থী ছিলেন, এবং কতক পূণাত্ম। কতক পাপাত্ম। কতক আন্তিক কতক

নান্তিক তাহাতে কি স্ত্রী কি পুরুষ ঘাঁহারা কাম্য কর্ম্মের অনুষ্ঠান করিতেন তাঁহারদের স্বর্গ ভোগানস্তর পুন: পতন হইত, ঐ সকল শাস্ত্রেই তাহার প্রমাণ আছে। মোক বিধায়ক শান্তে পুন: পুন: কামনা পরিত্যাগের বিধি তাহারদের প্রতি দিয়াছেন ঐ শান্তামুসারে অগণনীয় বিধবা সকল আদেন-পান্ত অবধি মোক্ষার্থিনী হইয়া ব্রহ্মচর্য্য করিয়া কুতার্থ হইয়াছেন, তাহাব প্রমাণ মহাভারতাদি **গ্রন্থে আ**ছে। উদকে ক্রিয়মাণে তু বীরাণাং বীরপত্নিভিঃ ইত্যাদি॥ অর্থাৎ ব্রহ্মলোকে গামী যে কুরুবীর সকল যাঁহারা সন্মৃধ যুদ্ধে উৎসাহ পূর্ব্বক প্রাণত্যাগ করিয়াছেন, তাঁহারদের পত্নী সকল মৃত শরীরের সহিত সহমরণ না করিয়া তর্পণাদি ক্রিয়া করিলেন। কিন্তু আপনি বিবেচনা করুণ বে তিন উদাহরণ আপনি দিয়াছেন তাহাতে তিন স্থানেই অগ্নি প্রবেশ শব্দ স্পার্ট আছে। প্রবিবেশ হতাশনং, তমগ্রিমূল্বেক্ষাতি, উপগৃহাগ্নিমাবিশন্ ৷ এবং ঐ তিন স্থানে ইহা প্রাপ্ত হইয়াছে যে বিধবা প্রজ্বলিত যে অগ্নি ছিল তাহাতে প্রবেশ করিয়াছেন; অতএব ইদানীস্তন যে বিধবা প্রজ্বলিত অগিতে প্রবেশ না করে, কিন্তু অন্যে বন্ধন পূর্ববক তাহাকে দাহ করে, আপনকার লিখিত সকামির আদ্যোপান্ত ব্যবহারও তাহার সিদ্ধ হয় না, এবং সহমরণ জন্য যে কিঞ্চিৎ কাল স্বর্গভোগ তাহাও নে বিধবার স্থাতরাং হইবেক না; এবং ঘাঁহারা তাহাকে বন্ধন পূর্বকে রহৎ বাঁশ দারা ছুপিয়া বধ করেন তাঁহারা নিতান্ত দ্বীহত্যার পাত্কী দর্ক্ত শান্তামুদারে হইবেন। ইতি অফটম প্রকরণং ইতি।

প্রবর্তন। স্ত্রীলোককে স্বামির সহিত মরণে প্ররুত্তি দিবার যথার্থ কারণ এবং এরূপ বন্ধন করিয়া দাহ করিবাতে আগ্রহের কারণ ১৮ পৃষ্ঠার ১৮ পংক্তিতে প্রায় লিখিয়াছি, যে স্ত্রীলোক স্বভাবত অল্প রুদ্ধি, অস্থিরাস্তঃকরণ, বিধাসের অপাত্র, সাম্ব্রাগা, এবং ধর্ম জ্ঞান শূন্যা হয়। স্থামির পরলোক হইলে পর, শাস্ত্রাস্থারে প্রন্থায় বিধবার বিবাহ হইতে পারে না, এক কালে সমুদায় সাংসারিক স্বর্থ ইইতে শিরাশ হয়, অতএব এ প্রক্রার দুর্ভাগা যে বিধবা তাহার জীবন অপেকা মরণ শ্রেষ্ঠ। যে হেতুক শাস্ত্রাম্পারে ব্রহ্মচর্য্যের অষ্ঠান পূর্বক শুক্ষভাবে কাল যাপন করা অত্যন্ত দুর্ঘট, স্থতরাং সহমরণ না করিলে নানা দোষের সপ্তাবনা, যাহাতে ক্ল-

অগ্নের কলম্ব জবো, এই নিমিত্ত বাল্যকাল অবধি স্ত্রীলোককে সর্বাদা উপ-দেশ দেওয়া যায়, যে সহমরণ করিলে স্থামির সহিত' স্বর্গ ভোগ হয়, এবং তিন কুলের উদ্ধার হয়, ও লোকত মহা যশ আছে, যাহাতে দৃঢ় বিখাস করিয়া স্বামী মরিলে অনেকেই সহমরণ করিতে অভিপ্রায় করে, কিন্তু অগ্নির উত্তাপে চিতা ভ্রম্ট হইবার সম্ভাবনা আছে, তাহা দূর করিবার নিমিত্ত বন্ধনানি করিয়া দাহ করা যায়।

নিবর্ত্তক ।—এই যে কারণ কহিলা তাহা যথার্থ বটে, এবং আমারদিগের হন্দর রূপে বিদিত আছে, কিন্তু স্ত্রীলোককে যে পর্যান্ত দোষান্তিত আপনি কহিলেন, তাহা স্বভাব সিদ্ধ নহে। অতএব কেবল সন্দেহের নিমিত্তে বধ পর্যান্ত করা লোকত ধর্মত বিরুদ্ধ হয়, এবং স্ত্রীলোকের প্রতি এই রূপ নানাবিধ দোষোল্লেখ সর্কাদা করিয়া তাহারদিগকে সকলের নিকট অত্যন্ত হেয় এবং ছঃখ দায়ক জানাইয়া থাকেন, যাহার দ্বারা, তাহারা নিরন্তর ক্রেশ প্রাপ্ত হয়, এ নিমিত্ত এ বিষয়ে কিঞ্চিৎ লিখিতেছি। জ্রীলোকেরা শারীরিক পরাক্রমে পুক্ষ হইতে প্রায় স্থান হয়, ইহাতে পুরুষেরা তাহার-দিগকে আপনা হইতে ছুর্ম্বল জানিয়া যে যে উত্তম পদবীর প্রাপ্তিতে তাহারা স্বভাবত যোগ্যা ছিল, তাহা হইতে উহারদিগকে পূর্ব্বাপর বঞ্চিত করিয়া আসিতেছেন; পরে কছেন, যে স্বভাবত তাহারা সেই পদ প্রাপ্তির যোগ্যা নহে, কিন্তু বিবেচনা করিলে তাহারদিগকে যে যে দোষ আপনি দিলেন, তাহা সত্য কি মিথ্যা ব্যক্ত হইবেক।

প্রথমত বুদ্ধির বিষয়, স্ত্রীলোঁকের বুদ্ধির পরীক্ষা কোন্কালে লইয়াছেন, যে অনায়াসেই তাহারদিগকে অপ্প বুদ্ধি কহেন? কারণ বিদ্যা শিক্ষা এবং জ্ঞান শিক্ষা দিলে পরে ব্যক্তি যদি অমূত্র ও গ্রহণ করিতে না পারে, তখন তাহাকে অপ্প বুদ্ধি কহা সম্ভব হয়; আপনারা বিদ্যা শিক্ষা জ্ঞানাপদেশ স্ত্রীলোককে প্রায় দেন নাই, তবে তাহারা বুদ্ধিহীন হয় ইহা কি রূপে নিশ্চয় করেন ? কুরঞ্চ লীলাবতী, ভামুমতী, কর্ণাট রাজার পত্নী, কালীদাসের পত্নী প্রভৃতি যাহাকে যাহাকে বিদ্যাভ্যাস করাইয়াছিলেন, তাহারা সর্ব্ব শাস্ত্রের ঝারগ রূপে বিখ্যাতা আছে, বিশেষত রহদারণ্যক উপনিষদে ব্যক্তই প্রমাণ অছে, যে অত্যন্ত হুরূহ ব্রম্বজ্ঞান তাহা যাক্ষবহা

আপন স্ত্রী নৈত্রেয়ীকে উপদেশ করিয়াছেন, মৈত্রেয়ীও তাহার গ্রহণ পূর্বক কৃতার্থ হয়েন।

ছিতীয়ত তাহারদিগকে অস্থিরাস্তঃকরণ কহিয়া থাকেন, ইহাতে আশ্চর্যা জ্ঞান করি, কারণ যে দেশের পুরুষ মৃত্যুর নাম শুনিলে মৃত প্রায় হয়, তথাকার স্ত্রীলোক অস্তঃকরণের স্থৈয়ে দারা স্বামির উদ্দেশে অগ্নি প্রবেশ করিতে উদ্যত হয়, ইহা প্রত্যক্ষ দেখেন, তথাচ কহেন, যে তাহারদের অস্তঃকরণের স্থৈয়া নাই।

ভূতীয়ত বিশাস ঘাতকতার বিষয়। এ দোষ প্রুষে আনিক কি স্থীতে অধিক উভয়ের চরিত্র দৃষ্টি করিলে বিদিত হইবেক। প্রতি নগরে প্রতি গ্রামে বিবেচনা কর, যে কত স্থী পুরুষ হইতে প্রতারিতা হইয়াছে, আব কত পুরুষ স্থাতি প্রতারণা প্রাপ্ত হইয়াছে, আমরা অনুভব করি যে প্রতারিত স্থীর সংখ্যা দশ গুণ অধিক হইবেক, তবে পুরুষেরা প্রায় লেখা পড়াতে পারগ এবং নানা রাজকর্মে অধিকার রাখেন, যাহার দ্বারা স্থীলে। কের কোন এ রূপ অপরাধ কদানিং হইলে সর্বত্র বিখ্যাত অনায়াসেই করেন, অথচ পুরুষে স্থীলোককে প্রভারণা করিলে তাহা দোষের মধ্যে গণনা করেন না। স্থীলোকরে এই এক দোস আমরা স্থীকার করি, যে আপনারদের ন্যায় অন্যকে শরল জ্ঞান করিল। হঠাং বিশাস করে, যাহার দ্বারা অনেকেই ক্রেশ পায় এপযাস্ত যে কেহ কেহ প্রতারিত ইইয়া অগ্নিকে দশ্ম হয়।

চতুর্থ যে সাম্বরাগা কহিলেন, তাহা উভয়ের বিবাহ গণনাতেই ব্যক্ত আছে, অর্থাৎ এক এক পুরুষের প্রায় ছই তিন দশ বরঞ্চ অধিক পত্নী দেখিতেছি, আর স্ত্রীলোকের এক পতি সে ব্যক্তি মরিলে কেহ তাবৎ স্থুখ পরিত্যাগ করিয়া সঙ্গে মরিতে বাসনা করে, কেহ বা যাবজ্জীবন অভিকন্ট যে ব্লাচর্য্য তাহার অনুষ্ঠান করে।

পঞ্চম তাহারদের ধর্ম ভয় অপপ, এ অন্ধ্রি অধর্মের কথা, দেখ কি পূর্যান্ত হংগ, অপমান, তিরস্কার, যাতনা, তাহারা কেবল ধর্ম ভয়ে সহি-ফুতা করে। অনেক কুলীন ব্রান্ধণ ঘাহারা দল্প পোনর বিবাহ অর্থের নিমিত্তে করেন, তাহারদের প্রায় বিবাহের পর অনেকের সহিত সাক্ষাৎ

ছয় না, অথবা যাবজ্ঞীবনের মধ্যে কাহারো সহিত ছুই চারিবার সাক্ষাৎ করেন, তথাপি ঐ সকল দ্রীলোকের মধ্যে অনেকই ধর্ম্ম ভয়ে স্বামির সহিত সাক্ষাৎ ব্যতিরেকেও এবং স্থামি দ্বারা কোন উপকার বিনাও পিতৃ গৃহে অথবা ভাতৃ গৃহে কেবল পরাধীন হইয়া নানা ত্বঃথ সহিষ্ণৃতা পূর্বক থা-কিয়াও যাবজ্ঞীবন ধর্ম নির্কাহ করেন; আর ব্রাহ্মণের অথবা অন্য বর্ণের মধ্যে যাহারা আপন আপন স্ত্রীকে লইয়া গার্হস্থা করেন, তাহারদের বাটাতে প্রায় স্ত্রীলোক কি কি ছুর্গতি না পায় ? বিবাহের সময় স্ত্রীকে অর্দ্ধ অঙ্গ করিয়া শ্বীকার করেন, কিন্তু ব্যবহারের সময় পশু হইতে নীচ জানিয়া ৰাবহার করেন; যে হেতু স্বামির গৃহে প্রায় সকলের পত্নী দাস্য রুতি করে, অর্থাৎ অতি প্রাতে কি শীতকালে কি বর্ষাতে স্থান মার্চ্জন, ভোজ-নাদি পাত্র মার্ক্জন, গৃহ লেপনাদি তাবং কর্ম্ম করিয়া থাকে; এবং স্থপ-কারের কর্ম বিনা বেতনে দিবসে ও রাত্রিতে করে, অর্থাৎ সামি খশুর শাশুড়ি ও স্বামির ভাতৃবর্গ অমাত্য বর্গ এ সকলের রন্ধন পরিবেষণাদি সাপন আপন নিয়মিত কালে করে, যে হেতু হিন্দু বর্গের অন্য জাতি অপেক্ষা ভাই সকল ও অমাত্য সকল একত্র স্থিতি অধিক কাল করেন এই নিমিত্ত বিষয় **ঘটি**ত ভাতৃ বিরোধ ইহারদের মধ্যে অধিক হইয়া থাকে; ঐ রন্ধনে ও পরিবেষণে যদি কোনো অংশে ক্রাটি হয়, তবে তাহারদের স্বামি শাশুড়ি দৈবর প্রভৃতি কি কি তিরক্ষার না করেন; এ সকলকে ও **ন্ত্র**ীলোকেরা ধর্মা ভয়ে সহিঞ্_{তা} করে, আর সকলের ভোজন হ**ই**লে বা**ঞ্জ**-নাদি উদর পূরণের যোগ্য অথবা অযোগ্য যৎকিঞ্চিৎ অবশিষ্ট থাকে, তাহা সস্তোষ পূর্বক আহার করিয়া কাল যাপন করে; আর অনেক ত্রাহ্মণ काग्रन्थ याँशांतरमञ्ज धनवेजा नार्हे, जाशांतरमञ्जूषीत्नांक मकन গোদেবामि কর্ম করেন, এবং পাকাদির নিমিত্ত গোময়ের ঘসি সহন্তে দেন, বৈকালে পুষরণী অথবা নদী হইতে জলাহরণ করেন, রাত্তিতে শ্যাদি করা যাহা ভূত্যের কর্ম্ম তাহাও করেন, মধ্যে মধ্যে কোনো কর্ম্মে কিঞ্চিৎ ক্রটি হইলে তিরস্কার প্রাপ্ত হইয়া থাকেন, যদ্যপি কদাচিৎ ঐ স্বামির ধনবভা হইল, তবে ঐ স্ত্রীর সর্ব্ব প্রকাষ জ্ঞাতসারে এবং দৃষ্টি গোচরে প্রায় ব্যভিচার দোৰে মগ হয়, এবং শাস মধ্যে এক দিবসও তাহার সহিত আলাপ নাই।

স্বামি দরিক্ত যে পর্যান্ত থাকেন, তাবৎ নানা প্রকার কায়কেল পায়, আর দৈৰাৎ ধনৰান ছইদে মানস ছঃখে কাতর হয়, এ সকল ছঃখ ও মনস্তাপ কেবল ধর্ম ভয়েই তাহারা সহিষ্ণৃতা করে, আর যাহার স্বামি ছুই তিন ন্ত্রীকে লইয়া গার্হস্যু করে, তাহারা দিবা রাত্রি মনস্তাপ ও কলহের ভাজন হয়, অথচ অনেকে ধর্ম ভয়ে এ সকল ক্লেশ সম্থ করে; কথন এমত উপ-স্থিত হয়, যে এক স্ত্রীর পক্ষ হইয়া অন্য স্ত্রীকে সর্বাদা তাড়ন করে, এবং নীচলোক ও বিশিক্ট লোকের মধ্যে যাহারা সৎসঙ্গ না পায়, তাহারা আ পন স্ত্রীকে কিঞ্চিৎ ক্রটি পাইলে অথবা নিষ্কারণ কোন সন্দেহ তাহারদের প্রতি হইলে চোরের তাড়না তাহারদিগকে করে, অনেকেই ধর্ম ভয়ে লোক ভয়ে ক্ষমাপত্ন থাকে, যদাপিও কেহ তাদৃশ যন্ত্রণার অসহিষ্ট্ হইয়া পতির সহিত ভিন্ন রূপে থাকিবার নিমিত্ত গৃহ ত্যাগ করে, তবে রাজ দ্বারে পুৰুষের প্রাবল্য নিমিত্ত পুনরায় প্রায় তাহারদিগকে সেই সেই পতি হস্তে আসিতে হয়, পতিও সেই পূর্বজাতকোধের নিমিত্ত নানা ছলে অত্যস্ত ক্লেশ দেয়, কথন বা ছলে প্রাণ বধ করে; এ সকল প্রতাক্ষ সিদ্ধ, স্বতরাং অপলাপ করিতে পারিবেন না 🌶 ছুংখ এই, যে এই পর্যান্ত অধীন ও নানা ष्ट्रार्थ ष्ट्रार्थिनी, তাহারদিগকে প্রত্যক্ষ দেখিয়াও কিঞ্চিৎ দয়া আপনকাব-দের উপস্থিত হয় না, যাহাতে বন্ধন পূর্বক দাহ করা হইতে রক্ষা পায়। ইতি সমাপু॥ ১৭৪১ শক ১৬ অগ্রহায়ণ॥

সহমরণ বিষয়।

ওঁতংসং॥ কাম্য কর্ম্মের নিন্দা বিষয়ে গীতার শ্লোক সকলের উত্তরে করেক পত্রীতে বাহা লেখেন তাহাতে বিজ্ঞ ব্যক্তিরা প্রথমত দৃষ্টি করিবেন, যে শাস্ত্রীয় বিচারে হর্ম্মাক্য কথন যদি পুনঃ পুনঃ করিয়া থাকেন তবে তাহারাই সিদ্ধান্ত করিবেন যে গীতাদি শাস্ত্র বিচারকে গালিতে মিশ্রিত যে করে সে কি প্রকার নীচ হয়। শাস্ত্র সংক্রান্ত যে কিঞ্চিং তাহাতে লিখিরাছেন তাহার উত্তর দেওয়া যাইতেছে।

বিপ্রনামার স্বাক্ষরিত যে পত্রী প্রথমে প্রকাশ হয় তাহাতে আদৌ লিখেন। "গী,তার মতে স্বর্গাদি ফলের কারণ যে সকল কর্ম তাহার নিন্দা ও নিষেধ যদি লেথক স্থিন করিয়া থাকেন, তবে কলেতে আসক্ত লোক সকলের পারত্রিক মন্ত্রল বিষয়ের উপায় কি স্থির করিয়াছেন"। উত্তর।— বিপ্রনামা যদি একবারও গীতা শাস্ত্রেতে মনোযোগ করিতেন, তবে এ প্রশ্ন কদাপি *করিতেন না, ষেহেতু সকাম ব্যক্তির পারত্তিক বিষয় যেরূপ হয় তাহা গীতার নবমাধ্যায়ে ভগবান্ বিশেষ রূপে লিখিয়াছেন। যথা ॥ उठ उर जुङ्ग वर्गलाकः विभागः कीत्। भूत्वा मर्छालाकः विभश्वि । এবং ত্রেয়ীধর্মমনুপ্রপপন্না গতাগতং কামকামা লভস্তে ॥ স্তোমাং যে জনাঃ পর্যাপাসতে। তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহান্যহং॥ অর্থাৎ স্বর্গাদি কামনা পূর্বক যাহারা কর্ম্ম করে তাহা-রদের গতাগতি নির্ভি নাই, কিন্তু ঘাঁহারা নিক্ষাম কর্ম ছারা পর-মেখরের আরাধনা করেন তাহারা পরমেশর প্রদাদাৎ ক্বতার্থ হন, এবং শার্তমত বিষ্ণু ধর্মোত্তরীয় বচন ি অকাম: সান্থিকো লোকো বৎ কিঞ্চি-দ্বিনিবেদয়েৎ। তেনৈব স্থানমাপ্সোতি যত্ত্ত গড়া ন শোচতি॥ ধর্মবানিজিক। ষ্চাঃ ফলকামা নরাধমাঃ। অর্চয়ন্তি জগন্নাথং তে কামানাপ্প বস্তাথ ॥ অস্ত-বজু ফলং তেষাং তদ্ভবত্য পোনেধসাং। নিষ্কাম ব্যক্তি সাহিক হয়েন তিনি যে কিঞ্চিৎ নিবেদন করেন তৎ ছারা দেই পদ প্রাপ্ত হন যাহার প্রাপ্তির . পর ছুংখ না হয়। যাহারা ধর্মকে বাণিজ্য করে তাহারা মূঢ় এবং যাহারা 😘 ফল কামনা করে তাহারা নরাধম, যেহেতু যদিও ঈশরের অর্চনা করিয়া 💃 ফলকে পায় কিন্তু ঐ অপ্পাবৃদ্ধি ব্যক্তিদের সে ফল বিনাশকে প্রাপ্ত হয় 🖟 বিপ্রনামা স্মার্ভ প্রকৃত মনোধোগ করিলে এ প্রশ্ন করিতেন না

ধিতীয় লিখেন যে শিকাম কর্ম্মের নিন্দাবোধক কোন্ প্লোক"॥ উত্তর ।— ভগবদ্দীতার যে যৈ শ্লোক কর্মাধিকারে আছে সে সকলি কামনার নিন্দা বোধক হয়, এ বিষয়ে যদি বিপ্রনামা মনোযোগ পূর্বক গীতা দেখিতেন তবে এ প্রশান্ত করিতেন না॥

তৃতীর লেখেন যে "ভগবন্দরীতার যে করেক শ্লোক মুদ্রান্ধিত হটয়াছে তাহার অধিকারী সকামী কি নিষ্কামী"। উত্তর ।—এ শ্লোক সকলেব বিষয় সেই সেই ব্যক্তি হন যাঁহাদের কর্মোতে অধিকার আছে, কিন্তু সকাম কর্মা কর্তব্য কি নিষ্কাম কর্মা কর্তব্য এই সংশয়ে ভগবান্ সকাম কর্ম্মের নিন্দা পূর্মক নিষ্কাম কর্মা করিতে আজ্ঞা দিয়াছেন। ।

চতুর্থ লিখেন,নিষ্কাম লোক অধিক কি সকাম লোক অধিক ॥ উত্তর।—
এ অন্ধৃত প্রশ্ন হয়, লোকের যে ভাগ অধিক সেই ভাগ যদি উত্তম রূপে
গণনীয় হয়, তবৈ স্বর্জিন্থিত ব্রাহ্মণ হইতে এ ভারতবর্ষে স্বর্জি ভাগী
ব্রাহ্মণ অতাত্ত অধিক,এমতে স্বর্জি ভাগি কি উত্তম রূপে গণিত হইবেক।

পঞ্চম লিখেন যে অংশ বৃদ্ধি শ্রীলোকের কামনার কি প্রকারে নিরাস হয়॥ উত্তর।—পরমেশরের আরাধনাতে প্রবৃত্তি দিলেই নিন্দিত কাম্য কর্ম হইতে নিরুত্তি ও তৎপরে সদ্গতি স্ত্রী পুরুষ উভয়ের সমান রূপে হইতে পারে। (প্রমাণ ভগবদ্ধীতা) "মাং হি পার্থ বাপাশ্রিতা যেপি স্থাঃ পাপ্রোনয়ঃ। স্থিয়োবৈশ্যান্তথা শৃক্তান্তেহপি যান্তি পরাং গতিং"॥ এবং মৈত্রেয়ী প্রভৃতি স্থীলোকের কাম্য কর্ম ত্যাগ পূর্বক পরমেশরের আরাধনা ছার। পরম গতি প্রাপ্তি হইয়াছে ইহা বেদ পুরাণ ইতিহাসাদিতে প্রসিদ্ধ আচে॥

ষষ্ঠ লেখেন। "ন বুদ্ধিভেদং জময়েদজানাং কর্মসিদিনাং" এই গীতার লোকের তাৎপর্যা লেখক কি স্থির করিয়াছেন। উত্তর।— বিপ্রনামা কিঞ্চিং শ্রম করিয়া ঐ স্লোকের পরার্দ্ধ দৃষ্ঠি করিলেই তাৎপর্য্য জানিতে পারিতেন, যেছেতু ঐ লোকের পরার্দ্ধ লিখেন। "বোজয়েং সর্বকর্মাণি বিদ্ধান যুক্তঃ সমাচরম্"। অর্থাৎ জ্ঞানবান ব্যক্তি আপনি কর্ম করিয়া সজ্ঞানি কর্ম সঙ্গিকে কর্মে প্রবর্তক হইবেন, ষেহেতু জ্ঞানির নিদ্ধাম কর্ম্ম দেখিয়া অজ্ঞানীও সেই প্রাদার কর্মা করিবেক, স্প্তরাং জ্ঞানির কদাপি কাম্ম কর্মে অধিকার নাই তাঁহার নিদ্ধাম কর্ম্ম দেখিয়া

ষজানীও চিত্ত শুদ্ধির নিমিত্ত নিদ্ধাম কর্ম করিবেক। কর্ম সঙ্গিদের কি প্রকার কর্ম কর্ত্তব্য তাহা ভূরি স্থানে ঐ গীতাতে লিখিয়াছেন। (কর্ম-লোবাধিকারত্তে মা ফলের্ কদাচন) তৃমি কর্ম করিতে পার কিন্তু কর্ম ফলেতে তোমার অধিকার কদাপি নাই॥ যজ্ঞার্থাৎ কর্মনোহন্যত্র লোকোহয়ং কর্মাবন্ধনঃ॥ পরমেশরের উদ্দেশ ব্যতিরেকে অর্থাৎ ফল কামনা করিয়া কর্ম করিলে সে কর্ম দ্বায়া লোক বন্ধন প্রাপ্ত হয়। এবং ম্মার্ভয়্মত বছাম্মর বচন॥ "য়য়ং নিংশ্রেয়সং বিদ্বান্ ন বক্তাজ্ঞায় কর্ম হি। ন রাতিরোগিনে প্রথাং বাঞ্চুতেপি ভিষক্তমঃ"॥ আপনি জ্ঞানবান্ ব্যক্তি অজ্ঞানকে সকাম কর্ম করিতে উপদেশ করেন না,যেমন রোগী মহুষ্য কুপথ্য প্রার্থনা করিলেও উত্তম বৈদ্য কুপথ্য দেন না। এবং এই প্রমাণাহসারে ম্মার্ভ ভট্টাচার্য্য ব্যবস্থা লিখেন, "পণ্ডিতেনাপি মূর্খঃ কাম্যে কর্মণি ন প্রবর্ত্তবিতব্যঃ" পণ্ডিত ব্যক্তি মূর্থকে কাম্য কর্মো প্রবর্ত্ত করিবেনং না। কি আক্র্যার্থিকনামা রাগান্ধ হইয়া এই দেশ প্রসিদ্ধ গ্রন্থেও মনোযোগ করেন না।

সপ্তম লিখেন, সহমরণাদির সঙ্গেশ বাক্যে ফলের উল্লেখ না করিয়া কাম্য কর্ম্ম করিলে সে কর্ম্ম অন্য কর্মের ন্যায় চিত্ত শুদ্ধির কারণ হয় কি না॥ উত্তর ।—প্রথমত স্থামীর সহিত স্থর্গভোগ কামনা ব্যতিরেকে ব্রীলোকের আত্ম হত্যাতে প্ররুত্তি কদাপি হইতে পারে না, স্থতরাং প্রয়্রুত্তির অভাবে শরীর দাহ ক্রিয়ার সম্ভাবনা নাই। দ্বিতীয়ত নিত্য ও নৈমিত্তিক কর্ম্ম ব্যতিরেকে আত্মার পীড়া দ্বারা অথবা অন্যের নাশের নিমিত্ত বে তপস্যা তাহাকে তামস করিয়া গীতাতে লেখেন, এবং ঐ তামস কর্ম্ম কর্য্যা অধোগতি প্রাপ্ত হয় ইহাও ঐ ভগবদ্দীতাতেই লেখেন । "সূদ্গ্রাহেণাত্মনোবং পীড়য়া ক্রিষতে তপঃ। পরস্যোৎসাদনার্থং বা তত্তা-মসমুদান্দ্রতং"। "ক্রম্নাগুণয়ত্তেম্বা অধোগক্ষতি তামসাং"॥ অতএব বিপ্রনামা বদি বিশেষ মনোযোগ করিয়া গীতা দেখিতেন তবে এ প্রশ্নপ্ত করিতেন না। মিতাক্ষরতে কাম্য কর্মের দ্বারা জীবন নাশের নিষেধ শ্রুতিও বৃদ্ধি বিশেষ রূপে দেখেন নাই। "তত্মাত্ হ ন পুরায়ুবং স্বঃকামী প্রেয়াং"। অতএব স্বর্গকামনা করিয়া পরমায়ুং সত্তে আরুর্ব্যয়ং করিবেক না অর্থাৎ"। অতএব স্বর্গকামনা করিয়া পরমায়ুং সত্তে আরুর্ব্যয়ং করিবেক না অর্থাৎ মিরিবেক লা। এবং সহমরণাদি কাম্য কর্ম্ম সকল কামনা পরিত্যাগ

পূর্ব্বক করিলে চিত্ত শুদ্ধি হয় এরূপ ব্যবস্থা যদি বিপ্রনামা স্থির করিয়া থাকেন তবে বিপ্রনামা ইতঃপর ইহাও প্রবৃত্তি দিতে সমর্থ হইবেন, যে স্মার্ত্তপ্ত নরসিংহ প্ররাণের বচন আছে যে "জলপ্রবেশী চানন্দং প্রমোদং বহ্নিসাহদী। ভৃগুপ্রপাতী সৌখাস্ক রণে চৈবাতিনির্ম্মলং॥ অনশনমৃতো যঃ স্যাৎ সগক্ষেত্র ত্রিপিফ্টপং" ॥ যে ব্যক্তি জলে প্রবেশ করিয়া মরে সে আনন্দনাম স্বৰ্গ প্ৰাপ্ত হয়, সাহস পূৰ্ববৰ অগ্নিতে প্ৰবেশ করিয়া যে মরে সে প্রমোদ নাম স্বর্গ প্রাপ্ত হয়, পর্ব্বতাদি উচ্চদেশ হইতে পতন পূর্ব্বক যে মরে সে সৌখ্য নামক স্বর্গকে পায়, যুদ্ধ পূর্ব্বক যে মরে ড়াহার অতি নির্মাল নাম স্বর্গ প্রাপ্তি হয়, আহার ত্যাগ পূর্ববন্ধ যে মরে সে ত্রিপিন্টপ নাম স্বৰ্গ প্ৰাপ্ত হয়। অতএব ইহাতে নিৰ্ভৱ করিয়া বিপ্ৰনামা কহিবেন যে, সঙ্কপে ত্যাগ পূর্বক এ সকল প্রকারে শরীর ত্যাগ করিলে নিষ্কাম কর্মের ন্যায় এই নানাবিধ আত্ম হত্যাও চিত্ত শুদ্ধির প্রতি **ফারণ হয়।** এবং স্মার্ত্তপ্রত এ বচনও পাঠ করিবেন "যঃ সর্ব্বপাপযুক্তোপি পুণাতী-র্থেষ্ মানব:। নিয়মেন তাজেৎ প্রাণান মূচাতে সর্বপাতকৈ:"॥ সকল পাপ যুক্ত হইয়াও যে মহুষ্য নিয়ম পূর্বকে পুণ্য তীর্থে প্রাণত্যাগ করে মে मर्ख भाभ इहेट मुक्त इहेटवक। ঐ वहन भाष्ट्रीन छत्र विधानामा এ धात्र-জিও দিতে সমৰ্থ হইবেন যে কামনা ত্যাগ করিয়া তীর্থ মরণে চিত্ত শুদ্ধি হইবেক, কিন্তু বিপ্রনামার ইহাও অনুভব হইল না যে স্বগাদি কামনা না थोकित्न व প্রকার আত্ম হনন রূপ কর্ম্মে প্রবৃত্তিই হইতে পারে না। এবং এ প্রকার ছুঃদাহস কর্ম্মে যে প্রবৃত্তি সে তামদী প্রবৃত্তি হয়, যাহা ·গীতায় ও উপনিবদে বারম্বার নিষিদ্ধ করিয়াছেন, এই রূপ বিপ্রনামা ভৰিষ্য পুরাণোক্ত নরবলি প্রদানের প্রবৃত্তিও দিবেন, যে যদ্যপিও এ জুর কর্ম হয় কিন্তু কামনা ত্যাগ পূর্ববক করিলে চিত্ত শুদ্ধি হইবেক, এবং কালিকা পুরাণোক্ত এ মন্ত্রও উচ্চৈঃসরে পাঠ করিবেন। "নর ছং বলি-রূপেণ মম ভাগ্যাছপন্থিত:। প্রণমামি ততঃ , দর্ব্রপেণং বলিরূপিণং" এবং এরূপ বিচারে বিপ্রনাম। প্রবর্ত্ত হইবেন বৈ পূর্বর সূবে কি পণ্ডিত ছিলেন না এবং ইহার পূর্ব্ব এই কলিকাল্বেও কি পণ্ডিড ছিলেন না, দেখ নর বলি সত্যাদি যুগে হইয়া আদিয়াছে, জড়ভরত প্রভৃতির

উপাখ্যান ইহার প্রমাণ হয় এবং কলিতেও তন্ত্রামুসারে নর বলির প্রথা ছিল এবং একালেও দেশ বিশেষে হইতেছে, অভএব শান্ত্র প্রাপ্ত এবং পরস্পরা ব্যবহার সিদ্ধা নরবলি অবশ্য কওঁব্য, যদি কেই কহে যে কামনা পূর্বকে কর্মা গীতাদি শান্ত্র মতে নিন্দিত হয়, তবে বিপ্রমামা কহিবেন যে কামনা ত্যাগ পূর্বক নরবলি দান কেন না কর চিত্ত শুদ্ধি ইইয়া মুক্তি হইবেক। ধন্য ধন্য বিপ্রনামা ধন্য অধ্যাপক।

অক্টম লিখেন যে গীতার যদি ভগবান কাম্য কর্মের নিষেধ করিয়াছেন তবে যুধিষ্টিরাদি যে কামা কর্মা করিয়াছেন তাহার অন্তুক্ল কি রূপে ছিলেন ॥ উত্তর ।—বিধি নিষেধাত্মক ভগবানের আক্রামুসারে কর্ম কর্ত্তব্য এবং অন্যকেও সেই আজামুরূপ উপদেশ করা কর্ত্তব্য "ঈশ্বরাণাং বচঃ সতামিতাাদি" ইছাতে যদি বিপ্রনামা ভগবানের বিধি নিষেধ বাক্যকে অতিক্রম করিয়া ভগবান্ যে যে কর্ম্ম করিতে অমুকৃল ছিলেন তদমুরপ কর্ম করিতে পাণ্ডৰ প্রভৃতির ন্যায় উদ্যুক্ত হইলেন, তবে ইহার পর অজুনের সাক্ষাৎ মাতুল কন্যা স্বভন্তাকে অজুন ভগবানের আমুক্ল্যতায় বিবাহ করিয়াছেন এই নিদর্শনে স্ব শিষ্যের প্রতি এই রূপ ব্যবহারের উপদেশও দিতে সমর্থ হইবেন, এবং পঞ্চ পাওবের এক কন্যা বিবাহ क्रकाञ्चकृत्ना श्रेशां इशांक देशांक विश्व कान कतिया देशां निमर्भन प्रथा-ইয়া তদস্ক্রণ ব্যবহারের অনুমতি দিতেও সমর্থ হইতে পারিবেন। অত এৰ ইহা জিজাস্য, যে এ প্রকারে গীতা প্রভৃতি শাস্ত্রোক্ত ধর্মের উচ্ছেদের জনো শাল্পের নামকে বিপ্রানামা কেন অবলম্বন করেন। ব্রহ্মাদি দেবতার ও অবতারদের কর্মাহরূপ ক্রিয়া কর্ত্তব্য এই ব্যবস্থা বিপ্রনামা প্রস্তুত করিয়াছেন, অতথব তদমুদারে ব্যবহারে বুঝি শীঘ্র প্রবর্ত্ত হইবেন ইতি।

মুগ্ধবোধ ছাত্র নামে দ্বিতীয় এক পৃথক্ পত্রী প্রকাশ হয় তাহাতে শাস্ত্র সংক্রাস্ত যে কিঞ্চিৎ লেখেন তাহার প্রথম এই "গীতার যে কয়েক প্লোক সকাম কর্ম নিদ্ধা বিষয়ে প্রকাশ হইয়াছে তাহার পূর্ব্বাপর সমন্ত্র না করিলে মীমাংসা হয় না"॥ উত্তর।—এস্থলে মুগ্ধবোধচ্ছাত্রের এই উচিত ছিল যে ভগবদ্দীতার। যে যে প্লোক প্রকাশ্ব করা গিয়াছে তাহার কোন্কোন্প্লোকের কিখা কোনো এক প্লোকের পূর্ব্বাপর অর্থের সহিত বিরোধ

ছয় ইহা প্রকাশ করিতেন, কিন্তু তাঁহার এরূপ সাধ্য ছিল না, বরঞ্ মুগ্ধ-বোধদ্যাত্র অদ্যাবধি এক বর্ষ আমেতেও যদি তাঁহার আশহার সম্ভাবনা আমাদের লিখিত গীতার কোনো প্লোকে দেখাইতে পারেন, তবে তাঁছার বাক্য বিচারের যোগ্য হইতে পারে॥ গীতার শ্লোকের পূর্বাপর সমন্বয় বিরোধ দর্শহিতে অসমর্থ হইয়া লিখেন, যে ভগবান ও তাঁহার অংশাবতার অন্ত্রন ও তাঁহার সমকালীন অফুগত ব্যক্তিরা যে যে ক্রিয়া করিয়াছেন সেই রূপ কর্মা কর্ত্তব্য ও তদমুসারে গীতার অর্থ করিতে হইবেক ॥ ইহার উত্তর পূর্ব পত্রীর উত্তরে লিখা গিয়াছে, অর্থাৎ বিপ্রনামা, ও মুগ্ধবোধ স্থাত্র এইক্ষণে আপনাদের তাবৎ কর্ম্ম ভগবানের ও অভুনির ও তাঁহা-**एमत ममकानीन ला**रकत कियात नगाय दुवि मन्नामन कतिए थावर्स हहे-লেন, এবং অন্যকেও সেই রূপ ব্যবহার করিতে অমুমতি দিবেন। অর্থাৎ গীতা প্ৰভৃতি শান্তের মারা যে বিধি নিষেধ প্রাপ্ত হইয়াছে তাহা অন্ত্র্ন প্রভৃতির ক্রিয়ার সহিত একা হইলেই মান্য হইবেক, কিন্তু মুগ্ধবোধক্ষা-ত্ত্রের এরূপ ব্যবস্থা সর্বব ধর্ম্মের নাশের কারণ হয়, বেছেতু অন্তত্যাগীর প্রতি অস্ত্রাঘাত শাল্রে নিষিদ্ধ আছে কিন্তু গীতা প্রবণানস্তর অস্ত্রত্যাগী ভীন্নকে অন্ত্র্ন অন্ত্রাঘাত করিয়াছেন। এবং সাত্যকী ও ভুরিত্রবা উভ-রের বৈরথ বুক্কে অর্কুন ভৃতীয় ব্যক্তি হইরা ভূরিশ্রবার হস্তদেছে করিয়া-कृष्टिया नक्षे क्रियाएहन, मूध्रताशक्षात तूबि এই श्रेकात अक वशानि কর্মেতে প্রবর্ত হইবেন এবং স্বশিষ্যকেও এই সকল নিদর্শন দেখাইয়া এবর্ত্ত করাইবেন, যে পাওবেরা মিথ্যা কহিয়া ঋরু বধ করিয়াছেন অতএব মিখ্যা কহিয়া গুৰু হত্যা করিতে পারে। এই ব্যবস্থা দিয়া মুগ্ধবোধ চ্ছাত্র সকল ধর্মনাশ করিতেছেন কি না তাহা মুগ্ধবোধ চ্ছাত্রমের অধ্যা-পক বিবেচনা করিবেন। এবং মাজী প্রভৃতি জ্রীলোকের সহমরণ দেখা-ইয়া সুগ্ধবোধস্থাত্ত আধুনিক স্ত্ৰী সকলকে সহয়ুৰণে প্ৰবৃত্তি দিতেছেন, তবে বুঝি মুখবোধ চ্ছাত্র প্র্যোদি স্বারা সাক্রীর ও কুন্তীর পুত্রোৎপত্তি । নিদর্শন দেখাইয়া অন্য কোন্যো পরাক্রমী ব্যক্তি হারা স্ববর্গর আধুনিক ত্রীলোকেরও পুত্রোৎপত্তি করিতে প্রবৃত্তি দিবেন। কি লাশ্চর্য্য সুশ্ববোধ-

চ্ছাত্র ও তাঁহারদিগের অধ্যাপক কিঞিৎলাভার্থী ছইয়া ধর্ম লোপ করিতে প্রস্তুত হইয়াছেন। সঙ্গপ পরিত্যাগ করিয়া সহমর্মণের প্রাক্তবির বিষয় লিখিয়াছেন ইহার উত্তর, প্রথম পত্রের উত্তরে ২১৩ পৃষ্ঠার ১৬ পংক্রি অবধি বিষরণ পূর্বক লেখা গিয়াছে তাহাতে দৃষ্টি করিবেন।

শেষে লেখেন যে তন্ত্র বচনাম্সারে বিধবার ব্রশ্নচর্য্য অম্টিত এবং মহযোর গোমাংস ভোজন কর্ত্তবা এবং বিধবার প্নর্কার বিবাছ উচিত, এ সকল বিষয়ের অহুমতির নিমিন্ত রাজ ছারে আবেদন করা যায়॥ উত্তর।—ঐ সকল তন্ত্র বচনের যদি বেদ ও মানবাদি স্কৃতির লহিত এক-বাক্যতার মুগ্ধবোধচ্ছাত্রের বিশাস হইরা থাকে ও নিবন্ধকারদের মীমাংসা সম্মত হয় এরূপ তাঁহার নিচ্চয় হইরা থাকে, তবে তিনি অগ্রে অবাথেই একর্মে প্রবর্ত হইতে পারেন, কিন্তু যাঁহারা ঐ বচন সকলের অনৈক্য জানেন ও সংগ্রহকারের মীমাংসা সিদ্ধ নহে ইহা নিচ্চয় করিয়াছেল, তাঁহাদের প্রতি মুগ্ধবোধচ্ছাত্র যে উপদেশ দিতেছেন সে ব্যর্থ শ্রম॥ যোহনাথা সন্তমাদ্ধানমন্যথা প্রতিপদ্যতে। কিন্তেন ন ক্বতং পাপং চৌরেণা-ম্মাথা সন্তমাদ্ধানমন্যথা প্রতিপদ্যতে। কিন্তেন ন ক্বতং পাপং চৌরেণা-ম্মাথারণা॥ এক প্রকার আত্মাকে অন্য প্রকার করিয়া যে প্রতিপন্ন করে সে আত্মাপহারী চোর কি কি অধর্মা না করিলেক, অর্থাৎ অতিপাতক মহাণাতক উপপাতক সকল পাপ সে করিলেক, অত্যব এ প্রকার পাত্রকী যে ব্যক্তি গৈ কুছুর্দ্ধে প্রবর্ত হইবেক ও অন্যকে প্রবর্ত্ত করিবেক ইহাতে আন্তর্যা কি ইতি।

ভূতীর পত্রে লিখেন যে, শার্ত্ত দ্বারা অনিষিদ্ধ এবং অস্তঃকরণের তৃষ্টি জনক যে বে কর্ম পিতৃ পিতামহাদি করিরাছেন তাহা কর্ত্তব্য অতএব বিধবার সহমরণ উত্তম ধর্ম হয় ॥ উত্তর ।—সহমরণাদি রূপ কাম্য কর্মের নিন্দা ও নিবেধের ভূরি প্রমাণ গীতাদি শাল্তে দেদীপ্যমান রহিয়াছে তাহার বংকিঞ্চিং আমাদের প্রকাশিত ভগবদ্দীতার কভিপয় স্লোকে ব্যক্ত আছে,এবং এই প্রভূত্তিক প্রকল্পের ২১৩পৃঠে ১৬পংক্তি অবধি দৃষ্টি করিবেন যে সকাম কর্ম কর্তা মৃচ্ ও নরাধম শব্দ বাচ্য হয় এবং এস্থানেও প্রন্থায়ন কিঞ্চিং লিখিতেছি যথা, ভাগবতে॥ "এবং ব্যবসিতং কেচিদ্বিক্তায় ক্রু-দ্বার্থিং কুস্মিতাং ন বেদকা বদন্তি হি"॥ মোক্ষেতে যে বেদের

তাৎপর্য্য তাহা না জানিয়া কুরুদ্ধি ব্লাক্তি সকল ফল শৃতিকে উত্তম কছে কিন্তু যথার্থ বেদ বেজারা ইহা কহেন না, এই সকল শাস্ত্রকে তুদ্ধু করিয়া স্ত্রী দাহ রূপ সুহমরণেতে উৎস্থক যেহয় সে কি প্রকার নিষ্ঠুর ও ছলগ্রাহী তাহা বিজ্ঞ লোকেরা বিবেচনা করিবেন। এ কি অজ্ঞানতা স্ত্রীবধের প্রবর্ত্তক যে বাক্তি সে বন্দনীয় হইতে চায় আর তাহার নিবর্ত্তককে নিন্দনীয় জানায়।

দ্বিতীয় লেখেন যে মন্ত্র কথিত ধর্মের বিরুদ্ধ সহমরণ নছে। উভর।—অজ্ঞানে যে আরত তাহাকে পথ প্রদর্শন বার্থ ই ছিয়। সহমরণ যে মন্ত্র কথিত ধন্মের বিরুদ্ধ তিনিয়ে যে যে প্রমাণ দর্শণে প্রকাশ
হইয়াছিল তাহার এক বাক্যেরও উত্তরে সমর্থ না হইয়া কেবল অধ্যবসায়
পূর্বক লিখেন, যে সহমরণ মন্ত্র কথিত থর্মের বিরুদ্ধ নহে, অতএব দয়া
করিয়া প্রশাচ লিখি, যে যে হুলে বিরুদ্ধ ক্রিয়ান্থয়ের সম্ভাবনা হয় সেহুলে
শাস্ত্রেতে আমরণান্ত এক ক্রিয়ার অন্ত্র্জা থাকিলেই স্কুতরাং অন্য ক্রিয়া
বাধিত হয়, যেমন যাবজ্জীবন গৃহে স্থিতি ও বিদেশ গমন এ ছুই ক্রিয়ার
সম্ভাবনাতে কর্ত্তা আজ্ঞা দিলেন যে তুমি আমরণান্ত গৃহে থাক, তখন স্কু
ভরাং সে ব্যক্তির বিদেশ গমন অবশাই বাধিত হইল। চক্ষু মুদ্রিত হইয়া
শাস্ত্র দৃষ্টি থাকিতেও কেনো কৃপে পতিত হও এবং অন্যকে নিপাত কর॥

তৃতীয় লেখেন যে নির্ণয় সিম্বারত সহমরণ বিধায়ক মহ বচন অগ্রাহ্ম নহে। উত্তর।—নির্ণয় সিম্বা আধুনিক কিম্বা প্রাচীন গ্রন্থ হইবেক, তাঁহাতে প্রথম কোটি, অর্থাৎ আধুনিক হইলে, ইতরাং অপ্রমাণ, রুঝি স্ত্রীবধেক্ষু কোন ব্যক্তি কম্পিত বচন লিখিয়া গ্রন্থ প্রকাশ করিয়াছে। দিতীয় কোটি, অর্থাৎ যদি সে গ্রন্থ প্রাচীন হয় এবং তাহাতে এ প্রকার মহ নাম উল্লেখ পূর্বক বচন যদি পূর্ববাবধি থাকিত, তবে মিতাক্ষরাকার সহমরণ প্রকরণে নির্ণয় সিক্মারত ঐ মহ বচনামুলারে সহমরণের উত্তমতা অবশ্য লিখিতেন. এবং ক্লাকৃত্ত উ মহুর বিবরণে বিধবার ধর্ম কথনের প্রস্তাবে অবশ্য ঐ বচনের ব্যাখ্যা করিতেন, এবং আর্ত্ত ভট্টাচার্যা আপন প্রম্মে প্রাচীন নির্ণয় সিন্ধুর উল্লেশ করেন কিন্তু সহমরণ প্রকরণে এ বচনের উল্লেখ ক্যাপিকরিন নাই, ইহাতে স্পান্ত বোধ হয় যে এ অঞ্চত অদৃশ্য বচন রচনা

করিয়া নবীন কোন স্বী বংশচ্ছু ব্যক্তি প্রাচীন নির্ণয় সন্ধুতে অপ্র করিয়া থাকিবেন ॥

চতুর্থ লিখেন যে সহমরণ বিধায়ক ঋগেদ গন্ধ আছে ॥ উত্তর।—
"ইমানারীরবিধবা" ইত্যাদি মন্ত্রে সহমণের বিধি॰ নাই, সে কেবল
পুরোবর্ত্তি নারীদের অগ্নি ক্রিয়াবাদ মাত্র, কিন্তু কামনা পূর্বক প্রাণত্যাগের নিষেধে উত্তর কাতীয় শ্রুতি আছে, এবং কামনার নিন্দায় ভূরি
শ্রুতি রহিয়াছে, যাহার দারাই ওই মন্ত্র সর্বথা বাধিত হইয়াছে এবং
বেদবাদে সাহারা আয়ত তাহাকে ভগবদ্দীতাতে মূঢ় কহিয়াছেন ॥
"যামিমাং প্রশিতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চিতং। বেদবাদরতাঃ পার্থ নান্যদন্তীতি বাদিনং"॥ ইহার অর্থ পূর্বের প্রকাশ হইয়াছে মনোযোগ পূর্বক
দৃষ্টি করিবেন।

পঞ্চম চ্রান্ত সিদ্ধান্ত করেন, যে ঐ কামনা পূর্ব্বক শরীর ত্যাগের নিষেধশ্রুতি ও কামা কর্মা নিন্দা প্রদর্শক গীতাদির প্লোক কোনো এক পুরাণের বচন দারা বাধিত হইবেক॥ উত্তর।—এরূপ অযোগ্য বাক্য কেহ কদাপি বুৰি শুনেন নাই, পুরাণ বচন অপেকা প্রসিদ্ধ যে হারীতের বচন ॥ "নান্যোহি ধর্মো বিজেয়ো মৃতে ভর্ত্তরি কর্হিচিৎ"॥ অর্থাৎ সহমরণ বাতিরেকে বিধবার অন্য ধর্ম নাই, ইহার ব্যাখ্যাতে স্মার্ভ ভট্টাচার্য্য লি-থেন,। "ইদক্ত সহ্মরণক্ত তার্থং"। এ বচন সহমরণের স্থতি মাতা। মুগ্নবোধচ্ছাত্রের মতে যদি উত্তর কাণ্ডীয় শ্রুতি ও ভগবন্দ্যীতাদি শাস্ত্র অর্থ বাদ মন্ত্র কিমা বচনের ছারা বাধিত হইয়া থাকে, আর ঐ হারীতের किया भूतारनत तहन माज अमान हत्र, अर्थाए महमत्रन वाजित्तरक विश्वात অন্য ধর্ম নাই, তবে গৃহস্থিতা যে সকল বিধবা সহমৃতা না হইয়াছেন সে मकल विधवादक मुश्रदाधिष्णां कि कहिरवन, अवशा तमहे तमहे विधवादक ধর্ম ত্যাগিনী কহিতে হইবেক এরপে মুগ্ধবোধচ্ছাত্র সকল ঘরেই উত্তম দক্ষিণা পাইবেন। কি আশ্চর্য্য শাল্কের অন্যথা করিয়া আপন কুমত तकात निमिष्ठ जावर विधवारक धर्म जािंगनी करिएज क्षेत्रर्थ रहेरलनु, ত্রীবধরূপ অন্তিপাতকে প্রথত হইলে এই রূপ প্রবৃত্তি ঘটিয়া থাকে ইতি॥ भकाबाः ১१৫১

চারি প্রশ্নের উত্তর।

ভূমিকা।

চৈত্র মাসের সম্বাদ লিপিতে ধর্ম সংস্থাপনাকাক্ষী চারি প্রশ্ন করিয়াছিলেন যদাপি বিশেষ বিবেচনা করিলে তাহার উত্তরের প্রয়োজন থাকে
না তথাপি সাধারণ নিরমান্ত্সারে ঐ চারি প্রশ্নের উত্তর আপন বুদ্ধিসাধ্যে
লিখিলাম এখন ইহার প্রত্যুত্তরের প্রত্যাশায় এবং আমার প্রশ্ন সকলের
উত্তরের প্রতীক্ষায় রহিলাম যেহেতু ধর্ম সংস্থাপনাকাক্ষী আপনাকে সর্বর
জন হিতৈষী নামে প্রসিদ্ধ করিয়াছেন। তাঁহার ঐ চারি প্রশ্ন এবং তাহার এই উত্তরকে ঈশবের ইচ্ছায় ভাষান্তরেও ত্বরায় প্রকাশ করা
সাইবেক ইতি॥

সমাগমুষ্ঠানাক্ষম ভজ্জনামনন্তাপবিশিক্ট।

প্রমাজনে নম:।

কোন এক ব্যক্তি স্থাপনাকে ধর্মসংস্থাপনাকাজ্জি এবং সর্ব্ধ জন হিতৈটি জানাইয়া চারি প্রশ্ন করিয়াছেন। তাহার প্রথম প্রশ্ন এই যে "ইদানীস্তন ভাক্ত তত্ত্বজানি পণ্ডিতাভিমানি ব্যক্তি বিশেষেরা এবং তদ্মুরূপ অভিমানি তৎসংসর্গি গডভ্রিকা বলিকাবৎ গতামুগতিক অনেক ধনিলোকেরা কি নিগৃচ শাস্তাবলোকন করিয়া স্বস্থজাতীয় ধর্ম কর্ম পরিত্যাগ পূর্বাক বিজ্ঞা-তীয় ধর্ম কর্ম্মে প্রব্রন্ত হইতেছেন। এতাদৃশ সাধু সদাশয় বিশিষ্ট সম্ভান সকলের স্থৈতি সংসর্গ যোগবাশিষ্ঠ বচনামুসারে ভদ্রলোকের অবশ্য অক-ৰ্ত্তব্য কি না। যথা। "সংসারবিষয়াসক্তং ব্রহ্মক্তোন্মীতি বাদিনং। কর্মব্রহ্মো-ভয়এফ্টং তং ত্যজেদন্তাজং বথা"।। উত্তর।—কি ভাক্ত তত্ত্বাদী কি অভাক্ত ত ৰজানী কি তাঁহার সংস্থা কি তাঁহার অসংস্থা যে কোন যাক্তি স্ব স্ব লাতীয় ধর্ম কর্ম পরিত্যাগ পূর্বক বিজাতীয় ধর্ম কর্ম্মে প্রবন্ত হয়েদ তাঁহাদেৰ সহিত সংদৰ্গ ভদ্ৰলোকের অৰ্থাৎ স্বধৰ্মামুষ্ঠায়ি ৰাক্তিদের কিন্তু এক ভাক্ত তত্বজ্ঞানী ও এক ভাক্তকৰ্মী উভয়েই স্ব স্ব ধর্মের লকাং-শের একাংশও অমুষ্ঠান না করিয়া পরধর্মামুষ্ঠানেই বছকাল ক্ষেপ করে আর যদি তাহার মধ্যে ঐ ভাক্তকর্মী দেই ভাক্ত তত্বজ্ঞানিকে আপন অপেক্ষাকৃত নিশ্দিত জানিয়া তাহার সংসর্গে পাপ জ্ঞান করে সে ভাক্ত কর্মার নিন্দা কেবল হাস্যাম্পদের নিমিত্তে এবং পাপের নিমিত্তে হয় कि ना। त्यरह्कु जच्छान ७ कर्चाञ्चीन अहे इहेरक यनि नमान क्राप चीकात कता गात्र जात के छूटेरवत जब्रुकारन क्षत्रक छूटे वास्कि च च धर्मा পালন না করে তবে ছই ব্যক্তিকেই তুল্য রূপে স্বধর্মচ্যুত পাপী কহা বাইবেক। তাহাতে বদি ঐ ছুইয়ের এক ব্যক্তি অন্য ব্যক্তিকে স্বধর্মচ্যুত কছিয়া নিন্দা ও তাহার গানি করে তবে সে এই রূপ হয় যেমন এক অন্ধ जना जन्नत्क जन्न किन्ना । এবং এক श्रम जना श्रम्भत्क श्रम करिया निम्न। ও বাঙ্গ করিতে প্রবৃত্ত হয়। পক্ষপাত রহিত ব্যক্তি সকলে ঐ ব্যক্ত্রী चक्रत ७ रक्करक नक्कीहीन अतः चरनायं नर्यत्न चनात्रक कान कत्रिर्दन কি না। যোগবালিঠে ভাক্ত জানির বিষয়ে বাছা লিখিয়াছেন তাছা বথার্থ

বৈটে বে ব্যক্তি সংসার সুধে আসক্ত হইয়া আমি এক্ষজ্ঞানী ইহা কহে সেঁ কর্মা বন্ধা উভয় ভ্রম্ট অতএব তাজ্য হয়। সেই রূপ ভাক্ত কর্মির প্রতিও ৰচন দেখিতেছি। মহুঃ # "শৃক্তারং শৃক্তদম্পর্কঃ শৃক্তেণ চ সহাসনং। শৃক্তা-विमानियः किञ्च्यम्बयनि भाजत्वः ॥ वर्षाः भृत्यतः अञ्च श्रद्धाः व সহিত সম্পর্ক পৃক্রাসনে বসা এবং শৃক্ত হইতে কোন বিদ্যা শিক্ষা করা ইহাতে জ্বলস্ক ব্রাহ্মণও পড়িত হয়েন ॥ "উদিতে জগতীনাথে যঃ কুর্যান্দ-स्थाबनः । नभाभिष्ठः कथः जाउ भूजवामि कनार्क्तनः"॥ वर्थाय ऋर्यगानस्त्रत পর বে ব্যক্তি দস্তধাষন করে দে পাপিষ্ঠ কি প্রকারে কছে বে আমি বিফ্ পূজা করি। অত্তি: । "আসনে পাদমারোপ্য যোজুঙ্কে ত্রাহ্মণ: कচিৎ। মুখেন চারমন্বাতি তুল্যং গোমাংসভক্ষণৈঃ॥ অর্গাৎ আসনের উপরে পা দাখিলা যে ব্রাহ্মণ ভোজন করে এবং হস্ত বিনা গবাদির ন্যায় কেবল মুখের বারা ভোজন করে সে ভোজন গোমাংসাহার তুল্য হয় 🕯 "উদ্ধৃত্য বামহন্তেন যভোগ্নং পিবতি ৰিজ:। স্থরাপানেন তুলাং স্যান্মস্থরাহ প্রজা-পতি:"। অর্থাৎ বাম হস্ত করণক পাত্র উঠাইয়া জলপান করিলে স্থরাপান ভুল্য হয় ইহা মন্থ কহিলাছেন। অতএৰ জ্ঞান সাধনে কোন অংশে ক্ৰটি হইদে সে সাধক তাজা হয় এমৎ বে জ্ঞান করে অথচ কর্মাত্র্ভানে সহস্র শহস্ৰ অংশে বৰৰ্মচ্যুত হইয়াও আপনাকে পবিত্ৰ ও অন্যকে তাজা জানে ্সে স্বধর্মচ্যুত ও স্বদোষ দর্শনে অন্ধকে কি কহিতে পারা বার। যে ব্যক্তি স্বরং এবং পিতা ও পিতামহ তিন পুরুষ ক্রমশ: রেচ্ছের দাসত করে সে যদি দিভীয় ব্যক্তি যে নিজে মেচ্ছের চাকরি করিয়াছে ভাহাকে স্বধর্মচ্যুত '.ও ভাজা কহে তবে তাহাকে কি কহি। বনি এক ব্যক্তি বৰনের হুজ মিসি প্রায় নিত্য দত্তে ঘর্ষণ করে ও ববনের চোয়ান গোলাব ও আতর এসকল জলীয় ত্রব্য সর্বাদা পাহয়োদি কালে ও খন্য সময়ে পরীরে ডক্ষণ ক্রে কিন্তু অন্যকে কহে যে তুমি যবন স্পূর্ণ করিয়া থাক অভএৰ তুমি ব্যৰ্মচ্যুত ভাজা হও এরপে বক্তাকে কি কহাবায় ৷ ও এক ব্যক্তি নিজে বর্নু ও রেক্টের নিকটে বাবনিক বিদ্যার অভ্যান¹করে ও মহু মহাভারভা-দির বচনকে সম্মাচার চন্ত্রিকা ও সমাচার দর্পণ বাহা সে ব্যক্তির জ্ঞাত-সারে অনেক সেচ্ছে নইরা বাকে ভাহাতে ছাপা করার কিন্তু অন্যকে

শব্দ হইতে ব্রহ্ম প্রতিপাদা হয়েন যেহেতু বেদে আকাশকে ব্রহ্ম রূপে কহিয়াছেন। যে আকাশ হইতে সকল ভূত উৎপন্ন হইতেছেন সকল ভূতকে উৎপন্ন করা ব্রন্মের কার্য্য হয় ভূতাকান্দের কার্য্য নয়। ২২॥ বেদে কছেন ঈশ্বর প্রাণ হয়েন অতএব এই প্রাণ শব্দ হইতে ৰায়ু প্রতিপাদ্য হয় এমত নহে। অতএব প্রাণঃ ॥ ২৩ ॥ বেদে কহিতেছেন বৈ প্রাণ হইতে সকল বিশ্ব হয়েৰ এই প্ৰমাণে এখানে প্ৰাণ শব্দ হইতে বক্ষ তাৎপৰ্য্য হয়েন বায়ু তাৎপর্য্য নয় যেহেতু বায়ুর স্টিকর্কুত্ব নাই। । ২৩॥ বেদে যে জ্যোতিকে স্বর্গের উপরুকহিয়াছেন সে জ্যোতি পৃথিব্যাদি পঞ্চভূতের এক ভূত, হয় এমত নহে। জ্যোতিশ্চরণাভিধানাৎ। ২৪। জ্যোতিঃ শব্দে এখানে ব্রহ্ম প্রতিপাদ্য হয়েন যেহেতু বিশ্ব সংসারকে জ্যোতিঃ ব্রহ্মের পাদ রূপ করিয়া অভিধান অর্থাৎ কথন আছে। সামান্য জ্যোতির পাদ বিশ্ব হইতে পারে না ॥ ২৪ ॥ ছন্দোইভিধানান্ধেতি চেন্ন তথা চেতোর্পণনিগদান্ত-থাহি দর্শনং । ২৫॥ বেদে গায়ত্রীকে বিশ্বরূপ করিয়া কছেন অতএব ছন্দ অর্থাৎ গায়ত্রী শব্দের দ্বারা ব্রহ্ম না হইয়া গায়ত্রী কেবল প্রতিপাদ্য হয়েন এমত নহে যেহেতু ব্রন্ধের অধিষ্ঠান গায়ত্রীতে লোকের চিত্ত অর্প-নের জন্যে কথন আছে এই রূপ অর্থ বেদে দৃষ্ট হইল ॥ ২৫ ॥ ভূতাদি-পাদবাপদেশোপপত্তে । २७॥ এবং অর্থাৎ এই রূপ গায়ত্রী বাক্যে ব্রহ্মই অভিপ্রায় হয়েন যেহেতু ভূত পৃথিবী শরীর হৃদয় এ সকল ঐ গায়-ত্রীর পাদ রূপে বেদে কথন আছে। অক্ষর সমূহ গায়ত্রীর এ দকল বস্তু পাদ হট্টুতে পার্নে নাই। কিন্তু ব্রক্ষের পাদ হয় অতএব ব্রহ্মই এখানে অভিপ্রেত ॥ १७॥ উপদেশভেদান্ধেতি চেন্ন উভয়শ্বিরপা-বিরোধাৎ। ২৭ । এক উপদেশেতে ত্রন্ধের পাদের স্থিতি স্বর্গে পাুঞ্জা যায় দ্বিতীয় উপদেশে স্বর্গের উপর পাদের স্থিতি[®] রুঝায় অতএব এই • উপদেশ ভেদে ব্রহ্মের পাদের ঐক্যতা না হয় এমত নহে। যদ্যপিও আধারে ও অবধিতে ভেদ হয় কিন্তু উভয় স্থলে উপরে স্থিতি উভয় পাদের কথন আছে অতএব স্মবিরোধেতে ছুইয়ের ঐক্য হইল। ব্রহ্মকে যথন বিরাট রূপে স্থূল জ্ঞাৎ স্বরূপ করিয়া বর্ণন করেন তথ্ন জ্ঞাতের এক এক দেশকৈ এন্দোর হস্ত পাদাদি করিয়া •কহেন বন্তুত তাঁহার হস্ত পাদ

আহি এমত তাৎপর্যানা হয়। ২৭। আমি প্রাণ প্রজান্ধা হই ইতাাদি শ্রুতির বারা প্রাণ বায়ু উপাদ্য হয় কিম্বা জীব উপাদ্য হয় এমত নহে। প্রাণত্তথামুগমাৎ।। ২৮।। 'প্রাণ শব্দের এখানে ব্রুক্ষ কথনের অফুগম व्यर्थार उपलक्ति हहेरलट्ड व्यल्जव थान नय वहे इतन वक्तराहक कातन এই যে সেই প্রাণিকে পর শ্রুতিতে অমৃত অর্থাৎ ব্রহ্মরূপ করিয়া কহিয়া-ছেন ॥ ২৮ ॥ । বকুরাজােপদেশাদিতি চেৎ অধ্যাজ্ম ফ্লিন্ ॥ ২৯ ॥ ইক্র আপনার উপাসনার উপদেশ করেন অতএব বক্তার অর্থাৎ ইক্রের প্রাণ উপাস্য হয় এমত নয় ষেহেতু এই প্রাণ বাক্যে বেদে কহিতেছেন যে প্রাণ তুমি প্রাণ সকল ভূত এই রূপ অধ্যাত্ম সম্বন্ধের বাহন্তা আছে বস্তুত আত্মাকে ব্রক্ষের সহিত ঐক্য জানের দ্বারা ব্রহ্মাভিমানী হইয়া ইক্স আপনার প্রাণের উপাসনার নিমিত্ত কহিয়াছেন ॥ ২৯ ॥ শান্ত্রদৃষ্ট্যা তৃপদেশোবামদেববৎ ॥ ৩ ।। আমার উপাসন। করহ এই বাক্য আমি ব্রহ্ম হই এমত শাস্ত্র দৃষ্টিতে ইক্র কহিয়াছেন স্বতন্ত্র রূপে অপনাকে উপাস্য করিয়া কহেন নাই যেমত বামদেব আপনাকে,ব্রহ্মাভিমান করিয়া আমি মত্ন হইয়াছি আমি সুৰ্য্য হইয়াছি এইমত বাক্য সকল কহিয়াছেন॥৩০॥ জীবমুধাপ্রাণলিঙ্গান্ধেতি চেম্নোপাদাত্তৈবিধ্যাদাশ্রিতত্বাদিহ তদ্যোগাৎ ॥৩১॥ জীব আর মুখ্য প্রাণের পৃথক্ কথন বেদে দেখিতেছি অতএব প্রাণ শব্দ এখানে ব্রহ্মপর না হয় এমত নয়। উভয় শব্দ ব্রহ্ম প্রতিপাদক এ স্থলে হয় যেহেতু এ রূপ জীব আর মুখ্য প্রাণ এবং ব্রহ্মের পৃথক্ পৃথক্ উপাসনা হইলে তিন প্রকার উপাসনার আঁপত্তি উপস্থিত হয় তিন প্রকার উপাসনা অগত্যা অঙ্গীকার করিতে হইল এমত কহিতে পাল্লিবে নাই যেহেতু জীব আর মৃণ্য প্রাণ এই ছুই অধ্যাদ রূপে ব্রহ্মের আত্রিত হর্নেন আর সেই ব্রহ্মের ধর্মের সংযোগ রাখেন যেমত রক্ষাক্র আত্রা করিয়া ভ্রমরূপ দর্প পৃথক্ উপলব্ধি হইয়াও রচ্ছুর আঞ্জিত হয় আর রজ্জুর ধর্মও রাখে অর্থাৎ রক্ষ না থাকিলে সে সর্পের উপলব্ধি আর থাকে না। এক বস্তুতে অন্য বস্তুর জ্ঞান ছওয়া অধ্যাস কহেন।। ৩১॥ ইতি প্রথমাধ্যায়ে প্রথমঃ পাদঃ।

ওঁতৎসং।। বেদে কহেন যে মনোময়কে উপদেশ করিয়া ধ্যান করিবেক। এখানে মনোময়াদি বিশেষণের দ্বারা জীব উপাস্য হয়েন এমত নয়। সর্ব্বত্ত প্রসিক্ষোপদেশাং ॥ > ॥ সর্বব্ত বেদান্তে প্রসিদ্ধ ব্রন্ধের উপাস-নার উপদেশ আছে অতএব ব্রহ্মই উপাস্য হরেন। বদি কহ মনোময়ত্ব জীব বিনা ত্রন্ধের বিশেষণ কি রূপে হইতে পারে তাহার উত্তর এই! সর্ববং খলিদং ব্রহ্ম ইত্যাদি শ্রুতির দ্বারা যাবং বিশ্ব ব্রহ্মস্বরূপ হয়েন অত-এব সমূদায় বিশেষণ এ**লোর সম্ভব হ**য়॥ ১॥ বিবক্ষিত গুণো**প পত্তেশ্চ** ॥২॥ যে শ্রুতি মনোময় বিশেষণ কহিয়াছেন সেই শ্রুতিতে সত্যসঙ্কপাদি বিশেষণ দিয়াছেন এসকল সভ্য সকম্পাদি গুণ এক্ষেতেই সিদ্ধ আছে ॥ ২ ॥ অমুপপত্তে দ্ভ ন শাঁরীরঃ ॥ ৩ ॥ শারীর অর্থাৎ জীব উপাদ্য না হয়েন যে হেতু সত্য সঙ্কম্পাদি গুণ জীবেতে সিদ্ধি নাই ॥ ৩ ॥ কর্মকভূবিপেট্র-শাক্ত॥ ৪॥ বিদে কহেন-মৃত্যুর পরে মনোময় অস্মাকে জীব পাইবেক -এ শ্রুতি প্রাপ্তির কর্ম রূপে ব্রহ্মকে আর প্রাপ্তির কর্ত্তা রূপে জীবকে কথন আছে অতএক কর্ম্মের আর কর্তার ভেদ দ্বারা মনোময় শব্দের প্রতি-পोना द्वाच हरतन कीव नो हरा।।।। भक्तिरभवाद।। ८॥ द्वरन हितथार পুরুষ রূপে ব্রহ্মকে কহিয়াছেন জীবকে কহেন নাই অতএব এই সকল नक मर्ज्यभग्न ब्रह्मन विल्पेष्य रुग्न जीत्यन विल्पेय्य रहेर्ड शास्त्र नाहे ॥ ० ॥ স্মতেশ্য। ৬॥ গীতাদি মৃতির প্রমানে ব্রহ্মই উপাদ্য হয়েন অতএব জীব উপাদ্য না হয়॥ ৬ । অর্জকন্ত্বান্তব্যপদেশাঞ্চ নেতি চের নিচায্যত্বাদেবং ব্যোম-বং ॥ १ ॥ মেদে কহেন ব্রহ্ম হৃদয়ে থাকেন আর বেদে কহেন ব্রহ্ম ব্রীহি ও ষৰ হইতেও কুন্তে হয়েন অতএৰ অণ্শ স্থানে যাহার ৰাস এবং যে এ পর্য্যন্ত ক্ষুদ্র হয় সে ঈশ্বর না হয় এমত নহে এ সকল শ্রুতি ছুর্ববলাধিকারী বৃষ্ঠিক উপাসনার নিমিত্ত ব্রহ্মকে হৃদয় দেশে কুক্ত স্বরূপে বর্ণন করিয়াছেন যেমন স্টের ছিক্সকে স্ত্র প্রবেশ করিবার নিমিত্ত আকাশশব্দে লোকে কছে॥৭॥ সজোগপ্রাপ্তিরিতি চেম্ন বৈশেষ্যাৎ ॥ ৮ ॥ জীবের ন্যায় ঈর্ষরের সম্ভোগের প্রাপ্তি আছে এমত নর-বেহেতু চিৎ শক্তির বিশেষণ ঈশরে আছে জীবে নাই।। ৮। বেদে কোন স্থানে অগ্নিকে ভোক্তা রূপে বর্ণন করিয়াছেন কোন স্থানে জীবঁকে ভোকা কহিয়াছেন অতএই অগ্নি কিম্বা জীব ভোক্তা হয়

ঈশ্বর জগৎ ভোক্তা না হয়েন এমত নয়। অতা চরাচরগ্রহণাৎ॥৯॥ জ্বগ-চের সংস্থার কর্ত্তা ঈশ্বর হয়েন যেতেতু চরাচর অর্থাৎ জ্বগৎ ঈশ্বরের ভক্ষ্য হয় এমত বেদেতে দেখিতৈছি তথাহি ব্রন্মের ম্বত স্বরূপ ভক্ষ্য সামগ্রী মৃত্যু হয়। ৯। প্রকরণাচে । ১০। বেদে কছেন ব্রক্ষের জন্ম নাই মৃত্যু नाई हेजामि अकत्रानत बाता क्रेयन क्रगर एकाका वर्षार मःशानक ह-एउन ॥ >० ॥ त्वरण करहन क्षणंशाकारण कृहे वक्क श्वरवण करतन किक्क शत्र-মান্ধার পরিমিত স্থানে প্রবেশের সম্ভাবনা হইতে পারে নাই অতএব বেদে এই ছুই শব্দ দ্বারা বুদ্ধি আর জীব তাৎপর্য্য হয় এমত নহে। গুহাং প্রবিক্টাবাল্মানৌ হি তদ্দর্শনাঁৎ॥ ১১॥ জীব আর পরমাল্মা হরয়াকাশে প্রবিষ্ট হয়েন যেহেতু এই ছুইয়ের চৈতন্য স্বীকার করা যায় আরু ঈশ্বরের ক্ষণ্যাকাশে প্রবেশ হওয়া অসম্ভব নহে যেহেতু ঈশ্বরের হৃদয়ে বাস হয় -- अग्रेज दिए एमिश्टिक जात मर्क्समरात मर्क्क वारम वाक्कर्या किँ इस ॥ >> ॥ विल्मियनोळ ॥ >२ ॥ त्वरम क्रेचंत्रत्क भमा क्रीवरक भन्ता विल्मियनेत स्नाता কহেন অতএব বিশেষণের দ্বারা জীব আর ঈশ্বরের ভেদের প্রতীতি আছে। ১২। বেদে কহিতেছেন ইহা অকি গত হয়েন। এ শ্রুতি দ্বারা বুৰায় যে জীৰ চকু গত হয় এমত নহে। অন্তর উপপত্তে:॥১৩॥ অক্ষির মধ্যে ত্রন্ধাই হয়েন যে হেতু সেই শ্রুতির প্রকরণে ত্রন্ধোর বিশেষণ শব্দ অক্ষিণত পুরুষের বিশেষণ করিয়া কহিয়াছেন ॥ ১৩ ॥ স্থানানিব্যপ-দেশাচ্চ।। ১৪।। চকুন্থিত যদি ব্রহ্ম হয়েন তবে তাঁহার সর্ববি গতত্ব থাকে। নাই এমত নহে বেদে ব্রহ্মকে অক্ষিন্থিত ইত্যাদি বিশেষণেতে উপাসনার নিমিত্ত কহিয়াছেন অতএব ব্রক্ষের চক্ষুস্থিতি বিশেষণের দ্বারা সর্ববগতত্ব বিশেষণের হানি নাই ॥ ১৪॥ স্থবিশিক্টাভিধানাদেবচ ॥ ১৫॥ ব্রহ্মকে স্থধ-স্তরূপ বেদে কছেন অতএব স্থখস্বরূপ ব্রক্ষের বেদতে কথন দেখিতেছি ॥১৫॥ শ্রুতোপনিষৎকগত্যভিধাহাচ্চ॥ ১৬॥ বেদে কছেন যে উপনিষৎ শুনে এমত জানীর প্রাপ্তব্য বস্তু চকুন্থিত পুরুষ হয়েন অতএব চকুন্থিত শব্দের ছারাএখানে ব্রহ্ম প্রতিপাদা হয়েন॥ ১৬॥ অনধস্থিতেরসম্ভবাক্ত নে-ভ্র: ॥ স্বা উপাদোর চকুতে অবস্থিতির সম্ভাবনা নাই আর অমৃতাদি বিশেষণ অপরেতে সঞ্জব হয় নাই "অতএব এখানে পরমান্তা

প্রতিপাদ্য হয়েন ইতর অর্থাৎ জীব প্রতিপাদ্য নছে॥ ১৭॥ পৃথিবীতে থাকেন তেঁহো পৃথিবী হইতে ভিন্ন এ শ্রুতিতে পৃথিবীর অভিমানী দেবতা কিয়া অপর কোন ব্যক্তি ব্রহ্ম ভিন্ন তাৎপর্য্য হয় এমত নহে। অন্তর্যামী অধিদৈবাদিৰ ভদ্ধৰ্মব্যপদেশাৎ ॥ ১৮ ॥ বেদে অধি ট্যেবাদি বাকা সকলেতে ব্রহ্মই অন্তর্গামী হয়েন যেহেতু অন্তর্গামীর অমৃতাদি ধর্ম বিশে ষণেতে বর্ণন বেদে দৈথিতেছি আর অমৃতাদি ধর্ম্ম কেবল ব্রহ্মের হয়॥১৮॥ নচ স্মার্ক্তমতদ্বর্মাভিলাপাৎ ॥ ১৯॥ সাংখ্য স্মৃতিতে উক্ত যে প্রধান অর্থাৎ প্রকৃতি সে অন্তর্গামী না হয় যেহেতৃ প্রকৃতির ধর্ম্মের অনা ধর্মকে অন্তর্যামীর বিশেষণ করিয়া বেদে কহিতেছেন তথাহি অন্তর্যামী অদৃষ্ট অথচ সকলকে দেখেন অশ্রুত কিন্তু সকল শুনেন এসকল বিশেষণ ত্রন্ধের হয় স্বভাবের না হয়।।১৯॥ শারীরশ্চোভরেপিহি ভেদেনৈনমধীয়তে॥২০॥ भातीत অর্থাৎ জীব অন্তর্যামী না হয় যেহেতু কান্ত এবং মধ্যন্দিন উভ-য়েতে ব্রশ্বকে জীব হইতে ভিন্ন এবং জীবের অন্তর্থামী সরূপে. কহেন ॥२०॥ বেদেতে ব্রহ্মকে অদৃশ্য বিশেষণেতে কহেন আর বেদে কহেন যে পণ্ডিত সকল বিশের কাবণকে দেখেন অতএব অদৃশ্য ব্রহ্ম বিশের কারণ না হুইয়া প্রধান আর্থাৎ স্বভাব বিখের কারণ হয় এমত নহে। অদৃশ্য-তাদিগুণকোধর্মোক্তে: ॥ ২১॥ অদৃশ্যাদি গুণ বিশিষ্ট হইয়া জগৎ কারণ ব্রহ্ম হয়েন যেহেতু সেই প্রকরণের স্রুতিতে সর্ব্বজ্ঞাদি ব্রহ্ম ধর্মের কথন আছে। যদি কঁহ পণ্ডিতেরা অদৃশাকে কি মতে দেখেন তাহার উত্তর এই জ্ঞানের হারা দেখিতেছেন ॥ ২১॥ বিশেষণভেদবাপদেশাভ্যাঞ নেতরৌ॥ ২২ ॥ বেদে এক্ষকে অমূর্ত পুরুষ বিশেষণের দ্বারা কহিয়াছেল আর প্রকৃতির এবং জীব হইতে শ্রেষ্ঠ করিয়া ব্রহ্মকে স্কৃহিয়াছেন অতএব এই বিশেষঃ আর জীব ও প্রকৃতি হইতে ব্রহ্ম পৃথক এমত দৃষ্টির দারা জীব এবং প্রকৃতি বিশ্বের কারণ না হয়েন ॥ ২২ ॥ রূপোপন্যাসাচ্চ ॥ ২৩ ॥ বেদে কছেন বিশ্বের কারণের মন্তক অগ্নি ছুই চক্ষু চক্র ক্র্যা এইমভ রূপের আরোপ সর্বাগত ব্রহ্ম ব্যতিরেকে জীবে কিহা স্বভাবে হইতে পারে নাই অতএব ব্রন্থই জগৎ কারণ॥ ২৩॥ বেদে কহেন বৈশানরের উপাসনা করিলে সর্ব্ধ কলু প্রাপ্তি হয় অতএব বৈখানর শব্দের হারা জঠরাঞ্জি প্রতি-

भाग इर् **এমত नट्ट । देशानितः माधात्रभव्यदि**ष्णशेष । २८ ॥ यहार्शि आचा भद्म माधातरनराज् कीवरक धवः द्वन्नरक वरल धवः देवधानत भद्म জঠরাগ্নিকে এবং সামান্য অগ্নিকে বলে কিন্তু ত্রন্ধর্ম্ম বিশেষণের দারা এখানে বৈখানর শব্দ হইতে ব্রহ্ম তাৎপর্য্য হয়েন যেহেতু ঐ শ্রুতিডে স্বর্গকে বৈশ্বানরের মন্তক রূপে বর্ণন করিয়াছেন এ ধর্মা ব্রহ্ম বিনা অপরের হইতে পারে নাই ॥-২৪॥ শ্বর্থামানাত্মানং স্যাদিতি ॥ ২৫॥ শ্বৃতিতে উক্ত যে অনুমান তাহার দ্বারা এখানে বৈখানর শব্দ পরমান্ত্রা বাচক হয় যেহেতু শৃতিতেও কহিয়াছেন যে অগ্নি ব্ৰহ্মের মুখ আরু স্বর্গ ব্রহ্মের মন্তক হয় ॥২৫॥ मसामित्ना १२ अः अधिका ना स्मिति क्षेत्र । ज्या मृष्टे । भाग ना स्वाप श्री स्व মপি চৈনমধীয়তে ॥ ২৬ ॥ পৃথক পৃথক শ্রুতি শব্দের দ্বারা এবং পুরুষে অন্তঃ প্রতিষ্টিতং এ শ্রুতির দারা বৈশ্বানর এথানে প্রতিপাদ্য হয় পরমান্ত্রা প্রতিপাদ্য নহেন এমত নহে ষেহেতু উপাসনা নিমিত্ত এ সকল কাম্পনিক উপদেশ হয় আর স্বর্গ এই সামান্য বৈশ্বানরের মন্তক হয় এমত বিশেষণ অসম্ভব এবং বাজসনেমীরা আত্মা পুরুষকে বৈখানর বলিয়া গান করেন। অতএব বৈশানর শব্দে এখানে ব্রহ্ম তাৎপর্য্য হয়েন॥ २७॥ অতএব ন দেবতা ভূতঞ। ২৭॥ পূর্ব্বোক্ত কারণ, সকলের হারা বৈখানর শব্দ হইতে অগ্নির অধিষ্ঠাত্রী দেৰতা অর্থাৎ পঞ্চভূতের ভৃতীয় ভৃত তাৎ-পর্য্য নহে পরমাত্মাকে উপাসনার নিমিত্ত বৈখানরাদি শব্দ দারা বর্ণন করিয়াছেন ॥ ২৭ ॥ সাক্ষাদপাবিরোধং জৈমিুনিঃ ॥ ২৮ ॥ বিশ্ব সংসারের নর অর্থাৎ কর্ত্তা বৈশ্বানর শব্দের সাক্ষাৎ অূর্থ আর অর্গ্রা অর্থাৎ উত্তম জন্ম দেন অগ্নি শব্দের অর্থ এই ছুই সাক্ষাৎ অর্থের দারা বৈধানর ও অগ্নি भद्म इटेंटि পরমান্ত্র। প্রতিপাদ্য হইলে অর্থ বিরোধ হয় নাই এমত জৈ-মনিও কহিয়াছেন ॥ ২৮ ॥ যদি বৈশ্বানর এবং অগ্নি শব্দের ছালা পরমান্ত্রা তাৎপর্য্য হয়েন তবে সর্ব্ব ব্যাপক পর্যাত্মার প্রাদেশ মাত্র হওয়া কি রূপে সম্ভব হয়। অভিবাক্তেরিত্যাশারধ্যঃ॥ ২৯॥ আশার্থ্য কহেন যে উপুলব্ধি নিমিত্ত পরমাত্মাকে প্রাদেশ মাত্র কহা অনুচিত নহে॥২৯॥ অসুৰুতেৰ্বাদরি:॥ ৩০ ॥ প্রমাদ্ধাকে প্রাদেশ মাত্র কহা অসুৰুতি অর্ধাৎ ধ্যান পিমিত্ত বাদরি মুনি কহিয়াছেন ॥ ৩০ ॥ সংপত্তেরিতি জৈমিনি-

স্তথাহি দর্শয়তি॥ ৩১॥ উপাসনার নিমিত্ত প্রাদেশ মাত্র এরপে পরমাস্মাকে কহা স্থাসিক বটে জৈমিনি কহিয়াছেন এবং শুভিও ইহা কহিয়াছেন॥ ৩১॥ সামনস্তি চৈনমন্মিন্॥ ৩২॥ পরমাস্মাকে বৈখানর স্বরূপে
শুভি সকল স্পান্ট কহিয়াছেন তথাহি তেলোময় অমৃতময় পুরুষ অয়িতে
আছেন অতএব সর্বাত্র পরমান্মা উপাস্য হয়েন্॥ ৩২॥ ইতি প্রথমাধ্যায়ে
বিতীয়ঃ পাদঃ॥ ০॥

~~ころはかかん~~

ওতংসং। বেদে কহেন যাহাতে স্বৰ্গ এবং পৃথিবী আছেন অতএব স্বৰ্গ এবং পৃথিবীর আধার স্থান প্রকৃতি কিয়া জীব হয় এমত নহে। **ब्राज्यामाग्रजनः चमकार ॥ १॥ चर्ग এवः शृथिवीत आधान उच्चरे** হরেন বেহেতু ঐ স্রুতি বাহাতে স্বর্গাদের আধার রূপে বর্ণন করিয়াছেন স্ব অর্থাৎ আত্মা শব্দ তাহাতে আছে ॥১॥ মুক্তোপস্প্যত্বন্তপদেশাৎ॥ ২॥ এবং মুক্তের প্রাপ্য ব্রহ্ম হয়েন এমত কথন ঐ সকল শ্রুতিতে আছে তথাহি মর্ত্তা বাক্তি অমৃত হয় ব্রহ্মকে সে পায় অতএব ব্রহ্মই স্বর্গাদের আধার হয়েন। ২। নামুমানমতচ্ছকাৎ। ৩। অমুমান অর্থাৎ প্রকৃতি স্বর্গাদের আধার না হয় যেহেতুক সর্বজ্ঞাদি শব্দ প্রকৃতির বিসেষণ হইতে পারে নাই ॥ ৩ ॥ প্রাণভূচ্চ ॥ ৪ ॥ প্রাণভৃত অর্থাৎ জীব স্বর্গানেদর আধার না হয় যেহেতু সর্বজ্ঞাদি বিশেষণ জীবেরো হইতে পারে নাই॥৪॥ অমৃতের সেতু রূপে আত্মাকে বেদ সকল কছেন কিন্তু এখানে আত্মা শব্দ হইতে জীব প্রতিপাদ্য হয় এমত নহে। ভেদব্যপদেশাচ্চ ॥ ৫॥ জীব আর আত্মার ভেদ কথন আছে অতএব এখানে আত্মা শত্ৰ জীৰ পর নয় তথাহি সেই অত্মাকে জান ইত্যাদি শ্রুতিতে জীবকে জাতা আত্মাকে জেয় রূপে কহিয়াছেন। ৫। প্রকরণাক্ষ। ৬। ব্রহ্ম প্রকরণের শ্রুতি আত্মাকে সেতু রূপে কহিয়াছেন অতএব প্রকরণ বলের ছারা জীব প্রতিপাদ্য হইতে পারে নাই॥৬॥ স্থিতাদনাত্যাঞ্॥१॥ বেদে কহেন ছুই পক্ষী এই। শরীরে বাস করেন এক ফল ভোগী দ্বিতীয় সাক্ষী অতএব জীবের স্থিতি এবং ভোগ আছে ব্রন্মের ভোগ নাই অতএব জীব এখানে শ্রুতির প্রতি পাদানা হয় ॥ ৭ ॥ বেদে কহেন যে দিক[°] হ**ইতে**ও প্রাণ ভূমা অর্থাৎ বড় হয় অতএব ভূমা শব্দের প্রতিপাদ্য প্রাণ হয় এমত নহে। ভূমা সং-প্রদাদাদধাপদেশাং ॥৮॥ ভূমাশব্দ হইতে ব্রহ্মই প্রতিপাদ্য হৃয়েন যে হেতু প্রাণ উপদেশে শ্রুতির পরে ভুমা শব্দ হইতে ব্রহ্মই নিষ্পন্ন হয়েন এইমত উপদেশ আছে ॥৮॥ ধর্মোপপত্তেশ্চ ॥৯॥ ভূমাশব্দ ব্রহ্ম বাচক যে হেতু বৈদেতে অমৃতত্ব যে ব্রন্ধের ধর্ম তাহাকে ভূমাতে প্রসিদ্ধ রূপে বর্ণন করিয়াছেন 🔊 প্রণবোপাশনা প্রকরণে যে **অকর শব্দ বেদে কহিয়াছে**ন সেই ভাকর, বর্ণ. হর পা হর এমত নহে। আকরমস্রাভারতে: ॥ ১০ ॥

অক্ষর শব্দ এখানে ব্রহ্মই প্রতিপাদ্য হয়েন যে হেডু বেদে কহেন আকাশ পর্যাস্ত যাবৎ বস্তুর ধারণা অক্ষর করেন অতএব ব্রহ্ম বিনা সর্ব্ব বস্তুর धात्र**ा वर्ग चत्राश व्यक्त**रत मञ्जय हरू नाहे ॥>०॥ मा ह धार्मामना ॥>>॥ এहे রূপ বিশ্বের ধারণা এক্ষা বিনা প্রকৃতি প্রভৃতির হুইতে পারে নাই যে হেতু বেদে কহিতেছেন যে সেই অক্ষরের শাষনে বর্ষ্য চন্দ্র ইত্যাদি সকলে আছেন অতএব এরূপ শাসন ব্রহ্ম বিনা অপরে সম্ভব নয়ু ॥১৯। অন্যভাব-वाहरखन्छ ॥ २२॥ व्यक्तराक अंमृष्ठे এवः प्रस्को ऋत्भ वर्गन करत्रन শাসন কর্ত্তাতে দৃষ্টি সম্ভাবনা থাকিলে অন্য অর্থাৎ প্রকৃতি তাহার জড়তা ধর্ম্মের সম্ভাবনা শাসন কর্তাতে কি ক্লপে থাকিতে পারে অতএব দ্রুফী এবং শাস্তুন কর্ত্তা ব্রহ্ম হযেন।।১২।। শ্রুতিতে কছেন ওঁকারের ছারা পরম পুরুষের উপাদনা করিবেক আর উপাদকের ব্রন্ধলোক প্রাপ্তির অবণ আছে অত্ত্র ব্রহ্মা এখানে উপাদ্য হয়েন এমত নহে। ইক্ষতিকর্ম-ব্যপদেশাঁৎ সং ॥১৩॥ ঐ শ্রুতির বাক্য শেষে কহিতেছেন যে উপাসক ব্রহ্মার পরাৎপরকে ইক্ষণ করেন অতএব এখানে ব্রহ্মার পরাৎপরকে ইক্ষণ অর্থাৎ উপাসনা করা ছারা ব্রহ্মা প্রণব মন্ত্রে উপাস্য না হয়েন কিন্তু ব্রহ্মার পরাৎপর ব্রহ্ম উপাস্য হয়েন ॥১৩॥ বেদে কহেন হৃদয়ে অল্পা-কাল আছেন অতএব অপোকাশ শব্দের দ্বারা পঞ্চভূতের মধ্যে যে আকাশ গ্ৰিত হইয়াছে সেই আকাশ এখানে পতিপাদ্য হয় এমত নহে। দহ-রউত্তরেভ্যঃ। ১৪।। ঐশ্রুতির উত্তর উত্তর বাক্যেতে ব্রন্মের বিশেষণ শব্দ আছে অতএৰ দহরাকশ অর্থাৎ অস্পাকাশ হইতে ব্রন্ধই প্রতিপাদ্য আর ব্রহ্ম গম্য হয়েন এবং সৎ করিয়া বিশেষণ পদ বেদে এই স্থানৈ কহিতেছেন অতএব এই সকল বিশেষণ দারা ব্রহ্মই হাণয়াকাশ হ-एसन ॥>६॥ श्रंटिक महित्सान्मिन्न त्रान्तिः ॥>७॥ त्वरण कर्टन न्वल त्नार्किन्न ধারণা ব্রন্ধেতে এবং ভূতের অধিপতি রূপ মহিমা ব্রন্ধেতে অতএব হৃদয়-দহরকাশ শব্দ'হইতে বৃক্ষ প্রতিপাদ্য হয়েন ॥১৬॥ প্রতিসিক্ষেক্ষ ॥১৭॥ হৃদয়ে ঈশবের উপাসনা প্রসিদ্ধ হয় আকাশের উপায়নার প্রসিদ্ধি নহে অতএব দহরাকাশ এখানে তাৎপর্য্য নহে ॥১৭॥ ইতরপরামুশীৎ

সইতি চেল্লাসম্ভবাৎ ॥১৮॥ ইতর অর্থাৎ জীব তাহার উপলব্ধি দহরাকাশ শব্দের ছারা ছইতেছে অতএব জীব এখানে তাৎপর্য্য হয় এমত নছে যে হেতু প্রাপ্তা আর প্রাপা ছুইয়ের এক হইবার সম্ভব হইতে পারে নাই।।১৮।। অথ,উত্তরাক্রেদাবির্জ্ তম্বরূপন্ত ॥১৯॥ ইন্দ্র বিরোচনের প্রশ্নেতে প্রকাপতির উত্তরের দারা জান হয় যে জীব উত্তম পুরুষ হয়েন তাহার মীমাংসা এই যে ব্ৰন্ধের আবিভূতি স্বরূপ জীব হয়েন অতএব জীবেতে ব্র-मा इम्न त्यमन द्रार्यात्र श्रीकिविष्याक द्रार्यात्र केशनताम व्यायाता नम्म। व्यना-হয় যেমন বিশ্ব হইতে সাক্ষাৎ স্বরূপের প্রয়োজন হয় ॥২০॥ অপ্পক্ষতিরিতি চেত্রস্কুক্রং॥২১॥ ছদয়াকাশে অংশ স্বরূপে বেদে বর্ণন কবেন অতএব সর্বব্যাপা আত্মা কি রূপে অম্প হইতে পারেন তাহার উত্তর পূর্ব্বেই কহিয়াছি যে উপাসনার নিমিত্ত অম্প বোধে অভ্যাস করা যায় বন্ধুত অপ্প নহেন ॥২১॥ বেদে কহেন সেই শুদ্র সকল জ্যোতির জ্যোতি হয়েন ষ্মতএব এখানে প্রসিদ্ধ জ্যোতি প্রতিপাদ্য হয় এমত নহে। স্বয়ুকুতেন্ত-সা চ ॥২২॥ বেদে কহেন যে ব্রন্দের পশ্চাৎ সুর্যাদি দীপ্ত হয়েন অতএব ব্রহ্মই জ্যোতি শব্দের প্রতিপাদ্য হয়েন আর সেই ব্রহ্মের তেজের দার। সকলের তেজ সিদ্ধ হয় ॥২২॥ অপি চ শ্বর্যাতে ॥২৩॥ সকল তেজের তেজ বৃদ্ধই হয়েন স্মৃতিতেও একথা কহিতেছেন ॥২৩॥ বেদে কহেন অঙ্গুষ্ঠ মাত্র পুরুষ হৃদয় মধ্যে আছেন অতএব অঙ্গুষ্ঠ মাত্র পুরুষ জীর হয়েন এমত নছে। শব্দাদেব প্রমিতঃ ॥২৪॥ ঐ পূর্ব্ব স্রুতির পরে পরে কহিয়াছেন যে অসুষ্ঠ মাত্র পুরুষ সকল বস্তুর ঈশ্বর হয়েন অতএব এই সকল ব্রন্ধের বিশেষণ শব্দের ছারা ব্রহ্মই প্রমাণ হইতেছেন ॥২৪॥ ছাল্যপেক্ষা তু মমূ-याधिकातिषार ॥२०॥मञ्ज्रात क्षम्य शतिमार्ग व्यक्षुष्ठं मात् कतिया ज्ञेत्रत्र বেদে কহিয়াছেন হস্তী কিদা পিপীলিকার ক্রদয়ের অভিপ্রায়ে কহেন নাই বেহেতু মনুষ্টেত শাল্তের অধিকার হয় ॥ २৫ ॥ ' বেদে ক্ছেন দেবতার ও ঋষির এবং মুসুষ্যের মধ্যে যে কেছে। ব্রহ্মজ্ঞান অভ্যাস করেন তিঁহে। ব্রহ্ম হয়েন কিন্তু পূর্ব্ব স্থত্তের ছারা অম্ভব হয় যে মহুষ্যেতে কেবল ব্রহ্মজ্ঞানের

অধিকার আছে দেবতাতে নাই এমত নহে। তছুপর্য্যপি বাদরায়ণঃ সস্তু-বাৎ॥ ২৬॥ মহুষ্যের উপর এবং দেবতার উপর ব্রহ্ম বিদ্যার অধিকার জাছে বাদরায়ণ কহিয়াছেন যে হেতু বৈরাগ্যের সম্ভাবনা যেমন মনুষ্যে আছে সেই রূপ বৈরাগ্যের সম্ভাখনা দেবতাতে হয় ॥২৬ ॥ বিরোধঃ কর্ম্মণী-তি চেল্লানেকপ্রতিপত্তিদর্শনাৎ ॥২৭॥ দেবতার অংথিকার ব্রহ্ম বিদ্যা বিষয়ে षष्ठीकात कतिल चर्लत अवः भर्छ। लाक्तित कर्त्मात निष्णुखि धककाल मिवजो हरेए हम अभेज क्रेंग विद्यांध श्रीकांत्र कतिए हरेएव अभेज नरह যে হেতু দেবতা অনেক রূপ ধারণ করিতে পারেন এমত বেদে কছেন অতএব বহু দেহে বহু দেশীয় কর্ম্ম এক কালে হইতে পারে অর্থাৎ দেবতা ম্বর্গের কর্ম্ম এক রূপে করিতে পারেন দ্বিতীয় রূপে মর্ত্ত্য লোকের যে কর্ম্ম উপাসনা তাহাও করিতে পারেন॥ ২৭॥ শব্দইতি চেন্নাতঃ প্রভবাৎ প্রত্য-ক্ষান্নমানাজ্যাং॥ ২৮॥ নিত্য স্বরূপ বেদ হয়েন অনিত্য স্বরূপ দেবত। প্রতিপাদক বেদকে স্বীকার করিলে বেদেতে নিত্যানিত্যের বিরোধ উপ-স্থিত হয় এমত নছে যে হেতু বেদ হইতে যাবৎ বস্থা প্রকট হইয়াছে এ কথা সাক্ষাৎ বেদে এবং স্মৃতিতে কহিয়াছেন অতএব যাবৎ বস্তুর সহিত বেদের জাতি পুর:সরে সম্বন্ধ হয় ব্যক্তির সহিত সম্বন্ধ না হয় ইহার কারণ এই জাতি নিত্য এবং বেদ নিত্য হয়েন্॥ ২৮॥ অতএৰ চ নিত্যত্বং ॥২৯॥ যাবৎ বন্ধুর স্ঠির প্রকাশক বেদ হয়েন অতএব মহাপ্রলয় বিনা বেদ मर्का शाही राम ॥ २०॥ ममाननाम क्रश्याक्राह्यखावशाविद्वाधनर्भनार স্থৃতেশ্চ ॥৩০॥ •স্টি এবং প্রলয়ের যদ্যপি ও পুনঃ পুনঃ আর্ত্তি হইতেছে তত্রাপি ভূতন বস্তু উৎপন্ন হইবার দোষ বেদ হইতে পাই যে হেতু পূর্ক স্ঞ্চিতে যে ৰে ৰূপে ও যে যে নামে বস্তু সকল থাকেনু পর স্ঞ্চিতে সেঁই ন্ধপে সেই,নামে উপস্থিত হয়েন অতএব পূর্বের এবং পরে ভেদ নাই এই মত বেদে দেখা যাইতেছে তথাহি বথা পূর্ববমক পারৎ এবং কৃতিতেও এমত কহেন॥৩০॥ এখন পরের ছুই স্বেরের দ্বারা আশকা করিতেছেন। মধ্বাদিযুসস্তবাদনধিকারং জৈমিনি:॥৩১॥ বেদে কহেন বস্থ উপাসনা করিলে বহুর মধ্যে এক বস্থ হয়। এ বিদ্যাকে মধু তুল্য জানিয়া মধু সংজ্ঞা দিয়াছেন আদি শব্দের দারা ক্র্যা উপাসনা করিলে ক্র্যা হয় এই শ্রুতির গ্রহণ

করিয়াছেন এই সকল বিদ্যার অধিকার মহুষ্য ব্যতিরেক দেবতার না হয় যে হেতু বহুর বহু হওয়া সুর্য্যের সুর্য্য হওয়া অসম্ভব সেই মত ব্রহ্ম বিদ্যার অধিকার দেবতাতে নাই জৈমিনি কহিয়াছেন ॥৩১॥ যদি কহ যেমন ব্রাহ্মণের রাজস্থ্য যজেতে অধিকার নাই কিন্তু রাজস্থা যজ্ঞ ব্যতি-রেকে অন্যেতে অধিকার আছে সেই মত মধ্বাদি বিদ্যাতে দেবতার অধি-কার না থাকিয়া ব্রহ্ম বিদ্যায় অধিকার থাকিবার কি হানি তাহার উত্তর এই। জ্যোতিষি ভাবাচ্চ। ৩২। সুর্য্যাদি ব্যবহার জ্যোতির্মাণ্ডলেই হয় অতএব স্থ্য শব্দে জ্যোতির্মাণ্ডল প্রতিপাদ্য হয়েন নতুবা মন্ত্রাদের স্বকীয় অর্থের প্রমাণ থাকে নাই কিন্তু মণ্ডলাদের চৈতন্য নাই অতএব অচৈত-ন্যের ব্রহ্ম বিদ্যাতে অধিকার থাকিতে পারে নাই জৈমিনি কহিয়াছেন॥ ৩২॥ ভাবস্ত বাদবায়নোহস্তি হি॥৩৩॥ স্থত্তে তু শব্দ জৈমিনির শকা দূর করিবার নিমিত্ত দিয়াছেন ত্রন্মবিদ্যাতে দেবতার অধিকারের সম্ভাবনা আছে বাদরায়ন কহিয়াছেন যে হেতু যদ্যপিও সুর্য্য মণ্ডল অচেতন হয় কিন্তু সূর্য্য মঙলাভিমানী দেবতা সচৈতন্য হয়েন ॥ ৩৩ ॥ ছান্দোগ্যউপ-নিষদে বিদ্যা প্রকরণে শিষ্যকে শূক্ত কহিয়া সম্বোধন করাতে জ্ঞান হয় যে শূদ্রের ব্রন্ধবিদ্যার অধ্যয়ন অধ্যাপনের অধিকার আছে এমত নহে। শুগস্য তদনাদরশ্রবণাত্তদান্দ্রবণাৎ স্কচাতে ছি॥ ৩৪॥ শূদ্রকে অঙ্গ কহিয়া সম্বোধন উদ্ধিগামী হংস করিয়াছিলেন এই অনাদর বাক্য শুনিরা শৃদ্রের শোক উপস্থিত হইল ঐ শোকেতে ব্যাকুল হইয়া শূদ্র শীত্র রৈক্য নামক গুরুর নিকটে গেলেন গুরু আপনার সর্ববিজ্ঞতা জানাইবার নিমিত্ত শূক্ত কহিয়া সম্বোধন করিলেন অতএব শূদ্র কহিয়া সম্বোধন করাতে শূদ্রের ব্রক্ষীবিদ্যার অধিকারের জ্ঞাপক না হয়॥ ৩৪॥ ক্ষত্রিয়ত্বগতেশেচাত্রবত্ত চৈত্ররথেন লিঙ্গাৎ। ৩৫। পরে পর শ্রুতিতে চৈত্র রথ নামা প্রসিদ্ধ ক্ষত্রিয় শব্দের দ্বারা ক্ষত্রিয়ের উপলব্ধি হয় শৃক্তের উপলব্ধি হয় নাই। ৩৫॥ সংস্কারপরামর্শা ত্রদভাবাভিলাপার্ক ॥ ৩৬॥ বেদে কহেন উপনীতি যাহার হয় তাহাকে অধ্যয়ন করাইবেক অতএব উপনয়ন সংস্কার অধ্যয়নের প্রতি কারণ ক্লিক্ত শৃদ্রের উপনয়ন সংস্কারের কথন নাই ॥ ৩৬ ॥ যদি কহ গৌতম মুনি শূচ্ছের উপনয়র্ন সংস্কার করিয়াছেন তাহার উত্তর এই হয়।।

তদভাবনিধারণে চ প্রেরে:॥ ৩৭॥ শূদ্রে নয় এমত নিধারণ জ্ঞান হইলে পর শূদ্রের সংস্কার করিতে গৌতমের প্রারতি হইয়াছিল অতএব শূক্ত জানিয়া সংস্কারে প্রবৃত্তি করেন নাই ॥ ৩৭ ॥ অবণাধ্যয়নার্থপ্রতিষেধাৎ স্তুতে 🔭 । ৩৮ ॥ শ্রবণ এবং অধায়নের অন্তানের নিষেধু শূদ্রের প্রতি আছে অতএব শূক্ত অধিকারী না হয় এবং শৃতিতেও নিষেধ আছে। এ পাঁচ প্ত শূক্ত অধিকার বিষয়ে প্রসঙ্গাধীন করিয়াছেন।। তেদে কহেন প্রাণের কম্পনে শরীন্দ্রের কম্পন হয় অতএব প্রাণ সকলের কর্ত্তা হয় এমত নহে।। কম্পনাৎ গাঁ ৩৯।। প্রাণ শব্দের দ্বারা ব্রহ্মই প্রতিপাদ্য হয়েন যেহেতু বেদে কহেন যে ব্রহ্ম প্রাণের প্রাণ হয়েন অতএব প্রাণের কম্পন বন্ধু হইতেই হয়।। ৩৯॥ বেদে কহেন পরম জ্যোতি উপাস্য হয় অতএব পরম জ্যোতি শব্দের দ্বারা স্থ্য প্রতিপাদ্য হয়েন এমত নহে।। জ্যোতির্দর্শবাঁৎ।। ৪॰।। ঐ শ্রুতিতেই ব্রন্ধকেই জ্যোতি শব্দে কহিয়াছেন এমত দৃষ্টি হইয়।ছে॥ ৪০॥ বেদে কহেন নাম রূপের কর্ত্তা আকাশ হয় অতএব ভূতাকাশ নাম রূপের কর্তা হয় এমত নহে।। আকাশোহর্থান্তর-ত্বাদিব্যপদেশাৎ ॥ ৪১ ॥ বেদে কহিয়াছেন যে নাম রূপের ভিন্ন হয় সেই ব্রহ্ম আর নামাদের মধ্যে আকাশ গণিত হইতেছে অতএব আকাশের নামাদের মধ্যে গণিত হওযাতে এবং ব্রহ্ম শব্দ কথনের **দ্বারা আকাশ শব্দ** हरे**ा अभारत दुलारे প্রতিপাদ্য হয়েন।। ৪১।।** জনক রাজা যাজ্ঞবন্ধ্যকে জিজাসা করিয়াছিলেন যে আত্মা দেহাদি ভিন্ন হয়েন কি না তাহাতে ষাজ্ঞবন্ধ্য উত্তর করেন যে স্বষ্প্তি আদি ধর্ম যাহার তিহেঁ। বিজ্ঞানময় হয়েন অতএব জীব এখানে তাৎপর্য্য হয় এমত নছে। স্ব্ধুগুৰ্জাস্ত্যো-র্ভেদেন ॥ ৪২ ॥ বৈদে কহেন জীব স্বস্থিকালে প্রাক্ত পরমাত্মার সহিত মিলিত হয়েন আর প্রাক্ত আত্মার অবলম্বনের দ্বারা জীব শব্দ করেন অতএব জীব হইতে স্বৃপ্তি সময়ে এবং উত্থান কালে বিজ্ঞানময় পরুমাত্মার ভেদ কথন আছে এই হেতু বিজ্ঞানময় শব্দ হইতে ব্ৰহ্মই প্ৰতিপাদ্য হয়েন॥৪২॥ পত্যাদিশব্দেভ্য: н ৪৩॥° উত্তর উত্তর শ্রুতিতে পতি প্রভৃতি শব্দের কথন আছে অতএব বিজ্ঞানময় ব্ৰহ্ম হয়েন সংসারী জীব বিজ্ঞানময় ন হয়।। ৪৩ ॥ ইতি প্রথমাধ্যায়ে ভূতীয়: পাদ: ॥ • ॥

ওঁতৎসং। আত্মানিকমপ্যেকেষামিতি চেন্ন শরীররূপকবিন্যাসগৃহীতে দর্শব্যতি চ।।।।। বেদে কছেন জীব হইতে অব্যক্ত স্ক্রম হয় অতএব কোন দাখাতে অব্যক্ত শব্দ হইতে এখানে প্ৰধান অৰ্থাৎ প্ৰকৃতি বোধ্য হয় এমত नट्ट राट्यु भंदीत्रक रायान तथ ऋत्भ त्वरम वर्गन कतिशास्त्र त्मथान অব্যক্ত শব্দ হইতে লিঙ্গ শরীর বোধ্য হইতেছে অতএব লিঙ্গ শরীর অব্যক্ত হয় এমত বেদে দেখাইতেছেন॥ ১॥ স্ক্রমন্ত তদহ দাৎ॥ ২॥ এখানে লিঙ্ক শরীর হয় যে হেতু অব্যক্ত শব্দের প্রতিপাদ্য হইবার যোগ্য লিক শরীর কেবল হয় তবে স্তুল শরীরকে অব্যক্ত শব্দে যে কহে সে কেবল লক্ষণার দ্বারা জানিবে ॥ ২ ॥ তদধীনত্বাদর্থবং ॥ ৩ ॥ "যদি সেই অব্যক্ত শব্দ হইতে প্রধান অর্থাৎ ঈশবের শক্তির তাৎপর্য্য হয় জুবে স্থটির প্রথমে ঈশবের সহকারি দ্বারা সেই প্রধানের কার্য্যকারিত্ব শক্তি থাকে॥৩॥ জেয়ছাবচনাচ্চ।। ৪।। সাংখ্য মতে যাহাকে প্রধান কহেন সে অব্যক্ত শব্দের বোধা, নহে থেহেতু সে প্রধান জ্ঞাতব্য হয় এমত বেদে কছেন नाहे ।। 8 ।। वम्खीि एक्स প্রাক্তোহি প্রকরণাৎ ।। ৫ । । यमि कह বেদে कहि-তেছেন মহতের পর বস্তুকে ধ্যান করিলে মুক্তি হয় তবে প্রধান এ শ্রুতির দ্বারা জ্ঞেয় হয়েন এমত কহিতে পারিবেনা যে হেতু সেই প্রকরণে কহিতে-ছেন বে পুরুষের পর আর নাই অতএব প্রাক্ত যে পরমান্ত্রা তিহেঁ। কেবল জ্ঞের হয়েন।। ৫।। ত্রয়াণামেব চৈবমুপন্যাসঃ প্রশ্বশ্চ।। ৬।। পিতৃতৃষ্টি আর অগ্নি এবং পরমান্ত্রা এই তিনের প্রশ্ন নচিকেত করেন এবং কঠবল্লীতে এই ভিনের স্থাপন করিয়াছেন অতএব প্রধান জ্ঞেয় না হয় যে হেডু এই তিনের মধ্যে প্রধান গণিত নহে ॥ ৬॥ মহদ্বৃদ্ধ ॥ ৭॥ ধেমন মহান শব্দ প্রধান বোধক নয় সেই রূপ অব্যক্ত শব্দ প্রধান বাচী না হয়।। ৭।। বেদে ক্ৰেন্যে অজা লোহিত শুক্ল কৃষ্ণ বৰ্ণা হয় অতএব অজা শব্দ হইতে প্ৰধান প্রতিপাদ্য হইতেছে এমত নয়। চমসবদবিশেষাৎ॥৮॥ অজা অর্থাৎ জন্ম নাই আর লোহিতাদি শব্দ বর্ণকে কঁছে এই ছুই অর্থের অন্যক্ত সম্ভা-বনা আছে প্রধানে এ শব্দের শক্তি হয় এমত বিশেষ নিয়ম নাই যেমত **চমস मक विद्यमग्गाजात्व कान वज्जुत्क वित्यम क्रिया क्राइन नाई ॥ ৮ ॥** যদি, কহ চমদ শব্দ বিশেষণের দারা যক্ত শিরোভাগকে যেমত কচে সেই

রূপ অজা শব্দ বিশেষণের দারা প্রধানকে কহিতেছে এমত কহিতে পার না। জ্যোতিরূপক্রমা তু তথা স্থীয়তএকে॥১॥ জ্যোতি যে মায়ার প্রথম হয় এমত তেজ আর জল এবং অন্নাত্মিকা মায়া অজা শব্দ হইতে বোধ্য হয় ছন্দোগেরা ঐ মায়ার লোহিতাদি রূপ বর্ণন করৈন এবুং কহেন এই क्रथ भाग जेयताथीन रग चज्र नरह ॥ ३॥ कण्याताथरमभाक भवानियन বিরোধাৎ।। ১০।। পর্যাকে যেমন স্থপ দানে মধুর সহিতৃ তুল্য জানিয়া মধু कहिशा त्वराम वर्गन करतन । এवः वाकां क वर्ष मारन श्वरूत महिल जूना জানিয়া ধেমু কহিয়া বর্ণন করেন সেই রূপ তেজ অপ অন্ধ স্বরূপিণী যে মায়া তাহাৰ অজা অৰ্থাৎ ছাগের সহিত ত্যাজ্য হইবাতে সমতা মাছে সেই সমন্ত্রার কম্পেনার বর্ণন মাত্র অতএব এ মায়ার জন্ম হইবাতে কোন বিরোধ নাই।। ১০।। বেদে কছেন পাঁচ পাঁচ জন অর্থাৎ পাঁচিশ তম্ব হয় অতএব পঁচিশ তত্ত্বের মধ্যে প্রধানের গণনা আছে এমত নছে।। ন সং-সংখ্যা না হয় যেহেতু পরস্পর এক তত্ত্বে অনা তত্ত্ব মিলে এই নিমিত্ত নানা সংখ্যা তত্ত্বের কহিয়াছেন যদি পঞ্বিংশতি তত্ত্ব কহ তবে আকাশ আর আত্মা লইয়া পঞ্বিংশতি তত্ত্ব হইতে অতিরেক তত্ত্ব হয়।। ১১।। যদি কহ যদ্যপি তত্ত্ব পটিশ না হয় তবে বেদে পঞ্চ পঞ্চজন অৰ্থাৎ পঞ্চবিংশতি তত্ত্ব কি রূপে কহিতেছেন তাহার উত্তর এই। প্রাণাদয়োবাক্যশেষাৎ॥১২॥ পঞ্চ পঞ্চ জন যে শ্রুতিতে আছে সেই শ্রুতির বাক্য শেষেতে কহিয়াছেন কর্ণের কর্ণ জ্বোত্তের জ্বোত্ত অন্নের অন্ন মনের মন অতএব এই প্রাণাদি পঞ্চ বস্তু পঞ্চ জনের অূর্থাৎ পঞ্চ পুরুষের তুল্য হয়েন এই পাঁচ আর অ-বিদ্যারূপ আকাশ এই ছয় যে আত্মাতে থাকেন তাহাকে জান এখানে শ্রুতির এই অর্থ জাৎপর্য্য হয় পঞ্চবিংশতি তত্ত্ব তাৎপর্য্য নহে।। জ্যোতি-ষৈকেষামসত্যন্ত্রে।। ১৩।। কারদের মতে অন্তের স্থানে জ্যোতির জ্যোতি এমত পাঠ হয় সেমতে অন্ন লইয়া পঞ্জাণাদি না হইয়া জ্যোতি লইয়া পঞ্চ প্রাণাদি হয় ॥ ১০।। বেদে কোন স্থানে কহেন আকাশ স্ঞির পূর্ব হয় কোথাও তেজকে কোথাও প্রাণকে স্থান্টির পূর্ব্ব বর্ণন কুরেন অজএব দকল বেদের পরস্পার সমন্বয় অর্থাৎ এক বাক্যতা হইতে পারে নাই এমত

भट्ट ॥ कात्रनत्त्वन हाकाणानिय् यथा वाशनित्कोत्कः ॥ ३८ ॥ बन्न मकतनत কারণ অতএব অবিরোধ হয় এবং বেদের অনৈক্য না হয় যে হেতু আকা-শাদি বস্তুর কারণ করিয়া ব্রহ্মকে সর্বত্ত বেদে যথা বিহিত কথন আছে আর আকাশ,তেজ প্রাণ এই তিন অপর স্থাটির পূর্ব্বে হয়েন এ বেদের তাৎপর্য্য হয় এ তিনের মৃধ্যে এক অন্যের পূর্ব্ব হয় এমত তাৎপর্য্য নছে ষে বেদের অনৈক্যতা দোষ হইতে পারে স্থত্তের যে চ শব্দ আছে আহার এই অর্থ হয় ॥ ১৪ ॥ বেদে কহেন সৃষ্টির পূর্বে জগৎ অসৎ িল অতএব জগতের অভাবের দ্বারা ব্রহ্মের কারণত্বের অভাব সে কালে স্বীকার ক-রিতে হয় এমত নহে। সমাকর্ষাৎ॥ ১৫॥ অন্যত্র বেদে ধেমন অসৎ শব্দের দারা অব্যাক্ত সং তাৎপর্য্য হইতেছে সেই রূপ পূর্বা ক্রাততেও অসৎ শব্দ হইতে অব্যাকৃত সৎ তাৎপর্য্য হয় অর্থাৎ নাম রূপ ত্যাগ পূর্ব্ব কারণেতে স্ফির পূর্বের জগৎ লীন থাকে অতএব দে কালেও কারণত্ব ব্রন্দের রহিল,। ১৫।। কৌধীতকী শ্রুতিতে আদিত্যাদি পুরুষকে বলাকি মুনির বর্ণন করাতে অজাত শত্রু তাহার বাক্যকে অঞ্জা করিয়া গার্গের আবণার্থ কহিলেন যে ইহার কর্তা যে তাহাকে জানা কর্ত্তব্য হয় অতএব এ ল্রান্ডির দ্বারা জীব কিন্বা প্রাণ জ্ঞাতব্য হয় এমত নহে। জগদ্বাচিত্বাৎ॥১৬॥ এই যাহার কর্ম অর্থাৎ এই জগৎ যাহার কর্ম ঐ স্থানে বেদের তাৎপর্য্য হয় আর প্রাণ কিম্বা জীবের জগৎ কর্ম্ম নহে যে হেতু জগৎ কর্তৃত্ব কেবল ব্রন্মের হয়।। ১৬।। জীবমুখ্যপ্রাণলিক্ষান্ধেতি চেত্তদ্ব্যাখ্যাতং ।। ১৭।। বেদে কৰেন প্ৰাঞ্জ স্বৰূপ আত্মা ইন্দ্ৰিয়ের সহিত ভোগ করেন এই শ্রুতি জীব বোধক হয় আর প্রাণ যে সে সকলের মুখ্য হয় এ শ্রুতি প্রাণ বোধক হয় এমত নহে। যদ্যি কছ এসকল জীব এবং প্রাণের প্রতি পাদক হয়েন ব্রহ্ম প্রতি পাদক না হয়েন তবে ইহার উত্তর পূর্ব্ব হুত্রে ব্যাখ্যান করিয়াছি অর্থাৎ কোন শ্রুতি ব্রহ্মকে এবং কোন শ্রুতি প্রাণ ও জীবকে যদি ক্ষেন তবে উপাদনা তিন প্রকার হয় এ মহাদোষ:।। ১৭।। অন্যার্থন্ত জৈমিনিঃ প্রশ্নব্যাখ্যানাভ্যামপি চৈবমেকে ॥ ১৮॥ 'এক শ্রুতি প্রশ্ন কৰেন যে কোথায় এ পুরুষ অর্থাৎ জীব শয়ন করেন অন্য শ্রুতি উত্তর দেন যে প্রাণে অর্থাৎ ব্রক্ষেতে অষ্থি কালে জীব থাকেন এই প্রশ্ন উত্ত-

রের ছারা জৈমিনি ব্রহ্মকে প্রতিপাদ্য করেন এবং বাজসনেয়ীরা এই প্রশ্নের দ্বারা যে নিদ্রাতে এ জীব কোথায় থাকেনু তার এই উত্তরের দ্বারা যে হৃদাকাশে থাকেন ঐ রূপ ব্রন্ধকে প্রতিপাদ্য করেন॥১৮॥ প্রতিতে কহেন আত্মাতে দর্শন শ্রবণ ইত্যাদি রূপ সাধন করিবেক,এখানে আত্মা শব্দে জীব বুঝায় এনত নছে। বাক্যান্বয়াৎ॥১৯॥ যে হেতু ঐ শ্রুতির উপসংহারে অর্থাৎ শেষে কহিয়াছেন যে এই মাত্র অমৃত হয় অর্থাৎ আত্মার প্রবণাদি অমৃত হয় সতএব উপসংহারের দ্বারা ব্রহ্মের সহিত পূর্ব্ব শ্রুতির সম্বন্ধ হইলে জীবের সহিত অন্বয় হয় না ॥১৯॥ প্রতিজ্ঞাসিদ্ধে-লিঙ্গিমাপারীথ্যঃ ॥२॰॥ এক ব্রন্ধের জ্ঞানে সর্ব্বজ্ঞান হয় এই প্রতিজ্ঞা সিদ্ধি নিফ্লিত্ত যেখানে জীবকে ব্ৰহ্ম রূপে কহিয়াছেন সে ব্ৰহ্মরূপে কথন সঙ্গত হয় আশার্থ্য এই রূপে কহিয়াছেন।। ২০।। উৎক্রমিন্যতে এবং ভাবাদিতে বুডুলোনিঃ ॥২১॥ * সংসার হইতে জীবের যথন উৎক্রমণ অর্থাৎ মোক্ষ হইবেক তথন জীব আর অক্ষের ঐক্য হইবেক সেই হইবেক যে ঐক্য তাহা কে হইয়াছে এমত জানিয়া জীবকে ব্ৰহ্ম রূপে কথন সঙ্গত হয় এ উডুলোমি কহিয়াছেন।।২১॥ অবস্থিতেরিতি কাশক্লংম:।।২২॥ ব্রহ্মই জীব রূপে প্রতিবিশ্বর ন্যায় অবস্থিতি করেন অতএব জীব আর ব্রহ্মের ঐক্য সঙ্গত হয় এমত কাশকৃৎস্ক কহিয়াছেন।।২২।। বেদে কহেন ব্ৰহ্ম সঙ্কপের দ্বারা জগৎ স্থি করেন অতএব ব্রহ্ম জগতের কেবল নিনিত্ত কারণ হয়েন যেমন ঘটের নিমিত্ত কারণ কুন্তকার হয় এমত নহে। প্রক্ল-তিশ্চ প্রতিজ্ঞাদৃষ্টান্তামুরোধাৎ ॥২৩॥ ব্রহ্ম জগতের নিমিত্ত কারণ হয়েন এবং প্রকৃতি অর্থাৎ উপাদান কারণো জগতের ব্রহ্ম হয়েন যেমন ঘটের উপাদান কারণ মৃত্তিকা হয় যেহেতু বেদে প্রতিজ্ঞা কুরিয়াছেন যে এক জ্ঞানের দারা সকলের জ্ঞান হয় এ প্রতিজ্ঞা তবে সিদ্ধ হয় যদি জগৎ ব্রহ্মময় হয় আর দৃষ্টান্ত দিয়াছেন যে এক মৃৎপিত্তের জ্ঞানের দ্বারা যাবৎ মৃত্তিকার বস্তুত জ্ঞান হয় এ দৃষ্টান্ত তবে সিদ্ধি পায় যদি জগৎ ব্রহ্মময় হয় আর ঈক্ষণ দ্বারা স্ঠি করিয়াছেন এমত বেদে কহেন অতএব ব্রহ্ম এই সকল শ্রুতির অমুরোধেতে নিমিত্ত কারণ এবং সমবায়কারণ জগতেঁর হয়েন যেমন মাকুড়দা আপনা হইতে আপন ইচ্ছা দ্বারা জাল করে দেই

জালের সমবায় কারণ এবং নিমিত্ত কারণ আপনি মাকড়দা হয় সমবায় কারণ তাহাকে কহি যে স্বয়ং মিলিত হইয়া কার্য্যকে জন্মায় যেমন মৃত্তিকা বয়ং মিলিত হইয়া ঘটের কারণ হয় আরু নিমিত্ত কারণ তাহাকে কহি বে কার্য্য হইড়ে ভিন্ন হইয়া কার্য্য জন্মায় বেমন কুস্তুকার ঘট হইতে ভিন্ন ছইয়া ঘটকে উৎপদ্ধ করে.॥২৩॥ অভিধ্যোপদেশাক্ত॥২৪॥ অভিধ্যা অর্থাৎ আপন হইতে অনেক হইবার সঙ্কপা সেই সঙ্কপা শ্রুতিতে কহেন যে ব্ৰহ্ম করিয়াছেন তথাহি মহং বছস্যাং অতএব এই উপদেশের দারা ব্ৰহ্ম জগতের নিমিত্ত এবং উপাদান কারণ হয়েন।।২৪॥ সাক্ষাচ্চোভয়ায়।-নাৎ।।২৫।। বেদে কছেন উভয় অর্থাৎ স্থাষ্টি এবং প্রলয়ের কর্তুত্ব সাক্ষাৎ ব্রন্ধে হয় অতএব ব্রন্ধ উপাদান কারণ জগতের হয়েন যে হেতু কার্য্য উপাদান काরণে লয় হয় নিমিত্ত কারণে লয় হয় নাই যেমন ঘট মৃতি-কাতে লীন হয় কুম্ভকারে লীন না হয় ॥২৫॥ আত্মকৃতে: পরিণামাৎ ॥২৬॥ বেদে কছেন ব্রহ্ম সৃষ্টি সময়ে স্বয়ং আপনাকে সৃষ্টি করেন এই ব্রহ্মের আত্মকৃতির অবণ বেদে আছে আর কৃতি অর্থাৎ স্থাফীর পরিণাম যাহাকে বিবর্ত্ত কহি তাহার শ্রবণ বেদে আছে অতএব ব্রহ্ম জগতের উপাদান কারণ হয়েন। বিবর্ত শব্দের অর্থ এই যে স্বরূপের নাশ না হইয়া কার্য্য। স্তরকে স্বরূপ হইতে জন্মায় ॥২৬॥ যোনিশ্চ হি গীয়তে ॥২৭॥ বেদে ব্রহ্মকে ছুত যোনি করিয়া কছেন যোনি অধাৎ উপাদান মতএব-ব্রহ্ম জগ-তের উপাদন এবং নিমিত্ত কারণ হয়েন বেদে স্ক্রমকে কারণ কহিতেছেন অতএৰ পরমান্তাদি স্ক্রম জগৎ কারণ হয় এমত নহে ॥२१॥ এতেন সর্কে ব্যাখ্যাতাব্যাখ্যাতাঃ।।২৮।। প্রধানকে খণ্ডনের ছারা পরমাম্বাদি বাদ **খণ্ডন হইরাছে য়ে হেতু বেদে পরমাম্বাদিকে জগৎ কারণ কহেন নাই** এবং পরমাধাদি সচেতন নছে অতএব পরমাধাদিকে ত্যাজ্য করিয়া ব্যাখ্যান পূর্ব্বই হইয়াছৈ তবে পরমায়াদি শব্দ যে বেদে দেখি সে এক প্রতিপাদক হয় যে হেতু ব্রহ্মকে স্থূল হইতে স্থূল এবং স্ক্রম হইতে স্ক্রম বেদে वर्गन कतिशाष्ट्रन वाांशांजा भय हूरे वात्र 'कथरनव जार भर्या अक्षांश সমাপ্তি হয় দহচা। ইতি প্রথমাধ্যায়ে চতুর্থ পাদ্ধাণ ইতি জ্ঞীবেদাস্ত-श्राक्ष्यभाशायः ॥।।।

७ँ ७० ९ म । यम् प्रिय श्रिक्ष विश्व क्षित क्ष्य कार्य कार অপর প্রামাণের দ্বারা প্রধান জগৎ কারণ হয় এই সন্দেহ নিবারণ করি-ষ্ত্যনবকাশদোষপ্রসঙ্গইতি ছেয়ান্যস্ত্যনবকাশদোষপ্রস-কাৎ।।১।। প্রধানকে যদি জগৎ কারণ না কহ তবে কপিল স্তির জপ্রা-মাণ্য দোষ হয় অতএব প্রধান জগৎ কারণ তাহার উত্তর এই যদি প্রধানকে জগৎ কারণ কহ তবে গীতাদি স্মৃতির অপ্রামাণ্য দোষ হয় অতএব স্মৃতির পরস্পর বিষ্কাধে কেবল শ্রুতি এ স্থানে গ্রাহ্ম আর ম্রুতিতে প্রধানের জগৎ কারণত্ব নাই ॥১॥ ইতরেষাং চামুপলরেঃ ॥২॥ সাংখ্যশাস্ত্রে•ইতর অর্থাৎ মহত্বাদিকে যাহা কহিয়াছেন তাহা প্রামাণ্য नट्ट रा रह्यू रामरं धमा मकन वारकात उपनिक्ष रहा नाहे ॥२॥ राम যে যোগ করিয়াছেন তাহা সাংখ্য মতে প্রকৃতি ঘটিত করিয়া কহেন অত-এব সেই যোঁগের প্রমাণেক হারা প্রকৃতির প্রামাণ্য হয় এমত নহে।। এতেন যোগঃ প্রত্যুক্ত: ॥৩॥ সাংখ্যমত খণ্ডনের দ্বারা সাংখ্য শান্তে যে প্রধান ঘটিত যোগ কহিয়াছেন তাহার খণ্ডন স্নতরাং হইল।।৩॥ এখন ছুই স্বত্তেতে সন্দেহ করিয়া পশ্চাৎ সন্দেহের নিরাকরণ করেন।। ন বি-লক্ষণছাদস্য তথাত্বঞ্চ শব্দাৎ।।৪।। জগতের উপাদান কারণ চেতন না হয় যে হেতু চেতন হইতে জগৎকে বিলক্ষণ অৰ্থাৎ ভিন্ন দেখিতেছি ঐ চেতন হইতে জগৎ ভিন্ন হয় অর্থাৎ জড় হয় এমত বেদে কহিতেছেন।।৪।। যদি কহ শ্রুতিতে আছে যে ইক্রিয় সকল প্রত্যেকে আপন আপন বড় হইবার নিমিত্ত বিবাদ ক্ররিয়াছেন অতএব ইক্রিয় সকলের এবং পৃথিবীর চেতনত্ব পাওয়া যায় এমত কহিতে পাঁরিবে নাই।। অভিমানিব্যপদেশস্তু বিশেষামূ-গতিভ্যাং ॥ ।।। ইব্রিয় সকলের এবং পৃথিবীর অভিমানী দেবতা এ স্থানেঁ পরস্পর বিবাদী এবং মধ্যন্থ হইয়াছিলেন যে হেতু এখানে অভিমানী দেব-তার কথন বেদে আছে তথাহি তাহৈব দেবতা অর্থাৎ ঐ ইক্রিয়াভিমানী দেবতা আর অগ্নির্বাগ্ভূছা মৃধং প্রাবিশ্বৎ অর্থাৎ অগ্নি বাক্য হইয়া মৃধে প্রবেশ করিলেন ঐ দেবতী শব্দের বিশেষণের দ্বারা আর অগ্নির গতির ৰারা এখানে অভিমানী দেবতা তাৎপর্য্য হর ।।৫।। দৃশ্যতে তু ।।৬।। এখানে তু শব্দ পূর্বৰ ছুই পুত্রের সম্পেতের সিক্ষাত্তের জ্ঞাপক হয়। সচেতন পুরুষের

অচেতন স্বৰূপ নথাদির উৎপত্তি যেমন দেখিতেছি দেই ৰূপ অচেতন জগতের চৈতন্য স্বরূপ ব্রহ্ম হইতে উৎপত্তি হয় এবং ব্রহ্ম জগতের উপাদান কারণ হয়েন।।৬॥ অসদিতি চের প্রতিষেধমাত্রত্বাৎ।।৭॥ স্থাটির আদিতে জগৎ অসৎ ছিল সেইরূপ অসৎ জগৎ সৃষ্টি সময়ে উৎপন্ন হইল এমত নহে বে হেতু সতের প্রতিষেধ অর্থাৎ বিপরীত অসৎ তাহার সম্ভাবনা কোনু মতেই হয় নাই অতএব অসতের আভাস শব্দমাত্তে কেবল উপলব্ধি হয় বস্তুত নাই বৈমন খপুপেপার আভাস শব্দমাত্তে হয় বস্তুত নয় ॥ ।।। অপীতো তদ্বৎ প্রদঙ্গাদসমপ্ত্র সং ॥ ৮॥ জগতের উপাদান কারণ ব্রহ্মকে কহিলে যুক্ত হয় নাই যেহেতু অপীতি অর্থাৎ প্রলয়ে জগৎ ব্রহ্মতে লীন হইলে যেমন তিক্তাদি সংযোগে তুগ তিক্ত হয়, সেই রূপ জগতের সংযোগে ব্রহ্মতে জগতের জড়তা গুণের প্রসঙ্গ উপস্থিত **হ**য়। এই স্থক্তে সন্দেহ করিয়া পরস্থকে নিবারণ করিতেছেন ॥৮॥ न তু দৃষ্ঠাস্ত-ভাবাং ॥৯॥ তু শব্দ এখানে নিদ্ধান্ত নিমিত্ত হয়। যেমন মৃতিকার ঘট মৃত্তিকাতে লীন হইলে মৃত্তিকার দোষ জন্মাইতে পারে নাই এই দৃষ্টান্ত बाता जाना गारेटिट एवं जड़ जन्न थाना कारन उरकार नीन रहेराउ ব্রক্ষের জড় দোষ জন্মাইতে পারে নাই।।৯।। স্বপক্ষেহদোষাচ্চ।।১।।। প্রধানকে জগতের কারণ কহিলে যে যে দোষ পূর্বের কহিয়াছ সেই সকল দোষ স্বপক্ষে অর্থাৎ ব্রহ্মপক্ষে হইতে পারে নাই অতএব এই পক্ষ যুক্ত তর্কাপ্রতিষ্ঠানাদপান্যথানুমেয়মিতি চেদেবমপানিশ্মোক্ষপ্রস-সং।।১।। তর্ক কেবল বুদ্ধি সাধ্য এই হেতু তাহার প্রতিষ্ঠা নাই অর্থাৎ ষ্ঠৈয় নাই অতএব তর্কে বেদের বাধা জন্মাইতে পারে নাই যদি তর্ককে ন্থির কহ তবে শাস্ত্রের সমন্বয়ের বিরোধ হইবেক যদি এই রূপে শাস্তের সমন্বয়ের বিরোধ স্থীকার করছ তবে শাস্ত্রের দ্বারা যে নিশ্চিত মোক্ষ হয় তাহার অভাব প্রসঙ্গ ৰূপিলাদি বিরুদ্ধ তর্কের দ্বারা হইবেক অতএব কোন তর্কের প্রামাণ্য নাই॥১১॥ যদি কহ ব্রহ্ম সর্ব্বত্র ব্যাপক হয়েন তবে আকা-শের ন্যায় ব্যাপক হইয়া জগতের উপাদান কারণ হইতে পারেন নাই কিন্তু পরমানু জগতের উপাদান কারণ হয় এক্লপ তর্ক করা অশান্ত তর্ক না হয় যেহেতু বৈশেষিকাদি শান্ত্রে উক্ত আছে এমত কহিওে পারিবে না ৷

এতেন শিক্টাপরিগ্রহানপি ব্যাখ্যাতাঃ॥ ১২॥ সঞ্জপ বন্ধকে যে শিষ্ট লোকে কারণ কহেন তাঁহারা কোন অংশে পরমাূণাদি জগতের উপাদান কারণ হয় এমত কহেন মাই অডএব বৈশেষিকাদি মত পরস্পর বিরোধের নিমিত্ত ত্যাজ্য করিয়া শিষ্ট সকলে ব্যাখ্যান করিয়াছেন ॥ ২৯ ॥ পরস্বত্তে আদৌ সন্দেহ করিয়া পশ্চাৎ সমাধান করিতেছেন ৷ ভোক্তাপত্তেরবি-ভাগশ্চেৎ স্যাল্লোকবৎ ॥ ১৩ ॥ অদ্বিতীয় ব্রহ্ম যদি জগতের উপাদান কারণ হয়েন তবে ভোক্তা আর ভোঁগ্যের মধ্যে বিভাগ অর্থাৎ ভেদ থাকে নাই অথচ ভোক্তা এবং ভোগ্যের পার্থকা দৃষ্ট হইতেছে ইহার উত্তর এই যে লোকেতে রক্ষ্যতে দর্পভ্রম এবং দগুভ্রম হইয়া উভয়ের বিভাগ অর্থাৎ ভেদ যেমন মিথ্যা উপলব্ধি হয় সেই মত ভোক্তা এবং ভোগ্যের ভেদ কম্পিত মাত্র ॥ ১৩ ॥ ছুগ্ধ লোকেতে যেমন দধি হইয়া ছুগ্ধ হইতে পৃথক কহার এই দৃষ্টাস্তাহ্নারে বৈন্ধ এবং জগতের ভেদ বস্তুত হইতে পারে এমত নহে ॥ তদননাত্বমারম্ভণশব্দাদিভাঃ ॥ ১৪ ॥ ব্রহ্ম হইতে জগতের অন্যত্ব অর্থাৎ পার্থক্য না হয় যেহেতু বাচারম্ভণাদি শ্রুতি কহিতেছেন যে নাম আর রূপ যাহা প্রত্যক্ষ দেখহ সে কেবল কথন মাত্র বস্তুত ব্রন্ধই সকল॥ ১৪॥ ভাবে চোপলক্ষেঃ॥ ১৫॥ জগৎ ব্ৰহ্ম হইতে অন্য না হয় যে হৈতু ব্রহ্ম সত্তাতে জগতের সত্তার উপলব্ধি হইতেছে ॥ ১৫ ॥ সম্বাচ্চাব-রদা॥ ১৬ । অবর অর্থাৎ কার্যা রূপ জগৎ স্ফির পূর্বে ব্রহ্ম স্বরূপে ছিল অতএব স্থাতীর পরেও ব্রহ্ম হইতে অন্য না হয় যেমন ঘট আপনার উৎপত্তির পূর্কে পূর্কে মৃত্তিকা রূপে ছিল পশ্চাৎ ঘট হইয়াও মৃত্তিকা হইতে অন্য হয় নাই ॥ ১৬॥ অসদ্ব্যপদেশাদিতি চেন্ন ধর্মাস্তরেন বাক্যশে-ষাং॥ ১৭॥ বেদে কছেন জগৎ স্থাটির পূর্বে অসৎ ছিল অতএব কার্য্যের অর্থাৎ জগতের অভাব স্ঠির পূর্বের জান হয় এমত নহে যেহেতু ধর্মান্ত-রেতে স্টির পূর্বে জগৎ ছিল অর্থাৎ নাম রূপে মুক্ত হইয়া স্টির পূর্বে জগৎ ছিল নাই কিন্তু নাম রূপ ত্যাগ করিয়া কারণেতে দে কালে জগৎ লীন ছিল ইহার কারণ এঁই যে ঐ বেদের বাক্য শেষে কহিয়াছেন যে স্টির পূর্বে জগৎ সৎ ছিল॥১৭॥ যুক্তে: শব্দান্তরাচ্চ॥১৮॥ ঘট হইবার পূর্বের মৃত্তিকা রূপে ঘট যদি না থাকিত তবে ঘট করিবার সময়

মৃত্তিকাতে কুম্ভকারের যত্ন হইত না এই যুক্তির স্বারা স্টির পূর্বে জগঙ ব্রহ্ম স্বরূপে ছিল নিশ্চয় হইতেছে এবং শব্দাস্তরের দার৷ স্থান্টির পূর্বের জগৎ সৎ ছিল এমত প্রমাণ হইতেছে॥ ১৮॥ পটবক্ত॥ ১৯॥ যেমন বস্ত্র সকল আকুঞ্ন অর্থাৎ তানা আর প্রসারণ অর্থাৎ পড়াান হইতে ভিন্ন না হয় সেই মত ঘট জন্মিলে পরেও মৃত্তিকা ঘট হইতে ভিন্ন নহে এই রূপ স্ফির পরেও'ব্রহ্ম হইতে জগৎ ভিন্ন নয় ॥ ১৯ ॥ যথা প্রাণাদিঃ ॥ ২০ ॥ ভিন্ন লক্ষণ হইয়া যেমন প্রাণ অপানাদি পরুল হইতেভিন্ন না হয় সেই রূপ রূপান্তরকে পাইয়াও কার্য্য আপন উপাদান কারণ হইতে পৃথক হয় নাই॥২০॥ এই হুত্তে সম্পেহ করিয়া দ্বিতীয় হুত্তে ইহার নিরাকরণ করিতেছেন ৷ ইতরবাপদেশাদ্ধিতাকরণাদিদোষপ্রশক্তিঃ ৷ ২১ ৷৷ বক্ষ যদি জগতের কারণ হয়েন তবে জীবো জগতের কারণ হইবেক যেহেতু জীবকে ব্রহ্ম করিয়া কথন আছে আর জীব জড়াদিকে অর্থাৎ ঘটাদিকে স্থা করে কিন্ত জুীব রূপ একা আপন কার্য্যের জড়ছ দূর করিতে পারে নাই এদোষ জীব রূপ ব্রক্ষে উপস্থিত হয় ॥ ২১ । অধিকন্ত ভেদনির্দ্দেশাৎ ॥২২॥ অম্পত্ত জীব হইতে ব্ৰহ্ম অধিক হয়েন যে হেতু নানা প্ৰাতিতে জীব আর ব্রক্ষের ভেদ কথন আছে অতএব জীব আপন কার্য্যের জড়তা দূর করিতে পারে নাই ॥ ২২ ॥ অশ্বাদিবচ্চ তদমূপপত্তিঃ ॥ ২৩ ॥ এক যে ব্রহ্ম উপা-দান কারণ তাহা হইতে নানা প্রকার পৃথক পৃথক কার্য্য কি রূপে হইতে পারে এদোষের এখানে সঙ্গতি হইতে পারে নাই যে হেতু এক পর্বত হইতে নানা প্রকার মণি এবং এক বীজ হইতে যেমন নানা প্রকার পুষ্প ফলাদি হয় সেই রূপ এক এক হইতে নানা প্রকার কার্য্য প্রকাশ পায়। ২০ ॥ পুনরায় সম্পেছ করিয়া সমাধান করিতেছেন। উপসংছারদর্শ**ণামে**তি চেন্ন ক্ষীরবদ্ধি ॥ ২৪ ॥ উপসংহার দণ্ডাদি সামগ্রীকে কছে। ঘট জন্মাই বার জনো মুত্তিকার সহকারী দণ্ডাদি সামগ্রী হয় কিন্তু সে সকল সহকারী ব্ৰক্ষের নাই অতএব ব্ৰহ্ম জগৎ ক্সারণ না হয়েন এমত নহে যে হেডু ক্ষীর यमन महकांत्री विना श्वाः प्रि हा এवः क्रम 'यमन खार्शन खार्शनाटक অব্যায় সেই রূপ সহকারী বিনা ব্রহ্ম জগতের কারণ হয়েন॥ ২৪॥ দেবা-দ্বিদ্পি লোকে ॥ ২৫ ॥ "লোকেতে যেমন দেবতা সাধন অপেকা না

করিয়া ভোগ করেন সেই মত ব্রহ্ম সাধন বিনা জগতের কারণ হয়েন ॥২৫॥ প্রথম সত্ত্রে সন্দেহ করিয়া দ্বিতীয় সত্ত্রে সমাধান করিতেছেন। কৃৎস্পপ্র-**णे**किर्नित्रवय्रवर्ष **णेक्यत्कार**भावा ॥२७॥ द्वज्जरक यमि व्यवय्रव त्रंहिक क्ट जरव তিহোঁ একাকী যথন জগৎ রূপ কার্য্য হইবেন তখন তিহোঁ সমস্ত এক বারে কার্য্য স্বরূপ হইয়া যাইবেন তিহেঁ। আর থাকিবেন নাই তবে ব্রহ্ম সাক্ষাৎ कार्या इंडेटल डाँहाর ছুद्ध्य युष्य थारक नांहे यिन अवग्रंत विभिन्ने कह তবে শ্রুতি শব্দের কোপ হঁয় অর্থাৎ শ্রুতি বিরুদ্ধ হয় যেহেতু শ্রুতিতে তাঁহাকে অবয়ব রহিত কঁহিয়াছেন॥২৬॥ শ্রুতেন্ত শব্দুল্ডাৎ॥২৭॥ এখানে তু শব্দ সিন্ধান্তের নিমিত্ত। একই বন্ধ উপাদান এবং নিমিত কারণ জগতের হয়েন যে হেতু শ্রুতিতে কহিয়াছেন অতএব এখানে যুক্তির অপেকৃ। নাই আর যেহেতু বেদ কেবল ব্রহ্মের প্রমাণ হয়েন। ২৭। আত্মনি চৈবং বিচিত্রা**শ্চ হি** ॥ ২৮ ॥ **পরমাত্মাতে সর্ব্ব** প্রকার বিচিত্র শক্তি আছে এমত শ্বেতাখতরাদি শ্রুতিতে বর্ণন দেখিতেছি॥ ২৮.॥ স্বপক্ষেই-দোষাচ্চ ॥ ২৯ ॥ নিরবয়ব যে প্রধান তাহার পরিণামের ছারা জগৎ হই-য়াছে এমত কহিলে প্রধানের অভাব দোষ জন্মে কিন্তু ব্রহ্ম পক্ষে এবিষয় ুংইতে পারে নাই যে হেতু ব্রহ্ম জগতের উপাদান এবং নিমিত্ত কারণ . হয়েন॥২৯॥ শরীর রহিত ব্রহ্ম কিরুপে সর্ববিশক্তি বিশিক্ত হইতে পারেন ইহার উত্তর এই। সর্বোপেতা চ দর্শণাং। ৩০। ব্রহ্ম সর্ব্ব শক্তি যুক্ত হয়েন যে হৈতু এমত বেদে দৃষ্ট হইতেছে ॥ ৩০ ॥ বিকরণভাগ্রেতি চেত্রত্বং॥ ৩১ ॥ ইন্দ্রিয় রহিত ব্রহ্ম জগতের কারণ না হয়েন এমত যদি কহ তাহার উত্তর পূর্ণের দেয়া গিয়াছে অর্থাৎ দেবতা সকল লোকেতে বিনা সাধন যেমন ভোগ করেন সেই রূপ ব্রহ্ম ইন্সিয় বিনা জগতের কারণ হয়ে,।। ৩১।। প্রথম সত্তে সন্দেহ করিয়া দ্বিতীয় স্থতে সমাধান করিতেছেন। নপ্রয়োজনবত্বাৎ॥ ৩২॥ ব্রহ্ম জগতের কারণ না হয়েন যেহেতু যে কর্তা হয় সে বিনা প্রয়োজন কার্য্য করে নাই ব্রন্ধের কোন প্রয়োজন জগতের স্ফিতে নাই॥ ৩২॥ লোকবন্তু নীলাকৈবল্যং॥ ৩৩॥ এখানে তু শব্দু সিদ্ধান্তার্থ লোকেতে যেমন বালকেরা রাজাদি রূপ গ্রহণ করিয়া লীলা করে সেই রূপ জগৎ রূপে ব্রন্ধের আবির্ভাব হওয়া কীলা

মাত্র হয়॥ ৩৩ ॥ জগতে কেহ সুখী কেহ ছু:খী ইত্যাদি অনুভব হই-তেছে অতএব ব্রক্ষের বিষম সৃষ্টি করা দোষ জয়ে এমত যদি কহ তাহার উত্তর এই। বৈষমানৈর্গোন সাপেক্ষাৎ তথাহি দর্শয়তি॥ ৩৪॥ স্থী আর ছু:খীর স্ঠিকর্তা এবং স্থুখ আর ছুখের দূর কর্তা যে পরমাত্মা **छाँ**शांत्र देवसमा अवः निर्म्पसं कीटवत विस्तय नाष्ट्रे स्वाटक कीटवत मःकात কর্ম্মের অন্ত্সারে কম্পতকর ন্যায় ব্রহ্ম কলকে দেন পুন্যেতে পুণ্য উপা-র্জিত হয় এবং পাপে পাপ জম্মে এমত বর্ণন বেদে দেখিতেছি॥ ৩৪॥ ন কর্মাবিভাগাদিতি চেম্ন অনাদিত্বাৎ ॥৩৫॥ বেদে কহিতেছেন স্ফীর পূর্ব্বে কেবল সৎ ছিলেন এই নিমিত্ত সৃষ্টির পূর্ব্বে কর্ম্মের বিভাগ অর্থাৎ কর্ম্মের সত্তা ছিল নাই অতএব সৃষ্টি কোন মতে কর্মের অমুসারী না হয় এমত কহিতে পারিবে না যেহেতু সৃষ্ঠি আর কর্মের পরস্পার কার্য্য কারণছ क्र. श्रीक नारे रायम इक ७ जारात वीक कार्य कातन क्र. श्रीक वानि হয় ॥ ৩৫ ॥ উপপদ্যতে চাপুগেলভাতে চ ॥ ৩৬ ॥ জগৎ সহেতুক হয় অত-এব হেতুর অনাদিত্ব ধর্মা লইয়া জগতের অনাদিত্ব সিদ্ধা হয়। আর বেদে উপলব্ধি হইতেছে যে কেবল নাম আর রূপের সৃষ্টি হয় কিন্তু সকল অনাদি আছেন ॥ ৩৬ ॥ নিগুণ ব্রহ্ম জগতের কারণ হইতে পারেন নাই এমত নছে। সর্বাধর্মোপপত্তেশ্চ ॥ ৩৭ ॥ বিবর্ত্ত রূপে ব্রহ্ম জগৎ কারণ হয়েন বেহেতু সকল ধর্ম আর সকল শক্তি ত্রন্মে সিদ্ধ আছে বিবর্ত্ত শব্দের অর্থ এই যে আপনি নম্ট না হইয়া কার্য্য রূপে উৎপন্ন হয়েন ॥ ৩৭ ॥ ।॥ ।। ইতি বিতীয়াধ্যায়ে প্রথমঃ পাদঃ॥ •॥

'ওঁ তৎসৎ।। সম্বরজন্তম স্বরূপ প্রকৃতি জগতের উপাদান কারণ কেন না হয়েন । রচনাত্পপত্তেশ্চ নাত্মানং ॥ ১ ॥ অত্মান অর্থাৎ প্রধান স্বয়ং জগতের উপাদান হইতে পারে নাই যেহেতু জড় হইতে নানাবিধ রচনার मखावना नारे ॥ ।। अहरजम्म ॥ २ ॥ विश्वक्रभ अस्त्रत अहज्जि बाहा अधा-নের প্রেরত্তি হয় অতএব প্রধান স্বয়ং জগতের উপাদান কারণ নহে॥ ২॥ পয়োহস্বচ্ছেক্তাপি॥৩॥ যদি কহ যেমন ছুগ্ধ স্বয়ং স্তন্হইতে নিঃস্ত হয় আর জল ষেমন স্বয়ং চলে সেই মত প্রধান অর্থাৎ স্বভাব স্বয়ং জগৎ স্ফি করিতে প্রব্ত হয় এমত হইলেও ঈশ্বরকে প্রধানের এবং ছুগ্ধানের প্রবর্ত্তক তদ্রাপি স্বীকার করিতে হইবেক যেহেতু বেদে কহিয়াছেন ব্রহ্ম জলেতে স্থিত হইয়া জলকে প্রবর্ত্ত করান ॥ ৩॥ ব্যতিরেকানবস্থিতে । নপেক্ষত্বাৎ॥৪॥ তোমার মতে প্রধান যদি চেতনেব সাপেক্ষ সৃষ্টি করিবাতে না হয় তবে কার্ম্বোর অর্থাৎ জগতের পৃথক অবস্থিতি প্রধান হইতে যাহা তুমি স্বীকার করহ দে পৃথক অবস্থিতি থাকিবেক না যেহেতু প্রধান তোমার মতে উপাদান কারণ সে যখন জগৎ স্বরূপ হইবেক তথন জগতের সহিত ঐকা হইয়া যাইবেক পৃথক থাকিবেক নাই অতএব তোমার প্রমাণে তোমার মত খণ্ডিত হয় ॥ ৪ ॥ অন্যত্রাভাবাচ্চ ন তৃণাদি-বঁং॥ ৫॥ ঈশ্বরের ইচ্ছা বিনা প্রধান জগৎ স্বরূপ হইতে পারে না যেমন গ্ৰাদির ভক্ষণ বিনা ক্ষেত্রস্থিত তৃণ স্বয় ছুগ্ধ হইতে অসমর্থ হয়॥ ৫॥ অভ্যুপগমেপার্থাভাবাৎ ॥ ৬॥ প্রধানের স্বয়ং প্ররত্তি স্ঠিতে অঙ্গীকার করিলে প্রধানেতে যাহাদিগ্যের প্রবৃত্তি নাই তাহাদিগ্যের মুক্তি রূপ অর্থ হইতে পারে না অথচ বেদে ^{*}ব্রহ্মজান দ্বারা মুক্তি লিখেন প্রধানের জ্ঞা-নের দ্বারা মুক্তি লিখেন না॥७॥ পুরুষাশ্মবদিতি চেত্তত্তাপি॥१॥ यि বল যেমন পৃত্পু পুরুষ হইতে অন্ধের চেন্টা হয় আর অয়স্কান্তমণি হইতে লৌহের স্পন্দন হয় সেই রূপ প্রক্রিয়া রহিত ঈশ্বরের দ্বারা প্রধানের স্**টি**তে প্রবৃত্তি হয় এমত হইলেও তথাপি যেমন পঙ্গু আপনার বাক্য দারায় অন্ধকে প্রবর্ত করায় এবং অয়স্কান্তমণি সান্নিধ্যের দারা লৌহকে প্রবর্ত্ত করায় সেই রূপ ঈশ্বর আপনার ব্যাপারের ছারা প্রধানকে প্রবর্ত করান অতএব প্রধান ঈশবের সাপেক্ষ হয়। যদি কহ ব্রহ্ম তবে ক্রিয়া বি-

শিক্ত হইলেন তাহার উত্তর এই তাঁহার ক্রিয়া কেবল মায়ামাত্র বস্থা করিতে ব্রহ্ম ক্রিয়া বিশিষ্ট নহেন॥ १॥ অঙ্গিতারুপপত্তেশ্চ ॥ ৮॥ সত্ত রজ তম তিন গুণের সমতাকে প্রধান কহেন এই তিন গুণের সমতা দুর হইলে স্টির আরম্ভ হয় অতএব প্রধানের স্টি আরম্ভ হইলে সেই প্রধানের অঙ্গ থাকে না ॥ ৮॥ অন্যথামূমিতৌ চ জ্ঞানশক্তিবিয়োগাৎ ॥ ১॥ কার্য্যের উৎপত্তির দ্বারা প্রধানের অনুমান যদি করিতে চাহ তাহা করিতে পারিবে না যেহেতু জ্ঞান শক্তি প্রধানে নাই আর জ্ঞানশক্তি ব্যতিরেকে স্ফি কর্ত্তা হইতে পারে নাই ॥ ৯ ॥ বিপ্রতিষেধীক্রাসমঞ্জ দং ॥ ১০ ॥ কেহ কহে তত্ত্ব পাঁচিশ্ব কেহ ছাবিশে কেহ আটাইশ এই প্রকার পরম্পর বিপ্র-তিষেধ অর্থাৎ অনৈক্য তত্ত্ব সংখ্যাতে হইয়াছে অতএব পাঁচিশ তাত্ত্বর মধ্যে প্রধানকে যে গণনা করিয়াছেন দে অযুক্ত হয়॥ ১০॥ বৈশেষিক আর নৈয়ায়িকের মত এই যে সমবায়ি কারণের গুণ কার্য্যেতে উশস্থিত হয় এমতে চৈতন্য বিশিষ্ট ব্রহ্ম কিরূপে চৈতন্য হীন জগতের কারণ হইতে পারেন ইহার উত্তর এই॥ মহন্দীর্ঘবদা হ্রস্থপরিম ওলাভ্যাং॥ ১১॥ অব্ধাৎ দ্বাণুক তাহাতে মহয় নাই পরিমণ্ডল অর্থাৎ পরমাণু তাহাতে দীর্ঘন্ত নাই কিন্তু যথন জ্বাণুক ত্রসরেণু হয় তথন মহত্ব গুণকে জন্মায় পর-মাণু যখন দ্বাণুক হয় তখন দীর্ঘস্ত জন্মায় অতএব এখানে যেমন কারণের গুণ কার্য্যেতে দেখা যায় না সেই রূপ ব্রহ্ম এবং জগতের গুণের ভেদ হইলে দোষ কি আছে। ১১। যদি কহ ছুই পরমাণু নিশ্চল কিন্তু কর্মা-ধীন তুইয়ের যোগের দ্বারা দ্বাণুকাদি হয় ঐ দ্বাণুকাদি কেংম স্ঠি জিম্বো .ইহার উত্তর এই। উভয়থাপি ন কর্মাহতন্তদভাব: ॥ ১২ ॥ ঐ সংযোগের কীরণ যে কর্ম তাহার কোন নিমিত্ত আছে কি না তাহাতে নিমিত্ত আছে ইহা কহিতে পারিবে না যে হেতু জীবের যত্ন স্ফির পূর্বে নাই অতএব যত্ন না থাকিলে কর্ম্মের নিমিন্তের সম্ভাবনা থাকে না অতএব ঐ কর্ম্মের নিমিত্ত কিছু আছে এমত কহা যায় না আর যদি কহ নিমিত্ত নাই তবে নিমিত্ত না থাকিলে কর্ম হইতে পারে না অতএব উভয় প্রকারে ছুই পর-মাণুণ সংযোগের কারণ কোন মতে কর্ম না হয় এই হেতু ঐ মত অসিন্ধ। ১২ ॥ সমবায়াভ্যুপগমা**ক্ত সীম্যাদনবন্ধিতে:** ॥ ১৩ ॥ প্রমাণু ছাণুকাদি

হইতে যদি স্টি হয় তবে পরমাণু আর ছাণুকের মধ্যে সমবায় সম্বন্ধ অ-দীকার ক্রিতে হইবেক পরমাণ্র সমবায় সম্বন্ধ পরমাণু বাদীর সম্মত নছে অতএব ঐ মত সিদ্ধ হইল নাই যদি পরমাণ্।দের সমকায় সম্বন্ধ অঙ্গী-কার করহ তবে অনবস্থা দোষ হয় যেহেতু পরমাণু হইতে ভিন্ন দ্বাণুক সেই ছাণুক পরমাণুর সমবায় সহত্ব অপেক্ষা করে এই রূপ ছাণুকের সহিত ত্রসরেণাদের ভেদের সমতা আছে অতএব ত্রসরেণ্ ছাণ্কের সম-বায় সম্বন্ধের অপেক্ষা করে এই প্রকারে সমবায় সম্বন্ধের অবধি থাকে না যদি কহ পরমাণ্র সমন্ধ দ্বালুকের সহিত দ্বাণ্কের সমন্ধ ত্রসরেণুর সহিত ত্রসরেণ্র সম্বন্ধ চতূরেণুর সহিত সমবায় না হইয়া স্বরূপ সম্বন্ধ হয় এমতে পরমাণ্।দের সমবার সম্বন্ধ দারা স্থাটি জন্মে এমত যাঁহারা কহেন সেমতের স্থাপনা হয় না॥ ১৩॥ নিত্যমেব চ ভাবাৎ॥ ১৪॥ পরমাণু হইতে স্ঠি স্বীকার করিলে পরমাণ্র প্রার্ত্তি নিত্য মানিতে হইবেক তবে প্রলয়ের অঙ্গীকার হইতে পারে নাই এই এক দোষ জন্মে॥১৪॥ রূপাদ্মিত্বাচ্চ বিপ-ব্যয়োদর্শনাৎ।। ১৫।। পরমাণু যদি স্ঞির কারণ হয় তবে পরমাণুর রূপ স্বীকার করিছে হইবেক এবং রূপ স্বীকার করিলে তাহার নিত্যতার বিপ-ৰ্য্যয় হয় অৰ্থাৎ নিত্যত্ব থাকিতে পারে নাই যেমন পটাদিতে দেখিতেছি ন্ধপ আছে এনিমিত্ত তাহার নিত্যত্ব নাই॥ ১৫॥ উভয়থা চ দোষাৎ॥ ১৬॥ পরমাণ বছ তথা বিশিষ্ট হইবেক কিয়া তথা বিশিষ্ট না হইবেক বছ তথ বিশিষ্ট যদি কহ তবে তাহার ক্ষুদ্রতা থাকে না গুণ বিশিষ্ট না হইলে পরমাণুর কার্য্যেতে অর্থাৎ জগতে রূপাদি হইতে পারে নাই অতএব উভয় প্রকারে দোষ জন্মে। ১৬॥ 'অপরিগ্রহাক্ষাতাস্তমনপেকা। ১৭॥ বিশিক্ট লোকেতে কোন মতে পরমাণু হইতে সৃষ্টি স্বীকার করেন নাই অতএঁব এমতের কোন প্রকারে প্রামাণ্য হইতে পারে নাই ॥১৭॥ বৈভাষিক সৌভ্রা-ন্তিকের মত এই যে পরমাণ পুঞ্জ আর পরমাণু পুঞ্জের পঞ্সন্ধ এই তুই মিলিত হইয়া স্টি জন্মে প্রথমত রূপক্ষম অর্থাৎ চিত্তকে অবলম্বন করিয়া গল্প রস রূপ স্পর্শ শব্দ যাহা নিরূপিত আছে দ্বিতীয়ত বিজ্ঞান-স্বন্ধ অর্থাৎ গন্ধাদের জ্ঞান ভৃতীয়ত বেদনাক্ষম অর্থাৎ রূপাদের জ্ঞানের

সংস্কারক্তম অর্থাৎ রূপাদের প্রাপ্তি ইচ্ছা এই মতকে বক্তবা স্ত্রের ছারা করিতেছেন। সমুদায়উভয়হেতুকেপি **তদপ্রাপ্তি: ॥ ১৮ ॥** অর্থাৎ পরমাণু পুঞ্জ আর তাহার পঞ্চক্ষম এই উভয়ের ছারা যদি সমুদায় দেহ স্বীকার কর তত্ত্রাপি সমুদায় দেহের স্থান্টি ঐ উভয় হইতে নির্ব্বাহ হইতে পারে নাই যেহেতু চৈতন্য স্বরূপ কর্ত্তার ঐ উভয়ের মধ্য উপলব্ধি হয় নাই॥ ১৮॥ ইতরেতরপ্র তায়ত্বাদিতি চেল্লোৎপত্তিমাত্রনিমিত্তত্বাৎ॥ ১৯॥ পরমাণু পুঞ্জ ও তাহার পঞ্চন্ধ পরস্পর কারণ হইয়া ঘটা য**েন্তর** ন্যায় দেহকে জন্মায় এমত কহিতে পারিবে দা যেহেতু ঐ পরমাণ্ পুঞ্ আর তাহার পঞ্চন্ধ পরস্পর উৎপত্তির প্রতি কারণ হইতে <mark>পারে কিন্তু</mark> ঐ সকল বস্তুর একত্র হওনের কারণ অপর এক বস্তু অর্থাৎ ব্রহ্মকে স্বী-কার না করিলে হইতে পারে নাই যেমন ঘটের কারণ দণ্ডচক্রাদি থাকি-লেও কুস্ককার ব্যতিরেকে ঘট জন্মিতে পারে-না ॥ ১৯ ॥ উত্তরো**ৎপাদে** পূর্ব্বনিরোধাৎ।। ২০।। ক্ষণিক মতে যাবৎ বস্তু ক্ষণিক হয় এমত স্বীকার করিলে পরক্ষণে যে কার্য্য হইবেক তাহার পূর্বক্ষণে ধ্বংস হয় এমত স্বী-কার করিতে হইবেক অতএব হেতু বিশিষ্ট কার্য্যের উৎপত্তি হইতে পারে নাই এই দোষ ওমতে জন্মে॥ ২০॥ অসতি প্রতিজ্ঞোপরোধোযৌগপদ্য-মন্যথা।। ২১।। যদি কহ হেতু নাই অথচ কার্য্যের উৎপত্তি হয় এমত কহিলে তোমার এপ্রতিজ্ঞা যে যাবৎ কার্য্য সহেতুক হয় ইহা রক্ষা পায় না আর যদি কহ কার্য্য কারণ ছুই একক্ষণে হয় তবে তোমার ক্ষণিক মত অর্থাৎ কার্য্যের পূর্ব্বক্ষণে কারণ পরক্ষণে কার্য্য ইহা রক্ষা পাইতে পারে নাই।। ২১।। বৈনাশিকের মত যে এই সকর্ল ক্ষণিক বস্তুর ধ্বংস অবস্থ বিশ্ব সংসার কেবল আকাশময় সে আকাশ অস্পন্ট রূপ একারণ বিচার যোগ্য হয় না ঐ মতকে নিরাকরণ করিতেছেন। প্রতিসংখ্যাপ্রতিসংখ্যা-নিরোধাপ্রাপ্রিরবিছেদাৎ।। ২২।। সামান্য জ্ঞানের দ্বারা এবং বিশেষ क्षात्मत द्वाता मकल वस्तुत नात्मत मर्खार्यना इम्र ना स्टब्स् यमाभिष প্রত্যেক ঘট পটাদি বস্তুর নাশ সম্ভব হয় তথাপি বুদ্ধি রুত্তিতে যে ঘট পটাদি পদার্থের ধারা চলিতেছে তাহার বিচ্ছেদের সম্ভাবনা নাই।। ২২।। বৈন্যুশিকেরা যদি কহে সামান্য জানের কিঁদা বিশেষ জ্ঞানের দারা নাশ

বাতিরেকে যে সকল বন্ধ দেখিতেছি সে কেবল জ্রান্তি বে হেতু ব্যক্তি সকল ক্ষৰিক আর যুল মৃত্তিকা আদিতে মৃত্তিকাদি ঘটিত সকল বস্তু লীন হয় তাহার উত্তর এই। উভয়ধা চ দোষাৎ ।। ২ও ।। ভ্রান্তির নাশ ছুই প্রকারে হয় এক ষথার্থ জান হইলে জ্রান্তি দূর হয় দ্বিতীয়ত স্বয়ং নাশকে পার। জ্ঞান হইতে যদি প্রান্তির নাশ কহি তবে বৈনাশিকের মত বিক্লক হয় যে হেতু তাহারা নাশের প্রতি হেতু, স্বীকার করে নাই যদি বল স্বয়ং নাশ হয় তবে ভ্রান্তি শব্দের কথন ব্যর্থ হয় যেহেতু তুমি কহ নাশ আর তদ্ভির ভ্রান্তি এই ডুই পদার্থ তাহার মধ্যে ভ্রান্তির স্বয়ং নাশ স্বীকার করিলে ছুই পদার্থ থাকে না অতএব উভয় প্রকার মতে বৈনাশিকের মতে দোষ হয় ৮ ২৩ ॥ আকাশে চাবিশেষাৎ ॥২৪॥ যেমন পৃথিব্যাদিতে গন্ধাদি গুণ আছে সেই রূপ আকাশেতেও শব্দ গুণ আছে এমত কোন বিশেষণ नारे रा बाकानरक शृथक त्रीकात कता यात्र ।। २८ ॥ बार् महरूका ॥ २८ ॥ আত্মা প্রথমত বক্সর অহুভব করেন পশ্চাৎ শ্বরণ করেন যদি আত্মা ক্ষণিক হইতেন তৰে আত্মার অমুভবের পর বস্তুর শ্বৃতি থাকিত নাই॥২৫॥ নাসতোহদৃত্তীবাং ॥ ২৬ ॥ ক্ষণিক মতে যদি কহ যে অসং হইতে সৃষ্টি হুইতেছে এমত সম্ভব হয় না যে হেতু অসৎ হুইতে বস্তুর জন্ম কোখায় দেখা যায় না ॥ ২৬ ॥ উদাসীনানামপি চৈবং সিদ্ধিঃ ॥ ২৭ ॥ অসৎ হইতে যদি কার্য্যের উৎপত্তি হয় এমত বল তবে যাহারা কখন কৃষি কর্ম্ম করে নাই এমত উদাসীন লোককে কৃষি কর্মের কর্ত্তা কহিতে পারি বন্ধত এই हूरे अक्षिप्रका। २१।। कान् क्रिनिक राजन एवं माकांत्र क्रिनिक विकान অর্থাৎ জীবাভাস এই ভিন্ন অন্য বস্তু নাই এমতকে দিরাস করিতেছেন 🖫 নাভাৰউপলকে:।। ২৮।। বৌদ্ধ মতে বিজ্ঞান ভিন্ন বস্তুর যে অভাব কৰে দে অভাব অ্প্রদিন্ধ যে হেতু ঘট পটাদি পদার্থের প্রত্যক্ষ উপলব্ধি হই-তেছে। আর এই স্বত্তের দারা ,শুন্যবাদিকেও নিরাস করিতেছেন তখন पराज्य वह वर्ष हहेरवक रव विकान आज वर्ष वर्षां वर्षे भोगि भार्रार्वं ज অভাব নাই যেহেতু ঘট পটাদি পদার্থের সাক্ষাৎ উপলব্ধি হইতেছে ॥২৮॥ বৈধৰ্ম্যাচ্চ ন স্বপ্লাদিবৎ ॥ ২৯ ॥ ্যদি কহ স্বপ্লেতে যেমন বিজ্ঞান ভিন্ন বস্তু থাকে না সেই মৃত জাগ্ৰৎ অবস্থাতেও বিজ্ঞান ব্যতিরেক বস্তু নাই ^{যাবৰ}ন্ত বিজ্ঞান কম্পিত হয় তাহার উত্তর এই স্বপ্লেডে যে বস্তু দেখা

ওঁক রের অধ্যাদেতে কোন কারণাস্তর নাই যাহাতে এ অধ্যাদ দূর হয় উদ্গীথ আর ওঁঙ্কার এক অর্থকে কহেন এমুত কহিতেও পারিবে নাই যে হেতু বেদে এমত কথন কোন স্থানে নাই অতএব যে সিদ্ধান্ত করিলে তাহার অসিদ্ধ হইল এ পূর্ব পক্ষের উত্তর পর স্তে দিতে-ছেন।। ব্যাপ্তেশ্চ সমপ্ত্রসং।। ১০।। অবয়বকে অবয়বী করিয়া স্বীকার করিতে হয় যেমন পটের এক দেশ দগ্ধ হইলে পট দাহ হইল এমত कहा जाग्र এই वाश्रि व्यर्थाय नातित्र द्वाता উদ্গীথের অবয়ব যে उँकात তাহাতে উদ্গীথ কথন ঘুক্ত হয় এমত কথন অসমঞ্জদ নহে।। ১০।। ছান্দোগ্যে কহিতেছেন যে প্রাণ তিহেঁ। বাক্যের শ্রেষ্ঠ হয়েন কিন্ত কৌষীতৃত্বীতে যেখানে ইন্দ্রিয় সকল প্রাণের নিকট পরস্পর বিরোধ করিয়াছিলেন সেখানে প্রাণের ঐ শ্রেষ্ঠছাদি গুণের কথন নাই অতএব ছান্দোগ্য হইতে ঐ সকল প্রাণের গুণ কৌষীতকীতে সংগ্রহ হইতে পারে নাই এমত কহিতে পারিবে নাই॥ সর্ব্বাভেদাদন্যত্তেমে॥ ১১॥ সকল শাথাতে প্রাণের উপাসনার অভেদ নিমিত্ত এই সকল শ্রে-ষ্ঠত্বাদি গুণ শাখান্তর হইতেও সংগ্রহ করিতে হইবেক।। ১১।। নির্বিশেষ ব্রন্ধের এক শাখাতে যে সকল গুণ কহিয়াছেন তাহার শাখান্তরে সংগ্রহ হইবেক নাই এমত নহে।। আনন্দাদয়ঃ প্রধানস্য।। ১২।। প্রধান যে ব্রহ্ম তাহার আনন্দাদি গুণের সংগ্রহ সকল শাখাতে হইবেক যে হেতু বেদ্য বস্তুর ঐক্যের দ্বারা বিদ্যার ঐক্যের স্বীকার করিতে হয় ॥ ১২ ॥ প্রিয়শির-छोमाञ्चाञ्चिकभव्याभव्यो हि जिए ॥ २० ॥ त्वरम विश्वक्रभ बुट्यात वर्गन কহিয়াছেন যে ব্রহ্মের প্রিয় সেই তাহার মন্তক এই প্রিয়শির মাদি করিয়া সকল ব্রক্ষের সগুণ বিশেষণ শাখান্তরেতে সংগ্রহ হইবেক নাই যে হেতু মস্তকাদি সুকল হ্রাস রন্ধির স্বরূপ হয় সেই হ্রাস রন্ধি ভেঁদ বিশিষ্ট বস্তুতে দেখা যায় কিন্তু অভেদ ব্রন্ধেতে হ্রাস র্দ্ধির সম্ভাবনা নাই।। ১৩।। ইতরে স্বর্থসাম্যাৎ ॥১৪॥ প্রিয়শির ভিন্ন সমুদায় নিগুণ বিশেষণ যেমন জ্ঞান ঘন ইত্যাদি সর্ব্ধ শাখাতে সংগ্রহ হইবেক যেহেতু জ্রেয় বস্তুর ঐক্য সকল শাখাতে আছে বেদে কহিয়াছেন ইন্দ্রিয় সকল হইতে ইন্দ্রিয় পকলের বিষয় পর অর্থাৎ শ্রেষ্ঠ হয় এই শ্রুতিতে ইন্দ্রিয়ের বিষয়াদের শ্রেষ্ঠতু তাৎ-

পর্য্য হয় এমত নহে ॥১৪॥ আধ্যানায় প্রয়োজনাভাবাৎ ॥১৫॥ সম্যক প্রকার ধ্যান নিমিত্ত এই শ্রুতিতে আত্মার শ্রেষ্ঠ হওয়াতে তাৎপর্য্য হয় কিন্তু বিষয়াদের শ্রেষ্ঠ হওয়াতে তাৎপর্য্য না হয় যে হেতু আত্মা ব্যতিরেকে অপরের শ্রেষ্ঠত্ব কথর্নে বেদের প্রয়োজন নাই ॥ ১৫ ॥ আত্মশব্দাস ॥ ১৬ ॥ বেদে কহিয়াছেন যে কেবল আত্মার উপাসনা করিবেক অতএব আত্মা শব্দ পুরুষকে ক্রেন বিষয়াদিকে ক্রেন নাই অতএব আত্মা শ্রেষ্ঠ হয়েন ॥ ১৬॥ বেদে কহিয়াছেন আত্মা সকলের পূর্যের ছিলেন অতএব এ বেদের তাৎপর্য্য এই যে আত্মা শব্দের দ্বারা হিরণ্যগর্ভ প্রতিপাদ্য হয়েন এমত नट् ॥ आज्राग्रीजित्रिजत्रवर्ष्ट्रजा ॥ ११ ॥ । এই স্থানে आज्रा भंग रहेए পরমাত্মা প্রতিপাদ্য হয়েন যেমন আর আর স্থানে আত্মা শব্দের ছারা পরমাদ্মার প্রতীতি হয় যে হেতু ঐ শ্রুতির উত্তর শ্রুতিতে কহিয়াছেন যে আত্মা জগতের দ্রফ্টা হয়েন অতএব জগতের দ্রফ্টা ব্রহ্ম বিনা অপর হইতে পারে নাই ॥১৭॥ অম্যাদিতি চেৎ স্যাদবধারণাৎ ॥১৮॥ যদি কহ ঐ শ্রুতি যাহাতে আত্মা এ সকলের পূর্ব্বে ছিলেন এমত বর্ণন দেখিতেছি তাহার খাদ্যে এবং অস্তে স্ফির প্রকরণের অন্বয় আছে আর স্ফির প্রক-রণ হিরণ্য গর্ভের ধর্ম্ম হয় অতএব আত্মা শব্দ হইতে হিরণ্য গর্ভ প্রতিপাদ্য হইবেন তাহার উত্তর এই এমত হৃইলেও ব্রহ্ম প্রতিপাদ্য হইবেন যেহেতু পর শ্রুতি কহিতেছেন যে এক ভিন্ন আর বন্ধ ছিল নাই তবে হিরণ্য গর্ড স্ঞির দার মাত্র ব্রহ্মই বস্তুত স্ঞিকর্তা হয়েন ॥ ১৮ ॥ প্রাণ বিদ্যার অঙ্গ আচমন হয় এমত নহে॥ কার্য্যাখ্যানাদপূর্বং॥ ১৯॥ ঐ প্রাণ বিদ্যাতে প্রাণ ইক্রিয়কে প্রশ্ব করিলেন যে আমার বাদ কি হয়, তাহাতে ইক্রিয়েরা উত্তর দিলেন যে জল প্রাণের বাস হয় এই নিমিত্তে প্রাণের আচ্ছাদক জল হয় এই জলের আচ্ছাদকবের ধ্যান মাত্র প্রাণ বিদ্যাতে অপূর্ববিধি হয় আচমন অপূর্বে বিধি না হয় যে হেতু আচমন বিধির কথন সকল কার্য্যে আছে এ হেতু এখানেও প্রাণ বিদ্যার পূর্ব্বে আচমন বিধি হয় ॥১৯॥ বাজসনেরিন্দের সাণ্ডিল্য বিদ্যাতে কহিয়াছেন যে মনোর্ময় আত্মার উপা-সনা করিবেক পুনরায় সেই বিদ্যাতে কহিয়াছেন যে এই মূনোময় পুরুষ উপাদ্য হয়েন অভগ্রব পুনর্কার কথনের দারা ছুই উপাদ্না প্রভীতি হয়

এমত নহে।। সমানএবঞ্চাভেদাৎ।। ২০।। সমানে অর্থাৎ এক শাখাতে বিষ্যা ঐক্য পূর্ববিৎ অবশা স্বীকার করিতে হইবেক যে হেতু মনোময় ইত্যাদি বিশেষণের দারা অভেদ জ্ঞান হয়। পুনর্কার কথন কেবল দৃঢ় করিবার নিমিত্ত হয় ॥ ২০ ॥ প্রথম খত্তে আশঙ্কা করিয়া দ্বিতীয় খত্তে সমাধান করিতেছেন ॥ সম্বন্ধাদেবমন্যত্রাপি ॥ ২১ ॥ অন্যত্ত অর্থাৎ প্র্য্য বিদ্যা আর চাক্ষ্ পুরুষ বিদ্যা পূর্ববিৎ ঐক্য হউক আর পরস্পর বিশেষ-ণের সংগ্রহ হউক যে হেতু অহর অর্থা**ং সুর্য্য আর অহং অর্থাৎ চাক্ষ্য** পুরুষ এই ছুয়ের উপনিষৎ ক্ষরূপ এক বিদ্যার সম্বন্ধ আছে এমত বেদে কহিতেছেন। ২১॥ ন বা বিশেষাৎ॥ ২২॥ অর্থ্য আর চাকুষ পুরুষের বিদ্যার ঐক্যু প্রবং পরস্পর বিশেষণের সংগ্রছ হইবেক নাই যে হেতু উভ-য়ের স্থানের ভেদ আছে তাহার কারণ এই অহর নাম পুরুষের স্থান স্থা মণ্ডল আর অহং নাম পুরুষের স্থান চক্ষু হয় ॥ ২২ ॥ দর্শয়তি চ ॥২৩॥ ছाल्मार्गा कहिरएहिन य स्र्रांत क्रथ हम राहे ठाकूव श्रूकरात क्रथ हम অতএব এই সাদৃশ্য কথন উভয়ের ভেদকে দেখায় যে হেতু ভেদ না ছইলে সাদৃশ্য হইতে পারে নাই॥২৩॥ সংভৃতিফুব্যাপ্ত্যপি চাত:॥২৪॥ েবেদে কহিয়াছেন ব্ৰহ্ম হইতে আকাশাদি হইয়া এই সকল ব্ৰহ্মবীৰ্য্য ব্ৰহ্ম হইতে পুট হইতেছেন আর ব্রহ্ম আকাশেতে ব্যাপ্ত হয়েন এই সংভৃতি আর ছ্যারাপ্তি শাণ্ডিল্য বিদ্যাতে সংগ্রহ হইতে পারিবেক নাই যে হেতু শাণ্ডিল্য বিদ্যাতে হৃদয়কে স্থান কহিয়াছেন আর এ বিদ্যাতে আকাশকে স্থান কহিলেন অত্তএব স্থান ভেদের দ্বারা বিদ্যার ভেদ হয়॥ ২৪॥ পৈ-ঙ্গিরা কহেন যে পুরুষ রূপ যঞ তাহার আয়ু তিন কাল হয়। তৈত্তিরী-য়েতে কহেন যে বিশ্বান পুরুষ যক্ত স্বরূপ হয় আত্মা যজমান এবং তাহার আন্ধা তাহার পত্নী আর তাহার শরীর যক্তকার্চ হয় এই ফুর্ই শ্রুতিতে মরণ গুণের সাম্যের দ্বারা অভেদ হউক এমত নহে।। পুরুষবিদ্যায়ামিব চেতরে-योगनोन्नानार ॥ २८ ॥ रेशिक श्रुकंष विकारिक रायन श्वनाखरतत कथन আছে সেই রূপ তৈত্তিরীয়েতে গুণাস্তরের কথন নাই অতএব রুই শ্রুতিতে ভেদ স্বীকার করিতে হইবেক। এক গুণের সাম্যের দ্বারা চুই বস্তুতে অভেদ হইতে পারে নাই। ২৫। এক বিদ্যার সন্নিধানেতে বেদে কহি-

রাছেন যে শত্রুর সর্ববাঙ্গ ছেদন করিবেক অতথব এ মারণ শ্রুতি ব্রহ্ম বিদ্যার একাংশ হয় এমত নহে॥ বেধাদ্যর্থভেদাৎ॥ ২৬॥ শত্রুর অঙ্গ ছেদন করিবেক এই হিংসাত্মক ল্রুতি উপনিষদের অর্থাৎ ব্রহ্ম বিদ্যা শ্রুতির ভিন্ন, অর্থকে কহে অতএব এই রূপ মারণ শ্রুতি আত্ম বিদ্যার একাংশ রূপ হয় ॥ ২৬ ॥ যদি কহ বেদে কহিতেছেন যে জ্ঞানবান সে পুণ্য আর পাপকে ত্যাগ করিয়া সাক্ষাৎ নিরঞ্জন হয় আর সেই স্থলেন্তে কহেন যে সাধু সকল সাধু কর্ম্ম করেন স্মার ছুষ্টেরা পাপ কর্ম্মে প্রহত্ত হয়েন অতএব পরশ্রুতি পূর্ব শ্রুতির এক দেশ নয় এবং ইহার সংগ্রহ পূর্বের শ্রুতির সহিত হইবেক নাই যে হেতু পুণ্য পাপ উভয় রহিত যে জ্ঞানবান ব্যক্তি তাহার সাধু কর্ম্মের অপেক্ষা আর থাকে নাই-ড্রাহার উত্তর এই। হানৌ ভূপাদানশব্দশেষত্বাৎ কুশাচ্চ্ন্দংস্তৃত্যুপগানবভত্ত্তং। ২৭। হানিতে অর্থাৎ পুণ্য পাপ ত্যাগেতেও সাধু কর্ম্মের বিধির সংগ্রহ হইবেক যে হেতু পরশ্রুতি পূর্ব্ব শ্রুতির এক দেশ হয় যেমন কুশকে এক শ্রুতিতে রক্ষ সম্বন্ধীয় কহিয়াছেন অন্য শ্রুতিতে উদ্ভুম্বর সম্বন্ধীয় কহিয়াছেন অতএব পর শ্রুতির অর্থ পূর্ব্ব শ্রুতিতে সংগ্রহ হইয়া তাৎপর্য্য এই হইবেক যে উদ্ভুম্বর রক্ষের কুশের দ্বারা যক্ত করিবেক সামান্য রক্ষ তাৎপর্য্য না হয় আর যেমন ছন্দের ছারা স্তুতি করিবেক এক স্থানে বেদে কহেন অন্যত্ত কহেন দেব ছন্দের দারা স্তব করিবেক অতএব দেব ছন্দের- সংগ্রহ পূর্ব শ্রুতিতে হইয়া তাৎপর্য্য এই হইবেক যে অন্তর ছব্দ আর দেব ছব্দ ইহার মধ্যে দেব ছন্দের দ্বারা স্থতি করিবেক অস্থর ছন্দে করিবেক না আর যেমন বেদে, এক স্থানে কছেন যে পাত্র গ্রহণের অঙ্গ স্তোত্ত পড়িবেক ইহাতে কালের নিয়ম নাই পর শ্রুতিতে কহিয়াছেন স্র্য্যোদয়ে পাত্র বিশেষের স্তোত্র পড়িবেক এই পর শ্রুতির কাল নিয়ম্ পূর্ব্ব শ্রুতিতে সংগ্রহ করিতে হইবেক আর যেমন বেদে এক স্থানে কহিয়াছেন যে যাজক বেদ গান করিবেক পরে কহিয়াছেন ঘঁজুর্বেদিরা গান করিবেক নাই অত-এব পর শ্রুতির অর্থ পূর্বর শ্রুতিতে সংগ্রহ ছইবেড যে যজুর্বেদি তিয় যাজকেরা গান করিবেক জৈমিনিও এই ক্লপ বাক্য শ্রেষ গ্রহণ স্বীকার করিয়াছেন। কৈমিনি হতে। অপি তু বাক্যশেষঃ স্যাদন্যায্যভাৎ বিক-

শ্পেস্য বিধীনামেকদেশঃ স্যাৎ। বেদে কহিয়াছেন আশ্রাবয়। অস্তু শ্রে ষ্ট। যজ্জে। যজামতে। বষ্ট। এই পাঁচ সকল যজে আবশ্যক হয় আর অন্যত্র বেদে কৃথিয়াছেন যে অনুযাজেতে আত্রাবয় ইত্যাদি পাঠ করিবেক নাই অতএব পর শ্রুতি পূর্বে শ্রুতির এক দেশ হয় অর্থাৎ পূর্বে শ্রুতির অর্থ পর শ্রুতির অপেক্ষা করে এইমতে চুই শ্রুতির অর্থ এই হইবেক যে অমুযাজ ভিন্ন সকল যাগেতে আশ্রাবয় ইত্যাদি পঞ্চ বিধি আবশ্যক হই-বেক যদি পূর্বে শ্রুতি পর শ্রুতির অপেক্ষা'না করে তবে বিকম্প দোষের প্রসঙ্গ অনুযাজ যজে হইবেক অর্থাৎ পূর্ব্ব শ্রুতির বিধির দ্বারা আশ্রাবয় আদি পঞ্বিধি যেমন দকল যাগে আবশ্যক হয় দেই ৰূপ অনুযাজেতেও আবশ্যক স্থীকার করিতে ২ইবেক এবং পর শ্রুতির নিষেধ আবণের দ্বারা আআবয়াদি পঞ্চ বিধি অনুযাজেতে কর্ত্তব্য নহে এমত বিকম্প স্থীকার করা ন্যায়যুক্ত হয় নাই অতএব তাৎপর্য্য এই হইল যে এক আংতির এক দেশ অপর আতি হয় ॥ ২৭ ॥ পর্যায় বিদ্যাতে কহিতেছেন যে বিরজা নদীকে মনের দারা পার হইলে স্ক্রুত হুষ্টৃত হইতে মুক্ত হয় অতএব বিরজা পার হইলে পর কর্মের ক্ষয় হয় এমত নহে। সাম্পরায়ে তর্ত্তবা।-- ভাৰাত্তথা **ছ**ন্যে॥ ২৮॥ বিদ্যা কালে তরণের হেতু যে কর্মা ক্ষয় তাহা জানীর হয় কিন্তু সেই কর্ম ক্ষয়কে এই শ্রুতিতে তরণের সম্পরায়ে অর্থাৎ তরনের উত্তরে কহিয়াছেন যেহেতু কর্ম থাকিলে পর দেবযানে প্রযোশ হইতে পারে না 🔾 হেতু তাহার তরণের কর্ম্ম থাকিতে অসম্ভব ২য় পদ এই রূপ তাত্তি স্থাদি কহিয়াছেন বে অধের ন্যায় লোখ অর্থাং পাপ পুণ্যকে কাঁপাইয়া পশ্চাৎ তরণ করেন। ২৮। মাদ কহ জান হইলে পরেও লোক শিক্ষার্থ কর্মা করিলে সেই কর্ম পুনরায় জ্ঞানীর বন্ধনের " কারণ হইবেক তবে মুক্তির সম্ভাবনা থাকিল নাই ইহার উত্তর এই।। ছন্দতউভয়াবিরোধাৎ ॥ ২৯ ॥ জান হইলে ছন্দত অর্থাৎ ইচ্ছাধীন যে কর্ম করিবেক তাহা জ্ঞানের নিমিত্ত হইবেক না যে হেতু জ্ঞানের পর বন্ধন প্রতিবন্ধনের ,সস্তাবনা থাকে নাই ॥ ২৯॥ সকল জ্ঞানীর তরণ পূর্ব্বক ব্রহ্ম প্রাপ্তি হয় এমত নহে। গতেরর্থবত্তমূভ্যথান্যথাহি,বিরোধঃ গ্ল ৩ । দেবধান গভির বিৰুদ্রেশ যথার্থতা হয় অর্থাৎ কেহ দেবধান হইয়া

ব্রহ্ম প্রাপ্ত হয় কেছ এই শরীরে ব্রহ্মকে পায় যে হেডু দেবযান গতির বিৰুপ্প অঙ্গীকার না করিলে অন্য শ্রুতিতে বিরোধ হয় সে এই শ্রুতি যে এই দেহেই জানী অদ্বৈত নিত্য সিদ্ধ ব্রহ্মকে পায়॥ ৩০॥ উপপন্নস্তব্ধ-क्रनार्थाभनहिर्ताक्व ॥ ७ ॥ जे एनवरान गिं बात छाहात अভार ক্ষপার্থ শ্রুতিতে উপলব্ধি আছে এই হেতু সগুণ নিগুৰ উপাসকের ক্রমেতে দেবযান এবং তাহার অভাব নিষ্পন্ন হয় অর্থাৎ স্বরূপ লক্ষণ যে ব্রহ্ম উপাদনা করে তাহার দেবযান গতি নাই সাক্ষাৎ ব্রহ্ম প্রাপ্তি হয় তটস্থ লক্ষণে বিরাট ভাবে কিম্বা হৃদয়াকাশে যে উপাসনা করে তাহার দেবযান গতি হয়। বেমন লোকেতে এক জন গঙ্গা হইতে দুরস্থ অথচ গঙ্গা স্থানের ইচ্ছা করিলেক তাহার গতি বিনা গঙ্গা স্থান সিদ্ধ, হইবেক না আর এক জন গঙ্গাতে আছে এবং গলা স্নান ইচ্ছা করিলেক গতি বিনা তাহার স্নান সিদ্ধ হয়। ৩১। অর্চিরাদিমার্গ যে যে বিদ্যাতে কহিয়াছেন তন্তির অন্য বিদ্যাতে সংগ্রহ হইবেক নাই এমত নহে॥ অনিন্দঃ সর্কা-সামবিরোধঃ শব্দামুমানাভ্যাং॥ ৩২॥ সমুদায় সগুণ বিদ্যার দেব্যানের নিয়ম নাই অর্থাৎ বিশেষ বিদ্যার বিশেষ মার্গ এমত কথন নাই অতএব নিয়ম অভাবে কোন বিরোধ হইতে পারে নাই যে হেতু বেদে কহিয়াছেন যে ব্রহ্মকে যথার্থ রূপে জানে আর উপাসনা করে সে অর্চিযানকে প্রাপ্ত হয় এবং এই রূপ স্মৃতিতেও কহিয়াছেন। ৩২। বিশষ্ঠাদি ক্রানীর নায় সকল জ্ঞানীর জন্মের সম্ভাবনা আছে এমত নহে। যাবদ বিকারমবন্থিতি-वाधिकांक्रिकानाः॥ ७०॥ षीर्घश्वादऋक व्यधिकात कट्टन, मिर्घश्वातरक যাহাদ্দের স্থিতি হয় তাহাদিনে আধিকারিক কহি ঐ আধিকারিকদের याव भीर्य थात्र क्षत्र विनाम ना रग्न जाव मः मात्र जमानि रग्न थात्र क्ष বিনাশ হইলে জানীদের জন্ম মৃত্যু ইচ্ছামতে হয় ॥ ৩৩ ॥ কঠবল্লীতে ব্ৰহ্মকে অস্পৰ্শ অশব্দ কহিয়াছেন অন্য শাখাতে ব্ৰহ্মকে অস্থূল কহিয়া-ছেন এই অস্তৃল বিশেষণ কঠবল্লীতে সংগ্ৰহ হইবেক নাই এমত নহে॥ অকরধিয়াং ত্বরোধঃ সামান্যতন্তাবাভ্যামৌপসদবত্তমূক্তং॥ ৩৪॥ অকর-ধিঁয়া অর্থাৎ ব্রহ্ম প্রতিপাদ্য শ্রুতি সকলের শাখান্তর হইতে অন্য শাখাতে অবরোধ অর্থাৎ সুংগ্রহ করিংত হইবেক যে হেতু সে দকল শ্রুতির সমান

অর্থ এবং ব্রক্ষের জ্ঞাপকতা হয়। উপসদ শব্দ বামদধ্যের হবি বিশেষকে কহে সেই হবির প্রদানের মন্ত্রকে ঔপসদ কহি সেই সকল মন্ত্রকে শাখা-স্তর হইতে যেমন যজুর্বেদে সংগ্রহ করা যায়। জৈমিনিও এই রূপ সং-গ্রহ স্বীকার করিয়াছেন। জৈমিনি পত্তে। গুণমুখ্যব্যতিক্রমে ক্রদর্থস্বায়া খ্যে-ন বেদসংযোগঃ। যেখানে গৌণ ও মুখ্য শ্রুতির বিরোধ হইবেক সেই স্থানে মুখ্যের সহিত বেদের সম্বন্ধ মানিতে হয় যে হেতু মুখ্য সর্ব্বথা প্রধান **एय रायमन दर्गा करहन यकुर्स्वरमंत्र वांत्रवर्शीय शान कतिरावक किन्छ यकु-**র্বেদে দীর্ঘ স্বরের অভাব নিমিত্ত এই শ্রুতি গৌণ হয় বেদে অগ্নির স্থাপন করিবেক আর অধির স্থাপনে গান আবশ্যক আর ঐ গানে দীর্ঘ স্বরের আবশ্যক্রকা অতএব পর শ্রুতি মুখ্য হয় এই নিমিত্ত সাম বেদীয় বারব-স্তীয় অগ্নি স্থাপনে গান করিবেক॥৩৪॥ দ্বাস্থপর্ণা এই প্রকরণের শ্রুতিতে কহিয়াছের যে তুই পক্ষীর মধ্যে এক ভোগ করেন পুনরায় কহিয়াছেন যে ছুই পক্ষী এক বিষয় ফল ভোগ করেন অতএব ছুই পক্ষীর ভোগ এবং ভেদ বুঝা যায় এমত নহে ॥ ইয়দামননাৎ ॥ ৩৫ ॥ উভয় শ্রুতিতে ইয়ত্তা-বিচ্ছন্ন অর্থাৎ পরিমিত জীবের পরমাত্মার সহিত অভেদ আমনন অর্থাৎ কথন হয় পরমাত্মাকে ভোক্তা করিয়া কথন কেবল জীবের সহিত অভেদ জানাইবার নিমিত্ত হয় অন্যথা বস্তুত এক পক্ষী অর্থাৎ সোপাধি জীব বিষয় ভোক্তা হয়েন দ্বিতীয় পক্ষী অর্থাৎ পরমাত্মা সাক্ষী মাত্র॥ ৩৫॥ দ্বিতীয় স্থত্তের ইতিচেৎ পর্যান্ত সন্দেহ করিয়া উপদেশান্তরবৎ এই বাকো সমাধান করিতেছেন। অস্তরা ভূতগ্রামবৎ স্বাত্মন:। ৩৬। যদি কহ জীব আর পরমাত্মার মধ্যে অস্তরা অর্থাৎ ভেদ আছে যে হেতু নানা স্থানে ভেদু করিয়া বেদে কহিয়াছেন যেমন পঞ্চ ভূত জন্য দেহ সকল পৃথক পৃথক উপলব্ধি হয় ॥৩৬॥ অন্যথা ভেদামূপপত্তিরিতি চেন্নোপদেশান্তরবৎ ॥ ৩৭॥ অন্যথা অর্থাৎ আত্মা আর জীবের ভেদ অঙ্গীকার না করিলে বেদে ভেদ কথনের বৈফল্য হর তাহার উত্তর এই যে জীব আর পরমান্ত্রাতে ভেদ আছে এমত নহে যে হেণ্ঠু তত্ত্বমদি ইত্যাদি উপদেশের ন্যায় ভেদ কথন কেবল আদর নিমিত্ত হয় তাহার কারণ এই ভেদ কহিয়া অভেদ কহিলে অধিক আদর জ্বো॥ ৩৭॥ যেখানে কহেন যে পরমাত্মা সেই আমি যে

আমি সেই পরমান্ত্রা এই রূপ ব্যতীহারে অর্থাৎ বিপর্যায় করিয়া কহিবার প্রয়োজন নাই যে হেতু জীবকে পরমাত্মার সহিত অভেদ জানিলে পরমা-ত্মাকেও স্থতরাং জীবের সহিত অভেদ জানিতে হয় অতএব ঐ ব্যতীহার বাক্যের তাৎপর্য্য কেবল ঈশ্বর আর জীবের অভেদ চিন্তন হয় এমত নহে। ব্যতীহারোবিশিংষস্তি হীতরবৎ। ৩৮। এই স্থানে ঈশ্বরের অপর বিশেষণের ন্যায় ব্যতীহারকে অঙ্গীকার করিতে হইবেক যেহেতু জাবা-লেরা এই রূপ ব্যতীহারকে বিশেষ রূপে ইহিয়াছেন যে হে ঈশ্বর তুমি আমি আমি তুমি যে আমি সেই ঈশ্বর এবাক্যের ফল এই যে আমি সংসার হইতে নিবর্ত্ত আর যে ঈশ্বর সেই আমি ইহার প্রয়োজন এই যে ঈশ্বর আমার পরোক্ষ না হয়েন অতএব ব্যতীহার অপ্রয়োজন নহে,॥৩৮॥ রহদারণ্যে পূর্কোক্ত সত্য বিদ্যা ছইতে পরোক্ত সত্য বিদ্যা ভিন্ন হয় এমত নহে ॥ দৈব হি সত্যাদয়ঃ ॥ ৩৯ ॥ যে পূর্ব্বোক্ত সত্য বিদ্যা সেই পরোক্ত সত্য বিদ্যাদি হয় যে হেতু ছুই বিদ্যাতে সত্য স্বরূপ পরমাত্মার অভেদ দুক্ত হইতেছে। ৩৯। ছান্দোগ্যে ব্রহ্মকে উপাদ্য করিয়া আর রহদারণ্যে তাঁহাকে জ্বেয় করিয়া কহিয়াছেন অতএব উভয় উপনিধদেতে উক্ত বিশে-ষণ সকল পরস্পর সংগ্রহ হইবেক নাই এমত নহে।। কামাদীতরত্ত তত্ত্ব চায়তনাদিভাঃ॥ ৪০॥ ছান্দে।গ্যে ব্রহ্মকে সত্য কামাদি রূপে যাহা किशास्त्रिन जोशेत हरमात्राला मःश्रेष्ट कतिरु इन्टेर्न जात हरमात्राला ख ব্রহ্মকে সকল বশ কর্তা আর সকলের ঈশ্বর কহিয়াছেন তাহা ছান্দোগ্যে সংগ্রহ করিতে হয় যে হেডু ঐ ছুই উপনিষদে ব্রশ্নের স্থান হৃদয়ে হয় আর ব্রহ্ম উপাস্য হয়েন একই ব্রহ্ম সেতু হুয়েন এমুন কথন আছে যদি কহ ছান্দোগ্যে কহিয়াছেন যে হৃদয়াকাশে ব্রহ্ম উপাদ্য হয়েন আর রহদা-রণ্যে কহিয়াছেন বৃদ্ধ আকাশে জ্ঞেয় হয়েন অতএব সগুণ করিয়া এক শ্রুতিতে কহিয়াছেন দ্বিতীয় শ্রুতিতে নিগুণ রূপে বর্ণন করেন এই ভেদের নিমিত্ত পরস্পর বিশেষণের সংগ্রহ হইবৈক না তাহার উত্তর এই ভেদ কথন কেবল ব্রহ্মের স্তুতি নিমিত্ত বস্তুত ভেদ[®]নাই । ৪০।। জীবস্বুক্ত ব্যক্তির উপাসনার প্রয়োজন নাই অতএব উপাসনীর লোপাপত্তি হউক এমত নহে।। আদুরাদলোপঃ।। ১১।। মুক্ত ব্যক্তির যদ্যপিও উপাসনার

প্রয়োজন নাই তত্রাপি স্বভাবের দ্বারা আদর পূর্বক উপাসনা করেন এই হেতু উপাসনার লোপ হয় নাই॥ ৪১॥ উপাসনা পূজাকে কহে সে পূজা দ্রব্যের অপেক্ষা রাখে এমত নহে।। উপস্থিতে২তস্তদ্বচনাৎ।। ৪২ ॥ দ্রব্যের উপস্থিতে দ্রব্য দিয়া উপাসনা করিবেক বে হেতু কছিয়াছেন যে ভোজনের নিমিত্ত যাহা উপস্থিত হয় তাহাতেই হোম করিবেক দ্রব্য উপ-বিদ্বান ব্যক্তি অগ্নি স্থাপন করিবেক অতএব কর্ম্মের অস্ত্রন্ম বিদ্যা হয় এমত নহে। তন্নির্দ্ধারণানিয়মস্তদ্দ্দেটঃ পৃথগ্ঘাপ্রতিবন্ধঃ ফলং।। ৪৩ ।। বিদ্যার কর্মাঙ্গ হইবার নিশ্চয়ের নিয়ম নাই যে হেতু বেদেতে কর্ম হইতে বিদ্যার প্রথক উৎক্ষট ফল কহিয়াছেন আর বেদেতে দৃষ্ট হইতেছে যে ব্রন্মজানী আর যে ব্যক্তি ব্রন্মজানী নয় উভয়ে কর্ম্ম করিবেক এখানে ব্রন্ম বিদ্যা বিনা কর্মের প্রতিবন্ধকতা নাই যদি ব্রহ্ম বিদ্যা কর্মের অঙ্গ হইত তবে বিদ্যা বিনা কর্মের সম্ভাবনা হইত নাই॥ ৪৩॥ সংবর্গ বিদ্যাতে বায়ুকে অগ্নি আদি হইতে শ্রেষ্ঠ কহিয়াছেন আর প্রাণকে বাক্যাদি ইন্দ্রিয় হইতে উত্তম করিয়া বর্ণন করিয়াছেন অতএব বায়ু আর প্রাণের অভেদ হউক এমত নহে ।। প্রদানবদেব তছুক্তং ।। ৪৪ ।। এক স্থানে বেদে কহেন ইন্দ্ররাজাকে একাদশ পাত্তের সংস্কৃত পুরোড়াশ অর্থাৎ পিষ্টক দিবেক অন্যত্র কহেন ইন্ত্রকে তিন পাত্রে পুরোড়াশ দিবেক এই ছুই স্থলে যদ্য-পিও পুরোড়াশ প্রদানে ইন্দ্র দেবতা হয়েন তত্ত্বাপি প্রয়োগের ভেদ দৃষ্টিতে দেবতার ভেদ আর দেবতার ভেদে আছতি প্রদানের ভেদ যেমন স্বীকার করা যায় সেই রূপ^{*}বায়ু আর প্রাণের গুণের ভেদ দ্বারা প্রয়োগ ভেদ মানিতে হইবেক জৈমিনিও এইমত কহেন। জৈমিনি স্ক্রে। নানাদে-বতা পৃথগজ্ঞানাৎ। যদ্যপি বস্তুত দেবতা এক তথাপি প্রয়োগ ভেদের ছারা পৃথক পৃথক জ্ঞান করিতে হয়।। ৪৪।। বেদেতে মনকে অধিকার করিয়া কহিতেছেন যে ছত্ত্রীশ হাঁজার দিন মহুষ্যের আয়ুর পরিমাণ এই ছত্রীশহাজার দিনেতে খনের রন্তিরূপ অগ্নিকে মন দেখেন এঞ্রতি কর্ম প্রকরণেতে দেখিতেছি অতএব এই সঙ্কপে রূপ অগ্নি কর্ম্মের অঙ্গ'হয় थनन नरर । निकरूप्रख्वाखिक वनीयखनिर्म ।। se ।। ्रवरम के श्राकरा

किंदियां हिन त्य यावेद लात्क भरनत बाता यां यां किंदू महत्त्र करत त्रहे সঙ্কম্প রূপ অগ্নিকে পশ্চাৎ সাধন করে আর কহিয়াছেন সর্ব্বদা সকল লোকে সেই মনের সঙ্কপে রূপ অগ্নিকে প্রতিপন্ন করে এই সকল শ্রুতিতে কর্মান্স ভিন্ন যে সঙ্কণ্প রূপ অগ্রি তাহার বিষয়ে লিঙ্গ বাহল্য আছে অর্থাৎ मर्ख लात्कत मर्खकाल यादा जादा कता कर्त्मात अन दहेरज शास नाहै। যেহেতু প্রকরণ হইতে লিক্সের বলবতা আছে অতএব লিঙ্গবল প্রকরণ বলের বাধক হয় এই রূপ প্রকরণ হইতে, লিক্সের বলবতা জৈমিনিও কহিয়াছেন। জৈমিনি হত্ত। শ্রুতিলিঙ্গৰাক্যপ্রকরণস্থানসমাধ্যানাং সমবায়ে পারদৌর্বল্যমর্থবিপ্রকর্ষাৎ। শ্রুত্যাদির মধ্যে অনেকের যে-খানে সংযোগ হয় সেখানে পূর্ব্ব পূর্ব্ব বলবান পর পর ছর্ববলু ্যু হেতু পূর্ব্ব পূর্ব্বের অপেক্ষা করিয়া উত্তর উত্তর বিলম্বে অর্থকে বোধ করায়।। ৪৫॥ পরের ছুই স্থাত্তে নন্দেহ করিতেছেন।। পূর্ব্ববিকল্পঃ প্রকরণাৎ স্যাৎ ক্রিয়া মানসবৎ ॥ ৪৬ ॥ বেদে কহেন ইটিকা অর্থাৎ মন্ত্র বিশেষের ছারা অগ্নির আহরণ করিবেক এই প্রকরণ নিমিত্ত মনোরতি রূপ ক্রিয়াগ্নি পূর্ব্বোক্ত যাজ্ঞিক অগ্নির বিকল্পেতে অঙ্গ হয় যেমন দ্বাদশাহ যজ্ঞের দশম দিবসে সকল কার্য্য মানসে করিবেক বিধি আছে এই বিধি প্রযুক্ত মানস কার্য্য দ্বাদশাহ যজের অঙ্গ হয় সেই রূপ এখানেও মনোরুত্তি অগ্নি যজের অঙ্গ হইতে পারে পূর্ব্বোক্ত যে লিঙ্গের বলবতা কহিয়াছ সে এই স্থলে অর্থবাদ মাত্র বস্তুত লিঙ্গ নহে।। ৪৬।। অতিদেশাচ্চ।। ৪৭।। বেদে কহেন रयमन रखाधि रमहे ऋष मरनाइखि अधि हर এই अछि रम अर्थाय मामुना कथरनत द्वाता मरनाहि जि कि कर्त्यत जक देश ॥ 8१ ॥ পর স্ত্রে ছারা সঁমাধান করিতেছেন।। বিদ্যৈব তু নির্দ্ধারণাৎ।। ৪৮॥ মনের রভি রূপ অগ্নি সরুল কর্মাঙ্গ না হইয়া পৃথক বিদ্যা হয় যে হেতু বেদে পৃথক বিদ্যা করিয়া নির্দ্ধারণ কহিয়াছেন।। ৪৮॥ দর্শনাচ্চ।। ৪৯॥ মনোর্ত্তি অগ্নি স্বতন্ত্র হয় এমত বোধক শব্দ বেদে দেখিতেছি।। ৪৯।। শ্রুত্যাদিবলীয়স্ত্রা-চ্চ ন বাধ:। ৫০। সাক্ষাৎ শ্রুতিতে কহিয়াছেন বে মনোরতি রূপ কেবল স্বতন্ত্র বিদ্যা হয় আর পূর্বেবাক্ত লিঙ্গ বাছল্য আছে এবং বাক্য অর্থাৎ বেদে কহিয়াছেন যে মনোরুব্রি অগ্নি জ্ঞানী হইতে সম্পন্ন হয়েন এই তিনের

ৰলৰতা মারা মনোরতি অগি পৃথক বিদ্যা করিয়া নিষ্পান্ন হইল এই পৃথক বিদ্যা হওষার বাধক কেবল প্রকরণ বল হইতে পারিবেক নাই। ৫০॥ অত্বন্ধাদিভ্যঃ প্রজান্তরপৃথকত্ববৎ দৃষ্টশ্চ তত্ত্বকং॥৫১॥ মনোরত্তি অগ্নিকে কর্মাক অগ্নি হইতে পৃথক রূপে বেদেতে অমূবক অগাৎ কথন আছে আর যজ্ঞায়ি এবং মনোর্ত্তি অগ্নি উভয়ের সাদৃশ্য বেদে দিয়াছেন অতএব মনের রব্তি স্বরূপ অগি বজ হইতে স্বতন্ত্র হয় ইহার স্বতন্ত্র হওয়া चीकात ना कतित्व त्रामत अञ्चयक्ष अवश्माष्ट्रणा कथन इंथा श्हेशा यात्र। প্রজান্তর অর্থাৎ শাণ্ডিল্য বিদ্যা যেমন অন্য বিদ্যা হইতে পৃথক হয় সেই রূপ এখানে পার্থক্য মানিতে হইবেক। আর এক প্রকরণে ছুই বস্তু কথিত হইয়াও ক্যেন স্থানে এক বস্তুর বিশেষ কারণের ছারা উৎকর্ষতা হয় যে মন রাজস্য মজ্ঞ আর আগ্নেয়েবেষ্ট য়জ্ঞ যদ্যপিও এক প্রকরণে কথিত হইয়াছেন তত্ত্ৰাপি আগ্লেমেবেক ব্ৰাহ্মণ কর্তৃক নিমিত্ত রাজস্ম হইতে উৎক্ষে হয়। তবে দাদশাহ যজের দশম দিবসীয় মানস্ ক্রিয়া যেমন যজ্ঞের অঙ্গ হয় সেই সাম্যোর দ্বারা মনোরত্তি অগ্নি কর্মাঙ্গ হয় এমত আ-শক্ষা যাহা করিয়াছ তাহার উত্তর শ্রুত্যাদি বলীয়ন্তাদি শুত্রে কওয়া গি-য়াছে অর্থাৎ আছতি এবং লিঙ্গ এবং বাক্য এ তিনের প্রমাণের দ্বারা মনো হ্বত্তি অগ্নি স্বতন্ত্র হয় কর্মান্স না হয়। ৫১।। অদৃঢ় উপাসনার দ্বারা মুক্তি হয় কি না, এই সন্দেহেতে পর স্ত্র কহিয়াছেন ।। ন সামান্যাদপ্যুপলন্ধে-মৃ জ্যুবন্ন হি লোকাপত্তিঃ ॥ ৫২॥ সামান্য উপাসনা করিলে মুক্তি হয় নাই যে হেতু সেই টুপাসনা হইতে জান কিম্বা ব্রহ্ম লোক ছুয়ের এক প্রাপ্তি হয় না এই রূপ শ্রুতিতে এবং স্মৃতিতে দৃষ্ট হইতেছে যেমন মুদ্ধু আঘাতে মৰ্শ্ম ভেদ হয় না অতথৰ মৃত্যুও হয় না কিন্তু দৃঢ় আঘাত হইতে মৰ্শ্মভেদ হইয়া মৃত্যু হয় সেই রূপ দৃঢ় উপাসনা হইতে জ্ঞান জিমিলা মুক্তি হয় ॥৫২॥ **সকল উপাসনা তুল্য এমত নহে॥ পরেণ চ শব্দস্য তাদ্বিধ্যং ভূয়ন্ত্রার্** ছ্বন্ধ:॥৫৩॥ পরমেশ্বর এবং তাঁহাদ্মজনের সহিত অন্থবন্ধ অর্থাৎ প্রীতি আর তাজিধ্য অর্থাৎ প্রীতামূকূল ব্যাপার এই ছুই পরম মুখ্য উপাসনা হয় যে **হেতৃ শ্রুতিও এই রূপ উপাসনাকে অনেক স্থানে কহি**য়াছেন। **৩০। বেদে কহিতেছেন আত্মার উপকার নিমিত্ত অপর বস্তু** প্রিয় হয়

অতএব আত্মা হইতে অধিক প্রিয় কেহ নয় তবে ঈশ্বরেতে আত্মা হইতে অধিক প্রীতি কি রূপে হইতে পারে তাহার উত্তর এই ॥ এক আত্মনঃ শরীরে ভাবাৎ। ৫৪। আত্মা হইতে অর্থাৎ জীব হইতেও ঈশ্বর মুখ্য প্রিয় অতএব অতি স্লেহ দারা তিহেঁ৷ উপাদ্য হয়েন যে হেতু সর্ব্বাবস্থাতে ঈশর সমুদায় ইন্দ্রিয়কে স্ব স্ব কার্য্যে প্রবর্ত্ত করিয়া পরম উপকারী রূপে সর্ব্বে শরীরে অবস্থিতি করেন॥ ৫৪॥ জীব হইতে পরমেশ্বর ভিন্ন নহেন অর্থাৎ জীব ঈশ্বর হয়েন যে হেতু জীব ব্যতিরেক অপর ঈশ্বর ইন্দ্রিয়ের ছারা উপলব্ধ হয় নাই এমত কহিতে পারিবে নাই ॥ ব্যতিরেক্স্ত তন্তাব-ভাবিতত্বান্ন তৃপলব্ধিবৎ ॥ ৫৫ ॥ পরমেশ্বরে আর জীবে ভেদ আছে যেহেতু জীবের সত্তার দ্বারা পরমেশ্বরের সত্তা না হয় বরঞ্চ পরমেশ্বরের সত্তাতে জীবের সত্তা হয় আর ঈশ্বর অপর বস্তুর ন্যায় ইন্দ্রিয় গ্রাহ্য না হয়েন কিন্তু কেবল উত্তম জ্ঞানের দ্বারা গ্রাহ্ম হয়েন। ৫৫॥ উদ্গীথের অব্যব ওঁকারে প্রাণের উপাসনা কহিয়াছেন আর কোন শা-খাতে উক্থতে পৃথিবীর উপাসনা কহেন এই রূপ উপাসনা সেই সেই শাখাতে হইবেক অন্য শাখাতে হইবেক নাই এমত নহে। অঙ্গাববদ্ধান্ত ন শাখাত্ম হি প্রতিবেদং ॥৫৬॥ অঙ্গাববদ্ধ অর্থাৎ অঙ্গাল্রিত উপাসনা প্রতি বেদের শাখা বিশেষে কেবল হইবেক না বরঞ্চ এক শাখার উপাসনা অপর শাথাতে সংগ্রহ হইবেক উদ্গীথাদি শ্রুতির শাথা বিশেষের দারা विरागव ना रहा॥ ८७॥ मञ्जापितवाश्वीरताथः॥ ८१॥ त्यमन शायां थे ७-নেব মন্ত্র আর প্রয়াযাদের মন্ত্রের শাখান্তরে গ্রহণ হয় সেই রূপ পূর্ব্বোক্ত , উক্থাদি শ্রুতির শাখান্তরে লইলে বিরোধ না হ্য় ॥ ৫৭ ॥ সম্ভার এবং চৈতনোর ভেদ কোন ব্যক্তিতে নাই অতএব সকল উপাসনা তুল্য হউক এমত নহে। ভুম্ন: ক্রতুবৎ জ্যায়ন্তঃ তথা হি দর্শয়তি। ৫৮। সকল গুণের প্রকাশের কর্ত্তা যে পরমেশ্বর তাঁহার উপাসনা শ্রেষ্ঠ হয় যেমন সকল কর্ম্মের মধ্যে যজ্ঞকে শ্রেষ্ঠ মানা যায় এই রূপে বেদে দেখাইতেছেন ॥ ৫৮ ॥ তবে নানা প্রকার উপাসনা কেন তাহার উত্তর এই ৷৷ নানা শব্দাদিতে-দাৎ। ৫৯। পৃথক পৃথক অধিকারীরা পৃথক উপাসনা করে যে ছেতু শাস্ত্র নানা প্রকার আর আচার্য্য নানা প্রকার হয় ॥৫৯॥ নানা উপাসনা

এক কালে এক জন করুক এমত নহে। বিকল্পোবিশিস্টফলভাৎ॥ ৬०॥ উপাসনার বিকম্প হয় অর্থাৎ এক উপাসনা করিবেক যেহেতু পৃথক পৃথক উপাসনার পৃথক পৃথক বিশিষ্ট ফলের শ্রবণ আছে। ৬০ । কাম্যান্ত যথা-কামং সমুচ্চীয়েরয় বা পূর্ব্বহেত্বভাবাৎ ॥ ৬১ ॥ কাম্যোপায়না এক কালে জনেক করে কিম্বা না করে তাহার বিশেষ কথন নাই যে হেতু কাম্য উপা-मनात विनिक्के करलत व्यवन शूर्ववर वर्शा वकाम जेशामृनात नगात प्रश ষায় না ॥ ৬১ ॥ অঙ্কেষ্ যথাঞ্জং ভাবঃ ॥ ৬২ ॥ সুর্য্যাদি যাবৎ বিরাট পুরু-বের অঙ্গ হয়েন তাহাতে অঙ্গের উদ্দেশ বিনা স্বতন্ত্র রূপে স্থ্যানের উপা সনা করিবৈক না॥ ৬২ ॥ শিস্টেশ্চ ॥ ৬৩ ॥ শ্রুতি শাসনের দ্বারা স্র্যাদি যাবৎ ফ্রেডাকে বিরাট পুরুষের চক্ষুরাদি রূপে জানিয়া উপাসনা করিবেক পৃথক রূপে করিবেক নাই।। ৬৩ ॥সমাহারাৎ।। ৬৪॥ সমুদায় সুর্ঘাদি অঙ্গ উপাননা করিলে অঙ্গী যে বিরাট পুরুষ তাহার উপাননা হয়।। ৬৪।। গুণসাধারণাক্রতে 🕫 ॥ ৬৫॥ 🛛 গুণ অর্থাৎ অঙ্গোপাসনার সর্বত্তি বেদে সাধারণে শ্রবণ হইতেছে অতএব সমুদায় অঙ্গের উপাসনাতে অঙ্গীর উপাসনা সিদ্ধ হয় ॥ ৬৫ ॥ ন বা তৎসহভাবাশ্রুতেঃ ॥ ৬৬ ॥ বেদে কহি-ুয়াছেন যে ব্ৰহ্মের সহিত সুর্য্যাদের সত্তা থাকে নাই অতএব সুর্য্যাদি দেব-ভার উপাসনা করিবেক কিম্বা না করিবেক উভয়ের বিকম্প প্রাপ্তি হয়॥ ৬৬।। দর্শনাচ্চ।। ৬৭।। বেদে কহিয়াছেন যে এক ব্রহ্ম বিনা অপরের উপাসনা করিবেক না অতএব এই দৃষ্টিতে অসোপাসনা করিবেক না।। ৬৭॥ ইতি ভূতীয়াধায়ে ভূতীয়ং পাদং॥ 🕬

ওঁ তৎসং।। আত্ম বিদ্যা কর্ম্মের অঙ্গ হয়েন অতএব আত্ম বিদ্যা इहेरि चित्र कन **शाशि ना इ**म्न धमक नरह ॥ श्रूक्मार्याकः मनामिकि वा-দরায়ণ: ॥ ১॥ আত্ম বিদ্যা হইতে সকল পুরুষার্থ সিদ্ধ হয় বেদে কহি-য়াছেন ব্যাকের এই মত॥ ১॥ শেষদ্বাৎ পুরুষার্থবাদো ষ্থান্যেষিতি জৈনিনিঃ ॥ ২ ॥ প্রযাজাদি যজের স্তুতিতে লিখিয়াছেন যে যাজক অপাপ হয় এই অর্থবাদ মাত্র সেই রূপ আত্ম জ্ঞানীর পুরুষার্থ প্রাপ্তি হয় এই শ্রুতিতেও অর্থবাদ জানিবে অতএব কেবল জ্ঞানের দ্বারা পুরুষার্থ সিদ্ধ না হয় যে হেতু জান সর্বাদা কর্মের শেষ হয় শ্বতন্ত্র ফল দেন নাই জৈমি-নির এই মত ॥ ২॥ আচারদর্শনাৎ ॥ ৩ ॥ বেদে রুইয়াছেন যে জনক বহু দক্ষিণা দিয়া যক্ত করিয়াছেন অতএব জানীদের কর্মাটার দেখিয়া উপলব্ধি হইতেছে যে আত্ম বিদ্যা কর্মাঙ্গ হয়।। ৩।। তৎশ্রুতে:।। ৪।। বেদে কহিয়াছেন যে কর্মকে আত্ম বিদ্যার দ্বারা করিবেক সে অন্য কর্ম হইতে উত্তম হইবেক অতএব আত্ম বিদ্যা কর্মের শেষ এমত প্রবণ হই-তেছে ॥ ৪ ॥ সময়ারস্ত্রপাৎ ॥ ৫ ॥ বেদে কহিয়াছেন যে কর্ম্ম আর আত্ম বিদ্যা পর লোকে পুরুষের সমন্বারম্ভণ করে অর্থাৎ সঙ্গে যায় অতএব আত্ম বিদ্যা পৃথক ফল না হয়।। ৫।। তদ্বতোবিধানাৎ।। ৬।। বেদাধ্যয়ন বিশিক্ট ব্যক্তির কর্ম্ম বিধান হয় এমত বেদে কহিয়াছেন অতএব আত্ম विमा अज्ञ नय ॥ ७ ॥ नियमोक्र ॥ १ ॥ दिरा भेजवर्ष भर्या अर्थ कर्य कर्व ব্যের নিয়ম করিয়াছেন অতএব আত্ম বিদ্যা কর্মের অন্তর্গত হইবেক॥ १॥ এই সকল খতে জৈমিনির পূর্ববিশক্ষ তাহার সিদ্ধান্ত পর পর খতে করি-'তেছেন।। অধিকোপদেশাত বাদরায়ণসৈয়বং তদ্দর্শনাৎ।। ৮।। বৈদেতে কর্মান্ত পুরুষ হইতে জানী অধিক হয়েন এমত দেখিতেছি অতএব জান সর্ব্বদা কর্ম হইতে স্বতন্ত্র হয় এই হেডু বাদরায়ণের মত যে আত্ম বিদ্যা হইতে পুরুষার্থকে পায় সেমত সপ্রমাণ হয় ॥ ৮॥ তূল্যস্ক দর্শনং ॥ ३॥ জনকের যেমত জ্ঞান এবং কর্ম ছুইয়ের দর্শন আছে সেই মত অনেক জ্ঞানীর কর্মা ত্যাগেরো দর্শন আছে যে হেতু বেদে কহিয়াছেন জ্ঞানীরা অগ্নিহোত্র করেন নাই।। ৯।। অসার্ব্বত্তিকী।। ১০।। জ্ঞান সহিত যে কর্ম্ম সে অন্য কর্ম হইতে উত্তম হয় এই শ্রুতির অধিকার সর্বত্তে নহে কেবল

উদ্গীথে যে কর্ম্ম সকল বিহিত তৎপর এ শ্রুতি হয় ॥১০॥ বিভাগঃ শক্ত বং ॥ ১১ ॥ যেমন একশন্ত মুক্ৰা ছুই ব্যক্তিকে দিতে কহিলে প্ৰত্যেককে পঞ্চাশ পঞ্চাশ দিতে হয় সেই রূপ যে শ্রুতিতে কহিয়াছেন যে পুরুষের সঙ্গে পর লোকে কর্ম্ম এবং আত্ম বিদ্যা যায় তাহার তাৎপর্য্য এই যে কোন পুরুষের সহিত পর লোকে কর্ম্ম যায় কাহার সহিত আত্ম বিদ্যা যায় এই রূপ ছুইয়ের ভাগ হইবেক।। ১১ ॥ অধাষনমাত্রবতঃ ॥ ১২ ॥ यেখানে বেদে কহিয়াছেন যে বেদাধায়ৰ বিশিষ্ট ব্যক্তি কর্ম করিবেক সেখানে তাৎপর্য্য জ্ঞানী না হয় বরঞ্চ তাৎপর্য্য এই যে অর্থ না জ্ঞানিয়া বেদাধ্যয়ন যাহারা করে এমত পুরুষের কর্ম কর্তব্য হয়।। ১২।। নাবিশেষাৎ।। ১৩।। যেখানে ব্রেক্তে করেন শতবর্ষ পর্য্যস্ত কর্ম্ম করিবেক সেখানে জ্ঞানী কিয়া অন্য এক্লপ বিশেষ নাই অতএৰ এ শ্রুতি অজ্ঞানী পর হয়।। ১৩।। স্থাতরেছ মুম্বর্তির্বা।। ১৪।। অথবা জানীর স্থাতির নিমিত্তে এরূপ বেদে কহিয়াছেন যে জ্ঞান বিশিস্ট হইয়াও শতবর্ষ পর্যান্ত কর্ম্ম করিবেক তত্রাপি কদাচিৎ কর্ম্ম সেই জ্ঞানীর বন্ধনের হেতু হইবেক না॥ ১৪॥ কামকারেণ চৈকে।। ১৫।। বেদে কছেন যে কোন জ্ঞানীরা আত্মাকে আদ্ধা করিয়া গার্হস্তা কর্মা আপন আপন ইচ্ছাতে ত্যাগ করিয়াছেন অতএব আত্ম বিদ্যা কর্মাঙ্গ না হয় ॥ ১৫ ॥ উপমৃদ্ধ ৠ ১৬ ॥ বেদে কহিতেছেন যে যখন জ্ঞানীর সর্ব্বন্ধ আত্ম জ্ঞান উপস্থিত হয় তখন কোন নিমিত্তে কর্মাদিকে দেখেন না অতএব জান হটলে পর কর্মের উপমর্দ্ধ অর্থাৎ অভাব হয়। ১৬॥ উর্জরেত:স্কুচ শব্দে হি॥১৭॥ বেদে কছেন যে এ জ্ঞান উর্জরেতাকে কহিবেক অতএব উর্দ্রেতা যাঁহার অগ্নিহোত্রাদিতে অধিকার নাই তাঁহারা কেবল জ্ঞানের অধিকারী হয়েন। ১৭। বেদে কছেন ধর্মের তিন ক্ষত্ধ অর্থাৎ তিন আশ্রয় হয় গার্হস্থ্য ব্রহ্মচর্য্য বানপ্রস্থ এই হেতু ব্রহ্ম প্রাপ্তি নিমিত্ত কর্মা সন্ধ্যাসের উপর পূর্বপক্ষ করিতেছেন ॥ পরামর্শং জৈমিনির-**हो हि ॥ ३५ ॥ विंहर हो त्रि चोध्य**स्यत्र या अन्नारमञ् কথন কেবল অমুবাদ মাত্র জৈমিনি কহিয়াছেন যেমন সমুদ্র তটস্থ ব্যক্তি करह रा जन रहेरा प्रशं छेमग्र हरान मिहे क्रा वामामा कर्म छा। वी দেখিয়া সন্ত্যাসের অফু কথন আছে অতএব সন্ত্যাসের বিশ্বি নাই আরু বে-

দেতে কহিয়াছেন যে যে কোন ব্যক্তি অগ্নিহোত্র ত্যাগ করে সে দেবতা ছত্যা করে অতএব বেদে সন্ন্যাসের অপবাদ অর্থাৎ নিষেধ আছে যদি কছ বেদে কহিতেছেন যে ব্রহ্মচর্য্য পরেই কর্ম্ম সন্ম্যাস করিবেক অতএব সন্ধ্যাস করণের বিধ্রি ইহার দ্বারা পাওয়া যাইতেছে তাহার উত্তর এই যে এ বিধি অপূর্ব্ব বিধি নহে কেবল অলস ব্যক্তির জন্যে এমত কথন আছে অথবা স্তুতিপর এ শ্রুতি হয়॥ ১৮॥ পূর্ব্ব হত্তের সিদ্ধান্ত করিতেছেন॥ অমৃ-ষ্ঠেয়ং বাদরায়ণঃ সাম্যশ্রুতেঃ ॥১৯॥ সন্ধ্যাংস অনুষ্ঠানের আবশ্যকতা আছে বাাস কহিয়াছেন যে হেতু দেবতাধিকারের ন্যায় সন্ন্যাস বিধির যে শ্রুতি সে স্থাতিপর বাক্য হইয়াও ঐ শ্রুতিতে সিদ্ধ যে চারি আশ্রম তাহার সম-তার নিয়ম করেন অর্থাৎ চারি আশ্রমের সমান কর্ত্তব্যতা হুয় শ্রুতিতে কহেন। দেবতাধিকারের তাৎপর্য্য এই যে বেদে কহিয়াছেন দেবতার মধ্যে যাহঁ রা ব্রহ্ম সাধন করেন ডিহেঁ। ব্রহ্মকে পায়েন এ শ্রুতি যদ্যূপিও স্থৃতি পর হয় তত্রাপি এই স্থতির দ্বারা দেবতার ব্রন্মজ্ঞানের অধিকার পাওয়া ষায়। যদি কহ অগ্নিহোত্ত ত্যাগী দেবতা হত্যা জন্য পাপ ভাগী হয় তাহার উত্তর এই যে সে শ্রুতি অজ্ঞানপর হয়॥ ১৯॥ বিধিবরা ধারণবৎ॥ ২০॥ গৃহস্থাদি ধর্ম ধারণে যেমন বেদে স্থাতি পূর্ববিধ আছে সেই রূপ সন্নাদেরো স্তুতি পূর্ব্বক বিধি আছে অতএব উভয়ের বৈলক্ষণা নাই। আসক্ত অজ্ঞানীর ব্রহ্ম নিষ্ঠা ছুর্লভ হয় এই বা শব্দের অর্থ জানিবে ॥ ২০ ॥ স্তুতিমাত্রমূপাদানাদিতি চেশ্লাপূর্ব্বত্বাৎ ॥ ২১॥ বেদে কহেন এ উদগীথ দকল রদের উত্তম হয় অতএব কর্মান্স উদ্গীথের স্তুতি মাত্র পাওয়া যাইতেছে যেমন ক্রবকে বেদে আদিতা রপে স্তুতি পূর্বক কহিয়াছেন সেই রূপ উদ্গীথের গ্রহণ এখানে তাৎপর্য্য হয় এমত নহে যে হেতু প্রমা-ণান্তর হইতে উদ্গীথের উপাসনার বিধি নাই অতএব এ অপূর্ব্ব বিধিকে স্তৃতিপর কথন যুক্ত হয় না। অপূর্ব্ব বিধি তাহাকে বলি যে অপ্রাপ্ত বস্তুকে প্রাপ্ত করে যেমন স্বর্গকামী অখনেধ করিবেক অখনেধ করা পূর্কে কোন প্রমাণের দ্বারা প্রাপ্ত ছিল না এই থিধিতে অশ্বমেধের কর্তব্যতা भाउमां ताम ॥ २১ ॥ ভारमधाक्र ॥ २२ ॥ छेम् गीथ छेभामना कतित्वक এই ভাব অর্থাৎ উপাসনা তাহার বিধায়ক যে বেদ সেই বেদের ছারা

কর্মান্ত পুরুষের আশ্রিত যে উদ্গীথ তাহার উপাসনা এবং রসতমত্ত্বর বিধান জানীর প্রতি পাওয়া যাইতেছে অতএব কর্ম্মাঙ্গ পুরুষের অনাশ্রিত যে বন্ধ বিদ্যা তাহার অমুষ্ঠান জানীর কর্ত্তব্য এ স্থতরাং যুক্ত হয়॥ ২২ ॥ পারিপ্লবার্থাইতি চেন্ন বিশেষিতত্বাৎ ॥২৩॥ পারিপ্লব সেই বাক্য হয় যাহা অশ্বমেধ যজ্ঞে রাজাদের তৃষ্টির নিমিত্ত বলা যায়। আখ্যায়িকা অর্থাৎ ষাজ্ঞবন্ধ্য ও তাহার ছুই স্ত্রী মৈত্রেয়ী আর কাত্যায়নীর সন্বাদ যাহা বেদে লিখিয়াছেন সে সন্থাদ পারিপ্লব মাত্র অর্থাৎ ব্রহ্ম বিদ্যার এক দেশ না হয় এমত নহে যে হেতু মহুর্কৈবস্বতোরাজা এই আরম্ভ করিয়া পারিপ্লব মাচক্ষীত এই পর্যান্ত পারিপ্লব প্রাসিদ্ধ হয় এমত বিশেষ কথন আছে ॥২৩॥ তথা চৈক্<u>বা</u>ক্ততোপবদ্ধাৎ ॥ ২৪ ॥ যদি ঐ আখ্যায়িকা পারিপ্লবের তুল্য না হইল তবে স্থতরাং নিকটবর্ত্তি আত্ম বিদ্যার সহিত আখ্যায়িকার সম্বন্ধ স্বীকার করিতে হইবেক অডএব আখ্যায়িকা আত্ম বিদ্যার এক দেশ ব্রন্ধ বিদ্যার ফল শ্রুতি আছে অতএব ব্রন্ধ বিদ্যা কর্ম্মের সাপেক হয় এমত নহে॥ অতএবাগীন্ধনাদ্যনপেকা॥২৫॥ আত্ম বিদ্যা হইতে পৃথক পুরুষার্থ সিদ্ধ হয় এই হেতু জ্ঞানের উত্তর অগ্নি আর ইন্ধ-নের উপলক্ষিত যাবৎ নিত্য নৈমিত্তিক কর্ম্মের অপেক্ষা থাকে না কর্ম্মের क्ल क्यात्मत रेक्ट्रा रस मुक्ति कर्त्यात कल नरह ॥ २० ॥ क्यात्मत शृर्स्व ७ কর্মাপেকা নাই এমত নহে। সর্বাপেকা চ যজ্ঞাদিশ্রতেরখবং। ২৬। জ্ঞানের পূর্ব্বে চিত্ত শুদ্ধির নিমিত্ত সর্ব্ব কর্ম্মের অপেক্ষা থাকে যে হেতু বেদেতে यक्डामिटक ब्लानित माधन किशाहिन स्थमन शृह প্রাপ্তি পর্যান্ত অখের প্রয়োজন থাকে সেই র'প একা নিষ্ঠ হওয়া পর্য্যন্ত কর্ম্মের অপেকা জানিবে ॥২৬॥ শমদমাত্মপেতঃ স্যাত্তথাপি তু তদ্বিধেন্তদঙ্গতয়া তেষামবশ্যা-স্থতিয়ত্বাৎ ॥ ২৭ ॥ জ্ঞানের অন্তরঙ্গ শম দমাদের বিধান প্রদেতে আছে অতএব শম দুমাদের অবশ্য অনুষ্ঠান কর্ত্তব্য এই হেতু ব্রন্ধজ্ঞান জিমালে পরেও শম দমাদি বিশিষ্ট থাকিবেক। শম মনের নিগ্রছ। দম বহিরিক্তি তিভিক্ষা অপকারির প্রতি অপকার ইচ্ছা না করা। উপরতি বিষয় হইতে, নিরন্তি। শ্রদ্ধা শাল্পে দৃঢ় বিশ্বাস। সমাধি চিত্তের একাগ্র হওয়া। বিবেক ব্রহ্ম সত্য জগৎ মিথ্যা ইত্যাকার বিচার। বৈরাগ্য

বিষয় হইতে প্রীতি ত্যাগ। মুমুক্ষা মুক্তি সাধনের ইচ্ছা॥২৭॥ বেদে करिशास्त्र उन्नकानी जुकन वस्त्र थाहितक देशात्र अञ्जिला प्रकल খদ্যাখাদ্য খাইবেক এমত নহে ॥ সর্ব্বান্নান্তমতিচ্চ প্রাণাত্যযে তব্দর্শনাৎ ॥ ২৮॥ সর্ব্ধ প্রকার খাদ্যের বিধি জ্ঞানীকে প্রাণাত্যযে অর্থাৎ আপৎ काल আছে যে হেতু চাক্রায়ণ ঋষি ছুর্ভিক্ষে হস্তি পালের উচ্ছিষ্ট থাই-য়াছেন অতএব প্রাণ রক্ষা নিমিত্ত সর্ব্বান্ন ভক্ষণের বিধি বেদেতে দেখি-তেছি॥ ২৮॥ অবাধাচ্চ॥ ২৯॥ জ্ঞান ,হইলে সদাচার করিলে জ্ঞানের বাধা জয়ে নাই অতএব সদাচার জানীর অকর্ত্তব্য নয় ॥ ২৯ ॥ অপি চ শ্ব-ৰ্যাতে ॥ ৩০ ॥ স্কৃতিতেও আপৎ কালে সৰ্ব্বান্ন ভক্ষণ করিলে পাপ নাই আর সদাচার কর্ত্তব্য হয় এমত কহিতেছেন ॥ ৩০ ॥ भेयभ्कामगुकाমকারে ॥ ৩১॥ জ্ঞানী ব্যক্তি যখন যাহা ইচ্ছা হয় তাহা করিবেক না এমত শব্দ অর্থাৎ শ্রুতি আছে ॥ ৩১ ॥ বিহিতত্বাক্সান্ত্রমকর্মাপি ॥ ৩২ ॥ বেদে বর্ণাশ্রম বিহিত কর্ম্মের জ্ঞানীর প্রতিও বিধান আছে অতএব জ্ঞানী বর্ণাশ্রম কর্ম্ম করিবেক। ৩২। সহকারিছেন চ। ৩৩। সৎ কর্ম জ্ঞানের সহকারি হয় এই হেতু সৎ কর্ম কর্ত্তব্য ॥ ৩৩ ॥ কাশীতে মহাদেব তারক মন্ত্র প্রাণীকে উপদেশ করেন এমত বেদে কহেন অতএব কাশীবাস বিনা অপর শুভ কর্ম্মের প্রয়োজন নাই এমত নহে॥ সর্ব্বথাপি তু তত্র বোভযলিঙ্গাৎ॥৩৪॥ সর্ববিধা মহাদেবের উপদেশ কাশীতে আছে তথাপি শুভ নিষ্ঠ ব্যক্তি जकन मुक रायन अल्ल निर्व मुक ना रायन देशक छेलायत निपर्भन বেদে আছে। যেমন বিরোচন আর ইক্সকে ব্রন্ধা আল্ল জ্ঞান কহিলেন विद्यानन कान व्याथ रहेन ना हेन एंड कर्माधीन कान व्याथ रहे-লেন ॥ ৩৪ ॥ অনভিভবঞ্চ দর্শয়তি ॥ ৩৫ ॥ স্বভাবের অনভিভব অর্থাৎ আদর বেদে দৈখাইতেছেন অতএব শুভ স্বভাব বিশিষ্ট হইবেক। ৩৫,॥ বর্ণাশ্রম বিহিত ক্রিয়া রহিত ব্যক্তির ব্রন্ধজ্ঞান নাই এমত নহে। অন্তরা চা-পি তু তদ্দুক্টে:।।৩৬।। অন্তরা অর্থাৎ আশ্রমের ক্রিয়া বিনাও জান জন্মে রৈক্য প্রভৃতি অনাশ্রমীর জ্ঞানের উৎপত্তি হইয়াছে এমত নিদর্শন বেদে আছে।। ৩৬।। অপি চ শ্বৰ্যাতে।।৩৭।। স্কৃতিতেও আঞ্রম বিনা জ্ঞান জন্মে এমত নিদর্শন আছে।। ৩৭।। বিশেষামুগ্রহশ্চ ।। ৩৮।। ঈশরের উদ্দেশে

যে আশ্রম তাঁগি করে তাহার প্রতি ঈশ্বরের বিশেষ অমুগ্রহ হয় সে ব্যক্তির জ্ঞানের অধিকার স্বতরাং জয়ে।। ৩৮।। তবে আশ্রম বিফল হয় এমত নহে।। অভস্তি তরজায়োলিকাচ ॥ ৩৯॥ অনাশ্রমী ইইতে ইতর অর্থাৎ আঅমী শ্রেষ্ঠ হয় যে হেতু আঅমীর শীঘ বন্ধ বিদা প্রাপ্তি হয় বেদে কহিয়াছেন।। ৩৯।। উত্তম আত্রমী আত্রম ভ্রন্ট কর্ম্ম করিলে পর নীচা-শ্রমে তাহার পতন হয় যেমন সন্নাসী নিন্দিত কর্ম করিলে,বানপ্রস্থ হই-বেক এমত নহে।। তন্ত্রত্যা তুলাতন্তাবোজৈমিদেরপি নিয়মাত্তক্রপাভা-বেভাঃ॥ ৪০॥ উত্তমাশ্রমী ধইয়া পুনরায় নীচাশ্রম করিতে পারে নাই জৈমিনিরো এই মত হয় যে হেতু নিয়ম ভ্রফ্ট ব্যক্তির পূর্ব্ব আশ্রমের অভাব দ্বারা সকল ধর্মের অভাব হয় ॥ ৪০ ॥ পর স্থত্তে পূর্ববিপক্ষ করিতেছেন ॥ ন চাধিকারিকমপি পতনাত্মানাত্তদ্যোগাৎ ॥৪১॥ আপন আপন অধিকার প্রাপ্ত প্রায়শ্বিতকে স্নাধিকারিক কহি। নৈষ্টিক ব্রহ্মচারি যদি পতিত হয় তবে তাহার আধিকারিক অর্থাৎ শাস্ত্রোক্ত প্রায়শ্চিত্ত নাই যে হেতু মৃতিতে কহিয়াছেন যে নৈষ্টিক ধর্ম হইতে যে ব্যক্তি পতিত হয় তাহার শুদ্ধির নিমিত্ত প্রায়শ্চিত্ত নাই অতএব প্রায়শ্চিত্তের সম্ভাবনা হয়॥ ৪১॥ ·এখন পর স্বত্তে সিদ্ধান্ত করিতেছেন ॥ উপপূর্ব্বমপি ত্বেকে ভাবমশনবত্ত-ছুক্তং ॥ ৪২ ॥ গুরুদারা গমন ব্যতিবেক অন্য পাপ নৈষ্ট্রিকাদের উপপাপে গণিত হয় তাহার প্রায়শ্চিত্তের ভাব অর্থাৎ সম্ভাবনা আছে এনত কেহো কহিয়াছেন যেমন মাংসাদি ভোজনের প্রায়শ্চিত্তের অঙ্গীকার করেন সেই রূপ অতি পাতক বিনা অন্য পাপের প্রায়শ্চিত্ত স্মৃতিতে কহেন তবে পূর্ব্ব স্থৃতি যাহাতে লিখিয়াছেন যে নৈষ্টিকের প্রায়শ্চিত্তের দ্বারা শুদ্ধি নাই তাহার তাৎপর্য্য এই যে প্রায়শ্চিত করিলেও ব্যবহারে শঙ্কৃচিত থাকে॥৪২॥ প্রায়শ্চিত করিলে বাবহার শঙ্কোচিত না হয় এমত নহে ॥ ^{*}বহিস্ত ভ্রথা-পি স্তেরাচারাচ্চ ॥ ৪০ ॥ 🛮 উদ্ধরেতা জ্ঞানী হইয়া যে ভ্রস্ট হয় সে ব্যক্তি প্রায়শ্চিত করুক অথবা না করুক উভয় প্রকারেই লোকে শঙ্কৃচিত হই-বেক যে হেতু স্মৃতিতে তাহাঁর নিন্দা লিখিয়াছেন এই শিস্টাচারেও সে নিন্দিত হয় ॥ ৪৩ ॥ পর হুত্তে পূর্ব্বপক্ষ করিতেছেন ॥ স্বামিনঃ কলশ্রুতে-রিত্যাত্তের: ॥ ৪৪ ॥ অঙ্গোপাসনা কেবল যজমান করিবেক ঋতিকেব

অর্থাৎ পুরোহিতের অধিকার তাহাতে নাই যে হেতু বেদে লিখিয়াছেন যে উপাসনা করিবেক সেই ফল প্রাপ্ত হইবেক এ আত্রেয়ের মত হয়॥ ৪৪॥ পর হুত্তে সিদ্ধান্ত করিতেছেন ॥ আর্থি জ্যমিত্যৌতুলোমিস্ত হৈ পরিক্রি-য়তে ॥ ৪৫ ॥ । অঙ্গোপাসনা ঋত্বিকে করিবেক উডুলোমি কহিয়াছেন যে হেতু ক্রিয়া জন্য ফল প্রাপ্তির নিমিত্ত যজমান ঋতিককে নিযুক্ত করে ॥৪৫॥ শ্রুতিশ্ব ॥ ৪৬ ॥ বেদেও কহিতেছেন যে আপুনি ফল পাইবার নিমিত্ত যজমান ঋত্বিককে কর্ম্ম করিতে নিযুক্ত করিবেক ॥ ৪৬॥ আর আত্মাকে **पिरिंदिक धार्यन अवर मनन क**तिद**क अत्र आश्वात शास्त्र हेक्ट्रा क**तिदक অতএব এই চারি পৃথক পৃথক বিধি হয় এমত নহে।। সহকার্য্যস্তরবিধিঃ পক্ষেণ তৃতীয়ং তদ্বতোবিধ্যাদিবৎ ॥৪॥। ব্রন্ধের শ্রবণ মনন ধ্যানের ইচ্ছা এতিন ব্রহ্ম দর্শনের সহকারি অর্থাৎ সহায় হয় এবং ব্রহ্ম দর্শন বিধির অন্তঃপাতী হয় অতএব জানীর অবণ মননাদি কর্ত্তব্য হয়। ভৃতীয় অর্থাৎ ধ্যানের ইক্ষা যে পর্যাস্ত ভেদ জ্ঞান থাকে তাবৎ কর্ত্তব্য যেমন দর্শ-যাগের অন্ত:পাতী বিধি অগ্ন্যাধান বিধি হয় সেই রূপ ব্রহ্ম দর্শনের অন্তঃপাতী শ্রবণাদি হয় যে হেতু শ্রবণাদি ব্যতিরেক ব্রহ্ম সাক্ষাৎকার হয়েন না ॥ ৪৭ ॥ বেদে কছেন কুটুম্ব বিশিক্ট গৃহস্থ উক্তম দেশে অধায়ূন করিবেক তাহার পুনরার্ত্তি নাই অতএব সমুদায় গৃহস্থ প্রতি এবিধি হয় এমত নহে।। কৃৎস্নভাবাত্ত্র গৃহিণোপসংহার:।। ৪৮।। কৃৎস্নে অর্থাৎ সকল কর্মো আর সমাধিতে উত্তম গৃহস্থের অধিকার আছে অতএব পূর্ব্বোক্ত দর্শন শ্রবণাদি বিধি গৃহত্ত্বের প্রতি স্বীকার করিতে হইবেক যে , टंडजू त्वरम किशास्त्रन त्य अक्षांत्र श्राधिका रेहेरल मुकल रमवंजा जेवर जेखम গৃহস্থ যতিস্বরূপ হয়েন অর্থাৎ উত্তম গৃহস্থ দর্শন অবণাদি করিতে পারেন এবং স্থৃতিতেওঁ এই বিধি আছে॥ ৪৮॥ পূর্ব্বোক্ত শ্রুতির, দারা কেবল ছুই আত্রম অর্থাৎ সন্ন্যাস আর গার্হস্থ্য প্রাপ্তি হয় এমত সন্দেহ দূর করি-তেছেন ॥ মৌনবদিতরেষামপ্রাপদেশার্থ ॥ ৪৯ ॥ মৌন অর্থাৎ সন্ন্যাস এবং গার্ছাের ন্যায় ইতর অর্থাৎ ব্রহ্মচর্য্য এবং বানপ্রস্থ 'আশ্রমের বেদে উপ-দেশ আছে অতএব আশ্রম চারি হয়।। ৪৯।। বেদে কহিয়াছেন জানী बालाक्ररभ थाकिएछ हेन्ह्रा कितरवन अथारन वाला गरक हभला छारभर्या

হয় এমত নছে।। অনাবিষ্ঠ্ বিশ্বব্যাৎ।। ৫০।। জ্ঞানকে ব্যক্ত না করিয়া অহঙ্কার রহিত হইয়া জ্ঞানী থাকিতে ইচ্ছা করিবেন ঐ শ্রুতির এই অর্থ হয় যে হেতু পর শ্রুতিতে বাল্য আর পাণ্ডিত্যের একত্র কথন আছে আর যথার্থ পণ্ডিত অহঙ্কার রহিত হয়েন।। ৫০।। বের্দে কছেন এক্স বিদ্যা শুনিয়াও অনেকে ত্রন্ধকে জানে না অতএব ব্রহ্ম বিদ্যার অবণাদি অভ্যাস করিলে এ জন্মে ত্রহ্মজ্ঞান হইতে পারে না এমত নহে।। এ হিকমপ্যপ্রস্তু-তপ্রতিবন্ধে তদ্দর্শগাৎ।। ৫১।। •অভ্যাসের ত্যাগাদি প্রতিবন্ধ উপস্থিত না ছইলে ব্রন্ধবিদ্যার অবণাদি ফল এই জম্মেই হয় যে হেতু বামদেব ব্রন্ধজ্ঞান শ্রুবনের দ্বারা ইহ ল্যোকেতে ব্রশ্বজ্ঞান বিশিষ্ট হইয়াছিলেন এমত বেদে দুক্ট আছে,॥ ৫১॥ সালোক্যাদি মুক্তি শ্রবণের দারা বুঝাইতেছে যে মুক্তির উৎক্বক্টতা আর অপক্বক্টতা আছে এমত নহে।। এবং মুক্তিফলানিয়মন্ত-দবস্থাবধুত্তেন্তদবস্থাবধুতে:।। ৫২।। ব্রহ্মজান বিশিষ্ট ব্যক্তির মুক্তি রূপ ফলের অধিক হওয়া বিশ্বা কূান হওয়ার কোন মতে নিয়ম মাই অর্থাৎ জ্ঞানবান সকলের এক প্রকার মুক্তি হয় যে হেতু বিশেষ রহিত ব্রহ্মাবস্থাকে জ্ঞানী পায়েন এমত নিশ্চয় কথন বেদে আছে। পুনরারত্তি অধ্যায়ের স্মাপ্তি স্থচক হয়।। ৫২।। ইতি তৃতীয়াধ্যায়ে চতুর্থঃ পাদঃ। ইতি তৃতীয়া शांबः समार्थः ॥

ওঁ তৎসং।। আত্মজান সাধনেতে পুনঃ পুনঃ সাধনের অপেক্ষা নাই এমত নছে।। আরম্ভিরদক্তপুপদেশাৎ।। ১।। সাধনেতে আরম্ভি অর্থাৎ পুনঃ পুনঃ অভ্যাস কর্ত্তব্য হয় যে হেতু আত্মার পুনঃ পুনঃ শ্রবণাদির উপ দেশ এবং ,ডত্বমর্সি বাক্যের পুনঃ পুনঃ উপদেশ বেদে দেখিতেছি॥১॥ লিক্সাচ্চ ॥ ২॥ আদিত্য এবং বরুণের পুনঃ পুনঃ উপাসনা কর্ত্তব্য এমত অর্থ বোধক শ্রুতি আছে অতএব ব্রহ্ম বিদ্যাতেও সেই রূপ আর্রতি স্বীকার क्रिंदिङ इहेर्दिक ॥ २ ॥ व्यापना इहेर्डिंग व्याप्तांत्र एक ब्लाटन शान क्रि-বেক এমত নহে।। আত্মেতি ভূপগচ্ছন্তি গ্রাহয়ন্তি চ।।৩।। ঈশরকে আত্মা জানিয়া জাবালেরা অভেদ রূপে উপাসনা করিত্যেছন এবং অভেদ রূপে লোককে জানাইতেছেন।। ৩।। বেদে কহিতেছেন মন রূপ একের উপা-সনা করিবেক অতএব মন আদি পদার্থ ব্রহ্ম হয় এমত নহে ॥ ন প্রতীকে न हि मः ॥ ८ ॥ मन व्यापि द्वांता उत्कात छेेेेेेेे छे ने केंद्रिल मन शापि मार्कां ব্রহ্ম না হয় যে হেতু বেদে এমত কথন নাই এবং অনেক ব্রহ্ম স্বীকার কর। অসম্ভব হয়।। ৪।। যদি মন আদি সাক্ষাৎ এক্স না হইল তবে এক্সেতে মন আদির স্বীকার করা যুক্ত নহে।। ব্রহ্মদৃষ্টিরুৎকর্বাৎ।। ৫॥ মন আ দিতে ব্রহ্ম বোধ করা যুক্ত হয় কিন্তু ব্রহ্মেতে মন আদির বৃদ্ধি কর্ত্তবা নছে যে হেতু ব্রহ্ম সকল হইতে উৎক্রফী হয়েন যেমন রাজার অমাতাকে রাজ বোধ করা যায় কিন্তু রাজাকে রাজার অমাত্য বোধ করা কল্যাণের কারণ হয় নাই।। ৫।। বেদে কংহন উদ্গীথ রূপ আদিতোর উপাদনা করিবেক অতএৰ আদিত্যে উদ্গীথ বোধ করা যুক্ত হয় এমত নছে।। আদিত্যাদিম-তয়শ্চাঙ্গউপপত্তে:।। ৬।। কর্মাঙ্গ উদ্গীথে আদিতা বৃদ্ধি করা যুক্ত হয় কিন্তু সর্বোতে উদ্গীথ বোধ করা অযুক্ত যে হেতু মন্ত্রে সর্ব্যাদি বোধ করিলে অধিক ফলের উৎপত্তি অর্থাৎ দিদ্ধি হয় ॥ ৬ ॥ দা গ্রাইয়া কিম্বা শয়ন করিয়া আত্ম বিদ্যার উপাসনা করিবেক এমত নছে। আসীনঃ সম্ভ বাং॥ । উপবিষ্ট হইয়া উপাসনা করিবেক যে হেতু শয়ন করিলে নিদ্রা উপস্থিত হয় আর দাণ্ডাইলে চিত্তে বিক্ষেপ জম্মে কিন্তু বসিয়া উপা-সনা করিলে ছুইয়ের প্রায় সম্ভাবনা থাকে না অতএব, উপাসনার সম্ভব বিদিয়াই হয় ॥ এ॥ ধানিচিছ ॥ ৮॥ ধানের ছারা উপাদনা হয় সে ধান

বিশেষ মতে না বদিলে হইতে পারে নাই ॥ ৮ ॥ অচলত্বং চাপেক্ষ্য ॥ ৯ ॥ বেদে কহিয়াছেন পৃথিবীর ন্যায় ধ্যান করিবেক স্কুতএব উপাসনার কালে **ठक्ष्म ना इहेरवक र्वाप्तत वह जार्श्या राम्हे अठक्ष्म ह**ुगा आमरनत অপেকা রাখে। । । শ্বরস্তি চ।। ১০।। স্কৃতিতেও উপবিষ্ট হুইয়া উপাসনা করিবেক এমত কথন আছে॥ ১০॥ ব্রহ্মোপাসনাতে তীর্থাদির অপেকা রাথে এমত নহে ॥ যদ্রৈকাগ্রতা তত্তাবিশেষাৎ ॥ ১১ ॥ (यं স্থানে চিত্তের ধৈর্ঘ্য হয় দেই স্থানে উপাসনা করিবেক তীর্থাদির নিয়ম নাই যে হেতু বেদে কহিয়াছেন যে কোন স্থানে চিত্ত স্থির হয় সেই স্থানে উপাসনা कतिरवक थ दरा जीशारमत विष्मेष कतिया नियम नारे ॥ ১১ ॥ बुरक्काशा-সনার স্ট্রীমা আছে এমত নহে॥ আপ্রয়াণাত্তত্তাপি হি দৃষ্টং ॥১২॥ মোক পর্যাস্ত আত্মোপাসনা করিবেক জীবয়া ক্ত হইলে পরেও ঈশ্বর উপাসনার ত্যাগ করিবেক না যে হেতু'বেদে মুক্তি পর্যান্ত এবং মুক্ত হইলেও উপাসনা করিবেক এমত দেখিতেছি॥ ১২॥ বেদে কহিতেছেন ভোগে পুণা ক্ষয় আর শুভের দ্বারা পাপের বিনাশ হয় তবে জ্ঞানের দ্বারা পাপ নঠ না হয় এমত নহে।। তদ্ধিগমে উত্তরপূর্ব্বাঘয়োরশ্লেষবিনাশৌ তদ্বাপদে-্শাৎ॥ ১৩॥ ব্রহ্মজ্ঞান প্রাপ্ত হইলে উত্তর পাপের সহিত জ্ঞানীর সম্বন্ধ হইতে পারে নাই আর পূর্ব্ব পাপের বিনাশ হয় যে হেডু বেদে কহিতে-ছেন যেমদ পদ্মপত্রে জলের সম্বন্ধ না হয় সেই রূপ জ্ঞানীতে উত্তর পাপের স্পর্শ হইতে পারে না। আর যেমন শরের তুলাতে অগ্নি মিলিত হইলে অতি শীঘ্ৰ দগ্ধ হয় সেই মত জ্ঞানের উদয় হইলে সকল পূর্ব্ব পা পের ধ্বংস হয় তবে পূর্ব্ব শ্রুতিতে কহিয়াছেন যে শুভেতে পাপ ধ্বংস হুয় সে লৌকিকাভিপ্রায়ে কৃহিয়াছেন অথবা শুভ শব্দে এখানে জ্ঞান তাৎপর্যা হয়॥ ১৩ ॥ জ্ঞানী পাপ হইতে নির্লিপ্ত হয় কিন্তু পুণী হইতে মুক্ত না হইয়া ভোগাদি করেন এমত নহে॥ ইতর্দ্যাপ্যেবমসংশ্লেষঃ পাতে তু ॥১৪॥ ইতর অর্থাৎ পুণ্যের সম্বন্ধ পাপের ন্যায় জ্ঞানীর সহিত থাকে না অতএব **দেহপাত হইলে পু**ণোর ফল যে ভোগাদি তাহা জ্ঞানী করেন নাই॥ ১৪॥ যদ্যপি জ্ঞান প্লাপ পুলা উভয়ের নাশ করে তবে প্রারন্ধ কর্ম্মের নাশ কর্জা জ্ঞান হয় এমত নুহে। 'অনারব্ধকার্য্যেএব তু পূর্কে তদব্বেঃ। ১৫। জাবর

ষ্যভিরেকে পাপ পুণ্য জ্ঞান দ্বারা নক্ট হয় আর প্রারন্ধ পাপ পুণ্যের নাশ জ্ঞানের দ্বারা নাই এই তাৎপর্য্য পূর্ব্বে ছুই স্থত্তে হয় যে হেতু প্রারন্ধ পাপ পুণ্যের সীমা যাবৎ শরীর থাকে তাবৎ পর্য্যন্ত করিয়াছেন প্রারন্ধ পাপ পুন্য তাহাকে কহি যে পাপ পুন্যের ভোগের জন্যে শরীর ধারণ ছয় ॥ ১৫ ॥ সাধকের নিত্য কর্মের কোন আবশ্যক নাই এমত নহে ॥ অগ্নিহোত্রাদি তু তৎকার্য্যাধৈব তদ্দর্শনাৎ॥ ১৬॥ অগ্নিহোত্রাদি নিত্য কর্ম্ম অন্তঃকরণ শুদ্ধি দ্বারা জ্ঞান ফলের হেতু হয় যে হেতু নিষ্কাম কর্ম্মের দ্বারা সক্ষাতি হয় এমত বেদে এবং স্মৃতিতেও দৃষ্টি আছে ॥ ১৬॥ বেদে কহি-তেছেন জ্ঞানী সাধু কর্ম করিবেক এখানে সাধু কর্ম হইতে নিত্য নৈমি-ত্তিক কর্ম তাৎপর্য্য হয় এমত নহে ।। অতোহন্যাপি ছেকেষামূভয়োঃ ॥১৭॥ কোন শাখিরা পূর্ব্বোক্ত সাধু কর্মকে নিত্যাদি কর্ম হইতে অন্য কাম্য কর্ম কহিয়াছেন এই মত ব্যাস এবং জৈমিনি উভয়ের হয় জানীর কাম্য কর্ম্ম माधु (मवामि इय य रह्कू अना कामना कानीत नाहे॥ ১१॥ নিত্যাদি কর্ম জ্ঞানের কারণ হইবেক এমত নহে।। যদেব বিদ্যয়েতি হি।।১৮।। যে কর্ম আত্ম বিদ্যাতে যুক্ত হয় সেই জ্ঞানের কারণ হয় যে হেতু বেদে এই রূপ কহিয়াছেন।। ১৮।। প্রারব্ধ কর্ম্মের কদাপি নাশ না হয় এমত নহে।। ভোগেন দ্বিতরে ক্ষপয়িত্বা সংপদ্যতে ॥ ১৯ ॥ ইতর অর্থাৎ সঞ্চিত ভিন্ন পাপ পুণ্য ভোগের দ্বারা নাশ করিয়া জ্ঞানী ব্রহ্ম প্রাপ্ত হয়েন যে হেতু প্রারন্ধ কর্ম্মের বিনাশ ভোগ বিনা হইতে পারে নাই ॥ ১৯॥ ইতি চতুর্থাধ্যায়ে প্রথমঃ পাদঃ॥

ওঁ তৎসং।। সমবায় কারণেতে কার্য্যের লয় হয় যেমন পৃথিবীতে ঘট লীন হইতেছে কিন্তু বেদে কহেন বাক্য মনেতে লব্ধ হয় অথচ মন বাক্যের সমবায় কারণ নহে তাহার উত্তর এই ॥ বাঙাুন্সি দর্শনাৎ শব্দাচ্চ ॥ ১॥ বাক্য অর্থাৎ বাক্যের রুক্তি মনেতে লয় হয় যদ্যপিও মন বাক্তেয়র সমবায় কারণ নহে যেমন অগ্নির সমবায় কারণ জল না হয় তত্ত্রাপিও অগ্নির রুত্তি অর্থাৎ দহন শক্তি জলেতে লয়কে পায় এই রূপ বেদেও কৃহিয়াছেন।।১।। অতএব চ সর্ববাণ্যস্থ ॥ ২ ॥ সমবায় কারণ ব্যতিরেকে লয় দর্শনের দ্বারা নিশ্চয় হটল যে চকু আদি করিয়া সমুদায় ইক্রিয়ের রুত্তি ননেতে লয়কে পায় যদ্যপিও চক্ষু প্রভৃতি আপন আপন সমবায়েতে লীন হয়েন॥ ২॥ এখন মদ্রের ইন্ডির লয় স্থানের বিবরণ করিতেছেন।। তম্মনঃ প্রাণে উত্ত সর্কেন্দ্রের রভির লয় স্থান যেমন তাহার রভি প্রাণে লয়কে পায় যে হেতু তাহার পর শ্রুতিতে কহিয়াছেন যে মন প্রাণেতে আর প্রাণ তেজেতে লীন হয়॥ ৩।।তেজে প্রাণের লয় হয় এমত নছে।। সোহধ্যক্ষে ততুপগমাদিভ্যঃ॥ ৪॥ সেই প্রাণ অধ্যক্ষে অর্থাৎ জীবেতে লয়কে পায় যে হেতু জীবৈতে মৃত্যুকালে প্রাণের গমন এবং জীবেতে মন সাদি সকল ইন্দ্রিয়ের অবস্থিতি বেদে কহিয়াছেন ॥৪॥ এইরূপে পূর্ব্ব শ্রুতি যাহাতে প্রাণের লয় তেজেতে কহিয়াছেন তাহার সিদ্ধান্ত করিতেছেন।। ভূতেষু তৎক্রতেঃ॥৫॥ প্রাণের লয় পঞ্চভূতে হয় যে হেতু বেদে কহিতেছেন অতএব তেজ বিশিষ্ট জীবেতে সাক্ষাৎ প্রাণের লয় হয় জীবের উপাধি রূপ তেজেতে যে প্রাণের লয় কহিয়াছেন সে পরম্পরা সম্বন্ধে হয়।। ৫।। নৈকিন্মিন্ দর্শয়তি হি ॥ ৬।। কেবল জীবের উপাধি রূপ তেজেত্বে প্রাণের লয় হয় এমত নহে যেহেতু প্রাণের লয় পরম্পরাতে পৃথিবী আদি পঞ্চতে হয় এমত শ্রুতি ও স্মৃতি দেখাইতেছেন ॥৬॥ সঁগুণ উপাসকের উৰ্দ্ধ গমনে নিগুৰ্ণ উপাসক হইতে বিশেয় আছে এমত নহে।। সমানা চা-স্ত্যুপক্রমাদ্যুতত্বঞ্চারুপোষ্য।। ৭।। আস্তি অর্থাৎ দেব্যান মার্গ তাহার আরম্ভ পর্যান্ত সপ্তণ এবং নিগুণ উপাসকের উর্দ্ধ গমন সমান হয় এবং অমৃতত্ব অর্থাৎ ব্রহ্ম লোক প্রাপ্তি ও সমান হয়। কিন্তু সগুণ উপাসকের ব্রহ্ম প্রাপ্তি হয় না যে হেতু রাগাদি তাহার সত্তণ উপায়নাতে দগ্ম হইতে

পারে না।। ৭।। বেদে কহিতেছেন যে লিক্স দেহ পরমেশরেতে লয়কে পায় অতএব মরিলেই স্কলের লিম্ন শরীর ব্রহ্মেতে লীন হয় এমত নহে॥ তদাপীতেঃ সংসারব্যপদেশাৎ ॥ ৮ ॥ ঐ লিঙ্গ শরীর নির্ববাণ মুক্তি পর্যান্ত থাকে যে হেতু বেদে 'কহিতেছেন যে সগুণ উপাদকের পুনর্কার জন্ম হয় **তবে** যে व्यञ्जित् किशां एक स्था विक भंतीत मृजू माज बत्त्र जीन हर তাহার তাৎপর্য্য এই যে মৃত্যুর পরে স্বষ্প্তির ন্যায় পরমাত্মাতে লয়কে পায়।। ৮।। লিঙ্গ শরীরের দৃষ্টি না হয় তাহার কারণ এই।। স্থক্ষাস্ত প্র-মাণতশ্চ তথোপলব্ধে: ॥ ১ ॥ লিঙ্গ শরীর প্রামাণের ছারা ত্রসরেণুর ন্যায় স্ক্ষা এবং স্বরূপেতেও চফুর ন্যায় স্ক্রেম হয় যে হেডু বেদেতে লিঙ্গ শরী-রকে এমত স্ক্রম করিয়া কহিয়াছেন যে নাড়ীর দ্বারা তাহার নিঃহরণ হয়। তবে লিঙ্গ শরীর দৃষ্টি গোচর না হয় ইহার কারণ এই যে তাহার স্বরূপ প্রকট নহে।। ১।। নোপমর্দেনাতঃ।। ১০।। লিফ শরীর অতি সংক্ষা হয় এই হেতু স্থূল দেহের মর্দ্দনেতে লিঙ্গ দেহের মর্দ্দন হয় না ॥ ১০ ॥ লিঞ্ শরীর প্রমাণের দ্বারা স্থাপন করিতেছেন।। অসৈয়ব চোপপত্তেরেষ উন্মা।। লিঙ্গ শরীরের উত্মার দ্বারা স্থূল শরীরের উত্মা উপলব্ধি হয় যে হেতু লিঙ্গ শরীরের অভাবে স্থূল শরীরে উন্না থাকে না এই যুক্তির দ্বারা লিঙ্গ দেহের স্থাপন হইতেছে॥ ১১ ॥ পর স্থত্তে বাদীর মতে প্রতিবাদী আপত্তি করিতেছে।। প্রতিযেধাদিতি চেন্ন শারীরাৎ।। ১২।। বাদী কহে যে **(वर्त कहिर्द्धिम अर्थानीत है क्रिय मकल स्मर हहेर् हैं अपन ना करत** এই নিষেধের দারা উপলব্ধি হইতেছে যে জানী ভিন্নের ইন্তিয় সকল দেহ इहें एक के अपन करतन श्री किवामी करह अपक नरह रा रहकू रवरम करहन যাহারা অকাম ব্যক্তি হয় তাহা হইতে ইন্দ্রিয়েরা উর্দ্ধ গমন করেন না অতএব অকাম হওয়া জীবের ধর্মা দেহের ধর্মা নহে। এখানে জীব হইতে छानीत हे जिय नकरनत छेर्फ गमन निरम्दित होता छे भनिक हम रय छानी ভিন্নের জীব হইতে ইন্দ্রিয় সকল উদ্ধি গমন করেন।। ১২।। এখন সিদ্ধান্তী বাদীর মতকে স্থাপন করিতেছেন।। স্পক্টোহেকেষাং।। ১৩।। কাররা न्भक्ते करहन 'रय ब्लानीत हे क्रिय मकल एनह हहेरा निक्र मन, करत ना किन्छ **एएटए. हे** लीन इस्। अञ्चव क्रांनीत एमर रहेए हे खिर्स के जमरनत

নিষেধের ছারা জানী ভিন্নের দেহ হইতে ইব্রিয় উর্দ্ধ গমন করেন এমত নিশ্চয় হইতেছে কিন্তু জীব হইতে ইক্রিয়ের উর্দ্ধ গমন না হয়। তবে পূর্ব্ব শ্রুতিতে যেখানে কহিয়াছেন যে যাহারা অকাম ব্যক্তি হয় তাহা रहेरा हेक्किय छेक्क गमन करतन नाहे स्थापन जारा हहेरा है किय छेक्क গমন করে নাই অর্থাৎ তাহার দেহ হইতে উর্দ্ধ গমন করে না এই তাৎ-পর্যা হয় ॥ ১৩ ॥ স্মার্যাতে চ ॥ ১৪ ॥ স্মৃতিতেও কহিতেছেন যে জ্ঞানীর উৎক্রমণ নাই অতএব দেবতারাও জ্ঞানীর উৎক্রমণ জানেন নাই॥ ১৪॥ বেদে কহিতেছেন যে পঞ্চদশ কলা অর্থাৎ দশ ইন্দ্রিয় আর পাঁচ তত্মাত্ত গন্ধ রস রূপ স্পর্শ শত্ত্ব এই পোনর আপন আপন উৎপত্তি স্থানে মৃত্যু কালে লীনু হর কিন্তু জ্ঞানীর কিম্বা অজ্ঞানীর এমত এই শ্রুতিতে বিশেষ নাই সতএব জ্ঞান হইলে পরেও ইন্দ্রিয় সকল আপনার আপনার উৎপত্তি স্থানে লীনু হইবেক এমত নহে॥ তানি পরে তথা হাহ॥ ১৫॥ জানীর ইঞিয়াদি সকল পরব্রন্ধে লীন হয় যে হেতু বেদে এই রূপ কহিয়াছেন তবে रंग शृद्धि नम्र व्यक्ति कहिरल रंग अञ्चानी श्रत हम्न अहे विस्तरनाम रंग माहा **হুইতে উৎপন্ন হয় তাহাতেই লয়কে পায়॥ ১৫॥ জ্ঞানী ত্রন্ধেতে লয়কে** পরি দে লয় প্রাপ্তি অনিত্য এমত নছে॥ অবিভাগোবচনাৎ॥ ১৬॥ ব্রঙ্গেতে মেঁ লান হয় তাহার পুনরায় বিভাগ অর্থাৎ বিচেছদ ব্রহ্ম হইতে হয় না গেহেতু বেদ বাক্য আছে যে ব্ৰহ্মে লীন হইলে নাম রূপ থাকে না মে ব্যক্তি অমৃত অর্থাৎ ব্রহ্ম স্বরূপ হয়॥ ১৬॥ সকল জীবের নিঃসরণ শরীর হইতে হয় অতএর এক নাড়ী হইতে সকলের নিঃসরণ হয় এমত নহে। তদোকোগ্রজ্বলনং তৎপ্রকাশিতভারোবিদ্যাসামর্থ্যাৎ তৎশেষগতারুক্তি-যোগাচ্চ হার্দ্দামুগৃহীতঃ শতাধিকয়া॥ ১৭॥ তদোকো অর্থাৎ ছাদয়ে যে জীবের স্থান হয় সে স্থান জীবের নিঃসরণ সময় অত্যস্ত প্রজ্বলিত হইয়া উঠে সেই তেজ হইতে যে কোন চকু কর্ণাদি নাড়ীর দ্বার প্রকাশকে পান্ন **শেই নাড়ী হইতে সকল জীবের নিঃসরণ হয় তাহার মধ্যে অন্তর্গামীর** অমুগৃহীত যাহারা তাহাদের জীব শতাধিকা অর্থাৎ ব্রহ্মরন্ধু হইতে নিঃসর্ করে বেহেতু ত্রন্ধ বিদ্যার এই সামর্থ্য তাহার ত্রন্ধরন্ধু, হইতে নিঃসরণ হওয়া শেষ ফল হয় এমত শাস্ত্রে কহিয়াছেন॥ ১৭॥ নাড়ীতে. সংগ্যের বুশি।।

সম্ভব নাই অতএব নাড়ীর দ্বার হইতে অন্ধকারে জীব নিঃসরণ করে এমত নহে ॥ রশ্যাস্থসারী ॥ ১৮৫॥ বেদে কহেন যে প্র্য্যের সহস্র কিরণ সকল নাড়ীতে ব্যাপক হইয়া থাকে সেই রশ্মির প্রকাশ হইতে জীবের নিঃসরণ হয় অতএব জীব সুর্যা রশ্মির অনুগত হইয়া নিঃসরণ করেন ॥ ১৮ ॥ নিশি নেতি চেল্ল সম্বন্ধস্য যাবদ্দেহভাবিত্বাৎ দর্শয়তি চ ॥১৯॥ রাত্রিতে সুর্য্য প্রকাশ থাকেন না অতএব নাড়ীতে সে কালে স্থ্য রশ্মির অভাব হয় এমত নহে যে হেতু যাবৎ দেহ থাকে তাবৎ উন্মার দ্বারা স্থ্য রশ্মির সম্ভাবনা দিবা রাত্তি নাড়ীতে আছে বেদেও কহিতেছেন যাকং শরীর আছে তাবং নাড়ী এবং তর্য্য রশ্মির বিয়োগ না হয়॥ ১৯॥ ভীক্ষের ন্যায় জ্ঞানীর উত্তরায়ণে মৃত্যু আবশ্যক হয় এমত নহে ॥ অতশ্চায়নেপি দক্ষিণে ॥২০॥ দুক্ষিণায়নে জ্ঞানীর মৃত্যু হইলে স্থ্মার দ্বারা জীব নিঃসরণ হইয়া ত্রহ্ম প্রাপ্ত হয় তবে ভীন্মের উত্তরায়ণ পর্যান্ত অপেক্ষা করা এ লোক শিক্ষার্থ হয় যে হেতু জানীর উত্তরায়ণে মৃত্যু উত্তম হয় ॥২০॥ যোগিনঃ প্রতি চ স্মর্গ্যতে স্মার্ত্তে চৈতে। ২১। স্কৃতিতে কথিত যে শুক্লকৃষ্ণ ছুই গতি সে কর্ম যোগির প্রতি বিধান হয় যে হেতু যোগী শব্দে সেই স্মৃতিতে তাহার বিশেষণ কহিয়াছেন কিন্তু ব্রহ্ম উপাসকের সর্ববিদালে ব্রহ্ম প্রাপ্তি এমত তাহার পর মৃতিতে ক্রেনে অতএব জ্ঞানীর যে কোন কালে মৃত্যু হইলেও উত্তরায়ণ মৃত্যু ফল প্রাপ্ত হয় ॥২১॥ ইতি চতুর্থাধ্যায়ে দ্বিতীয়ঃ পাদঃ ॥

ওঁ তৎসৎ ॥ এক বেদে কহেন যে উপাসকেরা মৃত্যুর পরে তেজ পথকে প্রাপ্ত হয়েন অন্য প্রতি কহিতেছেন উপাসকের পূর্যা দার হইয়া যান অতএব ব্রহ্ম লোক গমনের নানা পথ হয় এমত নহে॥ অর্চিরাদিনা তৎ-প্রথিতে: ।। ১। পঞ্চাগ্নিবিদ্যাতে বেদে কহিয়াছেন যে ক্রেছ এ উপাসনা করে সে তেজ পথের দ্বারা যায় অতএব ব্রহ্মোপাসক এবং অন্যোপাসক উভয়ের তেজ পথের দ্বারা গমনের খ্যাতি আছে তবে পুর্যু দ্বার হইতে গমন যে শ্রুতিতে কছেন সে তেজ পথের বিশেষণ মাত্র হয়॥ ১॥ কৌষী-তকীতে কহেন যে উপাসক অগ্নি লোক বায়ু লোক এবং বরুণ লোককে যায় ছান্দোগ্যে কহেন যে প্রথমত তেজ পথকে প্রাপ্ত হয়েন পশ্চাৎ দিবা পশ্চাৎ পৌর্ণমাসী পশ্চাৎ ছয় মাদ উত্তরায়ণ পশ্চাৎ সম্বংসর পশ্চাৎ স্বর্য্যের দারা যান অতএব হুই শ্রুতি ঐক্য করিবার নিমিত্ত কৌবীতকীতে যে বায়ু লোক কহিয়াছেন তাহা ছান্দোগ্যের তেজ পথের পর স্বীকার क्रिंदि हरेतिक थमा नरह ॥ वारूमदामिवित्मवित्मवाच्याः ॥ २ ॥ रकीवी-তকীতে উক্ত যে বায়ু লোক তাহাকে ছান্দোগ্যের সম্বৎসরের পরে স্বীকার ক্রিতে হইবেক যে হেতু কৌষীতকীতে কাহার পর কে হয় এমত বিশেষ नार्ट आत इहमात्रात्मा विस्मियन आद्य कात्रन अर्थे इहमात्रात्मा किश्रास्त्रन त्य বায়ুর পর স্থ্যকে যায় ॥ ২॥ কৌষীতকীতে বরুণাদি লোক যাহা কহি-য়াছেন তাহাঁর বিবরণ এই ॥ তড়িতোহধি বরুণঃ সম্বন্ধাৎ ॥৩॥ কৌষীত-কীতে যে বরুণ লোক কহিয়াছেন সে তড়িৎ লোকের উপর যে হেতু জল সহিত মেঘ স্বরূপ বরুণের তুড়িৎ লোকের উপরেই সম্বন্ধের সম্ভাবনা হয়। ৩। তেজ পথাদি যাহার ক্রম কহা গেল সে সকল কেবল পঞ্ চিহ্ন না হয় এবং উপাসকের ভোগ স্থান না হয় ॥ আতিবাহিকান্তল্লিসাৎ ॥ ৪॥ অর্চিরাদি আতিবাহিক হয়েন অর্থাৎ ব্রহ্মলোককে প্রাপ্ত করান যে হেতু পর শ্রুতিতে কথিতেছেন ুযে অমানব পুরুষ তড়িৎ লোক হইতে ব্রহ্ম লোককে প্রাপ্ত করানু এই প্রাপনের বোধক শব্দ বেদে আছে॥ ৪॥ অর্চিরাদের চৈতনা নাই অতএব সে সকল হইতে অনোর চালন হইতে পারে নাই এমত নহে। উভয়ব্যামোহাৎ তৎসিদ্ধে:। ৫। স্থূল দেহ রহিত জীবের ইক্সিয় কার্য্য থাকে নাই এবং অর্চিরাদের চৈতন্য স্বীকার

না করিলে উভয়ের গমনের সামর্থ্য হইতে পারে না অতএব অর্চিরাদের চৈতন্য অঙ্গীকার করিতে হইবেক॥৫॥ কোন স্থান হইতে অমানব পুরুষ জীবকে লইয়া যান তাহার বিবরণ কহিতেছেন॥ বৈচ্যুতেনৈব তত-ন্তৎশ্রুতেঃ। ৬,। বিদ্যুৎ লোকস্থিত যে অমানব পুরুষ তিহোঁ বিদ্যুৎ লোকের উর্দ্ধ ব্রহ্মলোক পর্যান্ত জীবকে লইয়া যান এই রূপ বেদেতে শ্রবণ হইতেছে গমনের ক্রম এই। প্রথম রশ্বি পশ্চাৎ অগ্নি পশ্চাৎ অহ পশ্চাৎ পৌর্ণমাসী পশ্চাৎ উত্তরায়ণ পশ্চাৎ সম্বর্ৎসর পশ্চাৎ বায়ু পশ্চাৎ সূর্য্য পশ্চাৎ চক্র পশ্চাৎ তড়িৎ পশ্চাৎ বরুণ পশ্চাৎ ইক্র পশ্চাৎ প্রজাপতি ইহার পর বরুণ লোক হইতে অমানব পুরুষ জীবতে উর্দ্ধ গমন করান॥৬॥ তখন কি প্রাপ্তব্য হয় তাহা কহিতেছেন। কার্য্য: বাদরিরদ্য গত্যুপশত্তে:।।।।। কার্য্য ব্রহ্ম অর্থাৎ ব্রহ্মাকে এই সকল গমনের পর উপাসকেরা প্রাপ্ত হয়েন বাদরি আচার্য্যের এই মত যেহেতু ত্রন্ধা প্রাপ্তব্য হয়েন এমত বেদে প্রসিদ্ধ আছে॥৭॥ বিশেষিতত্বাচ্চ॥৮॥ ব্রহ্ম লোককে অমানব পুরুষ লইয়া যায় এমত বিশেষণ বেদে আছে অতএব ব্রহ্মা প্রাপ্তব্য হয়েন ॥ ৮ ॥ সামী প্যাক্ত ছাপদেশ:॥৯॥ ব্রহ্মার প্রাপ্তির পর ব্রহ্ম প্রাপ্তির সন্নিকট হয় এই নিমিত্ত কোথাও ব্রহ্মার প্রাপ্তিকে ব্রহ্ম প্রাপ্তি করিয়া কহিরাছেন ॥১॥ কার্য্যাত্যয়ে তদ্ধাক্ষেণ সহিতঃ পরমভিধানাৎ ॥১০॥ ব্রহ্ম লোকের বিনাশ হইলে পর ব্রহ্ম লোকের অধ্যক্ষ অর্থাৎ তাহার প্রভু যে ব্রহ্মা তাহার সহিত পরত্রে লয়কে পায় যে হেতু বেদে এই রূপ কহিয়াছেন। ১০ । স্মৃতে 🗝 ॥ ১১ ॥ স্মৃতিতেও এই রূপ কহিয়াছেন ॥ ১১ ॥ পরং জৈমিনিমু •থাছা<। ১২। জৈমিনি কহেন পরব্রহ্মতে লয়কে পাইবেক যে হেতু ব্রহ্ম শব্দ ষেথানে নৃপুংসক হয় সেথানে পরত্রক্ষ প্রতিপাদ্য হয়েন জৈমিনির এ মত পূর্ব্ব হত্তের দারা অর্থাৎ কার্য্যং বাদরিরস্য গত্যুপপতেঃ খণ্ডিত হুইয়াছে। ১২। দর্শনাচ্চ। ১৩। উপাসনার দারা উর্দ্ধ গমন করিয়া মৃক্তিকে পায় এই শ্রুতি দৃষ্ট হইতেছে মুক্তির প্রাপ্তি পরব্রহ্ম বিনা ইয় ত্বাই অতএব পরব্রহ্ম প্রাপ্তব্য হইয়াছেন এই জৈমিনির মতকে সামীপ্যাৎ আর মৃতেশ্চ ইতি ছুই স্টেত্রর দারা ধণ্ডন করা গিয়াছে॥ ১৩॥ ন চ কার্ক্যে প্রতিপত্তাভিসন্ধি: ॥১৪॥ বেদে কহেন প্রজাপতির সভা এবং গৃহ পাইব এমত প্রাপ্তির অভিদন্ধি অর্থাৎ সঙ্কপ্রের দ্বারা ব্রহ্মা প্রাপ্তব্য হয়েন এমত কহিতে পারিবে না যে হেতু ঐ শ্রুতির পাঠ ব্রহ্ম প্রকরণে হইয়াছে অতএব পূর্ব্ব শ্রুতি হইতে ব্রহ্ম তাৎপর্য্য হয়েন এই জৈমিনির মত কিন্তু বাাদের তাৎপর্য্য এই যে পূর্ব্ব শ্রুতির ব্রহ্ম প্রকরণে স্তুত্তি নিমিত্ত পাঠ হইয়াছে বস্তুত ব্রহ্মা প্রথমত প্রাপ্তব্য হয়েন॥ ১৪॥ প্রাপ্তব্যের নিরূপণ করিয়া গমন কর্ত্তার নিরূপণ করিতেছেন।। অপ্রতীকালম্বনান্নয়তীতি বাদ-রায়ণউ ভয়থাদোষাত্তৎক্রতুশ্চ। ১৫॥ অবয়ব উপাসক ভিন্ন যে উপাসক তাহাকে অমানব পুরুষ ব্রহ্ম প্রাপ্ত করেন এই ব্যাদের মত হয় যে হেতু প্রতীকের উপাদনাঞ্চে এবং ব্রন্মের উপাদনাতে যদি উভয়েতেই এক প্রাপ্তি হয় তবে প্রভেদ থাকে না তাহার কারণ এই যে যাহার প্রতি শ্রদ্ধা করে সেই তাহাকে পায় এই যে ন্যায় তাহা মূর্ত্তি পূজা করিয়া পাইলে অসিদ্ধ হর এবং বেদেও কহিয়াছেন যে যে কামনা উদ্দেশ করিয়া ক্রতু অর্থাৎ যক্ত করে সে সেই ফলকে পায় ॥ ১৫ ॥ বিশেষঞ্চ দর্শয়তি ॥ ১৬ ॥ নাম বিশিষ্ট ঘট পটাদি হইতে বাক্যের বিশেষ বেদে কহিতেছেন অতএব দূর্ত্তিতে ব্রহ্ম উপাসনা হইতে বাক্যে মনে ব্রহ্ম উপাসনা উত্তম হয় ॥ ১৬ ॥ ইতি চতুর্থাধায়ে ভূতীয়ঃ পাদঃ॥



ওঁতৎসং।। যদি কহ ঈশবের জন সকল তাঁহার কার্য্যের নিমিত্তে প্রকট হয়েন অতএব প্রকট হওনের পূর্বেব তাঁহারন্দের ব্রহ্ম প্রাপ্তি ছিল না অন্যথা প্রকট হইতে কি রূপে পারিতেন এমত কহিতে পারিবে না।। সম্পদ্যাবিভারঃ স্থেন শব্দাৎ ॥১॥ সাক্ষাৎ পরমাত্মাকে সম্পন্ন অর্থাৎ প্রাপ্ত হইয়াও ভগবৎ সাধন নিমিত্ত ভগবানের জন সকল ব্রহ্ম স্বরূপ হইয়া আবির্ভাব হয়েন যে হেতু বেদেতে কহিতেছেন।। ১।। যদি কহ যে কালে ভগবানের জন সকল আবির্ভাব হয়েন তৎকালে তাঁহারা আপনাকে ব্রহ্ম হইতে পৃথক দেখেন অতএব তাঁহাদের মৃক্তির অবস্থা আর থাকে না এ-মত নছে॥ মুক্তঃ প্রতিজ্ঞানাৎ ॥২॥ ভাগবৎ জন সকল নিশ্চিত মুক্ত সর্বদা হয়েন যে হেতু সাক্ষাৎ ব্রহ্মজ্ঞান তাহান্দের প্রকট অপ্রকট ছুই অবস্থাতে আছে ॥ ২ ॥ ছান্দোগ্যেতে কহিতেছেন যে জীব পরজ্যোতি প্রাপ্ত হইয়া মুক্ত হয় অতএব জ্যোতি প্রাপ্তির নাম মুক্তি হয় বন্ধ প্রাপ্তির নাম মুক্তি নয় এমত নছে।। আত্মা প্রকরণাথ।। ৩।। পরং জ্যোতি শব্দ এখানে যে বেদে কহিতেছেন তাহা হইতে আত্মা তাৎপর্য্য হয় যে হেতু এ শ্রুতি ব্রহ্ম প্রকরণে পঠিত হইরাছে।। ৩।। মুক্ত সকল ব্রহ্ম হইতে পৃথক হইরা অবস্থিতি এবং আনন্দ ভোগাদি করেন এমত নছে ॥ অবিভাগেন দৃক্টত্বাৎ॥ ৪॥ **অবিভাগ রূপে অ**র্থাৎ ব্রন্ধের সহিত ঐক্য রূপে অবস্থিতি এবং **आनम् ट्यांग पूक् मक्त करतन य एक्टू त्वरम मृत्ये इहेर**कं इं याहा যাহা ব্রহ্ম অমুভব করেন সেই সকল অমুভব মুক্তেরা দেহ ত্যাগ করিয়া করেন।। ৪।। শাল্রে কহিতেছেন যে দেহ, আর ইক্রিয় এবং স্থ ছুষ্খ ,রহিত যে মুক্ত ব্যক্তি তাঁহারা অপ্রাক্ত ভোগ করেন অতএব ইন্দ্রিগাদি রহিত হইয়া মুক্তের ভোগ কি রূপে সংগত হয় তাহার উত্তর এই ॥ ্ব্রা**ক্ষেণি জৈ**মিনিরূপন্যাসাদিভাঃ।। ৫॥ স্বপ্রকাশ ব্রহ্ম স্ক্রন্থ হইয়া মুক্ত সকল অবস্থিতি এবং ভোগাদি করেন জৈমিনিও কহিয়াছেন যে হেতু বেদে কহেন যে মুক্তের অবস্থিতি ব্রহ্মে হয় আর এই শরীরকে ত্যাগ করিয়া মুক্ত ব্যক্তি ব্রহ্মকে প্রাপ্ত হইয়া ব্রহ্ম স্বর্নপকে দেখেন আর শুনেন ॥ ৫॥ চিতি তশ্বাত্ত্বৈণ তদাত্মকত্বাদিত্যৌতুলোমিঃ॥ ७॥ জীব অপপ জ্ঞাতা ব্ৰহ্ম সর্ব্ব জাতা ইহার অপ্প শব্দ আর সর্ব্ব শব্দ ছুই শব্দকে.ত্যাগ দিলে জাতা

মাত্র থাকে অতএব জ্ঞান মাত্রের দারা জীব ব্রহ্ম স্বরূপ হয় ঐ ওড়ুলো-মির মত ॥৬॥ এবমপুপেন্যাসাৎ পূর্বভাবাদবিরোধুং বাদরায়ণঃ॥ १॥ এই ঔডুলোমির মত পূর্বেবাক্ত জৈমিনির মতের সহিত বিরোধ নাই ব্যাস কহিতেছেন যে হেতু জৈমিনিও মুক্ত জীবের ব্রহ্মের সহিত ঐক্য করিয়। কহিয়াছেন ॥ ৭॥ মুক্ত ব্যক্তিরা যে ভোগ করেন সে ভোগ লৌকিক সাধ নের অপেক্ষা রাখে অতএব মুক্তেরা ভোগেতে লৌকিক সাধনের সাপেক্ষ হয়েন এমত নহে।। সংক্ষপাদেব তু তৎশ্রতে:।। ৮।। কেবল সংক্ষপের দ্বারাতেই মুক্তের ভোগাদি হয় বহিঃদাধনের অপেক্ষা থাকে না যে হেতু বেদে কহিয়াছেন যুে সংক্ষপ মাত্র জানীর পিতৃলোক উত্থান করেন ॥৮॥ অতএব চাননাধিপতিঃ॥৯॥ মুক্তের ইন্দ্রিয়াদি নাই কেবল সংহৃপের দ্বারা সকল সিদ্ধ হয় অতএব তাঁহাদের আত্মা ব্যতিরেকে অন্য অধিপতি নাই অর্থাৎ ইক্রিয় সকলের অধিষ্ঠাতা যে সকল দেবতা তাঁহারা মুক্তের অধিপতি না হয়েন॥৯॥ মুক্ত হইলে পরে দেহ থাকে কি না ইহার বিচার করিতেছেন। অভাবং বাদরিরাহ ছেবং। ১০। বাদরি কহিয়াছেন যে মুক্ত হইলে পর দেহাদির অভাব হয় এইমত নৈয়ায়িকের মতের সহিত ঐক্য হয় যে হেতু ন্যায় মতে কছেন যে ছয় ইক্রিয় আর রূপাদি ইক্রিয় বিষয় ছয় এবং ছয় রূপাদি বিষয়ের জ্ঞান, আর স্বখ ছুষ্থ আর শরীর এই একুইশ প্রকার সামগ্রী মুক্তি হইলে নির্বত্তিকে পায় ॥১০॥ ভাবং জৈমিনি-বিকিম্পামননাৎ 🏗 মুক্ত হইলেও দেহ থাকে এই জৈমিনির মত যেহেতু বেদে বিকম্প করিয়া মুক্তের অবস্থা কহিয়াছেন তথাছি মুক্ত ব্যক্তি এক ংয়েন তিন হয়েন মুক্ত বাক্তি ব্রহ্মকে **দৃষ্টি** এবং প্রবণ করেন জ্যোতি স্বরূপে এবং চিৎস্বরূপে অথবা অচিৎ স্বরূপে নিতা স্বরূপে অথবা অনিতা স্বক্রপে থাকেন এবং আনন্দ বিশিষ্ট হয়েন ॥ ১১ ॥ দ্বাদশাইবছুভয়বিধং বা-দরায়ণো হতঃ ॥ ১২ ॥ বেদে কোন স্থানে কহিয়াছেন যে মুক্তের দেহ থাকে কোথাও কহেন দেহ থাকে নাই এই বিকল্প আবণের দ্বারা বাদরারণ কহিয়াছেন যে মুক্ত[°] হইলে দেহ থাকে এবং দেহ না থাকে উভয় প্রকার मूर्त्कित है कहा महा हम रामक अर्क अपि द्वामणाह निम मछा करहन अना শ্ৰতি দিবস সমূহকে কহেন॥১২॥ তম্বভাবে সদ্ধ্যবস্থুপপত্তেঃ॥ ১৩॥ স্বপ্পে

যেমন শরীর না থাকিলে পরেও জীব সকল ভোগ করে সেই মত শরীর না থাকিলেও মুক্ত ব্যক্তির ভোগ সিদ্ধ হয়॥ ১৩॥ ভাবে জাগ্রদ্ধৎ॥ ১৪॥ भूक लोक त्मह विभिक्ते यथन हराम जथन जांधर वाकि रामन विषय ভোগ করে সেই রূপ ব্রন্ধানন্দ ভোগ করেন॥ ১৪॥ মুক্ত ব্যক্তির ঈশ্বর হইতে কোন বিশেষ নাই এমত নহে। প্রদীপবদাবেশন্তথাহি দর্শরত।।১৫॥ প্রদীপের যেমন প্রকাশের দ্বারা গৃহেতে ব্যাপ্তি হয় স্বরূপের দ্বারা হয় না সেই রূপ মুক্তদিগের প্রকাশ রূপে সর্বত্ত আবেশ অর্থাৎ ব্যাপ্তি হয় ঈশ্ব-রের প্রকাশ এবং স্বরূপ উভয়ের দ্বারা সর্ব্বত্র ব্যাপ্তি হয় এই বিশেষ শ্রুতি দেখাইতেছেন॥১৫॥ বেদে কহিতেছেন স্বর্গেতে কোন ভ্র নাই অতএব স্বর্গ স্থাপে আর মুক্তি স্থাথে কোন বিশেষ নাই এমত নহে॥ স্বাপাগ্রসম্পত্ত্যোর-ন্যতরাপেক্ষমাবিষ্কৃতং হি॥ ১৬॥ আপনাতে লয়কে পাওয়া অর্থাৎ স্বষ্ধি কালে আর আপনাতে মিলিত হওয়া অর্থাৎ মোক্ষ সময়ে হুষ্ খ্-রহিত যে মুখ তাহার প্রাপ্তি হয় আর স্বর্গের মুখ মুষ্খ মিশ্রিত হয় অতএব মুক্তিতে **আর স্বর্গেতে বিশেষ আছে যে হেতু এই রূপ বেদেতে প্রকট করি**য়াছেন ॥ ১৬॥ বেদে কহেন মুক্ত দকল কামনা পাইয়া ব্রহ্ম স্বরূপ হয়েন আর মনের দ্বারা জগৎ দেখেন এবং বিহার করেন অতএব ঈশ্বরের ন্যায় সং-কল্পের দ্বারা মুক্ত সকল জগতের কর্তা হয়েন এমত নহে। জগদ্ব্যাপার-বর্জ্জং প্রকরণাদসন্ধিহিতছাচ্চ ॥ ১৭ ॥ নারদাদি মুক্ত সকলের ইচ্ছার দ্বারা শরীর ধারণ হইয়াও জগতের কর্ভৃত্ব নাই কেবল ঈশবের উপাসনা মাত্র ষে হেতু বেদে স্ঠি প্রকরণে কহিয়াছেন যে কেবল ঈশ্বর জগতের স্ঠি ুকর্তা হয়েন আর ঈশ্বরের সমুদায় শক্তির সন্ধিধান মুক্ত সকলেতে নাই এবং মুক্তদিগ্যের স্ঠি করিবার ইচ্ছাও নাই॥ ১৭॥ প্রত্যক্ষোপদেশাদিতি চে-রাধিকারিকম ওলিছোকে:॥ ১৮॥ বেদে কছেন মুক্তকে সকল দেবতা পূজা দেন আর মুক্ত স্বর্গের রাজা হয়েন এই প্রত্যক্ষ শ্রুতির উপদেশের দ্বারা মুক্ত সকলের সমুদায় ঐশ্বর্য্য আছে এমত বোধ হয় অতএব মুক্ত ব্যক্তিরা স্টি করিতে সমর্থ হয়েন এমত নহে যে হেতু আধিকারিক অর্থাৎ জীব তাহার মণ্ডলে অর্থাৎ হৃদয়ে স্থিত যে পরমান্তা তাঁহারি স্টির নিমিত্ত माशांद्र व्यवनश्चन कता वात मछन इहेशा शक्कि कता हेहात छेकि त्वाप

আছে মুক্তদিগ্যের মায়া সম্বন্ধ নাই যে হেতু তাঁহান্দের স্থাটি করিবার ইচ্ছা নাই ॥ ১৮ ॥ ঈশ্বর কেবল সগুণ হয়েন অর্থাৎ ক্ষ্টি কর্ভুছ গুণ বিশিষ্ট হয়েন নিগুল না হয়েন এমত নছে। বিকারাবর্ত্তি চ তথা হি স্থিতিমাহ।।১৯॥ স্ফ্র্যাদি বিকারে না থাকেন এমত নিগুণ ঈশবের সক্রপুত্র এই রূপ সগুণ নিগুণ উপাসকের ক্রমেতে ঈশ্বরের সগুণ নিগুণ স্বরূপেতে স্থিতি অর্থাৎ প্রাপ্তি হয় শাস্ত্রে এই রূপ কহিয়াছেন ॥ ১৯ ॥ দর্শয়ত্ত কৈবং প্রত্য-ক্ষানুমানে ॥ ২০ ॥ প্রত্যক্ষ অর্থাৎ শ্রুতি অনুমান অর্থাৎ কৃতি এই চুই এই সগুণ নিগুণ স্বরূপ এবং মুক্তদের ঈশ্বরেতে স্থিতি অনেক স্থানে দেখা-ইতেছেন ॥ ২০ ॥ ুক্তাগমাত্রদামালিক্ষাক্ত ॥ ২১ ॥ বেদে কহিতেছেন যে মৃক্ত জীব সকল এই রূপ আনন্দময় আত্মাকে প্রাপ্ত হইয়া জন্ম মরণ এবং র্দ্ধি হাস হইতে রহিত হয়েন এবং মথেফীচার ভোগাদি করেন অতএব ভোগ মাজেতে মুক্তের ঈশ্বরের সহিত সাম্য হয় স্থাটি কর্জুছে সাম্য নহে যে হেতু জগৎ করিবার সংকল্প তাঁহান্দের নাই আর জগতের কর্তা হই-বার জন্যে ঈশ্বরের উপাসনা করেন নাই॥ ২১॥ মুক্তদিগ্যের পুনরার্ত্তি नाइ जाराई **म्यारे कहिएलएइन ॥ अनाइजिः मद्याद अनाइजिः मद्याद ॥**२२॥ ্বদে কহেন যে মুক্তের পুনরার্ত্তি নাই অতএব বেদ শব্দ ছারা মুক্ত ব্যক্তির পুনরারত্তি নাই এমত নিশ্চয় হইতেছে স্ত্তের পুনক্তি শাস্ত ममाश्चित क्वांशक हम ॥२२॥ देखि ठजूर्थाशास्त्र ठजूर्थः शानः ठजूर्थाशामण সমাপ্তঃ। ইতি শ্ৰীকৃঞ্চদ্বৈপায়নাভিধানমহর্ষিবেদব্যাসপ্রোক্তজন্মাধ্যব্রহ্ম স্ক্রেস্য বিবরণং সমাপ্তং সমাপ্তোয়ং ব্রেদান্তগ্রন্থ: ॥

বেদান্ত সার।

ওঁ তৎসং।। বেদান্তসার:। সমুদায় বেদ বেদান্তাদি শাল্তের প্রতিপাদ্য পরবৃদ্ধকে জানা অবশ্য কর্ত্তব্য হইয়াছে ইহার উল্লেখ বেদান্ডের প্রথম খতে ভগবান বেদব্যাস করিয়া শ্রুতি এবং শ্রুতি সুন্মত বিচারের দ্বারা দেখিলেন যে ব্ৰক্ষের স্বরূপ কোনমতে জানিতে পারা যায় না অর্থাৎ ত্রন্ধ কি আর কেমন এমত নিদর্শন হইতে পারে না যে হেতু শ্রুতিতে কহিতে ছেন॥ ন চক্ষ্যা গৃহ্ছতে নাপি বাচা নান্যৈদে বৈস্তপসা কর্ম্মণা বা। মুঙক॥ অদৃক্টোক্রফা অশ্রতঃ শ্রোতা অস্থূলমনণু । রহদারণ্যক ॥ অবাঙানুনসগো-চরং। অশব্দং অস্পর্শং। কঠবল্লী॥ চক্ষুর দ্বারা কিম্বা চক্ষু ভিন্ন অন্য ইন্দ্রিয় সকলের দ্বারা অথবা ক্রপের দ্বারা কিম্বা শুভ কর্ম্মের দ্বারা ব্রহ্ম কি পদার্থ हरायन जाहा काना यात्र ना। बक्त काहात मृष्ठे नरहन अथह नकलरक দেখেন শ্রুত নহেন অথচ সকল শুনেন। ব্রহ্ম স্থূল নহেন স্ক্রম নহেন। বাকা আরু মনের অগোচর হঁয়েন। শব্দাতীত এবং স্পর্শাতীত হয়েন। অতএব বেদব্যাস দ্বিতীয় স্থত্তে ব্রহ্মের স্বরূপ বর্ণনের প্রয়াস না করিয়া তটস্থ রূপে তাঁহার নিরূপণ করিতেছেন অর্থাৎ এক বস্তুকে অন্য বস্তুর ছারা জানাইতেছেন যেমন সুর্য্যকে দিবসের নির্ণয় কর্ত্তা করিয়া নিরূপণ जगानामा यउः। २ ऋतः। २ शोनः। > व्यशासः॥ জুগতের জন্ম স্থিতি নাশ যাঁহ। হুইতে হয় তেঁহো ব্রহ্ম হয়েন। নানাবিধ আশ্চর্য্যান্বিত জগৎকে প্রত্যক্ষ দেখিতেছি এবং এই জগতের উৎপত্তি স্থিতি এবং নাশ 'দেখা যাইতেছে স্বতএব ইহার যে কর্ত্তা তাঁহাকে বন্ধ শব্দে কহি যেমন অট দেখিয়া কুস্তকারের নির্ণয় করা যাইতেছে। শ্রান্ত সকলো এই রূপ তটত্ন লক্ষণের দারা ব্রহ্মকে বর্ণন করেন। যতোবাই-. মানি ভূতানি জায়ত্তে। তৈত্তিরীয় । যোবৈ বালাকে এতেষাং পুরুষাণাং কর্ত্তা যস্যৈত\$ কর্ম। কৌষীতকী ॥ যাঁহা হইতে এই সকল জগৎ উৎপন্ন হইতেছে তেঁহো ব্রহ্ম। যে এই সকল পুরুষের কর্তা আর ঘাঁহার কার্য্য জগৎ **इप्र उँ हो बन्ध। (वर्ष करहन ॥ वीठा विक्र श**िकायो ॥ विष वीका निजा ইত্যাদি ঐতির দারা বেদকে স্বতন্ত্র নিত্য কহিতে পারা গায় না কারণ এই যে শ্রুতিতে বেদের জন্ম পুনরায় শুনা যাইতেছে ॥ ঋচঃ সা-মানি জঞ্জিরে। ঋকু সকল আর সাম সকল এক হইতে উৎপন্ন হইয়াছেন।

এবং বেদান্তের স্থৃতীয় হতেে বেদের কারণ ব্রহ্মকে কহিয়াছেন। শান্তয়ো-নিস্থাৎ॥ ৩॥ ১॥ ১॥ । শাস্ত্র যে বেদ তাহারো কারণ ব্রহ্ম হয়েন অতএব জগতের কারণ ব্রহ্ম। বেদে কছেন॥ আকাশাদেব সমুৎপদ্যন্তে। ছাস্পোগ্য॥ 🤇 আকাশ হইতে জগতেরউৎপত্তি হয় ইত্যাদি শ্রুতির দ্বারা আকাশ জগতের কারণ না হয় যে হেতু প্রতিতে কহিতেছেন। এতশাদাম্মনজাকাশঃ সস্ত তঃ । এই আত্মা হইতে আকাশ উৎপন্ন হইয়াছে। কারণত্বেন চাকা-नामिष् यथा राभमिरकोरकः॥ >८॥ ८॥ >॥ मकलात कातन बक्ष हरान অতএব শ্রুতির পরস্পর বিরোধ হয় না যে হেতু আকাশাদির কারণ ব্রহ্মকে সকল বেদে কহিয়াছেন । 🗸 অথ সর্বাণি হবা ইমানি ভূতানি প্রাণমেবাভি-সংবিশস্তি।খা। এই সকল সংসার প্রাণেতে লয়কে পায়। এই শ্রুতি দ্বারা প্রাণ বায়ুকে জগতের কর্ত্তা কহিতে পারা যায় না যে হেতু বেদে কহেন॥ এতত্মাজ্জায়তে প্রাণোমনঃ সর্বেজিয়াণি চ'খং বায়ুর্জ্যোতিরাণঃ পৃথিবী বিশ্বস্য ধারিণী ॥ ব্রহ্ম হইতে প্রাণ আর মন আর সকল ইন্দ্রিয় এবং আ-কাল বায়ু জ্যোতি জল আর পৃথিবী উৎপন্ন হইয়াছেন।। ভূমা সংপ্রসাদা-দ্ধাপদেশাৎ।।৮॥২॥১॥ ভূমা শব্দ হইতেই বন্ধই প্রতিপাদ্য হইতে-ছেন প্রাণ প্রতিপাদ্য হয়েন না যে হেতু প্রাণ উপদেশ শ্রুতির পরে ভূমা শব্দ হইতে ব্রহ্মপ্রতিপর হয়েন এমত বেদে উপদেশ আছে। তচ্ছু এং **জ্বোতিষাং জ্যোতিঃ।মূণ্ডক্**॥ যাবং সকল জ্যোতির যেজ্যোতি সে জগতের কর্ত্তা। এ শ্রুতি দারা কোনো জ্যোতি বিশেষকে জগতের কারণ কহিতে পারা যায় না যে হেতু বেদে কহেন ॥ তমেব্ ভাস্তমত্বভান্তি। মু॥ সকল তে ্জন্মান্ সেই প্রকাশবিশিস্ট ত্রন্ধের অন্করণ করিতেছেন। অন্তর্কৃতিস্তস্য চ ॥ २२ ॥ ৩ ॥ ১ ॥ বেদে কছেন যে ব্রন্মের পশ্চাৎ সুর্য্যাদি দীপ্ত ছয়েন অত-এব ব্রহ্মই জ্যোতি শব্দের দ্বারা প্রতিপন্ন হয়েন আর সেই ব্রহ্মের তেজের দারা সকলের তেজ সিদ্ধ হয়। অনাদ্যনস্তং মহতঃ পরং ধ্রুবং নিচায্য তং মৃত্যুম্থাং প্রমুচ্যতে। ঋক ॥ আদাস্ত[্]রহিত নিত্য স্বরূপ প্রকৃতি অর্থাৎ স্বভাবকে জানিলে মৃত্যুহন্ত ইইতে উদ্ধার পায়॥ হাতি। স্বভাবএর স-মৃত্তিষ্ঠতে। স্বভাব স্বয়ং প্রকাশ পায়। ইত্যাদি শ্রুতি, দ্বারা স্বভাবকে স্থান্ত জগতের কর্তা কহা যার না যে হেতু বেদে কহেন। পুরুষান্ন পরং কিঞ্চিৎ।কঠ। আদ্ধা হইতে শ্ৰেষ্ঠ কেহ নাই। তমেটবৰুং জানাথ।মূ। সেই আত্মাকে কেবল জান ৷৷ ঈক্ষতের্নাশব্দং ৷৷৫৷৷১৷৷১৷৷ শব্দু অর্থাৎ বেদে স্বভাবের জগৎ কারণত্ব কহেন না যে হেতু স্ফির সঙ্কপে করা চৈতন্য অপেক্ষাকরে সেই চৈতন্য ব্রন্দের ধর্ম হয় স্বভারেব ধর্ম চৈতন্য নছে যে হেতু স্বভাব জড় হয় অতএৰ স্বভাৰ স্বতম্ভ জগৎ কারণ না হয়।। সৌমোষোহনিয়:॥ হে সৌম্য জ্বগৎ কারণ অতি ক্ষেম হয়েন। ইহার ভারা প্রমাণুর জ্বগৎ কর্ত্তুত্ব হয় না যে হেতু পরমাণু অচৈতন্য আরু পূর্ব্ব লিখিত হুত্তের দারা প্রমাণ হইয়াছে যে অচৈতন্য হইতে এতাদৃশ জগতের স্থটি হইতে পার-না॥ জ্যোতিরূপসম্পুদ্রা স্বেন রূপেণাভিনিম্পদ্যতে এব আত্মা। ঋ॥ পরে জোতি প্রাপ্ত ইইয়া স্বকীয় রূপেতে জীব বিরাজ করেন। গুহাং প্রবি-স্টো পরমে পরার্দ্ধে। কঠ॥ কুদ্র হৃদয়াকাশে জীব এবং পরমাত্মা প্রবেশ করেন। •এ সকল শ্রুতি দারা জীব স্বতন্ত্র কারণ এবং অন্তর্গামি না হয়েন যে হেডু বেদে কহিতেছেন॥ য় আত্মনি ডিষ্ঠন্। মাধ্যন্দিন ॥ যে ব্ৰহ্ম জীবেতে অন্তৰ্যামি **রূপে বাস** করেন॥ রসং ছেবায়ং লব্ধা আন্দীভবতি।। এই জীব ব্রহ্ম স্থকে পাইয়া আনন্দযুক্ত হয়েন। শারীর**ন্চো**ভয়েপি হি **(७.एम्टेननमधीग्रह्ण ॥ २० ॥ २ ॥ ১ ॥ जीव अर्ख्यामि ना इराजन स्य ट्रिक् कांब्र** এবং মাধ্যন্দিন উভয়ে ব্রহ্ম হইতে জীবকে উপাধি অবস্থাতে ভেদ করিয়া কহিয়াছেন । यः পৃথিব্যাং তিষ্ঠন্ পৃথিব্যা অন্তরো যং পৃথিবী ন বেদ।র॥ ষিনি পৃথিবীতে থাকেন এবং পৃথিবী হইতে অস্তর অথচ পৃথিবী যাঁহাকে জানেন না এই 🖛তি দ্বারা পৃথিবীর অধিষ্ঠাতৃ দেবতাকে পৃথিবীর অস্ত-র্বামি কহিতে পারা যায় না। যে হেডু বেদে কহিতেছেন ॥ এষোহস্তর্বাম্য-मृजः। ह ॥ এই আত্মা অন্তর্ধামি এবং অমৃত হয়েন ॥ অন্তর্ধাম্যধিদৈবাদিষ্ তদ্ধর্মব্যপদেশাৎ॥ ১৮॥ ২॥ ১॥ বেদে অধিদৈবাদি ধাক্য সকলেতে বৃদ্ধই অন্তর্গামি হয়েন যে হেতু অমৃতাদি বিশেষণেতে অন্তর্গামীর বর্ণন বেদে দেখিতেছি।। অসৌ বা আদিতাঃ।। ইত্যাদি অনেক শ্রুতি সুর্য্যের মাহাত্ম্য কছেন ইহার দারা সুর্য্যকে জগৎ কারণ কহিতে পারা যায় না যে হেতু শ্রুতিতে কুহেন ॥ যথাদিতো তিষ্ঠন্ আদিতাদন্তরঃ। র ॥ যিনি প্রব্যেতে অন্তর্যামিরূপে থাকেন তিনি প্র্য্য হইতে ভিন্ন হয়েন। ভেদব্য-

পদেশাক্ষানাঃ॥ ২১॥ ১॥ ১॥ পুর্যান্তর্যামি পুরুষ পুর্যা হইতে ভিন্ন হয়েন যে হেতু স্র্য্যের সহিত স্থ্যাস্তর্যামির ভেদ কথন বেদে আছে। এই রূপ জগতের কর্ত্তা করিয়া নানা দেবতার স্থানে স্থানে বেদে বর্ণন আছে ইহাতে তাঁহানের সাক্ষাৎু জগৎ কারণত্ব না হয় যে হেতু বেদে পুনঃ পুনঃ প্রতিজ্ঞা করিতেছেন। সির্কে বেদা য়ৎ পদমামনস্তি। সকল বেদ এককে কহেন অতএব এক ভিন্ন অনেক কর্ত্তা হইলে বেদের প্রতিজ্ঞা মিখ্যা হয় আর বেদে কহেন যে।। একমেবাদ্বিতীয়ং ব্রহ্ম। কঠ।। ব্রহ্ম এক দ্বিতীয় রহিত হয়েন॥ নান্যোহতোস্তি ক্রম্টা। র॥ ৢব্রন্ধ বিনা আর কেহ ঈক্ষণ কর্তা না হয়॥ নেহ নানান্তি কিঞ্চন। রু॥ সংসারে স্ক্রে বিনা অপর ক্রেছ নাই।। তে যদন্তরা তথাকা। ছা।। নাম রূপের ভিন্ন একা হয়েন । নাম রূপে ব্যাকরবাণি। ছা।। যাবৎ নাম রূপ জন্য হয়। এই রূপ ভূরি শ্রুতি দ্বারা যে কেহ নামরূপ বিশিষ্ট তাহারা নিত্য এবং ক্রগৎ কর্ত্তা না হয় এমত প্রমাণ হইতেছে বেদেতে নানা দেবতাকে এবং অন্ন মন **আকাশ চতুষ্পাদ দাস কিতব ইত্যাদি**র স্থানে স্থানে ব্রহ্ম কথন দেখিতেছি। শ্রুতি। চতুপ্পাৎ কচিৎ কচিৎ বোড়শকলঃ। ঋ।। কোথায় ব্রহ্ম চতুপ্পাদ কোথায় ষোড়শ কলা হয়েন॥ মনো ব্ৰহ্মেত্যুপাসীত॥ মন ব্ৰহ্ম হয়েন এই উপাদনা করিবে॥ কং ব্রহ্মথং ব্রহ্ম। রুমা বন্ধ ক-স্বরূপ এবং খ-স্বরূপ হয়েন।। ব্ৰহ্ম দাসা ব্ৰহ্ম কিতবাঃ। অথৰ্ব্ব।। ব্ৰহ্ম দাস সকল এবং কিতব ছেন 🕊 অগ্নিযুদ্ধী চক্রব্যা। ইত্যাদি মুগুক ॥ অগ্নি ব্রক্ষের মন্তক , আর ছুই চক্ষু চল্র স্থা হয়েন। আর হৃদয়ের ক্ষুদ্রোকাশ করিয়া ব্রহ্মকে বর্ণন করিয়াছেন ॥ দহরোহশিষ্মস্তরাকাশে। ছা ॥ অণীয়ান্ ব্রীহের্যবাদা। हा। वीहि धर्वः यर इटेराज्य वस कृता हराम। धरे मकल माना करा এবং নানা নামে কহিবাতে এ সকল বস্তু স্বতন্ত্র ব্রহ্ম না হয়েন। অনেন সর্ব্বগতত্বমায়ামশব্দেভ্যঃ॥ ৩৮॥ ২॥ ৩॥ বেদে কছেন ব্রহ্ম আকা-শের ন্যায় সর্বরগত হয়েন ঐ সকল শ্রুতি হইতে ব্রহ্মের ব্যাপকত্ব বর্ণন দ্বারা বন্ধের সর্ববগতত্ব প্রতিপন্ন হইতেছে। আই । সর্ববং খলিকং ব্রহ্ম।, তদাত্মমিদং সর্ববং ছা।। যাবৎ সংসার ব্রহ্মময় হয়েন।। সর্বব- দ্বিঃ সর্ববিদ্নস:। ছা॥ একা সকল গদ্ধ এবং সকল রস হয়েন অতএব নানা বস্তুকে এবং নানা দেবতাকে ব্রহ্মত্ব আরোপণ ক্লরিয়া এক্ষ কহিবাতে ত্রক্ষের সর্ব্ব ব্যাপিত প্রতিপন্ন হয়। "নানা বস্তুর স্বতন্ত্র ভ্রমত প্রতিপন্ন হয় না সকল দেবতার এবং সকল বস্তুর পৃথক পৃথক ব্রহ্মত্ব স্বীকার করিলে বেদের প্রতিজ্ঞা মিখ্যা হয় এবং এই জগতের প্রস্টা অনেককে মানিতে হয় ইহা বুদ্ধির এবং বেদের বিরুদ্ধ মত হয়।। ন স্থানতোপি পরস্যোভয়-निकः मर्कतः हि ॥ ১১ ॥ २ ॥०॥ स्वरं धवः संस्कृत चार्यम् धरे ह्रहे हहेरु ভিন্ন যে পরবন্ধ ডেহোঁ নানা প্রকার হয়েন না যে হেতু বেদে সর্বজ ব্ৰহ্মকে নিৰ্বিশেষ করিয়া, এক কহিয়াছেন॥ শ্ৰুতিঃ। একমেৰাদ্বিতীয়ং ব্ৰহ্ম॥ আহ হি তথাতেং । ১৬ ॥ ২ ॥ ৩ ॥ বেদে চৈতন্য মাত্র করিয়া ব্রহ্মকে কহি-গাছের ॥ প্রথমান্ত্রানন্তরোবাহুঃ কুৎস্কঃ প্রজ্ঞান্ত্রন্ত্র। এই সান্ত্রা সন্ত-বৃহি: কেবল-চৈত্ৰাময় হয়েন ॥° দর্শয়তি চাথোছপি চ স্মর্যাতে ॥১৭॥২॥৩॥ :वाम बन्नात्क मवित्मव कविया किंद्या श्रम्कार वाथ मब्स व्यविध वांत्रस्त করিয়া কহিয়াছেন। নেতি নেতি।র। যাহা পূর্ব্ব কহিয়াছি সে বাস্তবিক না হয় ব্রহ্ম কোনমডে সবিশেষ হইতে পারেন না এবং স্কৃতি-্তও এই রূপ কহিয়াছেন ॥ অরূপবদেব হি তৎপ্রধানস্থাৎ ॥১৪॥ ২ ॥ ৩ ॥ বন্ধ নিশ্চয় রূপ বিশিষ্ট না হয়েন যে হেডু সকল শ্রুতিতে ব্রন্ধের নির্গুণ-রকে প্রধান করিয়া কহিয়াছেন ॥ তৎ সদাসীৎ। ছা ॥ শ্রুডিঃ। অপানি-পাদোয়বনোগ্রহীতা পশাত্যচকু: সশ্লোত্যকর্ণ:। ইত্যাদি॥ ব্রন্দের পা নাই অথচ গমন করেন হস্ত নাই অথচ গ্রহণ করেন চকু নাই অথচ দবেন কর্ণ নাই অথচ শুনেন ॥ শ্রুতি। ন চাস্য কশ্চিৎ জনিতা ॥ আত্মার .कर जनक नारे ॥ अत्वाजनीयान् मरुका मरीयान् ॥ आश्वा कृत्व रहेरछ-अक्ष (आर्थ इहेराज अर्थ कार्य कार इक्स नर्टन। यनि कर उक्षरक नर्स्त्यांभी केन्नियां धरे नकल नाना श्रकात ারম্পর বিপরীত বিশেষণের ছারা কি রূপে কহা যায়। তাহার উত্তর ॥ মাজ্মনি চৈবং বিচিত্রাশ্র হি । ২৮॥ ১॥ ২॥ আজ্মাতে সর্ব্ব প্রকার বিচিত্র াক্তি আছে।। বিচিত্রশক্তি: পুরুষ: পুরাণ:। শেতাখতর।। এতাবানসা । হো। এই রূপ একের মহিমা জানিবে অর্থাৎ যাহা অন্যের

গ্রসাধ্য হয় তাহা পরমাত্মার অসাধ্য নহে বস্তুত পরমাত্মা অচিন্তনীয় সর্ব শক্তিমান্ হয়েন ১ আর দেবতারা স্থানে স্থানে আপনাকে জগতের কারণ এবং উপাদ্য করিয়া কহিয়াছেন দে আপনাতে ব্রহ্মের আরোপণ क्रिया क्ट्यू मांज म भाजमृत्या जुलामानामाम्बर्व ॥ ७० ॥ ১ ॥ ३ ॥ ३ स আপনাকে উপাদ্য করিয়াবে উপদেশ করেন সে আপনাতে ব্রহ্মের আরো-পণ করিয়া কহিয়াছেন স্বতন্ত্র রূপে কহেন নাই যেমন বামদেব দেবতা না হইয়া ব্রহ্মাজিমানী হইয়া আপনাকে জগতের কর্তা করিয়া কহিয়াছেন।। ৰামদেবশ্ৰুতি:। অহং মহুরভৰং প্র্যুক্তেতি। র॥ বামদেব আপনাকে ব্রহ্ম দৃষ্টিতে কৰিতেছেন আমি মহু হইয়াছি আর্ম্ন সুর্ব্য হইয়াছি। এই রূপ প্রত্যেক ব্যক্তি আপনাতে ত্রন্মের আরোপণ করিয়া ত্রন্ম রূপে আপ-নাকে চিন্তন এবং বর্ণন করিবার অধিকার রাখেন। শ্রুতি। তত্ত্বসি। সেই পরমান্তা তুমি হও 🗓 🔑 ক্বা অহমিথি। ইত্যাদি ॥ ৫ হে ভগবান যে তুমি সে আমি হই । স্বৃতি । অহং দেৰোন চান্যোহন্ম ব্ৰহ্মবান্মি ন শোকভাক্। সচ্চিদানস্রপোহিম্মি নিত্যমুক্তস্বভাববান্। আমি অন্য নহি দেব স্বরূপ হই সাক্ষাৎ শোক রহিত ব্রহ্ম আমি হই সঞ্চিদানন্দ স্বন্নপ নিড্য মৃক্ত আমি হই। ইত্যাদি বাক্যের অধিকারী সকলেই হয়েন এ নিমিত্তে ভাহারদিগ্যে জগতের স্বভন্ত কারণ এবং উপাস্য করিয়া স্বী-কার করা যায় না। ব্রহ্ম জগতের নিমিত্ত কারণ হয়েন থেমন ঘটের নিমিত্ত কারণ কৃষ্ণকার হয় এবং উপাদান কারণ হয়েন যেমন সত্য রক্ষ্য-তে যখন ভ্রম ছারা সর্প জ্ঞান হয় তখুন সেই মিখ্যা সর্পের উপাদান কারণ সেই রক্ষ্ম হইয়া থাকে অর্থাৎ সেই রক্ষ্মকে সর্পাকারে দেখা যায় আর বেষন মৃত্তিকা ঘটের উপাদান কারণ হর অর্ধাৎ ঘটাকারে মৃত্তিকার প্রত্যক্ষ হয়। অঞ্চিক্ত প্রতিজ্ঞাদৃষ্টাস্তাহরোধাৎ ॥ ২৩ ॥ ১॥ । ব্রন্ধ জগতের নিমিত্ত কারণ হয়েন এবং প্রকৃতি অর্থাৎ উপাদান কারণ হয়েন বে হেছু বেলে প্রতিজ্ঞা করিয়াছেন এক জ্ঞানের দারা সকলের জান হয় আর দুক্তান্ত দিরাছেদ যে এক মৃৎপিও জ্ঞানের মার্রা যাবৎ মৃত্তিকার জ্ঞান হয় এদৃষ্টীন্ত তবে সিদ্ধা হুয় যদি জগৎ ব্রহ্মময় হয় আর ব্রহ্ম ঈক্ষণের ছারা জগৎ সৃষ্টি করিয়াছেন এমত বেদে কহেন অতএর এই শ্রুডি সকলের

অনুরোধে ব্রহ্ম জগতের নিমিত্ত কারণ এবং উপাদান কারণ হয়েন। শ্রুতি। সোহকাময়ত বহু স্যাং॥ এক্ষ চাহিলেন আমি অনেক হই। ইত্যাদি শ্রুতির দারা প্রমাণ হইতেছে যে ব্রহ্ম আত্ম সহুপের দারা আপনি আব্রহ্মন্তম পর্যান্ত নাম রূপের আত্রয় হইতেছেন যেমন মরীচিকা অর্থাৎ মুধ্যাহুকালে পুর্ব্যের রশ্মিতে যে জল দেখা যায় সেই জলের আত্মা পুর্ব্যের রশ্মি হয় বস্তুত সে মিথ্যা জল সত্য রূপ তেজকে আত্রয় করিয়া সত্যের ন্যায় দেখায় সেই রূপ মিথ্যা নাম রূপময় জগও ব্রহ্মের আত্ময়ে স্ত্যু রূপে প্রকাশ পার ॥ বাচারস্করণং বিকারো নামধেরং । শ্রুতি ॥ নাম আর রূপ যাহা দেখহ সৈ সকল কুথন মাত্র বস্তুত ব্রহ্ম সত্য হয়েন অতএব নশ্বর নাম ক্লপের কোনোঁ মতে স্বতন্ত্র ব্রহ্মত্ব স্বীকার করা যাইতে পারে না।। कृष्ण्येव পরোদেৰতাং ধ্যায়েএ। कृष्ण्ये পরম দেবতা হয়েন তাঁহার ধ্যান क्रिटिक ॥ द्धाप्रकः यञ्जामत्र ॥ "मर्शामत्वत्र উल्मिला जामता यञ्जन क्रि ॥ আদিত্যমুপাম্মহে ॥ আদিত্যকে উপাসনা করি ॥ পুনরেব বরুবং পিতরমুপ-সসার। পুনর্কার পিড় রূপ বরুণকে উপাসনা করিলাম। তংমামায়ুর-মৃতমুপাস। বাহুবচন। সেই আহু আর অমৃত স্বরূপ আমাকে উপাসনা कत्र ॥ ज्यान आदमभाजः विधानत्रम्भात्य ॥ त्मरे आदम वर्षाः विशः প্রমাণ অগ্নির উপাসনা যে করে॥ মনোব্রক্ষেত্যুপাসীত॥ মন এক হয়েন তাঁহার উপাসনা করিকে। উদ্মীথমুপাসীত। উদ্মীথের উপাসনা করি-বেক। ইত্যাদি নানা দেবতার এবং নানা বস্তুর উপাসনার প্রয়োগের দারা এই সকল উপাসনা মুখ্য না হয় ইহার ভাৎপর্য্য এই ত্রন্ধোপাসনাতে ষাহাদের প্রাইতি নাই তাহাদের নানা উপাসনাতে অধিকার হয় যে হেতু ব্ৰহ্ম হতে এবং বেদে কহিতেছেন। ভাক্তং বা অনাত্মবিস্থাৎ তথাহি দর্শ-য়তি ॥ १ ॥ ১ ॥ ৩ ॥ স্ক্রান্তিতে যে জীবকে দেবতার অন্ধ করিয়া কহিয়া-ছেন সে ভাক্ত হয় অর্থাৎ সাক্ষাৎ অব না হইয়া দেবতার ভোগের সামগ্রী সেই জীব হয় এই তাৎপর্য্য মাত্র যে হৈতু যাহার আত্মজান না হয় সে অঙ্কের ন্যায় তৃষ্টি জন্মাইবার দারা দেবতার ভোগে আইসে ইহার কারণ এই যে স্রুতিতে এই রূপ কহিতেছেন । যোহন্যাং দেবতামুপাত্তে জন্যো-मावत्नग्रह्मस्मीिक न मृद्यम् यथा পশুরেবং मृद्रम्यानाः । ह ॥ द्य अस्म जिक्कः

অন্য দেবতার উপাসনা করে আর কহে এই দেবতা অন্য এবং আমি অন্য উপাস্য উপাসক রূপে হই সে অজ্ঞান ব্যক্তি দেবতাদের পশু মাত্র হয়। সর্ব্ববেদান্তপ্রত্যয়শ্চোদনাদ্যবিশেষাৎ ৪ ২ ॥ ৩ ॥ ৩ ॥ নির্ণয় রূপে এই উপাসনা সে এক হয় যে ছেতু বেদে এক আত্মার উপাস-নার বিধি আছে আর এক পরমান্তা ইত্যাদি শব্দের ভেদ নাই। আক্রৈ-বোপাসীত। র॥ কেবল আত্মার উপাসনা করিবেক।। তমেবৈকং জানথ আত্মানমন্যাবাচোবিমুঞ্চথ। কঠ। সেই যে আত্মা কেবল তাহাকে জান অন্য বাক্য ত্যাগ করহ। দর্শনাচ্চ।। ৬৬।। ৬।। ৩।। বেদে দৃষ্ট হইতেছে যে ব্রক্ষোপাসনা ব্যতিরেক অন্যোপাসনা করিবেক না॥ শ্রুতি। আক্সৈবেদং নিতাদোপাসনং স্যাৎ নান্যৎ কিঞ্চিৎ সমূপাসীত ধীরঃ॥ এই যে আত্মা কেবল তাঁহার উপাসনা করিবেক কোন অন্য বস্তুর উপাসনা জানবান লোকের কর্ত্তব্য না হয়।। जीत বেদান্তে দৃষ্ট হইতেছে। তপ্পর্যাপি বাদ-রায়ণঃ সম্ভবাৎ।। ২৬।। ৩॥ ১॥ মন্থ্যের উপর এবং দেবতাদের উপর ব্রহ্ম বিদ্যার অধিকার আছে বাদরায়ণ কহিতেছেন যে হেতু বৈরাগ্যের সম্ভাবনা যেমন মহুষ্যে আছে সেই রূপ বৈরাগ্যের সম্ভাবনা দেৰতাতেও হয়।। তল্যোবোদেবানাং প্ৰত্যবুধ্যত সএতদভবৎ তথৰীশাং তথামমুষ্যাশাং । র।। দেবতাদের মধ্যে ঋষিদের মধ্যে মহুষ্যেদের মধ্যে যে কেহ ব্রহ্মজ্ঞান विभिक्षे रुत्यन दउँदश बन्न रुत्यन। , अञ्चल्यन बक्तन जैनाना मञ्जात এবং দেবতাদের তুল্যাধিকার হয়। 🗸 বরঞ্চ ত্রক্ষোপাসক যে সম্ব্যু সে দেব-তার পূজা হয়েন এমত শ্রুতিতে কহিতেছেন। সর্কেই শ্রে দেবাবলিমাহ-রস্তি।ছা॥ সকল দেবতারা ব্রহ্মজ্ঞান বিশিষ্টের পূজা করেন 🗹 সেই ব্রহ্মের উপাসনা কি ব্লপে করিবেক তাহার বিবরণ কহিতেছেন। শ্রুতি। আত্মাবা অরে ক্রফীবাঃ শ্রোতব্যোমস্তব্যোনিদিধ্যাসিতবাঃ। আক্সাকে সাক্ষাৎ-কার করিবেক আবণ করিবেক এবং চিন্তন করিবেক এবং ধ্যান করিতে ইচ্ছ। করিবেক॥ 🕈 সহকার্য্যন্তরবিধিঃ পক্ষেণ ভৃতীয়ুং তদ্বতো বিধ্যাদিবৎ ॥ ৪৭ ॥ ৪॥ ७॥ ब्राक्तत व्यवन मन्न शान कतिवात है व्या विह जिन ब्रक्त पर्यान्त অর্থাৎ ব্রন্ধ প্রাপ্তির সহায়ু হয় এবং ত্রন্ধ প্রাপ্তির বিধিন অন্ত:পাতী বিধি হয় অতএব প্রবণ মননাদি অবশ্য জানীর কর্ত্তবা ভূতীয় বিধি অর্থাৎ

খানের ইচ্ছা যে পর্যান্ত ব্রহ্ম প্রাপ্তি না হয় তাবৎ কর্তব্য যেমন দর্শয়াগের অন্ত:পাতী অগ্নাধান বিধি হয় পৃথক নছে। ব্ৰহ্ম শ্ৰবণ কৰ্ত্তব্য অৰ্থাৎ ব্রহ্ম প্রতিপাদক শাল্পের শ্রবণ বর্ত্তব্য হয়। মূনন অর্থাৎ ব্রহ্ম প্রতিপাদক বাক্যার্থের চিন্তা করা। নিদিধ্যাসন ব্রন্মের সাক্ষ্ণৎকারের ইচ্ছা করা। " অর্থাৎ ঘট পটাদি যে ব্রক্ষের সত্তা দারা প্রত্যক্ষ হইতেছে সেই সত্তাতে চিত্তনিবেশ করিবার ইচ্ছা করা পশ্চাৎ অভ্যাস দ্বারা সেই সত্তাকে সাক্ষা-ৎকার করিবেক বিআরন্তিরসক্তপুদেশাৎ॥১॥১॥৪॥ সাধনেতে আ-हुखि व्यर्शेष व्यल्याम भूनः भूनः कर्खवा हम त्य त्व ट्र व्यवनामित जेभरमभ বেদে পুনঃ পুনঃ দ্বেখিতেছি॥ আপ্রয়াণাৎ তত্ত্বাপি হি দৃষ্টং॥ ১২॥ ১ ।।৪॥ মোক পর্যন্ত আত্মার উপাসনা করিবেক জীবয় ক্ত হইলে পরেও আত্মার উপাসনা ত্যাগ করিবেক না। যে হেতু বেদে এই রূপ দেখিতেছি॥ শ্রুতি। সর্ববৈদ্যমূপাসীত যাবদ্বিমৃক্তিঃ॥ মৃক্তি পর্যন্ত সর্ববদা আত্মার উপাসনা করিবেক।। মুক্তাঅপি ছেনমুপাসতে।। জীবন্ধুক্ত হইলেও উপাসনা করি-বেক।। শমদমান্ত্যূপেতঃ স্যাৎ তথাপি তু তদ্বিধেস্তদঙ্গতয়া তেষামবশ্যমন্ত্-ষ্ঠেয়ত্বাৎ ॥ ২৭ ॥ ৪ ॥ ৩ ॥ । তানের অন্তরল করিয়া শমদমাদের বিধান বেদে আছে। অতএব শমদমাদের অমুষ্ঠান অবশ্য কর্ত্তব্য এই হেতু ব্রহ্মজ্ঞান হইলে পরেও শমদমাদি বিশিষ্ট থাকিরেক। শম। মনের নিগ্রহ। मम । विदेतिक्रिरात निश्च । अर्था भरनत्र अवः विदिक्तिरात्र वर्म थाकि-**टिक ना क्रम्भ मन এবং हे क्रिय़ क व्यापन वर्ष्ण व्यापिटक । व्यापि पटक** বিবেক আর° বৈরাগ্যাদি। বিবেক ব্রহ্ম সত্য জগৎ মিথ্যা ইত্যাকার বিচার। বৈরাগ্য বিষয় হইতে প্রীতি ত্যাগ। অতএব ব্রহ্ম উপাসক শুম-দমাদিতে যত্ন করিবেক। ব্রহ্মোপাসনা যেমন মুক্তি ফল দেন সেই রূপ সকল অৱ্য ফল প্রদান করেন।। পুরুষার্থোহতঃশব্দাদিতি বাদরায়ণঃ ॥১॥ ৪॥৩॥ আত্ম বিদ্যা হইতে সকল পুরুষার্থ সিদ্ধা হয় বেদে কহিতেছেন ব্যাদের এই মত। শ্রুতি। আত্মানং চিন্তয়েৎ ভৃতিকামঃ ব্রুবিষ্টুরেব ভৰতি।মু॥ ঐশ্বর্য্যের আকাজ্জিত আত্মার উপাসনা করিবেক। যে ব্রন্ধজান বিশিষ্ট সে ব্রন্ধ স্বরূপ হয়। সকল্পাদেবাস্য পিতর: সমুভিউন্তি। ছা। এক্ষজানীর সঙ্কপ মাত্র পিতৃলোক উত্থান করেন।। সর্বেই নৈ দে-

বাবলিমাহরম্ভি। তৈ ॥ বৃদ্ধজানীকে সকল দেবতা পূজা করেন ॥ ন স-পুনরাবর্ততে ন সপুনরাবর্ততে। ছা॥ ব্রহ্মজ্ঞানীর পুনরারতি অর্থাৎ পুনর্জন্ম কদাপি নাই। যতির যে রূপ ত্রন্ধবিদ্যায় অধিকার সেই রূপ উত্তম গৃহত্বেরো অধিকার হয়। ক্রৎক্রভাবাত্ত্ গৃহিণোপসংহার: ॥ ৪৮ ॥ ৪॥৩॥ সকল কর্ম্মে এবং সমাধিতে উত্তম গৃহক্তের অধিকার হয়। অতএব পূর্ব্বোক্ত দর্শন অবণাদি বিধি গৃহস্থের প্রতি স্বীকার করিতে ट्हेर्टिक रिर्देश रेटिन कर्टन व्यक्तिरिका ह्हेर्टिन जरून উত্তম গৃহস্থ দেবত। যতি তুল্য হয়েন। আদ্ধাধিক্যাত্ত্ত্বৎস্নাছেব গৃহিণোদেবাঃ ক্ৎস্নাছেব যতয়:। ছা॥ স্বর্থ এবং আশ্রমের আচারের অর্চান যদি একোপাসক करतन তবে উত্তম হয়। ना कतिरन भाभ नाई॥ गर्कारभक्ता यङ्गीन স্রুতেরখবং ॥ ২৬ ॥ ৪ ॥ ৩ ॥ । জ্ঞানের পূর্ব্ব চিত্ত শুদ্ধির নিমিত্ত সর্ব্ব কর্ম্মের অপেক্ষা থাকে যে হেতু বেদে যজ্ঞাদিকে চিত্ত শুদ্ধির সাধন,করিয়া কহিয়াছেন বৈমন গৃহ প্রাপ্তি পর্যান্ত অখের অপেক্ষা করে সেই রূপ এক নিষ্ঠ হওয়া পর্যান্ত কর্মোর অপেক্ষা থাকে। প্রন্তরা চাপি তু তদ্দৃষ্টে:।।৩৬॥ ৪॥ ৩॥ অন্তরা অর্থাৎ বর্ণাশ্রমাচার বিনাও ব্রহ্মজ্ঞান জয়ে রেক্য প্রভৃতি অনাশ্রমীর ব্রক্ষজানের উৎপত্তি হইয়াছে এমত বেদে দেখিতেছি। তুলা ক্ত দর্শনং॥ ৯॥ ৪॥ ৩॥ কোন কোন জ্ঞানীর যেমন কর্ম্ম এবং জ্ঞান ছুইএর অমুষ্ঠান দৃষ্ট হইতেছে সেই মত কোন কোন জানীর কর্ম ত্যাগ দেখা যায় উভয়ের প্রমাণ পরের ছুই শ্রুতিতে পাওয়া যাইছেছে। জনকোবৈদে-ट्रा वर्ष्णकरवन यख्डरनाक । हा। कनक छानी वर्ष पक्रिका विशा याग করিয়াছেন ॥ বিদাংসোহিমিহোত্তং ন জুহবাঞ্জিরে॥.জানবান সকল অগি-হোঁত্র সেবা করেন নাই। যদ্যপি ব্রহ্মোপাসকের বর্ণাশ্রম কর্মাহুষ্ঠানে এবং তাহার ত্যাগে ছুইয়েতেই সামর্থ্য আছে তত্তাপি ॥ অতস্থিতরজ্ঞ্যা-য়োলিঙ্গাচ্চ॥ ৩১॥ ৪॥ ৩॥ অনাশ্রমী জানী হইতে আশ্রমী জানী শ্রেষ্ঠ হয়েন যে হেতু আশ্রম বিশিক্ট জানীর শীঘ্র বন্ধ বিদ্যাতে উপলব্ধি হয় বেদে কহিয়াছেন। যদ্যপিও বেদে কহেন॥ এবং বিদ্ধিবিশং ভক্ষয়ীত।ছা॥ বন্ধজানী সমুদায় বস্তু খাইবেন অর্থাৎ কি অল্ল কাহার অল্ল এমত বিচার जित्रत्वन ना उथािश । नर्वताबार्श्वनिक व्यानाजास्य उद्यन्ति। २৮ ॥ ४ ।।

৩।। সর্ব্ব প্রকার মন্নাহারের বিধি জানীকে আপৎ কালে আছে যে হেণ্টু চাক্রায়ণ ঋষি ছুর্ভিক্ষেতে হস্তি পালকের অন্ধ •থাইয়াছেন এমত বেদে দেখিতেছি। ব্রন্ধজ্ঞানের অনুষ্ঠানের জন্যে কোনো তীর্থের কোনো দে-শের অপেকা নাই ॥ যত্রৈকাগ্রতা তত্রাবিশেষাৎ ॥ ১১ ॥ ১৯। ৪।। যেখানে চিত্তের স্থৈর্য হয় সেই স্থানে ত্রক্ষের উপাসনা করিবেক ইছাতে দেশের এবং তীর্থাদের নিয়ম নাই যে হেতু বেদে কহিতেছেন।। ঞুতি। চিত্ত স্যৈ-কাগ্রাসম্পাদকে দেশে উপাসীত॥ "বৈ স্থানে চিত্ত স্থির হয় সেই স্থানে উপাসনা করিবেক।। ব্রক্ষোপাসকের উত্তরায়ণে এবং দক্ষিণায়নে মৃত্যু हरेत पृथक कुन रहा ना ॥ अल्डम्हायति मिक्कित्।। २०॥ २॥ ४॥ मिकि-ণায়নে জানীর মৃত্যু হইলেও স্ব্য়ার দারা জীব নিঃস্ত হইয়া বন্ধ প্রাপ্ত হয়েন। শ্রুতি। এতমানন্দময়মাত্মানমত্বিশ্য ন জায়তে ন খ্রিয়তে ন হ্রসতে न वर्षा ७ हे छानि ॥ छानी थहे जानसभग्न जाजात्क शहिया जन्म मृजु হ্রাস রন্ধি ইত্যাদি হইতে মুক্ত হয়েন।। ওঁ তৎসং।। অর্থাৎ স্থিতি সংহার স্ফিকর্তা যিনি তেহোঁ সভা মাত্র হয়েন। বেদের প্রমাণ এবং মহর্ষির বিবরণ আর আচার্য্যের ব্যাখ্যা অধিকম্ভ বুদ্ধির বিবেচনা এ সকলেতে যাহার শ্রদ্ধা নাই তাহার নিকট শান্ত্র এবং যুক্তি এ হুই অকম হয়েন। এই বেদান্ত সারের বাছল্য এবং বিচার ঘাঁহাদের জানিবার ইচ্ছা হয় তাঁছারা বেঁদান্তের সংস্কৃত এবং ভাষা বিবরণে জানিবেন। ইতি বেদান্ত-সার: সমাপ্ত: ॥ ।

তলবকার উপনিষৎ।

ওঁ তৎসং। সামবেদের তলবকার উপনিষদের ভাষা বিবরণ ভগবান ভাষ্যকারের ব্যাখ্যাহ্নসারে করা গেল বেদেতে যে ছে ব্যক্তির প্রামাণ্য জ্ঞান আছে তাঁহারা ইহাকে মান্য এবং গ্রাহ্ম অবশ্যই করিবেন আর বাহার নিকট বেদ প্রমাণ নহেন ভাহার সহিত স্থতরাং প্রয়োক্ষন নাই।।

ওঁ তৎসং। কেনেষিতং ইত্যাদি স্লাভি সকল সামবেদীয় তলবকার শাখার নবমাধায় হয়েন ইহার পূর্ব্ব পূর্ব্ব অধ্যায়ে কর্ম এবং দৈবোপাসনা কহিয়া এ অধ্যায়ে শুদ্ধ ব্রহ্ম তত্ত্ব কহিতেছেন অতএব এ অধ্যায়কে উপনিষ্ অর্থাৎ বেদ শিরোভাগ কহা যায়। এসকল স্লাভি ব্রহ্ম পর হয়েন কর্ম্ম পর নহেন। শিষ্যের প্রশ্ন শুদ্ধর উত্তর কল্পনা করিয়া এ সকল স্লাভিতে আত্মতত্ত্ব কহিয়াছেন ইহার তাৎপর্য্য এই যে প্রশ্ন উত্তর রূপে যাহা কহা যায় তাহার জনায়াসে বোধ হয় আর দিতীয় তাৎপর্য্য এই যে প্রশ্ন উত্তরের দারা জানাইতেছেন যে উপদেশ ব্যতিরেকে কেবল তর্ক্কে বেক্কিজ জানা যায় না।

ওঁ তৎসং॥ কেনেষিতং পততি প্রেষিতং মনঃ কেন প্রাণঃ প্রথমঃ প্রৈতি যুক্তঃ। কেনেষিতাং বাচমিমাং বদন্তি চক্ষুংশ্রোত্রং কউ দেবো যুনজি॥১॥ কোন কর্ত্তার ইচ্ছা মাত্রের ধারা মন নিযুক্ত হইয়া আপনার বিষয়ের প্রতি গমন করেন অর্থাৎ আপন বিষয়ের চিম্বা করেন। আর কোন কর্তার আজ্ঞার ধারা নিযুক্ত হইয়া সকল ইন্তিয়ের প্রধান যে প্রাণ বায়ু তিনি আপন বাাপারে প্রবর্ত হয়েন। আর কার প্রেরিত হইয়া শব্দ-রূপ বাক্যা নিঃসরণ হয়েন যে বাক্যকে লাকে কহিয়া থাকেন। আর কোন্ দীপ্রিনান কর্তা চক্ষুং ও কর্গকে উহাদের আপন আপন বিষয়েতে নিয়োগ করেন॥১॥ শিষ্য এই রূপ জিজ্ঞাসা করিলে পরে গুরু উত্তর করিতেছেন॥ শ্রোত্রস্য শ্রোত্রং মনসোমনোয়ন্তাহাহ বাচং সত্ত প্রোণস্য প্রাণঃ চক্ষ্য-শচক্ষরতিমৃত্য ধীরাঃ প্রেত্যান্মাল্লোকাদমৃতা ভবন্তি॥২॥ তুমি যাঁহার প্রশ্ব করিতেছ তিনি শ্রোত্রের শ্রোত্র হয়েন এবং অন্তঃকরণের অন্তঃকরণ বাক্যের বাক্য প্রাণের প্রাণ চক্ষুর চক্ষু হয়েন অর্থাৎ যাঁহার অধিষ্ঠানে এই সকল ইন্রিয় আপন আপন কার্য্যেতে প্রবর্ত হয় তিনি ব্রহ্ম হয়েন। এই হেতু শ্রোত্রাদির স্বতন্ত্র ট্রেডন্য আছে এমত জ্ঞান করিবে না এই রূপে বক্ষকে

জানিয়া আর শ্রোত্রাদিতে আত্ম ভাব ত্যাগ করিয়া জানী সকল এসংসার হইতে মৃত্যু হইলে পর মুক্ত হয়েন॥২॥ ন তত্ত্ব চক্ষ্ণছতি নৰাগ্গছতি **त्नामत्नानविष्मान विकानीरमा यरेथजमञ्**निधामनारमव जिल्लामरथा অবিদিতাদ্ধি ইতি শুক্ষম পূর্বেষাং যে নক্তম্যাচচক্ষিয়ে॥ ৩॥ বেছেতু ব্রহ্ম জানেব্রিয় সকলের জানেব্রিয় সক্লপ হইরাছেন এই হেতু চক্ষ্: তাঁ-হাকে দেখিতে পায়েন না বাক্য তাঁহাকে কহিছে পারেন না আর মন তাঁহাকে ভাবিতে পারেন না এবং নিশ্চয় করিতেও পারেন না অতএব শিষ্যকে কি প্রকারে ত্রন্মের উপদেশ করিতে হয় তাহা আমরা কোনমতে वश्च अर्था । या वश्चरक काना यात्र ठाहा इहेर्ड जिन्न इरान এवः अवि-मिछ इ**टेर्ड अर्थार घট পটा**षि इ**टे**र्ड छिम्न इटेग्रा घট পটाषिरक य माना প্রকাশ করেন সে মায়া হইতেও ভিন্ন ব্রহ্ম হয়েন। তর্ক এবং ফ্লাদি শুভ কর্ম্মের দ্বারা ব্রহ্ম জ্ঞান গোচর হয়েন না কিন্তু এই রূপ আচার্যোর কথিত ষে বাক্য তাহার দারা এক প্রকারে তাঁহাকে জানা যায় ইহা আমরা পূর্ব আচার্য্যদের মুখে শুনিয়া স্মাসিতেছি যে আচার্য্যেরা আমাদিগ্যে ব্রক্ষোপ দেশ করিয়াছেন। ৩। শিব্যের পাছে অন্য কাহাকে ব্রহ্ম করিয়া বিশ্বাস ছয় তাহা নিবারণের নিমিত্তে পরের পাঁচ শ্রুতি কহিতেছেন।। যদ্বাচানভূা-দিতং যেন বাগভ্যাদ্যতে। তদেব ব্ৰহ্ম খংবিদ্ধি নেদং ধণিদমুপাদতে॥॥। যাঁ-হাকে বাক্য অর্থাৎ বাগিজিয় এবং বর্ণ জার নানা প্রকার পদ ঞেহারা কছিতে পারেন না স্থার যিনি বাক্যকে বিশেষ বিশেষ অর্থে নিযুক্ত করেন তাঁহাকেই কেবল ব্ৰহ্ম করিয়া তুমি জ্ঞান অন্য যে প্ররিছিল্ল যাঁহাকে লোক সকল উপাসনা করেন সে ব্রহ্ম নহে। ৪॥ যক্ষনসা ন মহুতে যেনাহর্মনো-মতং। তদেব ব্ৰহ্ম বং বিদ্ধি নেদং যদিদমূপাসতে ॥ ৫ ॥ যাঁহাকে মন আর বৃদ্ধির ছারা লোকে সঙ্কপ্প এবং নিশ্চয় করিতে পারেন না আর যিনি মন चात्र दुक्तिक जानिएएहन धरे क्रथ बच्चकानीता करहन छांशांकरे क्वन ব্ৰহ্ম করিয়া তুমি জান অন্য যে পরিছিল্প যাহাকে লোক সকল উপাসনা करत्र रेन अक्र नरह ॥ ६ ॥ ब्रक्टकूरा न প्रमाजि द्वन ठक्क् वि श्रमाजि । जरत्र ব্ৰহ্ম বং বিশ্বি নেদ° যদিদমূপাসতে ॥৬॥ যাঁহাকে চকুৰ বি লোকে দেখিতে

পায়েন না আর ঘাঁহার অধিষ্ঠানেতে লোকে চকু ই ত্তিকে অর্থাৎ ঘট পটাদি যাবম্বস্থকে দৈখেন তাঁহাকেই কেবল ব্ৰহ্ম করিয়া তুমি জান অন্য যে পরিছিল যাহাকে লোক সকল উপাসনা করে সে একা নছে॥ ৬॥ ধুৎ त्थाद्वन न ग्रानिष्ठ यन त्थाविमाः क्ष्यः। ज्राम्य-वस्त्र पुः विक्ति तमः আর যিনি এই কর্ণেজিয়কে শুনিতেছেন তাঁহাকেই কেবল ব্রহ্ম করিয়া তুমি জান অন্য যে পরিছিল্প যাহাকে লোক সকল উপাসনা করে সে ব্রহ্ম নহে ॥ १॥ यৎ প্রাণেন ন প্রাণিতি যেন প্রাণঃ প্রণীয়তে। তদেব বৃদ্ধ হং বিক্ষি নেদং যদিদমুপালতে । ৮ । যাঁহাকে ছাণেক্রির দারা লোকে গঙ্কের ন্যায় গ্রহণ করিতে পারেন না আর যিনি ছাণেন্দ্রিয়কে তাহার বিষয়েতে নিযুক্ত করেন তাঁহাকেই কেবল ব্রহ্ম করিয়া তুমি জান অন্য যে পরিছিন্ন याद्यादक ब्लाक नकन छेशाननी करत तम ब्रक्त नरह ॥ ৮॥ शृर्ट्स रव छेश-'দেশ গুরু করিলেন তাহা হইতে পাছে শিষা এই জ্ঞান করে যে এই শরী-রন্থিত সোপাধি যে জীব তিনি ত্রন্ধ হয়েন এই শঙ্কা দূর করিবার নিমিত্ত গুরু কহিতেছেন। যদি মন্যদে স্থবেদেতি দল্লমেবাপি সূনং ছং বেশ্ব ব্রহ্মণো রূপং। যদস্য স্বং সদস্য দেবের্থস্থ শীমাংস্যমেব তে মন্যে বিদিতং ॥ ৯॥ আমি অর্থাৎ এই শ্রীরস্থিত যে আত্মা সাক্ষাৎ ব্রহ্ম হই অতএব আমি স্থার রূপে ব্রন্ধকে জানিলাম এমত যদি তুমি মনে কর তবে তুমি ব্রন্ধ স্বরূপের অতি অত্প জানিলে। আপনাতে পরিছিন্ন করিয়া যে তুমি ত্রন্ধের স্বরূপ জানিতেছ সৈ কেবল অক্ষপ হয় এমত নহে বরঞ্চ দেবতা সকলেতে পরিছিন্ন করিয়া ব্রহ্মের সরপ যে জানিতেছ তাহাও অল্প হয় অতএবং তুমি ব্রহ্মকে জানিলে না এই হেতু এখন ব্রহ্ম তোমার বিচার্য্য হয়েন এই প্রকার গুরুত্ব বাক্য শুনিয়া শিষ্য বিশেষ মতে বিবেচনা করিয়া উত্তর করিতেছেন আমি বুঝি যে বন্ধকে এখন আমি জানিলাম ॥ ৯ ॥ কি রূপে **लिया उन्नत्क कानित्नन जारा लिया करिएएएन।। नारः मत्ना ऋर्वरमिछ** নোন বেদেতি বেদ চ। যোনস্তদ্ধেদ তদ্ধেদ নোন বেদেতি বেদচ॥>০॥ আমি ব্রহ্মকে স্থব্দর প্রকারে জানিয়াছি এমত আমি মনে করি না আর ব্রহ্মকে আমি জানি না এরপো আমি মনে করি না আর আমারদের মধ্যৈ যে

ব্যক্তি পূর্ব্বোক্ত বাক্যকে বিশেষ মতে জানিতেছেন সে ব্যক্তি ব্রহ্মতত্ত্বকে জানিতেছেন পূর্ব্বোক্ত রাক্য কি তাহা কহিতেছেন ব্রন্ধকে আমি জানি না এমত মনে করি না আর ব্রহ্মকে স্থন্দর রূপ জানি এরপো মনে করি না। অর্থাৎ বথার্থ ক্লপে ব্রন্ধকে জানি না কিন্তু ব্রন্ধকে সত্য স্থরূপ জান স্থরূপ করিয়া বেদে কহিয়াছেন ইহা জানি॥ ১০॥ এখন গুরু শিষ্য সন্থাদ দ্বারা যে অর্থ নিষ্পান্ন হইল তাহা পরের শ্রুতিতে কহিতেছেন ॥ যদ্যামতং তদ্য মতং মতং যস্য নবেদ স:। অবিক্ষাতং বিজ্ঞানতাম্ বিজ্ঞাতমবিজ্ঞানতাং ॥১১॥ ব্রহ্ম আমার জ্ঞাত নহেন এরপ নিশ্চয় যে ব্রহ্মজানীর হয় তিনি ব্রহ্মকে জানিয়াছেন আর আমি ব্রহ্মকে জানিয়াছি এরূপ নিশ্চয় যে ব্যক্তির হয় **म्यालक कारन ना उँखम ब्यानवान् वास्त्रित विश्वाम এই यে उन्न श्रामात्र** ঞ্চের নহেন আর উত্তম জ্ঞান বিশিষ্ট যে ব্যক্তি নহেন তাঁহার বিখাস এই যে একা আমার জেয় হয়েন॥ ১১॥ পরের শ্রুতিতে কি প্রকারে একোর জ্ঞান হইতে পারে তাহা কহিতেছেন॥ প্রতিবোধবিদিতং মতমমৃতত্বং হি বিন্দতে। আত্মনা বিন্দতে বীৰ্যাং বিদ্যায়া বিন্দতে মৃতং ॥১২॥ জড় যে চকু: প্রভৃতি ইন্দ্রিয় সে ব্রহ্মের অধিষ্ঠানের ধারা চেতনের ন্যায় ঘট পটাদি বস্তুর জ্ঞান করিতেছে ইহাতেই সাক্ষাৎ চৈতন্য সরপ ব্রহ্ম প্রতীত হইতেছেন এই রূপে ব্রন্ধের যে জ্ঞান সেই উত্তম জ্ঞান হয় যেহেতু এই রূপ জ্ঞান হইলে মোক হয়। আর আপনার যড়ের ছারাই ব্রহ্ম জানের সামর্থ্য হয় সেই ব্রহ্ম জ্ঞানের দ্বারা মুক্তি হয় ॥ ১২ ॥ ইহ চেদবেদীদথ সতামন্তি ন চেদিহাবেদী আহতী বিনফি:। ভূতেৰু ভূতেৰু বিচিন্তা ধীরাঃ প্রেতা।-'হ্বালোকাদ্যতাভবন্তি॥ ১৩॥ যদি এই মহুষা 'দেহেতে ব্ৰহ্মকে পৃ-ৰ্ব্বোক্ত প্ৰকারে যে ব্যক্তি জানে তবে তাহার ইহলোকে প্রার্থনীয় স্থ পরলোকে মোক্ষ তুই সতা হর আর এই মমুষা শরীরে পূর্ব্বোক্ত প্রকারে বন্ধকে না জানে তবে তাহার অ্ত্যুত্ত ঐহিক পারত্রিক ক্লেশ হয়। অতএব জ্ঞানী সকল স্থাবরেতে এবং জঙ্গমেতে একু আত্মাকে ব্যাপক জानिया हेरलाक रहेर७ मृज्य रहेरल शत्रवका व्याश रवन ॥ १७ ॥ वक्ष সকলের কন্তা এবং ছুক্তের হয়েন ইহা দেখাইবার নিমিত্তে পরে এক আখ্যান্নিক। অর্থাৎ এক হতান্ত কহিতেছেন।। ব্রহ্ম হ দেবেভ্যো বিজিগ্যে

তসা হ ব্ৰহ্মণো বিজয়ে দেবা অমহীয়ন্ত তঐক স্থান্মাক্ষেবায়ং বিজয়োহ-স্মাকমেবায়ং মহিমেতি।। ১৪।। ব্ৰহ্ম দেবতাদেশ নিমিত্তে নিশ্চয় জয় করিলেন অর্থাৎ দেবাস্থর সংগ্রামে জগতের কল্যাণের নিমিত্ত দেবতাদিগ্যে জন্ম দেয়াইলেন সেই ব্রন্ধের জয়েতে অগ্নি প্রভৃতি দেবতা সকল আপন আপন মহিমাকে প্রাপ্ত হইলেন আর তাঁহারা মনে করিলেন যে আমাদি-গোরী এ জয় আর আমাদিগোরী এ মহিমা অর্থাৎ এ জয়ের সাক্ষাৎ কর্ত্তা আর এ মহিমার সাক্ষাৎ কর্তা আমরাই হই।। ১৪।। তক্ষেষাং বিজজী তেভ্যোহ প্ৰান্তৰ্বভূব তব্ন ব্যজানত কিমিদং বক্ষমিতি।। ১৫।। সেই অস্ত-র্যামী ক্রন্ধ দেবতাদের এই মিথ্যাভিমান জানিলেন পাছে দেবতা সকল এই মিথ্যাভিমানের দ্বারা অস্থরের ন্যায় নক্ত হয়েন এই হেতু তাঁহাদিগো জ্ঞান দিবার নিমিত্ত বিশ্বয়ের হেতু মায়া নির্দ্মিত অন্ত রূপে বিছ্যুতের ন্যায় তাঁহীদিগ্যের চক্ষুর গোঁচর হইলেন। ইনি কে পূজ্য হয়েন তাহা দেবতারা জানিতে পারিলেন না ॥ ১৫ ॥ তে অগ্নিযক্রবন্ জাতবেদ এত-দ্বিজানীহি কিমেতৎ মুক্ষমিতি তথেতি তদভাব্রেবৎ তদভাবদৎ কোসীতি শ্মিকা অহমন্মীত্যব্ৰীজ্ঞাতবেদা বাঅহমন্মীতি॥ ১৬॥ সেই দেবতা স্কল অগ্নিকে কহিলেন যে হে অগ্নি এ পূজা কে হয়েন ইহা তুমি বিশেষ করিয়া জান অগ্নি তথান্ত বলিয়া সেই পূজ্যের নিকট গমন করিলেন সেই পূজ্য অগ্নিকে জিজাসা করিলেন অর্থাৎ অগ্নির কর্ণ গোচর এই শব্দ হইল যে তুমি কে। অধি উত্তর দিলেন যে আমার নাম অধি হয় আমার নাম জাতবেদ হয় অর্থীৎ আমি বিশ্বাত হই।। ১৬।। তিন্মংস্থয়ি কিং বীর্যামিতি অপীদং সর্ব্বং দহেয়ং যদিদং পৃথিব্যামিতি তামে তুণং নিদধাবেতদ্দহেতি॥ ১৭॥ তখন অগ্নিকে সেই পূজ্য কহিলেন এমন বিখ্যাত যে তুমি অগ্নি তোমাতে কি সামর্থ আছে তাহা কহ তখন অগ্নি উত্তর দিলেন যে বিশ্ব বন্ধাণ্ডের মধ্যে যে কিছু বস্তু আছে সে সকলকেই দগ্ধ করিতে পারি তখন সেট পূজা অগ্নির সংমুখে এক তৃণ রাখিয়া কছিলেন যে এই তৃণকে তৃমি দগ্ধ কর অর্থাৎ যদি এই ভূণকে তুমি দগ্ধ করিতে না পার তবে আমি দ্ধে করিতে পারি এমত অভিমান আর করিবে না।। ১৭।। তছুপঞ্চোষায় সর্বব জবেন তন্ন শশাক দগ্ধ: সভত এব নিবরতে নৈতদশকং বিজ্ঞাতুং রদেতদ্-

ৰক্ষমিতি।। ১৮।। তখন অগ্নি সেই ভূবের নিকট গিয়া আপনার তাবৎ পরাক্রমের মারাতে তাহাকে দগ্ধ করিতে পারিদেন না তথন অগ্নি সেই স্থান হইতে নিৰ্ব্ত হইয়া দেবতাদিগ্যে কহিলেন যে এ পূজা কে হয়েন তাহা कानित्ज शांत्रिमाम ना ॥ २৮ ॥ अथ वार्म्मक्ववन् वार्मावज्विकानीहि कि মেতদ্যক্ষমিতি তথেতি তদভাক্রবৎ তমভাবদৎ কোসীতি বায়ুর্কা অহম-শ্মীতাব্রবীশাতরিখা বাঅহমশ্মীতি॥ ১৯॥ পশ্চাৎ সেই সকল দেবতার। বারুকে কহিলেন যে হে বায়ু এ পূজা কে হয়েন তাহা তুমি বিশেষ করিয়া জান ৰারু তথাস্ত বলিয়া সেই পুজ্যের নিকট গমন করিলেন সেই পূজা বায়ুকে জিজ্ঞাসা করিলেন অর্থাৎ বায়ুর কর্ণ গোচর এই শব্দ হইল যে তুমি কে। বায়ু উত্তর দিলেন যে আমার নাম বায়ু হয় আমার নাম মাতরিশা হয় অর্থাৎ আমি বিখ্যাত হই ॥ ১৯ ॥ তিশ্বংশ্বয়ি কিং বীর্যামিতি ष्मणीनः नर्समाननीत्र यनिनः शृथितामिि , उटेचा छूनः निनधादि जनान -স্বেতি ॥ ২০ ॥ তথন বায়ুকে সেই পূজ্য কহিলেন এমন বিখ্যাত যে তুমি বারু তোমাতে কি সামর্থ্য আছে তাহা কহ তথন বারু উত্তর দিলেন যে বিশ্ব জন্মাণ্ডের মধ্যে যে কিছু বন্ধ আছে সে সকলকেই গ্রহণ করিতে পারি তখন সেই পূজা বায়ুর সন্ম থে এক ভূণ রাখিয়া কহিলেন যে এই তৃণকে তুমি গ্রহণ কর অর্থাৎ যদি এই তৃণকে গ্রহণ করিতে তুমি না পার তবে আমি গ্রহণ করিতে পারি এমত অভিমান আর করিবে না॥ २०॥ जङ्क्रशत्यवात्र मर्क्कद्रवन जङ्ग मभाकामाजूर मञ्ज এव निवहर् देनजम्मकः विकार्कः यानजन्यक्रमिष्ठि॥ २>॥ यथन वायु मिट ज्लान निकारि शिया স্মাপনার তাবৎ পরাক্রমের দারাতে তাহাকে গ্রহণ করিতে পারিলেন না তখন বাহু সেই স্থান হইতে নিবৰ্ত্ত হইয়া দেবতাদিগ্যে কহিলেন যে এ পূজা কে হয়েন তাহা জানিতে পারিলাম না॥ २১॥ অথেক্রমক্রবন্ মঘৰয়েতবিজানীহি কিমেডদ্যক্ষমিতি তথেতি তদভ্যক্তৰৎ তত্মান্তিরোদৰে॥ २२॥ शकार ताहे मकन तावजाता हैवातक करितन ता तह हैवा अहे পূজা কে হুয়েন তাহা তুমি বিশেষ করিয়া জান ইন্দ্র তথাস্ক বলিয়া সেই প্জ্যের নিকট গমন করিলেন তখন সেই পূজা ইন্স হইতে চকুর নিমি-বের নাায় অন্তর্জ্বান করিলেন অর্থাৎ ইন্দ্রের চক্ষু গোচম আর থাকিলেন

না ॥২২॥ স তিঝিল্লেবাকাশে ল্লিয়মাজগাম বহুশোভমানামুমাং হৈমবতীং ভাং হোবাচ কিমেতৎ যাক্ষমিতি ব্রক্ষেতি হোবাচ ব্রহ্মণোবা এতছিজয়ে মহীয়-ধ্বমিতি ॥ ২৩ ॥ ইক্র ঐ আকাশে সেই পূজাকে দেখিতে না পাইয়া নিবর্ত্ত না হইয়া তথায় থাকিলেন তখন বিদ্যা রূপিনী মায়া অতি হুন্দরী উমা রূপেতে ইন্দ্রকে দেখা দিলেন ইন্দ্র তাঁহাকে প্রাপ্ত হইয়া জিজ্ঞাদা করিলেন যে কে এ পূজা এখানে ছিলেন তেঁহ কহিলেন যে ইনি ব্রহ্ম আর এই ব্রন্ধের জয়েতে তোমরা মহিমা প্রাপ্ত হইয়াছ॥২৩॥ ততো হৈব বিদাঞ্চকার ব্রক্ষেতি তক্ষাদ্বা এতে দেবা অতিতরামিবান্নান্ দেবান্ যদগ্রিকায়ুরিক্রতে ছেনং নেদিষ্ঠং এস্পর্শ তেছেনং প্রথমো বিদাঞ্চকার ব্রহ্মতি ॥ ২৪ ॥ দেই বিদ্যার উপদেশেতেই ইনি এক্স ইহা ইক্স জানিলেন। যে হেতু অগ্নি বায় ইন্দ্র এেঃহারা ব্রন্ধের সমীপ প্রাপ্ত হইয়াছিলেন আর যেহেতু অতি নিকট্য ব্রন্মের সহিত ঞেহাদিগ্যের আলাপাদি দ্বারা সম্বন্ধ হইয়া-ছিল আর যে হেতু ঞেহারা অন্য দেবতার পূর্বের ব্রহ্ম করিয়া জানিয়াছি-লেন সেই তেতু অগ্নি বায় ইব্রু অন্য দেবতা হইতে শ্রেষ্ঠের ন্যায় হইলেন কারণ এই যে বিদ্যা বাকা হইতে ইন্দ্র ব্রহ্মজ্ঞান প্রাপ্ত হইলেন আর ইন্দ্র হইতে প্রথমত অগ্নিও বায়ু ব্রহ্ম করিয়া জানিয়াছিলেন॥ ২৪॥ তন্মান্তা ইন্দ্রোহতিতরামিবানান্দেবান্ সহেনন্নেদিষ্ঠং পস্পর্শ সহেনৎ প্রথমো-বিদাঞ্চকার ব্রন্ধেতি ॥ ২৫॥ যেহেতু ইন্দ্র ব্রন্ধের অতি সমীপ গমনের ছারা সম্বন্ধ প্রাপ্ত হইয়া ছিলেন আর বেহেতু অগ্নি বায়ু অপেকা করিয়াও উমার বাক্যেতে প্রথমে ব্রহ্মকে জানিয়াছিলেন সেই হেতু অগ্নি বায়ু প্রভৃতি সকল দেবতা হইতেও ইক্স শ্রেষ্ঠের ন্যায় হইলেন অর্থাৎ জ্ঞানেতে যে শ্রেষ্ঠ সেই শ্রেষ্ঠ হয় ॥ ২৫ ॥ তিসাধ আদেশো মদেতদ্বিদ্ধাতো বাদ্ধাতদা ইতীতি নামীমিষদা ইতাধিদৈবতং॥২৬॥ সেই যে উপমা রহিত ব্রহ্ম তাঁহার এই এক উপমার কথন হয় ঘেমন বিদ্যুতের প্রকাশের ন্যায় অর্থাৎ একে বারেই তেজের দ্বারা বিদ্যাতের ন্যায় জগতের ব্যাপক হরেন আর অন্য উপমা কথন এই যে যেমন চকু নিমেষ অত্যন্ত ক্ষত এবং অনায়াসে হয় সেই রূপ ব্রহ্ম স্ফটাদি এবং তিরোধান অনায়াসে করেন এই যে উপুমা তাহা দেবতাদের বিষয়ৈ কহিয়াছেন ॥ ২৬ ॥ অথাধ্যাত্মং যদেতদ্গছতীব চ

িমনোহনেন চৈতত্ত্বপশারত্যভীক্ষ্য সঙ্কপোঃ তদ্ধ তদনং নাম তদ্ধনমি-ত্যুপাসিতব্যং সন্ন এতদেঁবং বেদাভিহৈনং সর্বাণি ভূতানি সংবাঞ্জস্তি ॥ ২৭ ॥ এখন মনের বিষয়ে সর্কব্যাপি এক্ষের ভৃতীয় আদেশ এই যে এই এন্ধকে যেন পাইতেছি এমৎ অভিমান মন করেন আর এই মনের দ্বারা সাধকে জ্ঞান করেন ব্রহ্মকে যেন খ্যান গোচর করিলাম আর মনের পুনঃ পুনঃ সঙ্কল্প অর্থাৎ ব্রহ্ম বিষয়ে সাধকের পুনঃ পুনঃ স্মরণ হয়। তাৎপর্য্য এই যে পূর্বের ছুই উপমা আর পরের এই আদেশ অপ্প বুদ্ধি ব্যক্তির জ্ঞানের নিমিত্ত কংহন বেহেতু উপমা ঘটিত বাক্যকে অম্প রুদ্ধিনা অনায়াদে বুঝিতে পারে নতুবা নিরুপাধি ত্রন্ধের কোনো উপমা-নাই এবং মনো তাঁহাকে প্রাপ্ত হইতে পারেন না। সেই যে ব্রহ্ম তিনি সকলের নিশ্চিত ভক্ষনীয় হয়েন অতএব সর্ববৈভন্তনীয় করিয়া তিনি বিখ্যাত হয়েন এই প্রকারেতে তাঁহার উপাসনা কর্ত্তবা। যে ব্যক্তি এই প্রকারে ত্রন্মের উপা-সনা করে তাহাকে সকল লোক প্রার্থনা করেন। ২৭। পূর্ব্ব উপদেশের ছারা স্বিশেষ ব্রহ্ম তত্ত্ব শ্রহণ করিয়া নির্বিশেষ ব্রহ্ম তত্ত্ জানিবার নিমিত্ত আর যাহা পূর্ব্বে কহিয়াছেন তাহাতে উপনিষদের সমাপ্তি হইল কি আর কিছু অবশেষ আছে ইহা নিশ্চয় করিবার জন্যে শিষ্য কহিতেছেন। উপ-নিষদং ভোক্তহীত্যুক্তা ত উপনিষৎ গ্রান্ধীং বাব ত উপনিষদমক্রমেতি তলৈ তপোদমঃ কর্মেতি প্রতিষ্ঠা বেদাঃ সর্ববিশ্বানি সতামাযতনং॥২৮॥ শিষ্য বলিতেছেন যে হে গুরু উপনিষৎ মর্থাৎ এন্দ বিষয় পরম রহস্য যে আছতি তাহা আমাকে কহ গুরু উত্তর দিলেন যে উপনিষৎ তোমাকে কহিলাম অর্থাৎ প্রথমত নির্কিশেষ পশ্চাৎ সবিশেষ করিয়া ব্রহ্ম তত্তকে কহিলাম ব্রহ্ম তত্ত্ব ঘটিত যে বাক্য সে উপনিষৎ হয় তাহা তোমাকে কহিলাম অর্থাৎ পূর্মে যাহা কহিয়াছি তাহাতেই উপনিষদের সমাপ্তি হইল। তপ সার্ব ইন্দ্রির নিগ্রহ আর অগ্নিহোত্রাদি কর্ম আর বেদ আর-বেদের অঙ্গ অর্থাৎ ব্যাকরণ প্রভৃতি ঞেহারা সেই উপনিষদের পা হয়েন অর্থাৎ এ সকলের অমুষ্ঠান ষে বাক্তি ইং জন্মে কিছা পূর্বে জন্মে করিয়াছে উপনিষদের অর্থ সেই ব্যক্তিতে প্রকাশ হয় আর উপনিষদের আলয় সতা হয়েন অর্থার্থ সতা থাকিলেই উপনিষদের অর্থ ক্ষতি থাকে॥২৮॥ যোবাএতামেবং বেদ অপহত্য

পাপান্ননতে স্বর্গে লোকে জায়ে প্রতিতিষ্ঠতি প্রতিতিষ্ঠতি॥ ২৯॥ কেনেবিতং ইত্যাদি প্রাতি রূপ যে উপনিষৎ তাহাকে যে ব্যক্তি অর্থত এবং
শব্দত জানে সে ব্যক্তি প্রাক্তনকে নফ্ট করিয়া অন্ত শূন্য সকল হইতে
মহান্ আনন্দ স্বরূপ পরমান্ধাতে অবস্থিতি করে অবস্থিতি করে। শেষ
বাক্যতে যে পুনকক্তি সে নিশ্চয়ের দ্যোতক এবং গ্রন্থ সমাপ্তির জ্ঞাপক
হয়॥২৯॥ ইতি সামবেদীয় তলবকারোপনিষৎ সমাপ্তা॥ সামবেদীয় তলবকারোপনিষদের সমাপ্তি হইল ইতি॥ শকাব্দা ১৭৩৮ ইংরাজী ১৮১৬।
১৭ আবাঢ় ২৯ জুনেতে ছাপানা গেল॥

ঈশোপনিষ্।

ভূমিকা।

ওঁ তৎসং। ভগবান্ বেদব্যাস ব্রহ্ম স্ত্তের ছারা ইহা ব্যক্ত করিয়াছেন যে সমুদায় বেদ এক বাক্যভায় বুদ্ধি মন বাক্যের অগোচর য়ে ব্রহ্ম কেবল তাঁহাকে প্রতিপন্ন করিতেছেন সেই সকল স্বত্তের অর্থ সর্ব্ব সাধরণ লোকের বুঝিবার নিমিত্তে সংক্ষেপে ভাষাতে বিবরণ করা গ্রিয়াছে এক্ষণে দশোপনিষৎ যে মূল বেদ ও যাহার ভাষ্য ভগবান্ শঙ্করাচার্য্য করিয়াছেন তাহার বিব্রণ সেই ভাষ্যের অন্নারেতে ভাষাতে করিবার যত্ন করা গিয়াছে সংপ্রতি সেই দশোপনিষদের মধ্যে যজুর্ব্বেদীয় ঈশোপনিষদের ভাষা বিবরণকে ছাপানা গেল আর ক্রমে ক্রমে যে যে উপনিষদের ভাষা বিবরণ পরমেশনের প্রসাদে প্রস্তুত হইবেক তাহা পরে পরে ছাপানা যাইবেক । এই সকল উপনিষদের দ্বারা ব্যক্ত হইবেক যে প্রমেশ্বর এক মাত্র সর্ব্বত্র ব্যাপী আমাদের ইন্দ্রিয়ের এবং বুদ্ধির অগোচর হয়েন তাঁহারি উপাসনা প্রধান এবং মুক্তির প্রতি কারণ হয় আর নাম রূপ সকল মায়ার कार्या इस । यमि कह श्रुतान अवः उत्तामि भारतरु य मकल मिवजात উপাসনা লিখিয়াছেন সে সকল কি অপ্রমাণ আর পুরাণ এবং তন্ত্রাদি কি শাস্ত্র নহেন। তাহার উত্তর এই যে পুরাণ এবং তন্ত্রাদি অবশ্য শাস্ত্র বটেন যে হেতু পুরাণ এবং তন্ত্রাদিতেও পরমাত্মাকে এক এবং বুদ্ধি মনের অগোচর করিয়া পুনঃ পুনঃ কহিয়াছেন তবে পুরাণেতে এবং তত্ত্বাদিতে সাকার দেবতার বর্ণন এবং উপাসনার যে বাহুল্য মতে লিখিয়াছেন সে প্রতাক্ষ বটে কিন্তু ঐ পুরাণ এবং তন্ত্রাদি সেই সাকার বর্ণনের সিদ্ধান্ত ? আপনিই পুনঃ পুনঃ এই রূপে করিয়াছেন যে যে ব্যক্তি ত্রন্ধ বিষয়ের শ্রবণ মননেতে অশক্ত হইবেক সেই ব্যক্তি মুষ্কর্মে প্রবর্ত্ত না হইয়া রূপ কম্পনা করিয়াও উপাসনার দ্বারা চিত্ত স্থির রাখিবেক পরমেশ্বরের উপাসনাতে যাহার অধিকার হয় কাম্পেনিক উপাসনাতে তাহার প্রয়োজন নাই। প্রমাণ ন্মার্তমত যমদন্মির বচন ॥ চিন্মাযানাদিতীয়সা নিক্ষলস্যাশরীরিণঃ। উপার সকানাং কার্যার্থং ব্রহ্মণোরূপকম্পনা। রূপস্থানাং দেবতানাং পুংস্ত্রাংশাদি-ককম্পনা। জান স্বরূপ অদ্বিতীয় উপাধি শূন্য শরীর রহিত যে পরিমে-

খর তাঁহার রূপের কম্পনা সাধকের নিমিত্তে করিয়াছেন রূপ কম্পেনার স্বীকার করিলে পুরুষের অবয়ব স্ত্রীর অবয়ব ইত্যাদি অবয়বের স্কৃতরাং কম্পনা করিতে হয়। বিষ্পুর[†]ণের প্রথমাংশের দ্বিতীয়াধ্যায়ের বচন ॥ ক্ষপনামাদিনির্দ্দেশবিশেষণবিবজি তঃ। অপক্ষয়বিনাশাভ্যাং পরিণামা-র্ত্তিজন্মভিঃ। বর্জিতঃ শক্যতে বক্তৃং যঃ সদাস্তীতি কেবলং॥ রূপ নাম ইত্যাদি বিশেষণ রহিত নাশ রহিত অবস্থাস্তর শূন্য ফু:খ এবং জন্ম হীন পরমাত্মা হয়েন কেবল আছেন এই মাত্র করিয়া তাঁহাকে কহা যায়। অপ্স্থ দেবামন্ত্র্যাণাং দিবি দেবামনীষিণাং। কাষ্ঠলোক্টেষ্ মূর্থাণাং যুক্তস্যা-ত্মনি দেবতা। জলেতে ঈশ্বর বোধ ইতর মন্তুষোর হয় গ্রহাদিতে ঈশ্বর বোধ দেবজ্ঞানীরা করেন কাষ্ট মৃত্তিকা ইত্যাদিতে ঈশ্বর বোধ মৃর্থেরা করে আত্মাতে ঈশ্বর বোধ জ্ঞানীরা করেন। প্রীভাগবতের দশমক্ষকে চৌ-রাশি অধ্যায়ে ব্যাসাদির প্রতি ভগবদ্বাক্য । কিং স্বন্পতপ্রসাং নগামচ্চায়াং দেবচক্ষ্যাং দর্শনস্পর্শনপ্রশ্বপ্রথাদার্চ্চনাদিকং॥ ভগবান শ্রীধর স্বামীর বাাখা। তীর্থ স্থানাদিতে তপসা। বুদ্ধি যাহাদের আর প্রতিমাতে দেবতা জ্ঞান যাহাদের এমত রূপ ব্যক্তি সকলের যোগেখরেদের দর্শনি স্পর্শন নমস্কার আর পাদার্চন অসম্ভাবনীয় হয়॥ যদ্যাত্মবৃদ্ধিঃ কণপে ত্রিধাতুকে यशीः कलाजानिषु छोमरेकाशीः। यखीर्ययुक्तिक करन न र्क्टिए करन-ষ্ভিজ্ঞেষ্ সএব গোধর:। যে ব্যক্তির কফপিত্ত বায়ময় শ্রীরেতে সাত্মার বোধ হয় আর স্ত্রী পুত্রাদিতে আত্ম ভাব আর মৃত্তিকা নির্দ্মিত বন্ধুতে দেবতা জ্ঞান হয় আর জলেতে তীর্থ বোধ হয় আর এ সকল জ্ঞান তত্ত্ব ্জানীতে না হয় সে ব্যক্তি বড় গরু অর্থাৎ অতি মূচ্ হয়। কুলার্ণবে নব-মোল্লাদে । বিদিতে তু পরে তত্ত্বে বর্ণাতীতে স্কবিক্রিয়ে। কিন্ধর্নত্বং হি গছস্ভি মন্ত্রামন্ত্রাধিপৈ: সহ। জিয়া হীন বর্ণাতীত যে ব্রহ্মতত্ত তাহা বিদিত হইলে ় মন্ত্র সকল মন্ত্রের অধিপতি দেবতার সৃহিত দাসত্ব প্রাপ্ত হয়েন।। পরে जन्मि। विकारण नेमरेखर्नियरेमजनः। जानद्वरस्वके किः कार्याः नरक मनयमा-কতে । পরবন্ধ জ্ঞান হইলে কোন নিষ্টেমর প্রয়োজন থাকে না বেমন মৃত্-ষের বাতাস পাইলে তালের পাখা কোনো কার্য্যে আইসে না। মহানির্ব্বাণ॥ এবং ওণামুসারেণ রূপাণি বিবিধানি চ। কম্পিতানি হিতার্থায় ভক্তানাম-

ŧ

স্পামেধসাং। এই রূপ গুণের অহুসারে নানা প্রকার রূপ অপ্প বৃদ্ধি তক্ত-দিগোর হিতের নিমিত্তে কম্পানা করা গিয়াছে। , অতএব বেদ পুরাব ভব্ৰাদিতে গত যত রূপের কম্পনা এবং উপাদনার বিধি ছুর্বলাধিকারির নিমিত্ত কহিয়াছেন তাহার মীমাংসা পরে এই রূপ লভ শভ মন্ত্র এবং বচনের দারা আপনিই করিয়াছেন। যদি কছ ব্রক্ষজানের যে রূপ মা-হাত্ম্য লিখিয়াছেন সে প্রমাণ কিন্তু ব্রহ্মজ্ঞানের সম্ভাবনা নাই স্থতরাং সাকার উপাসনা কর্ত্তব্য। তাহার উত্তর এই যে। ত্রন্মজ্ঞান বদি অসম্ভব হইত তবে। আত্মা ৰাষ্ট্ৰের শ্রোতব্যোমস্তব্য:। আত্মৈৰোপাদীত। এই রূপ শ্রুতি এবং স্মৃতিতে বন্ধজ্ঞান সাধনের প্রেরণা থাকিতো না। কেন না অসম্ভব বন্তুর প্রেরণা শাম্বে হইতে পারে না আর যদি কহ বন্ধজান অসম্ভব নহে কিন্তু কস্টসাধ্য বহু যড়ে হয় ইহার উত্তর এই। যে বস্তু বছ যত্নে হন্ম তাহার সিন্ধির নিমিত্ত সর্ববদা যত্ন আবশ্যক হয় তাহার অব-**ट्रिला (क्ट्र करत ना । छूमि ज्ञाशनिंहे हेरांट्क क्रफ्रेमा**श्च करिए ज्ञ ज्ञाशनिंहे ইহাতে যত্ন করা দূরে পাকুক ইহার নাম করিলে ক্রোধ কর। অধিকন্ত পুরাণ এবং তন্ত্রাদি স্পষ্ট কহিতেছেন যে যাবৎ নাম রূপ বিশিষ্ট সকলই "জন্য এবং নশ্বর । প্রমাণ মার্ভিগ্নত বিষ্ণুর বচন ॥ যে সমর্থাজগত্যমিন্ স্থ-় ষ্টিসংহারকারিণঃ। তেপি কালে প্রলীয়ন্তে কালোহি ব্লবন্তরঃ। এই জগ-তের যাঁহারা স্থাটি সংহারের কর্তা এবং সমর্থ হয়েন তাঁহারাও কালে লীন হয়েন অতএব কাল বভু বলবান্। যাজবংক্যর বচন॥ গন্ত্রী বস্ত্রমতী নাশমু-দধিদৈবতানিচ। কেণপ্রধ্যঃ কথঃ নাশং মর্ত্যলোকোন যাস্যতি। পৃথিবী এবং সমুদ্র এবং দেবতারা এ সকলেই নাশকে পাইবেন অতএব ফেণার ন্যায় অচিরস্থায়ী যে মহুষ্য সকল কেন তাহারা নাশকে না পাইবেক। মার্কণ্ডেয় পুরাণে দেবী মাহান্দ্রো ভগৰতীর প্রতি ব্রহ্মার বাক্য ৷ বিফু: শরীরগ্রহণ-মহমীশানএব চ। কারিতান্তে বতোহতত্তাং কঃ স্তোভুং শক্তিমান ভবেৎ॥ विकृत এবং आयात वर्षार, बच्चात अवः नित्वत त्यरह्यू नतीत शहन छूमि করাইয়াছ **অত**এষ কেঁতোমাকে ভব করিতে পারে। কুলার্ণবের **এ**খ-্মোলাসে॥ এক্ষৰিফ ুমহেশাদিদেবতাভুতজাত্বয়ঃ। সর্বেনাশং প্রাস্যাস ত্তি তত্ত্বালেত্মঃ সমাচরেৎ।। ব্রহ্মা বিষ্কৃতি প্রভৃতি দেবতা এবং মাবৎ

শরীর বিশিষ্ট বন্ধ সকলে নাশকে পাইবেন অতএব আপন আপন মঙ্গল চেক্টা করিবেক। এইরূপ ভূরি বচনের দারা গ্রন্থ বাছল্যের প্রয়োজন নাই। যদাপি পুরাণ তদ্ভাদিতে লক্ষ স্থানেও নাম রূপ বিশিষ্টকে উ-পাদ্য করিয়া কৃহিয়া পুনরায় কৃহেন যে এ কেবল ছুর্বলাধিকারীর মন-স্থিরের নিমিত্ত কণ্পনা মাত্র করা গেল ভবে ত্র পুর্বের লক্ষ বচনের সিক্ষান্ত পরের বচনে হয় কি না। আর যদি পুরাণ তন্ত্রাদিতে সকল ব্রহ্মময এই বিচারের বারা নানা দেবতা এবং দেবতার বাহন এবং ব্যক্তি সকল আর অন্নাদি যাবদস্তকে এক করিয়া কহিয়া পুনরায় পাছে এ বর্ণনের দ্বারা ভ্রম হয় এ নিমিত্ত পশ্চাৎ কছেন যে বাস্তবিক নাম রূপ সকল জন্য এবং নখর হরেন তবে তাবৎ পূর্বের বাক্যের মীমাংসা পরের বাক্যে হয় কি না। যদি কহ কোন দেবতাকে পুরাণেতে সহস্র সহস্র বার ব্রহ্ম কহিয়াছেন আর কাহাকেও কেবল ছুই চারি স্থানে কহিয়াছেন অতএব নাহাঁদিগ্যে অনেক স্থানে ব্রহ্ম কহিয়াছেন তাহাঁরাই স্বতন্ত্র ব্রহ্ম হয়েন। ইহার উত্তর। যদি পুরাণাদিকে সত্য করিয়া কহ তবে তাহাতে ছুই চারি স্থানে যাহার বর্ণন আছে আর সহস্র স্থানে যাহার বর্ণন আছে সকলকেই সত্য করিয়া মানিতে হইবেক যে হেতু যাহাকে সভ্যবাদী জ্ঞান করা যায় তাহার সকল বাক্যেই বিশ্বাস করিতে হয় অতএব পুরাণ তন্ত্রাদি আপনার বাক্যের সিদ্ধান্ত আপনিই করিয়াছেন যাহাতে পরস্পর দোষ না হয় কিন্তু আমরা जिक्कान्छ वात्काः मत्नारयांत्र ना कतिशे मत्नात्रश्चन वात्काः मध हहे। यनि কহ আত্মার উপাসনা শাল্র বিহিত বটে এবঃ দেবতাদের উপাসনাও শাল্ত ্সশ্বত হয় কিন্তু আত্মার উপাসনা সন্ন্যাসীর কর্ত্তব্য আর দেবতার উপাসনা গৃহস্থের কর্ত্তব্য হয়। তাহার উত্তর। এই রূপ আশহা কদাপি করিতে পারিবে না। যে হেতু বেদে এবং বেদান্ত শাল্পে আর মহু প্রভৃতি স্কৃতিতে গৃহত্বের আত্মোপাসনা কর্ত্তব্য এরপ অনেক প্রমাণ আছে তাহার কিঞিৎ লিখিতেছি বেদে এবং বেদাতে বাহা প্রমাণু আছে তাহা বেদান্তের ৩ অধ্যায়ে ৪ পালে ৪৮ খত্তে পাইবেন অধিকন্ত মৰ্থ সৰুল স্থাতির প্রধান তাহার শেষ গ্রন্থে সকল কর্মকে কহিয়া পশ্চাৎ কহিলেন ৷ যথোক্তান্যপি কৰ্মাণি পরিহায বিজ্ঞান্তমঃ। আত্মজানে শমে চ স্যাৰেদাভ্যাসে চ যতুবান্ ।

শালোক্ত যাবং কর্ম তাহাকে পরিত্যাগ করিয়াও এমোপাসনাতে এবং ইন্দ্ৰিয় নিগ্ৰহেতে আৰু প্ৰণৰ এবং উপনিষদাদি বেদ্বাভ্যাসেতে ব্ৰাহ্মণ যজু कतिरवन। देशराज क्लाक छात्र भश्द होकाकात्र. निर्धन रा व मकरलत असूर्वान बाजा मुक्ति दश हेराहे अवहत्तन जांदर्शन दश । अकल असूर्वान করিলে অগ্নিহোত্রাদি কর্ম্মের পরিত্যাগ করিতে অবশ্য হয় এমত নহে। আর মন্ত্র চতুর্থাধ্যারে গৃহস্থ ধর্ম প্রকরণে ॥ ঋষ্যিজ্ঞং দেবযক্তং ভূতষ-জ্ঞঞ্চ সর্ববদা। নুষজ্ঞং পিতৃযজ্ঞঞ্চ ষথাশক্তি ন হাপ্যেৎ ॥ ২১ ॥ তৃতীয়া-ধ্যায়ে কথিত হইয়াছে যে ঋষি ষক্ত আর দেব ষজ্ঞ ভৃত যজ্ঞ নৃযজ্ঞ পিতৃ যক্ত এই পঞ্চ যক্তকে সর্বদা যথা শক্তি গৃহত্তে তাগে করিবেক না॥ ২১॥ **এতানেকে মহাযজ্ঞান্ যজ্ঞশান্তবিদোজনা:। अनी হ**মানা: সততমি ক্রিযেয়েব জুহ্বতি॥ ২২॥ যে সকল গৃহস্থেরা বাহ্ছ এবং অন্তর যজের অনুষ্ঠানের শান্তকে জীনেন তাঁহারা বাহেতে কোনো যজাদির চেম্টা না করিয়া চক্ষুঃ শ্রোত্র প্রভৃতি যে পাঁচ ইক্সিয় তাহার রূপ শব্দ প্রভৃতি পাঁচ বিষয়কে সংযম করিয়া পঞ্চ যজ্ঞকে সম্পন্ন করেন। অর্থাৎ কোনো কোনো ব্রহ্ম-জ্ঞানী গৃহত্বেরা বাছেতে পঞ্চ যজের অফুষ্ঠান না করিয়া ব্রন্ধনিষ্ঠার বলেতে ইঞ্জিয় দমন রূপ যে পঞ্চ যজ্ঞ তাহাকে করেন ॥ ২২ ॥ বাচ্যেকে জুহ্বতি প্রাণং প্রাণে বাচঞ্চ সর্ববদা। বাচি প্রাণেচ পশ্যস্তোযজনির তিমক্ষয়াং ॥২৩॥ -আর কোনো কোনো ব্রন্ধনিষ্ঠ গৃহস্থ পঞ্চ যজ্ঞের স্থানে বাক্যেতে নির্বাদের হবন করাকে আর নিখাদেতে বাক্যের হবন করাকে অক্ষয় ফলদায়ক যজ্ঞ জানিয়া সর্ব্বদা বাঁক্যেতে নিখাসকে আর নিখাসেতে বাক্যকে হবন করিয়া থাকেন অর্থাৎ যথন বাক্য কহা যায় তখন নিখাস থাকে না যখন নিখাসের 📍 ত্যাগ করা যায় তখন বাক্য থাকে না এই হেতু কোনো কোনো গৃহস্থের৷ বন্ধনিষ্ঠার বলৈর দ্বারা পঞ্চ যজ্ঞ স্থানে শ্বাস নিশ্বাস ত্যাগ আর জ্ঞানের **উপদেশ মাত্র করেন ॥ २७ ॥ জানে নিবাপরে বিপ্রায়জস্তোতৈর্ম থৈঃ সদা ।** জ্ঞানমূলাং ক্রিয়ামেষাঃ পশ্বস্থোজ্ঞানচকুষা ॥ ২৪ ॥ আর কোনো কোনো ব্রহ্মনিষ্ঠ গৃহন্থেরা গৃহভের প্রতি যে যে যক্ত শাল্পে বিহিত আছে তাহা সকল কেবল বন্ধজানের দারা নিম্পন্ন করেন জ্ঞান চকুর দারা তাঁহারা कानिएएहर्न रा अर्थ यकापि मभूनात विश्वाचाक रूतन। व्यर्थाए वन्निर्ध

शृंश्यापत ब्राम्कान कात्री नमूनात यक निक एत ॥ २८ ॥ योक वका कुछि: ॥ ন্যাষার্ক্সিত্ধনন্ত বজ্ঞাননিষ্ঠোইতিথিপ্রিয়:। আন্ধরুৎ সত্যবাদীচ গৃহস্থো-পি বিষ্চাতে । সং প্রতিগ্রহাদি দারা যে গৃহস্থ ধনের উপার্জ্জন করেন আর স্পতিথি সেবাতে তৎপর হয়েন নিত্য নৈমিত্তিক প্রাদ্ধানুষ্ঠানেতে রত হরেন আর সর্বাদা সভ্য বাক্য কহেন আত্মতত্ব ধ্যানেতে আসক্ত হয়েন व्यंग्छ वाक्ति शृष्ट हरेगां भूक हराम वर्णा कवल महाामी हहेलाहे মুক্ত হয়েন এমত নহে কিন্তু এরপ গৃহছেরে। মুক্তি হর। অতএব মৃতি প্রভৃতি শান্তে গৃহত্ত্বের প্রতি নিত্য নৈমিত্তিকাদি কর্ম্মের বেমন বিধি খাছে সেই রূপ কর্ম্মের অমুষ্ঠান পূর্ব্বক অথবা কর্ম ত্যাগ-পূর্ব্বক ব্রন্ধোপাদনারে। বিধি আছে বরঞ্চ ক্রেমাপাসনা বিনাকেবল কর্মের দ্বারা যুক্তি হয় না এমত স্থানে সাওয়া যাইতেছে। যদি বল একা অনির্বনীয় তাঁহার উপাসনা কেদৰেদান্ত এবং স্কৃত্যাদি যাবৎ শান্তের মতে প্রধান ধদি হইল ভবে এভজেশীয় প্রায় সকলে এই রূপ সাকার উপাসনা বাহাকে গৌন কহিতেছ কেন পরম্পরায় করিয়া আসিতেছেন। ইহার উত্তর বিবেচন। করিনে আপনা হইতে উপস্থিত হইতে পারে তাহার কারণ এই পণ্ডিত मकल याँशां भाजार्थत रखनक रहेग्रारहन छांशासत जानरकहे विरमध মতে আত্ম নিষ্ঠ হওয়াকে প্রধান ধর্ম করিয়া জানিয়া থাকেন কিন্ধ সাকার উপাসনায় যথেক্ট নৈমিজিক কর্ম এবং ত্রত যাত্রা মহোৎসব আছে স্থ-ভরাং ইহার রক্ষিতে লাভের রক্ষি অতএব তাঁহারা কৈহ কেহ সাকার উপাসনার প্রেরণ সর্ব্বদা বাহুল্য মতে কলিয়া আসিতেছেন এবং ঘাঁহারা প্রেরিভ অর্থাৎ স্কুদ্রাদি এবং বিষয় কর্মাবিত ত্রাহ্মণ তাঁহাদের মনের রঞ্জন। সাকার উপাসনায় হয় অর্থাৎ আপনার উপমার ঈশ্বর আর আত্মবৎ সেবার विधि शहिता हैहा इहेरछ अधिक कि छांबारमत्र आस्नाम 'इहेरछ शास्त्र। আর ত্রেলাপাননাতে কার্য্য দেখিয়া কার্তে বিখাস করা এবং নানা প্রকার নিয়ম দেখিয়া নিয়ম কর্তাকে নিশ্চর করিতে হয় তাহা মন এবং কুদ্ধির চুাননের অপেকা রাবে স্বভরাং ভাহাতে কিঞ্চিৎ আম বোধ হয় অভএব ক্ষেরকেরা আপন লাভের-কারণ এবং প্রেরিতেরা আপনাদের মনোরঞ্জ-নের নিমিত্ত এই রূপ নানা প্রকার উপাসনার বাছল্য করিয়াছেন কিন্ত

কোনো লোককে স্বার্থপর জানিলে তাঁহার বাক্যে স্থবোধ ব্যক্তিরা বিশেষ বিবেচনা না করিয়া বিশাস করেন না অতথ্য আপনাদের শাস্ত্র আছে পরমার্থ বিষয়ে কেন না বিবেচনা করিয়া বিশ্বাস করা যায়। এস্থানে এক আশ্রুর্য্য এই যে অতি অংশ দিনের নিমিত্ত আর অতি অংশ উপকারে যে সামগ্রী আইনে তাহার গ্রহণ অথবা ক্রয় করিবার সময় যথেষ্ট বিবেচনা সকলে করিয়া থাকেন আর পরমার্থ বিষয় যাহা সকল হইতে অত্যন্ত উপ-কারী আর অতি মূল্য হয় তাহার গ্রহণ করিবার সময় কি শাল্রের দারা কি যুক্তির দ্বারা বিবেচনা করেন না আপনার বংশের পরস্পরা মতে আর কেহ কেহ আপনার চিত্তের যেমন প্রাশস্ত্য হয় সেই রূপ ৢগ্রহণ করেন এবং প্রায় কহিয়া থাকেন যে বিশ্বাস থাকিলে অবশ্য উত্তম ফল পাইব। কিন্তু এক জনের বিশ্বাস দ্বারা বন্তুর শক্তি বিপরীত হয় না বেছেতু প্রভ্যক দেখিডেটি যে মুগের বিখাসে বিষ খাইলে বিষ আপনার শক্তি অবশ্য প্রকাশ করে। বিশেষ আশ্চর্যা এই যে যদি কোন ক্রিয়া শাস্ত্র সংমত এবং সত্যকাল অবধি শিশ্ত পরম্পরা সিদ্ধ হয় কেবল অণ্প কাল কোনো কোনো বেশে তাহার প্রচারের ক্রটি জন্মিয়াছে আর সংপ্রতি তাহার অমু-र्ष्टारनट लोकिक कारना श्राखन मिक रहा ना এবং शमा व्यामा करवा না তাহার অনুষ্ঠান করিতে কহিলে লোকে কহিয়া থাকেন যে পরম্পরা সিদ্ধ নহে কি রূপে ইহা করি কিন্তু সেই সকল ব্যক্তি যেমন আমরা সেই রূপ সামান্য লৌকিক প্রয়োজন দেখিলে পূর্ব্ব শিষ্ট পরস্পরার অত্যস্ত বিপরীত এবং শাঁল্রের সর্ব্ব প্রকারে অন্যথা শত শত কর্ম্ম করেন সে नगरत (कह भोज এবং भृदेव भवन्भवात मात्रा करतन ना समन आधुनिक् কুলের নিয়ম যাহা পূর্ব্ব পরম্পরার বিপরীত এবং শাস্ত্র বিরুদ্ধ। আর ইসরেজ বাহীকে মেচ্ছ কহেন তাঁহাকে অধ্যয়ন করান কোন্ শার্ত্তে আর[ু] কোন্ পূর্বৰ পরস্পরায় ছিল। আর কাগজ যে সাক্ষাৎ যবনের অর তা-হাকে স্পর্শ করা আরুর ত্বাহাতে গ্রন্থার কোন্ শান্ত বিহিত আর পরম্পরা সিন্ধ হয় ইঙ্গরেজের উচ্ছিস্ট করা আর্জে ওয়ফর দিয়া বন্ধ করা পত্র যত্ন পূর্বক হত্তে গ্রহণ করা কোন্ পূর্বে প্লারম্পরাতে পাওয়া যাঁক আর আপনার ৰাটীতে বেবতার পূজাতে বাঁহাকে মেচ্ছু কহেন তাঁহাকে নিম্-

দ্রণ করা আর দেবতা সমীপে আহারাদি করান কোন্ পরস্পরা সিচ্ক হয় এই রূপ নানা প্রকার কর্ম যাহা অত্যন্ত শিষ্ট পরম্পরা বিরুদ্ধ হয় প্রত্যহ कता वरिष्ठि । आते अन भूठक कर्त्यत मरश कशकावी तरेखी हेजानि পূজা আর মহাপ্রভুর নিত্যানন্দ প্রভুর বিগ্রহ এ কোন্ পরন্পরায় হইয়া আসিতেছিল তাহাতে যদি কহ বে এ উত্তম কর্ম শাস্ত্র বিহিত আছে বদ্যপিও পরম্পরা সিদ্ধ নহে তত্ত্বাপি কর্ত্তব্য বটে। ইহার উত্তর। শাস্ত্র विहिज जेखर्म कर्मा भद्रम्भन्ना निष्क ना इहेरलेख यनि कर्खना दस जरन नर्का শাল্ত সিদ্ধ আন্মোপাসনা যাহা অনাদি পরম্পরা ক্রমে সিদ্ধ আছে কেবল অতি অম্প কাল কোনো কোনো দেশে ইহার এচারের স্যুনতা জিখি-श्राष्ट्र हैहा कर्डवा किन ना इस । अनिएड शाहे य कारना कारना वाकि কহিয়া থাকেন যে তোমরা এক্ষোপাসক তবে শাস্ত্র প্রমাণ সকল বস্তুকে ব্ৰহ্ম বোধ করিয়া পঙ্ক চন্দন শীত উষ্ণ আর চোর সাধু এ সকলঁকৈ সমান ক্তান কেন না কর। ইহার উত্তর এক প্রকার বেদান্ত স্ত্রের ভাষা বিবর-ণের ভূমিকাতে ১০ দশের পৃষ্ঠে লেখা গিয়াছে যে বশিষ্ঠ পরাশর সন**ং**-কুমার ব্যাস জনক ইত্যাদি ব্রহ্মনিষ্ঠ হইয়াও লৌকিক জ্ঞানে তৎপর ছিলেন আর রাজনীতি এবং গৃহস্থ ব্যবহার করিয়াছিলেন তাহা যোগবাশিষ্ঠ মহাভারতাদি প্রন্থে স্পান্টই আছে ভগবান রুষ্ণ অর্জ্জুন যে গৃহস্থ তাঁহাকে বন্ধবিদ্যা স্বরূপ গীতার দারা বন্ধজান দিয়াছিলেন এবং অর্জ্জুনো বন্ধ-জ্ঞান প্ৰাপ্ত হইয়া লৌকিক জ্ঞান শূন্য না হইয়া বরঞ্চ তাহাতে পটু হইয়া রাজ্যাদি সম্পন্ধ করিয়াছিলেন। বশিষ্ঠদেৰ ভগবান রামচন্দ্রকে উপদেশ ক্রিয়াছেন। বহিব্যাপারসংরক্তোছদি সহপ্পবর্জ্জিত:। র্ভান্তরেবং বিহর রাগব ॥ বাহেতে ব্যাপার বিশিষ্ট হইয়া কিন্তু মনেতে সহর্ণে বর্জিত হইয়া আর বাছেতে আপনাকে কর্তা দেখাইয়া আর অন্ত:-করণে আপনাকে অকর্তা জানিয়া ছে রাম লোকধাতা নির্বাহ কর'। রাষচন্দ্রো ঐ সকল উপদেশের অস্থসারে আচরণ সর্বদা করিয়াছেন। আর দ্বিতীয় উত্তর এই থে যে ব্যক্তি প্রশ্ন করেন যে তুমি ব্রশ্নজানী শান্ত প্রমাণ সকলকে এক জানিয়াও খাদ্যাখাদ্য পক চন্দৃনের আর শত্রু মিত্রের · विरवहना रकन कब्रष्ट रम बाक्ति यनि (नवीब উপাসक रुखन । তবে তাঁহাকে

জিজ্ঞাসা কর্ত্তব্য যে ভগবতীকে তুমি ব্রহ্মময়ী করিয়া বিশ্বাস করিয়াছ আর कहिएक प्रयो मांशाष्ट्रा। मर्काचन्नाल मर्काल । य पूर्व मर्काचन এবং সকলের ঈশরী হও। তবে তুমি সকল বস্তুকে ভগৰতী জ্ঞান করি-য়াও পছ চন্দন শত্রু মিত্রকে প্রভেদ করিয়া কেন জান। সে ব্যক্তি যদি বৈষ্ণৰ হয়েন তবে তাঁহাকে জিজ্ঞাসা কৰ্ত্তব্য যে তোমার বিশ্বাস এই যে। সর্বাং বিফুময়ং জগণ ॥ যে যাবৎ সংসার বিফুময় হয়। গীতায় ভগবান্ ক্লফের বাক্য। একাংশেন স্থিতোজগৎ। আমি জগৎকে একাংশেতে ব্যা-পিয়া আছি। তবে তুমি বৈশ্বৰ হইযা বিশ্চুকে সৰ্ববত্ত জানিয়াও পদ চন্দন শত্রু মিত্রের ভেদ কেন করহ। এই রূপ সকল দেবতার উপাস-কেরে জিজাসা করিলে যে উত্তর তাঁহারা দিবেন সেই উত্তর প্রায় আমা-দের পক্ষ হইবেক। আর কোনো কোনো পণ্ডিভেরা কহিয়া থাকেন যে তোমরা ব্রুক্তানী কহাও তাহার মত কি কর্ম করিয়া থাকছ। এ যথার্থ বটে যে যে রূপ কর্ত্তব্য এ ধর্ম্মের তাহা আমাদের হইতে হয় নাই তাহাডে আমরা সর্ববদা সাপরাধ আছি। কিন্তু শান্তের ভরসা আছে গীডা। পার্থ নৈবেহ নামুত্র বিনাশস্তস্য বিদ্যুতে। নহি কল্যাণক্বৎ কঞ্চিৎ ছুর্গতিং তাত গচ্ছতি । বে কোন ব্ৰহ্মনিষ্ঠ ব্যক্তি জানের অভ্যানে যথার্থ রূপ যত্ন না করিতে পারে তাহার ইহলোকে পাতিতা পরলোকে নরকোৎপত্তি হয় নাবে হেতু ওভকারীর হে অজ্জুন কদাপি ছুর্গতি জন্মে না। কিন্তু ঐ পণ্ডি-ভেরদিগ্যে জিজাসা কর্ত্তব্য যে তাঁহারা ত্রান্ধণের যে যে ধর্ম প্রাতঃকাল অব্ধি রাত্তি পর্যার্গ্ত শাল্রে লিখিয়াছেন তাছার লক্ষাংশের একাংশ করেন কি না বৈফৰের শৈষের এবং শাক্তের যে যে ধর্ম তাহার শতাংশের একাংশ ভাঁছারা করিয়া থাকেন কি না যদি এ সকল বিনাও তাঁহারা কেছ ব্ৰাদ্ধৰ কেহ বৈক্ষৰ কেহ শৈৰ ইত্যাদি কহাইতেছেন তবে আমাদের সর্ব্ব প্রকার অন্তর্ভান করিতে অশক্ত দেখিয়া এ রূপ ব্যঙ্গ কেন করেন। ভারতে ॥ রাজন্ সর্বপুমাত্তানি পরছিক্রানি পশ্যতি । আত্মনোবিলুমাত্রানি প্শান্ত্রপি নপশ্যতি॥ পরের ছিক্ত সর্বপ মাত্র লোকে দেখেন আপনার ছিক্ত বিলুমাত্র হইলে দেখিয়াও দেখেন না। "সকলের উচিত যে আঁপন আপন অহন্তান যত্ন পূর্ব্বক করেন সংপূর্ব অহন্তান না করিলে উপাসনা

ষদি সিদ্ধ না হয় তবে কাছারো উপাসনা সিদ্ধ হইতে পারে না। কেহো क्टिंग कट्टन विधिवर कि एकि ना इंटेल ब्रह्माशामनाम व्यवर्क इल्मा উচিত নহে। তাহার উত্তর এই যে। শাল্লে কহেন বথাবিধি চিত্ত শুদ্ধি হইলেই ব্রহ্মজানের, ইচ্ছা হয় অতএব ব্রহ্মজানের ইচ্ছা ব্যক্তিতে দেখি-लारे निम्छत्र रहेरतक य छिख ७ कि हेरात रहेग्राष्ट्र य एकू कांत्रन भाकि-লেই কার্য্যের উৎপত্তি হয় তবে সাধনের ছারা অথবা দৎ দক্ষ অথবা পূর্ব্ব সংস্কার অথবা গুরুর প্রসাদাৎ কি কারণের দ্বারা চিত্ত শুদ্ধি হইয়াছে তাহা বিশেষ কি রূপে কহা যায়। অধিকন্ত যাঁহারা এমত প্রশ্ন করেন তাঁহাদিগ্যে জিজ্ঞাসা উচিত যে তত্ত্বে দীক্ষা প্রকরঞ্জে লিখিয়াছেন। শাস্তো-বিনীতঃ শুদ্ধাত্মা শ্রদ্ধাবান্ ধারণক্ষমঃ। সমর্থক কুলীনক প্রাক্তঃ সচ্চরি-তোয়তী। এবমাদিগুণৈযুঁক্তঃ শিষ্যোভবতি নান্যথা॥ যে ব্যক্তি জিতেক্সিয় ছয় এবং বিনয়ী হয় সর্ববদা শুচি হয় আক্ষাযুক্ত হয় ধারণাতে গটু শক্তি-মান্ আচারাদি ধর্ম বিশিস্ট স্থকর বুদ্ধিমান্ সচ্চরিত্র সংযত হয় ইত্যাদি खन विभिन्ने इहेलाई मीकांत अधिकांती द्या। किन्तु भिरादक छांहाता अहे রূপ অধিকারী দেখিয়া মন্ত্র দিয়া থাকেন কি না যদি আপনারা অধিকারি বিবেচনা উপাসনার প্রকরণে না করেন তবে অন্যের প্রতি কি বিচারে এ প্রশ্ন তাঁহাদের শোভা পায়। ব্যক্তির কর্ম্ম ত্যাগ প্রায় তিন প্রকারে হয় এক এই যে ব্রহ্মনিষ্ঠ ব্যক্তির কর্ম ত্যাগ পরে পরে ধইয়া উঠে। দ্বিতীয় নান্তিক স্বতরাং কর্মা করে নাই। তৃতীয় রুডাকৃত শাল্প জ্ঞান রহিত যেমন অন্তাজ জাতি সকল হয়। তাহারা শান্তের অজ্ঞানতা প্রযুক্ত কোনো কর্ম করে না। বেদান্ত শাল্তের ভাষা বিবরণে কিছা বেদের ভাষা বিৰন্নৰে আৰু ইহাৰ ভূমিকায় কোনো স্থানে এমত লেখা নাই যে নান্তি-কতা করিয়া অথবা শাস্ত্রে অবহেলা করিয়া কর্ম্ম ত্যাগ করিবেক। यहि কোনো ব্যক্তি নান্তিকতা করিয়া অথবা শাল্রে বিমুখ হইয়া এবং আলস্য প্রযুক্ত কর্মাদি জ্যাগ করে তবে তাহার নিমিত্তে বেদান্তের ভাষা বিবরণের অপরাধ মহৎ ব্যক্তিরা দিবেন না যে ছেতু তাঁহারা দেখিতেছেন যে ভাষা বিবরণের পূর্বের এক্ষপ কর্ম ত্যাগী লোক সকল্ ছিলো বিবরণে অশাস্ত্র কোন-ছানে লেখা থাকে তবে তাহার প্রতিবাদ করিতে পারেন এবং ন্ধান্ত প্রমাণ হইলে দোষ দিতে পারেন। তবে দেয় মংসরতা প্রাপ্ত ইয়া নিন্দা করিলে ইহার উপায় নাই। হে পরমান্ত্রন্ আমাদিগ্যে দেয় মুলুরতা অব্য়া এবং পক্ষপাত এ সকল পীড়া হইতে মুক্ত করিয়া বথার্থ জ্ঞানে প্রেরণ কর ইতি। ওঁ তৎসং। শকান্ধা ১৭৩৮.ইংরান্ধী ১৮১৬। ৩১ আষাঢ় ১৩ জ্লাই।

অনুষ্ঠান।

ওঁ তৎসং ॥ এই সকল উপনিষদকে অবণ এবং পাঠ করিয়া তাহার অর্থকে পুন: পুন: চিন্তন করিলে ইহার তাৎপর্য বোধ হইবার সম্ভাবনা হয়। কেবল ইতিহাসের ন্যায় পাঠ করিলে বিশেষ অর্থ বোধ হইতে পারে না অতএব নিবেদন ইহার অর্থে যথার্থ মনোযোগ করিবেন। . বেদান্তের বিষরণ ভাষাতে হইবার পরে প্রথমত স্বার্থ পর ব্যক্তিরা ল্যেক সকলকে ইহা হইতে বিষ্থ করিবার নিমিজ নানা ছুস্পার্জি লওয়াইয়া ছিলেন এখন কেহ কেহ কহিয়া থাকেন যে এ গ্রন্থ অমূকের মত হয় তোমরা ইহাকে কেন পড় আর গ্রহণ কর অর্থাৎ ইহা শুনিলে অনেকের অভিমান ' উদ্দীপ্ত হইয়া এ শান্ত্রকে এক জন আধুনিক মন্তুষ্যের মত জানিয়া ইহার অহু**খী**লুন হইতে নিবর্ত হইতে পারিবেন। স্পত্যস্ত ছুঃখ এই যে স্ববুদ্ধি ব্যক্তিরা এমত সকল অপ্রামাণ্য বাক্যকে কি ক্লপে কর্ণে স্থান দেন কোনো শাস্ত্রকে ভাষায় বিবরণ করিলে সে শাস্ত্র যদি সেই বিবরণ কর্তার মত হয় তবে ভগবদ্ধীতা যাহাকে বাঙ্গালি ভাষায় এবং হিন্দোস্থানি ভাষায় কয়েক জন বিবরণ করিয়াছেন সেই সকল ব্যক্তির মত হইতে পারে ও রামায়ণকে কীর্ত্তিবাস আর মহাভারতের কতক কতক কালীদাস ভাষায় বিবরণ করেন তবে এ দক্ল প্রন্ধ তাঁহাদের মত হইল আর মহ প্রভৃতি গ্রন্থের অন্য অন্য দৃশীয় ভাষাতে বিবরণ দেখিতেছি তাহাও সেই সেই দেশীয় লোকের মৃত তাঁছাদের বিবেচনার হইতে পারে ইহা হইলে অনেক গ্রন্থের প্রামাণ্য উঠিয়া যার। বুক্তিমান্ ব্যক্তি সকল বিবেচনা ুকরিলে অনায়াসেই জানিবেন যে এ কেবল ছু**শুর্ত্তি জনক বা**ক্য হয় এ দকল শাস্ত্রের অন পূর্বক ভাষা করিবার উদ্দেশ্য এই যে ইহার মত জ্ঞান সদেশীয় লোক সকলের অনায়াসে হইয়া এ অকিঞ্নের প্রতি তুটি হয়েন কিন্তু মনো হৃ:খ এই যে অনেক স্থাকে ভাছার বিপরীত দেখা যায়।

জিশোপনিষদের ভাষা বিবরণ সমুদায় ছাপানার পূর্ব্বেই সামবেদের তলবকার উপনিষৎ ছাপানা হইয়া প্রকাশ হওয়াতে কোনো কোনো ব্যক্তি আপত্তি করিলেন যে যদি ত্রন্ধ বিহাতের ন্যায় দেবতাদের সন্মূণে প্রক্রাশ

পাইলেন আর বাক্য কহিলেন তবে তেঁহো এক প্রকার সাকার হইলেন। . এ রূপ আপত্তি শুনিলে কেবল ধেদ উপস্থিত হয় সে এই খেদ যে ব্যক্তি সকল গ্রন্থের পূর্ব্বাপর পড়িয়া এবং বিবেচনা না করিয়া আশঙ্কা করেন যে হেতু ঐ উপর্নিষদের পূর্বের ব্রহ্মের স্বরূপ বে পর্যান্ত কহা যায় তাহা কহিলেন অৰ্থাৎ ভেঁহো মন বৃদ্ধি বাক্য অবণ লাণ ইত্যাদি ইক্রিয়ের অগোচর হয়েন পরে এই স্থির করিবার নিমিত্তে যে কর্ত্তুত্ব ব্রহ্ম বিনা অন্য কাহারো নাই ঐ আখ্যায়িকা অর্থাৎ ইতিহাস কহিলেন যে হেডু ঐ উপ-निষদে এবং ভাষ্যতে निर्विष्ठिष्ट्न यে এ রূপ আদেশ মায়িক বস্তুত তাঁহার উপমা নাই এবং চকু র্গোচর তেঁহ কদাপি হয়েন না ইহা না হইলে উপনিষদের পূর্ব্বাপরের এক বাক্যতা থাকে না। দ্বিতীয় এই যে বন্ধ-মায়া কম্পানায় আব্রহ্ম তম্ম পর্যান্ত নাম ক্রপেতে দেথাইতেছেন তাঁহার বিহাতের নাার মায়া কম্পেনা করিয়া দেখান কোন আশ্চর্য্য আর যেঁহো যাবৎ শব্দকে কর্ণের গোচর করিভেছেন আর সেই শব্দ সকলের ছারা नाना वर्ष প्रानि नमृहत्क तांव कताहरिए इन जांकात कि वाक्कर्ग त्य वर्षि বায়ু ইক্রের কর্ণে শব্দ ছারা অর্থ বোধ করান। এই শরীরেতে উপাধি विभिक्ते व रिष्ठना गाशांक जीव किंगा अकब महवाम क्रिएकि स्म कि আর কি প্রকার হয় ভাহা দেখিতে এবং জানিতে পারি না তবে সর্ব্ব-ৰ্যাপি অনির্বাচনীয় চৈতন্য স্বরূপ পরমাত্মাকে দেখিব এমত ইচ্ছা করা কোন্ বিবেচনায় হইতে পারে। আমার নিবেদন এই। ব্যক্তি সকল যে যে গ্রন্থকে দেখেন তাহার পর পূর্ব্ব দৈখিয়া যেন সিদ্ধান্ত স্থির করেন কেবল বাদ করিব ইহা মনে করিয়া ছুই চারি প্লোকের এক এক চরণ শুনিরাই আপত্তি যদি করেন তবে ইহার উপায়ে মনুষোর ক্ষমতা নাই। ইতি। ওঁ তৎসৎ॥

ওঁ তৎসৎ ॥ এই বজুর্বেদীয় উপনিষৎ অক্টাদৃশ মন্ত্র স্বরূপ হয়েন ঐ উপনিষৎ কর্ম্মের অন্ধ নহেন ষে হেতু আত্মার যাথার্থ্য স্ক্রচক বাক্য কোনো মতে কর্মান্ধ হইতে পারে না। আর উপনিষৎ কর্ম্মান্ধ না হইলে রখা হয়েন না যে হেতু ব্রহ্ম কথনের দ্বারা উপনিষৎ চরিতার্থ হয়েন। ঈশা আদি করিয়া উপনিষদেতে ব্রহ্মই প্রতিপন্ধ হয়েন ইহার প্রমাণ এই যে প্রথ-মেতে শেষেতে মধ্যেতে পূনঃ পূনঃ ব্রহ্ম কথিত হইয়াছেন আর আত্ম জ্ঞানের প্রশংসা কথন এবং তাহার কলের কথন আর আত্ম জ্ঞান ভিন্ন যে অজ্ঞান তাহার নিন্দা উপনিষদেতে দেখিতেছি। তবে কর্ম্ম কদাপি বিদ্বিত না হয় এমত নছে যে হেতু যাবৎ মিথ্যা সোপাধি জ্ঞানে বাধিত থাকে তাবৎ কর্ম্ম বিহিত হয় জৈমিনি প্রভৃতিও এই মত কহিয়াছেন যে আমি ব্রাহ্মণ কর্মেক অধিকার হয়। এই উপনিষদের প্রতিপাদ্য আত্মার যাথার্থ্য জ্ঞান হয়েন আর ইহার প্রয়োজন মোক্ষ হয় আর সম্বন্ধ প্রকাশ্য প্রকাশক ভাব অর্থাৎ আত্মার যাথার্থ্য জ্ঞান প্রকাশ্য যার যাথার্থ্য জ্ঞান প্রকাশ্য যার্থার্থ্য জ্ঞান প্রকাশ্য যার্থার্থ্য জ্ঞান প্রকাশ্য যার্থার্থ্য জ্ঞান প্রকাশ্য আরার যাথার্থ্য জ্ঞান প্রকাশ্য প্রকাশক ভাব অর্থাৎ আত্মার যাথার্থ্য জ্ঞান প্রকাশ্য আর মন্ত্র সকল প্রকাশক হয়েন ॥

ন্দা বাস্যয়িদং সর্বাং যৎকিঞ্চ জগত্যাং জগৎ। তেন তাক্তেন ভুঞ্জীথা মাগৃধং কস্যান্থিৎ ধনং । ।। পরমেশরের চিন্তন দ্বারা যাবৎ নাম রূপ বিশিষ্ট মায়িক বস্তুঁ সংসারে আছে সে সকলকে আচ্ছাদন করিবেক অর্থাৎ ভ্রমান্ত্রক নাম রূপ বিশিষ্ট বস্তু সকল পরমেশরের সত্তাকে অবলম্বন করিয়া প্রকাশ পাইতেছে এমত জ্ঞান করিবেক যাবৎ বস্তুকে মিথ্যা জানিয়া সংসার হইতে অভ্যাস্ট বারা বিরক্ত হইবেক সেই বিরক্তির দ্বারা আত্মাকে পালন অর্থাৎ উদ্ধার করিবেক। এই রূপ বিরক্ত যে তুমি পরের ধনে অভিলাষ কিম্বা আপনার ধনে অত্যন্ত অভিলাষ করিবে না॥ ১॥ পূর্ব্ব মন্ত্রে আত্মার যাথার্থ্য কহিয়া এবং আত্ম জ্ঞানের প্রকার কহিয়া সেই আত্ম জ্ঞানেতে যাহারা অসমর্থ, এবং শতায় হইয়া বাঁচিতে ইচ্ছা করে তাহাদের প্রতি দিতীয় মন্ত্রে কর্ম্মের উপদেশ করিতেছেন॥ কুর্ব্বশ্লেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ। এবং দ্বি নান্যথেত্যেইন্ডি ন কর্ম্ম লিপ্যতে নরে॥২॥ এই সংসারে যে প্রকর্ম শতায় হইয়া বাঁচিতে ইচ্ছা করিবেক সে জ্ঞিছোল

ভ্রাদি কর্ম্বের অমুষ্ঠান করিতে করিতেই এক শত বৎসর বাঁচিতে ইচ্ছা ক্রিবেক এই রূপ নরাভিমানী যে তুমি ভোমাতে এই প্রকার অগ্নিহো-ত্রাদি কর্ম ব্যতিরেকে আর অন্য কোনো প্রকান্ন নাই যাহাতে অশুভ কর্ম তোমাতে লিগু না হয় অর্থাৎ জ্ঞানেতে অশক্ত বাহারা ভাহাছের বৈধ কর্ম্মের অম্ভানের ভারা অশুভ হইতে পারে না॥२॥ পূর্ব্ব মন্ত্রে জ্ঞান দ্বিতীয় যন্ত্রে কর্মা কহিয়া ভূতীয় মন্ত্রেতে এ তুয়ের মধ্যে জ্ঞান শ্রেষ্ঠ ইহা কহিতেছেন ॥ অসুৰ্ব্যা নাম তে লোকা অন্ধেন তম্সা ব্লতাঃ। তাংস্তে প্ৰে: ত্যাভিগচ্ছ ত্তি যে কে চাত্মহনোজনাঃ॥৩॥ পরমাত্মার অপেকা করিয়া **प्रवा**षि मन अञ्चत हरात्रन ठाँशाष्ट्रत एक एक अञ्चल हरात्रन ठाँशाष्ट्रत एक अञ्चल प्रवा দেহ কহি সেই দেবতা অবধি করিয়া স্থাবর পর্যান্ত দেহ সকল অজ্ঞান রূপ অন্ধকারে আরত আছে এই সকল দেহকে আত্মঘাতী অর্থাৎ আত্মজাত রহিত ব্যক্তি সকল শুভাশুভ কর্মামুসারে এই শরীরকে ত্যাগ কর্মিয়া প্রাপ্ত হয়েন অর্থাৎ শুভ কর্ম্ম করিলে উত্তম দেহ পায়েন আর অশুভ কর্ম্ম করিলে অধম দেহ পায়েন এই রূপে ভ্রমণ করেন মৃক্তি প্রাপ্ত হয়েন না॥৩॥ যে আত্মজ্ঞান রহিত ব্যক্তিরা সংসাবে পুনঃ পুনঃ যাতায়াত করেন আর যে আত্মতত্ত্ব জ্ঞান বিশিষ্ট হইলে ব্যক্তিরা মুক্ত হয়েন সেই আত্মতত্ত্ব কি তাহা **ठेड्रथ माज्ज कहिर्डाह्म ॥ अरन् अरमकः मनामाजनी हा निनम्पना आश्च वन्** পূর্ব্বমর্য । তদ্ধাবতোহন্যানত্যেতি ভিষ্ঠভিন্মিরপোমাতরিখা দ্বাতি ॥ ৪ ॥ সেই পরমাত্মা গতিহীন হয়েন অর্থাৎ সর্ব্বদা এক অবস্থীয় থাকেন এবং তেঁহো এক হয়েন আর মন হইতেও বেগবাদ্ হয়েন অর্থাৎ মন বে পর্যান্ত ্যাইতে পারেন তাহা যাইয়া বক্ষকে না পাইয়া ঠাই করেন যে ব্রহ্ম আমা হইতেও পূর্বে গিয়াছেন বস্তুত মন হইতে বেগবান্ ইহার তাৎপর্য্য এই যে মনেরো অপ্রাপ্য হয়েন আর চক্ষুরাদি ইক্সিয় সকলো তাঁহাকে প্রাপ্ত हरवन ना रव रहेकू हक्क्त्रांनि है किय हहेरड मरनत अधिक नामर्था हय रन মন হইতেও তেঁহ অগ্রে গমন করেন অতথ্য ইক্রিয়েরা কি রূপে তাঁহাকে . পাইতে পারেন অর্থাৎ মনের যে অগোচর সে স্থতরাং ক্লুরাদি ইন্সিয়ের অগোচর হইবেক মন আর বাগিন্দ্রিয় প্রভৃতি আত্মার অবেষণ নিমিত্তে চ্ছত গমন করেন সেই মন বাগিন্ত্রিয় প্রভৃতিকে ব্রহ্ম অতিক্রম করিয়া খেন

গমন করেন এমত অফুভব হয় অর্থাৎ মন আর বাগিল্রিয়ের অংগাচর ব্রশ্ব ছমেন সেই একা সর্বাদা স্থির অর্থাৎ গমন রহিত এই বিশেষণের দ্বারা এই প্রমাণ হইল যে মন বাক্য ইক্রিয়ের পূর্ব্বে বস্তুত আত্মা গমন করেন এমত নহে কিন্তু মন বাক্য ইন্সিমেরা তাঁহাকে না পাইয়া অভ্ভব করেন যেন মন বাক্য ইক্রিয়ের পূর্বের আত্মা গমন করিতেছেন সেই আত্মার অধিষ্ঠা-নেতে ৰায়ু যাবৎ বস্তুর কর্মাকে বিধান করিতেছেন অর্থাৎ ব্রন্ধের অবলয়-নের দারা বায় হইতে সকল বস্তুর কর্ম নির্কাহ হইতেছে॥ ৪ ॥ তদেজতি তদ্রৈক্সতি তদ্দুরে তদ্ধকৈ। তদস্তরদ্য দর্বন্য তদু দর্বন্যান্য বাহ্নতঃ॥৫॥ मिट्टे आफ्ना हलन व्यवश्वालन ना अर्थाए अहल इट्सा हलात नाम उपलब्ध হয়েন আর অজ্ঞানীর অপ্রাপ্য হইয়া অতি দূরে যেন থাকেন আর জ্ঞানীর অতি নিকটস্থ হয়েন কেবল অজ্ঞানীর দূরস্থ আর জ্ঞানীর নিকটস্থ তেঁহ হয়েন এইত নহে কিন্তু এ সমুদায় জগতের স্ক্রম রূপে অন্তর্গত হয়েন আর আকাশের ন্যায় ব্যাপক রূপে সমুদায় জগতের বহিঃস্থিত হয়েন॥ ৫॥ পূর্ব্বোক্ত আত্ম জ্ঞানের ফল কহিতেছেন ॥ যন্ত্র সর্ব্বাণি ভূতানি আত্মন্যে-বামুপশ্যতি। সর্বভৃতেষ্ চাষ্ণানং ততোন বিজ্ঞক্ষতে॥ ৬॥ যে ব্যক্তি স্ভাব অবধি স্থাবর পর্যান্ত ভূতকে আত্মাতে দেখে অর্থাৎ আত্মা হইতে ভিন্ন কোন বস্তু না দেখে। আর আত্মাকে সকল ভূতে দেখে অর্থাৎ যাবৎ শরীরে এক আত্মাকে দেখে সে ব্যক্তি এই জ্ঞানের দ্বারা কোনো বস্তুকে দ্বণা করেনা অর্থাং সকল বস্তুকে আত্মা হইতে অভিন্ন দেখিলে কেন ঘুণা উপস্থিত হইবেক ॥ ৬॥ পূর্বে মন্ত্রের অর্থ পুনরায় সপ্তম মন্ত্রে কহিতেছেন ॥ যশ্মিন্ দৰ্কাণি ভূতানি আজৈবাভূদ্ধিজানতঃ। তত্ত্ৰ কোমো- ় হঃ কঃ শোক্তএকত্বমমূপশ্যতঃ ॥ ৭ ॥ যে সময়েতে জ্ঞানীর এই প্রতীতি হয় যে কোনো বন্ধর পৃথক সভা নাই পরমান্ধার সভাতেই সকলের সভা হইরাছে আর আকাশের ন্যায় ব্যাপুক করিয়া পরমাত্মাকে এক করিয়া বে দেখে ঐ জ্ঞানীর সে সুমরেতে শোক আর মোহ হইতে পারে না যে হেতু শোক শোহের কারণ যে অজ্ঞান তাহা সে জ্ঞানীর থাকে না ॥ १ ॥ পূর্ব্বোক্তৃ মত্ত্রে কৰিত হইরাছেন যে আজা তাঁহার স্বর্গকে অফ্টম মত্ত্রে স্পাস্ট ক্ছিতেছেন। সপ্রব্যগাচ্ছু ক্রমকায়মত্রণমন্ত্রাবিরং শুদ্ধমপাপবিদ্ধং। কবি-

মনীবী পরিভূঃ স্বরস্ত্রাথাতথ্তে। হর্ণান্ব্রদধাক্ষারতীভাঃ সমাভাঃ ॥ ৮ ॥ সেই পরমাত্মা সর্বত্ত আকাশের ন্যায় ব্যাপিয়া আছেন এবং সর্ব্ব প্রকা-শক এবং স্ক্রম শরীর রহিত হয়েন এবং খণ্ডিত হয়েন না আর তাঁহাতে শির নাই এছুই বিশেষণের দারা তাঁহার স্থূল শরীরো নাই ইহা প্রতিপন্ন হইল অতএব তেঁহ নিমল হয়েন আর পাপ পুণ্য হুই হুইতে রহিত আর সকল দেখিতেছেন আর মনের নিয়ম কর্ত্তা আর সকলের উপরি বর্ত্তমান হয়েন আর স্টি কালে স্বয়ং প্রকাশ হরেন এই রূপ নিত্য মুক্ত যে পর-মাত্মা তিনি অনাদি বর্ষ সকলকে ব্যাপিয়া প্রজা আর প্রজাপতি সকলের বিহিত কর্ত্তবা কর্ম্ম সকলকে বিধান অর্থাৎ বিভাগ করিয়া দিতেছেন ॥ ৮ ॥ প্রথম মন্ত্রেতে জ্ঞান কহিলেন দ্বিতীয় মন্ত্রে কর্ম্ম কহিলেন ভৃতীয় মন্ত্রে অজ্ঞানী বে কর্মী তাহার নিন্দা কহিলেন পরে চতুর্থ মন্ত্র অবধি অক্ট্রয় মন্ত্র পর্যান্ত জ্ঞানের অঙ্গ কহিলেন এখন নবম মন্ত্রে কহিতেছেন যে কর্ম করিবেক দে দেবতা জ্ঞানের সহিত মিশ্রিত করিয়া করিবেক পৃথক পৃথক क्तिरल निका जारह हेश नवय यञ्जानिए क्टिएएएन । जन्नः जमः अवि শস্তি যে অবিদ্যামুপাদতে। ততোভুষ্ট্ৰ তে তমোষ্ট বিদ্যায়াং রতাঃ ॥৯॥ যে ব্যক্তিরা দেবতা জ্ঞান বিনা কেবল কর্ম্ম করেন তাঁহার৷ অজ্ঞান স্বরূপ নিবিড়ান্ধকারে গমন করেন আর ফাঁহারা কর্ম বিনা কেবল দেব জ্ঞানে রত হরেন তাঁহারা সে অন্ধকার হইতেও বড় অন্ধকারে প্রবেশ করেন॥ ৯॥ অগ্রিহোত্রাদি কর্ম্মের আর দেবতা জ্ঞানের পৃথক পৃথক ফল কহিতেছেন। অন্যদেবাছবিদ্যয়া অন্যদেবাছরবিদ্যয়া। ইতি শুক্রম ধীরাণাং যে নন্তবিচ-!চক্ষিরে ॥ ১০ ॥ দেব জ্ঞান পৃথক ফলকে করেন অগ্নিহোত্রাদি কর্ম্ম পৃথক ফলকে করেন পণ্ডিত সকল কহিয়াছেন যে সকল পণ্ডিত এই রূপ দেব জান আর কর্মের পৃথক পৃথক ফল আমাদিগ্যে কহিয়াছেন তাঁহাদের এই প্রকার বাক্য আমরা পরস্পরা ক্রমে শুনিয়া আসিতেছি। ১০। এক পুরু-ষেতে কর্ম এবং দেব জানের ফলের সমুক্তর কহিতেছেন। বিদ্যাঞ্চাবিদ্যাঞ্চ মুক্তবেদোভরং সহ। অবিদ্যা মৃত্যুং তীর্ছ বিদ্যয়া মৃত্যুখ তে ॥ ১১॥ य राक्ति एनव क्यान व्यात क्यांशिरहाजामि कर्षा धक्रूहे अक शूक्रवा कर्खरा হর এমত জানিয়া এছুয়ের অনুষ্ঠান করে সে ব্যক্তি কর্মানুষ্ঠানের মারা

সাভাবিক কর্ম এবং সাধারণ জান এ ছুইকে সতিক্রম করিয়া দেব জানের ষারা উপাদ্য দেবতার শরীরকে পায় ॥ ১১ ॥ একণে অব্যাক্তত অর্থাৎ প্রকৃতি তম্ব ব্যাকৃত কার্য্য ব্রহ্ম অর্থাৎ হিরণাগার্ত্ত এ ছুয়ের পৃথক পৃথক উপাসনায় নিন্দা আছে তাহা কহিতেছেন । অন্ধং তমঃ প্রবিশস্তি যে২স-স্ত্ৰ, তিমুপাদতে। ততোভূবইব তে তমোষ্ট দস্ত তাং রভা: ॥ ১২ ॥ যে যে ব্যক্তি কাৰ্য্য বন্ধ অৰ্থাৎ হিরণাগর্ড ভিমৃ কেবল অবিদ্যা, কাম কর্ম বীজ স্বরূপিণী প্রকৃতির উপাসনা করে তাহারা অজ্ঞান স্বরূপ অন্ধ্কারেতে প্রবেশ করে আর যে যে ব্যক্তি প্রকৃতি ভিন্ন কেবল হিরণাগর্ভের উপাস-নাতে রত হয় তাহারা পূর্ব্বাপেক্ষা অধিক অজ্ঞান স্বরূপ অন্ধকারে প্রবিষ্ট হয় ॥ ১২ ॥ এক্ষণে হিরণাগর্ভ আর প্রকৃতির উপাসনার ফল ভেদ কহিতে-🛰 इ.स. । अनारमवारः मस्त्रवामनामारुतमस्त्रवाद। ইতি শুক্রম बीतांगाः व न-স্তবিচচক্ষিরে। ১৩। পণ্ডিত সকল হিরণাগর্ভের উপাসনার অণিমাদি 'এম্বর্যা রূপ পৃথক ফলকে কহিয়াছেন এবং প্রকৃতির উপাসনার প্রকৃতিতে লয় রূপ পৃথক্ ফলকে কহিয়াছেন যে সকল পণ্ডিত এই রূপ হিরণাগর্ভের আর প্রকৃতির উপাসনার ফল আমাদিগ্যে কহিয়াছেন তাঁহাদের এই রূপ বাক্য আমবা পরম্পরায় শুনিয়া আসিতেছি ॥১৩॥ এক্ষণে হির্ণ্যগর্ভ আর প্রকৃতির মিলিত উপাদনার ফল কহিজেছেন ॥ সম্ভূতিঞ্চ বিনাশঞ্ যন্তদ্ধে-দোভয়ং সহ। •বিনাশেন মৃত্যুং তীর্ছা সস্ত ত্যামৃতমন্ধু তে ॥১৪॥ যে ব্যক্তি হিরণাগর্ভ আরু প্রকৃতি এ ছুয়ের উপাসনা এক পুরুষের কর্ত্তব্য এমত জানিয়া ছুই উপাসনাকে মিঞিত ক্লপে করে সে ব্যক্তি হিরণা গর্ভের্ উপাসনার দ্বারা অধর্ম এবং ফু:খ এছুইকে অতিক্রম করিয়া প্রকৃতির উপাসনার ছারা প্রকৃতিতে লীন হয়॥ ১৪॥ এ উপনিষদে নিরুক্তি রূপ পরমান্ত্রার জ্ঞান এবং সর্ববত্ত এক সত্তার অহুভব বিস্তার মতে কহিয়া অগ্নিছোত্রাদি কর্ম্ম এবং দেবোপাসনা আর হিরণ্যগর্ভ ও প্রকৃতি উপাস-নাকে বিস্তার মতে কহিলেন। আত্মোপাসনার প্রকরণ বাহলা রূপে রহ-দারণাকে আছে আর কর্মাত্র্চানের বাবস্থা প্রবর্গাস্থ যে ব্রাহ্মণ কংগুক শ্রতি তাহাতে বাহল্য •রূপে আছে। এ উপীনষদে পূর্ব্ব পূর্ব্ব মন্ত্রে অগ্নি-হোত্রাদি কর্ম এবং দেবতোপাসনার ফল লিখিলেন যে স্বাভাবিক কর্ম্ম

এবং সাধারণ জ্ঞানকে অতিক্রম করিয়া উপাদ্য দেবতার শরীরকে প্রাপ্ত हरमन এবং हित्रगुगर्छ खित প্রকৃতির উপাসনার ফল নিখিলেন যে खिन-মাদি এশ্বৰ্যাকে পাইয়া প্ৰকৃতিতে লীন হয় এছুই ফল কোন্ পথের দারা পাইবেক তাহা কহিতেছেন ॥ হিরশ্মযেন পাত্রেণ সত্যস্যাপিহিতং মৃথং। তত্বং পূষরপারণ সতাধর্মায় দৃষ্টয়ে॥১৫॥ কম্মী এবং দেবোপাসক মৃত্যুকালে আত্মার প্রাপ্তির নিমিত্তে আপন উপাসা দেবতা ক্যা স্থানে পথ প্রার্থনা করিতেছেন। হে ক্র্যা স্বর্ণময় পাতের ন্যায় যে তোমার জ্যেতিম্য মণ্ডল সেই মণ্ডলের দ্বারা তোমার অন্তর্যামী যে পরমান্ত্রা তাঁহার দ্বারকে রুক্ করিয়া রাখিয়াছ ভূমি সেই দ্বারকে তোমার উপার্শক যে আমি আমার প্রতি আত্ম ক্রান প্রাপ্তির নিমিত্তে খোলো ॥ ১৫ ॥ পূষরেকর্ষে দম ক্র্যা প্রাক্ষাপতা বাহ রশ্মীন্ সমূহ তেজােযতে রূপং কলাাণতমং তত্তে পশাা্মিঞ যোসাবসৌ পুরুষঃ সোহমিশ্ম ॥১৬॥ হে জগতের পোষক সূর্যা হে একাকী গমন কন্তা হে সকল প্রাণির সংযম কন্তা হে তেজের এবং জলের গ্রহণ কর্ত্তা হে প্রজাপতির পুত্র আপন কিরণকে তুই পাশে চালাইয়া পথ দাও আর তোমার তাপ জনক যে তেজ তাহাকে উপসংহার কর যে হেতু কির-ণকে উপসংহার করিলে তোমার প্রসাদেতে তোমার অতি শোভন রূপকে দেখি। পুনরায় সেই উপাসক আত্মজানের প্রকাশের দ্বারা কহিতেছেন যে হে সুর্যা তোমাকে কি ভূতোর নাার যাচ্ঞা করি যে হেতু তোমার ম ও-লস্থ-বে আত্মা সে আমি হই অর্থাৎ তোমার যে অস্তর্যামী সে আমারো অন্তর্যামী হয়েন অতএব তোমাকে যাচ ঞা করিবার কি প্রয়োজন আছে। ১৬ ॥ বায়ুরনিলমমূতমথেদং ভন্মান্তং শরীরং। ওঁ ক্রতো ন্মর কৃতং ন্মর ক্র-তো স্মুর কৃতং স্মর ॥১৭॥ মৃত্যুকাল প্রাপ্ত হইয়াছি যে আমি আমার প্রাণ বায়ু সকলের আধার যে মহাবায়ু তাহাতে লীন হউন এবং স্থামার স্ক্রম শরীর উপরে গমন করুণ আর আমার বুলু শরীর ভন্ম হউন। সত্য রূপ ব্রন্ধের অধিষ্ঠান অগ্নিতে ও স্বর্যোতে আছে কন্দীরা ভূগি ম্বারা আর দেব জ্ঞানীরা স্থ্য দ্বারা তাহাকে পরস্পরায় উপাসনা করেন এখানে অধিষ্ঠান আর অধিষ্ঠাতার অভেদ বুলিতে ওঁকার শব্দের দ্বারা অগ্নিকে সংখাধন করিতেছেন প্রথমত মনকে সম্বোধন করিয়া কহিতেছেন যে হে মন মৃত্যু

কালে যাহা সারণ যোগ্য হয় তাহা সারণ কর হে অগ্নি এপর্যান্ত যে উপা-সনা এবং অধিহোত্রাদি যে কর্ম করিয়াছি তাহা তুমি স্মারণ কর পুনর্ববার মন আর অগ্নিকে দ্রোধন করিয়া পূর্ব্ববৎ কহিতেছেন এখানে পুনক্ষ্তি আদরের নিমিত্তে জানিবা॥ ১৭॥ অফ্টাদশ ্যস্ত্রেতে কেবল অগ্নিকে প্রার্থনা করিতেছেন ॥ অগ্নে নয় স্থপথা রাবে অস্মান্ বিশ্বানি দেব ব্যুনানি বিশ্বান্। যুয়োধান্মৎ জুতুরাণমেনোভূমিষ্ঠাং তে নমউক্তিং বিধেম ॥১৮॥ হে অগ্নি আমাদিগ্যে উত্তম পথের দ্বারা কর্ম্ম ফল ভোগের নিমিতে স্বর্গে গমন করাও যে হেতু আমরা যে সকল কর্ম্ম এবং দেবোপাসনা করিয়াছি তাহা তুমি সকল জান। আর আমাদের কৃটিল যে পাপ তাহাকে নফ কর আর আমরা পাপ হইতে মূক্ত হইয়া ইট্ট ফলকে প্রাপ্ত হই এ মৃত্যু-কালে তোমার অধিক দেবা করিতে অশক্ত হইয়াছি অতএব নমস্কার মাত্র করিতেছি। এই রূপ যাচ্ঞা কর্মীর এবং দেবোপাসকের আবশ্যক হয় ব্ৰহ্ম জ্ঞানীর প্ৰতি এ বিধি নহে যে হেডু বেদে কহিতেছেন যে ব্ৰহ্মজ্ঞানী শরীর ত্যাগের পর স্বর্গাদি ভোগ না করিয়া এই লোকেই ত্রন্ধ প্রাপ্ত হয়েন তাহার প্রমাণ এই শ্রুতি। ন তস্য প্রাণাউৎক্রামন্তি অত্র বন্ধ সমশ্ব তে॥১৮॥ ইতি যজুর্কেদীয়োপনিষৎ সমাপ্তা॥ ওঁ তৎসৎ॥

সহমরণ বিষয়।

ওঁ তৎসৎ

প্রবর্ত্তক ও নিবর্ত্তকের সম্বাদ,।

প্রথমে প্রবর্ত্তকের প্রশ্ন ৷—আমি আশ্চর্য্য জ্ঞান করি বে তোমরা সহ-মবণ ও অনুমরণ যাহা এদেশে হইয়া আসিতেছে তাহার অন্যথা করিতে প্রয়াস করিতেছ ॥

নিবর্ত্তকের উত্তর।—সর্ব্ধ শাস্ত্রেতে এবং সর্ব্ব জাতিতে নিষিদ্ধ যে আত্মঘাত তাহার অন্যথা করিতে প্রয়াস পাইলে তাঁহারাই আশ্চর্য্য বোধ করিতে পারেন যাহাঁদের শাস্ত্রে শুদ্ধা নাই এবং যাঁহারা ন্ত্রীলোকের আত্মত্মাতে উৎসাহ করিয়া থাকেন।

প্রবর্তক।---তোমর এবড় অযোগ্য কহিতেছ যে সহমরণ ও অ<mark>সুম</mark>রণ শংস্বে নিবির্দ্ধী হয় এবিষয়ে অঙ্গিরা প্রভৃতি থাবিদের বচন,শুন ॥ इति गा नाती সমারোহেक তাশনः। সারুকতীসমাচারা সর্গলোকে মহায়তে । তিব্ৰঃ কোটাৰ্দ্ধকোটা চ যানি লোমানি মানবে । তাবস্তানানি সা সুগে ভর্তারং যাতুগচ্ছতি॥ বাালগ্রাহী যথা ব্যালং বলাতুদ্ধরতে বি-লাং। তদ্ধং ভর্তারমাদায় তেনৈব সহ মোদতে। মাতৃকং গৈতৃকঞ্চৈব যত্র কন্যা প্রদীয়তে। পুনাতি ত্রিকুলং সাধ্বী ভর্তারং যাত্রগচ্ছতি॥ তত্ত্ব সা-ভত্পরমা পরা পর্মনালদা। ক্রীড়তে পতিনা দার্দ্ধং ধাবদিন্তাশ্চতুর্দ্দশ ॥ বন্ধদ্বোবা কৃতদ্বোবা । মিত্রম্বোবাপি মানবঃ। তং বৈ পুনাতি সা নারী ইত্য-ঙ্গিরসভাষিত: । সাধ্বীনামেব শারীণামগ্রিপ্রপতনাদৃতে। নান্যোহি ধ-র্মোবিজেয়োমতে ভর্তরি কঁহিচিং॥ স্বামি মরিলে পর যে স্ত্রী ঐপতির জ্বলস্ত চিতাতে আরোহণ করে সে অরুদ্ধতী যে বশিষ্ঠের পত্নী তাঁহার সমান হইয়া স্বর্গে যায়। আর যে স্ত্রী ভর্তার সহিত পরলোকে গমন করে সে মন্থবোর দেহেতে যত লোম আছে, যাহার সংখ্যা সাড়ে তিন কোটি ডত. বৎসর স্বর্গে বাস করে ॥, আন্ধ যেমন সর্প্রাহকেরা আপন বলের দ্বারা গর্ত্ত হইতে সর্পকে উদ্ধার করিয়া লয় তাহার ন্যায় বলের দারা ঐ স্ত্রী সামিকে লইয়া তাহার সহিত স্কখ ভোগ করে। আর যে স্ত্রী ভর্তার সহিত পরলোকে গমন করে সে মাতৃকুল পিতৃকুল এবং স্বামিকুল এই

তিন কুলকে পবিত্র করে॥ আর অন্য স্ত্রী হইতে শ্রেষ্ঠ এবং শ্রেষ্ঠ ইচ্ছা-বতী আর স্বামীর প্রতি অতাস্ত শ্রদ্ধাযুক্ত যে ঐ দ্রী সে পতির সহিত ভাবৎ পর্য্যন্ত স্বর্গ ভোগ করে যাবৎ চতুর্দ্দশ ইন্দ্রপাভ না হয়॥ আর পতি যদি ব্লাহত্যা করেন কিখা ক্লডম্ব হয়েন কিখা মিত্র হত্যা করেন তথাপি ঐ পতিকে সর্ব্ব পাপ হইতে মুক্ত করে ইহা অন্বিরা মুনি কহিয়াছেন॥ স্বামি মরিলে সাধবী স্ত্রী সকলের অগ্নি প্রবেশ ব্যতিরেকে আর অন্য ধর্ম নাই ॥ . কপোতিকার ইতিহাসচ্ছলে যাহা ব্যাস লিখিয়াছেন তাহাও শুন ॥ পতিত্রতা সম্প্রদীপ্তং প্রবিবেশ হতাশনং তত্ত্ব চিত্রাঙ্গদধরং ভর্ডারং সাম্বপদ্যত । পতিব্ৰতা যে এক কপোতিকাঁ সে পতি মরিলে প্রস্তু-লিত অগ্নিতে প্রবেশ করিয়াছিল পরে ঐ কপোতিকা স্বর্গে যাইয়া পতির্নে পার। এবং হারীভের বচন শুন। বাবদ্ধাগৌ মৃতে পতো 📆 কার্মানং প্রদাহয়েং। তাবর মূচাতে সাহি স্ত্রীশরীরাৎ কথঞ্চনেতি॥ মরিলে স্ত্রী যাবৎ পর্যান্ত অগ্নিতে আত্মাকে দাহ না করে তাবৎ স্ত্রী যোনি इंटेंट क्लांना क्राप्त मूक इस ना॥ धेवर विष्णु अधित वहन खन॥ মৃতে ভর্তরি ব্রন্ধচর্য্যং তদদারোহণদেতি ॥ পতি মরিলে পত্নী ব্রন্ধচর্য্যের অমুষ্ঠান করিবেন কিম্বা পতির চিতাতে আরোচণ করিবেন॥ এখন অমুমরণ বিষয়ে ব্রহ্ম পুরাণের বচন শুন ৷ দেশাস্তর্মতে পত্যে সাধনী তৎপা-ष्कृकोबग्रः। निधारगात्रिम मः अका अवित्मञ्काज्यवम्मः॥ अगुरवमनामार সাধ্বী ত্রী ন ভবেদাক্সঘাতিনী। ত্রাহাশৌচে নিরুত্তে তু শ্রাদ্ধং প্রাথ্মোতি অন্য দেশস্থ পতির মৃত্যু ইইলে পর সাধ্বী স্ত্রী স্থান আচমন পূর্ব্বক পতির পাছুকাদ্বয়কে বক্ষঃস্থলে গ্রহণ করিয়া অগ্নিতে প্রবেশ করি-বেক। এই রূপ অগ্নি প্রবেশ করিলে এ স্ত্রী আত্মঘাতিনী হয় না বে হেতুক ঋক্বেদের বাকা আছে কিন্তু তাহার মরণে ত্রিরাত্রাশৌচ হয় সেই ,অশৌচ অতীত হইলে পুত্রেরা যথা, শান্ত আছে করিবেন॥ ্বং নাস্তি ব্রাহ্মণা ব্রহ্মণাদনা**ং। ইতরেষ্** তু বর্ণেষ্ তপঃ পরমমূচাতে ॥ , জীবতী তক্ষিতং কুর্যাশ্বরণাদাপ্রঘাতিনী। যাস্ত্রী আন্ধলজাতীয়া মৃতং পতিমন্ত্রজেথ। সা স্বর্গদান্মঘাতেন নান্ধানং ন.পতিং নয়েও। মৃত পতির অন্থ মরণ ব্রাহ্মণী করিবেন না যেহেতু বেদের শার্সন আছে আর ইতর

বর্ণের যেন্দ্রী তাহাদের অন্থ মরণকে পরম তপস্যা করিয়া কহেন। আন্ধনী জীবন্দশায় থাকি য়া পতির হিত কর্ম করিবেন॥ আন্ধ ব্রাহ্মণ জাতির যেন্দ্রী পতি মরিলে অন্থমরণ করে সে আত্মহাত জন্য পাপের ছারা আপনাকে ও পতিকে স্বর্গে লইতে পারে না॥ এই রূপ নানা স্মৃতি বচনের ছারা সিল্ধ বে সহমরণ ও অন্থমরণ তাহাকে কি দ্ধপে শাত্র নিধিক্ষ কহ এবং তাহার অন্যথা করিতে চাহ॥

নিবৰ্জক ৷--এসকল ৰচন যাহা কহিলে তাহা স্মৃতি বটে এবং এসকল वहरान बाता हैश व्याश रहेबाहि स खीलाक महमत्र ७ वहमत्र करत তবে তাহার বহুকাল ব্যাপিয়া স্বর্গ ভোগ হয় কিন্তু বিধবা ধর্মে মন্থ প্রভৃতি যাহা কহিরাছেন তাহাতে মনোযোগ কর।। কামস্ত ক্ষপযেন্দেহং পুস্পমৃ-িক লৈ: শু:ভঃ। ন তু নামাপি গৃহ্লীয়াৎ পত্যো প্রেডে পরস্য তু॥ আসীতা-মরণাৎ ক্ষান্তা নিয়তা ত্রক্ষচারিণী। যোধর্মএকপত্মীনাং কাজুকন্তী তমস্তব্যং॥ পতির মৃত্যু হইলে পবিত্র যে পৃষ্প মূল ফল তাহার ভোজনের দারা भत्रीत्रक कृभ कत्रिर्वन এवः चना शूक्रस्यत नाम अत्रिर्वन ना॥ आत्र আহারাদি বিষধে নিয়ম যুক্ত হইয়া এক পতি যাহাদের অর্থাৎ সাধনী স্ত্রী তাঁহোদের যে ধর্ম তাহার আকাজ্ঞা করিয়া যাবজ্জীবন ব্রহ্মচর্য্যের অনুষ্ঠান পূৰ্ব্বক থাকিবেন ॥ ইহাতে মন্থ এই বিধি দিয়াছেন যে পতি মরিলে ব্রহ্ম-চর্য্যে থাকিয়া যাব্জ্ঞীবন কালক্ষেপ করিবেন অতএব মন্থ স্কৃতির বিপরীত যে সকল অঙ্গিরা প্রভৃতির স্কৃতি তুমি পড়িতেছ তাহা গ্রাহ্ম হইতে পারে না বেহেতু বেদে করিতৈছেন ॥ বৎ কিঞ্চিশ্বস্থরবদত্তহৈ ভেষজং ॥ বাহা কিছু মত্ব কহিয়াছেন তাহাই পথ্য জানিবে। এবং ব্রহম্পতির বচন । মহর্থ-বিপরীতা বা সা স্থৃতির্ন প্রশস্যতে ॥ মহু স্থৃতির বিপরীত যে স্থৃতি তাহা প্রাশংসনীয় নহৈ। বিশেষত বেদে কহিতেছেন। তত্মাছু হ ন পুরাযুষ: খংকাৰী প্ৰেয়াদিতি॥ যেহেতু জীবন থাকিলে নিত্য নৈমিত্তিক কর্মা-স্ঠান মারা চিত্ত শুদ্ধ্ হইলে আত্মার অবণ মনন নিদিধ্যাসনের মারা বন্ধ প্রাপ্ত হইতে পারে অতএব অর্গ কামনা করিয়া পরমারুদকে আয়ুর্ব্যর क्तित्वक ना अर्थार मित्रत्वक ना। अरुधव मृत्र वास्त्रवम् अकृषि भाषान ণাপন স্থৃতিতে বিধবার প্রতি ব্রহ্মচর্য্য ধর্মই কেবল লিখিয়াছেন এই

নিমিত্ত এই শ্রুতি ও মধাদি স্কৃতি দারা তোমার পঠিত অদিরা প্রভৃতির স্কৃতি সকল বাধিত হইয়াছেন যেহেতু স্পাঠী বিধি দেখিতেছি যে জীলোক পতির কাল হইলে পর ব্রহ্মচর্য্যের দারা মোক্ষ সাধন করিবেন ॥

প্রবর্তক। ত্রি যে কহিতেছ সহমরণ ও অনুমরণ বিধারক অসিরা প্রভৃতির যে ক্ষৃতি তাহা মন্থ ক্ষৃতির বিপরীত হয় একথা আমরা অসীকার করি না যে হেতু মন্থ যে কর্ম করিতে বিধি দেন নাই তাহা অন্য ক্ষৃতিকারেরা বিধি দিলে মন্থর বিপরীত হয় দা যেমন মন্থ সন্ধ্যা করিতে বিধি দিরাছেন হরি সংকীর্ত্তন করিতে কহেন নাই কিন্তু ব্যাস হরি সংকীর্ত্তন করিতে কহিয়াছেন সে ব্যাস বাক্য মন্থর বিপরীত নহে এবং হরি সংকীর্ত্তন করা নিষিদ্ধ না হয় সেই রূপ এথানেও জানিবে যে মন্থ বিধবাকে ব্রহ্মচর্যের বিধি দিয়াছেন এবং বিফ্ প্রভৃতি ঋষিরা ব্রহ্মচর্য্য ও সহ্মন্তর্থন উভয়ের বিধি দিয়াছেন অতএব মন্থ ক্ষৃতি সহমরণের অভাব পক্ষে জানিবে॥

নিবর্ত্তক ।—সদ্ধ্যা ও হরি সংকীর্তনের উদাহরণ যাহা তুমি দিতেছ সে ব্রহ্মচর্যা ও সহমরণের সহিত সালৃশ্য রাখে না যে হেতু দিনমানের মধ্যে সদ্ধ্যার বিহিত্তকালে সদ্ধ্যা করিলে তদ্ভিদ্ধ কালে হরি সংকীর্তনের বাধ জন্মে না এবং সদ্ধ্যার ইতরকালে হরি সংকীর্তন করিলে সদ্ধ্যার বাধ হয় না অতএব এস্থানে একের বিধি অন্যের বাধক কেন হইবেক কিন্তু ব্রহ্মচর্যা ও সহমরণ বিষয়ে একের অনুষ্ঠান করিলে অন্যের অনুষ্ঠানের সম্ভাবনা থাকে না অর্পাৎ পতি মরিলে বাবৎ জীবন থাকিয়া ব্রহ্মচর্য্যের অনুষ্ঠান যাহা মন্থ কহিয়াছেন তাহা করিলে সহমরণের বাধ হয় এবং সহমরণ যাহা অঙ্গিরাং প্রভৃতি কহিয়াছেন তাহা করিলে ব্রহ্মচর্য্যের দ্বারা মোক্ষ সাধনের বাধ হয় অতএব এছুয়ের অবশাই বৈপরীতা আছে ৷ বিশেষত নান্যোহি ধর্ম ইত্যাদি বচনে অঙ্গিরা ধবি সহমরণের নিত্যতা কহেন এবং হারীত ধরি আপন স্কৃতিতেও সহমরণ না করিলে স্ক্রীযোনি হইতে মৃক্ত হয় না এই রূপ দোষ অবনের দ্বারা নিত্যতা কহেন ৯ অতএব ঐ সকল বচন স্ক্রেথাই মন্থ স্কৃতির বিপরীত হয় ॥

প্রবর্ত্তক ৷— অসিরার বচনে কহেন যে সাংবী জীর সহমরণ বিনা অন্য ধর্ম নাই আর হারীত বচনে সহমরণ না করিলে দে দোব আবণ আছে তাহাকে আমরা মন্থ স্কৃতির অন্ধরোধে সহমরণের প্রশংসা মাত্র বালয়া সঙ্কোচ করি কিন্তু সহমরণের নিত্যতা বোধক হয় এমৎ নহে এবং ঐ সকল বচনে সহমরণের ফল শ্রুতি আছে তাহার ছারাও সহমরণ কাম্য হয় এমৎ বুঝাইতেছে ।

নিবর্ত্তক।—যদি মন্থ স্কৃতির অন্ধ্রোধ করিয়া সহমরণের নিত্যতা বোধক যে বাক্য অঙ্গিরাও হারীত বচনে আছে তাহাকে স্তুতিবাদ কহিয়া সংহাচ করিলে তবে ঐ মন্থ স্কৃতি যাহাতে পতি মরিলে বিধবা যাবজ্জীবন ব্রহ্মচয্য করিবেক এই বিধির দ্বারা ব্রহ্মচর্য্যের নিত্যতা দেখাইতেছেন তাহার অন্ধ্রোধ করিয়া অঙ্গিরাও হারীতাদির সমুদায় বচনের সংহাচ কেন না কর এবং স্বর্গাদির প্রলোভ দেখাইয়া স্ত্রী হত্যা দর্শনে ক্যান্ত কেন না হও। অধিকন্ত পূর্বেরাক্ত শ্রুতিতে কামনা পূর্ব্যক আত্ম হননকে দৃঢ় করিয়া নিষেধ কার্যাছেন ॥

প্রবর্ত্তক।— যে সকল মমু স্মৃতি ও ষাজ্ঞবন্ধ্য ও শ্রুতি তুমি শাসন দিলে তাহা প্রমান বটে কিন্তু সহমরণ বিষয়ে যে এই প্রকৃবেদের শ্রুতি আছে তাহাকে তুমি কি রূপে অপ্রমান করিতে পার। যথা ॥ ইমানারীরবিধবাঃ স্পুজীরাঞ্জ্ঞানন সপিষা সম্বিশ্বন শ্রবাজনমীবাস্থরত্বাজারোহন্ত যান্দ্রো-বোনিম্যোঃ॥

নিবর্ত্তক । — এই শ্রুতি এবং ঐ পূর্বেরাক্ত হারীত প্রভৃতির স্কৃতি বাহা তুমি প্রমাণ দিক্তে সৈ সকল সহমরণের ও অন্থমরণের প্রশংসা এবং স্বর্গ কল প্রদর্শনের দ্বারা কাম্য বোধক হয় এবং ইহাকে কাম্য না কহিলে তোমারো উপায়ান্তর নাই এবং সহমরণের সঙ্কণ্ণ বাক্যে স্বর্গাদি কাম্য নার প্রয়োগ স্পাই করাইতেছে অতএব এশ্রুতির ও হারীতাদি স্থৃতির বাধক আমাদের পূর্বেরাক্ত নিদ্ধাম শ্রুতি স্বর্ধণা হয় ইহার প্রমাণ। কঠো-পনিবং ॥ অন্যক্তেরোহনাত্তব প্রেক্তে উত্তে নানার্থে পুরুষং সিনীতঃ। তবোঃ শ্রেমাদদান্দ্য সাধু ভবতি হীষতের্থাদ্যত প্রেয়োর্নীতে॥ শ্রেম অর্থাৎ মোক্ষ সাধন যে জ্ঞান সে পৃথক হয় আর প্রেয় অর্থাৎ প্রেয় সাধন যে কর্মা পেও পৃথক হয় ঐ জ্ঞান আর কর্মা, ইহারা পৃথক পৃথক করেন এই হয়ের

মধ্যে যে ব্যক্তি জ্ঞানের অনুষ্ঠান করে তাছার কল্যাণ হয় স্থার যে কামনা সাধন, কর্ম্মের অমুষ্ঠান করে সে পরম পুরুষার্থ হইতে পরিক্রফী হয়॥ মুণ্ড-भवास्थ्रा अनुवायकक्षणां क्षेत्रात्माक भवतः (यम् कर्मा। কেপনিষ্থ 🖟 এতদ্হে যোগেভিনন্দন্তি মৃঢ়াজরামৃত্যুং তে প্নরেবাপিয়ন্তি॥ অবিদ্যারামন্ত-রে বর্তমানাঃ স্বয়ং ধীরাঃ পণ্ডিতং মন্যমানাঃ। জংখন্যমানাঃ পরিয়ন্তি মূঢ়া-প্ৰক্ষেনৈৰ নীয়মানাৰপান্ধাঃ । অফ্টাদশাঙ্গ যে যজ্ঞ ৰূপ কৰ্ম তাহা সকল বিনাশী হয় এই বিনাশী কৰ্মকে যে সকল ব্যক্তি শ্ৰেয় করিয়া জানে তাহার। পুন: পুন: জন্ম জরা মরণকে প্রাপ্ত হয়। আর যে সকল ব্যক্তি আপনারা অজ্ঞান রূপ কর্ম কাণ্ডেন্ডে মগ্ন হইয়া অভিযান করে যে ক্ষামরা জানী এবং পশ্তিত হই সেই মুঢ়ের৷ জন্ম জরা মরণাদি ছ:খে পীড়িত হইয়া পুনঃ পুনঃ দ্রমণ করে ধেমন এক অন্ধকে অবলয়ন করিয়া অন্য অন্ধ সূকুল গমন করিলে পথে নানা প্রকার ক্লেশ পায় ॥ এবং সকল ভাত প্রাণ ইতিহাসের সার যে তগৰক্ষীতা তাহাতে লিখিতেছেন। যামিমাং পুষ্পি-তাং ৰাচং প্রবদস্ত্যবিপশ্তিত:। বেদবাদরতাঃ পার্থ নান্যদস্তীতি বাদিন:॥ कामाञ्चानः अर्भभत्राज्यकर्षकनथानाः। किशाविरमध्यकनाः ट्राटेशचराश তিং প্রতি । ভোগৈর্য্যপ্রসক্তানাং হয়াপহ্নতচেতসাং। বাবসায়াত্মিক। বু **किः नमार्थो न विधीषार्छ ॥ या नक्न मृर्**छता दरापत कन अवन वारका त्रङ হইয়া আপাতত প্রিয়কারী যে এ ফলশ্রতি তাহাকেই পরমার্থ সাধক ক্রিয়া কহে আর কহে যে ইহার পর অন্য ঈশ্বর 峰 লাই এ সকল কামনাতে আকুলিত চিত্ত ব্যক্তিরা দেবতা স্থান যে স্বর্গ তাহাকে পরম • পুরুষার্থ করিয়া জানে আর জন্ম ও কর্ম ও তাহার ফল প্রদান করে এবং ভোগ ঐশর্যোর প্রলোভ দেখায় এমৎ রূপ নানা ক্রিয়াতে পরিপূর্ণ যে সকল ৰাক্য আছে এমং ৰাক্য সকলকে পরমার্থ সাধন কছে অভএব ভোগৈখ-র্ব্যেতে আসম্ভ চিত্ত এমৎ রূপ ব্যক্তি সকলের পরমেখনে চিত্তের নিষ্ঠ। হয় না। এবং মুখ্যক শ্ৰুতি।। বয়া তদক্ষরমধ্বিগমাতে ইত্যাদি।। গীতা।। 'क्शांकविष्ठा विष्ठानाः॥ अवीर छावर विष्ठा देरेक अशांक विष्ठा জের্চ হয়েন। অভএৰ এই সৰুল শ্রুতির ও গীতার প্রমাণে কল প্রদর্শক শ্ৰুতি-সৰ্ব্বথা নিছাম শ্ৰুতি ছারা ৰাধিত হয়েন। স্নাধিকন্ত পূৰ্ব্ব পূৰ্ব্ব

ঋবিরা এবং আচার্যোরা ও সংগ্রহ কর্তারা এবং তোমরা ও আমরা সকলেরি এই সিদ্ধান্ত যে ভগবান মনু সর্ব্বাংশকা বেদার্থজ্ঞাতা হবেন তেঁহ ঐ গ্রই শ্রুতির অর্থকে বিশেষ জানিয়া সকাষ শ্রুতির তুর্বলতা স্বীকার পূর্ব্বক পূর্ব্ব নিখিত নিষ্কাম শ্রুতির অমুদারে পতি মরিলে স্ত্রীকে •ব্রন্ধচর্য্যে থাকিতে বিধি দিয়াছেন। এবং ভগবান মনু সকাম ও নিছামের বিবরণ আপনি कतिशास्त्र । ১२ वशांत्र ॥ हेरु वामृत्व वा कामाः श्रहुनः कर्म कीकारा । निकामः कानभूर्वक निरंखम्भिणारु ॥ 'धर्यकः कर्म नःमिरा-মেতি সাঞ্চি তাং। নিরুত্তং দেবমানস্ত ভূতান্যত্যেতি পঞ্চ বৈ॥ কি ইছ-লোকে কি পর লোকে বাঞ্জিত কল পাইব এই কামনাতে যে কর্ম্মের অহঠান করে তাহার নাম প্রব্রত কর্ম অর্থাৎ স্বর্গাদি ভোগের পর জন্ম অমুতান করে ভাষার নাম নত্ত্ব বিধা রূপ সংসারে প্রবর্ত্তক হয় আর কামনা পরিত্যাগ করিয়া ব্রহ্ম জ্ঞানের অভ্যাস পূর্ব্বক যে নিতা নৈমিত্তিক কর্ম্ম করে তাহাকে নিয়ন্ত কর্ম্ম কহি অর্থাৎ সংসাব হই নিবর্ত্ত করায় যে সকল ব্যক্তি প্রব্রুত্ত কর্ম করে তাহার: দেবতাদের সমান হইয়া স্বর্গাদি ভোগ করে আর যে ব্যক্তি নির্ভ কর্মের অমুষ্ঠান করে সে শরীরের কারণ যে পঞ্চ ভূত তাহা হইতে জভীত হয় ভ্ৰম্থাৎ মুক্ত হয় ॥

প্রবর্তক।—তুমি যাহা কহিলে তাছা বেদ ও মন্থ ও ভগব দ্যাতা সন্মত
বটে কিছু ইহাতে এই আশহা হয় যে স্বর্গাদি সাধন সহমরণ ও অন্য অন্য
যজ্ঞাদি কর্ম বেদে ।

কি প্রতারণা মাত্র হয় ॥

•

নিবর্ত্তক।—নে প্রভারণা নহে ভাহার তাৎপর্য্য এই যে মহুষ্যতে প্রবৃত্তি ।
নানা প্রকার বাহারা কাম কোখ লোভেডে আচ্ছ্র চিন্ত হর ভাহারা
নিকাম পরমেশবের আরাধনাতে প্রবর্ত্ত না হইরা যদি সকাম শার্ত্ত না
পার তবে এক কালেই শাস্ত্র হইতে নিবর্ত্ত হইরা নিরহুশ হতির ন্যার
যথেষ্টাচার করিবেক অভএর সেই সকল লোককে যথেষ্টাচার হইতে
নিবর্ত্ত করিবার জন্যে নানা প্রকার যজ্ঞাদি যেমন শক্ত বধার্থির প্রতি
শোন যাগ এবং প্রার্থির প্রতি পুত্রেষ্টি যাগ ও স্বর্গার্থির প্রতি জ্যোতিকৌমাদি যাগ ইত্যাদির বিধান করিয়াছেন কিন্তু পরে পরে ঐ সকল

সকামির নিন্দা করিয়াছেন এবং ঐ সকল ফলের তুচ্ছতা পুনঃ পুনঃ কহি-য়াছেন যদি এই রূপ খারংবার সকামির নিন্দা ও ফলের তুল্ছতা না করি-তেন তবে ঐ সকল বাক্যে প্রভারণার আশঙ্কা হইতে পারিত। ইহার প্রমাণ কঠোপনিবং ৷ শ্রেরশ্চ প্রেরশ্চ মতুব্যমেতক্তে সম্পরীত্য বিবিনক্তি ধীরঃ। শ্রেমোহি ধীরোছভিপ্রেরসোরণীতে প্রেয়োমন্দোযোগ-জান আর কর্ম এ ছুই মিলিত হইয়া মনুষ্যকে প্রাপ্ত হয়েন তথন পণ্ডিত বাক্তি এ ছুয়ের মধ্যে কে উত্তম কে অধম ইহা विरवहना करत्रन थे विरवहनात बाता छारनत छेखभछात्र निभ्हत कतित्रा কর্ম্মের অনাদর পূর্বকৈ জ্ঞানকে আশ্রয় করেন প্রার অপণ্ডিত বাক্তি শরী রের স্থা নিমিত্তে প্রিয় সাধন যে কর্ম্ম তাহাকেই অবলম্বন করে। ভগব-, **म्गीजा ॥ देव छनाविषयारवनानिदेव छटना छवार्जन ॥ कर्च विधायक**्रहः সকল সকাম প্রধিকারি বিষয়ে হয়েন অতএব হে অর্জুন তুমি কামনা রহিত হও। ও কর্ম ফলের নিন্দা বোধক শ্রুতি শুন। ইহ কর্মচিতো লোক: ক্ষীয়তে এবমেবামুত্ত পুণাচিতো লোক: ক্ষীয়তে ইতি ॥ যেমন ইহলোকে ক্নয়াদি কর্ম্মের দ্বারা প্রাপ্ত যে ফল তাহা পশ্চাৎ নদ্ট হয় সেই क्रभ भवरलाटक भूग कर्ट्यंत्र बाता थाश य वर्गानि कल छाहा नम्हे हरा॥ গীতা। ত্রৈবিদ্যা মাং সোমপাঃ পৃতপাপাযজৈরিফী। স্বর্গতিং প্রার্থয়ন্তে। তে পুণামাসাদ্য হ্রেক্রলোকমশ্বন্তি দিব্যান্ দিবি দেব্ভোগান্। তে তং कुक् वर्गताकः विभावः कीत्व शूला महाताकः विभेति । এवः खशीधर्म-মমুপ্রপদ্মাগতাগতং কামকামা লভন্তে 📭 যে সকল ব্যক্তি ত্রিবেদোক্ত কর্মের অমষ্ঠান করে এবং ঐ সকল যজ্ঞের মারা আমার পূজা করিয়া चर्न প্रार्थन। करत रम मकल बाक्ति यक स्मिर स्वाकतनत्र बाता निष्णान হইয়া স্বৰ্গ গমন করিয়া নানা প্রকার দেব ভোগ প্রাপ্ত হয়। পরে সেই मुक्न वाकि के क्राप्त वर्ग लाग कतिया पूनाक्य रहेरन पूनताय मर्कारनारक আইসে অভএব কাম্য ফলার্থি ব্যক্তি সকক এই ক্লপ ত্রিবেদোক্ত কর্ম ুকরিয়া কখন স্বর্গে কখন মর্ত্তালোকে পুনঃ পুনঃ যাতায়াত করে মোক প্রাপ্ত হয় না॥

[•] প্রবর্ত্তক। —তুমি সহমরণ ও অত্মরণের অন্যথা বিষয়ে যে সকল শ্রুতি

স্থৃতিকে প্রমাণ দিলে যদ্যপিও তাহার থণ্ডন কোনো রূপে হইতে পারে না কিন্তু আমরা ঐ হারীতাদি স্থৃতির অনুসারে সহমরণ ও অনুমরণের ব্যবহার করিয়া পরম্পরায় আসিতেছি॥

নিবর্ত্তক। — তুমি এখন যাহা কহিতেছ সে অতি অন্যায্য ঐ সকল বাধিত বচনের দ্বারা এরপ আত্মঘাতে প্রবর্ত্ত করান সর্ব্বথা অ্যোগ্য হয় দ্বিতীয়ত ঐ সকল বচনেতে এবং ঐ বচনামূদারে তোমাদের রচিত সঙ্কপে বাক্যেতে স্পান্ট বুঝাইতেছে যে পতির জ্বলস্ত চিতাতে স্বেচ্ছা পূর্ব্বক আরোহণ করিয়া প্রাণত্যাগ করিবেক কিন্তু তাহার বিপরীত মতে তোমরা অগ্রে ঐ বিধবাকে পতি দেহের সহিত দৃঢ় বন্ধন কর পরে তাহার পর ঐপর এত কার্চ্চ দাও যাহাতে ঐ বিধবা উঠিতে না পারে তাহার পর করি দেওন কালে ছুই রহৎ বাঁশ দিয়া ছুপিয়া রাখ। এসকল বন্ধনাদি কর্ম্ম কোন্ হারাতাদির বচনে আছে যে তদমুসারে করিয়া থাকহ অতএব কেবল জ্ঞান পূর্ব্বক স্ত্রী হত্যা হয়॥

গোবর্ত্তক।—যদি এরূপ বন্ধনাদি করিয়া দাহ করা হারীতাদি বচনের দ্বারা প্রাপ্ত নহে তথাপি সঙ্কপের পর সহমরণ না করিলে পাপ হয় এবং লোকত নিন্দা আছে এনিমিত্ত আমরা করিয়া থাকি॥

নিবর্ত্তক ।—পাপের ভয় যে করিলে সে তোমাদের কথা মাত্র যেহেতু ঐ স্থৃতিতেই কহিয়াছেন যে প্রাক্তাপতা ব্রভ রূপ প্রায়শ্চিত্ত করিলে সে পাপের কয় হয়। য়থা ॥ চিতিক্রন্টা চ যা নারী মোহাদ্বিচলিতা ভবেং। প্রাক্তাপত্যেন শুদ্ধের তুল্ফান্তিন পাপকর্মণ: ॥ প্রাক্তাপত্য ব্রভে অসমর্থ হইলে এক ধেয় মূল্য তিন কাহণ কড়ি উৎসর্গ করিলেই সিদ্ধা হয়। অভএব পাপের ভয় নাই তবে লোক নিন্দা ভয় যাহা কহিতেছ তাহাও অন্যায় যেহেতু যে সকল লোক জ্ঞান প্রকি স্ত্রী হত্যা না করিলে নিন্দা করে ভাহাদের স্তুতি নিন্দাকে সাধু ব্যক্তিরা গ্রহণ করেন না আর ঈর্মরের ভয় ও ধর্মা ভয় ও শান্ত ভয়' এসকলকে ড্যাগ করিয়া কেবল স্ত্রী বধ করাতে কিরুপ পাতক হয় তাহা কি আপুনি বিবেচনা না করিতেছেন ॥

व्यवर्खक।--यमाभि এक्रभ वक्षनामि कत्रा भाख व्याश नाइ छशीभ

ভাবৎ হিন্দুর দেশে এই রূপ পরজ্পরা হইয়া আসিতেছে এপ্রবৃক্ত আ-মরাকরি॥

নিবর্ত্তক ।—তাবং হিন্দুর দেশে এক্লপ বন্ধনাদি করিয়া স্ত্রী দাহ করা পরম্পরা হইয়া আসিতেছে যাহা কহিলে ভাহা কদাপি নছে যে হেতৃ হিন্দুর অপপ দেশ এই বাঙ্গলা হইতেই কিঞ্চিৎ কাল অবধি পরম্পরায় এক্লপ বন্ধন করিয়া স্ত্রী বধ করিয়া আসিতেছেল বিশেষত কোনো যাজ্ঞি যাহার লোক ভয় ও ধর্ম ভয় আছে সে এমৎ কহিবেক না যে পরম্পরা প্রাপ্ত হইলে স্ত্রী বধ মহুষ্য বধ ও চৌর্যাদি কর্ম করিয়া মহুষ্য নিম্পাপে থাকিতে পারে এক্লপ শাস্ত্র বিক্লম্প পরম্পরাকে মান্য করিলে বনস্থ এবং পর্বত্তীয় লোক যাহারা যাহারা পরম্পরায় দহারত্তি করিয়া আসিতেছে ভাহাদিগ্যে নির্দ্ধোয় করিয়া মানিতে হয় এবং এসকল কুকর্ম হইতে সাহাদিগ্যে নির্দ্ধে করিয়া মানিতে হয় এবং এসকল কুকর্ম হইতে সাহাদিগ্যে নির্ব্ত করিথ প্রয়াস পাওয়া উচিত হয় না বন্ধত ধর্মীধর্ম নিক্রপণের উপায় শাস্ত্র এবং শাস্ত্র সংক্রপার উপায় শাস্ত্র এবং শাস্ত্র সর্ব্ব প্রকারে অসমত এক্লপ স্ত্রী বধ হয় এবং যুক্তিতেও স্বলাকে স্থ্যাদি প্রলোভ দেখাইয়া বন্ধন পূর্ব্বক বধ করা অত্যন্ত পাপের কারণ হয় ॥

প্রবর্ত্তক।—এরপ সহমরণে ও অনুমরণে পাপই হউক কিছা মাহা হউক আমরা এ ব্যবহারকে নিবর্ত্ত করিতে দিব না ইহার নির্বৃত্তি হইলে হঠাৎ লৌকিক এক আশ্বা আছে যে স্থামির মৃত্যু হুইলে স্ত্রী সহগমন না করিয়া বিধবা অবস্থায় রহিলে তাহার ব্যক্তিচার হই।।ার সম্ভাবনা থাকে কিন্তু সহমরণ করিলে এ আশ্বা থাকে না জ্ঞাতি কুটুছ সকলেই নিঃশব্ধ হইয়া থাকেন এবং পতিও যদি জীবৎকালে জানিতে পারে তবে তাহা-রো মনে স্ত্রী ঘটিত কলব্বের কোনো চিন্তা হয় না॥

নিবর্ত্তক।—কেবল ভাবি আশস্কাকে দুর করিবার নিরিত্তে এরপ ব্রী
বধে পাপ জানিয়াও নির্দির হইয়া ফ্লান পূর্ব্তক প্রবর্ত্ত হইডেছ তবে
ইহাতে আমরা কি করিতে পারি কিন্তু বাভিচারের আশস্কা পতি বর্ত্তমান
•থাকিতেইবা কোন্ না আছে বিশেষত পতি দূর দেশে বছকাল থাকিলে ঐ
আশস্কার সম্ভাবনা কেন মা থাকে অতএব সে আশক্কা নির্ন্তির উপার
কি করিয়াছ ॥

প্রবর্ত্তক।—সামি বর্তমানে ও অবর্ত্তমানে ক্ষানেক প্রক্রেদ স্থাছে যে ক্লেড্র্ স্থামি বর্তমান থাকিলে নিকটেই পাকুন কিখা ছুরদেপেই থাকুন স্ক্রী সর্ব্বধা স্থামির শাসনেই থাকে নিঃশক হুইতে পারে না স্থামির মুত্যু হুইলে পর সেরূপ শামন থাকে না স্ক্রেরাং নিঃশক্ষ হয়॥

নিবর্ত্তক ।— যে শান্তাহুসারে পঞ্জি বর্ত্তমানে পতির শাসনে ত্রীকে থাকিতে হয় সেই শান্তেই লিখেন পিতি মরিলে পতি কুলে তাহার অভাবে
পিতৃকুলে তাঁহাদের শাসনে বিধবা থাকিবেক এধর্ম রক্ষান্তে দেশাধিপতিকে নিয়ন্তা করিয়া শান্তে কহিয়াছেন তবে স্বামি বর্ত্তমান থাকিলে কি
তাহার অবর্ত্তমানে স্বামি প্রভৃতির শাসন ত্যাগ ও ব্যভিচারের সস্তাবনা
কদাপি নিরন্তি হইতে পারে না যে হেতু অনেক অনেক স্থানে প্রত্যক্ষ
েশিতেছ যে স্বামি বর্ত্তমান থাকিতেও তাহার শাসনে ত্রী না থাকিয়া
স্বতন্ত্রা হইতেছে। কায়মন বাক্য জন্য হুছর্ম হইতে নির্ব্ত করিবার কারণ
শাসন মাত্র হইতে পারে না কিন্তু জ্ঞানের উপদেশ ঈশরের ভয় হুছর্ম্ম হইতে
কি স্তীকে কি পুরুষকে নিবর্ত্ত করায় ইহা শান্ত্রেও প্রত্যক্ষ দেখিতেছি ॥
প্রবর্ত্তক ।—তুমি আমাদিগ্যে পুনঃ পুনঃ কহিতেছ যে নির্দ্ধ্যতা করিয়া
আমর। ত্রীবধে প্রবর্ত্ত হই এ অতি অযোগ্য যে হেতু ক্ষতি স্কৃতিতে সর্বাদ।
কহিতেছেন যে দয়া সকল ধর্ম্মের মূল হয় এবং অতিথি সেবাদি পরম্পারা
ব্যবহারের দ্বারা জ্বামাদের দয়াবন্তা সর্বত্র প্রকাশ আছে॥

নিবর্ত্তক।—অন্য অন্য বিষয়ে তোমাদের দয়ার বাহল্য আছে এ যথার্থ বটে কিন্তু বালক কাল অবৃধি আপন আপন প্রাচীন লোকের এবং প্রতিবাসির ও অন্য অন্য গ্রামস্থ লোকের দ্বারা জ্ঞান পূর্বক স্ত্রীদাহ পূনঃ পূনঃ গৈদিবাতে এবং দাহ কালীন স্ত্রীলোকের কাতরতায় নিষ্ঠুর থাকাতে তোনাদের বিরুদ্ধি সংস্কার জন্মে এই নিমিস্ত কি স্ত্রীর কি পুরুষের মরণ কালীন কাতরতাতে তোমাদের দয়া জন্মে না যেমন শাক্তদের বাল্যাবিধি ছাগ মহিষাদি হনন পূনঃ পুনঃ দেখিবার দ্বারা ছাগ মহিষাদির বধ কালীন কাতরতাতে দয়া জন্মে না কিন্তু বৈঞ্চবদের অত্যস্ত দয়া হয় ॥

্ প্রবর্ত্তক।—তুমি যাত্বা যাহা কহিলে তাহা আমি বিশেষ মতে বিবেচনা করিব॥

নিবর্ত্তক।—এ অতি আহ্লাদের বিষয় যে এখন তুমি এবিষয়ের বিবেচনা করিতে প্রবর্ত্ত হলৈ 'পক্ষপাত পরিত্যাগ করিয়া শাল্প বিবেচনা করিলে যাহা শাল্প সিদ্ধ হয় তাহার অবশ্য নিশ্চয় হইতে পারিবেক এবং এরূপ জীবধ জন্য পাপ হইতে দেশের অনিষ্ট ওতিরন্ধার আর হইবেক নাইতিঃ



সহমরণ বিষয়।